Barcode - 4990010123259
Title - Bengal Legislative Assembly Proceedings (1978) vol.69, no.1
Subject - SOCIAL SCIENCES
Author - N. A.
Language - bengali
Pages - 758
Publication Year - 1978
Creator - Fast DLI Downloader
https://github.com/cancerian0684/dli-downloader
Barcode EAN.UCC-13
4 990010 123259

Vol. 69, No. I

# Assembly Proceedings

## OFFCIAL REPORT

# West Bengal Legislative Assembly

## Sixty Ninth Session

(From 17th to 30th November, 1978)

**(The 17th, 20th, 21st, 22nd, 23rd, 24th, 27th, 28th, 29th & 30th November, 1978)**

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly

**Price : Rs. 167.00**

Vol. 69, No. I

# Assembly Proceedings

## OFFCIAL REPORT

# West Bengal Legislative Assembly

## Sixty Ninth Session

(From the 17th to 30th November, 1978)

**(The 17th, 20th, 21st, 22nd, 23rd, 24th, 27th, 28th, 29th & 30th November, 1978)**

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

## GOVERNMENT OF WEST BENGAL

### Governor

# SHRI TRIBHUBAN NARAYAN SINGH

## Name of Ministers and Portfolios

1. **Sri Jyoti Basu :** Chief Minister and Minister-in-charge of Home Department (excluding Jails, Transport, Passport, Civil Defence and Parliamentary Affairs Branches), Sports Branch of Department of Education, Metropolitan Development Branch of Public Works Department, Department of Power and Hill Affairs Branch of Department of Development and Planning.

2. **Shri Krishna Pada Ghosh :** Minister-in-charge of Department of Labour.

3. **Shri Ashok Mitra :** Minister-in-charge of Finance Department, Department of Development and Planning (excluding Sundarbans Areas Branch) and Department of Excise.

4. **Shri Pravas Chandra Roy :** Minister-in-charge of Department of Irrigation and Waterways and Sundarban Areas Branch of Department of Development and Planning.

5. **Shri Amritendu Mukherjee :** Minister-in-charge of Department of Animal Husbandry and Veterinary Services.

6. **Shri Buddhadeb Bhattacharjee :** Minister-in-charge of Department of Information and Public Relations.

7. **Shri Prasanta Kumar Sur,** Minister-in-charge of Department of Municipal Services.

8. **Shri Radhika Ranjan Banerji :** Minister-in-charge of Refugee Relief and Rehabilitation Department and Relief Branch of Relief and Welfare Department.

9. **Shri Benoy Krishna Chowdhury :** Minister-in-charge of Department of Land Utilisation and Reforms and Land and Land Revenue.

**10. Shri Chittabrata Mazumdar** : Minister-in-charge of Department of Cottage and Small-Scale Industries,

**11. Shri Mohammed Amin** : Minister-in-charge of Transport Branch of Home Department.

**12. Shri Partha De,** Minister-in-charge of Primary Education, Secondary Education and Library Service Branches of Department of Education.

**13. Shri Hashim Abdul Halim** : Minister-in-charge of Legislative Department, and Judicial Department.

**14. Shri Parimal Mitra** : Minister-in-charge of Department of Forests and Department of Tourism.

**15. Dr. Kanailal Bhattacharya** : Minister-in-charge of Department of Commerce and Industries and Department of Public Undertakings and Department of Closed and Sick Industries.

**16. Shri Sambhu Charan Ghosh** : Minister-in-charge of Department of Education (excluding Sports, Primary Education, Secondary Education and Library Service Branches).

**17. Shri Bhakti Bhusan Mondal** : Minister-in-charge of Department of Fisheries and Department of Co-operation.

**18. Shri Kamal Kanti Guha** : Minister-in-charge of Department of Agriculture and Community Development.

**19. Shri Jatin Charkraborty** : Minister-in-charge of Public Works Department (excluding Metropolitan Development Branch) and Department of Housing.

**20. Shri Nani Bhattacharya** : Minister-in-charge of Department of Health and Family Planning.

**21. Shri Debabrata Bandopadhyay** : Minister-in-charge of Department of Panchayats and Jails Branch of Home Department.

**22. Shri Sudhin Kumar** : Minister-in-charge of Department of Food and Supplies.

**23. Shri Bhabani Mukherjee** : Minister-in-charge of Parliamentary Affairs Branch of Home Department.

**24. Shrimati Nirupama Chatterjee :** Minister-in-charge of State-in-charge of Welfare Branch of Relief and Welfare Department.

**25. Shri Sambhunath Mandi :** Minister of State-in-charge of Scheduled Castes and Tribes Welfare Department.

**26. Shri Sibendra Narayan Chowdhury :** Minister of State for Transport Branch of Home Department.

**27. Shri Md. Abdul Bari :** Minister of State for Primary Education, Secondary Education and Library Service Branches of Department of Education.

**28. Shri Kanti Chandra Biswas :** Minister of State-in-charge of Department of Youth Services and Passport Branch of Home Department.

**29. Shri Ram Chatterjee :** Minister of State-in-charge of Civil Defence Branch of Home Department.

# WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY

## PRINCIPAL OFFICERS AND OFFICIALS

*Speaker* : Shri Syed Abul Mansur Habibullah

*Deputy Speaker* : Shri Kalimuddin Shams

### Secretariat

*Secretary* : Shri P. K. Ghosh

# Alphabetical List of Names of Members of The West Bengal Legislative Assembly

## A

(1) A. K. M. Hassan Uzzaman, Shri (92-Deganga—24-Parganas)
(2) Abul Hasan, Shri (145-Bowbazar—Calcutta)
(3) Abdul Bari, Shri Md. (60-Domkal—Murshidabad)
(4) Abdul Quiyom Molla, Shri (119-Diamond Harbour—24 Parganas)
(5) Abdur Razzak Molla, Shri (106-Canning East—24 Parganas)
(6) Abdus Sattar, Shri (55-Lalgola—Murshidabad)
(7) Abedin, Dr. Zainal (34-Itahar—West Dinajpur)
(8) Abul Barkat Atawal Gani Khan Chowdhury, Shri (48-Suzapur—Malda)
(9) Abul Hasnat Khan, Shri (50-Farakka—Murshidabad)
(10) Abul Mansur Habibullah, Shri Syed (277-Nadanghat—Burdwan)
(11) Adak, Shri Nitai Charan (174-Kalyanpur—Howrah)
(12) Anisur Rahman, Shri (93-Swarupnagar—24-Parganas)
(13) Atahar Rahaman, Shri (59-Jalangi—Murshidabad)

## B

(14) Bag, Dr. Saswati Prasad (204-Mahishadal—Midnapore)
(15) Bagdi, Shri Lakhan [263-Ukhra (S.C.) —Burdwan]
(16) Bandyopadhyay, Shri Gopal (183-Singur—Hooghly)
(17) Bandyopadhyay, Shri Balai (184-Haripal—Hooghly)
(18) Bandyopadhyay, Shri Debabrata (63-Berhampore—Murshidabad)
(19) Banerjee, Shri Amiya (96-Hasnabad—24-Parganas)
(20) Banerjee, Shri Binoy (156-Sealdah—Calcutta)
(21) Banerjee, Shri Madhu (257-Kulti—Burdwan)
(22) Banerjee, Shri Radhika Ranjan (136-Kamarhati—24 Parganas)
(23) Bapuli, Shri Satya Ranjan (123-Mathurapur—24-Parganas)
(24) Barma, Shri Manindra Nath [9-Tufanganj (S.C)—Cooch Behar]
(25) Barman, Shri Kalipada [101-Basanti (S.C)—24-Parganas]
(26) Basu, Shri Bimal Kanti (5-Cooch Behar West—Cooch Behar)
(27) Basu, Shri Debi Prosad (77-Nabadwip—Nadia)
(28) Basu, Shri Gopal (129-Naihati—24-Parganas)
(29) Basu, Shri Jyoti (117-Satgachia—24-Parganas)
(30) Basu, Shri Nihar Kumar (131-Jagatdal—24-Parganas)
(31) Basu Ray, Shri Sunil (258-Barabani—Burdwan)

(32) Bauri, Shri Bijoy [241-Raghunathpur (S.C.)—Purulia]
(33) Bauri, Shri Gobinda [240-Para (S.C.)—Purulia]
(34) Baxla, Shri John Arther [10-Kumargram (S.T.)—Jalpaiguri]
(35) Bera, Shri Pulak (203-Moyna—Midnapore)
(36) Bera, Shri Sasabindu (172-Shyampur—Howrah)
(37) Besterwitch, Shri A. H. [14-Madarihat (S.T.)—Jalpaiguri]
(38) Bhaduri, Shri Timir Baran (64-Beldanga—Murshidabad)
(39) Bharati, Shri Haripada (142-Jorabagan—Calcutta)
(40) Bhattarcharya, Shri Kamal Krishna (180-Serampore—Hooghly)
(41) Bhattarcharya, Dr. Kanailal (165-Shibpur—Howrah)
(42) Bhattacharya, Shri Nani (12-Aliporeduar—Jalpaiguri)
(43) Bhattacharjee, Shri Buddhadev (140-Cossipur—Calcutta)
(44) Bhattarcharyya, Shri Gopal Krishna (135-Panihati—24-Parganas)
(45) Bhattacharyya, Shri Satya Pada (68—Bharatpur—Mursidabad)
(46) Bisui, Shri Santosh [221-Garhbeta West (S.C.)—Midnapore]
(47) Biswas, Shri Binoy Kumar (82 Chakdaha—Nadia)
(48) Biswas, Shri Hazari [53-Sagardighi (S.C.)—Murshidabad]
(49) Biswas, Shri Jayanta Kumar (61-Naoda—Murshidabad)
(50) Biswas, Shri Jnanendranath [74-Krishnaganj (S.C.)—Nadia]
(51) Biswas, Shri Kamalakshmi [84-Bagdaha (S.C.)—24-Parganas]
(52) Biswas, Shri Kanti Chandra (86-Gaighata—24-Parganas)
(53) Biswas, Shri Kumud Ranjan [98-Sandeshkhali (S.C.)—24-Parganas]
(54) Biswas, Shri Satish Chandra [80-Ranaghat East (S.C.)—Nadia]
(55) Bora, Shri Badan [255-Indas (S.C.) Bankura]
(56) Bose, Shri Ashoke Kumar (148-Alipore—Calcutta)
(57) Bose, Shri Biren (25-Siliguri—Darjeeling)
(58) Bose, Shri Nirmal Kumar (20 Jalpaiguri—Jalpaiguri)
(59) Bouri, Shri Nabani [249 Gangajalghati (S.C.)—Bankura]

## C

(60) Chakrabarty, Sri Jatin (151-Dhakuria—Calcutta)
(61) Chakraborti, Shri Subhas (139-Belgachia—Calcutta)
(62) Chakrabarty, Shri Deb Narayan (189-Pandua—Hooghly)
(63) Chakraborty, Shri Umapati (196-Chandrakona—Midnapore)
(64) Chatterjee, Shri Suniti (288-Suri—Birbhum)
(65) Chaterjee, Shri Bhabani Prosad (293-Nalhati—Birbhum)
(66) Chatterjee, Shrimati Nirupama (173-Bagnan—Howrah)
(67) Chatterjee, Shri Tarun (265-Durgapur-II—Burdwan)

(68) Chatterjee, Shri Ram (185-Tarakeswar—Hooghly)
(69) Chattopadhyay, Shri Sailendra Nath (181-Champdani—Hooghly)
(70) Chattopadhyay, Shri Santasri (179-Uttarpara—Hooghly)
(71) Choudhuri, Shri Subodh (47-Manickchak—Malda)
(72) Chhobhan Gazi, Shri (120-Magrahat West—24-Parganas)
(73) Chowdhary, Shri Abdul Karim (28 Islampur—West Dinajpur)
(74) Choudhury, Shri Biswanath (38-Balurghat—West Dinajpur)
(75) Chowdhury, Shri Benoy Krishna (271-Burdwan South—Burdwan)
(76) Choudhury, Shri Gunadhar (254-Kotalpur—Bankura)
(77) Chowdhury, Shri Bikash (262-Jamuria—Burdwan)
(78) Chowdhury, Shri Sibendra Narayan (8-Natabari—Cooch Behar)
(79) Chowdhury, Shri Subhendu Kumar [45-Malda (S.C.)—Malda]

## D

(80) Dakua, Shri Dinesh Chandra [3-Matabhanga (S.C.)—Cooch Behar]
(81) Das, Shri Banamali [283-Nanur (S.C.)—Birbhum]
(82) Das, Shri Jagadish Chandra (128-Bijpur—24 Parganas)
(83) Das Mahapatra, Shri Balai Lal (212-Ramnagar—Midnapore)
(84) Das, Shri Nikhil (158-Burtola—Calcutta)
(85) Das, Shri Nimai Chandra (118-Falta—24-Parganas)
(86) Das, Shri Sandip (146-Chowringhee—Calcutta)
(87) Das, Shri Santosh Kumar (168-Panchla—Howrah)
(88) Das, Shri Shiba Nath [205-Sutahata (S.C.)—Midnapore]
(89) Das Sarma, Shri Sudhir Chandra (224-Kharagpur Town—Midnapore)
(90) Daud Khan, Shri (107-Bhangore—24-Parganas)
(91) De, Shri Partha (251-Bankura—Bankura)
(92) Deb, Shri Saral (90-Barasat—24 Parganas)
(93) Dey, Shri Ajoy Kumar (194-Arambagh—Hooghly)
(94) Digpati, Shri Panchanan [193-Khanakul (S.C.)—Hooghly]
(95) Doloi, Shri Rajani Kanta [219-Keshpur (S.C.)—Midnapore]

## G

(96) Ghosal, Shri Aurobindo (171-Uluberia South–Howrah)
(97) Ghosh, Shrimati Chhaya (58-Murshidabad—Murshidabad)
(98) Ghosh, Shri Debsaran (72-Kaliganj—Nadia)
(99) Ghosh, Shri Krishna Pada (155-Beliaghata—Calcutta)
(100) Ghosh, Shri Malin (178-Chanditala—Hooghly)
(101) Ghosh, Sambhu Charan (186-Chinsurah—Hooghly)

## ALPHABETICAL LIST OF MEMBERS

(102) Golam Yazdani, Dr. (41-Kharba—Malda)

(103) Goppi, Shrimati Aparajita (4-Cooch Behar North—Cooch Behar)

(104) Goswami, Shri Ramnarayan (273-Raina—Burdwan)

(105) Goswami, Shri Subhas (248-Chhatna—Bankura)

(106) Guha, Shri Kamal Kanti (7-Dinhata—Cooch Behar)

(107) Guha, Shri Nalini Kanta (141-Shyampukur—Calcutta)

(108) Gupta, Shri Jyostna Kumar (284-Bolpur—Birbhum)

(109) Gupta, Shri Sitaram (130-Bhatpara—24-Parganas)

### H

(110) Habib Mustafa, Shri (44-Araidanga—Malda)

(111) Habibur Rahaman, Shri (54-Jangipur—Murshidabad)

(112) Halder, Shri Krishnadhan [124-Kulpi (S.C.)—24-Parganas]

(113) Halder, Shri Renupada [122-Mandirbazar (S.C.)—24-Parganas]

(114) Hashim Abdul Halim, Shri (89-Amdanga—24 Parganas)

(115) Hazra, Shri Haran [169-Sankrail (S.C.)—Howrah]

(116) Hazra, Shri Monoranjan (192-Pursurah—Hooghly)

(117) Hazra, Shri Sundar (222-Salbani—Midnapore)

(118) Hira, Shri Sumanta Kumar [154-Taltola (S.C.)—Calcutta]

### J

(119) Jana, Shri Haripada (Bhagabanpur) (208-Bhagabanpur—Midnapore)

(120) Jana, Shri Haripada (Pingla) (217-Pingla—Midnapore)

(121) Jana, Shri Manindra Nath (177-Jangipara—Hooghly)

(122) Jana, Shri Prabir (206-Nandigram—Midnapore)

### K

(123) Kalimuddin Shams, Shri (147-Kabitirtha—Calcutta)

(124) Kar, Shri Nani (88-Ashokenagar—24-Parganas)

(125) Kazi Hafizur Rahaman, Shri (56-Bhagabangola—Murshidabad)

(126) Khan, Shri Sukhendu [256-Sonamukhi (S.C.)—Bankura]

(127) Kisku, Shri Upendra [245-Raipur (S.T.)—Bankura]

(128) Koley, Shri Barindra Nath (175-Amta—Howrah)

(129) Konar, Shri Benoy (275-Memari—Burdwan)

(130) Kuiry, Shri Daman (236-Arsha—Purulia)

(131) Kumar, Shri Sudhin (163-Howrah Central—Howrah)

(132) Kundu, Shri Gour Chandra (81-Ranaghat West—Nadia)

## ALPHABETICAL LIST OF MEMBERS

### L

(133) Let (Bara), Shri Panchanan [290-Mayureswar (S.C.)—Birbhum]
(134) Lutfal Haque, Shri (51-Aurangabad—Murshidabad)

### M

(135) M. Ansaruddin, Shri (167-Jagatballavpur—Howrah)
(136) Mahanti, Shri Pradyot Kumar (228-Dantan—Midnapore)
(137) Mahato, Shri Nakul Chandra (234-Manbazar—Purulia)
(138) Mahata, Shri Satya Ranjan (237-Jhalda—Puralia)
(139) Maitra, Shri Birendra Kumar (42-Harishchandrapur—Malda)
(140) Maitra, Shri Kashi Kanta (75-Krishnagar East—Nadia)
(141) Maity, Shri Bankim Behari (207-Narghat—Midnapore)
(142) Maity, Shri Gunadhar (125-Patharpratima—24-Parganas)
(143) Maity, Shri Hrishikesh (126-Kakdwip—24-Parganas)
(144) Maity, Shri Satya Brata (211-Contai South—Midnapore)
(145) Majhi, Shri Dinabandhu [66-Khargram (S.C.)—Murshidabad]
(146) Majhi, Shri Raicharan [282-Ketugram (S.C.)—Burdwan]
(147) Majhi, Shri Sudhangshu Sekhar [233-Bunduan (S.T.)—Purulia]
(148) Maji, Dr. Binode Behari [247-Indpur (S.C.)—Bankura]
(149) Maji, Shri Pannalal (176-Udaynarayanpur—Howrah)
(150) Majee, Shri Surendra Nath [242-Kashipur (S.T)—Purulia]
(151) Maji, Shri Swadesranjan (201-Panskura East—Midnapore)
(152) Majumder, Shri Sunil Kumar (285-Labhpur—Birbhum)
(153) Mal, Shri Trilochan [292-Hansan (S.C.)—Birbhum]
(154) Malakar, Shri Nani Gopal (83-Haringhata—Nadia)
(155) Malik, Shri Purna Chandra [272-Khandoghosh (S.C.)—Burdwan]
(156) Malik, Shri Sreedhar [267-Ausgram (S.C.)—Burdwan]
(157) Mondal, Shri Bhakti Bhusan (286-Dubrajpur—Birbhum)
(158) Mondal, Shri Gopal [197-Ghatal (S.C)—Midnapore]
(159) Mandal, Shri Prabhanjan (127-Sagore—24-Parganas)
(160) Mandal, Shri Rabindra Nath [91-Rajarhat (S.C.)—24-Pargans]
(161) Mandal, Shri Suvendu-(220-Garhbeta East —Midnapore)
(162) Mandal, Shri Sudhangshu-[99-Hingalganj (S.C.)—24-Parganas]
(163) Mandal, Shri Sukumar-[79-Hanskhali (S.C.)—Nadia]
(164) Mandal, Shri Siddheswar-[287-Rajnagar (S.C.)—Birbhum]
(165) Mandi, Shri Sambhunath [232-Binpur (S.T.)—Midnapore]
(166) Majumdar, Shri Chittabrata (162-Howrah North—Howrah)
(167) Mazumdar, Shri Dilip Kumar (264-Durgapur-I—Burdwan)

(168) Mazumdar, Shri Dinesh (108-Jadavpur—24-Parganas)
(169) Md. Sohorab, Shri (52-Suti–Murshidabad)
(170) Minj, Shri Prakash [26-Phansidewa (S.T.)—Darjeeling]
(171) Mir, Fakir Mohammad, Shri (71-Nakashipara—Nadia)
(172) Mitra, Dr. Ashok (149-Rashbehari Avenue—Calcutta)
(173) Mitra, Shri Parimal (19-Kranti—Jalpaiguri)
(174) Mitra, Shri Ranajit (85-Bangaon—24-Parganas)
(175) Mohammad Ali, Shri (43- Ratua—Malda)
(176) Mohammed Amin, Shri (133-Titagarh—24-Parganas)
(177) Mohanta, Shri Madhabendu (70-Palashipara—Nadia)
(178) Mojumdar, Shri Hemen (104-Baruipur—24-Parganas)
(179) Mojumdar, Shri Jamani Kishore (37-Kumarganj—West Dinajpur)
(180) Mondal, Shri Ganesh Chandra [100-Gosaba (S.C.)—24-Parganas]
(181) Mondal, Shri Kshiti Ranjan [97-Haroa (S.C.)—24-Parganas]
(182) Mondal, Shri Raj Kumar [170-Uluberia North (S.C.)—Howrah]
(183) Mondal, Shri Sahabuddin (73-Chapra—Nadia)
(184) Mondal, Shri Sashanka Sekhar (291-Rampurhat—Birbhum)
(185) Morazzam Hossain, Shri Syed (218-Debra—Midnapore)
(186) Mostafa Bin Quasem, Shri (94-Baduria—24-Parganas)
(187) Motahar Hossain, Dr. (294-Murarai—Birbhum)
(188) Mridha, Shri Chitta Ranjan [105-Canning West (S.C.)—24-Parganas]
(189) Mukherjee, Shri Rabin (113-Behala West—24-Parganas)
(190) Mukherjee, Shri Amritendu (76-Krishnagar West—Nadia)
(191) Mukherjee, Shri Anil (252-Onda—Bankura)
(192) Mukherjee, Shri Bama Pada (259-Hirapur—Burdwan)
(193) Mukherjee, Shri Bhabani (182-Chandernagore—Hooghly)
(194) Mukherjee, Shri Bimalananda (78-Santipur—Nadia)
(195) Mukherjee, Shri Biswanath [202-Tamluk—Midnapore]
(196) Mukherjee, Shri Joykesh (166-Domjur—Howrah)
(197) Mukherjee, Shri Mahadeb (239-Purulia—Purulia)
(198) Mukherjee, Shri Narayan (95-Basirhat—24-Parganas)
(199) Mukherjee, Shri Niranjan (112-Behala East—24-Parganas)
(200) Mukhopadhyay, Dr. Ambarish (243-Hura—Purulia)
(201) Mullick Chowdhury, Shri Suhrid (159-Maniktola—Calcutta)
(202) Munsi, Shri Maha Bacha (27-Chopra—West Dinajpur)
(203) Murmu, Shri Nathaniel [36-Tapan (S.T.)—West Dinajpur]
(204) Murmu, Shri Sarkar [39-Habibpur (S.T.)—Malda]
(205) Murmu, Shri Sufal [40-Gazole (S.T.)—Malda]

ALPHABETICAL LIST OF MEMBERS

## N

(206) Nanda, Shri Kironmoy (214-Mugberia—Midnapore)
(207) Narbu La, Shri Dawa (24-Kurseong—Darjeeling)
(208) Naskar, Shri Gangadhar [109-Sonarpur (S.C.)—24-Parganas]
(209) Naskar, Shri Sundar [110-Bishnupur East (S.C.)—24-Parganas]
(210) Nath, Shri Monoranjan (279 Purbasthali—Burdwan)
(211) Neogy, Shri Brajo Gopal (190-Polba—Hooghly)
(212) Nezamuddin Md. Shri (153-Entally—Calcutta)

## O

(213) O'Brien, Shri Neil Aloysius (Nominated)
(214) Ojha, Shri Janmejay (215-Pataspur—Midnapore)
(215) Omar Ali, Dr. (200-Panskura West—Midnapore)
(216) Oraon, Shri Mohan Lal [18-Mal (S.T.)—Jalpaiguri]

## P

(217) Paik, Shri Sunirmal [209-Khajuri (S.C.)—Midnapore]
(218) Pal, Shri Bankim Behary (223-Midnapore—Midnapore)
(219) Pal, Shri Bijoy (260-Asansol—Burdwan)
(220) Pal, Shri Rashbehari (210-Contai North—Midnapore)
(221) Panda, Shri Mohini Mohan (244-Taldangra—Bankura)
(222) Pandey, Shri Rabi Shankar (144-Barabazar—Calcutta)
(223) Pathak, Shri Patit Paban (161-Bally—Howrah)
(224) Phodikar, Shri Prabhas Chandra (198-Daspur—Midnapore)
(225) Pramanik, Shri Abinash [188-Balagarh (S.C.)—Hooghly]
(226) Pramanik, Shri Radhika Ranjan [121-Magrahat East (S.C.)—24-Parganas]
(227) Pramanik, Shri Sudhir [2-Sitalkuchi (S.C.)—Cooch Behar]
(228) Purkait, Shri Prabodh [102-Kultali (S.C.)—24-Parganas]

## R

(229) Rai, Shri Deo Prakash (23-Darjeeling—Darjeeling)
(230) Raj, Shri Aswini Kumar (250-Barjora—Bankura)
(231) Ramzan Ali, Shri (29-Goalpokhar—West Dinajpur)
(232) Rana, Shri Santosh (230-Gopiballavpur—Midnapore)
(233) Ray, Shri Achintya Krishna (253-Visnupur—Bankura)
(234) Ray, Shri Birendra Narayan (57-Nabagram—Murshidabad)
(235) Ray, Shri Matish (137-Baranagar—24-Parganas)

(236) Roy, Shri Naba Kumar [32-Kaliaganj (S.C.)—West Dinajpore]
(237) Roy, Shri Amalendra (67-Barwan—Murshidabad)
(238) Roy, Shri Banamali [15-Dhupguri (S.C.)—Jalpaiguri]
(239) Roy, Shri Dhirendra Nath [21-Rajgang (S.C.)—Jalpaiguri]
(240) Roy, Shri Haradhan (261-Raniganj—Burdwan)
(241) Roy, Shri Hemanta Kumar (278-Monteswar—Burdwan)
(242) Roy, Shri Krishnadas (227-Narayangarh—Midnapore)
(243) Roy, Shri Manoranjan (190-Nandanpore—Midnapore)
(244) Roy, Shri Nanu Ram [195-Goghat (S.C.)—Hooghly]
(245) Roy, Shri Pravas Chandra (111-Bishnupur West—24-Parganas)
(246) Roy, Shri Sada Kanta [1-Mekljganj (S.C.)—Cooch Behar]
(247) Roy, Shri Tarak Bandhu [17-Maynaguri (S C.)—Jalpaiguri]
(248) Roy Barman, Shri Khitibhusan (116-Budge Budge—24-Parganas)
(249) Roy Chowdhury, Shri Nirode (87-Habra—24-Parganas)
(250) Rudra, Shri Samar Kumar (157-Vidyasagar—Calcutta)

## S

(251) Saha, Shri Jamini Bhusan (132-Noapara—24-Parganas)
(252) Saha, Shri Kripa Sindhu [191-Dhaniakhali (S.C.)—Hooghly]
(253) Saha, Shri Lakshi Narayan (266-Kanksa—West Dinajpur)
(254) Sajjad Hussain, Shri Haji (30-Karandighi—West Dinajpur)
(255) Samanta, Shri Gouranga (216-Sabong—Midnapore)
(256) Santra, Shri Sunil [274-Jamalpur (S.C.)—Burdwan]
(257) Sanyal, Shri Samarendra Nath (69-Karimpur—Nadia)
(258) Sar, Shri Nikhilananda (281-Mongalkot—Burdwan)
(259) Sarkar, Shri Deba Prasad (103-Joynagar—24-Parganas)
(260) Sarkar, Shri Kamal (134-Khardah—24-Parganas)
(261) Sarkar, Shri Sailen (46-Englishbazar—Malda)
(262) Sarkar, Shri Ahindra (35-Gangarampur —West Dinajpur)
(263) Sarkar, Shri Dhirendranath [33-Kushmandi (S.C.)—West Dinajpur]
(264) Satpathy, Shri Ramchandra (231-Jhargram—Midnapore)
(265) Sinha, Shri Atish Chandra (65-Kandi—Murshidabad)
(266) Sinha, Dr. Haramohan (280-Katwa—Burdwan)
(267) Sinha, Shri Khagendra Nath [31-Raiganj (S.C.)—West Dinajpur]
(268) Sinha, Shri Prabodh Chandra (213-Egra—Midnapore)
(269) Sinha Ray, Shri Guru Prasad (276-Kalna—Burdwan)
(270) Sen, Shri Bholanath (268-Bhatar—Burdwan)

(271) Sen, Shri Deb Ranjan (269-Galsi—Burdwan)
(272) Sen, Shri Dhirendra Nath (289-Mahammad Bazar—Birbhum)
(273) Sen, Shri Lakshmi Charan (160-Belgachia West—Calcutta)
(274) Sen, Shri Sachin (152-Ballygunge—Calcutta)
(275) Sen Gupta, Shri Dipak (6-Sitai—Cooch Behar)
(276) Sen Gupta, Shri Prabir (187-Bansberia—Hooghly)
(277) Sen Gupta, Shri Tarun Kumar (138-Dum Dum —24-Parganas)
(278) Shaikh Imajuddin, Shri (62-Hariharpara—Murshidabad)
(279) Shamsuddin Ahamad, Shri (49-Kaliachak—Malda)
(280) Shastri, Shri Vishnu Kant (143-Jorasanko—Calcutta)
(281) Sing, Shri Buddhadeb [220-Nayagram (S.T.)—Midnapore]
(282) Singh, Shri Chhedilal (114-Garden Reach—24-Parganas)
(283) Singh, Shri Khudi Ram [226-Keshiary (S.T.)—Midnapore]
(284) Singha Roy, Shri Jogendra Nath [13-Falakata (S.C.)—Jalpaiguri]
(285) Sk. Siraj Ali, Shri (225-Kharagpur Rural—Midnapore)
(286) Soren, Shri Suchand [246-Raniandh (S.T.)—Bankura]
(287) Subba, Shrimati Renu Leena (22-Kalimpong—Derjeeling)
(288) Sur, Shri Prasanta Kumar (150-Tollygunge—Calcutta)

## T

(289) Tah, Shri Dwarka Nath (270-Burdwan North—Burdwan)
(290) Talukdar, Shri Pralay (164-Howrah South—Howrah)
(291) Tirkey, Shri Manohar [11-Kalchini (S.T.)—Jalpaiguri]
(292) Tudu, Shri Bikram [253-Balarampur (S.T.)—Purulia]

## U

(293) Uraon, Shri Punai [16-Nagrakata (S.T.)—Jalpaiguri]

## V

(294) Vacant (115-Maheshtala—24-Parganas)
(295) Vacant (238-Jaipur—Purulia)

**Proceeding of the West Bengal Legislative Assembly Assembled under the provisions of the Constitution of India.**

The Assembly met in the Assembly House, Calcutta, on Friday, the 17th November, 1978 at 1-00 P.M.

**PRESENT**

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah) in the chair, 16 Ministers, 3 Ministers of State, and 226 Members.

[1-00—1-05 P.M.]

**Obituary Reference**

**মিঃ স্পীকারঃ** আজকের সভা আরম্ভ হওয়ার প্রাক্কালে আমি পশ্চিমবঙ্গ বিধানসভার প্রয়াত প্রাক্তন সদস্য শ্রী বিমল দাস, শ্রীলক্ষ্মণ চন্দ্র হাঁসদা ও অবিভক্ত বাংলার বিধানসভার প্রয়াত সদস্য শ্রীকানাইলাল দে-এর স্মরণে গভীর শোক প্রকাশ করছি।

গত ৩০শে অক্টোবর, ১৯৭৮ তারিখে ৪৭ বৎসরে বয়সে শ্রীবিমল দাস-এর জীবনাবসান হয় তিনি ১৯৬৯, ১৯৭১ ও ১৯৭২ সালে বিধানসভার সদস্য নির্বাচিত হন। তিনি মালদা জেলার কমিউনিস্ট পার্টির সেক্রেটারি পদে আসীন হন। এছাড়া তিনি ভারতের কমিনিস্ট পার্টির রাজ্য পরিষদেরও সদস্য ছিলেন। ১৯৪৬ সালে তিনি কমিউনিস্ট পার্টির সংস্পর্শে আসেন এবং ছাত্র আন্দোলনে যোগদান করেন। তিনি মালদা জেলার বিভিন্ন আন্দোলনে বলিষ্ঠ নেতৃত্ব দিয়েছেন। ব্যক্তিগত জীবনে তিনি ছিলেন মধুর স্বভাবের, উদার ও প্রাণোচ্ছল। সকল শ্রেণীর মানুষের কাছেই তিনি ছিলেন প্রিয়।

শ্রীলক্ষ্মণ চন্দ্র হাঁসদা গত ৮ই সেপ্টেম্বর, ১৯৭৮ তারিখে প্রায় ৭০ বৎসর বয়সে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। তিনি পশ্চিমদিনাজপুর জেলার গঙ্গারামপুর বিধানসভা কেন্দ্র থেকে ১৯৫২ ও ১৯৫৭ সালে কংগ্রেস দলের সদস্য হিসাবে নির্বাচিত হন। কর্মজীবনে তিনি ছিলেন একজন শিক্ষক।

প্রবীন স্বাধীনতা সংগ্রামী শ্রীকানাইলাল দে গত ২৮শে অক্টোবর ১৯৭৮ তারিখে ৮৪ বছর বয়সে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। স্বাধীনতা আন্দোলনের বিভিন্ন পর্বে যোগদান করার কালে তিনি কারারুদ্ধ হন। স্বাধীনতা সংগ্রাম পর্বে তিনি

ছিলেন বাঁকুড়া জেলার একজন প্রখ্যাত কংগ্রেস নেতা। তিনি অবিভক্ত বাংলার প্রাদেশিক বিধানসভার সদস্য নির্বাচিত হন। তিনি ১৯৫১ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গ বিধানসভার সদস্য ছিলেন এবং কংগ্রেস সরকারের সংসদীয় সচিব হিসাবে কাজ করেন। পরবর্তীকালে তিনি কৃষক প্রজা মজদুর পার্টিতে যোগদান করেন এবং রাজ্য বিধানসভায় ঐ দলের চীফ হুইপ মনোনীত হন। পরে তিনি প্রজা সোসালিষ্ট পার্টিতে যোগদান করেন এবং ঐ পার্টির ন্যাশানাল কাউন্সিলের সদস্য হন। তাঁর মৃত্যুতে আমরা একজন একনিষ্ঠ দেশ সেবক ও প্রবীন স্বাধীনতা সংগ্রামীকে হারালাম।

আমি প্রয়াত প্রাক্তন সদস্যদের শোকসন্তপ্ত পরিবার বর্গের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছি।

আজকের এই শোক জ্ঞাপনের আর একটি সংযোজন আমি করছি। পশ্চিমবঙ্গে সাম্প্রতিক বিধ্বংসী বন্যায় যে সমস্ত মানুষ তাঁদের অমূল্য প্রাণ হারিয়েছেন তাঁদের স্মরণে আমি গভীর শোক প্রকাশ করছি এবং যে অসংখ্য পরিবার বন্যার তাণ্ডবলীলায় গৃহ হারা, সম্বলহীন বা ক্ষতিগ্রস্ত হয়েছেন তাদের প্রতি আমি গভীর সহানুভূতি ও সমবেদনা জ্ঞাপন করছি।

মাননীয় সদস্যগণ, এখন আমি আপনাদের অনুরোধ করব আপনারা নিজ নিজ আসনে দু'মিনিট নীরবে দণ্ডায়মান হয়ে প্রয়াত সদস্যদের এবং সেই সঙ্গে সাম্প্রতিক প্রাকৃতিক বিপর্যয়ে যাঁরা প্রাণ হারিয়েছেন তাঁদের স্মৃতির প্রতি শ্রদ্ধা প্রদর্শন করুন।

( সদস্যগণ দণ্ডায়মান হইয়া দুই মিনিট নীরবতা পালন করেন )

( দু'মিনিট নীরবতার পরে )

বিধানসভার সচিব এই শোক জ্ঞাপনের প্রতিলিপি প্রয়াত সদস্যদের পরিবার-বর্গের কাছে পাঠিয়ে দেবেন।

সভার অধিবেশন আগামী সোমবার ২০শে নভেম্বর, ১৯৭৮ তারিখে বেলা ১টা পর্যান্ত মুলতুবী রইল।

**Adjournment**

[The House was accordingly adjournmend at 1·05 P.M. till 1 P,M. On Monday, the 20th November, 1978, at the Assembly House, Calcutta.]

**Proceeding of the West Bengal Legislative Assembly Assembled under the provisions of the Constitution of India.**

The Assembly met in the Assembly House, Calcutta, on Monday, the 20th November, 1978 at 1-00 P.M.

**PRESENT**

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah) in the chair, 17 Ministers, 5 Ministers of State and 198 Members.

[1-00—1-10 P.M.]

**Obituary**

মিঃ স্পীকার: আজ সভার প্রারম্ভে আমি অধুনালুপ্ত পশ্চিমবঙ্গ বিধান পরিষদের প্রয়াত প্রাক্তন সদস্য শ্রীবিশ্বনাথ মুখোপাধ্যায়ের স্মরণে গভীর শোক প্রকাশ করছি।

গত ১৭ই নভেম্বর ১৯৭৮ তারিখে শ্রীমুখোপাধ্যায় ৭২ বৎসর বয়সে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। ১৯২১ সালে অসহযোগ আন্দোলনে যোগদান করে তিনি কারারুদ্ধ হন এবং ১৬ বৎসরেরও অধিককাল কারাজীবন যাপন করেন। তিনি নেতাজী সুভাষ চন্দ্র বসুর ঘনিষ্ঠ সহযোগী বলে পরিচিত ছিলেন। স্বাধীনতা লাভের পূর্বে তিনি বঙ্গীয় প্রাদেশিক কংগ্রেসের সম্পাদক ছিলেন। স্বাধীনতা লাভের পরেও তিনি পশ্চিমবঙ্গ প্রদেশ কংগ্রেসের সম্পাদক পদে আসীন ছিলেন। তিনি ১৯৫৮ সাল থেকে ১৯৬৯ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গ বিধান পরিষদের সদস্য ছিলেন। এছাড়া তিনি কলিকাতা করপোরেশনের অল্ডারম্যান, ক্যালকাটা ইমপ্রুভমেণ্ট ট্রাস্টের ট্রাস্টী ও কলিকাতা পোর্টের কমিশনার পদে অধিষ্ঠিত ছিলেন। বহু জনহিতকর প্রতিষ্ঠানের সাথেও তিনি ছিলেন জড়িত। তাঁর মৃত্যুতে আমরা একজন প্রকৃত দেশপ্রেমিককে হারালাম।

আমি প্রয়াত প্রাক্তন সদস্যের শোকসন্তপ্ত পরিবারবর্গের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছি।

माननीয় সদস্যগণ, এখন আমি আপনাদের অনুরোধ করবো আপনারা নিজ নিজ আসনে দু'মিনিট নীরবে দণ্ডায়মান হয়ে প্রয়াত সদস্যের স্মৃতির প্রতি শ্রদ্ধা প্রদর্শন করুন।

( দু'মিনিট নীরবতার পর )

বিধানসভার সচিব এই শোক জ্ঞাপনের প্রতিলিপি প্রয়াত সদস্যের পরিবারবর্গের কাছে পাঠিয়ে দেবেন।

## STARRED QUESTIONS

( to which oral answers were given )

### পে-কমিশনের রিপোর্ট

*১। ( অনুমোদিত প্রশ্ন নং *১৬। ) **শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস** : অর্থ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, রাজ্য সরকারী কর্মচারীদের জন্য গঠিত পে কমিশনের রিপোর্ট কবে নাগাত সরকারের নিকট উপস্থাপিত হইবে বলিয়া আশা করা যায় ?

**ডঃ অশোক মিত্র** : অর্থ দপ্তরের প্রস্তাব নং ৯৭১৬-এফ তারিখ ১৬-১১-৭৭ অনুযায়ী বেতন কমিশন গঠিত হয়েছিল।

উক্ত প্রস্তাবে বলা হয়েছে যে বেতন কমিশন যত শীঘ্র সম্ভব তাদের সুপারিশ-সমূহ পেশ করবেন এবং এক বৎসরের মধ্যে তা করা বাঞ্ছনীয়।

এক বৎসর সবেমাত্র উত্তীর্ণ হয়েছে। কমিশনের মহার্ঘ ভাতা সম্পর্কে অন্তর্বর্তী সুপারিশের ভিত্তিতে সরকার ইতি মধ্যে অন্তর্বর্তী মহার্ঘ ভাতা মঞ্জুর করেছেন।

কমিশনের রিপোর্ট কবে নাগাদ সরকারের নিকট উপস্থাপিত হবে সে সম্বন্ধে এখনও কিছু বলা যাচ্ছে না।

### বসু বিজ্ঞান মন্দিরের জিনিসপত্র সংরক্ষণ

*৪। ( অনুমোদিত প্রশ্ন নং *৭৭। ) **শ্রীসন্দীপ দাস** : শিক্ষা ( উচ্চতর ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, আচার্য জগদীশ চন্দ্র বসুর স্মৃতিবিজড়িত বহু মূল্যবান জিনিসপত্র বসু বিজ্ঞান মন্দিরে নষ্ট হয়ে যাচ্ছে ; এবং

(খ) সত্য হ'লে, সেগুলি সংরক্ষণের জন্য সরকার কি ব্যবস্থা নিচ্ছেন ?

**শ্রীশম্ভুচরণ ঘোষ ঃ**

(ক) রাজ্য সরকার অবগত আছেন।

(খ) এ প্রশ্ন উঠে না।

**শ্রীসন্দীপ দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই সম্পর্কে একটা সংবাদ বিভিন্ন সংবাদপত্রে প্রকাশিত হয়েছে এবং সংবাদপত্রের প্রতিবেদক এই সম্পর্কে উদ্বেগ প্রকাশ করেছেন।

**শ্রীশম্ভুচরণ ঘোষ ঃ** বসু বিজ্ঞান মন্দির প্রতিষ্ঠানটির কেন্দ্রীয় সরকার দ্বারা পরিচালিত, রাজ্য সরকারের কাছ থেকে এরা কোন অনুমোদন নেন না এবং আর্থিক অনুদানও নেন না। আমাদের কাছে এরা এ ধরণের কোন সংবাদও পাঠাননি।

### বন্যাত্রাণে কাজ করার জন্য সরকারী কর্মচারীদের অতিরিক্ত ভাতা প্রদান

*৫। ( অনুমোদিত প্রশ্ন নং ৫২। ) **শ্রীজন্মেজয় ওঝা** এবং **শ্রীকিরণময় নন্দ ঃ** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বন্যাত্রাণে কাজ করার জন্য সরকারী কর্মচারীদের অতিরিক্ত ভাতা দেওয়া হইয়াছে ;

(খ) সত্য হইলে, তাহা কি হারে দেওয়া হইয়াছে ; এবং

(গ) এ পর্যন্ত মোট কত টাকা এ বাবত ব্যয় হইয়াছে ?

**ডঃ অশোক মিত্র ঃ**

(১) বন্যাত্রাণের কাজের জন্য যে সকল সরকারী কর্মচারীকে সন্ধ্যা ৭টার পরেও বা একনাগাড়ে মোট ৮॥ ঘণ্টার বেশী দপ্তরে কাজ করতে হয়েছে, তাঁদের দৈনিক ৫ টাকা হারে জলযোগ ভাতা মঞ্জুর করা হয়েছিল। মুর্শিদাবাদ জেলার জন্য জলযোগ ভাতা ১৪।৮।৭৮ তারিখ থেকে ৫।১০।৭৮ পর্যন্ত ও অন্য সব জেলা ও কলকাতার জন্য ১।৯।৭৮ থেকে ১৫।১০।৭৮ পর্যন্ত মঞ্জুর করা হয়েছিল। )

(২) যে সকল সরকারী কর্মচারী কর্মস্থল থেকে আট বা ততোধিক কিলোমিটার দূরস্থিত কোনো স্থানে বন্যাত্রাণের কাজে নিয়োজিত হয়েছিলেন তাঁদের ক্ষেত্রে ভ্রমণ ভাতার অন্তর্ভুক্ত দৈনিক ভাতার হার সাধারণ হারের দ্বিগুণ করা হয়েছিল। এই বর্ধিত হারে দৈনিক ভাতা ষাট দিনের বেশী কোনো কর্মচারী পাবেন না ; ৩১শে অক্টোবরের পরেও কেউ পাবেন না।

ভাতা সম্পর্কে এই দুই বিশেষ ব্যবস্থাই অতীতে নজির অনুযায়ী নেওয়া হয়েছে।

(গ) সঠিক হিসাব এই মুহূর্তে পেশ করা সম্ভব নয়।

**শ্রীজন্মেজয় ওঝা** ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি এরা যে কাজের জন্য নির্দ্দিষ্ট ছিলেন বলে বলেছেন তাদের কাজটি কি ছিল ? পেসিফিক কি কি কাজ তারা করেছেন ?

**ডঃ অশোক মিত্র** ঃ বন্যাত্রাণের জন্য যে ধরণের কাজের দরকার সেই ধরণের কাজ করেছেন।

**শ্রীজন্মেজয় ওঝা** ঃ পেসিফিক কাজটি কি করেছেন ?

**ডঃ অশোক মিত্র** ঃ ত্রাণের জন্য জিনিসপত্র সাজানো, বিলানো, পৌছে দেওয়া ইত্যাদি কাজ তারা করেছিল।

**শ্রীজন্মেজয় ওঝা** ঃ এই যে সরকারী কর্মচারীদের অতিরিক্ত টাকা দেওয়া হয়েছিল এদের সাথে তাদের টি এ-টাও দেওয়া হয়েছিল কিনা ?

**ডঃ অশোক মিত্র** ঃ না, টি এ দেওয়া হয়নি। আমি আগেই বলেছি যে সমস্ত সরকারী কর্মচারীদের কর্মস্থল থেকে দূরে এইরকম জায়গায় যাদের কাজ করতে দেওয়া হয়েছিল তাদের জন্য ভাতা দেওয়ার বিশেষ ব্যবস্থা দেওয়া হয়েছিল কিন্তু যারা দপ্তরে এসেছেন কাজ করেছেন এবং অনেক রাত্রি পর্যন্ত কাজ করেছেন তাদের জন্য একটা জলপানি দেওয়ার ব্যবস্থা হয়েছিল। এটা নতুন কোন নজীর নয়, এটা সরকারী ব্যবস্থায় বাড়াবাড়িই ছিল। আমি আর একটি কথা এর সঙ্গে যোগ করবো যে, একটি বিশেষ প্রতিষ্ঠানের কর্মচারীরা আমার কাছে এসে বললেন যে, বন্যাত্রাণের জন্য আমরা যে জনভাতার বাবস্থা করেছি সেটা তাদের পছন্দ হচ্ছে না। এই রকম

একটা বিব্রত সময়ে তারা এই ভাতার ব্যবস্থাটা চান না এবং আমার কাছে অনুরোধ করেন আমি যেন ভাতা দেওয়ার ব্যাপারে পুর্ণ বিবেচনা করি এবং যাতে এটা বন্ধ করে দেওয়া হয়। তাদের এই অনুরোধ অনুযায়ী ১৫ই অক্টোবরের পর থেকে এটা বন্ধ করে দেওয়া হয়।

**শ্রীজন্মেজয় ওঝা ঃ** আমার প্রশ্ন ছিল এছাড়াও তাদের টি এ দেওয়া হয়েছে কি না ?

**ডঃ অশোক মিত্র ঃ** যারা দপ্তরে বসে কাজ করেছেন তাদের টি এ দেওয়ার প্রশ্নই আসে না।

**শ্রীজন্মেজয় ওঝা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন, এই যে টিফিন ভাতা যেটা দেওয়া হয়েছে সেটা কেবলমাত্র কো-অর্ডিনেশান কমিটির লোকদের দেওয়া হয়েছে না অন্য লোকেদেরও দেওয়া হয়েছে ?

**ডঃ অশোক মিত্র ঃ** আই. এ. এস. সেক্রেটারী এবং অফিসার থেকে আরম্ভ করে সর্বস্তরের কর্মচারীদের জন্য এই ব্যবস্থা করা হয়েছিল। কিন্তু আপনি যেহেতু একটা বিশেষ প্রতিষ্ঠানের নাম উল্লেখ করলেন সেই জন্য আমি এটা যোগ করতে চাই যে, ১৩।১৪ই অক্টোবর তারিখে কে-অর্ডিনেশান কমিটির লোকেরা আমাকে অনুরোধ করেন যে দয়া করে এই ভাতার ব্যবস্থা করে দিন আমরা এমনিতেই কাজ করবো।

[1-20—1-30 P.M.]

**শ্রীকিরণময় নন্দ :** মাননীয় অর্থমন্ত্রী জানাবেন কি, কোন কোন সরকারী কর্মচারী ত্রাণকার্যে যাবেন তার লিস্ট কে তৈরী করেছিলেন ?

**ডঃ অশোক মিত্র ঃ** এই তালিকা সরকারী দপ্তরে তৈরী হয়েছিল।

**শ্রীকিরণময় নন্দ :** সরকারী দপ্তর মানে কি ? এটা কি মন্ত্রী মহাশয় তৈরী করেছিলেন, না কো-অর্ডিনেশন কমিটির পক্ষ থেকে তৈরী করা হয়েছিল ?

**ডঃ অশোক মিত্র ঃ** আপনার প্রশাসনে যখন অভিজ্ঞতা হবে তখন জানতে পারবেন এই তালিকা তৈরী করবার একটা বিশেষ ব্যবস্থা আছে, একটা ভঙ্গী আছে।

**শ্রীকিরণময় নন্দ ঃ** কো-অর্ডিনেসন কমিটি আপনার কাছে অনুরোধ করেছিল এবং আপনি কি তাদের মনের মত এবং তাদের তালিকা মত লোক পাঠিয়েছিলেন ?

**ডঃ অশোক মিত্র ঃ** এটা হাইপথেটিক্যাল প্রশ্ন কাজেই আমি জবাব দিতে পারছি না।

**ডঃ শাশ্বতীপ্রসাদ বাগ ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি কোলকাতা সহ পশ্চিম-বাংলার সব জেলায় কি ১লা সেপ্টেম্বর থেকে প্রয়োজন ছিল ?

**ডঃ অশোক মিত্র ঃ** কিছু কিছু জায়গায় প্রয়োজন ছিল। ১লা সেপ্টেম্বর থেকে ১৬শে সেপ্টেম্বর পর্যন্ত পশ্চিমবঙ্গের ৫টি জেলা বন্যা বিধ্বস্ত অবস্থায় ছিল।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** সরকারী কর্মচারীদের ভাতা বাবদ মোট ব্যয় কত হয়েছে তার উত্তরে আপনি বলেছেন সঠিক জানা নেই। আপনি আনুমানিক একটা হিসেব দিতে পারেন কি ?

**ডঃ অশোক মিত্র ঃ** ১লক্ষ, দেড় লক্ষ, ২ লক্ষ হয়ত হবে। আমাদের অনেক সরকারী কর্মচারী তাঁদের ভাতার হিসেব এখন পর্যন্ত পেশ করেননি কারণ তাঁরা ভাতা চাচ্ছেন না। বিভিন্ন জায়গা থেকে, গ্রাম থেকে এই হিসেব আমাদের আনতে হবে। তবে যদি বেশীও হয় তাহলে মনে হচ্ছে ২ লক্ষের বেশী হবে না।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি, চিফ সেক্রেটারীর সার্কুলার অনুযায়ী ওনলি কো-অডিনেসন কমিটির অন্তর্ভুক্ত সরকারী কর্মচারীদের এই বন্যার কাজে লাগান হয়েছিল, অন্য কাউকে এই কাজে লাগান হয়নি ?

**ডঃ অশোক মিত্র ঃ** আমার জানা নেই।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি কয়জন আই এ এস অফিসার এই ভাতা নিয়েছেন এবং তাঁদের নাম কি ?

**ডঃ অশোক মিত্র ঃ** সেই হিসেব জানা নেই বলে এখন জানতে পারছি না।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মন্ত্রী মহাশয় বললেন আই এ এস অফিসাররা ভাতা নিয়েছেন কিন্তু তাঁদের নাম বলতে পারছি না—এটা কেমন কথা ?

**ডঃ অশোক মিত্র ঃ** তাঁদের হিসেব পেলেই জানাব। তবে তাঁদের ভাতা নেবার অধিকার আছে।

**শ্রীসত্যরঞ্জণ বাপুলী ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি, কো-অর্ডিনেসন কমিটি ছাড়া অন্য কাউকে এই কাজে লাগতে দেওয়া হয়েছিল কি না ?

**ডঃ অশোক মিত্র ঃ** আলাদা প্রশ্ন করলে জবাব দেব। তবে এটুকু বলতে পারি সরকারী পর্যায়ে সমস্ত কর্মচারীকেই এই বন্যা ত্রাণের কাজে আহ্বান করা হয়েছিল এবং সমস্ত আদর্শভুক্ত সরকারী কর্মচারী এ'ত যোগ দিয়েছিল এটা আমি ধরে নিচ্ছি।

**ডঃ শাশ্বতীপ্রসাদ বাগ ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি, রাইটার্স বিলডিংস-এর ত্রাণ দপ্তর ছাড়া অন্য দপ্তরের কর্মীরা কিভাবে সাহায্য করেছিলেন তাঁদের নিজ নিজ দপ্তরে থেকে ?

**মিঃ স্পীকার ঃ** এই কোশ্চেনে এই সাপ্লিমেণ্টারী হয় না।

## মাদ্রাসা শিক্ষার প্রসার

*৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৮।) **শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যে মাদ্রাসা শিক্ষা প্রসারের জন্য নতুন নতুন (প্রয়োজনভিত্তিক) জুনিয়ার, সিনিয়ার এবং হাই মাদ্রাসার অনুমোদন দিবার কথা সরকার বিবেচনা করিতেছেন কি ; এবং

(খ) করিয়া থাকিলে, এ ব্যাপারে কি কোন "পরিদর্শক দল" গঠন করা হইয়াছে ?

**শ্রীপার্থ দে ঃ** (ক) মাদ্রাসার অনুমোদন পশ্চিমবঙ্গ মাদ্রাসা এডুকেশন বোর্ড দিয়া থাকেন। তবে, নতুন মাদ্রাসা পরিদর্শন ও নির্বাচনের জন্য সরকার ব্যবস্থা গ্রহণ করিয়াছেন।

(খ) হ্যাঁ, প্রতি জেলায় একটি "জেলা পরিদর্শক দল" গঠন করা হইয়াছে।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** এই পরিদর্শক দলে সমস্ত মাধ্যমিক শিক্ষক সংগঠন থেকে প্রতিনিধি নেওয়া হয়েছে কি ?

**শ্রীপার্থ দে ঃ** পরিদর্শক দলে প্রতিনিধি নেওয়ার প্রশ্ন আসে না।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস**ঃ এই পরিদর্শক দলে এখন পর্য্যন্ত যা হয়েছে তাতে কিসের ভিত্তিতে বিচার করে হয়েছে, সমাজসেবী, শিক্ষাব্রতী না কি রাজনৈতিক নেতা ?

**শ্রীপার্থ দে**ঃ পরিদর্শক দল যা জেলায় তৈরী হয়েছে তাতে জেলা স্কুল পরিদর্শক তিনি আছেন, আর পশ্চিমবাংলার মধ্যশিক্ষাপর্ষদের একজন করে নমিনি আছেন, সরকারের একজন করে নমিনি এবং মাদ্রাসার ক্ষেত্রে মাদ্রাসা এডুকেশন বোর্ডের একজন করে নমিনি আছেন।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস**ঃ আপনি কি অবগত আছেন যে এই পরিদর্শক দল গঠনের প্রশ্নে বিভিন্ন শিক্ষক মাধ্যমিক শিক্ষক এবং শিক্ষাকর্মী প্রতিষ্ঠানের মধ্যে বিক্ষোভ সৃষ্টি হয়েছে এবং শিক্ষকদের মধ্যে বিক্ষোভ সৃষ্টি হয়েছে ?

**শ্রীপার্থ দে**ঃ আমার কাছে এই রকম খবর আসেনি, এই প্রসঙ্গে আমি বলে রাখতে পারি এতে শিক্ষক সংগঠনের দুঃখের কোন কারন নেই, শিক্ষক সংগঠনের মধ্য থেকে প্রতিনিধি দেওয়ার কোন প্রশ্ন ছিল না এবং এখনও নাই।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস**ঃ এই পরিদর্শক দলকে সামগ্রিক করার জন্য বিভিন্ন শিক্ষক প্রতিষ্ঠানের মধ্য থেকে প্রতিনিধি নেওয়ার কথা বিবেচনা করবেন কি ?

**শ্রীপার্থ দে**ঃ এই প্রশ্নটা একটু ভাল করে বুঝা দরকার। এই পরিদর্শক দল কেন করতে হল, এর কারণ হচ্ছে যে আমাদের পশ্চিমবাংলায় বিগত কয়েক বছর ধরে বিদ্যালয় এবং মাদ্রাসার অনুমোদন দেওয়া স্থগিত ছিল কিন্তু বিভিন্ন জেলাতে অসংখ্য বিদ্যালয় তৈরী হয়ে তাঁরা অনুমোদনের জন্য দরখাস্ত করে রেখেছিলেন এবং আশা করেছিলেন যে তাঁরা অনুমোদন পাবেন। এই রকম একটা পরিস্থিতিতে কয়েক বছরে পশ্চিমবাংলার বিভিন্ন জেলাতে এই ধরণের প্রস্তাবিত বিদ্যালয় বা মাদ্রাসা সব মিলিয়ে গড়ে উঠেছিল। ফলে আমরা যখন দেখলাম এটাকে বাছাই করা দরকার, ভাল করে বুঝা দরকার কোন্ কোন্ এলাকায় বিদ্যালয়ের দরকার এবং কোন এলাকায় বিদ্যালয় দিলে পর সেই এলাকার অন্যান্য যারা ছেলেমেয়ে আছে তাদের সুবিধা হবে, সেটা বাছাই করা দরকার। আগেকার দিনে নিয়ম ছিল স্কুল ইন্সপেক্টার যাঁরা আছেন তাঁরাই রিকমেণ্ড করতেন এবং বিগত দিনে এমন একটা রেওয়াজ হয়ে গেছল যে যাঁরাই প্রস্তাব করেছেন সেই সব স্কুলকেই রিকমেনডেড বলে লিখে দিতেন, কিন্তু এই অবস্থা চলতে পারে না এবং সে সবেরও অনুমোদন দেবার দরকার নাই এবং সরকারের পক্ষে সেটা সম্ভবও নয়। সেজন্য কেবলমাত্র পুরাণো

অনেক দিনের স্থাপিত ব্যাকওয়ার্ড এরিয়াতে যে সব জায়গায় বিদ্যালয় নাই সেই সব জায়গাগুলি বাছাই করে একটা তালিকা প্রস্তুত করে রাখা হবে এটা ঠিক হয় এবং এটা সমস্ত শিক্ষক সংগঠনেয় সঙ্গে কথা বলে ঠিক করতে বলা হয়, এর ভিতর থেকে বোর্ড অব সেকেণ্ডারী এডুকেশন এবং মাদ্রাসা এডুকেশন বোর্ড যে বছর যতটা করে পারবেন, অনুমোদন দেবেন সেটা প্রসেস করতে হলে একটা টীম প্রয়োজন কেন না একজন পরিদর্শকের পক্ষে সেটা সম্ভব নয়। সেজন্য এই ধরণের কিছু লোক নিয়ে একজন বোর্ডের নমিনি, একজন মাদ্রাসা বোর্ডের নমিনি, সরকারের একজন নমিনি এবং তাদের দিয়ে প্রসেস করান হচ্ছে এবং সেই জন্যই এই টিম করা হয়েছে, এটা সাময়িক পদক্ষেপ, এতে প্রতিনিধি নেবার প্রশ্ন নাই এবং সরকারও তা বিবেচনা করছেন না।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস** ঃ বর্তমান আর্থিক বছরে কতগুলি সিনিয়ার এবং জুনিয়ার হাই মাদ্রাসাকে অনুমোদন দেওয়া হয়েছে ?

**শ্রীপার্থ দে** ঃ সংখ্যা বলতে পারি না, যে সব বিদ্যালয়ে ছেলে মেয়ে এক সঙ্গে পড়েন অর্থাৎ যাকে কো-এডুকেশন স্কুল, বিগত সরকার বলেছিলেন স্কুলগুলিকে আলাদা করার জন্য, তারপরে তারা আলাদা করার পরও দীর্ঘদিন বিগত সরকার সেগুলিকে অনুমোদন দেননি। এই ধরণের স্কুলগুলি বোর্ডের যা জানা ছিল তার মধ্যে ১৭।১৮টি বিদ্যালয়ের অনুমোদন দেওয়া হয়েছে।

[1-20—1-30 P. M.]

**শ্রীমতী রেণুলীনা সুব্বা** ঃ দার্জিলিং ডিসট্রিক্টের সব জায়গায় ডিসটিক্ট স্কুল বোর্ডের অধীনে একটা করে কমিটি গঠিত হয়েছে। কালিম্পং সাব-ডিভিসানে যে কমিটি গঠিত হয়েছে তাতে আমি এবং অন্যান্য এম, এল, এরা আছেন। কিন্তু দার্জিলিং ডিসট্রিকটের জন্য যে কমিটি গঠিত হয়েছে তাতে লোক্যাল এম, এল, এ শ্রীদেওপ্রকাশ রাইকে মেম্বার করা হয়নি কেন ? চীফ মিনিষ্টারের সঙ্গে মিটিংয়ে এই কথা বলা হয়েছিল।

**শ্রীপার্থ দে** ঃ এই প্রশ্নে এই সাপ্লিমেণ্টারি আসে না।

**শ্রীদেওপ্রকাশ রাই** ঃ Shri Deoprakash Rai is out cast in administration.

**শ্রীদীপক সেনগুপ্ত ঃ** মন্ত্রী মহাশয় কি বলবেন যে মধ্যশিক্ষা পর্ষদের যে একজন প্রতিনিধি রাখা হয়েছে এটা বিচার করার মানদণ্ড কি ঠিক করেছেন? কিভাবে মানুষটিকে বেঁছে নেওয়া হয়েছে?

**মিঃ স্পীকার ঃ** এটা রেলিভেন্স প্রশ্ন নয়।

**শ্রীহরিপদ জানা (ভগবানপুর) ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি যে যুগান্তর পত্রিকায় গত ১৭ই নভেম্বর একটা খবর বেরিয়েছে যে স্কুলের অনুমোদন এ. বি. টি. এর হাতে চলে গিয়েছে—এটা সত্য কিনা?

**শ্রীপার্থ দে ঃ** সংবাদ পত্রের খবর সম্পার্কে আমি কি করে বলবো?

**শ্রীমহম্মদ সোহরাব ঃ** মন্ত্রী মহাশয় বলেলেন ইনসপেকসান রিপোর্টের পর একটা তালিকা তৈরী করবেন। মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন চলতি বছরে কতগুলো মাদ্রাসা এবং স্কুল সরকার অনুমোদন পাবে?

**শ্রীপার্থ দে ঃ** এই সম্পার্কে একটা নোটিশ দিন বলবো।

**ডঃ শাশ্বতী প্রসাদ বাগ ঃ** মন্ত্রী মহাশয় বলবেন কিছু স্কুলকে বাইফারকেট করতে বলা হয়েছিল এবং আগের মন্ত্রীসভার আমলে অনেকগুলো কো-এডুকেসান স্কুল তা করা সত্বেও অনুমোদন দেওয়া হয় নি। বর্তমান সরকার এই রকম ১৭-১৮টি স্কুলকে অনুমোদন দিয়েছেন। মহিষাদল-এর লক্ষ্মী সারদাময়ী বিদ্যামন্দির অনেকদিন হল বাইফারকেসানে চলছিল। কিন্তু তাকে অনুমোদন না দিয়ে হঠাৎ সেখানকার একটা স্কুল যেটা কো-এডুকেসানে চলছিল তাকে অনুমোদন দেওয়া হয়েছে কেন?

**শ্রীপার্থ দে ঃ** এই সম্পার্কে একটা নোটিশ লাগবে।

### রানাঘাট কলেজের অধ্যক্ষ ও অধ্যাপকগণের বিরুদ্ধে বিক্ষোভ

*৮। (অনুমোদিত প্রশ্ন নং *১১৬।) **শ্রীসন্দীপ দাস ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রানাঘাট কলেজের অধ্যক্ষ ও কয়েকজন অধ্যাপকের বিরুদ্ধে বিক্ষোভ চলছে;

(খ) সত্য হলে, এই বিক্ষোভ কারা প্রদর্শন করছেন;

(গ) ঐ অধ্যক্ষ ও অধ্যাপকগণের বিরুদ্ধে বিক্ষোভকারীদের অভিযোগ কি ;

(ঘ) অভিযোগ সম্পর্কে কোন তদন্ত হয়েছে কি ; এবং

(ঙ) হয়ে থাকলে, ফলাফল কি ?

**শ্রীশম্ভুচরণ ঘোষ :** (ক) রাণাঘাট কলেজের অধ্যক্ষের বিরুদ্ধে বিক্ষোভের সংবাদ পাওয়া গিয়াছে। কলেজের কোন অধ্যাপকের বিরুদ্ধে বিক্ষোভের কোন রিপোর্ট পাওয়া যায় নাই।

(খ) কলেজের শিক্ষক ও অন্যান্য কর্মচারীগণ অধ্যক্ষের অপসারণ দাবী করিয়া বিক্ষোভ প্রদর্শন করিয়াছেন। ছাত্রদের একটি অংশ অধ্যক্ষের পক্ষেও অপর একটি অংশ অধ্যক্ষের বিরুদ্ধে আন্দোলন করিতেছেন বলিয়া রিপোর্ট পাওয়া গিয়াছে।

(গ) কলেজের অধ্যক্ষের বিরুদ্ধে আর্থিক ত্রুটি বিচ্যুতি সংক্রান্ত বিভিন্ন অভিযোগ আছে।

(ঘ) হাঁ। হইয়াছে।

(ঙ) তদন্তের রিপোর্ট বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে।

**শ্রীসন্দীপ দাস :** মাননীয় মন্ত্রী মহাশয় বল্লেন তদন্তের বিবরণ সরকারের বিবেচনাধীন আছে। আমার অতিরিক্ত প্রশ্ন হচ্ছে যে অভিযোগ প্রমাণিত হয়নি সেই অবস্থায় অধ্যক্ষ এবং অধ্যাপকদের বিরুদ্ধে যে বিক্ষোভ চলছে সে সম্পর্কে সরকার কি দৃষ্টি দেবেন ?

**শ্রীশম্ভুচরণ ঘোষ :** এ সম্পর্কে সরকারের কাছে অতিরিক্ত কোন সংবাদ নাই।

**শ্রীসন্দীপ দাস :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে অধ্যক্ষের বিরুদ্ধে এবং অধ্যাপকদের বিরুদ্ধে যে বিক্ষোভ চলছে সেটা রাজনৈতিক উদ্দেশ্য প্রনোদিত কি না, কোন রাজনৈতিক দলের এতে সমর্থন আছে কি না ?

**শ্রীশম্ভুচরণ ঘোষ :** এমন কোন কথা আমার জানা নেই।

**শ্রীরজনীকান্ত দোলুই :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে রাণাঘাট কলেজে যে অধ্যক্ষ রয়েছেন তার চাকুরী এখনও আছে কি না ?

**শ্রীশম্ভুচরণ ঘোষ :** সেটা আমি বলতে পারবো না।

**শ্রীরজনী কান্ত দোলুই :** তিনি ঐ কলেজের প্রিন্সিপ্যাল আছে কি না ?

**শ্রীশম্ভুচরণ ঘোষ :** তিনি কলেজের অধ্যক্ষ আছে কিন্তু তিনি কলেজে যাচ্ছেন কি না সে সম্পর্কে কোন রিপোর্ট আসে নি। তাঁকে অপসারণ করা হয়নি এবং সে রকম কোন ব্যবস্থা সরকার পক্ষ থেকে নেওয়া হয়নি।

**শ্রীসন্দীপ দাস :** অধ্যক্ষের বিরুদ্ধে দোষ প্রমাণিত হলে সরকার তাঁকে অপসারণ করবেন। কিন্তু যতক্ষণ পর্যন্ত দোষ প্রমাণিত না হচ্ছে এবং তার বিরুদ্ধে যে সব কার্যকলাপ চলছে তাতে সরকার সেখানে নীরব দর্শক হয়ে থাকবেন ?

**শ্রীশম্ভুচরণ ঘোষ :** সরকার পক্ষথেকে অধ্যক্ষকে অপসারণ করা হয়নি। তবে সেখানে ছাত্রদের মধ্যে যে ধরণের আন্দোলন চলছে সে সম্পর্কে আমাদের কাছে কোন রিপোর্ট নেই।

## মাধ্যমিক শিক্ষকদের বেতনের পুরো টাকা সরকার কর্তৃক প্রদান

*১০। (অনুমোদিত প্রশ্ন নং *৮০।) **শ্রীসন্দীপ দাস :** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের বেতনের পুরো টাকা সরকারের দেওয়ার কোন পরিকল্পনা আছে কি ?

**শ্রীপার্থ দে :** (ক) না।

**শ্রীসন্দীপ দাস :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে বর্তমান অবস্থায় বহু বেসরকারী মাধ্যমিক বিদ্যালয় রয়েছে যেখানে শিক্ষকরা মাসের শেষে পুরো বেতন পাচ্ছে না।

**শ্রীপার্থ দে :** মাসের শেষে বেতন পাবার কথা নয়, মাসের প্রথমে বেতন পাবার কথা।

**শ্রীসন্দীপ দাস :** মাননীয় মন্ত্রী মহাশয় প্রশ্নটিকে এড়িয়ে যাবার চেষ্টা করবেন না তিনি কি জানেন যে ২৫ ভাগ বেতন কম দেওয়া হচ্ছে এবং যেটা টিউসন ফি থেকে দেওয়ার কথা সেই টিউসন ফি ঠিক মত আদায় না হবার জন্য তারা বেতন ঠিক পাচ্ছে না ?

**শ্রীপার্থ দে :** সে রকম হতে পারে। আমি প্রশ্ন এড়িয়ে যাচ্ছি না।

**শ্রীসন্দীপ দাস ঃ** সরকার সেদিকে দৃষ্টি দিচ্ছেন না কেন এবং দৃষ্টি দেবেন কি না ?

**শ্রীপার্থ দে ঃ** সরকার দৃষ্টি দিয়েছেন বলেই সরকারের যেটা দেয় সেটা তারা যাতে ঠিকমত পান তার জন্য ব্যবস্থা নিয়েছেন।

**শ্রীসন্দীপ দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে কলেজের শিক্ষকদের ক্ষেত্রে সরকার যে নীতি গ্রহণ করেছেন মাধ্যমিক শিক্ষকদের ব্যাপারেও সেই নীতি গ্রহণ করবেন কি না ?

**শ্রীপার্থ দে ঃ** সেই নীতিটা কি বলুন ?

**শ্রীসন্দীপ দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয় সেই নীতির কথা জানেন কারণ তিনি নিজে একজন কলেজ শিক্ষক। যা হোক সেই নীতি হচ্ছে কলেজ শিক্ষকদের ক্ষেত্রে বেতনের ৭৫ ভাগ সরকারী রাজকোষে জমা দিতে হয় এবং কলেজ শিক্ষকদের পুরো বেতন রাজকোষ থেকে দেওয়া হয়। আমি জানতে চাইছি মাধ্যমিক শিক্ষকদের ক্ষেত্রে সেই নীতি সরকার গ্রহণ করবেন কি না ?

**শ্রীপার্থ দে ঃ** সে কথা আমি বলতে পারবো না। কারণ মাধ্যমিক শিক্ষকদের যে সংখ্যা এবং অনেক দিন ধরে যে সব নীতি চলে আসছিল তাতে একটা সুষ্ঠু নীতি গ্রহণ করা দরকার। এবং সেই নীতি গ্রহণ করবার জন্য কতকগুলি পদক্ষেপ নেওয়া দরকার। এবং সেই ব্যবস্থার মধ্য দিয়ে নিশ্চয় একটা সুষ্ঠু সমাধান পাওয়া যাবে। আমরা ক্রমশ সেই দিকে একটা পদক্ষেপ নিচ্ছি এবং এই অবস্থার অবসান যাতে করা যায় তার ব্যবস্থা গ্রহণ করার চেষ্টা করছি।

[1-30—1-40 P.M.]

**শ্রীজন্মেজয় ওঝা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে মাসের শেষে বেতন দেওয়া হয় না। তিনি কি বলবেন মাসের কোন্ তারিখের মধ্যে বেতন দেওয়া হয়।

**শ্রীপার্থ দে ঃ** এটা কোন্ স্কুলের কথা বলছেন ?

**শ্রীজন্মেজয় ওঝা ঃ** সব স্কুলেই এই ঘটনা ঘটছে।

( নো রিপ্লাই )

## ADJOURNMENT MOTION

**মিঃ স্পীকার ঃ** আমি মাননীয় সদস্য সর্বশ্রী শাশ্বতী প্রসাদ বাগ, জন্মেজয় ওঝা, রজনীকান্ত দোলুই, কিরণময় নন্দ, হরিপদ জানা, সত্যরঞ্জন বাপুলী এবং

সামসুদ্দীন আহমেদ—এঁদের প্রত্যেকের কাছ থেকে একটি করে মুলতুবী প্রস্তাবের নোটিশ পেয়েছি। প্রথম নোটিশে শ্রীশাশ্বতী প্রসাদ বাগ বন্যাত্রাণে পশ্চিমবঙ্গ সরকারের ব্যয় সম্পর্কে অর্থমন্ত্রীর বিভিন্ন সময়ে বিভিন্ন বিবৃতির উল্লেখ করে তাঁর পদত্যাগ দাবী করেছেন। এই নোটিশে মুলতুবী প্রস্তাবের উপযোগী কোন বিষয়বস্তু নেই বলে আমি মনে করি। দ্বিতীয় নোটিশে শ্রীজন্মেঞ্জয় ওঝা রাজ্যে আইন শৃঙ্খলার অবনতি এবং প্রশাসনে শাসক দলের হস্তক্ষেপের অভিযোগ করে এই বিষয়ে আলোচনার জন্য আজকের সভা মুলতুবী রাখতে চেয়েছেন। তৃতীয় নোটিশে শ্রীকিরণময় নন্দ গ্রামাঞ্চলে আইন শৃঙ্খলার অবনতি ও বিধানসভার বিরোধী দলের সদস্যদের নিরাপত্তার অভাব বিষয়ে আলোচনার জন্য আজকের সভা মুলতুবী রাখতে চেয়েছেন। চতুর্থ নোটিশে শ্রীহরিপদ জানা ভগবানপুর ১নং ব্লকের একটি গ্রামে বে-আইনী ভাবে ধান কাটার একটি ঘটনার উল্লেখ করেছেন। পঞ্চম নোটিশে শ্রীসত্যরঞ্জন বাপুলী গত ১৩, ১১, ৭৮ তারিখে বীরেশ্বরপুর কলেজে পুলিশ কর্তৃক ছাত্র পরিষদ কর্মীদের প্রহার ও গ্রেপ্তারের অভিযোগ করে এ বিষয়ে আলোচনা করতে চেয়েছেন। এই নোটিশগুলিতে সাধারণ ভাবে আইন শৃঙ্খলার পরিস্থিতির উপর আলোচনা করতে চাওয়া হয়েছে। বিষয়গুলির প্রতিকার সাধারণ আইনের ব্যবস্থার মধ্যে হওয়া সম্ভব। সুতরাং এই নোটিশগুলি মুলতুবী প্রস্তাবের উপযোগী নয় বলে মনে করি। ষষ্ঠ নোটিশে শ্রীসামসুদ্দিন আহমেদ কেশপুরে গত ১৫, ১০, ৭৮ তারিখে দুটি রাজনৈতিক দলে সংঘর্ষের পর বিধানসভার কংগ্রেস(ই) সদস্য শ্রীরজনীকান্ত দোলুই ও তাঁর দলের কতিপয় সদস্যকে গ্রেপ্তারের ঘটনাকে কেন্দ্র করে উদ্ভূত পরিস্থিতির উপর আলোচনার জন্য মুলতুবী প্রস্তাব এনেছেন। নোটিশে উল্লিখিত বিবরণ থেকে জানা যায় যে বিষয়টি আদালতের বিচারাধীন। এরূপ বিষয় মুলতুবী প্রস্তাবের উপযোগী নয়। সপ্তম নোটিশে শ্রীরজনী কান্ত দোলুই আইন শৃঙ্খলা পরিস্থিতি ও বন্যাত্রাণে দলবাজি প্রভৃতি বিভিন্ন বিষয় উত্থাপন করে সেগুলির উপর আলোচনার জন্য মুলতুবী প্রস্তাব এনেছেন। এখানে উল্লেখযোগ্য যে একই নোটিশে একাধিক বিষয়ের উপর মুলতুবী প্রস্তাব আনা যায় না। সুতরাং আমি উপরোক্ত সব কটি মুলতুবী প্রস্তাবের নোটিশে আমার অসম্মতি জ্ঞাপন করছি। আমি এর পূর্বে আপনাদের জানিয়েছিলাম যে আইনতঃ একটি প্রস্তাব পড়তে দেব। তবে আমি বলেছিলাম বিরোধী সদস্যদের সংঙ্গে বিজনের এ্যাডভাইসারি কমিটিতে বিষয়টি আলোচনা করব। আগামীকাল বিষয় নির্বাচনী সমিতিতে এটা নিয়ে আলোচনা করব। কারণ এখানে এমন একটা রেওয়াজ হয়ে

গেছে আগে দু-একবার অন্য সদস্যদের পড়তে দেওয়া হয়েছে। ৬১ নং রুলে একটি বিষয়ের উল্লেখ আছে। মাননীয় শাশ্বতী বাগ মহাশয়ের বিবৃতির পরিপ্রেক্ষিতে যে অংশটুকু অনুমোদন করা হয়েছে সেটা পড়ার জন্য আমি তাঁকে অনুরোধ করছি।

( রজনীকান্ত দোলুই এণ্ড সাম আদার মেম্বারস বোজ টু স্পীক )

( গোলমাল )

**শ্রীসত্যরঞ্জন বাপুলী** ঃ স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার, মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিজনেস এ্যাডভাইসারি কমিটিতে আমরা আলোচনা করব—কিন্তু যতক্ষণ পর্যন্ত সেটা না হচ্ছে ততক্ষণ পযন্ত যে কনভেনসান চলে আসছিল সেই কনভেনসান ফলো করতে অসুবিধা কি ছিল ? কেন না আপনি তো এই সব আলোচনা করে ঠিক করবেন। আমরা মুলতুবী প্রস্তাব দিয়েছি, আপনার কাছে সেটা গ্রহণযোগ্য নয় —কিন্তু সেখানে পুলিশ মেয়েদের উপর, ছাত্রীদের উপর অত্যাচার করেছে, মারধোর করেছে, লাঠি চার্জ করেছে, আমার কাছে তথ্য আছে।

**মিঃ স্পীকার** ঃ এই সব আলোচনা করতে দিতে পারব না।

( গোলমাল )

**শ্রীসত্যরঞ্জন বাপুলী** ঃ না বলতে দিলে অসুবিধা হবে। কুলপীর ওসি মেয়েদের উপর, ছাত্রীদের উপর অত্যাচার করার জন্য তার জামা ছিঁড়ে দিয়েছে। স্যার, এই হল তার জামার নমুনা।

**ডাঃ শাশ্বতী প্রসাদ বাগ** ঃ অসত্য বিবৃতি প্রচার না করে অর্থমন্ত্রী ডঃ অশোক মিত্র পদত্যাগ করুন। বন্যাত্রাণে পশ্চিমবঙ্গ সরকারের ব্যয় সম্পর্কে অর্থমন্ত্রী ডঃ অশোক মিত্র বিভিন্ন সময়ে বিভিন্ন অঙ্কের উল্লেখ করেছেন, নানান কটুক্তি করেছেন। সংবাদপত্র থেকে উদ্ধৃতি দিয়ে তা প্রমাণ করছি। ১০ই অক্টোবর ১৯৭৮-এর যুগান্তরের প্রথম পৃষ্ঠার মূল খবরঃ "কোষাগার শূন্য, কেন্দ্র বধির, রিজার্ভ ব্যাঙ্ক বিমুখ। রাজ্য নিরস্ত থাকবে না। ১লা সেপ্টেম্বর থেকে ১৭শে সেপ্টেম্বর পর্যন্ত রোজ বন্যাত্রাণের জন্য গড়ে ১ কোটি টাকা খরচ করেছি। ৩০শে সেপ্টেম্বর থেকে ঐ অঙ্ক আড়াই থেকে তিন কোটি টাকা দাঁড়িয়েছে। দেড় মাসে শুধু রিলিফের জন্য ১০০ কোটি টাকা খরচ করেছি।" ২৭শে অক্টোবর ১৯৭৮-এর ঠিক দু সপ্তাহ পরেই মুখ্যমন্ত্রী শ্রীজ্যোতি বসুর বিবৃতি থেকে কি জানতে পারছি ? মুখ্যমন্ত্রী বলছেন, "রাজ্যসরকার বন্যাত্রাণে আগষ্ট মাসের তৃতীয় সপ্তাহ

থেকে এ পর্য্যন্ত ৪৫ কোটি টাকা খরচ করেছেন।" আনন্দবাজার পত্রিকায় ২৭শে অক্টোবর, ১৯৭৮ প্রথম পৃষ্ঠার মূল খবর, "খরচ ৪৫ কোটি টাকা, দিল্লীর দান ১৫ কোটি।" এর ১২ দিন পর ৮ই নভেম্বর, ১৯৭৮ আনন্দবাজার জনতা পার্টির চেয়ারম্যান শ্রীচন্দ্রশেখরের বিবৃতির প্রতিবাদে ডঃ অশোক মিত্রের বিবৃতি—"চন্দ্রশেখর ঐ হিসাব কোথা থেকে পেলেন?" "বন্যাত্রাণের ব্যাপারে কেন্দ্র পশ্চিমবঙ্গকে ১৫০ কোটি টাকা দেয়নি, দিয়েছে মাত্র ১৫ কোটি টাকা। বন্যাক্লিষ্ট মানুষের উদ্ধার এবং ত্রাণ কাজের জন্য এ পর্য্যন্ত ৬৬ কোটি টাকা খরচ করেছি।" ১৩ই অক্টোবরের পর ১৪ দিন ত্রাণ কাজে নানা ব্যয় করে ব্যয়ের অঙ্ক ১০০ কোটি টাকা থেকে কমে মুখ্যমন্ত্রীর জবানীতে দাঁড়ালো ৪৫ কোটি টাকা, ২৬ দিন আরো খরচ করে ডঃ অশোক মিত্রের জবানীতে সেই অঙ্ক কমে হল ৬৬ কোটি টাকা। সুতরাং ডঃ অশোক মিত্র অসত্য বিবৃতি দিয়েছেন। তাঁর এই বিবৃতি হয় ইচ্ছাকৃত উদ্দেশ্যপ্রণোদিত অথবা পশ্চিমবঙ্গের এই নিদারুন বিপর্যয়ের সম্যক উপলব্ধির অভাবজনিত। তাঁর এই কাজ বাঙালীর পক্ষে কলঙ্কজনক। পশ্চিমবঙ্গের বর্তমান বিপর্য্যয় থেকে লক্ষ লক্ষ মানুষকে উদ্ধার এবং বিপর্য্যয়ের পর পশ্চিমবঙ্গের অর্থ নৈতিক উজ্জীবন ডঃ অশোক মিত্র থাকলে সম্ভব হবে না। তাই ডঃ অশোক মিত্র পদত্যাগ করুন।

( Noise )

**মিঃ স্পীকার ঃ** আমি একজনকে পড়তে দেব আপনারা ঠিক করুন।

( Shri Rajani Kanta Doloi rose to speak )

[ 1-40—1-50 P.M. ]

**শ্রীআবদুস সাত্তার ঃ** স্যার, একজনকে যদি পড়তে দেন, সকলকে দিতে হবে। কাউকে যদি পড়তে না দেন তাহলে অন্য কথা। আমি ১৯৬৯ সালের কথা বলছি, যুক্ত ফ্রন্টের আমলে যিনি স্পীকার ছিলেন, আপনারই প্রিডিসেসার, তখন যাঁরা এ্যাডজোর্নমেন্ট মোশন নিয়ে এসেছিলেন, তাঁদের প্রত্যেককে তিনি পড়তে দিয়েছিলেন এবং সেই সময় আপনি নিজেও এই হাউসে ছিলেন। আজকে হঠাৎ এই ডিপার্চার কেন, তা আমি বুঝতে পারছি না।

**মিঃ স্পীকার ঃ** আগের সেশন থেকেই এটা হয়েছে।

**শ্রীআবদুস সাত্তার ঃ** মিঃ স্পীকার, রুল ৬১তে এটা পারমিট করছে। আপনি

একজন ল-ইয়ার, আপনি এটা দয়া করে দেখুন। রুল ৬১ এটা বেসড অন কনভেনশন এবং সেই অনুসারে মাননীয় সদস্যরা এতদিন বলে এসেছেন। আজকে কিন্তু আপনি শুধু জনতা পার্টিকে পড়তে দিচ্ছেন কারণ কেন্দ্রীয় সরকার জনতা পার্টি দ্বারা পরিচালিত এই ভয়ে। এদিকে কিন্তু আমাদের এই সুযোগ থেকে বঞ্চিত করছেন। আমি আপনাকে অনুরোধ করবো, যে কনভেনশন এতদিন ধরে চলে আসছে সেই কনভেনশন অনুসারে সকলকে পড়বার সুযোগ দিন। কারণ রুল ৬১ যা রেফার করলেন, এতে এই ব্যাপার কিছু নেই।

**শ্রীনির্মলকুমার বোস ঃ** অন এ পয়েন্ট অব অর্ডার, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি ডঃ বাগকে তাঁর মুলতুবী প্রস্তাবের অংশবিশেষ পাঠ করবার অনুমতি দিয়েছেন। আপনার সিদ্ধান্তের প্রতি সম্পূর্ণ শ্রদ্ধা জানিয়ে একটি বিষয়ের প্রতি উল্লেখ করছি। আমি বুঝতে পারছি আপনি আসনের মর্যাদা রক্ষার জন্য বিরোধীপক্ষের প্রতি বিশেষ সুবিধা দেবার জন্য এই বিধি বহির্ভূত অংশ হাউসে পড়তে দিয়েছেন। ডঃ বাগ তাঁর মুলতুবী প্রস্তাবে একজন মন্ত্রীর পদত্যাগ পত্র দাবী করেছেন। একজন মন্ত্রী পদত্যাগ মুলতুবী প্রস্তাবের মাধ্যমে আনা যায় না।

( গোলমাল )

আপনার কাছে আমার বক্তব্য হলো যে, কোন মন্ত্রীর পদত্যাগ কি ভাবে চাইতে হবে সেটা রুল্‌স অব বিজনেসে বলা আছে। রুল ১৯৯ এখানে এ্যাপ্লিকেবল, সেখানে নো কনফিডেন্স মোশন আনতে হবে এবং তার জন্য অনুমতি দরকার। এ্যাডজোর্নমেন্ট মোশনে কি আনা যেতে পারে, সেটা সম্বন্ধে মেজ পার্লামেন্টারী প্রাকটিসে রয়েছে। সুতরাং একজন মন্ত্রার পদত্যাগ দাবী মুলতুবী প্রস্তাবের মারফৎ আনা যায় না। আপনি অনুমতি দিয়েছেন, আমরা মেনে নিচ্ছি। কিন্তু এটা যেন নজীর হিসাবে মেনে না নেওয়া হয়।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় স্পীকার মহাশয়, রুল ৬১ সম্বন্ধে যে বক্তব্য আপনি রেখেছেন তার পরিপ্রেক্ষিতে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। রুল ৬১তে এ্যাডজোর্নমেন্ট মোশন এখানে যত সংখ্যক টেব্‌ল্ড হবে, কনভেনশন আছে সেইগুলো পড়বার, এতে কোন বাধা নেই, এবং এতদিন তাই চলে এসেছে। আমি ১৯৭১ সালের প্রসিডিংস ইনভাইট করছি, যতগুলো এ্যাডজোর্নমেন্ট মোশন টেব্‌ল্ড হয়েছে, সবগুলো পড়তে দেওয়া হয়েছে, আপনিও পড়তে দিতে পারেন। রুল ৬১তে কোন বাব নেই যে

পড়তে পর্যান্ত দেবেন না। আপনি দেখুন, রুল ৬১তে কি আছে—রেষ্ট্রিকশন্স, নেমলি, নট মোর ছ্যান ওয়ান সাচ মোশন শুড বি মেড এ্যাট দি সেম সিটিং। সুতরাং এই অধিকার আপনি খর্ব করতে পারেন না, এটাই আমি বলতে চাই।

**শ্রীঅমলেন্দ্র রায়:** স্পীকার স্যার, মাননীয় সদস্য অধ্যাপক নির্মল বসু মহাশয় যা বললেন তাকে সমর্থন জানিয়ে আমি আপনার কাছে দু'একটি কথা নিবেদন করতে চাই। স্যার, আপনার রুলিং নিশ্চয়ই শিরোধার্য এবং সেটা শিরোধার্য বলে মেনে নিয়ে আপনার কাছে এটাই নিবেদন করব যে, আপনি দেখবেন যাতে এটা নজির না হয়। নো-কনফিডেন্স মোশান আনার যে বিধান আছে তাতে সেই মোশানের পক্ষে ৪৮ জন সদস্যের সমর্থন চাই, সেই কনডিসন ওঁরা ফুলফিল করতে পারবেন না জেনেই সেটাকে পাশ কাটিয়ে গিয়ে এখানে মুলতুবী প্রস্তাবের মাধ্যমে অনাস্থা প্রস্তাব যদি পাঠ করেন তাহলে সেটা গুরুতর অন্যায় হয়। কাজেই আপনার কাছে করজোড়ে মিনতি করব যে, আপনি এটাকে হাউসের নজির করবেন না। যদি ওঁরা নো-কনফিডেন্স মোশান আনতেই চান তাহলে ৪৮ জন মেম্বারের সমর্থন নিয়ে ওঁরা নো-কনফিডেন্স মোশান আনুন, আমরা তা ফেস করব।

**শ্রীশশবিন্দু বেরা:** মি স্পীকার স্যার, রুল ৬১ অনুসারে আপনি বলছেন যে, একটার বেশী মোশান আপনি এখানে পড়তে দেবেন না। কিন্তু রুল ৬১-তে এখানে একটু রেষ্ট্রিকসন আছে, restrictions on right to make motion. এই রাইট কার right of an individual member of the House. কাজেই এই রেষ্ট্রিকশনটা right to move an adjournment motion in the House এই রাইটটা যে কোনও মেম্বারের রাইট। The right to move the adjournment of the House for the purpose of discussing a definite matter of urgent public importance shall be subject to the following restrictions, namely:

(i) not more than one such motion shall be made at the same sitting এটা question হচ্ছে right-এর। right of an individual member. One individual member cannot make more than one motion. Every member has the right to move a motion under rule 61. That is my submission and I want your ruling.

**শ্রীকাশীকান্ত মৈত্র:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এতক্ষণ মাননীয় সদস্যরা যে বিতর্কে অংশ গ্রহণ করছিলেন সেটা শুনছিলাম। আপনি একটু আগে যা বললেন

সেটা আমার মনে হলো ঠিক রুলিং হিসাবে ঘোষণা করেননি, আপনি আপনার মতামত খানিকটা টেনটেটিভলি প্রকাশ করেছেন। ইতিপূর্বে আপনি এই হাউসে বলেছিলেন যে, যদি কোন দিন বিধানসভা চলা-কালে অনেক গুলি এ্যাডজোর্নমেন্ট মোশান আসে —আপনি বিরোধী দলের সদস্যদের কাছে আবেদন করেছিলেন যে, আপনারা বসে নিজেদের মধ্যে ঠিক করুন কোনটাকে আপনারা গুরুত্ব দেবেন এবং সে হিসাবে একটা গুরুত্বপূর্ণ মোশান পাঠ করবেন। কারণ যদি ৭/৮টি গুরুত্বপূর্ণ এ্যাডজোর্নমেন্ট মোশান বিচারের জন্য একই দিনে টেবল হয় এবং যদি ৭/৮টি মোশানকেই যদি পড়বার অনুমতি দেওয়া হয় তাহলে সেটা অসম্ভব ব্যাপার হয়ে পড়ে। সেই জন্য কনভেনসনের দিকে খেয়াল রেখেই আপনি একটা আবেদন করেছিলেন, কিন্তু রুলিং দেননি। তাই আজকে যে প্রশ্ন উঠেছে তার আপনি বিচার করবেন। স্ট্যাটুটরি রুলস অফ্ বিজনেস-এ কোডিফায়েড আছে এবং কনভেনসনও আছে, সুতরাং দুটোরই সমধিক গুরুত্ব আছে। ক্ষেত্র বিশেষে কনভেনসনের গুরুত্ব আরো অনেক বেশী। সুতরাং ১৯৬৯ সালে যে কনভেনসন গৃহীত হয়েছিল, সেই সময় থেকে যে কনভেনসন চলে আসছে বিনা পরিবর্তনে, অর্থাৎ প্রত্যেক মাননীয় সদস্যকে তাঁর এ্যাডজোর্নমেন্ট মোশানটি পড়বার সুযোগ দেওয়া হয়। কিন্তু আজকে আপনি শুধু ডঃ বাগকে পড়বার সুযোগ দিলেন। তিনি আমাদের দলের মাননীয় সদস্য হলেও, আমরা তা ফোরগো করতে রাজী আছি, একজন সদস্যকেই কেবল পড়তে দেওয়া ঠিক নয়। এখানে যে প্রশ্ন উঠেছে, মাননীয় সদস্য শ্রীঅমলেন্দ্র রায় এবং অধ্যাপক নির্মল বসু বললেন, ডঃ শাশ্বতী প্রসাদ বাগের এ্যাডজোর্নমেন্ট মোশান আইন গ্রাহ্য কি, গ্রাহ্য নয়। তাঁরা বললেন যে, ঐ ব্যাপারে মোশান অফ নো-কনফিডেন্স আসা উচিত। এ বিষয়ে কি উচিত এবং কি উচিত নয় সে সম্বন্ধে আপনি বিচার করে আপনার মতামত দিয়েছেন এবং সেই কারণেই বিষয়টি এ্যাডজোর্নমেন্ট মোশান হিসাবে গৃহীত হয়নি। সুতরাং যেটা ওঁরা বললেন সেটার বিচার তো আপনি আগেই করে দিয়েছেন। তা সত্বেও আপনি ডঃ শাশ্বতী প্রসাদ বাগকে তাঁর এ্যাডজোর্নমেন্ট মোশানটি পড়বার সুযোগ দিয়েছেন।

[ 1-50—2-00 P.M. ]

এ্যাডজোর্নমেন্ট মোসান আপনি পড়বার সুযোগ দিয়েছেন এডিট করে, সুতরাং কেন পড়তে দেবেন না? আজকে আমি অনুরোধ করছি—আপনি গুরুত্বপূর্ণ পদে রয়েছেন সুতরাং পরিষদীয় গণতন্ত্রের যে অধিকার সেই অধিকারকে সঙ্কোচন না করে অধিকার যাতে সম্প্রসারিত হয় সেই দিকে আপনি পদক্ষেপ নেবেন এবং তার সাথে সাথে আমি

আশা করবো ট্রেজারি বেঞ্চের মাননীয় সদস্যদের সহিত আমাদের যতই মত পার্থক্য থাক পরিষদীয় গনতন্ত্রের ক্ষেত্রে, অধিকার সম্প্রসারণের ক্ষেত্রে তাঁরা নিশ্চয়ই প্রেসটিজ ইস্যু বলে মনে করবেন না—মর্যাদার দিকটা আপনারা ভেবে দেখবেন। বিরোধী দলের স্ট্রেন্থ যেখানে কম, সেখানে সুযোগ দেওয়া দরকার। একদিন দণ্ডক উদ্বাস্তু নিয়ে আলোচনা করেছিলাম—মাননীয় স্পীকার সাহেব সেটাও ডিসঅ্যালাউ করে দিয়েছিলেন। পরের দিন মাননীয় মুখ্যমন্ত্রী নিজে থেকে বলেছিলেন এই ব্যাপারটি নিয়ে ডিসকাসন্স হোক। এ্যাডজোর্নমেন্ট মোসান এই নতুন সরকার আসার পরে একদিন পড়বার সুযোগ দিয়েছেন। আপনারা সেই সুযোগটার সঙ্কোচন করবেন? বিরোধী সদস্যদের ডাকুন—এইরকমভাবে ক্যাসুয়ালি কনভেনসন ভঙ্গ করে অধিকার সঙ্কোচন করবেন না—এটাই আমার অনুরোধ।

**শ্রীদেবপ্রসাদ সরকার :** মাননীয় স্পীকার স্যার, মোসান পড়ার ব্যাপারে দেখতে পাচ্ছি ইন এ্যাডিশন টু দি প্রভিসন্স আণ্ডার রুল ৬১—যে কনভেনসন ১৯৬৯ সাল থেকে চলে আসছে এই হাউসে এবং আপনাদের রেজিমেও এই কনভেনসন মেনে নিয়েছেন। সেইজন্য আমি অনুরোধ করবো এই কনভেনসন ব্রেক করবেন না। আজকে কি নতুন পরিস্থিতি হলো যার জন্য এটাকে সিফট্ করবেন? আমি আবার অনুরোধ করছি যেন এই কনভেনসন ব্রেক না করা হয়।

**মিঃ স্পীকার :** এখানে লেখা আছে স্পীকার রিড ইট করে দেবেন Instead of reading the notice himself, the speaker may allow the member concerned to read it. সুতরাং ল্যাঙ্গোয়েজটা হলো মে অ্যালাউ কাজেই এখানে আপনারা যেটা বলছেন কনভেনসন সেটা একবার দুবার পড়া হয়েছে।

**শ্রীকাশীকান্ত মৈত্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যে দুটি শব্দ এইমাত্র পড়ে শোনালেন—মে অ্যালাউ সেই সম্বন্ধে আমি আপনাকে বিনয়ের সঙ্গে বলছি—মে কথাটির অর্থ হলো শ্যাল এবং এই শব্দটি আপনার পদ মর্যাদার দিকে দৃষ্টি রেখেই বসানো হয়েছে। স্পীকার মহাশয়ের পদ মর্যাদা দেবার জন্যই ঐ রুলে শ্যাল শব্দটি ব্যবহার না করে মে বলা হয়েছে। সুতরাং আপনি অনুমতি দিতে পারেন এবং তার মানে হচ্ছে দেবেন। এখানে মে মানে শ্যাল্।

**শ্রীজ্যোতি বসু :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই হাউসে ওঁদের কথা শুনে আমার মনে হল যে আপনি একদিন বসে বিরোধী দলের সঙ্গে এবং সরকারী দলের সঙ্গে

এ বিষয়টা আলোচনা করে ঠিক করে নেবেন। তাঁদের একজনকে আপনি অনুমোদন করেছেন পড়বার জন্য, যদিও এটা বিধিবর্হিভূত। এর সঙ্গে এ্যাডজোর্নমেন্ট মোশনের কোন সম্বন্ধ নেই। সেকথা অধ্যাপক নির্মলবাবু বলেছেন। আপনি একজনকে অধিকার দিয়েছেন পড়ার, এটা হয়ত আবার এমন হবে যে অনেকেই এ রকম পড়তে চাইবে। তারপর এখন বিরোধীদলের নেতার কাছে আইনও শিখতে হবে, ইংরাজীও শিখতে হবে। উনি এখানে বললেন যে 'মে' মানে 'শ্যাল'। সেখানে লেখা আছে মি, স্পীকার উইল রীড আউট। স্পীকার নিজে না পড়ে অন্যকে পড়তে দিতে পারেন। অনেক জায়গায় তা করা হয় না কারণ তাহলে এটা লেখা থাকত না। একজন আবার বললেন রুল ৬১তে লেখা আছে একটার বেশী···

( শ্রীসত্যরঞ্জন বাপুলী রোজ টু স্পীক )

মুলতুবী প্রস্তাব এখানে তোলা যাবে না, যদি তোলেন তা এ্যালাউ করা যায় না। জানিনা ৪০ জন না কতজন ওদের সদস্য সংখ্যা আছেন।

( গোলমাল )

১৪ বা ১৬ জনের কথা নয়, এটা হচ্ছে ভাষার কথা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমারও পয়েন্ট অফ অর্ডার আছে, আমি যখন বলছি তখন সবাই কি একসঙ্গে বলবেন ? এটা যিনি বললেন তিনি আবার মাষ্টার মহাশয়, কি রকম মাষ্টার জানিনা। এটার একটা মানে হচ্ছে একজন এম. এল. এ. একটা করে আনবেন—এটার কোন মানে হয় না।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** পয়েন্ট অফ অর্ডার স্যার, স্পীকারের চেয়ার খুবই সম্মান-জনক চেয়ার, এটা আমরা এবং পশ্চিমবঙ্গের সমস্ত রাজনীতিবিদরাই জানেন। স্পীকার যেখানে অ্যাডজোর্নমেন্ট মোশন পড়তে এ্যালাউ করেছেন সেখানে তার বিরুদ্ধে মুখ্যমন্ত্রীর কিছু বলার অধিকার আছে কি না এটা আমি জানতে চাই।

**শ্রীকিরণময় নন্দ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রী মহাশয় যে বললেন ওদের কত সদস্য সংখ্যা আমি জানিনা, এটা মুখ্যমন্ত্রী হিসাবে, হাউসের লীডার হিসাবে তাঁর জানা উচিত যে বিরোধী দলের সদস্য সংখ্যা কত। এটা তাঁর জানা না থাকলে তাঁর পদত্যাগ করা উচিত।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** মিঃ স্পীকার স্যার, মুখ্যমন্ত্রী মহাশয় আমাদের উপর

একটা শ্লেষ বা ঘৃণার সঙ্গে বললেন যে ওঁদের সদস্য সংখ্যা কত জানিনা, এ কথাতে আমরা ইনসালটেড হচ্ছি। উই ফিল ইনসাল্ট। লীডার অব দি হাউস হিসাবে তাঁর এই রকম ঘৃণাসূচক বাক্য বলা ঠিক হয়নি। এ কথাটা ওঁকে উইথড্র করতে হবে—হি মাষ্ট উইথড্র দিস ওয়ার্ড।

[ 2-00—2-10 P. M. ]

**শ্রীবিশ্বনাথ মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ বিষয়ে কি ব্যাখ্যা হতে পারে না পারে সে সম্বন্ধে আপনার মত দেবার আগে আমি একটা কথা বলছি। ইতিপূর্বে আপনি বলেছিলেন যে সমস্ত পক্ষকে নিয়ে একটা আলোচনা করবেন—সেটা আপনি করুন। ১৭টা এ্যাডজোর্নমেন্ট মোসান এলে কি সমস্ত পড়তে দেওয়া হবে না সে বিষয়ে কোন রেষ্ট্রিকসান থাকবে এই নিয়ে কথা হয়েছিল। সেইজন্য বলছি এই ধারা সম্বন্ধে আপনি একটা সিদ্ধান্ত করুন। কিন্তু যদি অল্প সংখ্যক হয় তাহলে পড়তে না দেবার কোন কারণ নেই। 'মে' মানে 'শ্যাল' হোক আর যাই হোক কিন্তু যদি প্রাকটিকাল দিক থেকে কোন অসুবিধা না থাকে তাহলে এটা পড়তে দেওয়া উচিত বলে আমি মনে করি।

**শ্রীমনোরঞ্জন হাজরা ঃ** যে বিতর্ক এখানে সৃষ্টি হয়েছে সে সম্পর্কে আপনার দৃষ্টি আকর্ষণ করে বলছি যে ১৯৫২ সাল থেকে আজ পর্যন্ত আমি এই হাউসে আছি, কিন্তু কোন সময় দেখি নি আজ যে কথা বলছেন সেটা কার্যকরী হয়েছিলো। মুখ্যমন্ত্রী যে কথা বলেছেন সেটা আমি সমর্থন করছি এবং আশা করি আমাদের যে নিয়মকানুন আছে সে অনুসারে আপনি কাজ করবেন। এই বলে আমি শেষ করছি।

**শ্রীশশবিন্দু বেরা ঃ** আমি যে কথা বলেছি তা হচ্ছে 'every member of the House has the right is make one motion at the same sitting.' এসম্বন্ধে মুখ্যমন্ত্রী প্রতিবাদ করলেন কাজেই আমি রুলিং চাচ্ছি every member of the House has the right to make one motion at the same sitting. প্রত্যেকটা মেম্বারের রাইট আছে কিন্তু আপনি পারমিসান দেবেন কিনা সেটা অন্য প্রশ্ন। এ বিষয়ে আজকে আপনি মত দিয়েছেন, কিন্তু whether every member who the right to make on motion at the same sitting or not.

**শ্রীআবদুস সাত্তার ঃ** মুখ্যমন্ত্রী যদিও আইনবিদ কিন্তু তিনি প্রাকটিস করেন না সেজন্য 'মে' এবং 'শ্যাল' কথার সঙ্গে বিরোধী দলের নেতার সঙ্গে ডিফার করেছেন।

কিন্তু আপনি একজন প্রাকটিসিং ল'ইয়ার—মে এবং শ্যাল এই কথাটা অনেক সময় অনেকভাবে ব্যবহার করা হয়। মুখ্যমন্ত্রী বোম্বে ফিলিম ডিভিসান থেকে আসছেন। তাঁর ফটো দেখে ভাবছিলাম তিনি হয়তো বোম্বেই থেকে যাবেন। ৩৬৪-তে আপনার একটা রিসিডিউয়ারি পাওয়ার আছে যেটা আপনি রুল অনুসারে এ্যাপ্লাই করতে পারেন। কিন্তু আপনি এত কৃপণ হচ্ছেন কেন? মুখ্যমন্ত্রী ঘৃণাভাবে বললেন ৪০ জন না ক-জন আছে। নির্মলবাবু, অমলবাবু, বললেন যে আপনি যেটা করলেন সেটা বিধি বহির্ভূত। কিন্তু আমি এটা চ্যালেঞ্জ করছি। আপনি পড়তে দিয়েছেন আপনার রেসিডিউয়ারি পাওয়ার আছে বলে। কিন্তু সেটাকে বিধিবহির্ভূত বলা আপনার প্রতি এ্যাসপারসান নয়?

( নয়েজ )

**মিঃ স্পীকার**: আমি যা বুঝেছি সেই ভাবেই গ্রহণ করেছি। আপনাদের মত যদি অন্য হয় তাহলে আলাদা কথা। আপনারা কালকে এ নিয়ে আলোচনা করবেন।

( গোলমাল )

**শ্রীবিশ্বনাথ মুখার্জী**: আপনি যতক্ষণ না সকল পক্ষকে নিয়ে আলোচনা করে কিছু ঠিক করছেন ততক্ষণ আপনি আর অন্যথা না করে দয়া করে পড়তে দিন।

**মিঃ স্পীকার**: ওঁদের অনেকগুলি ছিল আমি পড়তে দিয়েছি। আপনাদের অনেকগুলি আছে তা থেকে একটা পড়ুন।

**ডাঃ জয়নাল আবেদিন**: এটা হতে পারে না কারণ আমাদেরও আছে।

[2-10—2-20 P.M.]

**মিঃ স্পীকার**: আমি আপনাদের কথার উপর আমার সিদ্ধান্ত পরিবর্তন করে বলেছিলাম যে একই আইন-শৃঙ্খলার বিষয়ে পাঁচ ছয়টি মুলতুবী প্রস্তাব আছে, আপনারা পড়লে অসুবিধা ছিল না। কিন্তু আপনারা তা প্রত্যাখান করলেন।

**শ্রীবিশ্বনাথ মুখার্জী**: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি এক একটা করে পড়তে দিন।

**মিঃ স্পীকার** : আমি তো পড়তে দিচ্ছি, কিন্তু ওঁরা আপত্তি করছেন। যাইহোক আমি এটি পড়তে দিচ্ছি, তবে এটা কোন প্রিসিডেন্ট হবে না, আজকের মত পড়তে দিচ্ছি।

**Shri Samsuddin Ahmed** : On 15th November, 1978 500 supporters of Congress (I) had brought out a procession to celebrate the Victory of Smt. Indra Gandhi at Chikmagur and to protest against discrimination by the present Government in the matter of relief works in the flood affected areas of West Bengal. The procession was peaceful and included teachers. professors, and persons from all spheres of life.

When the procession was passing through the Marker Area, it was attacked by C. P. I. (M) supporters who were armed with spears, daggers and other lethal weapons. As a result of this unprovoked attacked several Congress (I) supporters were grievously injured. They lodged a complain with the police, but the police under political pressure did not take any action against the hooligans. Several prominent District leaders of C. P. I. (M) arrived and asked the local police authorities not to take any action against persons who were guilty, as they were no supporters of C. P. I. (M). These C. P. I. (M) supporters were went to the extent of assaulting the officer in charge and officers of the Keshpur Police Station and threatened them.

At the behest of these C. P. I. (M) leaders, the District police authorties issued orders to the local police authorities to arrest the local M. L. A., Shri R. K. Doloi and some other supporters to satisfy the C. P. I. (M). The decision to arrest Shri Doloi was politically motivated and was designed to suit the political interest of the ruling party.

Not content with having the M. L. A. , arrested on false and fictitious charges, the District C. P. I. (M) leaders tried to pressurise and influence the Judiciary so that no bail may be granted to Shri Doloi and his supporters. The District Police authorities were compelled by the D. P. I. (M) to oppose bail application.

Judging from the state of Affairs prevailing in the area it is abvious that the ruling party is determined to prevent any democratic movement by the opposition parties in the State are abstructing even duly elected representatives from functioning. The administrative machinery is controlled by C. P. I. (M) who are misusing the same to suit their own political interest. A reign of terror and intimidation has been let loose by C. P. I (M) in the area Houses of Congressmen are being attacked and Congressmen are being beaten mercilessly. Any one raising any voice of protest against parties and relied work is being harrassed and tortured. The Government has failed to protect the people and their elected representative.

( Noise )

**শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ১৩. ১১. ৭৮ তারিখে ছাত্র পরিষদের কর্মীরা পুলিশের দ্বারা প্রহৃত হয়েছে এবং পুলিশের সাহায্যে বিষ্ণুপুর কলেজের নির্বাচন বন্ধ করে দিয়ে সেখানে নির্মমভাবে লাঠিচার্জ করেছে এবং ছাত্র পরিষদের লোকদের গ্রেপ্তার করেছে। সারা রাত তাদের ডায়মণ্ডহারবার হাসপাতালের সামনে আটক করে রেখেছে এবং তারা হাসপাতালে গিয়ে তাদের জখম পর্যন্ত দেখাতে পারেনি। এস এফ আই পরাজয় জানতে পেরে পুলিশ নিয়ে এসে নিবাচন বন্ধ করে দেয়। এটা সম্পূর্ণ অগণতান্ত্রিক পদ্ধতিতে করা হয়েছে এবং পুলিশ ও প্রশাসন তার সাহায্য করেছে। যদি গণতান্ত্রিকভাবে এই নির্বাচন হোত তাহলে সেখানে ছাত্রপরিষদের লোকেরা জয়লাভ করত। সেখানে এস এফ আই এর লোকেরা গুণ্ডাবাজী করেছে এবং পুলিশ লাঠিচার্জ করেছে। একজন ছাত্রী ও. সি. কুলপি-র জামা ছিঁড়ে নেয় এবং পরে সেটা আমার কাছে জমা দেয়। আমি আজকে মুখ্যমন্ত্রীকে সেটি উপহার দিয়েছি, তিনি দেখুন তাঁর পুলিশ প্রশাসন কেমন চলছে।

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা দেখছি এই বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর থেকেই আমাদের উপর নানা রকম অত্যাচার চলছে এবং আমাদের অফিস আক্রমণ করছে।

( নয়েজ )

**মিঃ স্পীকার ঃ** মিঃ, দলুই, আই অ্যাম অন মাই লেগস্, প্লীজ টেক ইওর সিট।

( নয়েজ )

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** স্যার, আজকে দেশে আইন শৃঙ্খলা বিপন্ন এবং এর কোন প্রতিকারও দেখতে পাচ্ছি না। আপনি লক্ষ্য করেছেন আমাদের এখানে বলতে পর্যন্ত দেওয়া হচ্ছে না—গোলমাল করে বক্তব্য রাখতে দেওয়া হচ্ছে না এবং এর প্রতিবাদে আমরা আজকে হাউস পরিত্যাগ করছি।

**Mr. Speaker :** Mr. Doloi, I am on my legs, please take your seat.

( Noise )

( At this stage members in the Congress (I) Benches walked out of Chamber. )

**Calling attention to matters of urgent public importance**

**মিঃ স্পীকার ঃ** আমি নিম্নলিখিত বিষয়ের উপর দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি, যথা—

(১) অ্যারেস্ট অব রজনীকান্ত দলুই, এম এল এ, এ্যাট কেশপুর - শ্রীকৃষ্ণ দাস রায়।

(২) কেশপুর কমিউনিস্ট পার্টির কার্যালয় এবং কর্মীদের উপর হামলা—শ্রীঅশোক কুমার বসু।

(৩) মধ্য কলিকাতা জেলা কংগ্রেস সভাপতির উপর সমাজ বিরোধী কর্তৃক আক্রমণ - শ্রীসুনীতি চট্টরাজ।

(৪) কলিকাতা ও শহরতলী এলাকায় ব্যাপক লোডশেডিং—শ্রীসুনীতি চট্টরাজ

(৫) কুচবিহার জেলার তিন বিঘা নামে পরিচিত ভারতীয় ভূখণ্ড করিডর হিসেবে করার প্রস্তাব ক্ষোভের সৃষ্টি—শ্রীদীপক সেনগুপ্ত এবং শ্রীসদাকান্ত রায়।

(৬) বিভিন্ন জেলায় এ্যানকেফ্যালাইটিস রোগের বিস্তার ও ভয়াবহতা—শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস।

(৭) সাপ্লাই অব ওয়াটার ইন বাঁকুড়া ডিষ্ট্রিক্ট ফর রবি ক্রপস্—শ্রীঅনিল মুখার্জী।

আমি কেশপুর কমিউনিস্ট পার্টির কার্যালয় ও কর্মীদের উপর হামলা এই বিষয়ের উপর শ্রীঅশোক বসু কর্তৃক আনিত নোটিশ মনোনীত করছি। সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয় যদি

সম্ভব হয় তাহলে আজকে এই বিষয়ের উপর একটি বিবৃতি দিতে পারেন অথবা বিবৃতি দেবার জন্য একটি দিন দিতে পারেন।

**শ্রীজ্যোতি বসু ঃ** কালকে উত্তর দেব।

## MENTION CASES

[ 2-20—2-30 P.M. ]

**শ্রীমতী ছায়া ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। এই বন্যায় যে সমস্ত মানুষের ঘরবাড়ী ভেঙ্গে গেছে তাদের মধ্যে যাদের নিজস্ব জমিতে বাড়ী ছিল তারা টাকা পাচ্ছে এবং পাবে। কিন্তু এমন অনেক মানুষ আছে যাদের অন্যান্য লোকের জমিতে বাড়ী ছিল এবং তারা দীর্ঘদিন ধরে তার বাপ ঠাকুর্দ্দার আমল থেকে তারা ঐ জমিতে বাস করছে সরকারী মতে তাদের কোন ঘরদুয়ার তৈরী করবার জন্য সরকারী সাহায্য দেওয়া হবে না। এই যদি হয় তাহলে আমার মনে হয় যে জমির মালিকেরা ঐ সমস্ত মানুষগুলিকে তাদের জমি থেকে উচ্ছেদ করে দেবেন। কাজেই সেই সমস্ত সর্বহারা মানুষগুলিকে সরকারী সাহায্য যাতে দেওয়া হয়, তারা যাতে বাড়ী তৈরী করতে পারে—এর জন্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীসুমন্তকুমার হীরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি হাউসের এবং মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। বিষয়টি হল যে রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ে একজন অধ্যাপককে নিয়োগ করা হয়েছে—যে পোষ্টে নিয়োগ করা হয়েছে তা অত্যন্ত মর্যাদাপূর্ণ পোষ্ট এবং সেটা ইউ. জি. সি. পোষ্ট। এই ইউ. জি. সি. পোষ্টে যে ভদ্রলোককে নিয়োগ করা হয়েছে তিনি দীর্ঘকাল পশ্চিম বঙ্গ সরকারের শিক্ষা দপ্তরে কাজ করতেন। আমরা খবরের কাগজে দেখলাম যে তিনি সরকারের চাকুরী থেকে পদত্যাগ করেছেন। তিনি পদত্যাগ করে রাতারাতি তিনি রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের ইউ জি. সি. পোষ্টে একজন অধ্যাপকের পদ লাভ করলেন। তার বেতন প্রায় আড়াই হাজার টাকা। কাজেই মাননীয় শিক্ষা মন্ত্রী মহাশয়কে বলব এই নিয়োগের ভিতর অনেক রকমের অসঙ্গতি রয়েছে বলে ওখানকার শিক্ষকেরা মনে করছেন এবং আমরাও মনে করছি। আমরা মনে করি সেই নিয়োগ সম্পর্কে মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রী মহাশয় যেন তদন্ত করে দেখেন

যে এটি সঠিক নিয়োগ কিনা, কেননা এর দ্বারা ছাত্রদের স্বার্থ কতখানি রক্ষিত হবে সে বিষয়ে আমাদের যথেষ্ট সন্দেহ আছে।

**শ্রীতারকবন্ধু রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের একটি জরুরী বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাই। উত্তরবঙ্গের জলপাইগুড়ি জেলায় এনকেফালাইটিস রোগে আজ পর্যন্ত ৫৫ জন আক্রান্ত হয়েছে এবং তার মধ্যে ৪৫ জন মারা গেছে এবং এর মধ্যে এক ময়নাগুড়িতে ৪জন মারা গিয়েছে। যার ফলে জনসাধারণের মধ্যে একটা আতঙ্কের সৃষ্টি হয়েছে। সুতরাং অবিলম্বে এই রোগের প্রতিশোধকের ব্যবস্থা যাতে সত্বর নেওয়া হয় তার জন্য মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীসত্যরঞ্জন বাপুলিঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি একটি জরুরী বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। গত কয়েকদিন আগে ১৯. ১১. ৭৮ তারিখে পাথরপ্রতিমায় দুইজন ভাগচাষীকে সি. পি. এম. এর কর্মীরা খুঁচিয়ে খুঁচিয়ে মেরে ফেলেছে এবং সেটা সংবাদ পত্রে বেরিয়েছে। পাথর প্রতিমার সুধিরচন্দ্র দাস, তিনি একজন পঞ্চায়েত সদস্য, তিনি একজন শিক্ষকও বটে, তিনি গিয়েছিলেন এর প্রতিবাদ করতে তখন তাকেও মারধর করা হয় এবং তিনি এখন আহত অবস্থায় ডায়মণ্ড হারবার হাসপাতালে ভর্ত্তি আছেন। স্যার, তার রক্তমাখা জামাকাপড় আমি আপনাকে দিচ্ছি, আপনি এটি মুখ্যমন্ত্রীকে দিন। আমার এটি মুখ্যমন্ত্রীকে দ্বিতীয় প্রেজেণ্টেশান। প্রথম প্রেজেণ্টেশান আমি পুলিশ রেডে দিয়েছি এবং দিস্ ইজ মাই সেকেণ্ড প্রেজেণ্টেশাজন আজ সভার দ্বিতীয় দিন আমি মুখ্যমন্ত্রীকে দ্বিতীয় উপহার দিলাম। তাহলে স্যার, আপনি বুঝতে পারছেন প্রশাসণ কিভাবে চলছে। আজকে সাধারণ মানুষ কিভাবে বাস করছে এই রাজত্বে।

**শ্রীঅনিল মুখার্জীঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। বিষয়টা হল পশ্চিম বাংলায় গত কয়েকদিন যাবত দক্ষিণপূর্ব রেলওয়েতে যেভাবে অনিয়মিত ভাবে ট্রেন যাতায়াত করছে এবং শুধু ইলেক্ট্রিক ট্রেনই নয়' বাঁকুড়া মেদিনীপুর এবং পুরুলিয়া জেলায় যে কয়টি ট্রেন নিয়মিত চলত এবং হাওড়া পর্য্যন্ত আসত, যেগুলি বন্যার সময় থেকে ডিস্কন্টিনিউ হয়েছিল, সেগুলি আজও পর্যন্ত ডিস্কন্টিনিউ হয়ে আছে। এখানে যে দক্ষিণপূর্ব রেলওয়ের ম্যানেজার আছেন, তাঁকে আমাদের মাননীয় মন্ত্রী ডঃ কানাই

লাল ভট্টাচার্য্য মহাশয় টেলিফোন করে জানিয়েছেন যে দক্ষিণপূর্ব রেলে ট্রেন ঠিকমত না চলায় প্যাসেঞ্জারদের খুব কষ্ট হচ্ছে এবং সেজন্য তাঁকে জানিয়েছেন যাতে অবিলম্বে প্যাসেঞ্জারদের এই অসুবিধা দূরীভূত হয়, কিন্তু বার বার বলা সত্ত্বেও আজ পর্য্যন্ত পশ্চিম বাংলার হাজার হাজার মানুষ যারা হাওড়ায় আসে, অফিসে কাছারীতে আসে তাদের সেই দুর্গতি চলছে। আমি সেজন্য আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে এই ব্যাপারে ব্যবস্থা নেওয়া হয় এবং বাঁকুড়া, মেদিনীপুর ও পুরুলিয়াতে যাতায়াতকারী যে দুটি ট্রেন আছে যা বন্ধ হয়ে আছে বন্যার আগে থেকে সুরু করে, সেই দুটি ট্রেন যাতে চালু হয় এবং বিভিন্ন করেসপণ্ডিং ট্রেন এর নাম্বার যেগুলি আছে সেগুলি যাতে ঠিকমত যাতায়াত করে, তার জন্য আপনার মাধ্যমে কেন্দ্রীও সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীবিশ্বনাথ চৌধুরী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্য বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি একটি বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি পশ্চিম বাংলার বিভিন্ন হাসপাতালে একটা ব্যাপক পেট্রোল সংকট দেখা দিয়েছে, অর্থাৎ সেখানে পেট্রোলের যে কোটা দেওয়া হয়, সেই কোটা না দেওয়ায় গরীব জনসাধারণ যারা অ্যাম্বুলেন্স ব্যবহার করে, তা ব্যবহার করতে পারছে না। কাজেই অবিলম্বে যদি বিভিন্ন হাসপাতালে এই পেট্রোলের কোটা না বাড়ান তাহলে গরীব মানুষজন যারা আছে তারা প্রচণ্ড অসুবিধার মধ্যে এবং বিপদের মধ্যে পড়বে, সেজন্য এই ব্যাপারে অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করার জন্য দাবী জানাচ্ছি।

**শ্রীকালীপদ বর্মণ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। গতকাল ১৯শে নভেম্বর বাসন্তীর কাঠাল-বেরিয়া থানার বড় দারোগা এবং ক্যানিং সার্কেলের সি আই এর উপস্থিতিতে আর এস পি কর্মীদের বহু ঘরবাড়ী লুটপাট করে এবং তাদের মারধোর করে এবং পুলিশ গিয়ে তাদের গ্রেপ্তার করে নিয়ে আসে, পুলিশ পঞ্চায়েত-এর সভাপতির কথা শুনছে না এবং এইভাবে তারা বামফ্রন্ট সরকারের ফসল কাটা নীতিকে অবজ্ঞা করছে এবং বলছে যে তারা ক্যাবিনেট ডিসিশন মানে না, পঞ্চায়েত সমিতির কথা মানে না। পুলিশের এই ঔদ্ধত্যপূর্ণ আচরণের জন্য যাতে শাস্তিমূলক ব্যবস্থা হয়, তার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে দাবী জানাচ্ছি।

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার এই উল্লেখের সময় মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় হাউসে থাকায় আমার পক্ষে বক্তব্য বলা সহজ হচ্ছে, আমি যা

বলতে চাচ্ছি সেটা হচ্ছে—আমরা এই সময় দেখতে পাচ্ছি রাজনৈতিক কর্মীদের উপর বিশেষ করে বিরোধী দলের রাজনৈতিক কর্মীদের উপর একটা সঙ্ঘবদ্ধ অত্যাচারের প্রয়াস চলছে। এখন হাউস চলাকালে এসেম্বলী সুরু হয়েছে সেভেন্টিন্থ নভেম্বর, অথচ কাল সন্ধ্যাবেলায় পৌণে নটার সময় সেণ্ট্রাল ক্যালকাটা ডিষ্ট্রিক্ট কংগ্রেস কমিটির প্রেসিডেণ্ট শ্রীঅক্ষয় কুমার দে যখন নিজস্ব অফিসে বসে আছেন, তখন ২৪/২৫ জন সমাজবিরোধী গিয়ে তাঁর গলা টিপে হত্যা করার চক্রান্ত করেছে। আজকে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আমার রিকোয়েষ্ট হচ্ছে এবং আমি জানতে চাইছি যে তিনি রাজনৈতিক কর্মীদের উপর এই আক্রমণ প্রতিহত করতে বদ্ধপরিকর কিনা। আমি অতীতেও দেখেছি রাজনৈতিক কর্মীদের সংসদীয় ফ্রীডম থাকা দরকার। এই যদি অবস্থা হয়, ডিষ্ট্রিক্ট কংগ্রেস কমিটির প্রেসিডেণ্টকে হত্যা করার চেষ্টা করা হয় গলা টিপে কলকাতা শহরের উপর, যখন বিধানসভা চলছে, তখন সাধারণ মানুষের অবস্থা বুঝুন।

[ 2-30 - 2-40 P. M. ]

এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ কথা। আমার জেলার বালুরঘাট টাউনে শ্রীঝণ্টু বসুকে খুন করা হয়েছে। তার প্রতিকার হচ্ছে না। এখানে ডিসট্রিক্ট কংগ্রেসের প্রেসিডেণ্টের অফিস তার উপর অত্যাচার হবে। এম. এল. এর উপর অত্যাচার কর হয়েছে। ওঁরা তো বেরিয়ে গেলেন। মাননীয় মুখ্যমন্ত্রী আছেন বলে তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলায় আজকে আইন-শৃঙ্খলা পরিস্থিতির গুরুতর অবনতি হয়েছে এবং রুলিং পার্টির সংঘবদ্ধভাবে আক্রমণ চালাচ্ছে। তারই প্রতিফলন পাওয়া যাচ্ছে। আমি আপনার কাছে নিবেদন করতে চাই, এই বর্বরতা বন্ধ করতে হবে, না হলে জবাব মাঠে হবে।

**শ্রীসন্তোষকুমার দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বন্যার সময় যখন পাঁচলার মানুষের অশেষ দুর্গতি তখন কংগ্রেসী এবং অন্যান্য দুষ্কৃতকারীরা নানা প্রকার অপপ্রচার চালাচ্ছে। তখনদেখা গেল যুগান্তর পত্রিকার ন্যাক্কারজনক ভূমিকা। ওখানকার প্রাক্তন এম. এল. এর হয়ে যুগান্তর পত্রিকা যে ন্যাক্কারজনক ভূমিকা নিয়েছে তার আমি তীব্র প্রতিবাদ করছি এবং আশা করছি, যুগান্তর এবং অমৃতবাজার তাদের কর্ত্তব্যের কথা স্মরণ রেখে তাদের কাজ করবেন।

**Shri Ramzan Ali :** Mr. Speaker Sir, the prevalent situation of drought in my constituency has rendered unemployment to the state Agri-

cultural labourers. The magnitude of work which started under 'Food For Work Programme' miserably failed to cover all distressed labourers. So I would like to draw the kind attention of the Relief Minister to provide more fund to give employment to the distressed labourers so that they may survive. Thank you, Sir.

**শ্রীসুনীতি চট্টরাজ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একই বিষয়ে দুটো মেনশান দিয়েছিলাম। কিন্তু সেই বিষয়টা উল্লেখ হয়ে যাওয়ায় আমি আপনার অনুমতি নিয়ে অন্য একটা বিষয়ে মেনসান করছি। মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে বর্তমান কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাইছি এবং তাঁদের অনুরোধ করতে চাইছি, বর্তমানে আর কোন হিসাব না নিয়ে যেন এই সরকারের রিলিফ এর টাকা না দেওয়া হয়। কারণ রিলিফ নিয়ে পুরো দলবাজি চলছে, টাকার প্রপার ইউন হচ্ছে না।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি :** মিঃ স্পীকার স্যার, অন এ্যা পয়েন্ট অফ অর্ডার। আপনি সুনীতি চট্টরাজকে বলতে দিয়েছেন তাতে মুখ্যমন্ত্রী রেগে গিয়ে আপনাকে শাসাচ্ছেন দেখছি। এটা হচ্ছেটা কি ? মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় কি গণতন্ত্রের কথা বলছেন, না, গণতন্ত্র বিরোধী ? আমরা এখানে যে গণতান্ত্রিক পদ্ধতিতে কথা বলছি সেখানে এরকম কেন হচ্ছে। আসলে এটা হচ্ছে কি ?

## LAYING OF ORDINANCES

**The Motor Transport Workers ( West Bengal Amendment ) Ordinance, 1978.**

**Shri Bhabani Mukherjee :** Mr. Speaker, Sir, with your permission, I beg to lay the Motor Transport Workers ( West Bengal Amendment ) Ordinance, 1978 ( West Bengal Ordinance No. XVIII of 1978), under Article 213(2)(a) of the Constitution of India.

**The West Bengal Panchayat (Second) Amending Ordinance, 1978.**

**Shri Debabrata Bandopadhyay :** Mr. Speaker, Sir, I beg to lay the West Bengal Panchayat (Second) Amending Ordinance, 1978 (West Bengal Ordinance No. XIX of 1978), under Article 213(2)(a) of the Constitution of India.

**The West Bengal Relief Undertakings (Special Provisions) (Amendment) Ordinance, 1978.**

**Dr. Ashok Mitra :** Mr. Speaker, Sir, with your permission, I beg to lay The West Bengal Relief Undertakings (Special Provisions) (Amendment) Ordinance, 1978 ( West Bengal Ordinance No. XX of 1978), under Article 213(2)(a) of the Constitution of India.

## LAYING OF RULES

**Amendments to the West Bengal Panchayat (Election) Rules 1974 and Amendments of the West Bengal Panchayat (constitution) Rules 1975.**

**Shri Debabrata Bandopadhyay :** Mr. Speaker, Sir, the amendments in the West Bengal Panchayat (Election) Rules, 1974 as published in notification No, 13225-Panch dated 12. 9. 77 and amendments in the Wes Bengal Panchayats (Constitution) Rules 1975, as published in notifications Nos. 14364-Panch dated 21.6.78 and 16778-Pance dated 21. 7. 78 were laid before the Assembly on the 2nd September, 1978. As the above amendments are required to be re-laid in the succeeding session of the Assembly in pursuance of Rule 236 of the Rules cf procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I beg to re-lay the amendments already stated in this session.

## LAYING OF REPORTS

**Report of the Basu Commission of Inquiry and the State Government's Memorandum thereon.**

**Shri Jyoti Basu :** Mr. Speaker, Sir, as required under the provisions of Commission of Inquiry Act, I beg to lay before the House the Report of the Basu Commission of Inquiry into the disturbances in the Calcutta University Campus on the 23rd December, 1977 together with the memorandum of action taken thereon.

**Appropriation Accounts, Finance Accounts and Reports of the Comptroller and Auditor General of India.**

**Dr. Ashok Mitra** : Mr. Speaker, Sir, I beg to lay before the House—

(a) Report of the Comptroller and Auditor General of India for the year 1976-77 ( Commercial ) ;

(b) Report of the Comptroller and Auditor General of India for the year 1976-77 (Revenue Receipts) ;

(c) Report of the Comptroller and Auditor General of India for the year 1976-77 (Civil) ;

(d) Finance Accounts, 1976-77 ; and

(e) Appropriation Accounts, 1976-77.

**Discussion on recent flood Situation.**

[ 2-40—2-50 P.M. ]

**শ্রীজ্যোতি বসু** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এক বিরাট প্রাকৃতিক বিপর্যয়ের বিষাদমলিন পরিবেশের মধ্যে আমরা আবার মিলিত হচ্ছি। এমন বিপর্যয় এ রাজ্যে স্মরণকালের মধ্যে ঘটেনি। মাননীয় সদস্যদের নিশ্চয় মনে আছে যে সেপ্টেম্বরের দ্বিতীয় সপ্তাহে আমরা এই সভা মুলতুবী রাখার সিদ্ধান্ত নিয়েছিলাম। কেননা, আগস্টের গোড়া থেকে এই রাজ্যের বন্যাকবলিত পাঁচটি জেলায় ত্রাণ ও পুনর্বাসনের কাজে অংশ নেওয়ার জন্য আমাদের সকলেরই গ্রামে গ্রামে ছড়িয়ে যাওয়া প্রয়োজন বলে আমরা মনে করেছিলাম। তখন ভাবতেও পারিনি যে অল্পদিনের মধ্যে বন্যার তৃতীয় বারের ধাক্কা আসছে। আর তার ফলে যা ক্ষতি হবে তা আগের ক্ষতির তুলনায় অনেক অনেক বেশী। "পশ্চিমবঙ্গে বন্যা—তৃতীয় পর্যায়" এই শিরোনামায় যে স্মারকলিপিটি ভারত সরকারের কাছে পেশ করেছি এবং যা মাননীয় সদস্যদের মধ্যেও বিতরণ করা হয়েছে তাতে এই পর্যায়ের বন্যায় কি বিপুল ক্ষতি ঘটে গেছে তা বিশদভাবে বলা হয়েছে। তা সত্ত্বেও, সভা মুলতুবী রাখার পর থেকে যা যা ঘটে গেছে, পরিস্থিতির মোকাবিলা করার জন্য আমরা কি কি ব্যবস্থা নিয়েছি এবং কোন কোন সমস্যার মুখোমুখী আমাদের এখনও দাঁড়াতে হচ্ছে তা আমি এই সুযোগে সংক্ষেপে আপনাদের সামনে তুলে ধরছি :

১৬-২৭ সেপ্টেম্বরের মধ্যরাত্রি থেকে ময়ূরাক্ষী, অজয়, দামোদর এবং কংসাবতী নদীর ওপর এবং নিচের দিকের উৎসমুখে প্রবল বৃষ্টিপাত ঘটে। তার সঙ্গে সঙ্গে ঘটল বিপুল জলস্ফীতি, মাত্র ৭২ ঘন্টার মধ্যে প্রায় সারা দক্ষিণবঙ্গ জুড়ে ৩০ ইঞ্চি বৃষ্টিপাত ঘটল। তার ফলে এই রাজ্যের ন'টি জেলায় দেখা দিল বিধ্বংসী বন্যা। এমনকি কলকাতাও বাদ রইল না। মাননীয় সদস্যের নিশ্চয়ই মনে পড়বে যে, প্রথম দুবারের বন্যায় পাঁচটি জেলা ক্ষতিগ্রস্ত হয়েছিল। এখন দেখা যাচ্ছে গত তিন মাসে বন্যার তাণ্ডবে এবং বর্ষণের ফলে বারটি জেলায় প্রায় দেড় কোটি মানুষ নিদারুণ দুর্দশার কবলে পড়েছেন। সেপ্টেম্বরের শেষ সপ্তাহে দক্ষিণের এই জেলাগুলির প্রায় সব নদী-অববাহিকা থেকেই অস্বাভাবিকভাবে জল নেমে আসে। দুর্গাপুর এবং তিলপাড়া—এই দুই ব্যারেজ থেকে সর্বোচ্চ প্রায় চারলক্ষ কিউসেক জল ছাড়া হয়েছিল। কংসাবতী ড্যাম এবং ডিভিসি থেকে যে জল ছাড়া হয়েছিল তার পরিমাণও ছিল মাত্রাতিরিক্ত। আবার শীলাবতী, দ্বারকেশ্বর, অজয়, সিদ্ধেশ্বরী এবং অন্যান্য আরো কয়েকটি নদী দিয়ে যে পরিমাণ জল নেমে আসে তা অতীতের স৷ রেকর্ড ছাড়িয়ে যায়। ছোট ছোট নদীগুলি এবং শাখা নদীগুলিতেও একইভাবে জল বেড়ে ওঠে। নদীর এমব্যাঙ্কমেন্টগুলিতে অসংখ্য ছোট বড় ফাটল দেখা দেয়। ফলে হাজার হাজার গ্রাম জলমগ্ন হ'য়ে পড়ে। ময়ূরাক্ষী প্রকল্পের অন্তর্ভুক্ত তিলপাড়া ব্যারেজের বাঁদিকের আফ্‌লাক্স বাঁধ হয় অনেকখানি জায়গা জুড়ে ধ্বসে পড়ে, নয় গুরুতরভাবে ক্ষতিগ্রস্ত হয়। বাঁদিকের গাইড বাঁধ এবং পাড়ও ( ফ্ল্যাঙ্কওয়াল ) সম্পূর্ণ ভেঙে পড়ে, কোথাও কোথাও বেশ কয়েকটি মারাত্মক ফাটল দেখা যায়। একইভাবে হিংলো ড্যামও ফাটলের ফলে ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হয়। অনেক জায়গায় অজয়ের গতিপথ পাল্টে গিয়ে কুনুর নদীর সঙ্গে জুড়ে যায়। কালনাতে ভাগীরথীর প্রতিরোধাত্মক এমব্যাঙ্কমেন্ট গুরুতরভাবে ক্ষতিগ্রস্ত হয়। বীরভূম এবং বর্ধমান জেলার যা ক্ষতি হবার তাত হ'লই— এদিকে তিলপাড়া ব্যারেজও ভেঙ্গে পড়ল। সঙ্গে সঙ্গে গঙ্গা এবং পদ্মাতেও বন্যার প্রকোপ দেখা দিল। আর তারই ফলে মুর্শিদাবাদ জেলাতে দেখা দিল ব্যাপক বন্যা। অন্যদিকে মেদিনীপুর জেলাতেও বন্যার জলে অনেক নদীর এমব্যাঙ্কমেন্টে বেশ কিছু ফাটল দেখা দিল। রূপনারায়ণ এবং শীলাবতী নদীর এমব্যাঙ্কমেন্ট, এই জেলার উত্তর ও মধ্যবর্তী অঞ্চলের সমস্ত বড় বড় ক্যানাল এবং বেশীরভাগ প্রতিরোধাত্মক সার্কিট এমব্যাঙ্কমেন্ট এর মধ্যে পড়ছে। ওদিকে হাওড়া জেলাতে রূপনারায়ণের বাঁদিকের এমব্যাঙ্কমেন্টের বেশ কয়েকটি জায়গাতে ফাটল দেখা দিল। দামোদরের ডানদিকের এমব্যাঙ্কমেন্ট বেশ কয়েকদিন ধ'রে ডুবে রইল গভীর জলের তলায়। অন্য দিকে প্রবল জোয়ারে হুগলী নদীর ডানদিকের এমব্যাঙ্কমেন্ট

ক্ষতিগ্রস্ত হ'ল। ফাটল দেখা দিল দারকেশ্বর, দামোদর, ও মুণ্ডেশ্বরী নদীর এমব্যাঙ্কমেন্টগুলিতেও। ঘিয়া, কুন্তী, ডানকুনি এবং সরস্বতী নদীর অববাহিকাতেও জ'মে উঠল বিপুল জলরাশি। ফলে, হুগলী জেলার বিস্তীর্ণ শিল্পাঞ্চল বেশ কয়েকদিন ধ'রে জলমগ্ন হয়ে রইল। পাশাপাশি আবার দেখা গেল হুগলী এবং ইছামতী নদীর জল অনেকখানি বেড়ে উঠে প্রধান প্রধান এমব্যাঙ্কমেন্টগুলিকে ছাপিয়ে গিয়েছে। ফলে একইভাবে ২৪-পরগণা জেলাও ক্ষতিগ্রস্ত হ'ল। আবার নদীয়া জেলাতেও ভাগীরথী, জলঙ্গী, চূর্ণী এবং ইচ্ছামতী এই চারটি নদীর প্রত্যেকটিতে জলস্ফীতি দেখা দিল। ফলে এখানেও নেমে এল বিধ্বংসী বন্যা। ওদিকে বাঁকুড়া জেলাতেও মালিয়াড়া নিকাশী ক্যানালের জল উপচে গিয়ে দুর্গাপুর ব্যারেজের ডানদিকের অ্যাফ্‌লাক্স বাঁধে ফাটলের সৃষ্টি করল। সাইক্লোনের উন্মত্ত তাণ্ডব এই জেলার দুর্দশার বোঝা আরো দুর্বিষহ ক'রে তুললো।

১৬/১৭ সেপ্টেম্বরের রাত থেকেই বেশ কয়েকদিন ধ'রে কলকাতা এবং শহরতলীর অধিকাংশ এলাকা গভীর জলের তলায় রইলো। শিল্পাঞ্চলসহ কলকাতার সমগ্র মেট্রোপলিটান এলাকা নিদারুণভাবে ক্ষতিগ্রস্ত হ'ল। ৪ ও ৫ অক্টোবর থেকে হুগলী নদীতে যে প্রবল জলস্ফীতি দেখা দিল তাতে দুর্গতি বাড়লো আরো। কলকাতা ও তার আশেপাশের এক বিরাট সংখ্যক বস্তী এলাকা, বিশেষ ক'রে পুব দিক, জলপ্লাবিত হয়ে গেল। পলতা এবং টালার পাম্পিং স্টেশন জলমগ্ন হওয়ায় পুরো একদিন ধ'রে মেট্রোপলিটান এলাকায় পানীয় জল সরবরাহ ব্যবস্থা দারুণভাবে ব্যাহত হয়। মহানগরীর সতেরটি ভূগর্ভস্থ পাম্পিং স্টেশনের মধ্যে দু'টি সম্পূর্ণভাবে জলমগ্ন হয়ে গেল। ফলে একদিকে যেমন পাম্প ও মোটরের ক্ষতি হ'ল, অন্যদিকে তেমনি মাঝে মাঝে পাম্প চালানোর কাজও বন্ধ রাখতে হল। মহানগরীর প্রধান প্রধান রাস্তাগুলিসহ অধিকাংশ পথঘাট ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হ'ল। অন্যদিকে জেলাগুলিতে প্রায় ৭০টি পৌর এলাকার সন্নিহিত অঞ্চল বন্যার কবলে পড়ল। তার প্রায় অর্ধেক এলাকায় ক্ষয়ক্ষতির পরিমাণ বিপুল। জলসরবরাহ এবং ভূগর্ভস্থ ড্রেনের ক্ষতি সাংঘাতিক ধরনের। রাস্তাঘাট এবং ঘরবাড়ীর ক্ষতিও কম নয়।

বেশ কয়েকটি জেলায় নীচু এলাকার নদী-অববাহিকায় জল এখনও জ'মে আছে। কারণ, জমা জল বের করে নিয়ে যাবার কোনো পথ সেখানে নেই।

সবচেয়ে বিধ্বংসী বন্যার এই পর্যায়ের ক্ষয়ক্ষতির একটি ছবি আমি আপনাদের সামনে তুলে ধরছি। তার আগে বন্যাপীড়িত হাজার হাজার মানুষের ত্রাণের জন্য আমরা

যেসব ব্যবস্থা নিয়েছি তার একটি সংক্ষিপ্ত বিবরণ মাননীয় সদস্যদের কাছে দেওয়া কর্তব্য বলে মনে করছি। বন্যা শুরু হওয়ার প্রথম দুদিনের মধ্যেই সারা রাজ্যে যোগাযোগ ব্যবস্থা প্রায় সম্পূর্ণ ভেঙ্গে পড়ে। এমনকি কলকাতাতেও যানচলাচল ব্যবস্থা সম্পূর্ণ অচল হ'য়ে যায়। বন্যাপীড়িত অধিকাংশ জেলার সঙ্গেও যোগাযোগ রাখা প্রায় অসম্ভব হ'য়ে পড়ে। অনেক জেলা সদরের সঙ্গে কলকাতার সংযোগ একেবারেই বিচ্ছিন্ন হয়ে যায়। ওদিকে আবার অনেক জেলা সদরও তাদের মহকুমা বা ব্লকের সঙ্গে একেবারে যোগাযোগহীন হয়ে পড়ে। যোগাযোগের একমাত্র ব্যবস্থা রইলো শুধু টেলিকমিনিকেশন। কিন্তু কোন কোন ক্ষেত্রে এই ব্যবস্থার ওপরেও নির্ভর করা যাচ্ছিল না। তবু আমি গর্বের সঙ্গে জানাচ্ছি যে এই ধ্বংসলীলা ও বিপর্যয়ের দিনগুলির প্রথমদিকে বিভিন্ন এলাকায় উদ্ধার ও ত্রানের জন্য ব্যাপকভাবে সরকারী ব্যবস্থা নেওয়া হয়েছিল। পাশাপাশি, বিভিন্ন এলাকায় সর্বস্তরের মানুষও এই কাজে অংশ নিতে আন্তরিকভাবে উদ্যোগী হয়েছিলেন। রাজনৈতিক দল, এম-এল-এ, এম-পি, পঞ্চায়েতের নির্বাচিত প্রতিনিধি, স্থানীয় কর্মী ও স্বেচ্ছাসেবী সংস্থাসমূহের নেতৃত্বে জনসাধারণ সংঘবদ্ধ হয়েছিলেন এবং তাঁদের নিজস্ব উদ্যোগে উদ্ধার ও ত্রাণের কাজ শুরু করে দিয়েছিলেন। এই সময়ে আমাদের জনসাধারণের নিঃস্বার্থ আত্মত্যাগের কিছু কিছু উজ্জ্বলতম দৃষ্টান্তের পরিচয় আমরা পেয়েছি : নারী ও শিশুদের উদ্ধার করতে গিয়ে সাত সাতটি তাজা যুবক তাঁদের প্রাণ বলি দিয়েছেন। একদিকে যখন স্থানীয়ভাবে এই প্রয়াস সংগঠিত করা হচ্ছিল তখন রাজ্য সরকারও দ্রুতগতিতে তাঁদের কর্মক্ষেত্রের পরিধি বিস্তার ক'রে চলেছিলেন। যেসব জায়গায় প্রতিরক্ষা বাহিনী, রেল বা কেন্দ্রীয় সংস্থাসমূহের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন, সেখানে ত্রাণ ও উদ্ধারকার্য কেমন ক'রে সুষ্ঠুভাবে চালানো যেতে পারে সে সম্পর্কে আলোচনার জন্য আমি ২৮ সেপ্টেম্বর একটি সভা ডাকি। গোটা রাজ্য জুড়ে যে ত্রাণ ও উদ্ধারের কাজ চলেছে তা ঠিকমত হচ্ছে কি না দেখাশোনা করার জন্য একটি কো-অর্ডিনেশন কমিটি গঠন করা হ'য়েছিল। এরজন্য একটি নিয়মিত কর্মসংস্থা চালু করা হ'য়েছিল। কলকাতায় ত্রাণ ও উদ্ধার কাজের মধ্যে সমন্বয় সাধনের জন্য এবং সেই কাজ যাতে দ্রুত নিষ্পন্ন করা যায় তা দেখার জন্য শহরকে চারটি অঞ্চলে ভাগ করা হয়েছিল। এই চারটি অঞ্চলে উদ্ধার ও ত্রাণকার্য দেখাশোনা করার দায়িত্ব দেওয়া হয়েছিল চারজন মন্ত্রীর ওপর। জেলাগুলিতে ত্রাণ ও উদ্ধারের কাজ তত্ত্বাবধানের জন্য একটি করে কন্ট্রোল-রুম বসানো হ'য়েছিল। যে যে জেলায় কন্ট্রোল-রুম বসানো হ'য়েছিল সেই সেই জেলার দায়িত্ব এক এক জন মন্ত্রীর ওপর আলাদা আলাদাভাবে দেওয়া হয়েছিল। এমনকি আমাদের আবেদনে সাড়া দিয়ে রাজ্য সরকারের কর্মচারীরা

প্রাকৃতিক বিপর্যয়ের ভ্রূকুটি উপেক্ষা ক'রে তাঁদের কাজে যোগ দিয়েছিলেন। শুধু তাই নয় হাজার হাজার কর্মচারী ২৯ সেপ্টেম্বর থেকে কাজে যোগ দিয়ে উদ্ধার ও ত্রাণের এই প্রয়াসকে সর্বাঙ্গীণ ভাবে সফল করার জন্য সর্বশক্তি নিয়োগ করেছিলেন। তাঁদের এই কাজ নিঃসন্দেহে প্রশংসার দাবি রাখে। কর্মচারীরা স্বতঃপ্রণোদিত হ'য়েই পুজোর ছুটিতে কাজ করার জন্য এগিয়ে আসেন। আর তাঁদের পরামর্শমতই আমরা পুজোর ছুটি ছাঁটাইয়ের সিদ্ধান্ত নিয়েছিলাম।

বন্যার প্রথম কদিন যেসব অসুবিধের মধ্যে দিয়ে আমাদেরকে কাজ ক'রে যেতে হয়েছে তার কিছু কিছু আমি আপনাদের কাছে তুলে ধরছি। আমি আগেই বলেছি যে বন্যার প্রচণ্ড তাণ্ডব শুরু হবার সঙ্গে সঙ্গেই প্রথম কদিন যানবাহন ও যোগাযোগ ব্যবস্থা একেবারে ছিল না বললেই চলে। তখন আমরা সেনাবাহিনীর সাহায্য নেব বলে ঠিক করি। তখন তাঁরা বন্যাকবলিত এলাকায় ত্রাণসামগ্রী পৌঁছে দেবার জন্য আমাদের সাহায্য করতে একশর মত নৌকা, প্রচুর সংখ্যক ট্রাক এবং প্রায় এক হাজারেরও বেশী সেনাবাহিনীর কর্মীকে কাজে লাগান। ত্রাণকার্যের জন্য দেশীয় নৌকোগুলোকে সময়মত পাওয়া যায়নি। কারণ, ঐসব নৌকোর যাঁরা মালিক তাঁরা অধিকাংশ নৌকোকেই স্থানীয়ভাবে কাজে লাগিয়েছিলেন। যেসব বিদ্যুৎচালিত নৌকো শিলিগুড়ি থেকে পাঠানো হয়েছিল সেগুলিও তাড়াতাড়ি এসে পৌঁছায়নি। কারণ জাতীয় সড়ক-গুলিতেও ফাটল দেখা দিয়েছিল। বন্যার জলের তোড় এত প্রবল ছিল যে, সেনাবাহিনীর নৌকোগুলো পর্যন্ত বহু এলাকার ভেতরে পৌঁছোতে পারছিল না। তবু বলতে হয়, যে ৪৮ থেকে ৭২ ঘণ্টার মধ্যেই বিভিন্ন জেলার প্রায় বেশির ভাগ প্লাবিত অঞ্চলে সরকারী ত্রাণ দল গিয়ে পৌঁছতে পেরেছিলেন। বেশ কিছু সংখ্যক চিকিৎসক দলকেও বন্যাপীড়িত জেলাগুলোতে পাঠানো হয়। তার মধ্যে কয়েকটি দলকে সেনাবাহিনী থেকে নেওয়া হয়েছিল।

[ 2-50—3-00 P.M. ]

যেসব এলাকায় জাতীয় সড়কগুলিতে ফাটল ধরেছিল এবং সেতুগুলো বিচ্ছিন্ন হয়ে পড়েছিল, সেখানে খেয়া নৌকা দিয়ে পারাপার করা হচ্ছিল। অনেক জায়গায় এ ব্যাপারে সেনাবাহিনীর সাহায্য নেওয়া হয়। সরকারের পূর্ত বিভাগ ঐসব সেতু ও জাতীয় সড়ক কয়েকদিনের মধ্যেই মেরামত করার জন্য জরুরী ব্যবস্থা নিয়েছিলেন। মেরামতের কাজ যখন চলছিল তখন আমরা মনে করেছিলাম যে অধিকাংশ বিচ্ছিন্ন এলাকায় অবিলম্বে ত্রাণ-সামগ্রী পৌঁছে দিতে হ'লে হেলিকপ্টার ও ছোট ছোট

বিমানের সাহায্যে ওপর থেকে খাদ্যদ্রব্য ফেলে দেওয়াটাই হবে সর্বোত্তম পন্থা। কিন্তু দুর্যোগপূর্ণ আবহাওয়ার দরুন বিমান থেকে এভাবে খাদ্যসামগ্রী ফেলার কাজ কয়েকদিন আটকে থাকে। এরপর বিমান বাহিনী থেকে ধার নেওয়া হেলিকপ্টার, রাজ্য সরকারের নিজস্ব হেলিকপ্টার ও ছোট ছোট বিমানের সাহায্যে ওপর থেকে খাদ্য ও অন্যান্য ত্রাণসামগ্রী ফেলে দেওয়ার কাজ দিনরাত বিরামহীন ভাবে চলতে থাকে। এইসব কাজ প্রায় ২০ দিন ধরে নিরবচ্ছিন্নভাবে করে যাওয়া হয়।

সবচেয়ে দুর্যোগপূর্ণ সেই দিনগুলিতে আমরা যে সুষ্ঠুভাবে ত্রাণের কাজ চালাতে পেরেছি সেকথা ভাবলে অন্তত কিছুটা সান্ত্বনা পেতে পারি। রাস্তাঘাট ও রেলপথের যোগাযোগ সম্পূর্ণ বিচ্ছিন্ন, এমনকি টেলিকমিনিউকেশন ব্যবস্থাও অনেক জায়গায় বিপর্যস্ত। এদিকে আক্ষরিক অর্থে বলতে গেলে হাজার হাজার জলপ্লাবিত এলাকা থেকে মানুষকে উদ্ধার ক'রে এনে, বাঁধের ওপরে স্কুলবাড়ী ও অন্যান্য সরকারী ভবনে আশ্রয় দেওয়া হয়। মহামারী ছড়িয়ে পড়ার বিপদ আশঙ্কা ক'রে রোগ-প্রতিষেধক ব্যবস্থাও নেওয়া হয়। ক্ষতিগ্রস্ত লক্ষ লক্ষ আর্ত মানুষের জন্য খাদ্য সামগ্রী ও বাসস্থান নির্মাণের সরঞ্জামের বন্দোবস্ত করতে হ'ল। বিভিন্ন রাজনৈতিক দল, সংসদ ও বিধানসভার সদস্য, পঞ্চায়েত সদস্য, স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান ও অন্যান্য সংগঠনের কর্মীদের কাছ থেকে এবং সেই সঙ্গে সরকারী কর্মচারী, পুলিশ, সিভিক গার্ড, প্রতিরক্ষা কর্মীদের কাছ থেকে যে সহযোগিতা পাওয়া গিয়েছিল তার ফলেই অতি দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণ করা সম্ভব হয়েছিল। যেসব রাজ্যসরকার শুকনো খাবার, প্রতিষেধক টীকা, ব্লিচিং পাউডার, চুন, ওষুধ এমন কি অর্থ দিয়ে সাহায্য করেছেন আমরা সকৃতজ্ঞ ভাবে তাঁদের ঋণ স্বীকার করছি। আমাদের আবেদনে সাড়া দিয়ে কোনো কোনো রাজ্য সরকার চিকিৎসক দল, সেইসঙ্গে পশু চিকিৎসক দলও পাঠিয়ে দিয়েছেন। বিদেশী সরকার এবং আন্তর্জাতিক সংস্থাগুলিও প্রতিষেধক টীকা, পলিথিন শীট, গুঁড়ো দুধ শক্তিচালিত নৌকো ইত্যাদি দিয়ে প্রভুত সাহায্য করেছেন। জাতীয় এবং আন্তর্জাতিক বহু স্বেচ্ছাসেবী সংস্থা দুর্গতদের জন্য ত্রাণের ব্যবস্থা ক'রে যে উপকার করেছেন তার মূল্যও কম নয়। তাঁদের মধ্যে কোন কোন সংস্থাকে রাজ্য সরকার অর্থ এবং খাদ্যশস্য দিয়ে অন্যভাবে সাহায্য করেছেন। রেল এবং বিমানবাহিনী বিনা মাশুলে ত্রাণের জিনিষপত্র বহন করেছেন। রাজ্য সরকার ত্রাণের জন্য যে বিভিন্ন ধরণের ব্যবস্থা নিয়েছিলেন তার একটি বিস্তৃত বিবরণ "পশ্চিমবঙ্গে বন্যা-তৃতীয় পর্যায়" শীর্ষক স্মারকলিপিতে পাওয়া যাবে।

এই সময়ে ত্রাণের জন্য মোট কত খরচ হয়েছে তা জানার ইচ্ছা মাননীয় সদস্যদের হতে পারে। রাজ্য কোষাগারের অবস্থা যে শোচনীয় তা আপনারা জানেন এবং এও জানেন যে রাজ্যের হাতে যাতে আরও বেশী পরিমাণ সম্পদ রাখা যায়, তার জন্য আমরা ভারত সরকারের সঙ্গে কেন্দ্র-রাজ্য আর্থিক সম্পর্কের পুনর্বিন্যাসের বিষয়টি নিয়ে এখনও নিরবচ্ছিন্ন ভাবে আলোচনা চালিয়ে যাচ্ছি। ষষ্ঠ অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী ফর্মুলায় ত্রাণের জন্য সরকারকে ৬·৬১ কোটি টাকা বিনিয়োগ করার কথা বলা হয়েছে। অথচ, আগষ্ট মাসের দ্বিতীয় সপ্তাহে বন্যা শুরু হওয়ার পর থেকে ত্রাণ ও পুনর্বাসনের কাজে প্রয়োজন, আমাদের হিসেব মত, সেটা তার প্রায় দশগুণ বেশী। আমাদের আর্থিক ক্ষমতা বা বাজেট বরাদ্দের কথা চিন্তা আদৌ না ক'রে আমরা এই ব্যয়ভার স্বীকার ক'রে নিয়েছি। যে সময়ের মধ্যে আমরা এই অর্থ ব্যয় করেছি, সেই সময়ের মধ্যে কেন্দ্রের বাজেট বরাদ্দ থেকে বন্যাত্রাণের জন্য কার্যত আমরা যে সাহায্য পেয়েছি তা ১৫ কোটি টাকার বেশী নয়। বাকি টাকার ব্যবস্থা আমাদের নিজেদেরই ক'রে নিতে হয়েছে। সঙ্কটের এই দিনগুলিতে স্বাভাবিক আর্থিক নিয়মগুলি বেশ কিছুটা শিথিল ক'রে দেওয়া হয়েছিল যাতে, সমস্ত পর্যায়ের আধিকারিককে, এমন কি পৌর-সংস্থাগুলির সভাপতি ও পঞ্চায়েত প্রধানদেরকেও ত্রাণের জিনিসপত্র কেনার ক্ষমতা দেওয়া যায়। ত্রাণব্যবস্থা করতে গিয়ে, আমরা মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে অকৃপণ হাতে যে দান এসেছে তা থেকে বেশ কিছু টাকা কাজে লাগিয়েছি। এই তহবিলে ইতিমধ্যে ১·৭৫ কোটি টাকা জমা পড়েছে, প্রতিদিন আরো টাকা জমা পড়ছে। আমাদের রাজ্যের ইতিহাসে এর আগে আর কখনও এই তহবিলে এত টাকা জমা পড়েনি। সমাজের সমস্ত স্তর থেকে এই সাহায্য এসেছে। দরিদ্রতম থেকে শুরু ক'রে বিপুল বিত্তশালী, কৃষক, শ্রমিক থেকে শিল্পপতি ব্যবসায়ী, বিদ্যালয়ের ছাত্র, রাজনৈতিক দল ও সমাজ সংগঠন পর্যন্ত—সাহায্য এসেছে প্রত্যেকের কাছ থেকে। যাঁরা এই তহবিলে সাহায্য করেছেন এবং এখনও করছেন তাঁদের সবাইকে আমি আপনাদের ও আমার নিজের পক্ষ থেকে আন্তরিক কৃতজ্ঞতা জানাচ্ছি। আমি এইসঙ্গে একটি বিবরণ পেশ করছি। তা থেকে আপনারা দেখতে পাবেন যে, বিভিন্ন জেলায় ত্রাণের সামগ্রী কিভাবে বন্টন করা হয়েছিল। (বিবরণ. ১, ২, ৩)।

জাতীয় সংবাদপত্র ও সাময়িকপত্রের প্রায় সকলেই যেভাবে সহানুভূতি ও সমমর্মিতায় পশ্চিমবঙ্গের দুর্বিপাকের সংবাদ প্রকাশ করেছেন এবং দুর্গতদের সাহায্য ও কষ্ট লাঘবের জন্য রাজ্য সরকারের ব্যাপক প্রচেষ্টার সপ্রশংস উল্লেখ করেছেন, সেজন্য এই সুযোগে আমি তাঁদের প্রতি গভীর কৃতজ্ঞতা প্রকাশ করছি।

একথা বললে অতিশয়োক্তি হবে না যে প্রতিটি জেলায় বন্যাপীড়িত অধিকাংশ মানুষের কাছে খুব অল্প সময়ের মধ্যেই খাদ্য ও ত্রাণসামগ্রী আমরা পৌঁছে দিতে পেরেছিলাম। শ্লাঘা না ক'রেও বলা যেতে পারে যে, সরকার এবং অন্যান্যদের নিরলস প্রয়াসের ফলেই কোথাও কোন বড় ধরণের মহামারী দেখা দেয়নি। কলেরা এবং গ্যাসট্রোএনটেরাইটিসে মৃত্যুর কয়েকটি বিচ্ছিন্ন ঘটনা অবশ্য ঘটেছে কিন্তু তাতেও একশ'র বেশি মানুষকে প্রাণ হারাতে হয়নি। মাত্র কয়েক সপ্তাহের মধ্যে যে এক কোটিরও বেশী লোককে কলেরার ইঞ্জেকশন দিতে পারা গিয়েছে—এটাওতো কম কথা নয়। প্রতিরোধের এই কাজ এখনও চলছে। জল বীজাণুমুক্ত করার জন্য ব্যাপকভাবে ব্যবস্থাও নেওয়া হয়েছিল। আর প্রথম দিকে জল সরবরাহের ব্যবস্থা যখন অনেক অঞ্চলে ভেঙে পড়েছিল তখন কলকাতার কাছাকাছি এলাকায় ট্রাকের পর ট্রাক ভর্তি ক'রে পানশুদ্ধ জল পাঠানো হয়েছে।

এই সময় নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের দাম যে সাধারণভাবে স্থিতিশীল রাখতে পারা গিয়েছিল সেটাও সামান্য কথা নয়। জিনিষপত্রের দাম বাড়ানোর জন্যে কিছু অসাধু ব্যবসায়ী তখন হীন কৌশলের আশ্রয় নিয়েছিল। কিন্তু এই ধরনের অসামাজিক ক্রিয়াকলাপের বিরুদ্ধে সরকার ও রাজনৈতিক কর্মীরা সংঘবদ্ধভাবে যে প্রতিরোধ গ'ড়ে তুলেছিলেন তার ফলে তাদের সেই অপচেষ্টা বানচাল হয়ে যায়। আগামী দিনগুলিতে যাতে জিনিসপত্রের দাম অযথা বাড়তে না পারে সেদিকেও সবদা সতর্ক নজর রাখতে হবে।

অশেষ দুঃখদুর্দশার মধ্যেও মানুষ অন্ন ও আশ্রয় চিন্তায় মহানগরীর দিকে ছুটে আসেননি। এ থেকে বোঝা যায় সারা রাজ্য জুড়ে ত্রাণ-ব্যবস্থা সমান ও সুষ্ঠুভাবে সম্পন্ন করা হচ্ছে।

ত্রাণের কাজ সর্বত্র নিখুঁত হয়েছে কিংবা সর্বক্ষেত্রে ত্রাণসামগ্রী যে পরিমাণে দেওয়া হয়েছে তা যথেষ্ট, এতবড় দাবি আমি করছি না। সঙ্কটের দিনে পরিস্থিতি যখন খুবই প্রতিকূল তখন অত্যন্ত অল্প সময়ের মধ্যেই ত্রাণসামগ্রী পাঠানোর ব্যবস্থা করতে হয়। আর যোগাযোগ ব্যবস্থা ব্যাহত হ'লে, এখানে সেখানে সরবরাহ ঘাটতি দেখা দিতে পারেই। যে পরিমাণ ত্রাণসামগ্রী বন্টন করা হবে প্রয়োজনের তুলনায় তা যথেষ্ট নাও হতে পারে এবং তা পাঠাতে দেরীও হতে পারে। এমনও হতে পারে যে কিছু ব্যক্তিগত ত্রুটির এবং দক্ষতার অভাবের ঘটনা ঘটেছে। তবুও আমার বিন্দুমাত্র সন্দেহ নেই যে প্রথম কয়েক সপ্তাহে যে অভূতপূর্ব বিপুল সাহায্য আমরা

আহরণ করতে সমর্থ হয়েছি তা সরকার এবং জনগণের মধ্যে নিখুঁত সমঝোতা থাকলে কি বিরাট কাজ করা যায় তার একটি দৃষ্টান্ত হবে।

নব নির্বাচিত পঞ্চায়েত সংস্থাগুলি যাদের মাধ্যমে আমরা গ্রামাঞ্চলে ত্রাণসামগ্রী পাঠাচ্ছি, তাদের সম্পর্কে আমি অবশ্যই একটু কিছু বলব। বর্তমানে পঞ্চায়েতগুলিতে একেবারে নিম্ন পর্যায়ে স্থানীয় প্রশাসন এবং রাজনৈতিক চেতনার সংযোজন ঘটেছে। আমরা এটা কেবল সঠিক নয়, উচিতও মনে করি যে, হাজার হাজার বিধ্বস্ত গ্রামে ত্রাণ এবং পুনর্বাসনের কাজ সরাসরি পঞ্চায়েতগুলির দায়িত্বে করা হোক। এরকম দুঃখ-দুর্দশার দিনে, সমস্ত রাজনৈতিক দল এবং অন্যান্য সংস্থাগুলির উপদেশ ও পরামর্শ আমরা অবশ্যই সাদরে গ্রহণ করব। অক্টোবর মাসের ৩ তারিখে আমাকে পাঠানো পত্রে, প্রধানমন্ত্রী রাজ্য এবং জেলা পর্যায়ে সমস্ত রাজনৈতিক দল নিয়ে ত্রাণ উপদেষ্টা সমিতি গঠনের পরামর্শ দিয়েছিলেন। প্রকৃতপক্ষে, নতুন করে দু'বার বন্যা হওয়ার পর আমরা জেলা পর্যায়ে সমস্ত রাজনৈতিক দল নিয়ে উপদেষ্টা সমিতি গঠনের সিদ্ধান্ত আগেই নিয়েছিলাম। এর মধ্যে স্বেচ্ছাসেবী সংস্থাগুলির প্রতিনিধিরাও যুক্ত ছিলেন। সেপ্টেম্বর মাসের তৃতীয় সপ্তাহ নাগাদ এই সমিতিগুলি তিনটি জেলায় ইতিমধ্যেই কাজ শুরু করে দিয়েছিল। তৃতীয়বার বন্যা শুরু হওয়ার সঙ্গে সঙ্গে, বন্যায় আরও ক্ষতিগ্রস্ত ছয়টি জেলায় একই রকম উপদেষ্টা সমিতি স্থাপনের সিদ্ধান্ত আমরা নিয়েছিলাম। প্রধান মন্ত্রীর পরামর্শানুযায়ী, রাজ্য পর্যায়ে উপদেষ্টা সমিতি গঠন আমরা সঙ্গত মনে করেছি। এই সমিতির দু'টি অধিবেশন ইতিমধ্যেই হয়ে গিয়েছে। রাজ্য এবং জেলা পর্যায়ে এই অধিবেশনগুলিতে যে সমস্ত পরামর্শ দেওয়া হয়েছে সেগুলি ত্রাণ এবং পুনর্বাসনের কাজের পরিকল্পনা এবং তার রূপায়ণে গৃহীত হবে। কিন্তু এক্ষেত্রে কর্মরত স্থানীয় প্রশাসন এবং নির্বাচিত পঞ্চায়েতগুলির উপরই প্রকৃত রূপায়ণের দায়িত্ব থাকবে। আমরা জানি, এ ব্যাপারে আমাদের সিদ্ধান্তে বিরোধী রাজনৈতিক দলগুলি পুরোপুরি খুশি হতে পারেননি। ব্লক ও গ্রাম পর্যায়েও আমাদের দিয়ে একই ধরনের কমিটি গঠন করাতে চান। আমরা অবশ্য নিচু স্তরে ঐ ধরনের কোন কমিটি গঠন করার বা সেজন্য পরামর্শ দেওয়ার প্রয়োজনীয়তা আছে মনে করি না। কারণ এই স্তরে পঞ্চায়েত সংস্থাগুলিকেই ত্রাণ ও পুনর্বাসন কাজের ভার দেওয়া হয়েছে।

বন্যার প্রকোপ কমে যেতেই আমাদের প্রধান সমস্যা দেখা দিল পুনর্গঠন এবং পুনর্বাসনের ব্যাপারে। বন্যার ফলে রাজ্যের অর্থনীতির সামগ্রিক ক্ষতির পরিমাণ বিপুল। সমর্থিত খবর অনুযায়ী ৯১৮ জন মানুষ প্রাণ হারিয়েছেন। এর বাইরে

আরো নিখোঁজ ব্যক্তিদের তালিকা এখনও মিলিয়ে দেখা হচ্ছে। একই রকম বিপুল সংখ্যায় প্রাণ হারিয়েছে গবাদি পশু। আর সেইসঙ্গে ব্যাপকভাবে ধ্বংস হয়েছে বাসস্থান। মোটামুটি হিসেব করে দেখা গেছে প্রায় দু' লক্ষ গো-মহিষাদি প্রাণ হারিয়েছে। সমসংখ্যক প্রাণী বন্যা-পরবর্তী রোগে অকর্মণ্য হয়েছে। প্রাথমিক হিসাব অনুযায়ী ১৮ লক্ষের মতো কুঁড়েঘর ধ্বংসপ্রাপ্ত বা ক্ষতিগ্রস্ত হয়েছে। এর মধ্যে ভূমিহীন ক্ষেতমজুর, দরিদ্র চাষী ও ক্ষেত মজুরের ১১ লক্ষ ঘর রয়েছে। ৩৪ লক্ষ একর ক্ষতিগ্রস্ত এলাকায় শস্যক্ষেত্র এবং বাগানসহ ক্ষতির পরিমাণ হবে প্রায় ২০০ কোটি টাকা। এর ফলে প্রায় ১৫ লক্ষ ক্ষুদ্র ও প্রান্তিক চাষী এবং ২০ লক্ষ ভূমিহীন ক্ষেতমজুরের জীবিকা বিপন্ন হয়েছে।

[ 3-00 – 3-10 P. M. ]

ব্যাপকহারে মূলধনের ক্ষতি হয়েছে। এর মধ্যে রয়েছে ব্যক্তিগত মূলধন, কাজের সরঞ্জাম এবং ক্ষুদ্র কারিগর ও কুটীরশিল্পীদের যন্ত্রপাতির ক্ষয়ক্ষতি। অর্থনৈতিক অবনির্মিতিও ( ইনফ্রাষ্ট্রাক্চার ) সাংঘাতিকভাবে ঘা খেয়েছে। এতে বিশেষভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে সেচ ও বন্যানিরোধক ব্যবস্থা, জল সরবরাহ ব্যবস্থা, রাস্তাঘাট এবং আরও অনেক জনস্বার্থ সম্পর্কিত বিষয়। হাজার হাজার নলকূপ অকেজো হয়ে গেছে। এদের অনেকগুলি আবার নতুন ক'রে বসাতে হবে। লিফ্‌ট সেচ ব্যবস্থা এবং ক্ষুদ্র সেচ ব্যবস্থারও ক্ষতি হয়েছে। এর মধ্যে রয়েছে গভীর ও অগভীর নলকূপ। রাজ্য বিদ্যুৎ পর্ষদের ইনস্টলেশনগুলি ক্ষতিগ্রস্ত হয়েছে। একইভাবে পশ্চিমবঙ্গ সরকারের অনেক সংস্থাও ক্ষতিগ্রস্ত হয়েছে। অনেক জায়গায় স্কুল, কলেজ, হাসপাতাল এবং স্বাস্থ্যকেন্দ্রের ভবনগুলি জলে ডুবে গিয়েছিল। এখন সেগুলোর ব্যাপক মেরামতির প্রয়োজন।

ক্ষয়ক্ষতি অন্যান্য ক্ষেত্রেও হয়েছে। টেলিফোন ও টেলি-যোগাযোগ ব্যবস্থা, রেল যোগাযোগ ব্যবস্থা, জাতীয় সড়ক এবং এ ধরনের আরও অনেক কিছুর ক্ষতি হয়েছে। নিরপেক্ষভাবে হিসাব-নিকাশ ক'রে দেখা গেছে, বন্যার ফলে এ-রাজ্যে উৎপাদন ও আয়ের দিক থেকে সার্বিক ক্ষতির পরিমাণ দাঁড়াচ্ছে দু'হাজার কোটি টাকার কাছাকাছি বা তারও বেশি। দেশের বিভিন্ন অংশের মধ্যে পারস্পরিক নির্ভরতার কথা ধরে নিলে, বন্যার ফলে জাতীয় অর্থনীতিতে বিপর্যয়কর প্রভাব পড়বে। রাজ্যের নিজস্ব আর্থিক সংস্থাপনের মতো, যেসব উদ্যোগের সঙ্গে রাজ্য সরকার সরাসরি সংশ্লিষ্ট সেগুলোর মূলধনগত ও উৎপাদনগত ক্ষতি আর তার সঙ্গে গরীব চাষী ও কারিগরদের ক্ষতি— শুধুমাত্র এই বাবদেই ক্ষতির পরিমাণ দাঁড়াবে প্রায় ৭৫০ কোটি টাকা।

এখন আমরা এই চ্যালেঞ্জের মুখোমুখি। ত্রাণপর্ব মোটামুটি শেষ হলেই আমাদের পরবর্তী কাজ হ'ল বাড়ীঘর পুনর্নির্মাণ করা, যাতে হাজার হাজার ঘরছাড়া মানুষ মাথার উপর একটু আশ্রয় পায়। একই সঙ্গে, এঁদের অধিকাংশই যাতে অবিলম্বে তাঁদের অর্থনৈতিক কাজকর্ম শুরু করে দিতে পারেন তা সুনিশ্চিত করতে হবে। কেন্দ্রীয় সরকারের কাছে আমরা যে স্মারকলিপি পেশ করেছি তাতে পুনর্বাসনের নিম্নলিখিত দিকগুলি তুলে ধরেছি ঃ

(ক) স্বাভাবিক অর্থনৈতিক কাজকর্ম শুরু না হওয়া পর্যন্ত এমন পূর্ত কর্মসূচী গ্রহণ করা হচ্ছে, যেগুলি জনগণের বিশেষ করে দরিদ্রতর শ্রেণীর জনগণের, কর্মনিয়োগ ও আয়ের পথ সুগম করবে এবং সেই সঙ্গে বন্যার জলে চাষযোগ্য জমিতে যে বালি এবং অন্যান্য অবাঞ্ছিত পদার্থ জমেছে, তা পরিষ্কার করার সহায়ক হবে।

(খ) বন্যার্ত জনগণের জন্য ব্যাপকহারে আবাসন পুনর্নির্মাণ কর্মসূচী শুরু ও কার্যকর করা :

(গ) আগামী রবি ও বোরো মরশুমে কৃষিকাজের সুবিধার জন্য অবিলম্বে বীজ, সার, কীটনাশক ঔষধ, সেচের জল, ঋণ ইত্যাদি দিয়ে প্রয়োজনীয় সাহায্য করা ;

(ঘ) পশুপালন ও মাছ চাষের ক্ষেত্রে ক্ষতিপূরণের জন্য ব্যবস্থা নেওয়া :

(ঙ) সেচ ও বন্যা-নিরোধক ব্যবস্থার ক্ষতির মেরামতি করা ও পুনরায় সেগুলো চালু করা ;

(চ) ক্ষুদ্র ও কুটীর শিল্পের ক্ষেত্রে কারিগরদের জন্য পরিকল্পিত পুনর্নির্মাণ কর্মসূচী শুরু করা ; এবং

(ছ) রাস্তাঘাট, জল সরবরাহ, স্কুল, হাসপাতাল, স্বাস্থ্যকেন্দ্র ইত্যাদি নিয়ে যে অর্থনৈতিক অবনির্মিতি (ইনফ্রাস্ট্রাকচার) তার ক্ষয়ক্ষতি মেরামত করা।

বন্যা-বিধ্বস্ত পশ্চিমবঙ্গের পুনর্গঠনের জন্য পরিকল্পনা করার আগে, আমরা কতটা সহায়-সম্পদ পেতে পারি তার একটা মূল্যায়ন করতে হবে। আমি আগেই বলেছি রাজ্য সরকারের আর্থিক অবস্থা শোচনীয়। এ সত্ত্বেও, গত আড়াই মাসে আমরা লক্ষ লক্ষ আর্ত মানুষের ত্রাণ ও পুনর্বাসনে প্রায় ৬৫ কোটি টাকা বরাদ্দ করেছি। আর এটা

আমাদের সীমিত ক্ষমতার অনেক, অনেক বেশী। স্পষ্টতঃই, রাজ্যের বিধ্বস্ত অর্থনীতির পুনর্গঠনের জন্য প্রধানতঃ আমাদের নির্ভর করতে হবে কেন্দ্রীয় সরকারের জাতীয় অর্থভাণ্ডার থেকে যেটুকু সাহায্য দেওয়া হবে তার উপর। একই সঙ্গে আমাদের মনে রাখতে হবে যে কেন্দ্রের আর্থিক সামর্থ্যও সীমিত এবং এই বছর অন্যান্য কয়েকটি রাজ্যেও বন্যা হয়েছে আর তার ফলে কেন্দ্রের অর্থ সাহায্য প্রয়োজন হয়েছে। এসব হিসেব ধরে নিয়েও, তৃতীয় দফা বন্যার পর আমরা কেন্দ্রের কাছে ৩৫০ কোটি টাকার বাজেট সাহায্য চেয়েছি। আর সেই সঙ্গে ত্রাণ, পুনর্বাসন ও পুনর্গঠনের কর্মসূচীগুলি সার্থকভাবে রূপায়ণে সাহায্য করার জন্য ১৩০ কোটি টাকার মতো প্রাতিষ্ঠানিক অর্থবরাদ্দের জন্য আমরা কেন্দ্রকে অনুরোধ করেছি। আমরা আরও বলেছি যে ৩৫০ কোটি টাকার বাজেট সাহায্য বর্তমান এবং পরবর্তী অর্থ বছরে ছড়িয়ে দেওয়া যেতে পারে যাতে কেন্দ্রীয় কোষাগারের উপর চাপ কিছুটা কম পড়ে। আমরা অবশ্য জানিয়ে দিয়েছি যে এই বাজেট সাহায্য পরিকল্পনাখাতের আগাম সাহায্য হিসেব না দিয়ে যেন সরাসরি অনুদান হিসেবে দেওয়া হয়। আমাদের সামনে যে কাজ রয়েছে তার ব্যাপকতা অনুধাবন করলে বোঝা যাবে যে কেন্দ্রীয় সাহায্যের স্বাভাবিক পরিকল্পনা বরাদ্দ থেকে কেটে নেওয়া হলে রাজ্যের উন্নয়নমুখী কর্মসূচীতে অচলাবস্থা দেখা দেবে। এ অবস্থা আমরা কিছুতেই মেনে নিতে পারি না।

এযাবৎ কেন্দ্রের কাছ থেকে যা সাড়া পাওয়া গেছে, তা কিছুটা হতাশাব্যঞ্জক। আমি মাননীয় সদস্যদের কাছে উল্লেখ করতে চাই যে, বন্যার প্রথম দুই দফার পর আমরা ঐ দুই দফায় যে ক্ষয়ক্ষতি হয়েছে তা পূরণের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে ১০১'৪৩ কোটি টাকার বাজেট অনুদান দেওয়ার জন্য অনুরোধ করেছিলাম। সেই অনুরোধের প্রত্যুত্তরে কেন্দ্রীয় সরকার মাত্র ১৯'৩০ কোটি টাকা মঞ্জুর করেছেন এবং তাও দিয়েছেন পরিকল্পনা বাবদ আগাম সাহায্য হিসেবে। ( অবশ্য এছাড়া ১০ কোটি টাকা স্বল্পমেয়াদী শস্য ঋণ দিয়েছেন। ) ঐ ১৯'৩০ কোটি টাকার মধ্যে অক্টোবরের শেষ ভাগ পর্যন্ত মাত্র ১৫ কোটি টাকা পরিকল্পনার অগ্রিম বাবদ হাতে পাওয়া গেছে সরাসরি অনুদান হিসেবে নয় ( ৪নং বিবরণ ) একইভাবে, ব্যাপকতম প্রাকৃতিক দুর্যোগ-কবলিত পশ্চিমবঙ্গের পুনর্গঠন কাজের জন্য যে ৩৫০ কোটি টাকার বাজেট সাহায্যের অনুরোধ কার হয়েছিল তার প্রত্যুত্তরে গত সপ্তাহে কেন্দ্র বর্তমানের জন্য ফের পরিকল্পনার অগ্রিম বাবদ প্রায় ৯১ কোটি টাকা মঞ্জুর করতে সম্মত হয়েছেন ( ৫নং বিবরণ )। কৃষি ও ক্ষুদ্রায়তন উদ্যোগে পুনর্বাসনের জন্য আমাদের চাহিদা মোটামুটিভাবে স্বীকৃত হয়েছে। কিন্তু রাস্তাঘাট ও শহরের সম্পত্তি পুনরুদ্ধার, বাঁধ ও সেচব্যবস্থার মেরামতি, গবাদি পশুর

ক্ষয়ক্ষতির পূরণ ক্ষতিগ্রস্ত বিদ্যালয় ভবন পুনর্নির্মাণ, জনস্বাস্থ্য এবং ব্যাপক গৃহনির্মাণ কর্মসূচীর জন্য অর্থ চেয়ে যে অনুরোধ করা হয়েছিল তাতে পর্যাপ্ত সাড়া পাওয়া যায়নি। সাজ-সরঞ্জাম ক্রয়ের জন্য অনুদান এবং 'কাজের বিনিময়ে খাদ্য' কর্মপ্রকল্পের এক যুক্ত কর্মসূচীর মাধ্যমে ভূমিহীন ক্ষেতমজুর, ক্ষুদ্র চাষী এবং দরিদ্র কারিগরদের ১১ লক্ষ ঘরবাড়ী পুনর্নির্মাণের এক কর্ম প্রকল্প আমরা তৈরি করেছি। এই কর্মসূচী রূপায়ণের জন্য সাজ-সরঞ্জামের খরচ বাবদ ৪৫ কোটি টাকা এবং 'কাজের বিনিময়ের খাদ্য' কর্মপ্রকল্পের জন্য নগদ টাকা হিসাবে আরও ১৫ কোটি টাকা দাবি করে আমরা অনুরোধ পেশ করেছিলাম। এর পরিপ্রেক্ষিতে কেন্দ্র আমাদের দিয়েছেন মাত্র ১১ কোটি টাকা অর্থাৎ প্রতিটি আবাসন ইউনিট পিছু মাত্র ১০০ টাকা। এ পর্যন্ত, জামা-কাপড়, ওষুধ-পত্র ও বাসস্থানের সাজ-সরঞ্জাম ইত্যাদি ত্রাণ-সামগ্রী বাবদ আমরা যে পরিমাণ অর্থ খরচ করেছি এবং এখনও করছি তা পূরণের জন্যও আমাদের কিছু দেওয়া হয়নি। এই খাতে খরচের পরিমাণ ইতিমধ্যেই ১১ কোটি টাকা ছাড়িয়ে গেছে। আমরা ত্রাণ এবং 'কাজের বিনিময়ে খাদ্য' কর্মসূচীর জন্য কেন্দ্রের কাছে মোট ৬,৫০,০০০ মেট্রিক টন খাদ্যশস্যের জন্য অনুরোধ জানিয়েছি। এর কতটা আমরা পাব এখনও জানি না।

যে লক্ষ লক্ষ মানুষ গৃহহীন হয়েছেন তাঁদের মাথা গোঁজার ঠাঁই করে দেবার জন্য এবং রাজ্যের ন্যূনতম প্রয়োজনীয়তার দিকে নজর দেওয়ার জন্য আরও অধিকতর অর্থ সাহায্যের যে জরুরী প্রয়োজনীয়তা রয়েছে সে ব্যাপারে কেন্দ্রকে সম্যক অবহিত করতে আমাদের আবার যেতে হবে। বাজেটের ব্যয়-বরাদ্দ মেটানোর উদ্দেশ্যে আমরা সরাসরি অনুদানের জন্য জোর দিয়ে যাব। যদি এমনও হয় যে কেন্দ্রীয় সরকার যথাযথভাবে এ ব্যাপারে সাড়া দিচ্ছেন না তাহ'লেও আমরা আমাদের নিজস্ব কর্মসূচীর ভিত্তিতে যেসব কাজ আগে করা দরকার সেগুলি করার জন্য পুনর্গঠনের কাজে এগিয়ে যেতে দৃঢ়প্রতিজ্ঞ। গ্রামের ঘরবাড়ী আবার গ'ড়ে তোলার জন্য যে প্রকল্প গৃহীত হয়েছে তার খুঁটিনাটিবিবরণ সম্বলিত একটি পুস্তিকা মাননীয় সদস্যবৃন্দ অবশ্যই পেয়ে থাকবেন। পাঁচ নম্বর বিবরণ-এ এটি পাওয়া যাবে। বন্যার্ত মানুষদের ঘরবাড়ী নতুনভাবে বানানোর জন্য আমরা এর মধ্যেই সতেরো কোটি টাকা মঞ্জুর করেছি। গ্রামের হাজার হাজার গরীব মানুষ ঐ অর্থের সাহায্য নিয়ে ইতিমধ্যে ঘরবাড়ী আবার গড়ে তোলার কাজে নেমে পড়েছেন। যাতে পঞ্চায়েতগুলির আওতার মধ্যে পুরো সহায়-সম্পদ তুলে দেওয়া যায় সেজন্য আমরা ব্যবস্থা গ্রহণ করছি। তাছাড়া, 'কাজের বিনিময়ে খাদ্য' এই কর্মসূচী রূপায়ণের জন্য খাদ্যশস্য সরবরাহ যাতে যথাযথভাবে সংগঠিত করা যায় সেজন্য

আমরা সচেষ্ট। এসবের মূল উদ্দেশ্য হ'ল এই যে, কেন্দ্রের মনোভাব যাই হোক না কেন ঘরবাড়ী নতুনভাবে গড়ে তোলার ব্যাপারে কাজের গতি যেন কোনরকম ব্যাহত না হয়। অবশ্য, ঘরবাড়ী বানানোর জন্য বাঁশ ও খড়-এর মতো প্রয়োজনীয় সাজ-সরঞ্জাম যোগাড় করার ব্যাপারে সমস্যা রয়েছে। আর এই সমস্যাটা রয়েছে শুধুমাত্র এই রাজ্যের ভেতরেই নয়, রাজ্যের বাইরেও রয়েছে। রাজ্য বন-উন্নয়ন কর্পোরেশন ও রাজ্যের অন্যান্য সংস্থা বর্তমানে এই কাজে আত্মনিয়োগ করেছেন। অন্যান্য রাজ্যের বেশ কিছু সংস্থাও সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছেন। অন্যান্য কয়েকটি রাজ্য সরকারও অত্যন্ত সহৃদয়তার সঙ্গে এগিয়ে এসেছেন। রেল-কর্তৃপক্ষও বাড়ী বানানোর জন্য প্রয়োজনীয় এইসব মালমশলা অন্য জায়গা থেকে অগ্রাধিকারের ভিত্তিতে আনানোর জন্য প্রতিশ্রুতি দিয়েছেন।

[ 3-10—3-20 P.M. ]

সামনের রবি ও বোরো মরশুমের নিবিড় চাষের মাধ্যমে আমন চাষের সময়কার আয়ের যাতে ক্ষতিপূরণ হয় ও উৎপাদনের পুনরুদ্ধারের কাজে সাহায্য হয় তা সুনিশ্চিত করার জন্য আমরা এই ধরনের অন্যান্য ব্যবস্থাও নিয়েছি। চাষীদের স্বল্প-মেয়াদী ঋণ দেওয়া, ক্ষুদ্র সেচ-প্রকল্পের কাজ আবার নিয়মিত করা, সার ও বীজ যোগান দেওয়া—এই সব কাজের জন্য আগেই চৌদ্দ কোটি টাকা মঞ্জুর করা হয়েছে। রবি শস্য চাষের জন্য একটি ব্যাপক কর্মসূচীর প্রস্তাব আমাদের হাতে রয়েছে। প্রায় একষট্টি লক্ষ একর পরিমাণ জমি এর আওতায় আসবে। আর, সাধারণভাবে রবি মরশুমে যে পরিমাণ কৃষিজমি সেচের আওতায় পড়ে এই পরিমাণ তার থেকে পঞ্চাশ শতাংশ বেশী। একই সঙ্গে, সবচেয়ে বেশী পরিমাণে ক্ষতিগ্রস্ত চাষীদের, বিশেষ করে ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের সাহায্যের জন্য বীজ, সার প্রভৃতি ব্যাপকভাবে বণ্টনের একটি পরিকল্পনা হাতে নেওয়া হয়েছে। এই পরিকল্পনার আওতায় কলাই, সর্ষে, দানাশস্য, খেসারি, মসুর, আলু, গম ও শাকসব্জির বীজ বিনামূল্যে সরবরাহ করা হবে। একই সঙ্গে, সার এবং কীটনাশক ওষুধ যোগদানও এর আওতায় পড়েছে। বোরো ধানের বীজ বণ্টনের জন্য অনুরূপ ব্যবস্থা নেওয়া হয়েছে। তাছাড়া, চাষের জন্য প্রয়োজনীয় অত্যাবশ্যক সামগ্রীর যোগান যাতে খোলা বাজারে আরো বেশী পরিমাণ সম্ভব হয় তা সুনিশ্চিত করার ব্যাপারে সরকার চেষ্টা চালিয়ে যাচ্ছেন। চাষীদের চাষের কাজে প্রয়োজনীয় সরঞ্জাম কেনার ব্যাপারে সাহায্য দানের উদ্দেশ্যে জেলা কালেক্টরদের হাতে টাকা তুলে দেওয়া হয়েছে। আর এই টাকা তাঁরা মঞ্জুর করবেন

স্বল্প মেয়াদী শস্যঋণের জন্য। এমন কি যে সব চাষী তাঁদের দেয় পুরনো টাকা পরিশোধ করতে পারেন নি তাঁরাও চাইলে এই ঋণের টাকা নিতে পারবেন। রাজ্যের মধ্য থেকে যেমনি বীজ সংগ্রহ করা হচ্ছে তেমনি রাজ্যের বাইরে থেকেও তা যোগাড় করা হচ্ছে। সারের যোগান স্বল্প। এই রাজ্যে এর যোগান যাতে বাড়ানো যায় সেজন্য ব্যবস্থা নেওয়া হয়েছে। যে রেল ও জাহাজে ক'রে সার নিয়ে আসা হয় সেইসব পরিবহণের চলাচল ত্বরান্বিত ক'রে যোগান বাড়ানোর চেষ্টা চালানো হচ্ছে।

বন্যার ফলে ক্ষুদ্র সেচের জন্য স্থাপিত যন্ত্রপাতিগুলির ব্যাপক ক্ষয়-ক্ষতি হয়েছে। এর মধ্যে রয়েছে নদী থেকে তোলা জলসেচের জন্য ব্যবহৃত যন্ত্র, গভীর নলকূপ ও রাষ্ট্রায়ত্ত অগভীর নলকূপ। এই মুহূর্তে এগুলি সারানোর জন্য ১.৪২ কোটি টাকা মঞ্জুর করা হ'য়েছে। এছাড়াও ২.০৯ কোটি টাকাও মঞ্জুর করার সিদ্ধান্ত নেওয়া হ'য়েছে। বর্তমান পরিস্থিতির পরিপ্রেক্ষিতে চাষীরা যাতে সাহায্য পান সেই উদ্দেশ্যে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে যতদিন পর্যন্ত তাঁরা ফসল না তুলতে পারেন ততদিন পর্যন্ত তাঁদের কাছ থেকে জল-কর নেওয়া স্থগিত থাকবে। পশুপালন কৃত্যকের জন্য আলাদাভাবে ৩.১৭ কোটি টাকার সংস্থানও রাখা হয়েছে।

যেসব বাঁধ ও অন্যান্য নিরোধক প্রাচীরে ফাটল দেখা দিয়েছিল সেগুলি মেরামতের কাজ এগিয়ে চলেছে। আপনাদের সামনে যে বিবৃতি তুলে ধরা হচ্ছে তাতে মেরামতের কাজ কতখানি এগিয়েছে তার খুঁটিনাটি বিবরণ দেওয়া রয়েছে। ছ'নম্বর বিবরণ-এ এটা পাওয়া যাবে। রবি ও বোরো চাষের কাজে যাতে তিলপাড়া ব্যারেজ থেকে সেচের জলের যোগান পাওয়া যায় সে ব্যাপারে আমরা চেষ্টা চালিয়ে যাচ্ছি। ডি-ভি-সি এবং কংসাবতীর সেচসেবিত অঞ্চলেও যাতে জল ছাড়া যায় সেজন্যও একই ধরনের ব্যবস্থা নেওয়া হচ্ছে। সেচ ও বন্যানিয়ন্ত্রণের জন্য গৃহীত যেসব ব্যবস্থার বন্যায় ক্ষয়ক্ষতি হ'য়েছে সেগুলি মেরামতের উদ্দেশ্যে এখন পর্যন্ত পাঁচ কোটি টাকা মঞ্জুর করা হয়েছে।

রাস্তাঘাট ও সরকারী ঘরবাড়ী নতুনভাবে আবার গ'ড়ে তোলার কাজও হাতে নেওয়া হয়েছে। যখন বন্যার তাণ্ডব পুরো মাত্রায় চলছিল সেই সময় রাজ্য পূর্ত দপ্তর কলকাতা-দিল্লী, কলকাতা-শিলিগুড়ি ও কলকাতা-বোম্বাই জাতীয় সড়কের যেখানে যেখানে ভাঙ্গন ও ফাটল দেখা দিয়েছিল সেগুলি মেরামতির কাজে হাত লাগিয়েছিলেন। তাছাড়া, প্রতিটি জেলার মধ্যে ও একটি জেলার সঙ্গে আর একটি জেলার বহু গুরুত্বপূর্ণ যোগাযোগ পুনরুদ্ধারের কাজে এই দপ্তর সফলভাবে কাজ

করেছেন। রাস্তা-ঘাট পুনর্নির্মাণের জন্য ইতিমধ্যেই ২'৮০ কোটি টাকা মঞ্জুর করা হয়েছে। বিভিন্ন জেলায় কাজও এগিয়ে চলেছে। যেসব ছোটখাটো কারিগর ও কারুশিল্পী বন্যায় ক্ষতিগ্রস্ত হয়েছেন তাঁদের জন্য বিভিন্ন অনুদান ও ঋণ প্রকল্প রূপায়ণের উদ্দেশ্যে চার কোটি টাকা আগেই দেওয়া হয়েছে।

বেশ কিছু বড় ধরণের কাজে আমরা কি পরিমাণ সহায়সম্পদ পাবো তার উপর আমাদের পরিকল্পিত কর্মসূচী নির্ভর করছে। যেমন রাস্তাঘাট, স্কুল, হাসপাতাল ও পানীয় জল সরবরাহ ব্যবস্থা প্রভৃতির পুনর্নির্মাণের কাজে এটা ঘটতে পারে। কেন্দ্রের কাছ থেকে আরো বেশী পরিমাণ আর্থিক সহায়তা লাভের ক্ষেত্রে যে ধরণের অনিশ্চয়তা রয়েছে সেই পরিপ্রেক্ষিতে এই মুহূর্তে হয়তো বা আমাদের কিছু কিছু অগ্রাধিকার প্রদান ও পরিকল্পনার পুনর্বিন্যাস প্রয়োজন হ'তে পারে। কেননা, গ্রাম পুনর্গঠন, কৃষি ও ক্ষুদ্র শিল্পের পুনরুজ্জীবন এবং সবচেয়ে যা গুরুত্বপূর্ণ—রাস্তা-ঘাট ও সেচ ব্যবস্থার পুনর্নিমাণ—এই সব বিভিন্ন কর্মচারী যথাযথভাবে রূপায়ণ করার পর আমাদের হাতে কতটা পরিমাণ সহায়-সম্পদ থাকবে সে সম্পর্কে সন্দেহের অবকাশ রয়েছে।

আমরা ক্ষতিগ্রস্ত স্কুল-বাড়ীগুলির পুনর্নির্মাণ কর্মসূচী ঘোষণা করছি। সঙ্গে সঙ্গে আমরা এই কর্মসূচীও ঘোষণার প্রস্তাব করছি যে বন্যা বিধ্বস্ত অঞ্চলগুলিতে যেসব পরিবার ক্ষতিগ্রস্ত হ'য়েছেন তাঁদের যেসব ছেলেমেয়ে স্কুলে যায় তাদের ট্যুইশান ফী মকুব করা হবে।

আমরা কেন্দ্রের কাছে বাজেটের মারফৎ আরো বেশী পরিমাণ সহায়তার জন্য সনির্বন্ধ অনুরোধ করবার সঙ্গে সঙ্গে বিভিন্ন কমার্শিয়াল ব্যাঙ্ক ও অন্যান্য অর্থনৈতিক সংস্থার সঙ্গে এইসব জায়গা থেকে কী পরিমাণ অতিরিক্ত সহায়-সম্পদ পাওয়া যেতে পারে সে নিয়েও আলাপ-আলোচনা করেছি। এই রাজ্যে পুনর্গঠন ও পুনর্বাসনের জন্য বিভিন্ন কমার্শিয়াল ব্যাঙ্ক এই প্রতিশ্রুতি দিয়েছেন যে তাঁরা যে পরিমাণ সম্পদ আমাদের হাতে তুলে দিতে পারবেন তার পরিমাণ অন্তত একশ' কোটি টাকা। এই অর্থ যাতে যথাসম্ভব কম সুদে দেওয়া হয় তার জন্য আমরা আবেদন করছি। কেননা, এর ফলে অনেক বেশী সংখ্যক বন্যা-বিধ্বস্ত মানুষ এই সুযোগ নিতে পারবেন। রিজার্ভ ব্যাঙ্ক বিভিন্ন ব্যাঙ্কের কাছে ঋণদানের নিয়ম-কানুন আরো উদার করার জন্য প্রয়োজনীয় নির্দেশ পাঠিয়েছেন। এগ্রিকালচারাল ফিন্যান্স কর্পোরেশন এবং ইণ্ডিয়ান ব্যাঙ্কস্ এসোসিয়েশন প্রস্তাবিত এই ঋণদান কর্মসূচীর খুঁটিনাটি স্থির করার উদ্দেশ্যে

রাজ্য ও জেলা স্তরে আমাদের সরকারের সঙ্গে পরপর বেশকিছু আলাপ আলোচনা করেছেন। ব্যাঙ্কগুলি ক্ষতিগ্রস্ত অঞ্চলের আর্ত মানুষকে ঋণদানে প্রতিশ্রুতিবদ্ধ হয়েছে যাতে যতখানি সম্ভব ব্যাপক হারে জনসাধারণ এবং বিভিন্ন সংস্থাকে এই ব্যাঙ্ক এবং সমবায়ী ব্যাঙ্কগুলি সাহায্য দিতে পারে। ঋণদানের ব্যাপারে ছোট এবং প্রান্তিক চাষী, খাস জমির মালিক এবং ভাগচাষীদের অগ্রাধিকার দেওয়া হবে। ১৯৭৭ সালের খারিফ এবং রবি মরশুমের পরিশোধযোগ্য শস্য ঋণকে মেয়াদী ঋণে রূপান্তরিত করার প্রস্তাব দেওয়া হয়েছে। আশা করা যায়, যে শর্ত এবং কড়ারে ব্যাঙ্কগুলি ধার দিয়ে থাকে তার থেকেও নমনীয় এক ঋণদান নীতি তারা গ্রহণ করবে। ক্ষতিগ্রস্ত জেলাগুলির সমস্ত ব্যাঙ্ক শাখাগুলিকে একই ধরনের নির্দেশাবলী পাঠানো হয়েছে। প্রস্তাবিত কাজে এই ঋণ যাতে গ্রামে ঋণ গ্রাহকের একেবারে হাতে তুলে দেওয়া যায় তার উপর জোর দেওয়া হয়েছে। একে রূপ দেওয়ার জন্য স্থির করা হয়েছে একটা পরিদর্শক আধিকারিকের দল গঠন করা হবে যাতে বিভিন্ন বাণিজ্যিক ব্যাঙ্কের এবং সমবায়ী ব্যাকের প্রতিনিধিরা থাকবেন আর থাকবেন স্থানীয় পঞ্চায়েত সহ রাজ্য সরকারের ভূমি রাজস্ব এবং কৃষি দপ্তরের প্রতিনিধিগণ।

ছোট-ছোট শিল্প সংস্থাকে বিশেষ করে যেগুলো গ্রামাঞ্চলভিত্তিক কুটির শিল্পের পর্যায়ে পড়ে তাদের সুবিধামত পুনর্বাসনের জন্য এক বিশেষ আর্থিক সুবিধাদানের কথা ইণ্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট ব্যাঙ্ক অব্ ইণ্ডিয়া ঘোষণা করেছেন। শতকরা ২ ভাগের এমন বিশেষ সুবিধাজনক হারে শেষতম ঋণ গ্রহণকারী সংস্থাকেও ২৫,০০০ টাকা পর্যন্ত ঋণ গ্রহণের সুবিধা দেওয়া হবে। গ্রামে গৃহনির্মাণ করার কাজ যেসব জেলা পরিষদ এবং পঞ্চায়েত সমিতি রূপায়িত করবেন তাদের জন্য হাউসিং এবং আরব্যান ডেভেলপমেন্ট কর্পোরেশন অর্থ মঞ্জুরী করতে সম্মত হয়েছে। বন্যান্তর্গত স্থানে কিছু কিছু অবনির্মিতিমূলক কর্মসূচী বাস্তবায়িত করার জন্য জীবন বীমা কর্পোরেশনও রাজ্য সরকারকে ৩ কোটি টাকার একটি সাধারণ সহায়তামূলক ঋণ দিতে রাজি হয়েছেন।

কয়েকটি জাতীয় ও আন্তর্জাতিক স্বেচ্ছাসেবী সংস্থা বন্যা বিধ্বস্ত পশ্চিমবঙ্গের পুনর্গঠনের কাজে আত্মনিয়োগ করার ইচ্ছা প্রকাশ করেছেন। সম্প্রতি এই সংস্থা-সমূহের প্রতিনিধিবর্গের সঙ্গে আমার আলোচনা হয়েছে। ঐ আলোচনায় স্থির হয়েছে, তাঁরা বিদ্যালয় ভবন এবং সমষ্টি উন্নয়ন কেন্দ্রগুলিকে পুনর্গঠন করার কাজে নিয়োজিত হবেন এবং এছাড়া কৃষি ও পশুপালন সম্পর্কিত ব্যবস্থাদিতে সাহায্য প্রদান করবেন।

তাঁদের মধ্যে কোন কোন সংস্থা নলকূপ খনন, চিকিৎসক দল দিয়ে সহায়তা প্রভৃতি জনস্বাস্থ্যমূলক কর্মসূচীতে সাহায্য করবেন। যেসব অঞ্চলে গোটা গ্রামই বন্যার গ্রাসে চলে গেছে সেইসব গ্রামের গৃহচ্যুত মানুষজনের নতুন বসতি স্থাপনের জন্য এই সংস্থাগুলিকে আহ্বান করা হতে পারে।

ত্রাণ, পুনর্বাসন এবং পুনর্গঠনের কাজ ছাড়াও আরও দু'একটা অন্যান্য বিষয়ের কথা এবার আমি উল্লেখ করব। ইতিমধ্যেই তিলপাড়া এবং হিংলো বাঁধ কিভাবে ভালো করা যায় তার কারণ অনুসন্ধানের জন্য একটি সরকারী কমিটি গঠন করা হয়েছে। কংসাবতী এবং মশানজোড় বাঁধ থেকে যে জল ছাড়া হয় তা আরো সুনিয়ন্ত্রিতভাবে করা যেত কিনা তা অনুসন্ধানের ভারও এই কমিটির উপর থাকবে। দামোদর উপত্যকা প্রকল্পসহ দেশের পূর্বাঞ্চলের সামগ্রিক বন্যা নিয়ন্ত্রণ ব্যবস্থার উপর একটি অধিকতর ব্যাপক অনুসন্ধান কার্য চালানোই রাজ্য সরকারের অভিপ্রেত। বিষয়টি ইতিমধ্যেই কেন্দ্রীয় সরকারের নিকট স্মারকলিপির মাধ্যমে প্রেরিত হয়েছে।

বিবৃতি শেষ করার আগে আমার সনির্বন্ধ অনুরোধ, মাননীয় সদস্যগণ সম্যক্‌ভাবে পরিস্থিতির সামগ্রিক দিক এবং বন্যাপ্রপীড়িত সাধারণের কথা সমানুভূতির সঙ্গে চিন্তা করবেন। আমাদের আর্থিক সামর্থ্যের অভাব, তবুও পশ্চিমবঙ্গের পুনর্গঠন এমন একটি কাজ যাতে আমাদের ব্রতী হতেই হবে। আমাদের প্রয়োজনানুগ অর্থ ও অন্যান্য সাহায্যের জন্য আমরা কেন্দ্রকে অনুরোধ জানিয়ে যেতে থাকব, তা সত্ত্বেও আমাদের কাছে উপস্থিত যা আছে তাই দিয়েই যতদূর সম্ভব কাজ করতে হবে। ঠিক এই কারণেই আমরা গ্রাম-পুনর্গঠনের প্রধান দায়িত্ব পঞ্চায়েতের উপর ন্যস্ত করার প্রস্তাব দিচ্ছি। বন্যা-দুর্গত লক্ষ লক্ষ মানুষের মনোবল এবং আত্মনির্ভরতা ফিরিয়ে আনাই হবে প্রধান লক্ষ্য বিভিন্ন প্রকারে আত্ম-প্রচেষ্টামূলক কাজের প্রকল্প পঞ্চায়েতগুলি হাতে নিয়েছে, যেমন 'নিজের বাড়ী নিজে কর' কর্মসূচী। আশা করব, তাদের পরিচালনাধীনে যে সমস্ত কাজ সুসম্পন্ন হবে তা গ্রাম-গ্রামান্তরে এক নতুন উৎসাহের বন্যা বইয়ে দেবে। এ রাজ্যের অধিকার আসলে রাজ্যের জনসাধারণের। একে নতুন করে তৈরী করার ক্ষমতা এবং ইচ্ছা দুই-ই আমাদের আছে এবং আমি নিঃসন্দেহে বলতে পারি, যথোচিত আত্মোৎসর্গের মনোভাব নিয়ে যদি আমরা এ কাজে ব্রতী হই তাহলে সমস্ত বাধা-বিপদ অগ্রাহ্য করেও আমরা জয়ী হবোই।

বিবরণ—১

## বন্যাপীড়িত জেলাসমুহের জন্য বরাদ্দ অর্থ

| জেলা | শুকনো খাদ্য কেনার জন্য (লক্ষের হিসেবে) | যে ত্রাণের কাজ চলছে (লক্ষের হিসেবে) | কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচী গম (মেট্রিক টন) | খয়রাতি ত্রাণ গম (মেট্রিক টন) | খয়রাতি ত্রাণ চাল (মেট্রিক টন) |
|---|---|---|---|---|---|
| মেদিনীপুর | ৩৪.০০ | ৪২.০০ | ৭,০০০ | ১১,৪৩৫ | ১০,৮৯৫ |
| হুগলী | ২২.৫৩ | ২৯.৪০ | ১,৪০০ | ৫,৭৬০ | ৪,৯২৩ |
| হাওড়া | ২১.৩৫ | ৪৫.৬০ | ২,১০০ | ৪,৭৩০ | ৯,৪৬০ |
| বর্ধমান | ২৯.০০ | ৪০.২০ | ৩,০০০ | ৭,৪৯০ | ৫,১৩০ |
| বীরভূম | ৬.১০ | ৫.১৫ | ১,৬০০ | ২,৮০০ | ৩,১৮০ |
| নদীয়া | ৮.০০ | ১০.৮০ | ১,০০০ | ৪,৭০০ | ৫,১৮০ |
| মুর্শিদাবাদ | ১১.০০ | ২২.৯০ | ২,২০০ | ৯.৯১৫ | ৩,৯৮০ |
| বাঁকুড়া | ৪.০০ | ৭.৫০ | ২,৮০০ | ২,৫৩০ | ৯১০ |
| ২৪ পরগণা | ২১.০০ | ৩.০০ | ১,২০০ | ২,৮১০ | ২,৫৭০ |
| মালদহ | ২.০০ | ৫.৫০ | ১,০০০ | ২,৮০০ | ১,২২৭ |
| জলপাইগুড়ি | — | ০.৪৫ | ৫৮৫ | ৮০০ | ২০০ |
| পুরুলিয়া | ০.২০ | — | ২,০০০ | ৫০০ | ২০০ |

| জেলা | শুকনো খাদ্য কেনার জন্য (লক্ষের হিসেবে) | যে ত্রাণের কাজ চলছে (লক্ষের হিসেবে) | কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচী গম (মেট্রিক টন) | খয়রাতি ত্রাণ গম (মেট্রিক টন) | খয়রাতি ত্রাণ চাল (মেট্রিক টন) |
|---|---|---|---|---|---|
| পশ্চিম দিনাজপুর | ৫.৫০ | — | — | — | — |
| দার্জিলিং | ২.০০ | ১.০০ | — | — | — |
| ত্রাণ অধিকর্তা | ১৪.১২ | ৬.৬৪ | — | ৮০০ | ২,৩০০ |
| স্পেশাল কমিশনার, নয়া দিল্লী | ৫.০০ | — | — | — | — |
| মোট — | ১৮৫.৬০ | ২২০.১৪ | ২৬,৮৮৫ | ৫৪,০৭০ | ৪৫,৬৫৫ |

বিবরণ—২

সরকারী ত্রাণ ভাণ্ডার থেকে বন্যাপীড়িত জেলাসমূহে যে ত্রাণ সামগ্রী পাঠানো হয়েছে

| জেলা | চাল মেট্রিক টন | ডাল মেট্রিক টন | আটা মেট্রিক টন | বালাহার মেট্রিক টন | বালগার গম মেট্রিক টন | চিড়া ও গুড় মেট্রিক টন | রুটি খণ্ড | গুড়ো দুধ মেট্রিক টন |
|---|---|---|---|---|---|---|---|---|
| মেদিনীপুর | ৪৯৭.৬৮ | ১১৬.৭০ | ৪৭০.১৭ | ১৮০.০০ | ৩০০.০০ | ৭৩১.৬২ | ৯৬.৮০০ | ১২৬.৮৮ |
| হুগলী | ৬৪.৮০ | ১৪৫.৮৫ | ৫০.৩৬ | — | — | ১৯.৩৪ | ২৭.৭০৪ | ৩৬.৭৮ |

| জেলা | চাল মেট্রিক টন | ডাল মেট্রিক টন | আটা মেট্রিক টন | বালাহার মেট্রিক টন | বালগার গম মেট্রিক টন | চিড়া ও গুড় মেট্রিক টন | রুটি খণ্ড | গুড়ো দুধ মেট্রিক টন |
|---|---|---|---|---|---|---|---|---|
| হাওড়া | ১২১.০০ | ১২৪.০০ | ৯৯.৯৪ | ২০.০০ | — | ৮৩.৬৩ | ৭৮,৬৯৮ | ৩৬.৬৯ |
| বর্ধমান | ১৮.২০ | ১০১.০০ | — | ২২.০০ | ৫০.০০ | ০.৫৬ | ৭,৬৫০ | ৩০.২৫ |
| নদীয়া | ২৩৪.৪০ | ১৩৭.৮০ | ১৭.৭০ | ২০.০০ | — | ১৩.১০ | ১০,৬১২ | ৩৫.৮৭ |
| বীরভূম | — | ১৯.২৫ | ৫.৯০ | — | ৫০.০০ | — | ১,৪০০ | ২২.৯০ |
| ২৪-পরগণা | ১৪.০০ | ৫.০০ | — | — | — | ২৫.৩০ | ১৭,১৬৯ | ১৫.৯০ |
| মুর্শিদাবাদ | — | ৭১.৭১ | — | — | — | — | — | ৫৭.২৯ |
| বাঁকুড়া | — | — | — | — | — | — | — | ১৭.৮০ |
| মালদহ | — | — | — | — | — | ৬.১৪ | — | ৬.৭৩ |
| জলপাইগুড়ি | — | — | — | — | — | — | — | ২.২৫ |
| মোট | ৯৫০.৮০ | ৭২১.৩১ | ৬৪৪.০৭ | ২৪২.০০ | ৪০০.০০ | ৮৭৯.৬৯ | ২,৪০,০৩৩ | ৩৮৯.৩৪ |

| | ত্রিপল | ধুতি | শাড়ী | জামা কাপড় | কম্বল | চাদর |
|---|---|---|---|---|---|---|
| মেদিনীপুর | ৭৭,৪৯১ | ১,১১,৪৭৯ | ৮৪,৪৫৩ | ১,৬৯,৮৩৫ | ২৪,৬১০ | ৪৫,৬০৫ |
| হুগলী | ২৬,৫৯৮ | ৮৪,৮৭১ | ৬০,৬১১ | ১,২১,৫৩০ | ২১,৫৭০ | ২৬,৫৫০ |

| জেলা | ত্রিপল | ধুতি | শাড়ী | জামা কাপড় | কম্বল | চাদর |
|---|---|---|---|---|---|---|
| হাওড়া | ২৬,৫১৫ | ৫৯,০৯২ | ৬৮,২৬২ | ১,২৪,৩৫২ | ২৩,৮০০ | ২৮,৮৫২ |
| বর্ধমান | ১৭,৩৬০ | ৭৩,৮৭৩ | ৬৭,৭৫১ | ১,৪৬,২২০ | ২৭,০৬০ | ২১,৬০০ |
| নদীয়া | ১৯,৩০৮ | ৭০,৫২২ | ৭৪,৮৪৫ | ১,৬৮,৪১২ | ৩০,৭০০ | ২৮,৪৩০ |
| বীরভূম | ৮,৪১৫ | ৮৩,৯১১ | ৬৭,২১৪ | ১,৪৬,৯৯৬ | ২৮,৮৫৯ | ২২,৪৪৯ |
| ২৪-পরগণা | ৩,০৫৪ | ৪৮,৮২৬ | ৫২,৬৬৫ | ১,২৮,৩৪০ | ১১,৬৪০ | ১৩,৬২৮ |
| মুর্শিদাবাদ | ৩৯,২২৯ | ৭৭,৮৫৩ | ৯০,৪৭৮ | ১,৫৬,২০০ | ৩৩,৪৪০ | ৩৩,৭৭৬ |
| বাঁকুড়া | ২,৪৫৩ | ৩৮,০৮০ | ৩৪,৭৩৬ | ৬৮,৫৫০ | ২০,২৪০ | ১৫,০০ |
| মালদহ | ৩,৮০০ | ৯,১০০ | ৩৮,৪৩২ | ৫৪,৯৫৬ | ৫,৯২০ | — |
| জলপাইগুড়ি | ২,৫০০ | ১৮,১০০ | ১৯,৫০৪ | ৬২,৬৪৭ | ১,০০০ | — |
| পুরুলিয়া | ৭৫০ | ২,২০০ | ২,২০০ | — | — | — |
| মোট | ২,২৭,৪৭৩ | ৬,৮৫,৭০৭ | ৬,৬১,১৫১ | ১৩,৪৮,০৩৮ | ২,২৯,৫৩৯ | ২,৩৩,৮৯০ |

টীকা—এ ছাড়াও কিছু পরিমাণ রেপ সীড অয়েল, পাম অয়েল, কয়লা ও অন্যান্য ধরণের পোশাক-পরিচ্ছদ জেলাসমূহে পাঠানো হয়েছে।

বিবরণ—৩

বন্যাকালীন জরুরী অবস্থায় যে সব ওষুধপত্র পাঠানো হয়েছে

| ক্রমিক সংখ্যা | ওষুধের নাম | পর্যায়—১ ও ২ সরবরাহের পরিমাণ | পর্যায়—১ ও ২ মূল্য (টাঃ) | পর্যায়—৩ সরবরাহের পরিমাণ | পর্যায়—৩ মূল্য (টাঃ) |
|---|---|---|---|---|---|
| (১) | হেলোজোন | ৪৪,৩৪,৯০০ ট্যাবলেট | ৯৭,৫৬৭'৮০ | ৩,১০,৫২,৯০০ ট্যাবলেট | ৬,৮৩,১৬৪.০০ |
| (২) | ব্লিচিং পাউডার | ২,১৮১ ব্যারেল × ৫০ কে.জি. | ৩,১৮,৪২৬'০০ | ৪০০ ব্যারেল × ৫০ কে.জি. | ৭,৮৮,৪০০'০০ |
| (৩) | অজীর্ণ নিরোধক ট্যাবলেট (এন্টি ডাইরিয়াল ট্যাবলেট) | ৪৫,২৩,০০০ | ১২,২১,২১০'০০ | ৭১,৪৯,০০০ ট্যাবলেট | ৯,৩০,২৩০'০০ |
| (৪) | সালফা গুয়ানিডিন ট্যাবলেট | ৯৬,০৪,০০০ | ৮,৯৩,১৭২'০০ | ১,৫৯,৬৩,০০০ ট্যাবলেট | ১৪,৮৪,৫৫৯'০০ |
| (৫) | এ. সি. ভ্যাক্সিন | ২৫,২২,৭০০ সিসি | ৩,৭৮,৪০৫'০০ | ৯৫,৩৮,৭৪৫ সিসি | ১৪,৩০,৮১২'০০ |
| (৬) | টি. এ. বি. ভ্যাক্সিন | ৩,২৮,৬৮০ সিসি | ৯২,০৩০'৪০ | ৯,৩৬,৩৬৮ সিসি | ২,৬২,১৮৩'০০ |
| (৭) | রিহাইড্রেশন পাউডার | ২২,৫৪০ প্যাকেট | ৬৫,৩৬৬'০০ | ১,৩৮,৬৫১ প্যাকেট | ৪,০২,০৮৮'০০ |
| (৮) | এণ্টারোকুইনল | — | — | ৪০,৫০,০০০ ট্যাবলেট | ৪,০৫,০০০'০০ |
| | অন্যান্য ওষুধপত্র যথা— এস্পিরিন ট্যাবলেট, পারাসিটামেল ট্যাবলেট, ডেক্স্ট্রোজ, নর্মাল সেলাইন, ক্লোরোষ্ট্রেপ ক্যাপসুল, টেট্রাসাইক্লিন ক্যাপসুল, আই. ভি. ট্রান্সফিউসন্ ফ্লুইড-কাম এস. টি. ভি. ইনফিউসন সেট, মালটিভিটামিন ট্যাবলেট ও ড্রপস, এন্টি-ভেনাম, এ. টি. এস. এবং ইকুইপমেণ্টস্, রেক্টিফায়েড স্পিরিট প্রভৃতি | | ২১,৭০,৪৪৭'০৬ | | ১,৪৫,০০,০০০'০০ (ন্যূনপক্ষে) |
| | | মোট | ৫২,৩৬,৬২৪'২৬ | | ২,১৮,৮৬,৪৩৬'০০ |

বিবরণ—৪

১ম ও ২য় বারের বন্যার সময় ভারত সরকারের কাছ থেকে যে সহায়তা চাওয়া হয়েছিল এবং যা পাওয়া গেছে

( টাকার অঙ্ক কোটিতে )

| | খাত | যে সহায়তা চাওয়া হয়েছে | পরিকল্পনা খাতে মঞ্জুরীকৃত আগাম সহায়তা |
|---|---|---|---|
| ১। | গৃহনির্মাণ অনুদান | ৩৫.০০ | ৭.০০ |
| ২। | গৃহনির্মাণ ঋণ | ১০.০০ | — |
| ৩। | অন্যান্য ত্রাণ-ব্যবস্থা | ৯.০০(*) | — |
| ৪। | কৃষি | ৯.৫৪ | ১.০০ |
| ৫। | সমবায় | — | — |
| ৬। | পশু-পালন ও পশু-চিকিৎসা | ১.১৮ | ০.৪০ |
| ৭। | মৎস্য চাষ | ০.৮৯ | ০.২০ |
| ৮। | কুটীর ও ক্ষুদ্র শিল্প | ৩.১৪ | ০.৪৫ |
| ৯। | সেচ ও বন্যা নিয়ন্ত্রণ | ১২.৩৯ | ৪.৫৫ |
| ১০। | সড়ক | ১০.০১ | ৩.০০ |
| ১১। | শিক্ষা | ৩.৯০ | ০.৪০ |
| ১২। | স্বাস্থ্য | ২.৯২ | ১.৫০ |
| ১৩। | পৌরকৃত্যক ও শহর উন্নয়ন | ১.১৮ | ০.৩০ |
| ১৪। | পঞ্চায়েত ( সড়ক ইত্যাদি ) | ২.২৪ | ০.৫০ |
| ১৫। | অন্যান্য | ০.০৪ | — |
| | মোট— | ১০১.৪৩ | ১৯.৩০ |

(এখন পর্যন্ত ১৫ কোটি টাকা পাওয়া গেছে)

(*) এইসঙ্গে কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচীর জন্য ২.৫ কোটি নগদ টাকাও ধরা হয়েছে।

টীকা: স্বল্পমেয়াদী কৃষিঋণ হিসেবে ভারত সরকার আরও ১০ কোটি টাকা মঞ্জুর করেছেন।

বিবরণ—৫

**তৃতীয় দফা বন্যার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে যে সাহায্য চাওয়া হয়েছে এবং যে সাহায্য মঞ্জুর করা হয়েছে**

| | খাত | যে সাহায্য চাওয়া হয়েছে (টাকার অঙ্ক কোটিতে) | যে সাহায্য মঞ্জুর করা হয়েছে (টাকার অঙ্ক কোটিতে) |
|---|---|---|---|
| ১। | গৃহনির্মান অনুদান | ৪৫·০০ | ১১·০০ |
| ২। | গৃহনির্মাণ ঋণ | —(**) | — |
| ৩। | অন্যান্য ত্রাণ-ব্যবস্থা | ৫০·০০ | — |
| ৪। | কৃষি | ৩৭·০০ | ১৩·২০ |
| ৫। | সমবায় | ৭·৫০ | ১·০০ |
| ৬। | পশুপালন ও পশুচিকিৎসা কৃত্যক | ২[illegible]·৫০ | ১·৩০ |
| ৭। | মৎস্যচাষ | ৫·০০ | ০·৮০ |
| ৮। | কুটির শিল্প ও ক্ষুদ্র শিল্প | ১২·০০ | ৭.২৫ |
| ৯। | সেচ ও বন্যা নিয়ন্ত্রণ | ২২·০০ | ৮.৭৮ |
| ১০। | রাস্তা | ৩৫·০০ | ১০·০০ |
| ১১। | শিক্ষা | ১২·০০ | ২·৬০ |
| ১২। | স্বাস্থ্য | ৪৫·০০ | ৫·৭০ |
| ১৩। | পৌর কৃত্যক ও শহর উন্নয়ন | ২৪·৫০ | ৪·০০ |
| ১৪। | পঞ্চায়েত (রাস্তা ইত্যাদি) | ১৫.০০ | ৪·০০ |
| ১৫। | অন্যান্য | ১৬·১৫ | — |
| | | ৩৪৯·৭৫ (***) | ৬৯.৬৩ (এখন পর্যন্ত হাতে পাওয়া গেছে ২৫ কোটি টাকা) |

(**) কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচীর জন্য নগদ টাকা বাবদ ২৫ কোটি টাকা ধরে।

(***) অধিকন্তু, রাজ্য সরকার প্রাতিষ্ঠানিক অর্থ বাবদ ১২৮ কোটি টাকা চেয়েছেন।

টীকা ১—কেন্দ্রীয় সরকার স্বল্প মেয়াদী কৃষি ঋণ বাবদও ২০ কোটি টাকা বরাদ্দ করেছেন।

টীকা ২—কেন্দ্রীয় সরকার আরও জানিয়েছেন যে কেন্দ্রীয় সমীক্ষক দল রাজ্যের এ্যাপেক্স হ্যাণ্ডলুম ইন্‌ষ্টিটিউশনকে শেয়ার মূলধন সাহায্যের ঋণ বাবদ ১·০০ কোটি টাকা এবং সেনট্রাল সেক্টর স্কিমের অধীনে হস্তশিল্পজাত সামগ্রীর বিপণনের জন্য এ্যাপেক্স বডিকে ০.২৫ কোটি টাকা ঋণ দেবার সুপারিশ করেছেন। কেন্দ্রীয়

সাহায্যপুষ্ট কর্মপ্রকল্পগুলির অধীনে "বোরো ধান" কর্মসূচীর জন্য কমিউনিটি নার্সারিকে ০.২০ কোটি টাকা দেবার জন্য কেন্দ্রীয় পর্যবেক্ষক দল সুপারিশ করেছেন। উপরে যে কর্ম প্রকল্পগুলির কথা বলা হয়েছে সেগুলির ব্যাপারে কেন্দ্রীয় সরকারের শিল্প/কৃষি মন্ত্রককে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।

টীকা ৩—তৃতীয় দফা বন্যার পর রাজ্য সরকার নিরপেক্ষ সাহায্যের এবং 'কাজের বিনিময়ে খাদ্য' কর্মসূচীর জন্য ৬,৫০,০০০ মেট্রিক টন খাদ্য চেয়েছিলেন। এর আগে প্রথম ও দ্বিতীয় দফা বন্যার পর রাজ্য সরকার ১,৩৫,০০০ মেট্রিক টন খাদ্য শস্য চেয়েছিলেন। খয়রাতি সাহায্যের জন্য কেন্দ্রীয় সরকার এ পর্যন্ত ৫০,০০০ মেট্রিক টন গম এবং ৪৫,০০০ মেট্রিক টন চাল বরাদ্দ করেছেন। 'কাজের বিনিময়ে খাদ্য' কর্মসূচীর জন্য কেন্দ্রীয় সরকার এ পর্যন্ত ১,০০,০০০ মেট্রিক টন খাদ্য শস্য চলতি বছরে বরাদ্দ করেছেন, তার মধ্যে কিছু অংশ বন্যা-উত্তর পুর্নবাসন কার্যে ব্যয় করা হবে।

বিবরণ—৬

| জেলার নাম | বন্যার ফলে ফাটলের সংখ্যা | বাঁধে ফাটল এখন পর্যন্ত কতগুলি ফাটল মেরামত করা হয়েছে | মন্তব্য |
|---|---|---|---|
| মালদহ | ১৩ | — | সমস্ত কাজ হাতে নেওয়া হয়েছে এবং অল্প সময়ের মধ্যে শেষ করা যাবে বলে আশা করা যাচ্ছে। |
| মুর্শিদাবাদ | ২২ | — | ঐ |
| মেদিনীপুর | ৫,৫৩৫ | ৪,৭৮৮ | প্রাথমিকভাবে বন্ধ করা হয়েছে। মেদিনীপুর খাল থেকে সেচের কাজ শুরু করা হয়েছে। |
| হুগলী | ৩৫৭ | ১৭৩ | |
| বর্ধমান | ৮১৭ | ৭৯৯ | |
| নদীয়া | ৩৬ | — | সমস্ত কাজ হাতে নেওয়া হয়েছে এবং অল্প সময়ের মধ্যে শেষ করা যাবে বলে আশা করা যাচ্ছে। |
| বীরভূম | ৮০০ | ৩৫০ | |
| হাওড়া | ১,০০৮ | ৬৪০ | |
| বাঁকুড়া | ৩০৩ | ২৭২ | |
| পুরুলিয়া | ১ | ১ | |
| ২৪-পরগণ, কলিকাতা | ৩৪৬ | ৩৪৬ | |

**(Including adjournment)**

[3-20—3-55 P.M.]

**শ্রীদেবনারায়ণ চক্রবর্তী ঃ** অন এ পয়েন্ট অব ইনফর্মেশান, স্যার। পাণ্ডুয়া থানার বিভিন্ন সংস্থার পক্ষ থেকে ২ হাজার ৭৪ টাকা পাঠিয়েছে আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর ত্রান তহবিলে জমা দেবার জন্য। সেটা আমি আপনার মাধ্যমে জমা দিতে চাই।

**মিঃ স্পীকার ঃ** সভার কাজ ৪টা বাজতে ১০ মিঃ পর্যন্ত স্থগিত থাকল।

(At this stage the House was adjourned for 30 minutes)

**(After Adjournment)**

**শ্রীহরিপদ ভারতী :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, পশ্চিমবঙ্গের মাননীয় মুখ্যমন্ত্রী পশ্চিমবঙ্গের সাম্প্রতিক বন্যা পরিস্থিতি সম্বন্ধে যে বিবরণ রেখেছেন আমি তা যথোচিত মনোযোগের সঙ্গে এবং যথাযোগ্য শ্রদ্ধার সঙ্গে পাঠ করেছি। তাঁর বিবরণ শুনতে শুনতে মনে হয়েছিল যে এটা আত্ম তুষ্টির মনোভাব তিনি পোষণ করছেন, মুখ্যমন্ত্রী পশ্চিমবঙ্গের ত্রান ব্যবস্থা সম্বন্ধে যথেষ্ট করণীয় কর্তব্য পালন করেছেন এবং পুনর্বাসনের জন্য সমস্ত দায়-দায়িত্ব গ্রহণ করবার জন্য তিনি প্রস্তুত আছেন। নিঃসন্দেহে তাঁর এই আত্মবিশ্বাস আত্মতুষ্টিকে আঘাত করতে চাই না, তিনি যে উদার আহ্বান তাঁর বক্তব্যের পরিশেষে সমস্ত মাননীয় সদস্যদের কাছে রেখেছেন সেই আহ্বানে সাড়া দিতে আমি প্রস্তুত। কিন্তু তাঁর বিবরণের মধ্যে সত্য সত্যই ত্রান ব্যবস্থা যেভাবে পরিচালিত হয়েছে তা তিনি উল্লেখ করেন নি। তিনি এমন একটা বিবরণ দিয়েছেন যেন সমস্ত দুর্গত অঞ্চলে তিনি ত্রান ব্যবস্থা যথাসময়ে যথা শীঘ্র পৌঁছে দিতে পেরেছেন, যেন যা কিছু করণীয় ছিল সেই কর্তব্য তিনি সম্পাদন করতে চেষ্টা করেছেন। কিন্তু আজো এমন অঞ্চল আছে যেখানে কোন সরকারী সাহায্য পৌঁছেছে বলে আমরা শুনিনি। তদানীন্তনকালে বন্যার প্রথম প্রকোপ মুহূর্তগুলিতে সরকারী সাহায্য দুর্গত অঞ্চলে গিয়ে পৌঁছাতে পারেনি। আমার নিজের অভিজ্ঞতা থেকে বলতে পারি বেসরকারী প্রতিষ্ঠানগুলি যখন আর্ত মানুষের পাশে সাহায্য নিয়ে গিয়ে পৌঁছেছে, জলবন্দী মানুষকে উদ্ধার করছে, তখন সরকারী ব্যবস্থা সেখানে গিয়ে উপস্থিত হতে পারেনি, এই চিত্র আমরা দেখেছি। আমরা দেখেছি সেদিন যেন একটা অসহায় কিংকর্তব্যবিমূঢ় সরকারকে, যে সরকার সমস্যার মোকাবেলা করবার মত

কর্তব্য পালন করেননি। আন্তরিকতা ছিল না একথা বলছি না, কিন্তু সংগতি ছিল না, আত্মবিশ্বাস ছিল না। সেদিন রাইটার্স বিল্ডিংস যাঁরা প্রত্যক্ষ করেছেন তাঁরা দেখেছেন একটা অস্বাভাবিক নৈরাশ্যজনক পরিস্থিতি সেখানে, সেখানে কোন কাজ হচ্ছে বলে মনে হত না। মাননীয় মুখ্যমন্ত্রীকে মনে হত বড় বেশী বিব্রত, তিনি সব দিক থেকে নানা রকম সংবাদ পাচ্ছেন, কিন্তু সেই সংবাদ-এর উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে পারছেন না। সেই বিব্রত অবস্থায় মাননীয় মুখ্যমন্ত্রীকে লক্ষ্য করেছি। যেটুকু ত্রান সামগ্রী সরকার পৌঁছে দিয়েছেন সেই ত্রান সামগ্রীর উপর একটা দলীয় লেভেল মারবার হাস্যকর লজ্জাকর প্রয়াস আমরা লক্ষ্য করেছি। নিশ্চয়ই এই বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রীর লজ্জিত হওয়া উচিত। কারণ, তিনি জানেন একথা সেদিন কিভাবে সরকারী ত্রান লরী করে বেরিয়েছে, অকস্মাত সেই লরী কোথাও রাস্তায় গিয়ে দাঁড়াল, সঙ্গে সঙ্গে সেই লাল পতাকায় সমাচ্ছন্ন লরী থেকে পার্টির চিৎকার, যাতে মানুষ মনে করে সি পি এম সাহায্য দিচ্ছে, সরকার সাহায্য দিচ্ছে না। এমন কি অন্যান্য প্রতিষ্ঠান যখন তাঁদের সাহায্য নিয়ে গেছেন তখন সেই সাহায্যগুলি তাঁদের বণ্টন করতে দেওয়া হয়নি, তাঁদের কাছ থেকে অনেক সময় মালপত্র কেড়ে নিয়ে সি পি এম কর্মীরা তা সরবরাহ করেছেন এই চিত্র দেখাবার জন্য যে তাঁরাই মানুষকে একমাত্র সাহায্য করছেন, আর কেউ কোন সাহায্য দিচ্ছে না।

[3-55—4-00 P.M.]

সঙ্গে সঙ্গে আমি একথা বলতে চাই যে, সামরিক বাহিনীর জওয়ানরা দুর্গত অঞ্চলে প্রবেশ করবার পূর্বে সরকারী ত্রাণ ব্যবস্থা আদৌ প্রশংসাযোগ্য ছিল না যেটা আমাদের মুখ্যমন্ত্রী দাবী করছেন। আমি বলতে পারি সামরিক বাহিনী এয়ার ড্রপের মাধ্যমে ত্রাণ সামগ্রী মানুষের কাছে পৌঁছে দিয়েছে, তার পূর্বে সরকারী ব্যবস্থা তেমন ছিল না এবং তাদের মধ্যে শৃঙ্খলাও ছিল না এবং লক্ষ্য করেছি দলীয় স্বার্থসিদ্ধি এই ত্রাণ ব্যবস্থার মুখ্য লক্ষ্য ছিল। দলীয় দৃষ্টিভঙ্গী নিয়ে কিভাবে ত্রাণ সামগ্রী বিলি করা হয়েছে তার অসংখ্য দৃষ্টান্ত আমি দিতে পারি, আমার কাছে রয়েছে। আমরা পঞ্চায়েতের ক্ষেত্রে দেখেছি কোন পঞ্চায়েত যদি সরকারী দলের লোকেদের দ্বারা পরিপুষ্ট না হয়, বেসরকারী লোকেদের দ্বারা পরিপুষ্ট হয় তাহলে সেখানে সে রকম সাহায্য দেওয়া হয়নি, যে সাহায্য দেওয়া হয়েছে সরকারী দলপুষ্ট পঞ্চায়েতকে। এই দৃষ্টান্ত কিন্তু পশ্চিমবাংলার মানুষের মন থেকে মুখ্যমন্ত্রী সরিয়ে দিতে পারেননি। মানুষ দেখেছে কিভাবে পক্ষপাতিত্ব চলেছে এই ত্রাণ সামগ্রী নিয়ে। এবারে আমি

আপনাদের কাছে সরকারী সাহায্যের কথা বলব। এঁরা দুর্গত মানুষের কাছে একথা বলবার চেষ্টা করছেন যে, আমাদের এ সঙ্গতিতে যা সম্ভব আমরা সেটা করছি। তবে আমাদের পক্ষে সবটা সম্ভব নয় কারণ আমাদের পুঁজি সীমিত। তাঁরা আরও বলছেন কেন্দ্র তাঁদের কর্তব্য পালন করছে না, প্রয়োজনীয় অর্থ সরবরাহ করছে না কাজেই আমরা তোমাদের সাহায্য করতে পারছি না। এটা অবশ্য কোন নতুন কথা নয়, এই বক্তব্য আমরা বিধানসভায় বহুবার শুনেছি যে কেন্দ্রের জন্য পশ্চিমবাংলার উন্নতি হচ্ছে না, কেন্দ্রের আনুকুল্যের অভাবে পশ্চিমবাংলার উন্নতি হচ্ছে না। তবে আশ্চর্যের কথা একদিকে এঁরা বলছেন কেন্দ্র আমাদের বন্ধু সরকার আবার অন্যদিকে বলছেন কেন্দ্র আমাদের সাহায্য দিচ্ছে না কাজেই পশ্চিমবাংলাকে বাঁচাতে চাইলেও আমরা বাঁচাতে পারছি না। কিন্তু কেন্দ্র যে সাহায্য দিচ্ছে সেটা আমি আপনাদের কাছে উপস্থিত করছি এবং আপনাদের দেখাচ্ছি মুখ্যমন্ত্রী তাঁর বিবৃতির মধ্যে সে সম্বন্ধে কত রকম বিভ্রান্তিকর বিবৃতি রেখেছেন। আমরা কখন কখন শুনি মাত্র ১৫ কোটি টাকা কেন্দ্রের সাহায্য হিসেবে পাওয়া গেছে। কিন্তু আজকের সংবাদপত্রে বেরিয়েছে বোম্বেতে মুখ্যমন্ত্রী বলেছেন ৯০ কোটি টাকা কেন্দ্রের কাছ থেকে আমরা পেয়েছি। ১৫ কোটি এবং ৯০ কোটির মধ্যে কত ব্যবধান সেটা নিশ্চয়ই আমাদের মুখ্যমন্ত্রীকে স্মরণ করিয়ে দিতে হবে না। আজকে এখানে অর্থমন্ত্রী সম্বন্ধে একটা বেসরকারী প্রস্তাব এসেছিল এবং তার মধ্যে তাঁর পদত্যাগের দাবী নিয়ে এই সভা চঞ্চল হয়ে উঠেছিল। এটা হওয়া উচিত, এটা স্বাভাবিক। কিন্তু আমাদের মুখ্যমন্ত্রী এই কেন্দ্রীয় সাহায্যের কথা বিভিন্ন সময় যেভাবে বলেছেন তাতে কিন্তু মানুষের কাছে সেটা সন্দেহের বিষয় হয়ে দাঁড়িয়েছে। তিনি যখন দিল্লীতে থাকেন তখন তিনি কেন্দ্রীয় সাহায্য সম্বন্ধে সন্তুষ্টি প্রকাশ করেন, কিন্তু কোলকাতায় এলেই বলেন কৈ কেন্দ্র তো কোন সাহায্য করছে না, তিনি আত্মভোলা মানুষ তাই দেখি তিনি কখন শিব এবং কখন বা শিবের সঙ্গী।

[4-00—4-10 P.M.]

কিন্তু আজকে যেকথা দিয়েছেন মাননীয় মুখ্যমন্ত্রী তাঁর যে বিবৃতি পেশ করেছেন তাতে তিনিও ১৫ কোটি টাকার কথা—ভদ্রলোকের এক কথার মত আবার লিখেছেন। যদিও বলেছেন আমি চেয়েছি কেন্দ্রের কাছে বেশী অনুদান কিন্তু আসলে ঐ ১৫ কোটি টাকা ছাড়া নতুন কোন অংক পেয়েছেন এই কথা উনি বলেননি ওঁর বক্তৃতায়। কিন্তু পরে হিসাব দিয়েছেন প্রথম ও দ্বিতীয় বারের বন্যার সময় ভারত

সরকারের কাছ থেকে যে সহায়তা চাওয়া হয়েছিল এবং যা পাওয়া গিয়েছে তার বর্ণনা দিতে গিয়ে উনি বলেছেন এখন পর্যন্ত ১৫ কোটি টাকা পাওয়া গিয়েছে। প্রথমও দ্বিতীয়বারের বন্যায় আবার তিনি লিখেছেন তৃতীয় দফায় বলার সময়ে কেন্দ্রের কাছ থেকে এখন পর্যন্ত হাতে পাওয়া গেছে ২৫ কোটি টাকা। ১৫ আর ২৫ মনে হয় ১৫-র চেয়ে বেশী হয় ' কিন্তু মাননীয় মুখ্যমন্ত্রী তা কোথাও বলেননি। কাজেই অঙ্কটা ওখানেই রয়েছে। অথচ এদিকে জনতা পার্টির সভাপতি চন্দ্রশেখর কলকাতায় এসে বলে গেছেন যে ১৫০ কোটি টাকার সামগ্রী বন্যাবিধ্বস্ত এলাকায় দিয়েছেন কেন্দ্রীয় সরকার। ১৫০ কোটি টাকার কথা তিনি বলেছেন এবং ১৫০ কোটি টাকার কথা শুধু চন্দ্রশেখর বলেননি তা নয়, আমি মাননীয় সদস্যদের স্মরণ করিয়ে দিতে চাই কয়েকদিন আগে টি. ভি. সাক্ষাৎকারে পশ্চিমবঙ্গ সরকারে প্রধান সচীব জিজ্ঞাসার উত্তরে বলেছেন যে, হ্যাঁ এখন পর্যন্ত যে টাকা আমরা পেয়েছি, যে সাহায্য আমরা পেয়েছি তার পরিমাণ ১৫০ কোটি টাকার সমান হবে। হয় প্রধান সচীবকে ওঁরা মিথ্যাবাদী বলে প্রমাণ করুক নতুবা আমার বক্তৃতায় এমন কথা বলবার যুক্তিসঙ্গত কারণ নেই। সে সাক্ষাৎকার নিশ্চয় আপনারা দেখেছেন। সে কথা যদি না শুনে থাকেন তাহলে প্রধান সচীবকে প্রশ্ন করতে পারেন। কাজেই তিনিও ১৫০ কোটি টাকার কথা বলেছেন। আর এঁরা সর্বত্র জেলাওয়ারী ভাষণে এবং মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ও বলেছেন কেন্দ্র টাকা দেয়নি। কেন্দ্র দিতে পারতো কিন্তু দেয়নি। আজও অত্যন্ত বিনয়ের সঙ্গে কৌশল করে তিনি বলেছেন যে কেন্দ্রের আর্থিক ক্ষমতা সীমিত এবং অন্যান্য রাজ্যে বন্যা হয়েছে। অথচ অঢেল টাকা কেন্দ্র আমাদের দিতে পারে না। তবুও আমরা ৩৫০ কোটি টাকা চাই এবং তা দিতে হবে। কেন্দ্র সেই টাকা দেবেন তাতে আমাদের কিছু বলবার নেই। তবে আমি আপনাদের কাছে অকপটে এই কথা বলবো যে কেন্দ্র আরও বেশী সাহায্য করুন এটা আমাদেরও দাবী। আমি চাই পশ্চিমবাংলার দুর্গত মানুষের ক্ষয়ক্ষতির যে পরিমাণ সে তুলনায় কেন্দ্রের উচিত আরও বেশী সাহায্য পশ্চিমবাংলায় দেওয়া, কিন্তু একদিকে সাহায্য চাইবেন আর একদিকে সাহায্য যা পেয়েছেন তা অস্বীকার করবেন—একদিকে কেন্দ্রকে বন্ধু ভাবছেন আর একদিকে কেন্দ্রের নিন্দায় পঞ্চমুখ হবেন, পশ্চিমবাংলার মানুষের কাছে কেন্দ্র সরকারকে হেয় করতে চাইবেন এই খেলা বোধ হয় বেশী দিন চলে না, এই খেলা বোধ হয় চলবে না। কাজেই আমি বলতে চাইছি এবং আজকে সঙ্গে সঙ্গে এখানে বন্যার বিস্তৃত বিবরণ দিতে গিয়ে বাঁধ ভেঙ্গেছে, জলোচ্ছ্বাস হয়েছে, গ্রামের পর গ্রাম বিধ্বস্ত হয়েছে, কত ক্ষয়ক্ষতি হয়েছে, কত মানুষ মরেছে, তার একটি বর্ণনা

মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় দিয়েছেন। তিনি প্রত্যাশিত ভাবেই দিয়েছেন। যদিও ক্ষয়ক্ষতির পরিমাণ সম্বন্ধে তিনি যত উদার মৃত্যুর সংখ্যা সম্বন্ধে ততবেশী সংকুচিত। মাত্র ৯০০ শত কত মৃত্যু একথাটি তিনি বললেন কিন্তু তিনি নিশ্চয় এই সংবাদ পেয়েছেন মৃত্যুর সংখ্যা আরও অনেক বেশী। কিন্তু মুখ্যমন্ত্রী মহাশয় পশ্চিমবঙ্গ সরকারের উপর অধিক মৃত্যুর দায়দায়িত্ব বোধকরি চাপাতে চাননি তাই এই সংখ্যাটি কমিয়ে দেখিয়েছেন।

তাই সংখ্যাকে কমিয়ে দেখাবার চেষ্টা করেছেন। এখানে আমার সংক্ষিপ্ত বক্তব্য বাঁধগুলো ভাঙ্গল কেন, জলোচ্ছ্বাস হলো কেন? মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন যে তিনি সে সম্বন্ধে তদন্তের ব্যবস্থা করেছেন। তদন্ত যথাকালে চলবে, তদন্ত হবে। তদন্ত কিভাবে হবে সে সম্বন্ধে আমার বক্তব্য নয়। কিন্তু একথা সত্য তিলপাড়া ব্যারাজ জলে যখন ভাঙ্গছিল তখন বাঁধের কর্মকর্তারা ফিস্ট করছিলেন, বাঁধ রক্ষার চেষ্টা করেননি। এই সংবাদ আমার নয়, এই সংবাদ আনন্দ বাজারের সাংবাদিকের। সুদেববাবুকে কে বলেছে? (সরকারী দল থেকে হাসির আওয়াজ) বলেছেন তিলপাড়া ব্যারাজের এক্জিকিউটিভ ইঞ্জিনীয়ার শ্রীকমল সরকার, এটা তাঁরই বক্তব্য এবং তিনিই তাঁকে বলেছেন। আপনারা আনন্দবাজারের কথা শুনে আনন্দিত হবেন কিন্তু এক্জিকিউটিভ ইঞ্জিনীয়ার যিনি সরকারী কর্মচারী, উচ্চ পদস্থ কর্মচারী তিনি যখন বলেন বাঁধ ভাঙ্গার সম্বন্ধে মানুষের কোন দায়িত্ব ছিল, সরকারী কর্মচারীদের দায়িত্ব ছিল, তখন সেকথা যদি এমন হেসে উড়িয়ে দেন তো নিজেরাই নিজেদের হাসাবেন, এর বিশী কিছু করতে পারবেন না। মানুষের যে দায় দায়িত্ব আছে, সরকারী প্রশাসনের যে দায় দায়িত্ব আছে সেই দায় দায়িত্ব সম্বন্ধে নিঃসন্দেহে শুধু তদন্ত নয় বিচার আবশ্যক। আমি জানি ঘটনা ঘটার পরে যখন তদন্ত হয়, কাগজপত্র লোপাট হয়, তখন প্রকৃত অপরাধীকে খুঁজে পাওয়া সম্ভবপর নয়। তাই হয়ত মাননীয় মুখ্যমন্ত্রীর আন্তরিক ইচ্ছা থাকলেও অনেক পরে তদন্ত হওয়ার ফল যা তা সত্যই কল্যাণকর হবে না, একথাই তাঁকে বলতে চাচ্ছি। সঙ্গে সঙ্গে প্রশ্ন হচ্ছে যে আমাদের দলবাজীর যে অভিযোগ, যে অভিযোগের কথা পড়ে আমাদের বন্ধুরা উত্তেজিত, সেই অভিযোগ আমি ভিত্তি দিয়ে দেখাবার চেষ্টা করছি। বহুবার মুখ্যমন্ত্রীকে বলেছি, আমি এখন একটা প্রচণ্ড দলবাজীর দৃষ্টান্ত আপনার সামনে উপস্থিত করতে চাইছি সেটা কো-অর্ডিনেশন কমিটি সংক্রান্ত সরকারী সিদ্ধান্তের কথা। (সরকারী পক্ষ থেকে তুমুল হাসি) আমি জানি আপনারা উপভোগ করবেন, কারণ এমন তথ্য যদি উপভোগ না করেন তো কিসে উপভোগ করবেন?

কো-অর্ডিনেশন কমিটি সম্বন্ধে আমার কোন ব্যক্তিগত অভিযোগ নাই, তাদের নিষ্ঠা, তাদের সততা, কর্মদক্ষতা, কৌশল করি বলে একথা বলছি তা নয়, আমার বক্তব্য হচ্ছে সরকারী কর্মচারীকে আপনারা দলে ভাগ করলেন জাতিতে ভাগ করলেন, প্রথম শ্রেণী দ্বিতীয় শ্রেণীতে ভাগ করলেন, এক দলকে বিশ্বস্ত, কর্মক্ষম সত্যকারের দেশপ্রেমী বলে চিহ্নিত করলেন, তাদের উপর দায় দায়িত্ব অর্পণ করলেন, আর এক দলকে কিন্তু সেভাবে দেখলেন না। একটু আগে কথায় কথায় কো-অর্ডিনেশন কমিটি সম্বন্ধে বললেন, আমরা সেভাবে দেখিনি। একথাগুলি কিন্তু সত্য নয়। একজন মন্ত্রী মহাশয় আজকে প্রশ্নোত্তরের সময় বললেন কো-অর্ডিনেশন কমিটিকে আলাদা করে কিছু দেওয়া হয়নি। আমার কাছে সমস্ত রেডিওগ্রাম বিভিন্ন জেলায় ম্যাজিস্ট্রেটের কাছে যা পাঠিয়েছিলেন, তার ফটোস্টেট কপি আছে। তাতে তিনি কি বলেছেন ? ( সরকারী দল থেকে : পড়ে একটু শুনিয়ে দিন না। ) পড়ে শুনিয়ে দিলে যদি খুসী হন তাহলে তাই দেব। শুনুন সেটা।

The State Co-ordination Commitee has volunteered to set up its own cell in every district to assist in organisation and distribution of relief. In your district you may contact Shri Ashok Chakrabati of the Office of the Superintending Engineer, Damodar Irrigation Circle, for this purpose.

[4-10—4-20 P.M.]

এটা বর্ধমানের ডিস্ট্রিকট ম্যাজিস্ট্রেটের প্রতি রেডিওগ্রাম। আমার বক্তব্য আমি আপনাদের কাছে আরও স্পষ্টভাবে বলছি। সরকারী কর্মচারী আরও অনেকে আছেন। আপনারা নিশ্চয়ই একথা বলতে যাবেন না যে, তারা কেউ এই বন্যাক্লিষ্ট মানুষের সেবা করতে চাননি। নিশ্চয় বলতে চান না, এই সমস্ত সরকারী কর্মচারীরা সরকারী আদেশ পালন করতে চাননি। তবুও বেছে বেছে একটি দলকে এমনভাবে উদ্ধৃত করলেন কেন ? তাহলে তার মধ্য দিয়ে কি এইটা প্রমাণ হয় না কো-অর্ডিনেশান-এর সদস্যরা যেহেতু আপনাদের মতাদর্শের অনুসারী, যেহেতু আপনার দলের কর্মী, আপনাদের পতাকাবাহী, সেইজন্য বেছে বেছে তাদের উপর ভার দিয়েছেন, আর কাউকে দেননি। শুধু সেবার কাজ নয়, অন্য কাজের বেলায়ও কি করা হয়েছে ? শুধু কো-অর্ডিনেসান কমিটি দায়িত্ব দেওয়া হয়নি, তাদের ক্ষমতাও দেওয়া হয়েছে। কোন ডিপার্টমেন্টের কোন সরকারী কর্মচারী কোথায় এই ত্রাণের ব্যাপারে কাজ করবেন তার দায়-দায়ীত্ব বা কর্তৃত্ব ডিপার্টমেন্টের অথরিটি সেক্রেটারীর

নয়, ডিস্ট্রিকট ম্যাজিস্ট্রেটের নয়, ইঞ্জিনিয়ারদের নয়, চীফ মেডিকেল অফিসারের নয়, কো- অর্ডিনেশান কমিটির। তারাই নির্দেশ দিচ্ছেন, তারাই বলছেন যে, এদের আমি নিয়ে নিলাম আমি একটা চিঠি আপনাদের কাছে পড়ে শোনাই। চিঠিখানি দিচ্ছেন একজিকিউটিভ ইঞ্জিনিয়ার, সুরি, বীরভূমকে জয়েণ্ট সেক্রেটারী, ষ্টেট কো-অর্ডিনেশান কমিটি। তিনি লিখছেন, The following employees of your office have been engaged in restoration work of flood. This is for your information. কো-অর্ডিনেশান কমিটি একজিকিউটিভ ইঞ্জিনিয়ারকে এইটা লিখছে যে This is for your information. এই লোক আমি নিয়ে নিয়েছি, আমি ঘোষণা করছি কো-অর্ডিনেশান কমিটি সর্বেসর্বা। এর পরেও কি আপনারা বলতে চান, আপনারা দলবাজি করেননি? এর পরেও আপনারা বলতে চান, আপনারা নিরপেক্ষ? আপনাদের প্রশাসন নিরপেক্ষ? পরিচ্ছন্ন প্রশাসন রাখবার জন্য চেষ্টা করছেন? এটা চিন্তা করে দেখবেন। যে টাকার কথা হয়েছে, তাতে বলবো, আজকে প্রধানমন্ত্রী যে হিসাব চেয়েছেন তাতে আমাদের মুখ্যমন্ত্রী এবং সব মন্ত্রী অত্যধিক বিব্রতবোধ করে ক্রুদ্ধ হয়ে উঠেছেন। বলছেন, হিসাব কেন দেবো? হিসাব দেওয়ার কি আছে?

**শ্রীদিলীপ মজুমদার:** যাত্রা হচ্ছে।

**শ্রীহরিপদ ভারতী:** আপনাদের মনোমত কথা না হলেই যাত্রা হয় জানি। কিন্তু প্রশ্ন হচ্ছে, আপনারা কি করেছেন। একদিকে তারা ভলেনটিয়ার হয়ে কাজ করছেন বলছেন, বলছেন কো-অর্ডিনেশান কমিটি কাজ করবার জন্য উদগ্রীব, বলছেন তারা ত্রান কার্যে আত্মসর্গ করতে চাইছেন, তাই তাদের নিয়েছি। কিন্তু সঙ্গে সঙ্গে আপনারা তাদের ৫ টাকা কলকাতায় থাকলে টিফিন বাবদ, আর কলকাতার বাইরে গেলে ১৫ টাকার ব্যবস্থা করেছেন। এই টাকা কেন দিলেন? কি কারণে দিলেন? তারা নিশ্চয় কাজ করতে চেয়েছেন? কাজেই আমি কি ধরে নেবো যে পাইয়ে দেবার রাজনীতি করা আপনাদের অভ্যাস, এই ত্রানের মধ্যেও সেই পাইয়ে দেওয়ার রাজনীতি করছেন। কিছু লোককে পাইয়ে দিলেন। এই যে আপনাদের রাজনীতি এই প্রশ্ন এখানে আছে এবং আজকে এখানে সমস্ত দল-এর কাছে মাননীয় মুখ্যমন্ত্রী প্রতিটি সদস্যের কাছে আবেদন করেছেন এবং এই দুর্যোগকে একটা জাতীয় দুর্যোগের রূপ দিতে চেয়েছেন। কিন্তু মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে এই বিধানসভায় দাঁড়িয়ে বহুবার বলেছি সর্বস্তরে সর্ব দলীয় কমিটি গঠন করুন।

প্রথমে কিছু শোনেন নি। তারপর পরে যখন প্রধান মন্ত্রী বলেছেন তখন জেলা স্তরে করেছেন তারপর ইদানিং রাজ্য স্তরে উপদেষ্টা কমিটি গঠন করেছেন। জানি না কবে চালু হবে কবে পুনর্গঠনের ব্যবস্থা হবে। জানি না সেই রকম কমিটি কেন নাই। এটা কেন নাই এই ব্যাপারে আমার একটা বক্তব্য আছে। আমি শুনেছি আমি জানি না কথাটা সত্য কিনা যে মুখ্যমন্ত্রী সর্বস্তরে সর্ব দলীয় কমিটি করতে চেয়েছিলেন কিন্তু তবুও হয় নি। কারণ রাইটার্স বিল্ডিংসের অধিনায়ক যা বলেন তাই নাকি শুনতে হবে। যুক্তি কি দেখিয়েছেন? আমি মুখ্যমন্ত্রীর বিবৃতি পড়েছি। তিনি বললেন জেলা স্তরে রাজ্য স্তরে জনতা দল সবকিছু ভণ্ডুল করে দিচ্ছে। তাই পঞ্চায়েত স্তরে এদের নিয়ে যাওয়া উচিত নয়। আমি বলবো যদি এটা ঠিক হয় যদি তারা এই রিলিফের কাজকে ভণ্ডুল করে থাকে তাহলে আমি আমার পার্টির নেতাদের বলবো যদি পশ্চিমবাংলার ত্রানের কাজে কোন জনতা পার্টির নেতা সেই কাজ ভণ্ডুল করে থাকে তাহলে তাকে পদত্যাগ করার জন্য অনুরোধ করবো। কিন্তু আমরা এই অসম্মানের বোঝা বহন করতে যাতে না হয়ে তার জন্য আমি এই অনুরোধ রাখছি। আর একটা কথা উল্লেখ করেছেন জ্যোতিবাবু এবং বড়বাবুর বক্তব্য যে যুক্তি দেখিয়েছেন যে আজকে প্রধানমন্ত্রী মোরারজী দেশাইকে যদি বলা হয় তিনি ইন্দিরা গান্ধীর সঙ্গে পরামর্শ করে সরকার চালাবেন তাহলে তিনি কি সেইভাবে পরামর্শ নিয়ে চালাবেন? তাহলে আপনারা সহানুভূতির কথা বলেন কেন? তাহলে কেন আপনারা জেলা স্তরে রাজ্য স্তরে আমাদের নিয়েছেন আমরা তো সরকার গঠন করতে পারিনি। পঞ্চায়েত স্তরে আপনারা নেন নি যেমন তেমনি আমাদের জেলা স্তর থেকে রাজ্য স্তর থেকে বাদ দিন। আমরা দূর থেকে দাঁড়িয়ে দাঁড়িয়ে দেখবো আপনাদের কার্যকলাপ। আজকে বিশেষ করে এই কথা বলবো যে আজকে নূতনভাবে পশ্চিমবাংলাকে তৈরী করতে এবং গ্রামগুলিকে পুনর্গঠনের জন্য বিভিন্ন প্রতিষ্ঠান তাদের মদত দিতে চেয়েছিলেন যেমন রামকৃষ্ণ মিশন, ভারত সেবাশ্রম। নূতন করে গ্রামগুলিকে তৈরী করে দেবার জন্য তারা এগিয়ে এসেছিলেন। এবং নিঃসন্দেহে একথা বলতে পারি যে পশ্চিমবাংলার জানেন যে মুখ্য সচিব সে মুখ্য সচিব তাঁদের প্রস্তাবে সম্মত হয়েছিলেন। কিন্তু কোন এক অজ্ঞাত কারণে সেই সিদ্ধান্তের পরিবর্তন ঘটে গেল। আমরা নিশ্চয় মনে করতে পারি যে প্রধান সচিবের কোন বক্তব্য সরকারী মতামত রাজ্য সরকারের সিদ্ধান্ত তিনি কি প্রকাশ করতে পারেন না? কিন্তু কোন অজ্ঞাত কারণে তা হয়? তাহলে তো প্রশাসনের চেহারা অস্পষ্ট হয়ে যায়। কারা এই রাজ্যকে চালাচ্ছেন—রাইটার্স

বিল্ডিংসের অন্য কোন সংস্থান থেকে না ঐ আলিমুদ্দিন ষ্ট্রীট থেকে রাজ্য সরকার চলছে। মুখ্য সচিবকে আর স্বাধীন সিদ্ধান্ত নেবার দরকার নেই। আজকে এই কথাই আমাদের বুঝে নিতে হবে। এই প্রশ্ন আজকে আমাদের মনে বার বার জাগছে। আমরা সর্বপ্রকার সাহায্য দিতে চেয়েছিলাম। আমরা মুখ্যমন্ত্রীর কাছে বোধ করি অতীতেও বলেছি আবার নূতন করে বলছি যে মুখ্যমন্ত্রী যদি চান তাহলে আমরা তাঁর সঙ্গে কেন্দ্রের কাছে গিয়েও দরবার করতে প্রস্তুত।

পশ্চিমবাংলা নির্মাণকল্পে অধিক অর্থ—যদি তা না করে ভাবেন সব আমরা করব, আমাদের দল ছাড়া আর দল নেই, আমরা ছাড়া কেউ নেই, সবাই পরাজিত, লাঞ্ছিত, আমরাই কেবল দেশপ্রেমিক, নিরঙ্কুশ ক্ষমতা পেয়ে গেছি—এই যদি মনে করেন তাহলে নিঃসন্দেহে আপনারা আপনাদের পথ সেইভাবে অনুসন্ধান করবেন, আমাদের কিছু বলবার নেই। নমস্কার।

[4-20—4-30 P.M.]

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, পশ্চিবঙ্গের এই ভয়াবহ বন্যা পরিস্থিতিতে মাননীয় মুখ্যমন্ত্রীর দীর্ঘ বিবৃতি স্থান বিশেষে অসম্পূর্ণ, অসামঞ্জস্য বিশেষ বিশেষ বিষয় অনুক্ত এবং স্থান বিশেষে অসত্য তথ্য পরিবেশিত হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মনে আছে পশ্চিমবঙ্গে দ্বিতীয় পর্যায়ে যখন বন্যা শুরু হয় তখন এই বিধানসভায় সেপ্টেম্বর অধিবেশন চলছিল এবং মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয় ঘোষণা করেন তাঁর কাছে সংবাদ এসেছে মেদিনীপুর, হুগলী জেলা ভেসে গেছে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মনে আছে আমরা চেয়েছিলাম বিধানসভা স্থগিত রেখে, অধিবেশন মুলতুবী রেখে আমাদের সুযোগ দেওয়া হোক, বন্যা এবং বন্যাত্রাণের জন্য কি ব্যবস্থা করা হয়েছে বিধানসভায় যেন আমরা এই তথ্য আবার উপস্থাপিত করতে পারি। কিন্তু স্যার, আমরা মনে করি সরকারের যারা মধ্যমণি মার্কসবাদী কমুনিষ্ট পার্টি, তারা এই প্রাকৃতিক বিপর্যয়কে তাদের দলের স্বার্থে নিয়োজিত করার জন্য যে ষড়যন্ত্র করেছিলেন—তারই জন্য সেইদিন এই বিধানসভা বন্ধ করে দিয়েছিলেন এই বলে যে ত্রাণকার্যে আমরা ব্যবস্থা নিতে চাই। মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই একমাত্র বামফ্রন্ট সরকার, যারা নাকি সংসদীয় গণতান্ত্রিক পথে বিরোধী দলের যে ভূমিকা তাকে পুরোপুরি অগ্রাহ্য করে চলেছে। আমি আপনার কাছে দুটি চিঠি উপস্থাপিত করতে চাই। প্রথম দফায় যখন জুলাই মাসে জলপাইগুড়িতে বন্যা হয় তখন সরকারে ব্যর্থতা, অসতর্কতা নিয়ে রাজ্যপালের কাছে

একটি মেমোরানডাম পেশ করি। সেই মেমোরানডামে আমরা বলেছিলাম, Neglect of the flood protection measures by the State have caused flood in some areas even in this earlier monsoon period and grave dangers are being apprehended during heavy showers of the rainy season." তারপর মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয় আমাদের উত্তর দিয়েছিলেন। আমরা ৫ই জুলাই গভর্ণরের কাছে এই মেমোরানডাম দিয়েছিলাম এবং ১৩ই জুলাই তারিখে তার উত্তরে তিনি জানাচ্ছেন "floods have occurred in some areas but there is no cause of apprehension ane flood protection measures are being strengthened."

মাননীয় মুখ্যমন্ত্রী এবং তার সরকার বন্যা নিরোধের জন্য কি ব্যবস্থা নিয়েছিলেন আপনারা দেখেছেন গোটা বাংলাকে ধ্বংস করার জন্য এই নিদর্শন রেখেছিলেন। গোটা বাংলাকে ধ্বংস করার চক্রান্ত করেছেন। আমরা বিরোধী দলের সদস্য হিসাবে যে হুঁশিয়ারী ও সতর্কবাণী দিয়েছিলাম এই সরকার সেটা শুধু অগ্রাহ্যই করেননি, তৎকালে আমাদের স্তোক দেবার চেষ্টা করেছিলেন যে আমরা সতর্ক আছি, তোমাদের ভয়ের কোন কারণ নেই। বাংলার ১২টি জেলা ভেসে গেল, লক্ষ লক্ষ কোটি কোটি মানুষের সব সম্পত্তি নষ্ট হয়ে গেল—তাঁর জবানীতে—"২ হাজার কোটি টাকা ক্ষতিগ্রস্ত হল"। মাননীয় অধ্যক্ষ মহোদয়, শুধু তাই নয়, দলীয় কাঠামোকে মজবুত করার জন্য কিভাবে বন্যা প্রাকৃতিক বিপর্যয়কে নির্লজ্জভাবে কাজে লাগানো হয়েছে আমি তারই উদাহরণ আপনার সামনে তুলে ধরছি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি জানেন এখান থেকে বোধ হয় মাত্র ৬০ কিলোমিটার দূরে পাঁশকুড়ায় ওরা বলেছেন আমরা ত্রাণ ব্যবস্থার দায়িত্ব পঞ্চায়েতের হাতে দিয়ে দিয়েছি। আমরা কি দেখলাম? আমরা দেখলাম যেখানে পঞ্চায়েতের দায়িত্ব অন্য দল পেয়েছে, সেখানে পঞ্চায়েত ত্রাণের দায়িত্ব পায়নি—সি. পি. এম. কর্মী তাকে খুঁচিয়ে খুঁচিয়ে মেরে পদত্যাগ করতে বাধ্য করার অপপ্রয়াস করেছে।

পাঁশকুড়া এক নং ব্লকের মাইশোরা গ্রাম থেকে খোলা চিঠি লিখেছে মুখ্যমন্ত্রীর কাছে। আমি স্যার, আপনার মাধ্যমে সেই ব্যাপারে মুখ্যমন্ত্রীর কাছ থেকে জানতে চাই। স্যার, পাঁশকুড়ার এক নং-এর মাইশোরা গ্রাম পঞ্চায়েতের লোক সংখ্যা হচ্ছে ২২ শো। সেখানে রিলিফ বিলি করলো কে? দেবেন সিং—সি. পি. এম কর্মী। কত রিলিফ বিলি করলো? ২৭শো লোককে। তাহলে লোক কি উঠে এসে বসলো। আপনারাই বলেছেন, যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে গিয়েছিল, তা যদি হয় তাহলে তো লোকসংখ্যা কমে যাবার কথা কিন্তু তা না হয়ে সেখানে দেখা গেল

সি· পি· এম কর্মীরা ২৭শো ইউনিটকে রিলিফ বিলি করলেন। তারপর স্যার, শুধু তাই নয় আমরা দেখেছি পঞ্চায়েত প্রধানকে বাধ্য করেছিল ওরা রিজাইন করবার জন্য। তারা বলেছিল, তুমি রিজাইন কর, আমরা সি· পি· এম থেকে রিলিফ বণ্টন করবো। সে তা করেনি বলে তাকে মেরে অজ্ঞান করে দিয়েছে। সেই এজাহার পাঠান হয়েছে ও· সি পাঁশকুড়া পি. এস-এর কাছে। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় কি বলতে পারেন কোন এ্যাকসান সেখানে তিনি নিয়েছেন? সেখানে তিনি পদত্যাগ করলেন না বলে তাকে মেরে অজ্ঞান করে দিল সি· পি· এম কর্মীরা কিন্তু আজ পর্য্যন্ত সেখানে কোন ব্যবস্থা নেওয়া হল না। শুধু এটা আমাদের অভিযোগ নয়। ওদের সহযোগী মন্ত্রীসভায় স্থান নিয়েছে—অল ইণ্ডিয়া ফরোয়ার্ড ব্লকের ভাইস চেয়ারম্যান আমাদের কাছে চিঠি দিয়েছেন—নির্মল সেনগুপ্ত মহাশয়—তাতে তিনি বলছেন: "মান্যবরেষু, বর্ধমান, বীরভুম, বাঁকুড়া প্রভৃতি বন্যা পীড়িত জেলার বিভিন্ন স্থানে ঘুরে দেখলাম সর্বত্রই মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির লোকেরা নিলর্জ্জভাবে দলবাজী করছে। এমন কি এই দলের সমর্থক যে গ্রাম বা অঞ্চলে নেই সেই অঞ্চলে ত্রাণ কার্য্যে নানা রকম বাধার সৃষ্টি করছে। বর্ধমান জেলার ফরিদপুর থানার অন্তর্গত গৌরবাজার গ্রামে দুর্গাপুর এক নং-এর বিধানসভার সদস্য দিলীপ মজুমদার দুর্গাপুর লায়ন্স ক্লাব এবং রাণীগঞ্জ মারোয়াড়ী সোসাইটির ত্রাণ সামগ্রী জোর করে ফেরত দিয়েছেন। সরকারী কর্মচারী এবং অফিসাররা অন্যায় এবং নিয়ম বহির্ভূত উপায়ে মার্কসবাদী কমিউনিষ্ট পার্টিকে সাহায্য করে চলেছেন, অথচ সরকার পক্ষ থেকে ত্রাণের সুষ্ঠু ব্যবস্থা কোথাও নজরে পড়লো না। বেসরকারী ত্রাণ ব্যবস্থার উপর এই অসহায় মানুষগুলিকে ভরসা করতে হচ্ছে। আমি প্রেস হ্যাণ্ড আউট পাঠাচ্ছি। এই অসহায় মানুষদের নিয়ে আমরা কোন রকম দলবাজী করতে চাই না। প্রকৃত অবস্থা দেশবাসী জানুন এটাই কাম্য। আর কি? এ সম্পর্কে আপনার এবং আপনার দলের সহযোগিতা কামনা করি। আন্তরিক শ্রদ্ধায়-নির্মল সেনগুপ্ত, অল ইণ্ডিয়া ফরোয়ার্ড ব্লক।

( গোলমাল )

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, অল ইণ্ডিয়া ফরোয়ার্ড ব্লকের ভাইস-চেয়ারম্যান বা ভাইস-প্রেসিডেন্ট নির্মল সেনগুপ্ত বলে কেউ নেই এটা উনি জেনে রাখুন।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** এখানে স্পষ্ট করে লিখে দিয়েছে নির্মল সেনগুপ্ত ডেপুটি চেয়ারম্যান, অল ইণ্ডিয়া ফরোয়ার্ড ব্লক···

( গোলমাল )

**মিঃ স্পীকার** আপনি নিজের ষ্টেটমেণ্ট পড়বেন না, আপনি আপনার নিজের কথা বলুন।

**শ্রীভক্তিভূষণ মণ্ডল ঃ** আমি আপনাদের কাছে জোড়হাত করে বলছি, আপনারা দয়া করে শুনুন, আমি উইথ ফুল রেসপনসিবিলিটি বলছি অল ইণ্ডিয়া ফরোয়ার্ড ব্লকে নির্মল সেনগুপ্ত বলে কোন লোক নেই। স্যার, একজন চিট যদি একটা চিঠি কাউকে দেয় সেটা কি তিনি পড়তে পারেন ··

( গোলমাল )

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** এখানে স্পষ্ট করে লেখা আছে।

[4-30—4-40 P.M.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে দলবাজী এবং দুর্নীতি কি পর্য্যায়ে গেছে সেটা আপনাকে জানাতে চাই। এবং সেই অবস্থা আমরা নিজেরা প্রত্যক্ষ করেছি।

**শ্রীদিলীপকুমার মজুমদার ঃ** অন এ পয়েণ্ট অব অর্ডার, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আবেদিন সাহেব এই যে কার কাছ থেকে কি চিঠি লিখিয়ে নিয়ে এসে এখানে পড়ছেন এবং আমাদের নামে মিথ্যা কথা বলে যাচ্ছে, এই অধিকার তাঁর আছে কি না জানতে চাইছি। দ্বিতীয়তঃ উনি এই হাউসকে বিভ্রান্ত করছেন। আজকে উনি সকালবেলা কাউকে দিয়ে এই চিঠি লিখিয়ে নিয়ে এসে এখানে পড়ছেন, ওঁদের কিছু বক্তব্য নেই বলেই এই রকম করছেন। আমার কাছেও জয়নাল আবেদিন সম্বন্ধে অনেক চিঠি আছে। উনি বন্যার সময় লোককে নানা রকমভাবে বিভ্রান্ত করেছিলেন যাতে বন্যার্ত্তদের কাছে কোন সাহায্য না যায়। এইরকম অনেক চিঠি আমার কাছে আছে।

( গোলমাল )

**শ্রীসত্যরঞ্জণ বাপুলী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, দিলীপবাবু বললেন যে জয়নাল আবেদিন মহাশয় সকালবেলা বসে বসে চিঠি লিখিয়ে নিয়ে এসেছেন। আমি তাঁকে

এই কথা জিজ্ঞাসা করতে চাই, তিনি কি ওনার পিওন ছিলেন ? উনি কি করে তা না হলে জানলেন এই সব খবর ?

**ডাঃ জয়নাল আবেদিন :** উনি ফরওয়ার্ড ব্লকের বরকন্দাজ। আজকে আমার জিজ্ঞাসা এবং গুরুতর অভিযোগ, সংবিধানের বিধান অনুসারে পশ্চিমবঙ্গ পরিচালিত হবে, না, সংবিধান বহির্ভূত কোন ক্ষমতা পশ্চিমবঙ্গকে পরিচালিত করবে। আমি জানতে চাই, মুখ্যমন্ত্রী ঠুঁটো জগন্নাথের মত বসে থাকবেন আর আলিমুদ্দিন স্ট্রীট থেকে এক্সট্রা কনষ্টিটিউশন্যাল পাওয়ার প্রয়োগ করে দাসগুপ্ত মহাশয় কোন সেবামূলক প্রতিষ্ঠানকে বন্যা বিধ্বস্ত অঞ্চলে বাড়ি বানাতে দেবেন না এবং তাই তিনি করতে বাধ্য হবেন। সংবিধান বহির্ভূত এক্সট্রা কনষ্টিটিউশন্যাল পাওয়ার প্রয়োগ যা আলিমুদ্দিন ষ্ট্রীট থেকে হচ্ছে, তার ফলে আজকে পশ্চিমবঙ্গের পুনর্গঠণ ব্যাহত হচ্ছে। আমরা দেখেছি রামকৃষ্ণ মিশনের সন্ন্যাসিনী যাঁরা বন্যা বিধ্বস্ত অঞ্চলে সাহায্যের জন্য গিয়েছিলেন তাঁদের পিছনে ঐ সি. পি. এম এর লোক লেগেছে। এবং বিভিন্ন সেবামূলক ত্রাণ কাজে বাধা দিয়েছেন। আজকে মুখ্যমন্ত্রীর কাছে তাই জানতে চাই, যাঁরা স্বতঃস্ফূর্তভাবে ত্রাণ কাজে এগিয়ে গিয়েছিলেন, তাঁর দলের লোক তাঁদের লজ্জাজনক অবস্থায় ফেলেছিলেন ঐ রামকৃষ্ণ মিশনের সন্ন্যাসিনীদের। আজকে এইভাবে সি· পি· এম পার্টির তরফ থেকে বন্যা বিধ্বস্ত অঞ্চলে ত্রাণ কাজে এবং পশ্চিমবঙ্গের পুনর্গঠনে বাধা দেওয়া হচ্ছে। আজকে মূল চেষ্টা চলছে পশ্চিমবঙ্গের প্রাকৃতিক বিপর্যায়ের সুযোগ নিয়ে মার্কসবাদী কমিউনিষ্ট দলকে কিভাবে পুনর্গঠন করা যায়। কমিউনিষ্ট দেশের মত এখানে কমিউন গঠন করার প্রয়াস চলছে। আজকে কোন সেবামূলক প্রতিষ্ঠান বন্যা বিধ্বস্ত অঞ্চলে তাদের ইচ্ছা মত বাড়ি তৈরী করে দিতে পারছে না, তাতে বাধা দেওয়া হচ্ছে। তাদের বলা হচ্ছে তোমরা ইচ্ছা মত বাড়ি তৈরী করতে পারবে না, ওদের পরিকল্পনা মাফিক কমিউন তৈরী করার জন্য যে পরিকল্পনা দেওয়া হবে সেই রকমভাবে করতে হবে। আজকে বন্যার সুযোগ নিয়ে সি· পি· এম পার্টি সেই ব্যবস্থা করতে চান।

আমরা এই রকম একটা ইঙ্গিত দেখতে পাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমরা আজকে জানতে চাইছি যে, ওঁরা কেন্দ্রীয় সাহায্য নিয়ে এক এক সময়ে এক একটা বিভ্রান্তিমূলক প্রচার চালাচ্ছেন কেন ? আমাদের স্পষ্ট বক্তব্য মাননীয় জ্যোতি বসু মহাশয় মুখ্যমন্ত্রী হিসাবে আজকে হাউসকে অবহিত করুন যে, আমরা কেন্দ্রের কাছ থেকে কত টাকা পেয়েছি এবং কি কি বাবদ কত টাকা কোথায় ব্যয়

করেছি। আমরা বলেছি নীতি বহির্ভূতভাবে করা হচ্ছে আপনাদের তরফ থেকে। আপনাদের মন্ত্রী পর্য্যায়ে নিজেদের পেটোয়া অফিসার এবং কর্মচারীদের দ্বারা এই ব্যবস্থা নিচ্ছেন, তাদের বলে দিচ্ছেন যে, যে দামে জিনিষ কিনবে তার উপরে ২% থেকে ১০% পর্যন্ত এ্যাড করে বিল করবে। আমরা অর্থনৈতিক নিয়ম মানতে চাই না। এটা দুর্নীতির অভিযোগ নয়? তথাপি আপনারা কি ব্যবস্থা করেছেন? মেদিনীপুরের স্কুলের ছেলে-মেয়েদের রুটি কল্যাণী হাসপাতালে বিলি করা হয়েছে। এ বিষয়ে আমরা অভিযোগ করেছি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, ওঁরা বলেন যে, সকলের সহযোগিতা চাই। কিন্তু কার্যত আমরা দেখছি রাজনৈতিক দলগুলি স্বতঃপ্রবৃত্ত হয়ে যে সহযোগিতার হাত সম্প্রসারিত করেছিল ওঁরা তা প্রত্যাখ্যান করেছেন। প্রত্যাখান করেছেন বলেই আমরা দেখতে পাচ্ছি আজকে ত্রাণ ব্যবস্থার এই চিত্র। যেখানে প্রত্যেক মানুষ ত্রাণ পেতে পারে সেখানেও দারুন দলবাজি এবং দুর্নীতি চলছে। এই চিত্র আমরা দেখছি। কোথায় আপনার বাধা? আপনি জেলা এবং মহকুমা স্তরে সর্বদলীয় কমিটি করতে পারলেন, সেই উপদেষ্টা কমিটি গ্রাম পর্যায়ে করতে পারেন না কেন? বাঁধা কোথায়? সি.পি. এম কর্মীরা বাঁধা দেবে বলে কি? আজকে আপনারা আপনাদের দলকে পরোক্ষভাবে শুধু দলবাজী করবার জন্য প্ররোচনা দিচ্ছেন। আপনাদের দলের লুটেরারা—আমরা দেখেছি, নদীয়ায় দেখে এসেছি আপনাদের দলের এম, এল, এ, বের হতে পারছে না, জনসমাবেশে বের হতে পারছে না। শুধু তাই নয়, লজ্জার কথা আলিগড় ঘটে গিয়েছে, সেই জন্য বলতে চাই না, আমাদের কাছে অভিযোগ এসেছে, এখানে মাইনোরিটিরা বিধ্বস্ত হয়ে গিয়েছে, তাদের প্রতি দৃষ্টি দেওয়া হয়নি। নদীয়ার বিভিন্ন জায়গায় ঘুরে এটা আমি দেখেছি, তারা বলছে আমরা কোন সাহায্য পাচ্ছি না। এই বিষয়টি খুব সেনসিটিভ বলে আমি এখানে বলতে চাই না। মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ করব যে, আপনি এ বিষয়টি একটু দেখুন। যদি দেখেন তাহলে ভাল হয়।

তানাহলে এবিষয়ে মানুষের মনে দ্বিধা আসবে, প্রশ্ন আসবে যে, কেন আজকে এই বিপদে আমরা উপযুক্ত সাহায্য পাচ্ছি না, যা আমাদের প্রতিবেশী বা অন্যেরা পাচ্ছে। আমরা দেখেছি আজকে বন্যা শুধু বাড়ী-ঘর ধ্বংস করেনি, আজকে জাতীয় জীবন থেকে পশ্চিমবাংলার অর্থনীতিকে বিধ্বস্ত করেছে। আমরা ইতিমধ্যে এক মেমোরেণ্ডামে অভিযোগ করেছিলাম যে, পশ্চিমবাংলায় উপযুক্ত অর্থ বিনিয়োগ হচ্ছে না, জব্-একপ্লয়মেন্ট হচ্ছে না। আর বন্যার পর সি. পি. এম. যে নগ্ন

দলবাজী শুরু করেছে, নগ্ন দুর্নীতি শুরু করেছে, এর ফলে পশ্চিমবাংলার কর্মসংস্থান আরো সঙ্কুচিত হবে। কারণ লগ্নী হবে না। আমরা দেখেছি যে, লাইফ্-ইনসিউরেন্স কর্পোরেশনের সঙ্গে গভর্ণমেণ্ট নেগোসিয়েসন করেছেন এবং তাঁরা প্রতিশ্রুতি পেয়েছেন মাত্র ৩ কোটি টাকার। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়, আপনি এটা যথাযথ মনে করেন কি? লাইফ্ ইনসিউরেন্স কর্পোরেশন থেকে পশ্চিম বাংলার এই বন্যার রিকনসট্রাকসন, কেস মাত্র ৩ কোটি টাকার। এটা মোটেই পর্য্যাপ্ত নয়। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়, আপনি আপনার অর্থমন্ত্রীকে বা অন্য কোন কর্মচারীকে পাঠিয়ে দিল্লী কিম্বা অন্য কোন প্রদেশের সরকারের কাছে পাঠিয়ে বিশেষ কিছুই সুবিধা করতে পারেননি। যদিও বোম্বাই-এর কিছু ফ্লিম তারকা আপনার আবেদনে সাড়া দিয়েছে। তথাপি আপনাকে অনুরোধ করব, শুধু সর্বদলীয় কমিটি নয়, আজকে যেসমস্ত সেবামূলক প্রতিষ্ঠান আছে, দায়িত্বশীল নাগরিক যাঁরা আছেন তাদের সকলকে ইনভলভ করাবার চেষ্টা করুন। তানাহলে পশ্চিমবাংলার ত্রাণ শুধু নয় পুর্ণবাসন এবং পুর্ণগঠনের কাজ ব্যাহত হবে। আপনার অর্থমন্ত্রী হয়ত আমেরিকার কাছ থেকে কিছু টাকা চাইলে পেতে পারেন, দিল্লীর দরবারে উপযুক্ত তথ্য ও যুক্তি দিয়ে টাকা আনার মুরোদ কিম্বা ক্ষমতা তাঁর নেই। আমরা ৩ মাসের অভিজ্ঞতায় এটা বুঝতে পেরেছি। সেই জন্য আপনার কাছে আবেদন যে, যদি আপনার আন্তরিকতা থাকে, আপনার সরকারের আন্তরিকতা থাকে তাহলে সি. পি. এম. ছাড়া আরো যেসমস্ত দল আছে আজকে তাদের সবাইকে ইনভল্ভ করুন। ইতিপূর্বে আপনি ব্যাঙ্গ করে বলেছিলেন যে, ওদের সাহায্য চাই না, ওদের সাহায্যের আমাদের দরকার হবে না। আপনাদের জনতা প্রেম আছে, তথাপি আজকে আবার জুজুর ভয় পাচ্ছেন। সেই জন্য বলছি আজকে পশ্চিমবাংলায় সর্বদলীয় কমিটি করুন এবং তার মধ্যে সেবামূলক প্রতিষ্ঠানগুলিকে ও বিশিষ্ট নাগরিকদের ইনভল্ভ করুন। আজকে এই জিনিষের পশ্চিমবাংলায় বিশেষ প্রয়োজন রয়েছে।

[4-40—4-50 P.M.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বন্যা কতটা বিধাতার রুদ্ধরোষ, কতটা মানুষের অবদান বা মানুষ কর্তৃক সৃষ্টি হয়েছে সেই বিষয়ে মাননীয় হরিপদবাবু একটু আগে বলেছেন। আমি এই প্রসঙ্গে মেদিনীপুর জেলা সম্পর্কে একটু বলি—আমরা যখন টেলিফোনে মেদিনীপুরের ডিসট্রিক ম্যাজিসট্রেটকে হুঁসিয়ারী দিতে গিয়েছিলাম তখন অফিসাররা কেউই ছিল না-ফিস্ট করতে গিয়েছিল—দুটো টেলিফোনের একটিও কেউ

ধরেনি। সুতরাং এতেই বোঝা যায় প্রশাসন কত ব্যর্থ এবং মেদিনীপুরের প্রশাসন সব চেয়ে বেশী ব্যর্থ হয়েছে। আপনি কি তদন্ত করে দেখেছেন ? না তদন্ত করে মুক্তির প্রয়াশ করছেন ? ঐ ব্যর্থ আন-সাকসেকফুল, ডিসাপয়েন্টেড অফিসাররা যারা ফেল করেছেন, যারা ডিফলটার হয়েছেন তাদের খুঁজে বের করে তাদের সম্বন্ধে একটি রিপোর্ট তৈরী করে এই হাউসে জানান, বাংলার মানুষ জানুক যে এই এই কারনে বন্যায় এত বেশী ক্ষতি হয়েছে। বন্যা হয়তো রদ করা যাবে না কিন্তু বন্যার আশংকা সম্পর্কে যদি আগে থেকে সতর্ক করে দিতেন তাহলে বন্যায় যত মানুষ, গবাদি পশু এবং ফসলের ক্ষতি হয়েছে তা অনেকাংশে লাঘব করা যেত। আপনারা বন্যা প্রতিরোধ-এর জন্য ১১৭৯ কোটি টাকার একটি স্কীম সাবমিট করেছেন। পশ্চিমবাংলায় বন্যা দেখিয়ে দিয়েছে এই বন্যা প্রতিরোধের জন্য ফ্ল্যাড প্রটেকসান এমব্যাংকমেণ্ট এ্যাণ্ড স্কীমগুলি জোরদার করতে হবে। অন্য দিকে বিজ্ঞানীরা মত প্রকাশ করেছেন বনভূমি ক্ষয়ের জন্য, মাটিতে জল ধারণের জন্য, এবং সমস্ত জল নদীতে প্রবাহিত না হওয়ার জন্য বন্যার ইনটেনসিটি বেশী হয়েছে। আজকে সব ডিপার্টমেন্টের সাথে সমন্বয় করে বন্যা প্রতিরোধের জন্য স্থায়ী ভাবে বন্যা রদের জন্য সমস্ত বিরোধী দলের প্রতিনিধিদের নিয়ে দিল্লীতে দরবারের জন্য নিয়ে যেতে হবে সেটা আপনাদের কাছে যতই অপছন্দই হোক না কেন তা করতে হবে। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আবেদন রাখছি যেন এই বিষয়ের স্কীমগুলি প্রায়রিটি পায় এবং তার জন্য আমি মনে করি সর্বদলীয় প্রতিনিধি নিয়ে দিল্লীর কাছে দরবার করা উচিত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শুধু যে ফসলের ক্ষতি হয়েছে, গবাদি পশু বাড়িঘর নষ্ট হয়েছে তা নয় রেল, যোগাযোগ ব্যবস্থা সম্পূর্ণ বিচ্ছিন্ন আমরা দেখেছি রেলের কোন ব্যবস্থা ছিল না। কলকাতায় যেখানে ২৫০ থেকে ২৬০ মাইল লগে সেখানে ৫০০ মাইল ঘুরেও আসতে পারিনি। সি. এম. ডি. এ কলকাতাকে অপারেট করছে এবং এরা বলছে কংগ্রেস আমলে ফেল করেছিল আমরা এখন ১ বছরে পাল্টে দিয়েছি। সুতরাং কলকাতায় যখন বন্যা হয়ে গেল তখন বোঝা যাচ্ছে যে এই সরকারের দুর্বলতার জন্যই বন্যা হয়েছে। যোগাযোগ ব্যবস্থা সম্বন্ধে আপনাকে অনুরোধ করবো—এই বন্যার সময়ে ট্রেন ব্যবস্থা যে ভাবে বিপর্য্যস্ত হয়েছে তা অতি সাংঘাতিক। সুতরাং পুরোন লাইন সারাবার সাথে সাথে নতুন নতুন অলটারনেটিভ কমিউনিকেসন-এর ব্যবস্থা করতে হবে।

নর্থ বেঙ্গলের একটা মাত্র লাইন, একটা মাত্র সড়ক, তা দুটোই বন্ধ। আমরা যোগাযোগ বিচ্ছিন্ন অবস্থায় থাকতাম। সেজন্য আপনাকে অনুরোধ করব একাধিক

যোগাযোগ ব্যবস্থা যাতে হয় তাই করুন। পূর্তমন্ত্রী মহাশয় এখানে নেই, শুনেছি সমস্ত সেতুই নাকি পুননির্মাণ হয়ে গেছে, আমরা দেখছি কোথাও অসাধারণ দ্রুত গতিতে কাজ হয়েছে আবার কোথাও ধীরে ধীরে হয়েছে, কোথাও যোগাযোগ ব্যবস্থা স্থাপিত হতে এক মাসেরও অধিক সময় লেগেছে। সেজন্য দক্ষিণবঙ্গের সঙ্গে উত্তরবঙ্গের যোগাযোগ ব্যবস্থা যাতে হয় সেটা আপনি দেখবেন এবং ভাববেন বলে আমি মনে করি। আমি মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে আপনারা একটু দেখুন। আপনি রবি ফসলের চাষের কথা বললেন, রবি চাষের মরশুম এসে গেল, আপনি যা শোনালেন সে তো খুবই ভয়ের কথা। চাষীরা জল পাবে না। চাষীরা জল পাবে কিনা সন্দেহ আছে। আপনাকে এই হাউসে আজকে ঘোষণা করতে হবে চাষীরা জল পাবে কিনা? চাষীরা যাতে জল পায় তার বন্দোবস্ত আপনাকেই করে দিতে হবে। সেচ নির্ভর করে সাধারণতঃ বিদ্যুতের উপর, আমরা দেখছি বিদ্যুত ব্যবস্থার পরিচালনা ব্যাপকভাবে ব্যর্থ হয়েছে। কয়লাখনির ওখানে নাকি নদী চলছে, নদীর স্রোত বয়ে গেছে কয়লাখনির উপর দিয়ে। সাধারণ নাগরিকদের জীবনযাত্রা অচল হয়ে গেছে। খনি চালনার জন্য গ্যাস টারবাইন প্রয়োজন, আপনি তা হলে তাই আনার ব্যবস্থা করুন. না হলে পশ্চিমবঙ্গের বন্যা বিধ্বস্ত অঞ্চলগুলি একেবারে নষ্ট হয়ে যাবে। গ্যাস, কয়লা, বিদ্যুত এই সবের অভাবে ব্যাপক সংকট দেখা দেবে, তার জন্য অর্থনৈতিক সংকট দেখা দেবে। কুটিরশিল্প পুনর্গঠিত হবে না, ভারী শিল্প ব্যাহত হবে বলে মনে করি। মাননীয় কানাইবাবু রয়েছেন ওঁকেও বলছি দেশে বিদ্যুত নেই, গ্যাস নেই, তাতেও আপনারা সমান কথা লিখছেন, কনজিউমার্সদের কাছে বিল পাঠাচ্ছেন যে আপনাকে এই টাকা দিতে হবে। গ্যাস সরবরাহ করেন নি তবু বেশী টাকা দিতে হবে। সংশ্লিষ্ট সংস্থা এই ব্যবস্থা নেবে কি? গ্যাস গেল না, বিদ্যুত গেল না, বিল চলে গেল কনজিউমার্সদের কাছে অধিক টাকা দিতে হবে। এটা একমাত্র এই রাজ্যেই সম্ভব। এই ব্যবস্থার সৃষ্টি হচ্ছে। আপনারা নিজ নিজ দপ্তর একটু দেখুন। তা না হলে সব বন্ধ হয়ে যেতে পারে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা দেখছি কারা সরকার পরিচালনা করবেন সেটা ঠিক করুন, সরকার পরিচালনা কে করছে, রাইটার্স বিলডিং না আলিমুদ্দিন ষ্ট্রীট? যারা সহযোগিতার হাত বাড়িয়ে দিচ্ছে তাদের প্রত্যাখ্যান করবেন না। সবাইকে ইনভলভ করার চেষ্টা করুন। সব স্তরের মানুষের সহযোগিতা নিতে হবে। না হলে পশ্চিমবঙ্গের বন্যা পরিপ্লাবিত অঞ্চল পুনর্গঠন হবে না, দুর্গত মানুষদের পুনর্বাসন হবে না। সি. পি. এম. সরাসরি কাজে

লেগেছে এই কথার প্রতিবাদ করে, মুখ্যমন্ত্রীকে দলবাজির কথা বলে হুঁশিয়ারি দিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ।

[4-50—5-00 P.M.]

**শ্রীভক্তিভূষণ মণ্ডল ঃ** শ্রদ্ধেয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার বক্তব্য রাখবার আগে একটা কথা বলছি যে গত ৩০ বছর ধরে কংগ্রেসের যে প্ল্যানিং তারই প্রায়শ্চিত্ত এবার পঃ বাংলার সাধারণ মানুষকে করতে হলো—এই বন্যাই তার নিদর্শন। কয়েকটা বিষয়ে বললেই আপনারা বুঝতে পারবেন কি ঘটনা ঘটেছিলো। এই বন্যার মুল কারণ বলতে গেলে বলতে হয় অতিরিক্ত বৃষ্টি তো নিশ্চয়ই এবং সেই সঙ্গে সঙ্গে ড্যামগুলি ভেঙ্গে যাওয়ার ফলে এই অবস্থা হয়েছিলো। আমি এক একটা ড্যাম-এর কথা বলবো। ম্যাসেঞ্জোর ড্যান করার সময় সিদ্ধেশ্বরী ড্যাম করার কথা ছিলো। কিন্তু সেটা না হওয়ার জন্য কি অবস্থা হয়েছে তা আপনাদের জানা দরকার। ম্যাসেঞ্জারের ড্যামের জল ২৪ মাইল দূরে তিলপাড়া আসার পর চারিদিকে চলে যায়। কিন্তু এর মাঝ খানে তুটো বড় নদী আছে—সিদ্ধেশ্বরী ও পুস্করনী। সিদ্ধেশ্বরী নদীতে ১ লক্ষ ২০ হাজারের বেশী জল আসছে। সেখানে জল ছাড়া হয়েছিলো ২ লক্ষের বেশী। কিন্তু টোটাল ক্যাপাসিটি হচ্ছে তিলপাড়া ব্যারেজের মাত্র ৩ হাজার কিউসেক। পুস্কর-নীতেও জল জড়ো হয়েছে। এ ছাড়া ঐ অঞ্চলের লোকাল জলও এসেছে। কাজেই ক্রটি বিচ্যুতি সাধারণ মানুষ ও কর্মচারীদের থাকলেও এই বানের জন্য যে ড্যামগুলি ভেঙ্গেছে সেটা রোধ করা সম্ভাব ছিল না। হিংলো বাঁধ কংগ্রেসের সময়ে তৈরী হয়েছিলো—সিদ্ধার্থবাবু এটা ওপেন করেছিলেন। এই বাঁধের যে জায়গাটা মাটি দিয়ে তৈরী হয়েছিলো সেটাই ভেঙ্গে গেছে, যেটা পাকা সেটা ভাঙ্গেনি। মাটির বাঁধ হলেও বৈজ্ঞানিক নিয়ম হচ্ছে সেখানে সিমেন্টের কোটিং থাকবে। কিন্তু সে সব কিছু ছিলো না। এনকোয়ারিতে এসব জিনিষ নিশ্চই ধরা পড়বে। কাজেই ওঁদের পাপের জন্যই পঃ বাংলার লোকের এই অবস্থা হলো। ৩য় তো কংসাবতী এবং অন্যান্য যে সমস্ত ড্যাম করার কথা ছিলো তা হলো না। কাজেই চিৎকার করার আগে এসব একটু চিন্তা করে দেখবেন।

তারপর ফ্লাড এ্যাফেকটেড এরিয়া যতটা সাহায্য মানুষকে দিতে পারি তা আমরা সরকার থেকে দেবার চেষ্টা করেছি। কিন্তু সমস্যা এত ব্যাপক যে আমরা সমস্ত কাজ সুষ্ঠু ভাবে করতে পারিনি। কোথাও ক্রটি বিচ্যুতি নিশ্চয়ই হয়েছে এবং এই কথা বলার সাহস আমাদের আছে। সমস্ত দল এক সঙ্গে হলেও এই কাজ

আমরা করতে পারতাম না। এটা আমাদের ইচ্ছাকৃত ত্রুটি নয়। রিলিফের ব্যাপারে এটা ঠিক নয় যে আমরা দলগত ভাবে রিলিফ দিয়েছি। তা যদি হতো তাহলে আমাদের বাদ দিয়েই এই কাজ হতো। আমি যেখানে চার্জে ছিলাম সেখানকার সমস্ত দায়িত্ব নিয়ে বলছি যে ৩ বার আমি অল পার্টি কমিটি ডেকেছি এবং বলেছি যদি কোন জায়গায় কোন রকম ব্যতিক্রম থাকে তাহলে বলুন আমি সেখানে ৫ জনের একটা টিম করে পাঠাবো এনকোয়ারি করবার জন্য। সেখানে আমি বলেছি যে, যে লোক কমপ্লেন করবে সে থাকবে এবং আরো অন্য দলের ৪ জন লোক নিয়ে এনকোয়ারী কমিটি হবে এবং সেই কমিটি যে রিপোর্ট দেবে আমরা তা মেনে নেবো।

[5-00—5-10 P.M.]

সেখানে জনতা ছিলেন, কংগ্রেস (আই) এবং কংগ্রেসও ছিলেন, আমি আপনাদের কাছে অল পার্টি মিটিংএ এই সিদ্ধান্ত নিয়েছিলাম। কিন্তু দুঃখের কথা আমি আপনাদের কাছে বলেছিলাম যে আমাদের অমুক জায়গায় এটা অন্যায় হয়েছে এটা দয়া করে লিখে দিন, আমি নাম্বুরের কথা বলছি, কিন্তু আপনারা লিখে দেননি। শুধু দোষ হচ্ছে, পার্টিবাজী হচ্ছে, এসব কথা বলার জন্য বলছেন, একটা স্পেসিফিক কেস দিন কোন জায়গায় কি হচ্ছে, আমরা তো বলেছি নিশ্চয়ই এই সরকারের তরফ থেকে আমরা এনকোয়ারী করে দেখব। কোথাও হয়ত আমাদের দু'একজন কোন জায়গায় অন্যায় করে ফেলতে পারে, কিন্তু পার্টিবাজী করেছে এটা বলা ঠিক হবে না। প্রত্যেক জিনিসের ভুল ত্রুটি থাকতে পারে। আমি আপনাদের কাছে বলছি যে সরকার এ্যাজ এ হোল কোন জায়গায় কোন রকম পক্ষপাতিত্ব করেননি। আমি চার্জে ছিলাম বীরভূম জেলাতে। ক্ষতি সেখানে অত্যন্ত বেশী হয়েছে। আমি সমস্ত দলকে সেখানে বলেছিলাম যে এই একটা ফিগার আমরা দিচ্ছি, আপনারা এসে বলুন যে কোন জায়গায় যদি আমরা ভুল বলে থাকি তাহলে আমরা সেটা সংশোধন করে নেব। কিন্তু প্রত্যেকে এসে বললেন যে ওটাই ঠিক হয়েছে। আর একটা জিনিস আমরা ফলো আপ করেছি যেটা অন্য কোন সরকার করেননি, সেটা হচ্ছে এই স্টোর পয়েন্ট টু ডিষ্ট্রিবিউসান পয়েন্ট আপনারা চেক আপ করুন, যদি কোথাও আমাদের গলদ পান তাহলে নিশ্চয়ই আমরা সেই বিষয়ে ব্যবস্থা নেব। স্টোর পয়েন্ট মানে হচ্ছে রাইটার্স বিল্ডিংস হতে যেটা যাচ্ছে, সেই রাইটার্স বিল্ডিংস থেকে জেলা কত রিসিভ করছে সেটা দেখা হয়েছে, জেলা রিসিভ করার পর কোন

ব্লকএ কত যাচ্ছে সেটা ছাপিয়ে বিলি করা হয়েছে। আমি যে জেলার চার্জে ছিলাম সেই জেলার কথা বলছি। কত বি ডি ও'র কাছে গেছে সেটা দেখবেন, বি ডি ও দের জিজ্ঞাসা করবেন, তারপর প্রধানদের কাছে কত কত এ্যালটমেণ্ট করেছেন সেটা দেখবেন। আমার মনে হয় এই জিনিস কোনকালে ফলো আপ করা হত না। তারপর একথাও বলছি প্রধানদের কাছ থেকে বেনিফিসিয়ারীদের কাছে ডিষ্ট্রিবিউসান হচ্ছে, সেটাও চেক আপ করুন। কোথাও যদি কোন ভুল ত্রুটি থাকে সেটা তাহলে আমাদের কাছে পয়েণ্ট আউট করার চেষ্টা করবেন। ইন জেনারেল আপনারা জিজ্ঞাসা করে দেখুন যে আমরা কি করতে পেরেছি, কি পারিনি। বীরভূম জেলায় লোক মরার ব্যাপারটা, সারা পশ্চিমবঙ্গে লোক মরার ব্যাপারটা বলা কঠিন হচ্ছে। কারণ, সবচেয়ে বেশী লোক মরেছে বীরভূমে এবং বর্ধমানে। তার কারণ অজান্তে হিংলো বাঁধ ভেঙ্গে যায় এবং সেই জলটা অজয়ের সঙ্গে নেমে যায়। অজয়ের উত্তর দিক ভাঙ্গাতে বীরভূমের লোক মারা গেছে এবং দক্ষিণ দিক ভাঙ্গায় বর্ধমানের লোক মারা গেছে। আমরা প্রথম পাঁচ দিন চেষ্টা করেছি লোক কত মারা গেছে দেখার। আমি আপনাদের কাছে বলছি অজয়ের দুই ধারে একেবারে কাটোয়ার ধার হতে আরম্ভ করে বীরভূমের প্রায় শেষ প্রান্ত পর্যন্ত অজয়ের যে চর আছে সেই চরে বেশীর ভাগ রিফিউজী বাস করত। সেই রিফিউজীদের দু'দিকের অবস্থার কথা বলছি— অজয়ের দক্ষিণ দিক বর্ধমানের দিকের কথা বলছি এবং অজয়ের উত্তর দিক বীরভূমের কথা বলছি, সেই জায়গার অনেক লোক মারা গেছে।

সেই জায়গায় অনেক লোক মারা গেছে। আমি আপনাদের কাছে বলেছি বর্তমানে আমাদের যে আইন রয়েছে তাতে সরকার ওটা ডিকলেয়ার করতে পারছে না। আমরা মিসিং ছাড়া আর কিছু বলতে পারছি না বর্তমান আইনে। যতক্ষণ পর্যন্ত না তাদের লাস পাওয়া যাচ্ছে ততক্ষণ পর্যন্ত গভর্ণমেণ্ট মৃত বলে ডিকলেয়ার করতে পারছে না বর্তমান আইন অনুযায়ী। আমরা বলেছিলাম দেবীপুর চকে ১১৫ জন লোক মারা গেছে। কিন্তু ১০/১৫ দিন পর দেখা গেল সেখানে ৪০/৫০ জন মারা গেছে এবং কিছু লোক পাণ্ডবেশ্বরে গিয়ে বেঁচে গেছে। কাজেই আমরা মিসিং একথটা বলতে পারি এবং সেটা দুহাজারের বেশী হবে সেটা আমি আপনাদের কাছে স্বীকার করছি। বীরভূম এবং বর্ধমানে অনেক সারকামসট্যান্স রয়েছে। আমি আপনাদের কাছে সবই খোলাখুলি বলছি কারণ এটা তো আমাদের দোষে মারা যায়নি, কাজেই বলতে দোষ কি। আমি আপনাদের বলেছি দেবীপুর চকে এই

অবস্থা হয়েছে এবং একথাও বলেছি ডেড ডিক্লেয়ার করতে অসুবিধা কোথায়। আমরা জানি অনেক লোক মারা গেছে। কিন্তু আইনে বলা হয়েছে ডেড বডি এবং আইডেনটিফিকেসন ইত্যাদি যদি না হয় তাহলে ডেড ডিক্লেয়ার করা যায়না। এই কারণে আমরা ডেড ডিক্লেয়ার করতে পারছি না। উইদিন দি ফোর কর্নার্স অব ল গভর্ণমেন্টকে কথা বলতে হবে। দু হাজারেরও বেশী মিসিং এটা আমি বলছি, উইথ ফুল রেসপন্সিবিলিটি এবং এটা আপনারা লিখে নিন। আমরা যে সিস্টেম চালু করেছিলাম তার মধ্যে কোন ভুল ছিল না অর্থাৎ স্টোর পয়েন্ট টু ডিসট্রিবিউসন পয়েন্ট। তবে কোন কোন জায়গায় নীচের তলায় গেছে এবং দেখেছি কিছু কিছু ডিফেক্ট রয়েছে। কিন্তু সেটা ম্যালাফাইডি নয়। কিছু লোক চিরকাল খারাপ থাকে কিন্তু সেই বলে কোন পার্টিকে দোষারোপ করা ঠিক হবে না। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅমলেন্দ্র রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকের বিতর্ক একটা ছোট্ট নালিশ দিয়ে সুরু করতে চাই এবং এই নালিশ আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে পেশ করছি। বিগত অধিবেসনের সময় যখন আমাদের সভার কাজ বন্ধ হল তার আগে আমাদের দলীয় যে সভা বিধানসভা ভবনে হয়েছিল সেখানে মুখ্যমন্ত্রী বলেছিলেন যে বন্যা সংক্রান্ত যে কোন বিষয় সরাসরি আপনারা আমার কাছে জানাবেন। তিনি বলেছিলেন, যে কোন সময়ে আমাকে জানালে আমি তার বিহিত করব। আপনারা জানেন আমাদের মুর্সিদাবাদ জেলায় প্রথমে উত্তর অংশে বন্যা হয়েছে কিন্তু তারপর দেখা গেল সারা মুর্সিদাবাদ জেলা বন্যা বিধ্বস্ত হল। ২৭শে সেপ্টেম্বর রেডিও নিউজ-এ বলা হল ময়ূরাক্ষী ড্যাম থেকে ৭৫ হাজার কিউসেক জল ছাড়া হয়েছে। এবং তিলপাড়া ব্যারেজ থেকে ১ লক্ষ ২০ হাজার কিউসেক জল ছাড়া হয়েছে। আমি আমার নির্বাচনী কেন্দ্র বরওয়াতে গিয়ে দেখলাম ময়ূরাক্ষী বাঁধ ভেঙ্গে গেছে এবং তারপর দেখলাম ভরতপুর এবং কাঁন্দি অঞ্চলে বন্যার তাণ্ডব লীলা সুরু হয়েছে।

[ 5-10—5-20 P.M. ]

আমি ফিরে প্রথমে চেষ্টা করি টেলিফোন করতে কাঁন্দি থেকে, মুখ্যমন্ত্রীর সঙ্গে যোগাযোগ করতে। কিন্তু দুঃখের বিষয় বিপদের সময়ে, সংকটের সময়ে এই সমস্ত কমুউনিকেশান চ্যানেল কাজ করে না। আমি তখন কি করে যোগাযোগ করবো ভেবে পাই না, কারণ যোগাযোগের সমস্ত রাস্তা বন্ধ হয়ে গিয়েছে। ১৮ তারিখে সেখানে

একের পর এক খবর আসছে সাংঘাতিক এবং ওখানে আমরা একরকম জলবন্দি হয়ে গেছি বলতে গেলে। কোন রকম ভাবে খবর পাঠানো যাচ্ছে না। একমাত্র কমুউনিকেশান চ্যানেল ওপেন ছিল সেটা ছিল ওয়ার্লেস রেডিওগ্রাম, তাতে করে খবর পাঠানো। আমি তখন ২৮ তারিখে প্রথম মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে রেডিওগ্রাম পাঠাই। এই সমস্ত রেডিওগ্রামের কপি আমি মুখ্যমন্ত্রীর কাছে পেশ করবো এবং টেলিগ্রামের কপিও আমি পেশ করবো, আমার কাছে আছে। ৬টি রেডিওগ্রাম করেছি এবং ৩টি টেলিগ্রাম করেছি। নিজের পকেট থেকে ১৫০ টাকা খরচ করে। প্রথম রেডিওগ্রাম ২৮-৯-৭৮ তারিখে সাড়ে বারটার সময়ে করা হয়েছিল। একটা সিটের প্রায় অর্ধেক-এর বেশী। সংকট অবস্থার মধ্যে দিয়ে রেডিওগ্রাম করেছি। একের পর এক টেলিগ্রাম করেছি, আমি সবটা ডিটেল্স এখানে বলতে চাই না, তাতে সময় নষ্ট হবে। আমাদের মুখ্যমন্ত্রী আমাদের বলেছিলেন যে, আপনারা সরাসরি আমার সঙ্গে যোগাযোগ করবেন। আমি একজন বিধানসভার সদস্য হিসাবে এইরকম সংকটের সময়ে এইভাবে খবরগুলি পাঠালাম কিন্তু তারপরে আমি অবাক হয়ে দেখলাম ২৭শে দেখেছি, ২৮শে দেখেছি, ২৯শে দেখেছি এবং ৩০শে দেখেছি রেডিওতে কোন খবর নেই। কাঁথি সাব-ডিভিশানের ময়ূরাক্ষীর যেটা লোয়ার রিজিয়ান সেটা দিয়ে আবার একবার বিধ্বংসী বন্যায় শেষ হয়ে গেল। এই খবরটি পর্যন্ত কোন এজেন্সি মারফতে একবার উচ্চারিত হলো না। আমি এবং আমার মুখ্যমন্ত্রীর মাঝখানে কারা ছিল? আজকে মাননীয় মুখ্যমন্ত্রীকে সবিনয় অনুরোধ করবো যে, এর পূর্ণাঙ্গ তদন্ত চাই। আমরা শুনেছি আমলাদের এক অংশ ষড়যন্ত্র করছেন বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে। এটা তদন্ত করবার জন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি যে দেখুন কারা এই সমস্ত সংবাদ আপনার হাতে দেয় নি, কেন এই সংবাদ দেবার পর যথা বিহিত ব্যবস্থা সরকারের তরফ থেকে নেওয়া সম্ভব হয় নি। এই নালিশটুকু আজকে আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে করছি। বন্যা সম্পর্কে আমার আর বিস্তৃত বলার কিছু নেই। মাননীয় মুখ্যমন্ত্রী সবই বলেছেন। তবে আমার এলাকায় যেভাবে বিধ্বস্ত হয়েছে, আমার নির্বাচনী কেন্দ্র তার পাশে ভরতপুর, কাঁদি, খড়গ্রাম, তার চারপাশে বীরভূম, বর্ধমানের কেতুগ্রাম, বীরভূমের নান্নুর, তার পাশে লাভপুর, তার পাশে ময়ূরেশ্বর, তার পাশে সাঁইথিয়া, এর চার পাশ জুড়ে ময়ূরাক্ষীর তাণ্ডবলীলা চলেছে। সব ধ্বংস স্তূপে পরিণত হয়েছে। স্যার, আমি ৫৬ সালের বন্যা দেখেছি, ৫৯ সালের বন্যা দেখেছি, আমাদের মুর্শিদাবাদ জেলায় তখন একটা অংশ বিধ্বংসী বন্যায় সম্পূর্ণ ধ্বংস হয়ে গিয়েছিল। ১৯৫৬ সালে সেদিন জহরলাল নেহেরু ছুটে এসেছিলেন সেই বন্যার সময়ে।

ন্তু আজকে আমাদের প্রধান মন্ত্রী মোরারজি দেশাইয়ের সময় হলো না এই বন্যা ধ্বস্ত পশ্চিমবাংলায় আসতে। কেন কি কারণে আমাদের পক্ষে সেটা জানার কোন বকাশ নেই।

যাই হোক এই অবস্থা কিন্তু আরও ভয়াবহ হয়েছে। এবং এবারের ধ্বংসলীলা ারও সাংঘাতিক, একথা যদি ব্যাখ্যা করতে যাই তাহলে বহু সময়ের দরকার হবে। ননীয় অধ্যক্ষ মহাশয়, সে সময় আমার হাতে নাই। আমার আরও কতকগুলি জরুরী লিশ এখানে পেশ করার আছে। এই রকম ধ্বংস বার বার হচ্ছে, কংসাবতী লোয়ার জেসে এই রকম যে ধ্বংস, দামাদরের লোয়ার বিজেসে এই রকম যে ধ্বংস তার যে াভ ক্ষতির হিসাব কে করবে? যে ক্ষতি হয়েছে, সে সম্বন্ধে চোখ বুজে না দেখে এই তি কি করে সারান যায় পজিটিভলি করার কি প্রয়োজন আছে এবং করা যায় কিনা, টাই বড় প্রশ্ন। এই প্রশ্নে আমি বলতে চাই যে ক্ষতি হয়েছে তাতে সাঙ্ঘাতিক ক্ষতি য়েছে। এমন ক্ষতি হয়েছে যে সে ক্ষতি পূরণ সাধ্যের বাইরে। ১৯৫৬ সালে কংগ্রেস কার কি করেছেন? তখন বিধ্বংসী বন্যায় দেশ ধ্বংস হয়ে গেছে, আজকে ১৯৭৮ লে ধ্বংসের তাণ্ডব তা অনেক বেশী। তবু বলব তুলনায় সেবার সরকার যা করেছিলেন ার এবার সরকার যা করেছেন তা তার চাইতে কমতো নয়ই বরং অনেক বেশী, একথা ার গলায় বলতে পারি। অনেক দিক দিয়েই সরকার অনেক বেশী কাজ করেছেন, ান রকম প্রিজুডিস নিয়ে নয়, যে কোন এলাকায় গেলেই সেটা দেখতে পাবেন। টি খাটো মামলা, দলবাজীর কথা, ঝগড়াঝাটি সব জায়গায় হয়, আর এসব কথা দি বলেন তো ১৯৫৬ সালে ১৯৫৯ সালে সরকারের যে ভূমিকা ছিল সেতো আমরা খেছি, সেখানে আমাদের যেতে দেয়নি, অচ্যুত করে রেখেছিলেন। যাই হোক াজকের এই বিধ্বংসী বন্যার পরিপ্রেক্ষিতে বলব আমরা যা করেছি তাতে আমরা যে ব কিছু করে ফেলেছি, সব সুন্দর করে দিয়েছি, যা কিছু করার ছিল সব করে দিয়েছি । নয়, আমরা অনেক কিছুই করতে পারিনি। গ্রামে অনেক পুনর্বাসন বাকী, অনেক নর্গঠন বাকী আছে, এখনও চাষ ঠিক ঠিক করার প্রশ্ন, মুখ্যমন্ত্রী মহাশয় নিজেই বলেছেন বি চাষ হয়নি, আজকে যদি গ্রামে রবি চাষ না হয় তাহলে সামলাতে পারবে না চাষীরা, ন্তু ময়ুরাক্ষী বাঁধের যে রকম অবস্থা তাতে জল সরবরাহ করতে পারবে কিনা সেটা কটা মস্ত বড় জিজ্ঞাসার চিহ্ন। এই সব মিলিয়ে আজকে বলছি অনেক ত্রুটি বিচ্যুতি াকতে পারে, হয়ত যা প্রয়োজন ছিল, আমরা ততটা করতে পারিনি, কিন্তু যতটা করা য়েছে, সেটা সামান্য নয়, তুলনা করে দেখেন যদি দেখবেন, ১৯৫৬ সালে কিংবা ১৯৫৯ ালের বন্যায় যা করা হয়েছিল তার চাইতে বেশী করতে পেরেছি কিনা সেটা ঠাণ্ডা

একের পর এক খবর আসছে সাংঘাতিক এবং ওখানে আমরা একরকম জলবন্দি হয়ে গেছি বলতে গেলে। কোন রকম ভাবে খবর পাঠানো যাচ্ছে না। একমাত্র কমুউনিকেশান চ্যানেল ওপেন ছিল সেটা ছিল ওয়ার্লেস রেডিওগ্রাম, তাতে করে খবর পাঠানো। আমি তখন ২৮ তারিখে প্রথম মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে রেডিওগ্রাম পাঠাই। এই সমস্ত রেডিওগ্রামের কপি আমি মুখ্যমন্ত্রীর কাছে পেশ করবো এবং টেলিগ্রামের কপিও আমি পেশ করবো, আমার কাছে আছে। ৬টি রেডিওগ্রাম করেছি এবং ৩টি টেলিগ্রাম করেছি। নিজের পকেট থেকে ১৫০ টাকা খরচ করে। প্রথম রেডিওগ্রাম ২৮-৯-৭৮ তারিখে সাড়ে বারটার সময়ে করা হয়েছিল। একটা সিটের প্রায় অর্ধেক-এর বেশী। সংকট অবস্থার মধ্যে দিয়ে রেডিওগ্রাম করেছি। একের পর এক টেলিগ্রাম করেছি, আমি সবটা ডিটেল্স এখানে বলতে চাই না, তাতে সময় নষ্ট হবে। আমাদের মুখ্যমন্ত্রী আমাদের বলেছিলেন যে, আপনারা সরাসরি আমার সঙ্গে যোগাযোগ করবেন। আমি একজন বিধানসভার সদস্য হিসাবে এইরকম সংকটের সময়ে এইভাবে খবরগুলি পাঠালাম কিন্তু তারপরে আমি অবাক হয়ে দেখলাম ২৭শে দেখেছি, ২৮শে দেখেছি, ২৯শে দেখেছি এবং ৩০শে দেখেছি রেডিওতে কোন খবর নেই। কাঁথি সাব-ডিভিশানের ময়ূরাক্ষীর যেটা লোয়ার রিজিয়ান সেটা দিয়ে আবার একবার বিধ্বংসী বন্যায় শেষ হয়ে গেল। এই খবরটি পর্যন্ত কোন এজেন্সি মারফতে একবার উচ্চারিত হলো না। আমি এবং আমার মুখ্যমন্ত্রীর মাঝখানে কারা ছিল? আজকে মাননীয় মুখ্যমন্ত্রীকে সবিনয় অনুরোধ করবো যে, এর পূর্ণাঙ্গ তদন্ত চাই। আমরা শুনেছি আমলাদের এক অংশ ষড়যন্ত্র করছেন বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে। এটা তদন্ত করবার জন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি যে দেখুন কারা এই সমস্ত সংবাদ আপনার হাতে দেয় নি, কেন এই সংবাদ দেবার পর যথা বিহিত ব্যবস্থা সরকারের তরফ থেকে নেওয়া সম্ভব হয় নি। এই নালিশটুকু আজকে আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে করছি। বন্যা সম্পর্কে আমার আর বিস্তৃত বলার কিছু নেই। মাননীয় মুখ্যমন্ত্রী সবই বলেছেন। তবে আমার এলাকায় যেভাবে বিধ্বস্ত হয়েছে, আমার নির্বাচনী কেন্দ্র তার পাশে ভরতপুর, কাঁদি, খড়গ্রাম, তার চারপাশে বীরভূম, বর্ধমানের কেতুগ্রাম, বীরভূমের নান্নুর, তার পাশে লাভপুর, তার পাশে ময়ূরেশ্বর, তার পাশে সাঁইথিয়া, এর চার পাশ জুড়ে ময়ূরাক্ষীর তাণ্ডবলীলা চলেছে। সব ধ্বংস স্তূপে পরিণত হয়েছে। স্যার, আমি ৫৬ সালের বন্যা দেখেছি, ৫৯ সালের বন্যা দেখেছি, আমাদের মুর্শিদাবাদ জেলায় তখন একটা অংশ বিধ্বংসী বন্যায় সম্পূর্ণ ধ্বংস হয়ে গিয়েছিল। ১৯৫৬ সালে সেদিন জহরলাল নেহেরু ছুটে এসেছিলেন সেই বন্যার সময়ে।

নয়, বীরভূম-নদীয়া জেলা নয়, সারা বাংলাদেশের ১০টি জেলাকে বিধ্বংসী বন্যা পর্যুদস্ত করেছিল। আজকে কলকাতা শহরে বন্যা হয়েছে, আমরা অবাক হয়েছি। কিন্তু ১৯৫৯ সালেও হয়েছিল কলকাতায় বন্যা। ১০টি জেলা এবং তার সঙ্গে সঙ্গে কলকাতাতেও সেদিন বন্যা হয়েছিল। আবার দাবী উঠলো তদন্ত করতে হবে এই তদন্ত করে দেখতে হবে যে, কেন এই বন্যা এবং এই বন্যার কোন রেমিডিয়াল মেজারস আছে কি নেই। আর পারলো না, ভোটও সামনে ছিল না। ১৯৫৯ সালে হল ওয়েষ্ট বেঙ্গল ফ্লাড এনকোয়ারি কমিটি, ১৯৫৯। সর্দার মান সিং আই, এ, এস (রিটায়ারড) তিনি চেয়ারম্যান এবং হেঁজি পেঁজি কমিটিতে ছিল না, এটা লে-ম্যানদের কমিটি ছিল না, এটা এম. এল. এ. বা, এম. পি-দের কমিটি ছিল না, আউট এ্যাণ্ড আউট এক্সপার্ট কমিটি। ১৩ জন চীফ ইঞ্জিনিয়ার ছিলেন। সেন্ট্রার গভর্ণমেন্টের চীফ ইঞ্জিনিয়ার ছিলেন, ওয়েষ্ট বেঙ্গল, বিহারের চীফ ইঞ্জিনিয়ার ছিলেন, ডি, ভি, সির চীফ ইঞ্জিনিয়ার ছিলেন, কোশী প্রজেক্টের চীফ ইঞ্জিনীয়ার ছিলেন। সাউথ ইষ্টার্ণ রেলওয়ে এবং ইষ্টার্ণ রেলওয়ের চীফ ইঞ্জিনিয়ার ছিলেন। ৬৭টা স্কিম তারা দিয়েছিলেন, ফার্স্ট প্রাওরিটি ৪৪টা স্কিম, সেকেণ্ড প্রাওরিটি ১১টা স্কিম এবং থার্ড প্রাওরিটি ১২টা স্কিম তারা তৈরী করে দিয়েছিলেন এবং বলেছিলেন যদি বাঁচতে হয় তাহলে এই সমস্ত স্কিম ইম্পিলিমেন্ট করতে হবে এবং আরও বলেছিলেন ১৫ বছরের বেশি সময় নিয়ো না। ১৫ বছরের বেশি সময় যদি নাও তাহলে গাম্বল করা হবে। জুয়ো খেলা হবে। এইভাবে জুয়ো খেললে দেশ আবার ধ্বংস হয়ে যাবে এবং সেই কথা বলে তারা বলেছিলেন ১২২.০১ কোটি টাকা মাত্র লাগবে। তারা এমন কথা বলেন নি যে এক বছরে এই টাকা খরচ করতে হবে। তারা বলেছিলেন চারটে পঞ্চবার্ষিক পরিকল্পনায় খরচ করো। তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় ১০ কোটি টাকা, চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনায় ২৯ কোটি টাকা, ৫ম পঞ্চবার্ষিক পরিল্পনায় ৪৭ কোটি টাকার মতো এবং ৬ষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনায় শেষ হয়ে যাবে তাতে ৩৯ কোটি টাকা লাগবে। এই করে ১২২ কোটি টাকা খরচ করতে হবে। ২০ বছর কোথায়, জহরলাল নেহেরু কোথায়, ডাঃ বি, সি, রায় কোথায়, কোথায় পি, সি, সেন, কোথায় অতুল্য ঘোষ— এরা সব কোথায় আজকে? লুকিয়ে লুকিয়ে আর্টিকেল লিখছেন। কিন্তু কারা দায়ী? এই প্রজেক্ট কেন হলো না? ম্যাসেঞ্জোরে আরও উঁচু বাঁধ করার কথা ছিল কেন হয় নি? কে জবাব দেবে? মাইথন এবং পঞ্চায়েত যে রিজারভার লেভেল উঁচু করার কথা ছিল—কেন করা হয় নি—কে তার কৈফিয়ত দেবে?

কি কৈফিয়ত দেবেন? ২০ বছর আগে ফ্লাড এনকোয়ারী কমিটি হয়েছে কিন্তু

অজয় নদীর ত্ন পাশে বাঁধ তোলা হোল না। যে কথা ছিল যে ডিটেনসন রিজারভার করতে হবে তা না হলে কাটোয়ায় কনজেসন থেকেই যাবে। আজকে অয়েষ্টার্ণ ট্রিবিউটারিজ-এ ভাগীরথীর জল নেমে আসবে এবং সেই ময়ুরাক্ষী রিজারভার স্কীম কার্যকরী না হলে সেখানে জলের ডিটেনসন কিছুতেই ঠেকানো যাবে না। আজকে ডিটেনসন রিজারভারের বিশেষ প্রয়োজন আছে। তৎকালীন চীফ ইঞ্জিনীয়ার মিঃ প্রসাদ, আমাদের ভবেশ মুখার্জী ফরাক্কা প্রজেক্ট সম্বন্ধে যেসব কথা বলেছিলেন যিনি কোশী প্রজেক্টের চীফ ইঞ্জিনীয়ার ছিলেন তিনি অনেক আপত্তি জানিয়েছিলেন কোন কাজ হয় নি। ময়ুরাক্ষী ওয়াটার লেবেল ঠিক রাখার জন্য যেসব সুপারিশ করেছিলেন তা কেন কার্যকরী হয় নি? অজয় নদীর ডিটেনসন রিজারভার করা যাবে না। এই বড় বড় সুপারিশ ১৯৬৭ সালে হয়েছিল। আমার জিজ্ঞাসা করতে ইচ্ছা হয় আপনারা বুকে হাত দিয়ে বলুন ২০ বছরেও এই কাজ আপনারা করতে পারলেন না ১২২ কোটি টাকা এই ২০ বছরে খরচ করতে পারলেন না সে জহরলাল নেহেরু হোক, আর বিধান রায়ই হোক, আর প্রফুল্ল সেন হোক, আর অতুল্য ঘোষই হোন আর যেই হোক। এই সহজ কথা কাকেই বলবো কাদের দেখিয়ে বলবো আপনারা নিজেরা এই সর্বনাশ করেছেন।

**বিশ্বনাথ মুখার্জী**ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বন্ধু অমলেন্দ্রবাবু যে কথা বলেছেন সে কথা নিশ্চয় ভাববার কথা। সকলেই আমরা আলোচনা করছি যে কেন এতো ভয়ঙ্কর বন্যা হোল কি কি কারণ সেখানে থাকতে পারে। এবং ভবিষ্যতে যাতে এই রকম বন্যা না হয় তার জন্য কি করা যেতে পারে। এটা এতো গুরুতর যে সে সম্বন্ধে কারও দ্বিমত নেই। এটা তদন্ত করবার দরকার আছে এবং বিভিন্ন বিশেষজ্ঞদের নিয়ে রাজনৈতিক মতামত নিয়ে একটা সিদ্ধান্তে আসার বিশেষ প্রয়োজন দেখা দিয়েছে। আমি প্রথমেই একটা কথা বলতে চাই যে কথা অমলেন্দ্রবাবু বললেন এবং সকলেই বলছি যে কি সাংঘাতিক বন্যা হয়েছে অভূতপূর্ব এর ব্যাপকতা, এর তিব্রতা এর ধ্বংসের ক্ষমতা কি রকম সে কথা আমরা সকলেই বলছি। মুখ্যমন্ত্রী বলেছেন বিরোধী দলের সহকারী নেতা বলেছেন, আমরা সকলেই বলছি এবং সেই সঙ্গে আমাদের সকলের মনে আছে উত্তর বঙ্গের খরার কথা। ব্যাপক শস্য হানি হয়েছে। তাহলে সবটা মিলে কি দাঁড়ালো? এক কথায় বলা যায় দেড়কোটি থেকে ত্ন কোটি মানুষ বন্যাক্লিষ্ট হয়েছে ৩৩ লক্ষ একর জমির ফসল নষ্ট হয়েছে ১৭ লক্ষ বাড়ী ধ্বংস হয়েছে এবং আরও ৩ লক্ষ বাড়ী ক্ষতিগ্রস্ত হয়েছে লক্ষ লক্ষ, গবাদি পশু প্রাণ হারিয়েছে রাস্তাঘাট এবং অন্যান্য জিনিস মিলে প্রায় দেড় থেকে ত্ন হাজার কোটি টাকার ক্ষতি হয়েছে। এই যে একটা

ব্যাপার এটা এক কথায় বলা যায় যে পশ্চিমবাংলা দুর্গত, পশ্চিমবাংলা বিপন্ন। আজকে উত্তর বাংলায় খরা, আর পশ্চিমবাংলা এই বিধ্বংসী বন্যায় যে ক্ষয় ক্ষতি এমন অবস্থায় আমি একটু ভেবে দেখতে বলি যে আজকে আমরা এখানে বাক বিতণ্ডা করছি তর্ক-বিতর্ক করছি কিন্তু এই ক্ষতির কি সংখ্যা দিয়ে পরিমাপ করা যাবে ? দেড় কোটি দু কোটি মানুষের কথা ২০ লক্ষ বাড়ীর কথা এতো ফসলের কথা এবং এতো যে সর্বনাশ হয়েছে এইটাই কি শেষ কথা ? এক একটা মানুষের কথা আমি দেখেছি আমি ভাবতে পারিনি। শুধু সংখ্যা দিয়ে একে বোঝানো যাবে না। সে জেলখানার কয়েদিদের এক একটা করে টিকিট লাগিয়ে দেওয়া হয়। এই বন্যা এ কি শুধু বন্যা কত পুরুষ, কত স্ত্রীলোক, কত বৃদ্ধ, কত শিশু, বিভিন্ন শ্রেণীর মানুষ, বিভিন্ন স্তরের মানুষ তাদের আজকে জীবনে বিপর্যয় ঘটেছে।

[ 5-30—5-40 P.M. ]

ব্যক্তিগতভাবে যখন আমরা কারো সঙ্গে খুব ঘনিষ্ট পরিচিত হয়ে উঠি, তার সঙ্গে যখন কথা বলি তখন আমরা বুঝতে পারি যে কত ব্যথা, কোথায় লেগেছে—জীবনে যাকে কাঁদতে দেখিনি, যখন কথায় কথায় বলে ফেলি তখন সে ঝর ঝর করে কেঁদে ফেলে রাস্তা ঘাটে দেখলে কিছু মনে হবে না, মিটিং, বড় বড় সমাবেশে তাদের দেখলে কিছু মনে হবে না। কিন্তু ব্যক্তিগতভাবে যারা খুব পরিচিত, তাদের সঙ্গে কথা বলতে গেলে বুঝতে পারি যে ট্রাজেডি মানুষের জীবনে নেমে এসেছে—আজকে কোটি কোটি মানুষের জীবনে এই ট্রাজেডি নেমে এসেছে, আমরা সেটা উপলব্ধি করতে পারি। ২/১০/২০/২৫ জন মানুষের কাছ থেকে আমরা বুঝতে পারি যে এত কোটি কোটি মানুষের জীবনে কি ভীষণ ট্রাজেডি নেমে এসেছে। এত বড় একটা ট্রাজেডির মধ্যে দাঁড়িয়েও আমরা কিন্তু এক সুরে কথা বলতে পারছি না। আমরা আজকে সকলেই ভাবছি, বলছি যে পশ্চিম-বাংলা দুর্গত, পশ্চিমবাংলা বিপন্ন, পশ্চিমবাংলাকে বাঁচাতে হবে, পশ্চিমবাংলার দুর্গত মানুষকে ছন্নছাড়া হতে দেওয়া চলবে না, পশ্চিমবাংলাকে পুনর্গঠিত করতে হবে—কিন্তু আমরা সকলে এক সুরে কথা বলতে পারছি না। কত পুরুষের কত শ্রমে যেসব জিনিস গড়ে উঠেছিল সেগুলি আজকে সব ধ্বসে গেছে—তা পুনর্নিমান করা কি সহজ কথা ? রিহ্যাবিলিটেসন—পুনর্বাসন কথাটা মুখে বলতে খুব ভাল শোনায়—পুনর্বাসন—কিন্তু এই কোটি কোটি মানুষের পুনর্বাসন কি সহজ কথা, চাট্টিখানি কথা ? আজকে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আমরা সাহায্য চাই, বিভিন্ন রাজ্য থেকে আমরা সাহায্য চাই, যতটুকু সাহায্য এসেছে তার জন্য তাদের ধন্যবাদ দিই—

আমরা বলছি এটা একটা জাতীয় বিপর্যয়। যদি জাতীয় বিপর্যয় হয়ে থাকে, পশ্চিমবাংলায় যদি বিপর্যয় হয়ে থাকে —পশ্চিমবাংলায় এই যে এতবড় একটা বিপর্যয়, সর্বনাশ ঘটে গেল—পশ্চিমবাংলা শুধু একটা সাইনবোর্ড নয়—পশ্চিমবাংলার অগনিত মানুষ আজকে একটা দারুণ বিপদের মধ্যে পড়েছে এবং তা যদি হয় তাহলে তার সম্মুখীন হওয়ার জন্য, তার মোকাবিলা করার জন্য আমরা এক সুরে কথা বলতেও পারছি না, এক সঙ্গে দাঁড়াতেও পারছি না। প্রথম দিকে কিছুদিন খানিকটা এক সুরে কথা বলবার চেষ্টা ছিল। তারপর যত দিন যাচ্ছে ততই আমরা ভিন্ন ভিন্ন সুরে কথা বলছি। শ্রেণী সংগ্রাম, শ্রেণী সংঘর্ষের কথা আমিও বুঝি। তা আছে, থাকবে, ভিন্ন সুরে মানুষ কথা বলছে। কিন্তু এই রকম একটা যে বিপর্যয় ঘটে গেল, সেই বিপর্যয়ের সামনে দাঁড়িয়ে কেন আমরা একসঙ্গে হতে পারছি না? প্রথমে আমি কেন্দ্রীয় সরকারের সাহায্যের কথায় আসি। এই বিষয়ে কোন পক্ষেরই কোন দ্বিমত নেই যে এত বড় বিপর্যয় কোন একটা রাজ্য সরকারের একার পক্ষে সামাল দেওয়া সম্ভব নয়। এই ক্ষমতা রাজ্য-সরকারের নেই, কেন্দ্রের যা ক্ষমতা আছে তার মধ্য থেকে সাহায্য নিয়ে তাদের এগিয়ে আসতে হবে। পশ্চিমবঙ্গ সরকার যখন ৩৫০ কোটি টাকা সাহায্য চেয়েছিলেন গম, চাল বাদে রিলিফের জন্য অথবা কাজের জন্য খাদ্যের জন্য যে খাদ্য তা বাদে—এই ৩৫০ কোটি টাকা সাহায্য চেয়েছিলেন এবং ১৩০ কোটি টাকা ব্যাঙ্ক ঋণ চেয়েছিলেন, তখন আমি বলেছিলাম, জ্যোতিবাবু আপনি খুব কম করে চেয়েছেন—এতে আপনি পারবেন? কিন্তু তবুও যা চেয়েছেন সেই তুলনায় আমরা কি পেয়েছি? আমি আনন্দিত যে বিরোধী দলের সহকারী নেতা বললেন যে আমরাও চাই পশ্চিমবাংলার জন্য আরো টাকা আসুক। কিন্তু এক সঙ্গে আমরা একটি প্রস্তাব করতে পারলাম না, ষ্টেট লেভেল কমিটি থেকে কিন্তু আমরা এক সঙ্গে একটি ডেপুটেশন পাঠাতে পারছি না। কেন আমরা এই ডেপুটেশন পাঠাতে পারছি না, কেন পশ্চিমবাংলার বিভিন্ন দলের এম. পি-দের এক সঙ্গে নিয়ে কেন্দ্রীয় সরকারকে বলতে পারছি না যে তোমরা খুব কম সাহায্য দিয়েছ? মুখ্যমন্ত্রীর বিবৃতিতে দেখা যায় যা পাওয়া গেছে এবং যে টাকার প্রতিশ্রুতি পাওয়া গেছে তা মিলিয়ে ১১০ কোটি টাকা হবে, তাছাড়া আর কি কি আছে আমি জানি না। কিন্তু এখানে যা দেখতে পাওয়া যাচ্ছে এই ১১০ কোটি টাকা, এটা খুব কম—আরো টাকা চাই। এখুনি আরো চাই।

যেমন ধরুন আমি বলি গৃহনির্মানের কথা। ১৭ লক্ষ বাড়ী যদি ধ্বসে পড়ে গিয়ে থাকে তার ভেতরে গভর্ণমেন্ট বলছেন ১১ লক্ষকে আমরা সাহায্য করবো।

কেন ? আর সেই ১১ লক্ষকেও যদি সাহায্য করতে হয় তাহলেও কি সাহায্য আমরা করতে পারছি বা গভর্ণমেন্ট পারছেন ? যদি ১১ লক্ষ বাড়ীকে ৪শো টাকা করে দিতে হয় তাহলেও ৪৪ কোটি টাকার দরকার হয়। ৪৫ কোটি প্লাস ২৫ কোটি কোটি টাকা গভর্ণমেন্ট চেয়েছেন বাড়ীর জন্য। সেখানে ১১ কোটি টাকা গভর্ণমেন্ট রিলিজ করেছেন। ওরা বলছেন হিসাবের কথা। ওরা বলছেন আগে খরচ কর, হিসাব দাও বুঝে শুনে পরে দেব। কিন্তু বাড়ী এখনই করতে হবে। যাদের উপর দিয়ে এতবড় একটা বন্যা চলে গিয়েছে, যাদের মাথার উপর দিয়ে এতবড় বষা চলে গেল, যাদের ঘরবাড়ী নেই—রাস্তার উপর এসে দাঁড়িয়েছে তারা মানুষ না আজকে তারা আদিম যুগে'র মানুষ হয়ে গিয়েছে সেটা যারা বিভিন্ন জায়গায় গিয়ে দেখেছেন তারাই বুঝতে পারছেন। আজকে তারা কোন রকমে মাথা গোঁজার চেষ্টা করছে, তাও পারছে না। দুটি খুঁটি পুঁতে তার উপর কাঁথা চাপা দিয়েছে, তার ভেতর দিয়ে বর্ষার জল হু হু করে ঢুকছে আর তার ভেতরেই সকলে বাচ্চা-কাচ্চা নিয়ে বাস করছে। কাজেই যাদের উপর দিয়ে এতবড় দুর্যোগটা চলে গেল তারা যদি এই শীতের সময় একটু-আধটু ঘরবাড়ী করতে না পারে বা কোন রকমে যদি মাথা গোঁজার মতন একটু ব্যবস্থা করতে না পারে তাহলে তাদের অবস্থাটা কি হয়ে দাঁড়াবে সেটা বুঝুন। আমি ষ্টেট লেভেল কমিটিতে বলেছি যে ৪শো টাকাতে আজকালকার দিনে একটা গরিব মানুষের এক কামরার একটা ঘরও হয়না আশা করি এটা সকলেই স্বীকার করবেন। তার সঙ্গে যদি 'ফুড ফর ওয়ার্ক' কর্মসূচী যোগ করেন তাহলেও হয় না। তাছাড়া এক কামরার ঘরে সকলের চলতেও পারে না। ছেলেমেয়ে আছে, স্ত্রী আছে, ছেলের স্ত্রী আছে, বাচ্চা-কাচ্চা আছে-কাজেই এক কামরায় সকলের হয় না। কাজেই অসংখ্য মানুষ আছেন যাদের কাছে এই ৪শো টাকা ঘর তোলবার জন্য যৎকিঞ্চিত সাহায্য। এক এক সময় হাসি পায় যখন বলি পুনর্বাসন। কি পুনর্বাসন ? চারপাশে গোটা কয়েক ঘুঁটি পুঁতে উপরে গোটা কয়েক বাঁশ দিয়ে পেরেক দিয়ে ছিটে বেড়া করার চেষ্টা। উপরে কিছু ঘড় চাপা দেবে কিম্বা টালি দেবে। পশ্চিমবাংলার গ্রামাঞ্চল এখন ছিটে বেড়ার গ্রামাঞ্চলে পরিণত হতে যাচ্ছে। কি হয় এই ৪শো টাকাতে ? কিছুই হয় না। তবুও এই ৪শো টাকা করে সাহায্য দিতে গেলে ৪৪ কোটি টাকার প্রয়োজন। কবে দেবেন সে টাকা কেন্দ্রীয় সরকার ? ১১ কোটি টাকা দিচ্ছেন বাকিটা কবে আসবে ? তারপর চাষের জন্য বলদের দরকার, পাওয়ার টিলার দরকার। বলদ খাতে এক পয়সাও কেন্দ্রীয় সরকার ধার্য করেন নি। ব্যাপারটা কি ? আমি

আমার জনতা দলের বন্ধুদের একথা ভেবে দেখতে বলি যে ব্যাপারটা কি ? কতকগুলি জিনিষের ব্যাপারে অগ্রাধিকার দেওয়া দরকার এবং সেই টাকা পাওয়ার দরকার। এটা আমরা এক সঙ্গে কেন চাইতে পারবো না ? গভর্ণমেন্টে যেই থাক, গভর্ণমেন্টের দোষত্রুটি থাক—আমরা সকলে মিলে একটা দাবী করেছি যেটা গভর্ণমেন্ট মানছে না। আমরা সকল বিরোধীদল মিলে দাবী করেছিলাম সেকথায় আমি পরে আসছি আমি মনে করি আমাদের দাবী ন্যায়সংগত এবং গভর্ণমেন্ট সেটা মানছে না। কিন্তু গভর্ণমেন্ট মানুক আর নাই মানুক পশ্চিমবাংলার মানুষরা আমাদেরও মানুষ। সেই পশ্চিম-বাংলাকে বাঁচাবার জন্য যে সাহায্য দরকার সেই সাহায্যের জন্য আমরা একসঙ্গে কেন উচ্চ কণ্ঠে আমরা দাবী করতে পারবো না সেটাই হচ্ছে প্রশ্ন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি দুঃখের সঙ্গে তার পরবর্তী কথাটা বলছি। যেখানে এতবড় প্রাকৃতিক বিপর্য্যয় ঘটে গেল সেখানে তার মোকাবিলা করবার জন্য সর্বদলীয় কমিটির কথা উঠেছে। আমরা সমস্ত বিরোধীপক্ষ থেকে বলেছি সেকথা। আমার লজ্জা হয় স্বীকার করেছেন মুখ্যমন্ত্রী তাঁর রিপোর্টে এবং আমি অবাক হয়ে গেলাম যখন লাট সাহেবের বাড়ীতে প্রধানমন্ত্রী এলেন এবং তিনি বললেন যে 'আমি মুখ্যমন্ত্রীকে বলেছিলাম তুমি সর্বদলীয় কমিটি কর। মুখ্যমন্ত্রী বলেছিলেন, 'হ্যাঁ, আপনার চিঠি পেয়েছি, আমরা রাজ্য স্তরে করছি।' রাজ্য স্তরে সর্বদলীয় কমিটি করতে হবে সেটা আমাদের কথায় হবে না, আমাদের অনুরোধে হবে না, পশ্চিমবাংলার বিভিন্ন রাজনৈতিক দল বললে হবে না, ভারতসরকারের প্রধানমন্ত্রী বললে তবে হবে। এটা কি রকম কথা ? সেদিন আমার খুব লজ্জা হয়েছিল কিন্তু সেদিন আমি বিশেষ কিছু বলিনি। তারপর গোটা কয়েক জেলা কমিটি হয়েছে কিন্তু সেগুলি নিয়মিত বসে না, তাদের কোন ফাংসান নেই, সেখানে একটু আধটু আলোচনা করেই সবাই উঠে পড়ে। তারপর প্রাদেশিক কমিটিতে কি হয় জানি না। কিন্তু যেখানে আসল ত্রাণের বা পুনর্বাসনের কথা, যেখানে পুনর্গঠনের কথা সেখানে ওরা সর্বদলীয় কমিটি কিছুতেই করবেন না, করবেন না, করবেন না।

[ 5-40—5-50 P.M. ]

গণতান্ত্রিক পদ্ধতিতে পঞ্চায়েত নির্বাচন হয়ে গেছে, গ্রাম পঞ্চায়েত আছে, পঞ্চায়েত সমিতি আছে, তাদের উপর ভার দিচ্ছি, তারা করবে, মুখ্যমন্ত্রী নিজে স্বীকার করেছেন, তাঁর বক্তব্য আমি দাগ দিয়ে রেখেছি। দলমত নির্বিশেষে অসংখ্য মানুষ যদি এগিয়ে না আসতো তাহলে কি হতো ? আপনারা আত্মত্যাগের কথা উল্লেখ করেছেন, এই রকম

অসংখ্য ঘটনা আছে যা আপনারা জানেন না, নিজের বাড়ি ধ্বসে গেছে, পড়ে গেছে, কিছু নেই, তাদের ছেলেমেয়েদের, বাপ-মাকে বাঁধে রেখে এসেছেন তারপর অন্য মানুষদের উদ্ধার করেছেন, তাদের ছেলেমেয়ে, স্ত্রী, বাবা, মা তাদের কি হলো সেদিকে তাদের খেয়াল নেই, বন্যার্ত মানুষদের উদ্ধার করবার জন্য অনেকে প্রাণ পর্যন্ত দিয়েছেন, কিছু মানুষ বাইরে থেকে এসেও উদ্ধার করেছেন এটাও আপনারা স্বীকার করেছেন, খুব ভাল কথা। দলমত নির্বিশেষে উদ্ধার কার্য্য চলেছে, এটা খুব ভাল কথা। দলমত নির্বিশেষে উদ্ধার কার্য্য চলেছে, এটা খুব ভাল কথা। এটাই তো আমাদের পুঁজি, এটাই আমাদের মূলধন। বিপর্যায়ের সামনে দাঁড়িয়ে দলের কথা ভাববো না, কে সি. পি. এম. কে ভোট দিয়েছিল, কে সি. পি. আইকে. ভোট দিয়েছিল, কে কংগ্রেসকে ভোট দিয়েছিল—উদ্ধার করবার সময় কিংবা সাহায্য করবার সময় সমস্ত মানুষ এগিয়ে গিয়েছিল। এতবড় যে পুঁজি, এতবড় যে ক্যাপিট্যাল পশ্চিমবাংলার জাতীয় বিপর্যায়ের মুখে দাঁড়িয়ে, একটা জাতীয় চেতনা দেখা দিয়েছিল, সেটাকে তো আমরা বাঁধতে পারলাম না ? তার তো আর কোন পরিচয় নেই ? এখন সব লণ্ড ভণ্ড, খণ্ড খণ্ড হয়ে গেছে এবং আমরা বিবাদে মত্ত। সর্বদলীয় কমিটি হবে না, কেন হবে না ? আমি আগেই বলেছি যে পঞ্চায়েতকে উপযুক্ত ক্ষমতা দিন, বিধিবদ্ধভাবে দিন। যদি দরকার হয়, পুরানো আইন সংশোধন করুন, পঞ্চায়েতকে উপযুক্ত ক্ষমতা দিন। আমার পার্টি কয়েকটা গ্রাম পঞ্চায়েতে জিতেছে, আমার কনষ্টিটিউয়েনসিতে অনেক জায়গায় জিতেছে। আমি তাদের বলেছি সকলকে নিয়ে কাজ কর। একটা পঞ্চায়েতে আপনারা জিতেছেন, আপনারা কত ভোট পেয়ে জিতেছেন ? গ্রাম পঞ্চায়েতে কত ভোট পেয়েছিলেন, ৩৫ পার্সেন্ট, ৪০ পার্সেন্ট, তারপর ভোট ভাগাভাগি হয়েছে। কিন্তু মানুষ যারা দুর্গত হয়েছে, তারা কত ? যারা আমাদের পার্টিকে ভোট দিয়েছে, তারাই কি শুধু দুর্গত ? অন্য পার্টিকে যারা ভোট দিয়েছে তারা কি দুর্গত নয় ? আজকে যে ব্যাপক দুর্গতি, যদি তাদের সদিচ্ছা, শ্রম, তাদের উৎসাহ, উদ্দীপনা সৃষ্টি করতে হয় তাহলে ঐক্যবদ্ধ ভাবে কাজ করতে হবে। তাদের সকলকে এক জায়গায় করবার জন্য নিশ্চয়ই একটা সর্বদলীয় কমিটি দরকার। সেখানে আমি জিতেছি ফর্টি পার্সেন্ট ভোট পেয়ে, সিক্সটি পার্সেন্ট ভোট পেয়েছি, এই কথা বলা এই অস্বাভাবিক সময়ে স্বাভাবিক নয়। বিপর্য্যয়ের সামনে দাঁড়িয়ে এই কথা বলা স্বাভাবিক নয়, এটাই আমি বলতে চাই। অনেক কথা শুনছি, কাগজেও বেরিয়েছে, প্রকৃত রিপোর্ট কি না জানি না, বিকৃত ভাবে বেরিয়েছে কি না তাও জানি না, মুখ্যমন্ত্রী বলেছেন বিরোধী দল চেয়েছেন সর্বদলীয় কমিটি দরকার গ্রাম স্তরে, ব্লক স্তরে। তাতে আমরা

যে পরিকল্পনা করেছি পুনর্গঠনের জন্য, পুনর্বাসনের জন্য, সেইগুলো তাহলে ভেস্তে যাবে।

কেন ভেস্তে যাবে সর্বদলীয় কমিটি করলে? এই সব পরিকল্পনা ভেস্তে যাবে কেন? কি পরিকল্পনা ভেস্তে যাবে, কি মতলব ভেস্তে যাবে বলুন? ঘর তৈরী করার কথা বলুন, চাষবাসের কথা বলুন, অন্যান্য জিনিষের কথা বলুন, কেন তা ভেস্তে যাবে? কেন ভেস্তে যাবে? সুতরাং সকলের আস্থা নিয়ে, সকলকে সঙ্গে নিয়ে এগতে হবে। আর যদি মনে করেন না দরকার নেই, এটা এমন একটা কাজ যে কাজ আমরা নিজেরাই করতে পারব, তাহলে কিছু বলার নেই। তাহলে সম্পূর্ণ দায়িত্ব নিচ্ছেন একাই পশ্চিমবাংলার সমস্ত দুর্গত মানুষদের রক্ষা করার, তাদের নিজেদের পায়ে দাঁড় করাবার, এই বিধ্বস্ত পশ্চিমবাংলাকে পুনর্গঠিত করার? তাহলে বলুন যে, কোনও একটা দল বা আপনাদের মোর্চা বামফ্রন্টের পক্ষে একাই সম্ভব এবং তাই যদি মনে করেন তাহলে আমাদের কিছু বলার নেই। তাহলে সেই দায়িত্বভার নিন এবং ইতিহাস তার সাক্ষী থাকবে। কিন্তু যদি মনে করেন এত বড় বিপর্যয় সামলানো একার পক্ষে সম্ভব নয়, মুখ্যমন্ত্রী তাঁর বক্তৃতায় বলেছেন, আমরা সকলের সহযোগিতা চাইছি, তাই যদি হয় তাহলে সকলকে নিয়ে কমিটি করতে কি দোষ আছে? আপনারা দিন না পঞ্চায়েতকে ক্ষমতা, ব্লক পর্য্যায়ে ক্ষমতা। কিন্তু সকলকে নিয়ে কমিটি করতে কি দোষ আছে? তারা সাহায্য করবে, সুপারভাইস করবে, একটু ঝগড়া না হয় হলোই, কিন্তু তারপর তো মীমাংশাও হবে। আমি এটুকু বলতে চাই যে, দলবাজী বা পক্ষপাতিত্ব স্বাভাবিক, দুর্নীতি স্বাভাবিক, অবহেলা স্বাভাবিক, কিছুই অস্বাভাবিক নয়। মুখ্যমন্ত্রী স্বীকার করেছেন এই রকম কিছু কিছু দোষ ত্রুটি হতে পারে এবং সরকারের পক্ষ থেকেও হতে পারে। কিন্তু সেটা নিবারণ করবার জন্য কি কি করা হয়েছে বা হচ্ছে? আবার আমি বলি যে, সেই লোকগুলি সংখ্যা, না মানুষ? আমার কাছে অনেক দরখাস্ত আছে, আমি বিভিন্ন জায়গা ঘুরে দেখেছি—মুখ্যমন্ত্রী বলেছিলেন বিশ্বনাথবাবু, আপনার নির্দিষ্ট অভিযোগ থাকলে দেবেন, আর এখন এখানে শুনলাম, ভক্তিবাবু বললেন, সুনির্দিষ্ট অভিযোগ থাকলে দেবেন, আমরা তদন্ত করব। আমার কাছে অনেক অভিযোগ আছে, এখানে কাগজ-পত্রে অভিযোগ রয়েছে। কিন্তু আমি জিজ্ঞাসা করি, সেই লোকগুলি যদি লোক হয়, মানুষ হয়, তারা একজন দু'জন দশ-জন যাই হোন না কেন, তাদের বিরুদ্ধে যে অন্যায় হচ্ছে তা নিবারণ করা উচিত, কি উচিত নয়? কি হয়েছে এবং কেন হয়েছে সেটা তদন্ত সাপেক্ষ। কিন্তু যেটা হয়েছে সেটা নিবারণ করা উচিত। এমন মানুষের দরখাস্ত আমার কাছে আছে যে, সেই মানুষটি একটি অতি

দরিদ্র মানুষ, বন্যার সময় গাছের উপরে বসেছিল। সে সই করে দরখাস্ত দিয়েছে যে, বন্যার পর ২০/২৫ দিন হয়ে গেল এখন পর্য্যন্ত মাথার উপর ঢাকবার একটা ত্রিপল পর্য্যন্ত পেলাম না। খাদ্য দ্রব্য সর্বসমেত ১২৫ থেকে ১৫০ গ্রাম পেয়েছি ? তাহলে জিজ্ঞাসা করবেন যে, বেঁচেছে কি করে ? বেসরকারী কিছু সাহায্য এসেছিল সেই সাহায্য পেয়ে বেঁচেছে। আমার কনষ্টিউয়েন্সিতে দেখেছি বন্যা হয়ে যাবার পর ৪ তারিখে মেচেদা এবং আস-পাশের ৫০ হাজার লোক ষ্টেসনে রেল লাইনে না খেয়ে বসেছিল, সেখানে আমি মাথাপিছু ৫০ গ্রাম করে মুড়ি হিসাব করে তুলে দিয়েছি এবং তাদের বলেছি আপাতত এই নাও। ৪ তারিখে ৫০ গ্রাম করে মুড়ি তাদের হাতে তুলে দিয়েছি। তারা নিশ্চয়ই সেটা আনন্দের সঙ্গে নিয়েছিল। তারা বুঝতে পেরেছিল যে এখন গভর্ণমেন্টের সমস্ত যোগাযোগ বিচ্ছিন্ন, যথেষ্ট সাহায্য এসে পৌঁছচ্ছে না এবং পৌঁছন সম্ভবও নয়, যেটুকু এসে পৌঁছেছে তাই পাচ্ছি। আমি গভর্ণমেন্টকে দোষ দিচ্ছি না। আমি গভর্ণমেন্ট থাকলেও আমিও ঐ ৫০/৬০ গ্রাম করেই দিতে পারতাম। আমি বলতে চাই এই অবস্থায়ও লোকে বিদ্রোহ করেনি। এই যদি অবস্থা হয় তাহলে তারপর আমরা মানুষকে কতটুকু সাহায্য করতে পেরেছি বা কতটুকু করতে পারব ? আমরা ঘর তৈরী করে দেবার কথা বলেছিলাম, কিন্তু কতটুকু সাহায্য করা সম্ভব ? আমি গভর্ণমেন্টকে দোষ দিতে চাই না। সেদিন বিনয়বাবু বললেন ন্যায়সঙ্গত ভাবেই যে, বিশ্বনাথবাবু বলছেন ১ হাজার টাকা করে যদি একটা ঘর তৈরী করতে লাগে তাহলে ১১ লক্ষ ঘর তৈরী করতে ১১০ কোটি টাকা লাগবে। আমরা জানি এটা অল্প টাকার ব্যাপার নয়, এটা একটা বিরাট টাকার ব্যাপার। কিন্তু এই সংকট মূহুর্তে তাদের পাশে দাঁড়াবার মত বিনয় কি আমাদের থাকা উচিত নয় ?

[ 5-50– 6-00 P.M. ]

যখন যথেষ্ট সাহায্য করা সম্ভব নয়, যখন যথেষ্ট সাহায্য করা সাধ্যের বাহিরে তখন যেটুকু সাহায্য করছেন সেটা সকলে মিলে বন্টন করা হোক, সকলে মিলে সুপারভাইজ করুক, সকলে মিলে দেখুক যাতে সাহায্যটা কাজে লাগে। তারপর পঞ্চায়েত সম্পর্কে বলি। আমার কাছে তিনটি অভিযোগ আছে—আরোও অনেক আছে, অনেকগুলো অভিযোগ আমার কাছে এসেছিল। পঞ্চায়েতে এই যে এত লোক নির্বাচিত হয়েছে—প্রায় ৬০ হাজার তার মধ্যে ৪০ হাজার হচ্ছে বামফ্রন্টের আর বাকি অন্যরা নির্বাচিত হয়েছে। বহু জায়গায় পঞ্চায়েতের নির্বাচিত সদস্যরা যারা মাইনোরিটি অবস্থায় আছে তাদের কোন পাত্তা দেওয়া হচ্ছে না—এই নির্দিষ্ট অভিযোগ আমার কাছে বহু জায়গা

থেকে এসেছে। আমার পার্টি যেখানে পঞ্চায়েত নির্বাচনে জিতেছে—গ্রাম পঞ্চায়েত অধ্যক্ষ—তারা আমার কাছে ৩টি পঞ্চায়েত থেকে নালিশ করেছে। একটি হুগলী থেকে, একটি মেদিনীপুর জেলা থেকে তারা নালিশ করেছে যে আমাদের পাত্তা না দিয়ে রিলিফ বণ্টন হচ্ছে। ব্লক অফিসাররা বলছেন এম. এল. এ-রাই আমাদের কনষ্টিট্যুয়েন্সির রিপ্রেজেণ্টেটিভ, তার নির্দেশেই রিলিফ বণ্টন হবে অথচ আমাদের এম. এল. এ. রিপ্রেজেণ্টেটিভকে পাত্তা দেওয়া হচ্ছে না সেখানে বলা হচ্ছে যে পঞ্চায়েত সমিতি আছে তারাই রিলি বণ্টন করবেন অথচ আমাদের পঞ্চায়েত সমিতিগুলোকে ক্ষমতাচ্যুত করা হচ্ছে। আমি সব জায়গায় হচ্ছে এই কথা বলছি না কিন্তু আমি যে কথা বলছি সেটা হচ্ছে এই রকম পক্ষপাতিত্ব হওয়া স্বাভাবিক, কিছু অস্বাভাবিক নয়—মানুষ মানুষ—দল দলই—সুতরাং হওয়া স্বাভাবিক—বিশেষ করে জ্যোতিবাবু যেটা বলেছেন প্রয়োজনের তুলনায় রিলিফ যখন অল্প দিতে পারছি তখন কিছু অবিচার, কিছু পক্ষপাতিত্ব হতে পারে কিন্তু আমার বক্তব্য হচ্ছে তা প্রতিরোধের জন্য কিছু ব্যবস্থা করা দরকার। আমার কাছে সই করা লিষ্ট দিয়েছে যে শাসকদলের লোকদের রিলিফ দেওয়া হয়েছে। যে নিরিখে আমাদের দলের লোকদের রিলিফ দেওয়া হয়নি—আমাদের দলের লোকেদের যে নিরিখে বাদ দেওয়া হয়েছে শাসকদলের লোকেদের সেই নিরিখে বাদ দেওয়া হয়নি। আপনি কি কথা দেবেন রাজ্যস্তরের কমিটি থেকে জেলাস্তরের কমিটি থেকে আপনাদের প্রতিনিধি দলের লোক পাঠাবেন এনকোয়ারি করার জন্য, সুপারভাইজ করার জন্য? আপনারা বলছেন পুরোনো কংগ্রেস সরকার এই ব্যাপারটা দেখার জন্য অফিসারদের হাতে দিয়েছিল আর আমরা পঞ্চায়েতের হাতে দিয়েছি। অফিসাররা সবাই নিরপেক্ষতা দেখিয়েছে এমন কথা আমি বলতে পারিনি আমি ১৯৫৬ এবং ১৯৫৯ সালে দেখেছি বহু অনাচার। আমার সময়ে অফিসাররা ছিল আর আপনারা পঞ্চায়েতের হাতে দিয়েছেন।

অফিসারদেরই দিন, আর পঞ্চায়েতের হাতেই দিন, সর্বদলীয় কমিটি একটা সুপারভাইজ করবে সেটাতে আপনারা কেন রাজী নন—ভালভাবেই যদি কাজ হচ্ছে তাহলে সুপারভাইজ করাতে আপনাদের আপত্তিটা কিসের? অনেক যুক্তি দিয়ে বলেছেন বিশ্বনাথবাবু আমি তো নিজে ইন্টারেস্টেড, যাতে অন্য রকম দলবাজী না হয়, যাকেই ভোট দিক। উলটো যুক্তি আমার কাছে আছে। আমি একটা দরখাস্ত পেয়েছি, সেখানে আপনাদের শাসক দলের পক্ষ থেকে আমাদের কাছে বলা হয়েছে কি করতে পারলে? তোমরা মিছিল করলে, ঘেরাও করলে, ডেপুটেশান করলে—কি করতে পারলে? সুতরাং দলবাজীর নানারকম মোটিভ থাকতে পারে, জানিনা কি

হতে কি হচ্ছে? আমি এই কথা বলি যে একটা বিপর্যয়ের সামনে দাঁড়িয়ে কেন আপনারা সর্বদলীয় কমিটি এমন কি একটা উপদেষ্টা কমিটি এটাও করেননি বা একটা সুপারিশের ব্যবস্থা করতে চাননা। জেলা স্তর রাজ্য স্তরের কমিটি চান না কেন? পাঁচজনে মিলে মিশে দেখেশুনে করলে কি সর্বনাশ হয়ে যাবে? আর একটা কথা রিলিফের ব্যাপারে, তাঁতী, কামার, কুমার, কারিগর তাদের পুরোণো ব্যবসায় প্রতিষ্ঠিত হয়েছে রোজগার করছে তাদের রিলিফ দেওয়ার দরকার নেই, ফুড ফর ওয়ার্ক এর ব্যাপারও আছে যারা ফুড ফর ওয়ার্ক এতে কাজ পাচ্ছে তাদেরও রিলিফ দেওয়ার দরকার নেই। আমি বলি এই কথা, যতক্ষণ পুনর্বাসন না হয় ফিরে ঘর বসতের ব্যবস্থা না হয় ততক্ষণ রিলিফ দেওয়া উচিত। যারা চাষবাস করবে তাদের হাতে এখন কিছুই নেই। ঘর তৈরীর কথা আগেই বলছি, তাদের অল্প অল্প করে টাকা দিলে তারা সে টাকা খেয়ে ফেলবে। যেখানে এক হাজার ঘর পড়ে গেছে সেখানে ৪০০ টাকা ২০০ টাকা করে দিলে কাজে লাগবে, দশ ভাগের এক ভাগ টাকা। ৫০ টাকা করে দিলে ঘর উঠবে না—খেয়ে ফেলবে। সুতরাং ঘর তোলবার জন্য যেটুকু দিতে চান দ্রুতগতিতে সেটা দিয়ে তাদের কিছু ব্যবস্থা করুন। চাষবাসের ব্যাপারে খুব অসুবিধা, তখন চারিদিকে জল, এখন চাষ করবার জল নেই। কি বেসিসে টাকা দেবেন? কি বেসিসে পূরণ করা হয়েছে? চাষীর টাকা কমিয়ে দেওয়া হচ্ছে তার কারণ তাদের ঋণ, কো-অপারেটিভের ঋণ ১০০ টাকা থেকে আপটু ৬০০ টাকা। কো-অপারেটিভের মেম্বার নয়, ঋণ বকেয়া পড়ে আছে - এ রকম লোকেরা ঋণ পাচ্ছে কম। তাহলে ১/১ বছর যদি বকেয়া পড়ে থাকে তাহলে কি তারা চাষ করতে পাবেনা? আমার এলাকা পান চাষের এলাকা। এক একর পান চাষ করতে ৩০ হাজার টাকা ইনভেষ্ট করতে হয়। ১০ ডেসিমেল জায়গায় পান চাষ করতে লাগে ৩ হাজার টাকা—এত টাকা সে পাবে কোথায়? এক জায়গায় যেটুকু জমি ছিল তাই বন্ধক দিয়ে সে একটা রিক্সা নিয়েছে, ৩ ডেসিমেল জমিতে পান লাগিয়েছে। এর ফল যদি কিছু পায় ভাল, না হলে সর্বনাশ হয়ে যাবে। কেন্দ্রীয় সরকারের কাছে আমরা নিশ্চয় বলব সাহায্যের জন্য এবং তাহাদের সাহায্য কম এবং অপ্রতুল থেকে যাচ্ছে তাও বলতে হবে।

[ 6-00—6-10 P. M. ]

যদি হয় ভালই,—কিছু পাবো না হয় সর্বনাশ হবে। কেন্দ্রীয় সরকারের কাছে আমরা আরো অনেক চাই কিন্তু তা পেলেও অপ্রতুল থাকবে। তা যখন থাকবে তখন Let us capture that Spirit—Let us Capture that Spirit of unity and Co-operation in this situation of need and danger. অমলবাবু যে কথা

বলেছেন সেটা ঠিকই যে এতবড় ভয়ঙ্কর বন্যা কেন হলো। এ সম্বন্ধে তদন্ত করা দরকার। ১৯৬৯ সালে মান সিং কমিটির রিপোর্ট বিবেচনা করে দ্রুতগতিতে তা কার্য্যকরী করা দরকার। যাইহোক এতবড় বিপর্য্যয় আমাদের সকলকে এক সঙ্গে দাঁড়াতে হবে, জনতা পার্টিকে কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি করতে হবে এবং আমাদের মধ্যে যতই মত পার্থক্য থাক পুনর্বাসনের ক্ষেত্রে আমাদের সকলকেই সঙ্গে নেওয়া সরকারের কর্ত্তব্য এবং তাতে সাধারণ মানুষেরই কল্যাণ হবে।

**শ্রীবিনয়কৃষ্ণ কোঙার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বন্যা পরিস্থিতি নিয়ে আলোচনা করতে গিয়ে আমার মনে পড়ছে যে, পশ্চিমবাংলার মানুষ ৭০ সাল থেকে ৭৭ সাল অবধি একটা পরীক্ষা দিয়েছিলো অত্যাচারের—জুলুমের—গনতন্ত্রের অভাবের এবং স্বৈরতন্ত্রের বিরুদ্ধে সংগ্রাম কেমনভাবে পরিচালনা করতে হয়—কেমনভাবে শত্রুকে কোনঠাসা করতে হয়—বাংলাদেশের মানুষ সে পরীক্ষা দিয়েছে। আমরা দেখলাম বিরাট একটা প্রাকৃতিক বিপর্যয়কেও কিভাবে মোকাবিলা করতে হবে বাংলাদেশের মানুষ সে পরীক্ষাও দিতে আরম্ভ করেছে। এবং আমরা নিশ্চিত যে এই পরীক্ষায় পশ্চিমবাংলার মানুষ জিতবে। এতবড় বিপর্যয় আমাদের দেশে কোন সময়ে হয়নি। মানুষ-সম্পত্তি যোগাযোগ ব্যবস্থা সমস্তই বিপর্যস্ত। এই বিপর্যয়ের কারণ আমাদের বিবেচনা করতে হবে। গঙ্গার নাব্যতা কেন কমে যাচ্ছে, দামোদরের গর্ভ কেন উঠে যাচ্ছে, এই সেচ ব্যবস্থা সম্পর্কে নদী বিশেষজ্ঞ উইলকক্স, বার্নিয়ার সাহেব কি বলেছিলেন সে সব জিনিষের কিছুই কংগ্রেসী রাজত্বে করা হয়নি। ভূ-প্রকৃতির সঙ্গে সম্পর্ক না রেখে জলনিকাশী ব্যবস্থা সম্পর্কে কোন বিবেচনা না করে শুধুমাত্র সংকীর্ণ স্বার্থে যে সীমাবদ্ধ পরিকল্পনা করা হয়েছিলো তারই ফল হিসাবে আজকে এই বিপর্যয়। এ বিষয়ে যেমন বিবেচনা করতে হবে তেমনি সঙ্গে সঙ্গে এত বড় বিপর্যয়কে কিভাবে ঠেকান যায় সে চিন্তাও দরকার।

এ বারের বন্যায় আমরা দেখলাম শুধু যে সরকারের পরিবর্তন হয়েছে তা নয় নূতন এক দলের মানুষের জন্মও দেখলাম। প্রথম ১-২-৩ দিন অনেক জায়গায়ই সরকারী হেড কোয়াটার থেকে যোগাযোগ করা সম্ভব হয়নি। কিন্তু এতদিন যা আমরা দেখিনি তা হলো মানুষের উদ্যোগ। হরিপদবাবু সুললিত ভাষায় অনেক কিছু বললেন—দলবাজীর কথাও বললেন। দলবাজী যদি হতো তাহলে মানুষের এই উদ্যোগ দেখা যেত না। অতীতে মুখ্যমন্ত্রীর তহবিলে ২০/২৫ লাখের বেশী টাকা আসতো না। কিন্তু এবার এই তহবিলে দান করতে জলপাইগুড়ি চা বাগানের মানুষ থেকে আরম্ভ করে বর্ধমানের মানুষ পর্যন্ত এই তহবিলে বিপুলভাবে দান করেছে। বর্ধমান জেলার আউস

তারপর পঞ্চায়েতে নিজেদের লোক রিক্রুট করেছেন যারজন্য পঞ্চায়েত সমিতিকে নানারকম ঝামেলা ফেস করতে হচ্ছে, কিন্তু প্লেয়ার আছে যারা খেলতে নেমেই যেমন পেন্যালটি কিক করে এখানেও সেইরকম, রিলিফের জিনিষের কোন হিসাব পাওয়া যায় না। পাঁচ বস্তা চালের এখনও কোন হিসেব দেননি ইনসপাইট অফ দ্যাট এখনও কোন ব্যবস্থা হয়নি। তাহলে কি করছেন, এই সমস্ত বাজে লোক নিয়ে মানুষের ভাল করবেন? অনেক বাজে লোক আপনাদের দলে ঢুকে পড়েছে। প্রাক্তন কংগ্রেসের অনেক লোক ঢুকে পড়েছে। সরকার জনতা দলের সঙ্গে হাত মিলিয়ে কাজ করছেন বলে অন্ততঃ আমি মনে করি না। কমলবাবু এবং প্রভাসবাবুকে বলেছি জল দেওয়ার জন্য এবং সার দেওয়ার জন্য কিন্তু তার জন্য যে এ্যাসিওরেন্স দরকার তা এখনও পাইনি। আর একটা জিনিষ সেটা পশ্চিমবাংলার পান চাষ, যেটার দ্বারা দেশে ৩০ কোটি টাকার মত আয় হয়। সেই পান চাষীদের কথা বলছি, এই নভেম্বর মাসেই তাদের পানের চারা তৈরীর সময়। এই সময়ে তাদের ঋণ ব্যবস্থার আশু প্রয়োজন। সেই পরিপ্রেক্ষিতে একজন কর্মচারীকে ঠিক করুন, যে সুনির্দিষ্ট দায়িত্ব নিয়ে কাজ করবে। আমার কনষ্টিটিউয়েনসিতে ফুলের চাষ হয় সেইসব ফুলচাষীদের ব্যবস্থা না করলে উত্তরোত্তর বিক্ষোভ বৃদ্ধি পাবে, এদের সংখ্যা ১৫ হজারের মত। ওদের সাহায্য করতে না পারলে ওরা খুবই দুর্গতিতে পড়বে এবং দেশে এইসব সমস্যা থাকলে আপনাদের সরকারের ইমেজ নষ্ট হয়ে যাবে, এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[ 7-10 – 7-20 P. M. ]

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জী:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার বন্যা পরিস্থিতি সম্পর্কে মুখ্যমন্ত্রী যে বিবৃতি দিয়েছেন তার উপর মাননীয় সদস্যরা যে বক্তব্য রেখেছেন তা আমি ভালভাবে শুনেছি। বিরোধীপক্ষ মুখে সহযোগিতার কথা বলেছেন এবং তাঁরা এই কথা স্বীকার করেছেন যে এই ভয়াবহ বন্যায় পশ্চিম বাংলার অর্থনীতি ভেঙ্গে গেছে। কিন্তু বাস্তব ক্ষেত্রে কাজ করতে গিয়ে আমরা দেখেছি সরকারকে কিভাবে আসামীর কাঠ গড়ায় দাঁড় করান যায় নানা অসত্য কথা বলে তা তারা চেষ্টা করেছেন। জনসাধারণকে কিভাবে খেপান যায় তারজন্য তারা বলেছেন কোথায় মন্ত্রী গেল কোথায়, পঞ্চায়েতের সদস্যরা গেল কোথায় এবং নানাভাবে খিস্তি খেউড় করেছেন। কিন্তু এত করেও তারা তাদের খিপ্ত করতে পারেননি কারণ তারা জানে কিভাবে সরকার রিলিফের কাজ করেছেন, যেখানে সড়কের প্রচুর অসুবিধা সেখানে মিলিটারি ট্রাক গেছে। আবার যেখানে ন্যাশানাল

হাইওয়ে ডুবে গেছে সেখানে এয়ারড্রপ হয়েছে। এই সময়ে কংগ্রেসীরা মুচকে মুচকে হেসেছে এবং ভেবেছে যে বাম সরকার বেকায়দায় পড়েছে। তারা বি. ডি. ও. অফিস ঘেরাও করতে বলেছে। শুধু তাই নয় যে বি. ডি. ও. অফিস ডুবে গেছে বলা হয়েছে আমি নাকি সেখানে ফুর্ত্তি করছি। এই সমস্ত নক্কারজনক কথা তারা বলেন কারণ এইসব জিনিষ তারা করেছেন বলে। আমরা দেখেছি কিছু লোক লুঠতরাজ করছে বলে বাগনানে সি. আর. পি. ডাকতে হয়েছিলো। পশ্চিম বাংলার পঞ্চায়েতের কৃষক, ঠেলাওয়ালা, ক্ষেতমজুর যারা নির্বাচিত হয়েছিলেন তারাও রিলিফের কাজ করেছেন। অঞ্চল প্রধান নিজে মাথায় করে মাল নিয়ে গেছেন। নিজের মা বোন গাছে আটকে আছে অত্মীয় স্বজনের কোন খোঁজ নেই, চোখের জল ফেলতে ফেলতে তারা এই কাজ করেছেন। বন্যার সময় কলেরা দেখা দিয়েছিলো বলে আমরা সেখানে মেডিকাল ইউনিট নিয়ে গেছি। কংগ্রেস দল থেকে ভারত সেবাশ্রম সংঘের বিরুদ্ধে অনেক কথা বলা হয়েছিলো কিন্তু তাদের কাছ থেকে রিলিফ নিয়ে গেছে যা তারা বিতরণ করেনি তা আমরা ধরিয়ে দিয়েছি। আমরা দেখেছি প্রতিদিন তারা ফ্লাগ নিয়ে রিলিফ নিয়ে এদিকে ওদিকে ঘুরে এসেছে। আনন্দবাজার পত্রিকা বলেছে যে রিলিফ যাচ্ছে না। তাদের একজন সাংবাদিক উলুবেড়িয়ার গঙ্গার ফটো তুলে নিয়ে এলেন কিন্তু বাগনানে গেলেন না। রিলিফ যাওয়া কি দুঃসাধ্য ব্যাপার ছিলো সেটা তারা বোঝার চেষ্টা করেননি। অনেকে বলেছেন যে বিদেশী সংস্থার টাকা নাকি ফেরত যাচ্ছে। আমরা তাদের বলেছি আপনারা চাষের জন্য কাজ করুন বাড়ী তৈরী করে দিন, স্কুল করে দিন কিন্তু সরকারের সঙ্গে যোগাযোগ রেখে এ কাজ করতে হবে।

দু-দিন আগে এইসব সংস্থাগুলিকে মুখ্যমন্ত্রী ডেকে বলেছিলেন যে আপনারা যা ইচ্ছা করছেন কিন্তু সরকারের সঙ্গে কোন রকম সহযোগিতা করছেন না এটা হবে না। আমরা দেখেছি বাগনানে রিলিফের জন্য কাসার যে সমস্ত মাল গিয়েছিলো তা সমস্ত দোকানে বিক্রি হতে দেখা গেছে। দোকানদারদের বলায় তারা সমস্ত মাল বার করে দিয়েছে। চুরি আমরা করতে দেবো না। আমরা ম্যাজিষ্ট্রেটকে খবর দিয়েছি এই সমস্ত মাল ধরার জন্য। যা হোক আমাদের এই বিপদ থেকে উদ্ধার হতে হলে সকলের সহযোগিতা চাই। অনেক কংগ্রেসীরাই বলেছেন যদি আগেকার সরকার থাকতো এবং যদি বন্যা হতো তাহলে আমরা পচে মরে যেতাম। সেইজন্য বলছি সমালোচনা নয়—কিভাবে মানুষকে আমরা পুনর্বাসন দিতে পারি যাতে তারা নিজের পায়ে দাঁড়াতে পারে সেই মনোভাব নিয়ে সকলে আপনারা সহযোগিতা করুন। এই কথা বলে আমি শেষ করছি।

**মিঃ স্পীকার ঃ** আমি আগামীকাল ১১টার সময় আমার চেম্বারে সমস্ত পার্টির নেতাদের আসার জন্য অনুরোধ করছি এ্যাডজোর্নমেন্ট মোসান সম্পর্কে আলোচনা করবার জন্য।

[ 7-20 – 7-30 P. M. ]

**শ্রীঅতীশচন্দ্র সিংহ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বলার আমার ইচ্ছা ছিল না, কারণ, বুধবার আমার বলার কথা, কিন্তু ভক্তি বাবু কিছুক্ষণ আগে কতকগুলি বক্তব্য রেখেছেন, তারই পরিপ্রেক্ষিতে আমার কিছু বলার প্রয়োজন আছে বলে আমি বলতে উঠেছি। প্রথমে তিনি বলেছেন যে তিলপাড়া ব্যারেজ যেটা ভেঙ্গে গেছে, ব্যারেজ অবশ্য ভাঙ্গেনি, ব্যারেজের পাশে যে বাঁধ সেই বাঁধ ভেঙ্গে গেছে, সেই ভাঙ্গনকে কোন রকমে রোধ করা যেত না। অত্যন্ত আশ্চর্যের কথা তিনি মন্ত্রী হয়ে এই রকম উক্তি কি করে করলেন বিশেষ করে যখন একটা কমিশন নিযুক্ত হয়েছে সকলে জানেন, বাঁধটা কেন ভেঙ্গেছে সেটা তাঁরা পরীক্ষা-নিরিক্ষা করে নানা রকম লোককে জিজ্ঞাসা করে সরেজমিনে তদন্ত করে বের করবেন, তার আগে মন্ত্রী মহাশয়ের এই যে উক্তি এই বাঁধের ভাঙ্গনকে রোধ করা যেত না। এটা অসময়োচিত হয়েছে বলে আমি মনে করি। আমি মনে করি এই বাঁধ ভাঙ্গনের মূলে মানুষের হাত আছে, ইঞ্জিনিয়ার ইরিগেশানের কর্মচারী যাঁরা ছিলেন তাঁদের যথেষ্ট গাফিলতি আছে। আমি অমল বাবুর সঙ্গে একমত যে কাঁথি মহকুমায় বন্যা প্রায়ই হয়ে থাকে। দেখা যাচ্ছে ম্যাসাঞ্জোর ড্যাম যেটাকে কানাডা ড্যাম বলা হয় সাধারণত সেই ড্যাম হওয়ার পর থেকে, তিলপাড়া ব্যারেজ হওয়ার পর থেকে কাঁদি মহকুমায় বণ্যার প্রকোপ বেড়ে গেছে। এর আগে আমাদের সময় মন্ত্রী সভায় স্বর্গত বিমলচন্দ্র সিংহ মহাশয় সেখান থেকে মন্ত্রী ছিলেন, অজয় মুখোপাধ্যায় মহাশয় তখন সেচ মন্ত্রী ছিলেন, তখন এই নিয়ে অনেক আলোচনা হয়েছিল। তারপর আমি যখন মন্ত্রী হয়েছিলাম তখন সেই ফাইল দেখার সৌভাগ্য আমার হয়েছিল। সেই ফাইলে আছে এই ম্যাসাঞ্জোর ড্যামে কোম ফ্লাড কুশান নেই। আমি এই ব্যাপারে সেচ মন্ত্রী প্রভাস রায়কে চিঠি লিখেছিলাম এবং বলেছিলাম যে কাঁদি মহকুমায় বণ্যার প্রকোপকে রোধ করা যায়। ম্যাসাঞ্জোরে যে ড্যাম হয়েছে ময়ূরাক্ষী নদীর উপর সেই ড্যামে কোন ফ্লাড কুশান নেই, সেই ড্যামে যে জল ধরা হয় সেই জল কেবলমাত্র খরার সময় বোরো সিজিনে সেচের জন্য দেওয়া হবে এই হচ্ছে সেচ দপ্তরের লিখিত অভিমত। সেখানে বর্ষাকালে যে জল আসছে সেই জল খানিকটা ধরে রেখে বণ্যার প্রকোপকে অনেকখানি কমান সম্ভব

একথা সেচ দপ্তরের কেউ স্বীকার করবেন না। অত্যন্ত দুঃখের সঙ্গে আমি বলছি কিছুদিন আগে টেলিভিসানে একটা ইণ্টারভিউ হয়েছিল, তাতে সেচ দপ্তরের কিছু কর্মচারীকে, ডি. ভি. সি'র কর্মচারীকে জনৈক সাংবাদিক প্রশ্ন করেছিলেন তিলপাড়া ব্যারেজ থেকে যদি সময় মত জল ছাড়ত তাহলে বণ্যা হত না এই সম্বন্ধে আপনাদের মতামত কি ? তার উত্তরে ইঞ্জিনিয়াররা বলেছিলেন ওয়াটার ইজ এ স্কেয়ারস মিনার‍্যাল নাউ অর্থাৎ বর্ষার সময় তাঁরা জল ছাড়বেন না, ধরে রাখবেন, সেই জল দেবেন খরার সময় বোরো চাষ করবার জন্য, গম চাষ করার জন্য। এই করে তাঁরা নাম কিনতে চান। যদি বর্ষাকালে জল ধরে রেখে লক্ষ লক্ষ কোটি কোটি টাকার ফসল নষ্ট হয়ে যায়, হাজার গবাদি পশু নষ্ট হয়ে যায় তাহলে কি দরকার বোরো সিজিনে এক হাজার একরে ধান গম চাষ করে ? কোন দরকার নেই। কাজেই আমার প্রথম প্রস্তাব, এই বিষয়ে মুখ্যমন্ত্রীকে চিঠি লিখেছি, কোন উত্তর পাইনি, প্রভাস রায় মহাশয়কে চিঠি লিখেছি, হয়ত তিনি চিন্তা করছেন, সরাসরি জবাব পাইনি, তাঁদের দু'জনকে অনুরোধ করব অবিলম্বে আপনারা এই ময়ুরাক্ষী ড্যামকে ফ্লাড কুশান হিসাবে ব্যবহার করার জন্য ডিক্লারেশান দিন, সেইভাবে কঠিন অর্ডার দিন সেচ দপ্তরের ইঞ্জিনিয়ারদের, অর্থাৎ বর্ষাকালে সেখানে সব সময় কিছুটা জল খালি করে রাখতে হবে। ইঞ্জিনিয়াররা ভাবেন বর্ষাকালে সবসময় জল ভর্তি করে রাখবেন, নতুবা বোরো সিজিনে বেশী জল দিতে পারবেন না। যদি ১০ ফুট জল কম থাকে এবং তাতে যদি ৫ শো একরে জল না দেওয়া হয় তাহলে তাতে এমন কি ক্ষতি হবে ? ৫ শো একরে এমন কি বেশী ফলন হয়ে যাচ্ছে যার জন্য পশ্চিমবঙ্গ সোনার বাংলা গড়ে উঠছে ?

তার জন্য স্যালো টিউবওয়েল, ডিপ টিউবওয়েল এবং নদী প্রকল্প করলে পুষিয়ে যেত। এটা অবশ্য আপনাদের দোষ নয়, এই চেষ্টা আমরাও করেছি কিন্তু পারিনি। সেচ দপ্তরের ইঞ্জিনিয়াররা এর ঘোরতর বিরোধী। আপনারা যদি মনে করেন এই ড্যাম শুধুমাত্র সেচের জন্য হবে, বন্যা নিয়ন্ত্রনের জন্য হবে না তাহলে আপনারা কোনদিন কাঁন্দি মহকুমার বন্যা আটকাতে পারবেন না। যত টাকাই খরচ করুন না কেন। কাজেই অবিলম্বে এই ড্যামের মাধ্যমে যাতে বন্যা নিয়ন্ত্রন করা যায় তারজন্য ব্যবস্থা করুন। ভক্তিবাবু বললেন কংগ্রেস আমলে সিদ্ধেশ্বরী নদীর উপর একটা ড্যাম করবার কথা হয়েছিল। স্যার, আপনি যদি বিধানসভার প্রশ্নত্তোরের তালিকা দেখেন তাহলে দেখবেন আমার এবং সুনীতি চট্টরাজের বার বার এই প্রশ্ন রয়েছে যে, সিদ্ধেশ্বরী ড্যাম কবে হবে ? কিন্তু আমি আজকে আমার সেই দাবী তুলে নিচ্ছি, আমি এই প্রশ্ন আর কোনদিন করব না। আমি আপনাদের বলছি আপনারা দয়া করে এই ড্যামের ব্যাপারে

বিহার সরকারের সঙ্গে আঁতাত করুন, সেই ড্যাম আমরা চাই না। সেই ড্যাম থেকে কখন জল ছাড়তে হয় সেটা যদি ইঞ্জিনিয়াররা না জানেন তাহলে সেই ড্যামের কোন প্রয়োজন নেই। আপনারা দয়া করে ব্যবস্থা করুন সেই ড্যাম যাতে না হয়। তারপর একটা দুঃখের কথা শুনলাম যে আমরা বিরোধীদল নাকি অপপ্রচার করছি এই বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে। আমি খুব দায়িত্ব নিয়ে বলছি আমার এলাকা কাঁন্দিতে সি. পি. এম.—এর লোকেরা কি অপপ্রচার করছে সেটা শুনলে আপনারা অবাক হবেন। আপনি যে কোন নিরপেক্ষ লোককে সেখানে পাঠিয়ে সাধারণ লোকের কাছে জিজ্ঞাসা করুন সেখানে কি অপপ্রচার করা হচ্ছে। সেখানে বলা হচ্ছে এই বন্যা কংগ্রেসের সৃষ্ট —ময়ুরাক্ষী এবং তিলপাড়া ব্যারেজে যারা রয়েছে তারা ইন্দিরা গান্ধীর কাছ থেকে টাকা খেয়ে জল ছেড়ে দিয়েছে। স্যার, আপনি যদি সেখানে নিরপেক্ষ মানুষকে পাঠান এবং তদন্ত করেন তাহলে দেখবেন সেখানকার মানুষরা এই কথাই বলছে। আমি বলব ইঞ্জিনীয়ারদের অপব্যর্থতার জন্যই বন্যার সৃষ্টি হয়েছে। আমি অন্য এলাকার কথা বলছি না আমি মুর্শিদাবাদের কথা বলছি। সেখানে বন্যা নদী দিয়ে আসেনি। হিজোল বলে একটা গ্রাম আছে সেখানে গিয়ে লোকদের কাছে শুনলাম তারা বলছে— আমরা শুনলাম বন্যা আসবে এবং সেকথা শুনে আমরা নদীতে লোক পাঠিয়ে দিলাম এবং বলে দিলাম যেয়ে দেখো এসো কত জল এসেছে। ২৭ তারিখে বান এসেছে। তারা দেখল এখনও তিন হাত জেগে আছে নদীতে। স্যার, আপনি আশ্চর্য্য হয়ে যাবেন বিকেল ৫ টার সময় দেখা গেল ছম্‌ছম্‌ আওয়াজ তুলে শহর থেকে বান আসছে। আপনি কখনও শুনেননি সহর থেকে বান এসেছে। ব্যাপারটা হয়েছে তিলপাড়া ব্যারাজ ভেঙ্গে সেই জল নদী দিয়ে যায়নি, সেটা সাঁইথিয়া দিয়ে বাস রুট ধরে হু হু করে এসেছে। তিলপাড়া ড্যাম ম্যাসাঞ্জোর ড্যাম কংগ্রেসের সময় হয়েছিল, কিন্তু সেটা ভেঙ্গে দেবার জন্য তাঁরা করেননি, কাজেই তার দায়িত্ব এই গভর্ণমেণ্টকে নিতে হবে। সেই ড্যাম যদি ভেঙ্গে না যেত, তাহলে জল নদীপথে আসত, এবং কান্দী মহকুমার লোক এই তাণ্ডব লীলা দেখতে পেত না। কত গবাদি পশু মরেছে আমি জানি না, কিন্তু আজকে জ্যোতিবাবু যেটা উল্লেখ করেছেন এ্যানেকসার টু, তাতে দেখছি মুর্শিদাবাদে কত ক্যাটল্‌ মরেছে? না মাত্র বারটি। এতে হাসব না কাঁদব বুঝতে পারছি না। স্যার, পরিসংখ্যানে যদি এই রকম অবস্থা হয় তাহলে কি ত্রাণ ব্যবস্থা আপনারা করবেন আমরা সহজেই বুঝতে পারছি। যেখানে ২০/২৫ হাজার ক্যাটল নষ্ট হয়েছে এবং অন্ততঃ দুইশত জন মানুষ মারা গেছেন সেখানে আপনারা বলছেন ২০ জন মানুষ মারা গেছে এবং ১২টি ক্যাটল মরেছে।

[ 7-30—7-40 P.M. ]

সুতরাং আপনাকে বলবো দয়া করে যখন এই পুস্তিকাটি বিতরণ করবেন একটু দ্বিতীয়বার দেখে নেবেন। আমরা গ্রামের মানুষ, আমরা গ্রাম থেকে আসলেও একটু ইংরাজী পড়তে পারি। সুতরাং আপনারা সেইভাবে চলবেন। দ্বিতীয় কথা, আপনারা বলেছেন যে দল বাজী হচ্ছে না। দল বাজী হচ্ছে কি হচ্ছে না সেটা আজকের এই বিতর্কের সভাতেই আমরা বুঝতে পারছি, কারণ আপনারা সমালোচনা শুনতে পারছেন না। যদি আমি আজকে বলি হ্যাঁ খুব ভাল হচ্ছে, ভীষণভাবে ত্রাণের ব্যবস্থা হচ্ছে, আপনারা আগে গিয়ে কংগ্রেসের লোকদের ডেকে ডেকে বলছেন কোথায় কাপড় দিতে হবে, কোথায় গম দিতে হবে, কোথায় কম্বল দিতে হবে, আর সি. পি. এম. লোকেদের বলছেন তোমরা পরে যাবে। এই যদি হচ্ছে বলি তা হলে বলবেন অতীশবাবু ভালো বলছেন, একেবারে চমৎকার, একেবারে দারুন লোক তিনি। কিন্তু আসল কথা হচ্ছে তা হচ্ছে না। গ্রামে ঠিক উল্টোটাই হচ্ছে। আমার এলাকায় চার-পাঁচটা পঞ্চায়েতে আমাদের প্রধান হয়েছে। পুরন্দর পুর, ভীজল ও গোকর্ণ দুই নম্বর এবং বাউলম্বী এক নম্বর এগুলিতে আমাদের প্রধান হয়েছে। সেইসব জায়গাগুলিতে কি করে মাল কম যায়, কি করে রিলিফ কম দেওয়া যায় তারজন্য সি. পি. এম. কর্মীরা সবাই জাগ্রত। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনাকে একটা কথা বলি আমাদের জেলাতে এখনও পঞ্চায়েত কমিটি নির্বাচিত হয়নি। অথচ এই যে কালাকানুন অনুযায়ী আপনারা ব্লক কমিটি সৃষ্টি করেছিলেন সেখানে আপনাদের পাঁচ-ছয়জন সদস্য আর আমাদের মাত্র একজন— সেই কমিটি এখনও তাণ্ডবলীলা চালিয়ে যাচ্ছে। আমাদের প্রধানের অঞ্চল থেকে টিউবওয়েল-এর লিস্ট গেল যে ওমুক ওমুক জায়গায় টিউবওয়েল করে দাও, সেটা ব্লক কমিটিতে দেওয়া হলো। আর বি. ডি. ও মহাশয় কিছুদিন আগেও আমাকে বলতেন স্যার, স্যার—আমি যখন মন্ত্রী ছিলাম—তিনি এখনও আছেন। তিনি এখন আর আমি বিধানসভার সদস্য হওয়া সত্ত্বেও কোন কথাই না শুনে C. P. I. (M)-এর স্থানীয় সেক্রেটারী বালকবাবুর আজ্ঞাবাহক হয়েছেন। বালকবাবু টিউবওয়েলের যে লিস্ট ছিল সেগুলো নিজের মনমত জায়গায় করে দিলেন, আর গ্রাম পঞ্চায়েতের যে প্রধান তার লিস্ট গঙ্গার জলে চলে গেল। এই রকম ব্যবস্থাই হচ্ছে। একে যদি দলবাজী না বলি তাহলে সি. পি. এম-রা বলবে যে অতীশ বাবু খুব ভাল কাজ করছে আর আপনারা তখন এখানে টেবিল চাপড়াবেন, আর যদি বলি যে দলবাজী হচ্ছে তাহলে আপনারা ভুয়ো ভুয়ো করবেন। এই কথা বলে আমি অধ্যক্ষ মহাশয়কে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীপ্রভাসচন্দ্র রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যখন বসেছিলাম আমার ঘরে তখন আমি মাইকে শুনতে পেলাম যে আমার এবং মাননীয় মুখ্যমন্ত্রী সম্পর্কে মাননীয় সদস্য দুই একটা কথা বলেছেন। সে সম্পর্কে আমি পারসোনাল রেফারেন্স হিসাবে দুই একটি কথা বলতে চাই। মাননীয় সদস্য বলেছেন মেসাঞ্জোর ড্যামএ সেখানে কোন ফ্লাড কুসান নেই কেবল ইরিগেশান-এর জলের ব্যবস্থা আছে। কথাটা ঠিক। কিন্তু নেই কেন সেই জবাবটি কি মাননীয় সদস্য দেবেন? কারণ আপনাদের টাইমেই এটা হয়েছে। আপনারা কেন তখন দেখেননি। আপনারা কেন ফ্লাড কুশান রাখেননি। আমরা আসার পর আমি বিহার গর্ভমেন্টের সঙ্গে কথা বলেছি যে ফ্লাড কুশান করা যায় কিনা, তার উত্তরে তারা বলেছেন যে ডুমকাতে আমাদের কয়েক হাজার লোককে উত্থাত করতে হবে তবেই ফ্লাড কুশান হবে, তাছাড়া হবেনা।

সুতরাং তাঁর জবাবের পর ফ্লাড কুশন-এর ব্যাপারে যদি রাজী করাতে পারি চেষ্টা করব, এখনও করতে পারিনি। সুতরাং ফ্লাড কুশনের ব্যবস্থা যদি দয়া করে তাঁরা করতেন অনেক কিছু ভাল হত। তবে চেষ্টা করছি, করবোও। দুমকা জেলার মধ্যে অনেক লোককে তুলতে হবে, খুব কঠিন কাজ তাদের পক্ষে। এটা বলে গেলাম।

**শ্রীমনোরঞ্জন হাজরাঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বহুক্ষণ ধরে বিরোধীরা যাঁরা ওপাশে আছেন, তাঁদের কথা শুনলাম। অমার মনে পড়ে আমরা যখন ওপাশে বসতাম তখনকার কথা, তখন যখন বন্যা হত তখন পথে পথে গ্রামে গঞ্জে ছড়িয়ে পড়ে সংগ্রহ করতাম দ্রব্য সম্ভার এবং সেগুলি নিয়ে এসে দুর্গত মানুষদের পাশে গিয়ে দাঁড়াতাম। গত কয়েক বছর ধরে কংগ্রেস গভর্ণনেন্ট ছিল, তার আগে ইংরেজ গভর্ণমেন্ট ছিল, তখন আমরা এইভাবে বন্যার্তদের সেবা করতাম। অবশ্য এবারে এতবড় বন্যায় আমরা দেখলাম না বিরোধী বন্ধুরা যাঁরা ওপাশে বসে আছেন, তাঁরা কোথাও গিয়ে জনসাধারণকে উৎসাহিত করে তাদের কাছে সংগ্রহ করা ক্ষুদ কুড়ো নিয়ে গিয়ে সেবা করতে। আগে থাকতে তাঁরা আনন্দবাজারকে লাইন দিয়ে দিয়েছেন—মানুষের মনে হতাসা সৃষ্টি কর, রিলিফ নিয়ে দলবাজী হচ্ছে এই কথা বল। আশ্চর্য্য ব্যাপার, আনন্দবাজারকে লাইন দিয়ে চলেনা, এখন নেহেরু ডাইনেষ্টি শেষ হয়ে গেছে, সেন বংশ শেষ হয়ে গেছে। আনন্দবাজার কিছুটা লেখবার চেষ্টা করেছিল এবং লিখেছিল বিগত নির্বাচনের সময় যে বাংলার হাল ধরবেন কে? সেন মহাশয়। কিন্তু বুদ্ধির খেলায় অনন্দবাজার পরাস্ত হল, সেন মহাশয় দিল্লী চলে গেলেন। এই অবস্থাই হবে আপনাদের যদি আনন্দবাজারের লাইন গ্রহণ করেন। এখন আমি এটা

বলতে চাচ্ছি যে বহু বন্যা দেখেছি, আমার পূর্বতন নেতা আমার চেয়ে বেশী দেখেছেন, এই রকম বন্যা কিন্তু কখনও দেখিনি। এই রকম বন্যায় আজকে একথা বলতে আমার লজ্জা নেই বরং গর্ব অনুভব করি যে যদি আজকে বামফ্রন্ট সরকার না থাকত এবং জ্যোতিবাবুর মত মানুষ যদি মুখ্যমন্ত্রী না থাকতেন, তাহলে এইরকমভাবে গোটা মন্ত্রীসভাকে এইরকমভাবে বন্যার্ত্তদের সেবায় নিয়োজিত করতে পারতেন না। এই আনন্দ-বাজার কিছুদিন আগে লিখেছিল যত সমস্যা বাড়ছে মুখ্যমন্ত্রীর মস্তিষ্ক ততই উত্তপ্ত হয়ে উঠেছে, এই হচ্ছে ভাষা। একটা প্রদেশের মুখ্যমন্ত্রী সম্বন্ধে এই হচ্ছে তাদের ভাষা। কিন্তু দেখা গেছে সারা ভারতবর্ষে এবং বিদেশে প্রতিক্রিয়া অনুকূল। আজকে এইভাবে কিছু করা যায় না, এইভাবে কাউকে ছোট করা যায় না, কোন গভর্ণমেণ্টকে ছোট করা যায় না, করতে গেলে নিজেদের কিছু কন্সট্রাকটিভ কাজ করতে হয়, নিজেদেরকে বন্যার্ত্তদের পাশে গিয়ে দাঁড়াতে হয়। বিমলানন্দবাবু কিছু উদাহরণ দিয়েছেন, খানাকুলে হেলিকপ্টার থেকে যখন খাবার ফেলে দিচ্ছিল অত্যন্ত নীচ থেকে তখন হেলিকপ্টারকে লক্ষ্য করে ইট ছুঁড়ে মারা হয়েছে, পাথর ছুঁড়ে মারা হয়েছে, এই সম্বন্ধে কেস হয়েছে, আমি অবশ্য বলতে পারতাম কিন্তু সেই কেসের সঙ্গে কারা জড়িত কোন্ দলের সেটা এখন বলব না। কিন্তু একথা বলতে পারি অজয়বাবুর দলের নয়, একথা বলে রাখলাম। সেখানে হেলিকপ্টারকে ইট মারা হয়েছে, ঢিল মারা হয়েছে, তার জন্য কেস হয়েছে। নৌকা যোগাড় করতে যে কি পরিশ্রম করতে হয় তা আপনার ধারণা নাই।

[7-40—7-50 P.M.]

কিন্তু আমাদের আছে। বলাগড় থেকে একটা নৌকা পাঠিয়ে দিলো। চিনস্থরা এলো সেখানে। কিন্তু সেখান থেকে পাঠাবার জন্য ট্রাক পাওয়া যাচ্ছে না। ট্রাকগুলোর মালিক হচ্ছে কংগ্রেসের লোক। তারা যেতে চাইছে না। পুলিশ দিয়ে দিল্লী রোডে দাঁড় করিয়ে বাবা-বাছা বলে খালি ট্রাকে করে পাঠানো হয়েছে। আমি খানাকুলে দেখলাম সেই নৌকাগুলোতে ছিদ্র করে দেওয়া হচ্ছে যাতে এগুলো রিলিফের কাজে না লাগতে পারে। ওঁরা সহযোগীতার কথা যখন বলেন সেটা হচ্ছে কুম্ভীরাশ্রু বর্ষণ। আজকে তারা আইসোলেটেড, আজকে তারা মায়াকান্না কাঁদছেন। রিলিফ নিয়ে অতীতে যারা চুরি চামারি করেছেন তারা আজকে মায়াকান্না কাঁদছেন। বন্যার প্রথম পর্য্যায়ে আমার বন্ধু অজয়বাবু এখানে আছেন তিনি দেখেছেন কি রকম আবস্থায় আমাদের কাজ করতে হয়েছে। এক সময় তিনি অভিমান করে দূরে সরে গিয়েছেন। আমি, শান্তি এবং প্রবীর তাঁকে বুঝিয়েছি এবং তিনি এক সঙ্গে কাজ

করেছেন। ওরা বলেছেন একেবারে সর্বনিম্ন স্তরে কেন সর্বদলীয় কমিটি হবে না এটা যখন শুনি তখন খুব দুঃখ হয়। তাঁরা কি বলতে চাইছেন, নিম্ন স্তরে কমিটি হবে? নিম্নস্তরে কি তাদের নিয়ে কমিটি হবে যারা সত্যিকারের সমাজচ্যুত হয়ে গিয়েছেন? সেই রকম লোককে ঢুকিয়ে এই রকম কমিটি করার কি প্রশ্ন থাকতে পারে আমি বুঝতে পারি না। অপরদিকে পঞ্চায়েতের নির্বাচিত কমিটি আছে। গনতন্ত্রের খাতিরে তাকে মানবো না। যার কোন লোকাসষ্টাণ্ডি নেই, বিভিন্ন কেসের আসামী তাদের নিয়ে কমিটি করার কথা বন্ধুরা যখন বলেন তখন সেকথা বুঝে উঠতে পারি না। শ্রদ্ধেয় হরিপদ ভারতী মহাশয় ভাষার ফুলঝুরি দেখিয়ে গেলেন এবং বললেন সমস্ত দলবাজী হচ্ছে। আর কোন কথা নেই, কন্সট্রাকটিভ কথা নেই। আমরা দেখেছি পঞ্চায়েতের সদস্য ২২/২৪ বছরের জোয়ান ছেলে দু মন বস্তা নিয়ে এক বুক জল পার হয়ে রিলিফ দিতে যাচ্ছে। আমি চ্যালেঞ্জ করছি, কংগ্রেস এবং জনতা দলের কোন লোক এরকম নেই। আনন্দবাজার আপনাদের লীডার আপনারা শুধু মানুষকে কি করে হতাশায় ভেঙ্গে ফেলতে হয় এবং রিলিফ কি করে বানচাল করতে হয় এবং সেই চেষ্টাই আপনারা করছেন। একশো বস্তা চিঁড়ে যাচ্ছে এই রকম ট্রাক এবং সেই ট্রাকের মালিক আমাদের বিরোধী দল জনতা দলের একজন। একশো বস্তা চিঁড়ে জায়গামতো না নিয়ে অন্য জায়গায় পাচার করে দিচ্ছে। সেখানে আমরা চারদিকে রেডিওগ্রাম করে সেই ট্রাক ধরে এনেছি। এই রকম দৃষ্টান্ত হাজার হাজার আছে। এক জায়গায় একজন অফিসার ৫ শো কুইণ্টাল গম লুকিয়ে রেখেছিল। তিনি আপনাদের আমলে অত্যন্ত প্রিয় ছিলেন। সেই ৫শো কুইন্টাল গম আমরা বের করি এবং আরও দু একটা ঘটনা দিলে নিশ্চয় অস্বাভাবিক হবে না। কিন্তু সত্য কথা হচ্ছে যে কর্মচারী সিদ্ধার্থ সরকার যাকে মিসা করেছিল সেই শম্ভু সরকার সেখানে মিসা থেকে তাকে বের করা হয়। সুপ্রীম কোর্টে কেস করা হয়। আজকে সেই সম্ভু সরকার হরিণখোলায় নদীতে এক গলা জলে দাঁড়িয়ে রিলিফের কাজ করছে। আজকে তার দোষ দেন আনন্দবাজার পত্রিকা। আমি জানিয়ে দিই আজকে নূতন মানুষ গড়ে উঠেছে। জ্যোতিবাবু নিজে দেখে এসেছেন দুটি থানার এক জায়গায় মিটিং হয়—এবং সেখানে কি রকম লোক হয়েছিল তা তিনি দেখে নিজে অভিভূত হয়ে বলেছিলেন এতো বড় বিধ্বংসী বন্যার পর এতো জনতার সমাবেশ। আজকে বন্যায় নূতনভাবে মানুষের জাগরণ দেখা দিয়েছে। জাতীয় বিপর্যয়ের মধ্যে একটা নূতন জাতির জন্মলাভ করেছে সেখানে ঐ আনন্দবাজার ঐ নেহেরু বংশ একেবারে বিপর্যস্ত হয়ে পড়েছে।

**শ্রীমতীশ রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী আজকে বিধান সভার সামনে যে বক্তব্য রেখেছেন আমি তা সম্পূর্ণ সমর্থন করি। সমর্থন করতে দাঁড়িয়ে আমি কয়েকটি কথা বলতে চাই। বিগত বিধ্বংসী বন্যায় পশ্চিমবঙ্গ সরকার যেভাবে তার মোকাবিলা করেছে অতীতের সরকার এই জিনিস করতে পারতো কিনা সে বিষয়ে আমার যথেষ্ট সন্দেহ আছে। আমি যে এলাকা থেকে এসেছি সেই বরানগর, এবং বারাকপুর এলাকা যেটা পশ্চিমবাংলার অন্যান্য চারটি জেলার মধ্যে সবচেয়ে বেশী লোকসংখ্যা রয়েছে সেখানে এই বন্যার তাণ্ডব লীলায় লক্ষ লক্ষ মানুষকে জলবন্দী হয়ে থাকতে হয়েছিল। আমরা বামফ্রন্টের রাজনৈতিক কর্মীরা ২৭ তারিখে এবং ২৮ তারিখে মূল কর্তব্য ছিল সেই সমস্ত জলবন্দী মানুষদের উদ্ধার করে নিরাপদ স্থানে নিয়ে আসা। ২৮ তারিখে আমরা সরকারের সংগে যোগাযোগ করে ত্রাণের ব্যবস্থা করেছি। তারপর দেখি যে মফঃস্বল অঞ্চলে ত্রাণ সামগ্রী পাঠাবার দরকার আছে। তখন আমরা সহরের ত্রাণ সামগ্রী মফঃস্বলে পাঠিয়ে দিই। এই ব্যাপারে আমাদের স্থানীয় পুলিশ সাহায্য করেছে। জলবন্দী মানুষদের উদ্ধার করার জন্য তারা আমাদের নৌকা জোগাড় করে দিয়েছে পুলিশ গাড়ী দিয়েছে দুর্গত মানুষদের ত্রাণ সামগ্রী বণ্টন করে দেবার ব্যবস্থা করে দিয়েছে। এই বিধানসভার চীফ হুইপ তিনি বরানগরের বাসিন্দা এবং তাঁব বাড়ীও বন্যা কবলিত হয়েছিল। তাঁর পরিবারবর্গকেও শিবিরে আশ্রয় নিতে হয়েছিল। এবং প্রতিটি মানুষকে যে ৫০ গ্রাম করে চিড়া দেওয়া হয়েছিল তাঁর পরিবারবর্গকেও সেই ৫০ গ্রাম করে চিড়া দেওয়া হয়েছে। আমরা প্রত্যেকটি মানুষকে সমানভাবে সম বণ্টন নীতি নিয়ে কি সরকারী সাহায্যের ক্ষেত্রে কি বেসরকারী সাহায্যের ক্ষেত্রে আমরা কাজ করেছি। আজকে কংগ্রেসী বন্ধুরা বড় বড় কথা বলছেন। আর ঐ বরানগরে আপনাদেরই একজন কমিশনার বলেছেন যে আজকে জ্যোতিবাবু আছেন বলেই এই ভয়াবহ পরিস্থিতির মোকাবিলা এতো সুষ্ঠু এবং স্থির মস্তিষ্কে হচ্ছে। আজকে যদি সিদ্ধার্থবাবু থাকতেন তাহলে তার কাপড় দিনে তিনবার নষ্ট হয়ে যেতো এবং ঐ রাইটার্স বিল্ডিংসের বাথ রুম সঠিকভাবে ব্যবহার করতে হতো। কাজেই তাদের মুখে এই রকম বড় বড় কথা শোভা পায় না। আমরা চেষ্টা করেছি যত তাড়াতাড়ি পারা যায় ঐ সমস্ত জলবন্দী মানুষকে উদ্ধার করতে। আমাদের এলাকায় এই অবস্থা তার জন্য সোনাই খালই দায়ী। এই ব্যাপারে স্বাস্থ্য দপ্তরের একটা বিরাট দায়িত্ব রয়েছে এবং সেই দায়িত্ব পালন করতে হলে কেন্দ্রের কাছ থেকে অনেক বেশী টাকা আনতে হবে। আজকে স্বাস্থ্য দপ্তর কেন্দ্রের কাছ থেকে মাত্র ৫ কোটি টাকা পেয়ে থাকে। আজকে বরানগরে ১৮০০ কাঁচা বাড়ী ধসে গেছে এবং সেখানে ৪৬ হাজার টাকা দেওয়া হয়েছে।

এই ৪৬ হাজার টাকা ঐ ১৮০০ লোককে যদি দেওয়া হয় তাহলে মাত্র তাদের ২৫ টাকার বেশী দেওয়া যাবে না।

[ 7-50—8-00 **P.M.** ]

কিন্তু আমরা জানি এই সীমিত টাকার গণ্ডী। তাই আমরা আরো টাকার দাবী রেখেছি রাজ্য সরকারের কাছে। টাকার পরিমাণ বাড়াবার জন্য মুখ্যমন্ত্রী নিশ্চয় চেষ্টা করবেন। যে টাকাই আসুক না কেন গরীব মানুষকে আমরা বাঁচাব, গরীব মানুষের ঘর আমরা স্বেচ্ছায় শ্রম দিয়ে তৈরী করব, এই দৃঢ় বিশ্বাস আমাদের আছে, কারণ সাধারণ মানুষ আমাদের সাথে আছে। আজকে রাস্তাঘাটের খুব খারাপ অবস্থা। বরানগর ওয়াটার ওয়ার্কস জলে ডুবে গিয়েছিল। স্বাস্থ্য দপ্তর এবং পৌর দপ্তরের মন্ত্রীর কাছে ছুটে গিয়েছিলাম বরানগরের মানুষ পানীয় জল পাচ্ছে না, ছুটি মাত্র বিদ্যুৎ-চালিত পাম্প চালু করতে পেরেছি, যেখান থেকেই হোক যে করেই হোক ওয়াটার সাপ্লাই-এর জন্য রিজার্ভ ট্যাঙ্কের ব্যবস্থা করে দিন। পৌরমন্ত্রী সঙ্গে সঙ্গে এক ঘণ্টার মধ্যে সেই দায়িত্ব পালন করেছিলেন। স্বাস্থ্যমন্ত্রী বরানগর কামারহাটী ওয়াটার ওয়ার্কস্ ৩ দিনের মধ্যে দিন রাত্রি কাজ করে সারানোর ব্যবস্থা করে দিয়ে ৪।। লক্ষ মানুষ যাতে সুষ্ঠুভাবে পানীয় জল পায় তার দায়িত্ব পালন করেছেন। যে সমস্ত সরকারী কর্মচারী এখানে কাজ করেছেন তারা নিশ্চয় ধন্যবাদ পাবার অধিকারী। পুলিশ বিভিন্ন এলাকায় জনসাধারণের স্বার্থে যেভাবে বন্যার সময় কাজ করেছেন তার জন্য মুখ্যমন্ত্রী তাদের কাজের প্রশংসা করেছেন। ব্যারাকপুর এলাকায় জলবন্দীর অন্যতম কারণ হল বাগজলা খাল, মুখ্যমন্ত্রী এটা নিশ্চয় জানেন। এই খালগুলি আজকে মজে গেছে, তার ফলে জল পাস করার কোন জায়গা নেই। এই সমস্ত খালগুলি অবিলম্বে সংস্কার করার জন্য মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি। আজকে বিরোধী দলের বন্ধুরা যে কথাই বলুন না কেন গঠনমূলক কাজে সীমিত ক্ষমতা নিয়ে কেন্দ্রীয় সরকারের কাছে আমাদের দাবী থাকছে এবং আমাদের দাবীর সমর্থনে আমরা আন্দোলন করব। গঠনমূলক কাজ আজকে তাদের বোঝা দরকার। গঠনমূলক কাজ করে আমরা প্রমাণ করে দেব যে অতীতে কংগ্রেস সরকার যে কাজ করতে পারেনি বামফ্রন্ট সরকার তাদের সীমিত ক্ষমতা নিয়ে, সীমিত অর্থ নিয়ে সেই দায়িত্ব পালন করেছেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅনিল মুখার্জী** ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, ইন্দিরা কংগ্রেসের সদস্যরা তো সকলে চলে গেলেন। কংগ্রেসের সদস্যরা কোথায় গেলেন? স্যার, ওরা এইভাবে বন্যার উপর গুরুত্ব দিচ্ছেন—

**শ্রীপ্রভাসচন্দ্র ফদিকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, এবারকার বন্যা অভূতপূর্ব, বন্যাপীড়িত মানুষদের উদ্ধার করার যে কাজ সেটাও অভূতপূর্ব, বন্যায় যে ত্রাণের ব্যবস্থা হয়েছে সেটাও অভূতপূর্ব এবং বন্যাকে কেন্দ্র করে দলবাজীর যে অভিযোগ উঠেছে সেটাও অভূতপূর্ব, বন্যাকে কেন্দ্র করে যে অসন্তোস গড়ে উঠেছে সেঠাও অভূতপূর্ব— এই বিষয়ে ইতিপূবে' অনেক আলোচনা হয়েছে, আমি আর এই প্রসঙ্গে যাচ্ছি না। কারণ, বিদগ্ধ, পরাজিত প্রাজ্ঞ বন্ধুরা যে সমস্ত কথা বলেছেন তার উত্তর অনেকেই দিয়েছেন। তাই আমি সামগ্রিকভাবে মেদিনীপুর জেলার বন্যা বিধ্বস্ত এলাকার চেহারাটা তুলে ধরবার চেষ্টা করছি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, যে সমস্ত জলাধার তৈরী করা হয়েছে তাতে কতটা জল ধরবে, আর কতটা বেশী এসে পড়েছে সেটা বিয়োগ করে জল ছাড়া হয়। বেশী জল এসে পড়লে গর্ভ যন্ত্রনায় ছটফট করতে থাকে তখনই জল মুক্তি ঘটে, বিয়োগান্ত ব্যাপার ঘটে থাকে। এই সমস্ত জলাধারগুলি আমাদের পূর্ব সুরী—পূর্বতন সরকার তৈরী করে গেছেন। বর্ষার প্রথমে দেখা যায় সেই ব্যারেজ-গুলিতে এমনি জল এসে ভর্তি হয়ে যায়। ব্যারেজগুলি সংস্কারের অভাবে এমনিই মৃত প্রায় হয়ে আছে। তারপরে হঠাৎ যদি অভূতপূর্ব ভাবে জল নেমে আসে তাহলে তো তার কথাই নেই। এবারে রেকর্ড পরিমাণ বৃষ্টি হয়েছে একদিনে ১৭ ইঞ্চি—কাজেই এই অতি বর্ষণের ফলে জলাধারগুলি আর জল রাখতে পারছিল না, গর্ভ যন্ত্রণায় ছটফট করছিল। তার ফলে নিজেদের অস্তিত্ব বাঁচাবার জন্য জলাধারগুলি জল ছাড়তে বাধ্য হয়। ৩১শে আগষ্ট কংসাবতী ব্যারেজে জল ছিল ৪২৪ ফুট, আর ১লা সেপ্টেম্বর আরো ১৭ ইঞ্চি বৃষ্টি হবার ফলে জলের উচ্চতা ৪৪১.৯৫ ফুটে গিয়ে দাঁড়াল। প্রচণ্ড বৃষ্টিপাত হয়েছিল বলেই জল ধরে রাখার আর কোন ক্ষমতাই ছিল না। নদীগুলি নাব্যতা হারিয়ে ফেলেছে, নদী গর্ভ উঁচু হয়ে গেছে। কাজেই বেশী জল ধরে রাখার তাদের পক্ষে সম্ভব নয়। তার ফলে ব্যারেজের ছাড়া জল, আর বৃষ্টির জল নদীর দুকূল ছাপিয়ে যেদিকে পেরেছে ছুটে চলেছে। এই জল বহন করার ক্ষমতা নদীগুলির আদৌ ছিল না। ডি. ভি. সি. থেকেও জল-মুক্তি, জল বিয়োগ ঘটেছে। এই জল নদীগুলি বইতে পারছিল না, দুকূল ভাসিয়ে দিয়েছে। এই কথা তাদের বোঝা উচিত ছিল। জল নদী দিয়ে আসে নি, শহর দিয়ে বন্যা আসে, এই কথা নাকি মাননীয় অতীশবাবু স্মরণ করিয়ে দিয়েছিলেন—আসবে কোথা থেকে ? নাব্যতা তো নদীগুলি হারিয়ে ফেলেছে—আমদের মেদিনীপুর জেলায় দেখলাম ৫২টি ব্লকের মধ্যে ১০টি ব্লক সম্পূর্ণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। ৩৯টি ব্লক কম বেশী ক্ষতিগ্রস্ত হয়েছে, ৩টি ব্লক অক্ষত অবস্থায় আছে, ৭ হাজার ৬১০ স্কোয়ার কিলোমিটার এলাকা বন্যা বিধ্বস্ত হয়ে গেছে।

কংসাবতী, ডি. ভি. সি. এবং অমাবস্যা বা পূর্ণিমার কোটাল—এই তিনটির এই স্পর্শ যোগ যদি ঘটে তাহলে মেদিনীপুর জেলার ঘাটাল মহকুমার বন্যার চেহারাটা কি হয়ে দাঁড়ায় সেটাই হচ্ছে প্রশ্ন। এখানে যদি হটাৎ অতিবর্ষণ হয়—দ্বিতীয় পর্যায়ের বন্যায় ঘাটাল মহকুমায় দেখেছি সেখানে একদিনে ৩১ ইঞ্চি বৃষ্টি হয়েছে এবং কংসাবতী জল ছেড়েছে ৪০ হাজার কিউসেক, ডি. ভি. সি জল ছেড়েছে ৩ লক্ষ ৪০ হাজার কিউসেক এবং তার সঙ্গে অমাবস্যার কোটাল যোগ হয়েছে। এখানে জল ছাড়ার সময় যদি একটু হিসাব করে জল ছাড়া হয় যাতে এই তিনের সংস্পর্শ না ঘটে তাহলে আমার মনে হয় নদীগুলিতে জলের চাপ কিছুটা কম থাকবে এবং তাতে বন্যার চাপটাও কমে যাবে। স্যার, এই ঘাটাল মহকুমার চারিদিকেই নদী রয়েছে। কংসাবতী, শীলাবতী, রূপনারায়ণ, পারং, বুড়িগাঙ, ঝুমি, শংকরী ইত্যাদি। চারি দিক দিয়ে নদী বেষ্টিত হওয়ার ফলে ঘাটাল মহকুমায় প্রতি বৎসরই গাজন উৎসবের মতন বন্যা হয়। এখানে অতীশবাবু ম্যাসাঞ্জোর ড্যামের কথা বললেন। ড্যামকে কেন্দ্র করে কতকগুলি জলাধার থাকে এবং সেখানকার জল ইরিগেসান পারপাসে ব্যবহার করা হয় বা সেখানে জল বেঁধে রেখে দেওয়া হয়। ভাল বৃষ্টি হলে ওরা আনন্দেই থাকেন এই জন্যই যে ভাল জল দিতে পারা যাবে। কিন্তু এখানে এর সঙ্গে সঙ্গে যদি এই রকম ব্যবস্থাও রাখা হয় যে ভাল ড্রেনেজ সিস্টেম সহ পৃথক জলাধার থাকবে তাহলে ভাল হয়। এই রকম কয়েকটি ব্যবস্থা যদি পৃথক পৃথক ভাবে রাখা হয় তাহলে আমার মনে হয় বন্যাকে স্থায়ীভাবে নিয়ন্ত্রন করা যাবে। এই প্রসঙ্গে আরো কয়েকটি কথা বলতে চাই। সামগ্রিকভাবে যদি বন্যা নিয়ন্ত্রণ করার জন্য পরিকল্পনা করতে হয় তাহলে এই সময় যারা বন্যার ব্যাপারে বিশেষজ্ঞ তাদের বন্যা বিধ্বস্ত এলাকা গুলিতে ঘোরানো উচিত। ডাটার উপর নির্ভর করে নয়, সেখানে বিশেষজ্ঞরা যদি নিজের চোখে সমস্ত কিছু দেখতে পারতেন তাহলে আমার মনে হয় তারা সামগ্রিকভাবে পরিকল্পনা করতে পারতেন। এই হচ্ছে এই দিকের কথা। তারপর বন্যার পরের অবস্থা নিয়ে কয়েকটি কথা বলছি। কৃষির সুযোগ সৃষ্টির জন্য যে সব পরিকল্পনা হচ্ছে সেগুলি দ্রুত করা উচিত। আগামীকাল যখন এ বিষয়ে আলোচনা হবে তখন সেটা তুলবো। তারপর এখানে দলবাজির কথা তোলা হয়েছে। আমাদের ওখানে কিন্তু এই দলবাজির কথা আমরা পাইনি। আমরা দেখেছি, আমাদের কংগ্রেসী বন্ধুরা আমাদের ওখানে একই সঙ্গে আমাদের সঙ্গে বেরিয়েছেন মানুষদের উদ্ধার করার জন্য। এটাই যদি দলবাজির অভিযোগ হয় তাহলে সেই অভিযোগে অভিযুক্ত হতে আমরা রাজি আছি। স্যার, এই প্রসঙ্গে একটি ঘটনার কথা বলি। আমাদের ওখানে একজন ভদ্রলোক আছেন যিনি তিনটি লঞ্চের মালিক।

বন্যার সময় তিনি আমাদের একটি লঞ্চও দেননি উদ্ধার কাজের জন্য তার পরিবার পরিজনদের নিয়ে লঞ্চে ছিলেন, তিনি আমাদের কাছে রিলিফ চাইলেন। আমরা বললাম, আপনি সকলের সঙ্গে এসে লাইনে দাঁড়ান আমরা রিলিফ দেব। কিন্তু তিনি লাইনে এসে দাঁড়াতে রাজি হননি, চাকরকে পাঠাতে চেয়েছিলেন। এটা যদি দলবাজি হয় তাহলে সে অপবাদ আমরা মাথা পেতে নিতে রাজি আছি।

[ 8-00 – 8-10 P.M. ]

**শ্রীশশবিন্দু বেরা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলায় এই যে বন্যা হয়ে গেল এর নজীর নেই, তুলনা নেই। এই ধ্বংসের চিত্র আমরা কখনও দেখিনি। কিন্তু সরকার পক্ষের তরফ থেকে যে হিসাব দেওয়া হয়েছে সেটা ত্রুটিপূর্ণ এবং প্রচুর ভুল আছে বলে আমার মনে হয়। মানুষের প্রাণ হানির হিসাব, যেটা একটা পুস্তিকাতে দেওয়া হয়েছে সরকার পক্ষ থেকে সেটা ত্রুটিপূর্ণ। হাওড়া জেলায় মানুষের প্রাণহানির সংখ্যা আছে চার জন। কিন্তু আমি জানি হাওড়া জেলার শ্যামপুর দু নং ব্লকে বাড়ি চাপা পড়ে এবং জলস্রোতে পাঁচ জনের মৃত্যু হয়েছে। বাগনান এলাকায় দেউলটির আশেপাশের গ্রামে একই রকম ভাবে বন্যার প্রাথমিক ধাক্কায় আট জনের প্রাণহানি ঘটেছে। আরও বিস্তৃত এলাকার খবর আমার কাছে নেই। এই দুটো এলাকার খবর থেকেই আমার কাছে অত্যন্ত সুস্পষ্ট হয়েছে যে এই প্রাণহানির সংখ্যা সঠিক নয়। শুধু এই নয় আমার মনে হয় সরকারী যে ক্ষয় ক্ষতির যে হিসাব দেওয়া হয়েছে সেই হিসাবও অনেক ত্রুটিপূর্ণ। কারণ আমি অনেকগুলো ব্লকের খবর জানি যেখানে স্থানীয় ভাবে তদন্ত করে প্রকৃত ক্ষয় ক্ষতির হিসাব নেওয়া হয়নি। অনেক ক্ষেত্রে অনুমানের উপর নির্ভর করে সেই ক্ষয় ক্ষতির তালিকা তৈরী করা হয়েছে তার একটা ফল হয়েছে এই, বিভিন্ন এলাকায় ত্রাণ সামগ্রী যা পৌঁচেছে তার মধ্যে কোন সংগতি থাকেনি। সাধারণ বন্যার্ত মানুষ যে ত্রাণ সামগ্রী পেয়েছে, তারও মধ্যে কোন সংগতি নেই। এই কথা স্বীকার করি যে বন্যার প্রচণ্ড তাণ্ডবের পর আমাদের মন্ত্রী মণ্ডলীর সহানুভূতি ও আন্তরিকতা, এই বন্যা ত্রাণের ব্যাপারে, বন্যা ত্রাণ মোকাবিলার ব্যাপারে, কোন অভাব ছিল না। আমার এলাকায় আমি জলবন্দী অবস্থায় থাকার পর যখন বেরিয়ে আসি এবং তারপর মুখ্যমন্ত্রী এবং শিল্পমন্ত্রীর সঙ্গে দেখা করেছিলাম, তখন তাঁরা অত্যন্ত তৎপরতার সঙ্গে আমার এলাকা শ্যামপুর অঞ্চলের দু নং ব্লকে হ্যালিক্যাপ্টার যোগে খাদ্য এবং অন্যান্য ত্রান সামগ্রী পাঠিয়ে দেবার ব্যবস্থা করেছিলেন এই কথা কৃতজ্ঞতার সঙ্গে স্মরণ করছি। কিন্তু সেই সঙ্গে একটা কথা বলতে হয় মন্ত্রী মণ্ডলীর আন্তরিকতা,

সহযোগিতা থাকলেও যেভাবে ত্রাণ সামগ্রী বন্টনের ব্যবস্থা করা হয়েছে নিচু স্তরে, তাতে চূড়ান্ত দুর্নীতি এবং দলবাজী অত্যন্ত প্রকট হয়ে উঠেছে। বন্যার মোকাবিলার ক্ষেত্রে এই যে নিম্ন স্তরে যে বন্টনের কাজ সেটা অত্যন্ত ত্রুটিপূর্ণ। আমি কয়েকটি দৃষ্টান্ত আপনাদের কাছে তুলে ধরছি। বন্যার প্রথমিক পর্য্যায়ে উলবেড়িয়া মহকুমা শাসকের পক্ষ থেকে দু হাজার টাকা ওখানকার শাসকদলের কোন নেতৃস্থানীয় ব্যক্তির হাতে তুলে দেওয়া হয় শামপুর এলাকায় ত্রাণ কার্য্যের জন্য নৌকা সংগ্রহ করতে। কিন্তু দেখা যায় সেই নৌকার দেখা মেলেনি এবং সেই নেতারও দেখা মেলেনি বা সেই দু হাজার টাকারও কোন হদিশ পাওয়া যায়নি। বন্যার প্রথমিক তাণ্ডবের সময় এই শামপুর এলাকায়, যেখানে বন্যা হয়নি, সেখানে একটি উচ্চ বিদ্যালয়ে ত্রাণ শিবির খোলা হয় এবং সেখানে যারা শরণার্থী ছিলেন তাদের খাবার জন্য ব্লক অফিস থেকে আটা সরবরাহ করা হয়। সেটা সরকারী পক্ষের রাজনৈতিক দলের নির্দেশ মত একটি জায়গা থেকে রুটি তৈরী করে সরবরাহ করার ব্যবস্থা করা হয় শরণার্থীদের জন্য। কিন্তু সেখান থেকে আটা পাচার হয় এবং বন্যায় আদৌ আক্রান্ত নয় এই রকম একটি বাড়ীতে এত প্রচুর পরিমাণে রুটি গিয়ে পেঁছায় যে বাড়ীর সকলে সেই রুটি খেয়ে শেষ করতে পারেনি, তাদের ছাগলকে দিয়ে খাইয়েছে। এটা যদি অনুসন্ধান করেন তাহলে তার প্রমাণ পাবেন এবং অত্যন্ত দুঃখের কথা তিনি শাসক দলের একজন নেতা এবং পঞ্চায়েত সমিতির সদস্য। সরকারের দেওয়া এই খাদ্য সামগ্রী অনেক ক্ষেত্রেই যথা সময়ে গিয়ে পেঁছয়নি, বাগনান এলাকায়—যে এলাকার মন্ত্রী মহাশয় এখানে অনেক কথা বললেন, সেই এলাকার খবর আমি জানি, বিরামপুর গ্রামে বন্যার পরে একটি ভদ্রলোক আমার সঙ্গে দেখা করতে এসেছিলেন, তিনি বলেন যে তাঁর পরিবারের ছয় জনের জন্য তিনশত গ্রাম আটা তাকে দেওয়া হয়েছিল সরকারী সাহায্য হিসাবে বন্যার ১১ দিন পরে এবং তিনি সেটাকে রেখে দিয়েছিলেন এবং আমাকে দেখিয়েছিলেন। এই অবস্থাও দেখা গেছে দেউলটিতে গিয়ে, ৯০ কুইন্টল চাল একজন সরকারী দলের নেতৃস্থানীয় ব্যক্তির হাতে তুলে দেওয়া হয়েছে এস. ডি. ও.'র পক্ষ থেকে ৭।১০।৭৮ তারিখে। আমি ২৪শে অক্টোবর সেখনে গিয়ে জানলাম সেই চালের কোন হদিশ নেই। সেখানে চাল বিলি করা হয়নি। আমার নিজের এলাকা, শামপুর দু নং ব্লকের খাড়বেড়িয়া গ্রামের পঞ্চায়েত প্রধার যিনি আছেন, তিনি শাসক দলের। তিনি অন্য দলের যেসব সদস্য আছেন তাদের কোন পাত্তা দেন না। আমাদের পক্ষ থেকে অনেক বলা হয়েছে তিনি শুনেননি—অন্য দলের, জনতা বা কংগ্রেস দলের সদস্যদের পক্ষ থেকে যে বন্টন তালিকা করে দেওয়া হয় সেই তালিকা বাতিল করে নিজের দলের

সাধারণ কর্মী দিয়ে যে তালিকা তৈরী করবেন সেই তালিকা অনুসারে বণ্টন করা হবে। কাজেই এইভাবে তাদের যাঁরা দলীয় নন, অন্য দলীয় সদস্যরা ফিরে চলে যান। তাঁরা নিত্য সন্ধ্যায়, সকালে অফিস করেন, অফিস তাদের খাড়বেড়িয়া বাজারের উপর, সেখানে একটি নির্দিষ্ট খাবার দোকান থেকে চা এবং উপাদেয় খাদ্য সরবরাহ করা হয়। গত ১৪ নভেম্বর তারিখে রাত্রি ১০টার সময় সেই খাবার দোকানে সেই প্রধানের কাছ থেকে কিছু অর্ডার গেল খাবার এবং চা সরবরাহ করার জন্য সেই দোকানের মালিক বললো যে আমার কিছু বাকী পড়েছে তখন তার কাছে পাঠিয়ে দেওয়া হলো গোপনে নাইট গার্ডকে দিয়ে, এক প্যাকিট গুঁড়ো দুধ ওজন করে যা দাম হবে সেই দাম থেকে বকেয়া যেটা আছে সেটা মিটিয়ে নিয়ে যা উদ্বৃত্ত থাকবে সেটা জেনে নিয়ে আসতে হবে সেই নাইট গার্ডকে। ঘটনাক্রমে সেটা হাতেনাতে ধরা পড়লো। ১৪ তারিখে রাত্রিতেই পুলিশকে জানানো হলো, পুলিশ কিছু করলো না এবং এই নিয়ে অনেক হৈচৈ করবার পর ১৮ তারিখে একটা কেস স্টার্ট করা হয়েছে। জানিনা এই কেসের কি পরিণতি হবে। অত্যন্ত দুঃখের কথা এই যে, ৮ কে. জি. ৬০০ গ্রাম গুঁড়া দুধ ৫ সপ্তাহ আগে হেলিকপ্টার যোগে বন্যার্তদের খাওয়াবার জন্য পাঠানো হয়েছিল। এইসব চলছে, এগুলি আজকে অস্বীকার করা যাবে না। তদন্ত করুন, আপনাদের যা বক্তব্য থাকবে তা শুনতে রাজী আছি, কিন্তু আমরা যেগুলি বলছি সেগুলিও তদন্ত করে দেখুন। তাছাড়া খাড়ুবেড়িয়া গ্রাম পঞ্চায়েত থেকে অন্ধকার গভীর রাত্রে, ১১টা-১২টার সময় গম পাচার হচ্ছিল এবং তাও হাতে-নাতে ধরা পড়েছে। তবুও আমি বলব যে, বহু কাজ হচ্ছে এবং তা অস্বীকার করা চলবে না, অস্বীকার করা উচিতও নয়। কিন্তু এমন ঘটনাও ঘটেছে যে, নদী বাঁধ বাঁধবার জন্য টাকা নিয়ে আসা হয়েছে, প্রধান ছিলেন না উপপ্রধান টাকা গ্রহণ করেছেন এবং তিনি টাকাটা বেমালুম চেপে গিয়েছেন। ইরিগেশন ডিপার্টমেন্ট থেকে কাজের প্রগ্রেস দেখতে যাওয়া হলো, কিন্তু উপপ্রধান জানালেন টাকার ব্যাপারটা ভুলে গিয়েছেন, কাজের প্রগ্রেস হয়নি। এইসব হচ্ছে। এই জিনিষগুলি জেনেশুনে তদন্ত করা দরকার। এইসব ব্যাপারের জন্যই আমরা সাধারণের পক্ষ থেকে বার বার দাবী করেছি সর্বদলীয় ত্রাণ কমিটির। সেই কমিটি করা উচিত। আমি বলি শুধু রাজনৈতিক দল নয়, গ্রামাঞ্চলের স্থানীয় মানুষ যাঁরা দেশের সাধারণ কাজে থাকেন সেইসব সাধারণের আস্থাভাজন মানুষদেরও ত্রাণের কাজের সঙ্গে যুক্ত করা উচিত। ত্রাণ কার্য্যে রাজ্য স্তরে বা জেলা স্তরে যে যে পরামর্শদাতা সমিতি হয়েছে তার কোনও মূল্যই থাকে না, যদি না নিম্ন স্তরে সরাসরি বণ্টনের ক্ষেত্রে সকলের সহযোগিতা পাওয়া যায়। আজকে যে সমস্ত

নতুন গ্রাম-পঞ্চায়েত হয়েছে তাদের এই সব কাজের কোনও অভিজ্ঞতা নেই, তাদের আইনগত অধিকার কতখানি আছে সেই ধারণা পর্যন্ত নেই, কর্তব্য কি, দায়িত্ব কি, সে ধারণাও নেই। আমি জানি একটি গ্রাম-পঞ্চায়েত এলাকায় ত্রাণের জন্য কয়েক বস্তা আটা পাঠানো হয়েছিল, সেখানকার প্রধান অন্য এলাকায় তার পার্টির কর্মীদের দিয়ে সেই আটা সেই অন্য এলাকায় বণ্টন করেন। ত্রাণের জন্য যে ত্রিপল তা সংখ্যায় চাহিদার তুলনায় কম থাকার জন্য বণ্টন না করে বারোয়ারী কাজের জন্য রেখে দেওয়া হয়েছে। এই সব ঘটনা ঘটছে। এগুলি যাতে না ঘটে তার জন্যই আমাদের দাবী সর্বস্তরের মানুষদের ত্রাণ কার্যে যুক্ত করা হোক। দলবাজী, দারুণভাবে দলবাজী চলছে। আমার এলাকায় মাড়োয়ারী রিলিফ্ সোসাইটি ব্যাপকভাবে ত্রাণ কার্য্য চালাচ্ছিল। সেই দলটিকে কুক্ষিগত করে শাসক দল নিজেদের দলের বাছাই করা লোকেদের নিয়ে তাদের কাছ থেকে কাপড় নিয়ে বিলি করেছে এবং তারা অনেক কাপড় নিয়ে গিয়েছে এবং বাছাই করা এলাকায় এক এক বাড়ীতে বহু সংখ্যক বিলি করেছেন তাদের সমর্থক নয় যারা তারা সম্পূর্ণ বঞ্চিত হয়েছে। গত ১৭/১০ তারিখে একটি বেসরকারী ট্রাকে করে একটি বেসরকারী সংস্থা আমার এলাকায় প্রচুর খাদ্য সামগ্রী এবং অন্যান্য জিনিষ নিয়ে ত্রাণের জন্য উপস্থিত হয়েছিল, সেখানে তখন আমি ছিলাম না, শাসকগোষ্ঠীর দল সেই ট্রাক নিয়ে টানাটানি করে যে, সব মাল আমাদের দিয়ে দিতে হবে, আমরা নিজেরা বিলি-বণ্টন করব, নাহলে বিলি করতে দেব না। সেখানে এমন হৈ-চৈ করা হয় যে তাঁরা ট্রাক নিয়ে ফিরে যেতে বাধ্য হয়। এগুলি যাতে আর না হয়, এগুলি যাতে রোধ করা যায় সেই জন্যই সর্বদলীয় ত্রাণ কমিটি করার দাবী জানানো হচ্ছে। ত্রাণের প্রথম পর্যায় কেটে গিয়েছে, এবারে পুনর্বাসন এবং পুনর্গঠনের কাজ। আমি আশা করব সরকারের শুভবুদ্ধির উদয় হবে এবং ত্রাণের কাজের সকল স্তরেরই দলমত নির্বিশেষে যোগ্য ব্যক্তিদের সঙ্গে নেওয়ার ব্যবস্থা করবেন। আমার নিজের এলাকা হাওড়া জেলার শ্যামপুর অঞ্চলকে আমরা এত দিন জানতাম ফ্ল্যাড থেকে ইমুন, এখানে কোনকালে বন্যা হবে না। কিন্তু এবারে দামোদর ভ্যালি কর্পোরেশনের কল্যাণে সে অঞ্চলও বন্যায় ভেসে গিয়েছে এবং ভবিষ্যতে প্রতি বছর বন্যার আশঙ্কা তীব্র হয়ে উঠছে।

[8-10 to 8-17 P.M.]

পরিশেষে আমি এই প্রসঙ্গে একটি কথা বলবো, আমার হাওড়া জেলা এলাকায় যে নিম্ন দামোদর পরিকল্পনা নেওয়া হয়েছে সেই পরিকল্পনাকে আবার

রিভাইজ করে তাকে ভাল করে বিচার-বিশ্লেষণ করে যদি কোন পরিবর্ত্তনের প্রয়োজন হয় সেটা করে ভবিষ্যৎ বন্যা থেকে ঐ সব এলাকা যাতে রক্ষা পায় তারজন্য সেচ বিভাগ তৎপর হবেন এই আবেদন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীগৌরাঙ্গ সামন্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যে রিপোর্ট পেশ করেছেন তাকে সমর্থন করতে গিয়ে দু-একটি কথা বলতে চাই। আমাদের বামফ্রন্ট সরকারের মুখ্যমন্ত্রী যিনি সমস্ত মন্ত্রীদের নিয়ে যেভাবে বন্যার বিপর্যয়কে মোকাবিলা করেছেন তারজন্য আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। আমি মেদিনীপুরের লোক। যেদিন বন্যা হয় তার এক ঘণ্টা পরেই যে সমস্ত জায়গায় যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে গেছে সেখানে খবর পাঠানো হয়েছে এবং হেলিকপ্টারের মাধ্যমে সেই সমস্ত জায়গায় খাবার দেওয়া হয়েছে। যেখানে কোন রাস্তাঘাট নেই সেখানে রিলিফ পৌঁচেছে। সুতরাং সেইদিক থেকে যেভাবে তৎপরতার সঙ্গে বন্যার মোকাবিলা করেছেন তার জন্য বন্যায় বিধ্বস্ত লোকেরা তাঁকে কৃতজ্ঞতার সঙ্গে স্বীকার করে। এই রকম বিপর্যয় অন্য কোন গভর্নমেন্টের সময়ে হয়েছে বলে আমার মনে হয় না। ১৯৪২-৪৩ সালে যখন দুর্ভিক্ষ দেখা দিল তখন হাজার হাজার মানুষ কলকাতায় এসে ভীড় করেছিল এবং তারা মরেছিল। বিরোধী পক্ষরা ভেবেছিল এই রকম হাজার হাজার মানুষ কলকাতায় আসবে ভিক্ষার জন্য এবং এখানে ভীড় করবে কিন্তু কই তা তো করেনি। সুতরাং এর থেকেই বোঝা যায় সরকার কি রকমভাবে রিলিফের কাজ করেছেন। এই সরকার বন্যার মোকাবিলা করতে গিয়ে গরীবের স্বার্থ দেখেছেন এবং রিলিফ ওয়ার্ক করেছেন এবং যার জন্যই কলকাতায় লোক এসে ভীড় করেনি বা রাস্তায় লোক মরেনি। আমার মনে হয়, না খেতে পেয়ে মরার সংখ্যা বিরোধী পক্ষরা দিতে পারবে না। বন্যায় ঘর-বাড়ি ডুবে গেছে, গরু-ছাগল ভেসে গেছে ঠিকই কিন্তু না খেতে পেয়ে মরেছে এই রকম উদাহরণ দিতে পারবে না। এই রকম জাতীয় বিপর্যয়কে বামফ্রন্ট সরকার তৎপরতার সঙ্গে মোকাবিলা করেছেন। বিরোধী পক্ষরা রাজনৈতিক পুনর্বাসন হচ্ছে না বলে সব স্তরে যেতে চাচ্ছেন। ১৯৬৭-৬৮ সালেও ফুড রিলিফ কমিটি হয়েছিল তখনও এরা গালাগালি করেছিল এবং এখন আবার গালাগালি করছে এবং আবার ফুড রিলিফ কমিটিতে আসবার জন্য চেষ্টা করছেন। তারা এতে আসতে পারছেন না বলে একটা গণ্ডগোল বাঁধাবার চেষ্টা করছেন। আমাদের বামফ্রন্ট সরকার যেভাবে চলছে তা ওদের সহ্য হচ্ছে না। সেণ্ট্রাল গভর্নমেণ্ট এত কম টাকা দিচ্ছেন তার জন্য

জনতাপার্টি দুঃখ প্রকাশ করছেন না। কিন্তু তারা বলছেন কেন্দ্রীয় মন্ত্রী শ্রীমতী আভা মাইতি তাদের পার্টির লোক, তিনি রিলিফ পাঠিয়ে দিচ্ছেন—এই জিনিষ তারা প্রচার করছেন।

আমাদের মুখ্যমন্ত্রী রিপোর্ট দিয়েছেন, তাতে দেখছি কিছু টাকা অনুদান হিসাবে চেয়েছেন, প্ল্যান এ্যাডভান্স হিসাবে কিছু টাকা চালিয়ে দিচ্ছেন। প্ল্যান এ্যাডভান্স হিসাবে টাকা যদি দেন তাহলে কি করে চলবে? মোট টাকার পরিমাণ ৩৫০ কোটি অনুদান হিসাবে চাইছেন এবং লোন হিসাবে ১৩০ কোটি চাইছেন। কোন্ সময় কোন্ টাকা দেবেন তার ঠিক নেই, কিন্তু তা সত্ত্বেও আমাদের মুখ্যমন্ত্রী ষ্টেট রিলিফ কমিটি করলেন, বুক ফুলিয়ে বলছেন কমিটিকে যে, জি. আর. বন্ধ করা হবে না, জি. আর. আমরা দেব। বাড়ী তৈয়ারীর অনুদান দেওয়া হবে টাকার পরিমাণ ১০০, ২০০ এবং ৪০০ টাকা। একমাসের জি. আর. ৭ দিনের জি. আর. ইত্যাদি দিচ্ছেন এবং সাহসের সঙ্গেই বলছেন যে জি. আর. চলবে, জি. আর. বন্ধ করা হবে না। আমরা এর জন্য গর্ব অনুভব করি এবং স্বীকার করি যে লেফ্‌ট ফ্রন্ট গভর্নমেণ্ট দৃঢ়তার সঙ্গে কাজ করছে। যে সকল প্রজেক্টের উপর লক্ষ লক্ষ লোকের জীবন ও জীবিকার প্রশ্ন যেখানে জড়িত সেখানে অফিসারদের আরবিট্রেরি মেজারে কিছু না করে একটা চিরস্থায়ী জনপ্রিয় কমিটি বন্দোবস্ত করে দিলে ভাল হয়। মুখ্যমন্ত্রীর এই রিপোর্টকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Adjournment**

**মিঃ স্পীকার ঃ** সভার কার্য্য আগামীকাল বেলা ১টা পর্য্যন্ত মুলতুবী রহিল।

The House was accordingly adjourned at 8.17 p.m. till 1 p.m. on Tuesday the 21st November , 1978, at the Assembly House, Calcutta.

রিভাইজ করে তাকে ভাল করে বিচার-বিশ্লেষণ করে যদি কোন পরিবর্ত্তনের প্রয়োজন হয় সেটা করে ভবিষ্যৎ বন্যা থেকে ঐ সব এলাকা যাতে রক্ষা পায় তারজন্য সেচ বিভাগ তৎপর হবেন এই আবেদন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীগৌরাঙ্গ সামন্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যে রিপোর্ট পেশ করেছেন তাকে সমর্থন করতে গিয়ে দু-একটি কথা বলতে চাই। আমাদের বামফ্রন্ট সরকারের মুখ্যমন্ত্রী যিনি সমস্ত মন্ত্রীদের নিয়ে যেভাবে বন্যার বিপর্যয়কে মোকাবিলা করেছেন তারজন্য আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। আমি মেদিনীপুরের লোক। যেদিন বন্যা হয় তার এক ঘণ্টা পরেই যে সমস্ত জায়গায় যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে গেছে সেখানে খবর পাঠানো হয়েছে এবং হেলিকপ্টারের মাধ্যমে সেই সমস্ত জায়গায় খাবার দেওয়া হয়েছে। যেখানে কোন রাস্তাঘাট নেই সেখানে রিলিফ পৌঁচেছে। সুতরাং সেইদিক থেকে যেভাবে তৎপরতার সঙ্গে বন্যার মোকাবিলা করেছেন তার জন্য বন্যায় বিধ্বস্ত লোকেরা তাঁকে কৃতজ্ঞতার সঙ্গে স্বীকার করে। এই রকম বিপর্যয় অন্য কোন গভর্নমেন্টের সময়ে হয়েছে বলে আমার মনে হয় না। ১৯৪২-৪৩ সালে যখন দুর্ভিক্ষ দেখা দিল তখন হাজার হাজার মানুষ কলকাতায় এসে ভীড় করেছিল এবং তারা মরেছিল। বিরোধী পক্ষরা ভেবেছিল এই রকম হাজার হাজার মানুষ কলকাতায় আসবে ভিক্ষার জন্য এবং এখানে ভীড় করবে কিন্তু কই তা তো করেনি। সুতরাং এর থেকেই বোঝা যায় সরকার কি রকমভাবে রিলিফের কাজ করেছেন। এই সরকার বন্যার মোকাবিলা করতে গিয়ে গরীবের স্বার্থ দেখেছেন এবং রিলিফ ওয়ার্ক করেছেন এবং যার জন্যই কলকাতায় লোক এসে ভীড় করেনি বা রাস্তায় লোক মরেনি। আমার মনে হয়, না খেতে পেয়ে মরার সংখ্যা বিরোধী পক্ষরা দিতে পারবে না। বন্যায় ঘর-বাড়ি ডুবে গেছে, গরু-ছাগল ভেসে গেছে ঠিকই কিন্তু না খেতে পেয়ে মরেছে এই রকম উদাহরণ দিতে পারবে না। এই রকম জাতীয় বিপর্যয়কে বামফ্রন্ট সরকার তৎপরতার সঙ্গে মোকাবিলা করেছেন। বিরোধী পক্ষরা রাজনৈতিক পুনর্বাসন হচ্ছে না বলে সব স্তরে যেতে চাচ্ছেন। ১৯৬৭-৬৮ সালেও ফুড রিলিফ কমিটি হয়েছিল তখনও এরা গালাগালি করেছিল এবং এখন আবার গালাগালি করছে এবং আবার ফুড রিলিফ কমিটিতে আসবার জন্য চেষ্টা করছেন। তারা এতে আসতে পারছেন না বলে একটা গণ্ডগোল বাঁধাবার চেষ্টা করছেন। আমাদের বামফ্রন্ট সরকার যেভাবে চলছে তা ওদের সহ্য হচ্ছে না। সেন্ট্রাল গভর্নমেন্ট এত কম টাকা দিচ্ছেন তার জন্য

**Proceedings of the West Bengal Legislative Assembly Assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Assembly House, Calcutta, on Tuesday, the 21st November, 1978, at 1 P.M.

**Present**

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah) in the Chair, 16 Ministers, 6 Ministers of State and 187 Members.

## STARRED QUESTIONS

**(to which oral answers were given)**

### জলপথে ফারাক্কা হইতে কলিকাতা পর্যন্ত পরিবহণ ব্যবস্থা

*১১। (অনুমোদিত প্রশ্ন নং *২।) **শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়, শ্রীআতাহার রহমান, শ্রীআবুল হাসনাৎ খান ও শ্রীদীনবন্ধু মাঝি**ঃ স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ফারাক্কা হইতে কলিকাতা পর্যন্ত জলপথে (১) সরকারী বা (২) বেসরকারী পরিবহণ ব্যবস্থা চালু করিবার কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ তাহা কার্যকরী হইবে বলিয়া আশা করা যায়?

[ 1-00—1-10 P.M. ]

**শ্রীশিবেন্দ্রনারায়ণ চৌধুরী**ঃ অদুর ভবিষ্যতে ফারাক্কা হইতে কলিকাতা পর্য্যন্ত জলপথে পরিবহন ব্যবস্থা যাহাতে চালু হইতে পারে সে সম্বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থাদি করিবার জন্য সরকার উদ্যোগী আছেন।

**শ্রীআতাহার রহমান**ঃ মন্ত্রী মহাশয় জানাবেন কি অদূর ভবিষ্যৎ বলতে কত দিনের মধ্যে ফরাক্কা থেকে কলকাতা পর্য্যন্ত জলপথে পরিবহন ব্যবস্থা চালু হতে পারে?

**শ্রীশিবেন্দ্রনারায়ণ চৌধুরী**ঃ ২।১ বছরের মধ্যে হতে পারে।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস** ঃ মন্ত্রী মহাশয় অবগত আছেন কি কেন্দ্রীয় সরকার ফরাক্কা থেকে হলদিয়া পর্যন্ত জাতীয় জলপথ এর পরিকল্পনা গ্রহণ করেছেন ?

**শ্রীশিবেন্দ্রনারায়ণ চৌধুরী** ঃ হ্যাঁ।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস** ঃ তাহলে সে সম্বন্ধে কোন সুনির্দিষ্ট প্রকল্প কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পেয়েছেন কি ?

**শ্রীশিবেন্দ্রনারায়ণ চৌধুরী** ঃ সে প্রকল্প তৈরী করা হচ্ছে, এখনও আমাদের কাছে সবটা আসে নি।

### কান্দী মিউনিসিপ্যালিটির সভাপতি এবং সভ্যদের বিরুদ্ধে অভিযোগ

*১২। ( অনুমোদিত প্রশ্ন নং *১৩।) **শ্রীআবুল হাসনাৎ খান, শ্রীআতাহার রহমান, শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় ও শ্রীদীনবন্ধু মাঝি** ঃ স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) মুর্শিদাবাদ জেলার কান্দী মিউনিসিপ্যালিটির সভাপতি এবং সভ্যদের বিরুদ্ধে কোনও অভিযোগ সরকার পাইয়াছেন কিনা ; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে অভিযোগটি কি ধরনের এবং সরকার এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন ?

**শ্রীপ্রশান্তকুমার শূর** ঃ (ক) হ্যাঁ।

(খ) কয়েকটি সাধারণ ধরণের অভিযোগ পাওয়া গিয়াছিল। এ ব্যাপারে স্পষ্ট ও বিশদ তথ্যসম্বলিত অভিযোগ পেশ করিতে অভিযোক্তাকে অনুরোধ করা হইয়াছে।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়** ঃ মন্ত্রী মহাশয় জানাবেন কি যে, সভাপতি ও মেম্বারদের বিরুদ্ধে কি কি অভিযোগ পেয়েছেন ?

**শ্রীপ্রশান্তকুমার শূর** ঃ আমি আগেই বলেছি সুস্পষ্ট অভিযোগ নেই, কিছু কিছু অভিযোগ পাওয়া গেছে যেমন রাস্তা হয়নি, ড্রেন হয়নি, জল নেই ইত্যাদি।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য্য** ঃ মন্ত্রী মহাশয় অভিযোগকারীর নাম জানাবেন কি ?

**শ্রীপ্রশান্তকুমার শূর ঃ** ১৯৭৭ সালের আগষ্ট মাসে প্রথম অভিযোগ করেছেন সারা ভারত ছাত্র ব্লক কাঁদি থানা কমিটি। তারপর আরও কিছু কিছু অভিযোগ এসেছে।

**শ্রীঅতীশচন্দ্র সিংহ ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি এই মিউনিসিপ্যালিটি এর আগে একবার সুপার সিড করা হয়েছিলো কিনা ?

**শ্রীপ্রশান্তকুমার শূর ঃ** হ্যাঁ, হয়েছিলো।

**শ্রীঅতীশকুমার সিংহ ঃ** কবে সেটা রিভাইব করা হয়েছে ?

**শ্রীপ্রশান্তকুমার শূর ঃ** আমরা সরকারে আসার পর আমাদের সাধারণ নীতি অনুসারে কোন জন প্রতিষ্ঠান থেকে কমিশনারকে সরিয়ে নিয়ে একজিকিউটিভ অফিসার বসিয়ে দেওয়া আমরা নীতি বিরুদ্ধ মনে করি। সুতরাং আমরা যারা ইলেকটেড কমিশনার ছিলেন তাদের হাতে ক্ষমতা দিয়েছি।

## পাণ্ডুয়া থানা এলাকায় সুপার মার্কেট স্থাপন

*১৩। ( অনুমোদিত প্রশ্ন নং *৭১। ) **শ্রীদেবনারায়ণ চক্রবর্তী ঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলি জেলার পাণ্ডুয়া থানায় সুপার মার্কেট স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকিলে,—

(১) উহা স্থাপনের জন্য কত টাকা খরচ হইবে, ও

(২) উক্ত কাজ কবে নাগাত আরম্ভ করা হইবে বলিয়া আশা করা যায় ?

**শ্রীকমলকান্তি গুহ ঃ** (ক) সুপার মার্কেট নহে, একটি কৃষি পণ্যের নিয়ন্ত্রিত বাজার স্থাপনের পরিকল্পনা আছে।

(খ) (১) উক্ত বাজার স্থাপনের সম্ভাব্য আনুমানিক ব্যয় ২৮ লক্ষ টাকা।

(২) আশা করা যায়, আগামী আর্থিক বৎসরে এই কাজ আরম্ভ করা সম্ভব হইবে।

**ব্রজগোপাল নিয়োগী ঃ** এই কাজ কবে নাগাত শেষ হবে ?

**শ্রীকমলকান্তি গুহ ঃ** আগে আরম্ভ করা যাক তারপর যত তাড়াতাড়ি শেষ করা যায় তা চেষ্টা করা হবে।

**শ্রীকৃপাসিন্ধু সাহা ঃ** হুগলী জেলার আর কোন জায়গায় এই জাতীয় পরিকল্পনা আছে কিনা ?

**শ্রীকমলকান্তি গুহ ঃ** এটা নোটিশের প্রশ্ন, তাহলেও বলছি চাঁপাডাঙ্গা, শেওড়াফুলি এইসব জায়গায় আমরা শুরু করে দিয়েছি।

**শ্রীবলাইলাল দাস মহাপাত্র ঃ** মন্ত্রীমহাশয় বললেন এই মার্কেট স্থাপনের জন্য ১৮ লক্ষ টাকা খরচ হবে, কি কি বাবদ খরচ হবে জানাবেন কি ?

**শ্রীকমলকান্তি গুহ ঃ** এগুলি সাধারণত আমরা যা খরচ করি তা হচ্ছে ইয়ার্ড সেড এর ব্যবস্থা করা হয় কৃষকদের গরুর গাড়ী রাখা, গরুদের জল খাওয়াবার ব্যবস্থা করার জন্য খরচ করা হয়। অকসান ইয়ার্ড তৈরি করা, গো ডাউন তৈরি করার জন্য খরচ করা হয়, এইসব ব্যবস্থা করা হয়।

**শ্রীঅজয়কুমার দে ঃ** এর মধ্যে কোল্ড ষ্টোরেজের কোন পরিকল্পনা আছে কিনা ?

**শ্রীকমলকান্তি গুহ ঃ** এটা হচ্ছে বাজারের প্রাথমিক কাজ করবার। পরে কমিটি হবে রেগুলেটেড মার্কেট কমিটি। তারা যদি স্থির করেন যে হীমঘর করা হবে তাহলে তাদের পরিকল্পনা অনুসারে আমরা তাদের সহযোগিতা করবো।

**শ্রীবলাইলাল দাস মহাপাত্র ঃ** এই মার্কেটের জন্য কতজায়গা দরকার ?

**শ্রীকমলকান্তি গুহ ঃ** সেটা ঠিক হয়নি। এক একটা বাজারের তার ভৌগোলিক অবস্থান অনুসারে ও গুরুত্ব অনুসারে মার্কেট তৈরি করা হয়।

**শ্রীধীরেন্দ্রনাথ সরকার ঃ** এই সুপার মার্কেটের সুফলটা কি ?

**শ্রীকমলকান্তি গুহ ঃ** এটা সুপার মার্কেট নয়, এটা নিয়ন্ত্রিত বাজার যাতে কৃষকরা মহাজনদের দ্বারা উৎপীড়িত শোষিত না হয় ন্যায্য দাম পায় তারজন্য এই বাজার। যদি কৃষকদের মাল বিক্রি না হয় তাহলে কৃষকরা সেখানে মাল রেখে ব্যাঙ্ক থেকে টাকা নিয়ে তাদের খরচ চালাতে পারে সে ব্যবস্থা সেখানে থাকবে। এর আসল উদ্দেশ্য হচ্ছে মহাজনদের শোষণ বন্ধ করা।

**সিতাই প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের শয্যা-সংখ্যা বৃদ্ধি**

*১৪। (অনুমোদিত প্রশ্ন নং *১০১।) **শ্রীদীপক সেনগুপ্ত ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, কোচবিহার জেলার সিতাই প্রাথমিক স্বাস্থ্য-কেন্দ্রের শয্যা সংখ্যা বৃদ্ধির জন্য কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

**শ্রীননী ভট্টাচার্য্য ঃ** না।

**বন্যার কাজে বিমান ব্যবহার**

*১৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪।) **শ্রীআতাহার রহমান, শ্রীআবুল হাসনাৎ খান, শ্রীদীনবন্ধু মাঝি ও শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকারের বিমানগুলি গত বন্যার সময় কোন কাজে নিযুক্ত ছিল কিনা ;

(খ) থাকিলে, কোন্ কোন্ কাজে নিযুক্ত ছিল ; এবং

(গ) বন্যার সময় ছাড়া বর্তমান মন্ত্রিসভার কোন মন্ত্রী ঐ সকল বিমান ব্যবহার করিয়াছেন কিনা ?

**শ্রীশিবেন্দ্রনারায়ণ চৌধুরী ঃ** (ক) হ্যাঁ, রাজ্য সরকারের হেলিকপ্টারটি বন্যা-ত্রাণ ও আনুষঙ্গিক কার্য্যে গত বন্যার সময় নিযুক্ত ছিল।

(খ) বন্যাক্লিষ্ট অঞ্চলে দুর্গত অধিবাসীবৃন্দের মধ্যে খাদ্য ও ওষুধপত্র বিতরণ এবং বন্যাবিধ্বস্ত এলাকার ক্ষয়ক্ষতির সরেজমিনে অনুসন্ধান এবং ত্রাণ বিলি ব্যবস্থার কার্য ত্বরান্বিত করিবার জন্য ইহা ব্যবহৃত হইয়াছিল।

(গ) কেবলমাত্র রাজ্যপালের সহিত মন্ত্রী শ্রীযতীন চক্রবর্তী মহাশয় বন্যার সময় ছাড়া হেলিকাপ্টারটি ব্যবহার করিয়াছেন।

[1-10—2-20 P.M.]

**শ্রীআতাহার রহমান ঃ** এই বামফ্রন্ট সরকার সিদ্ধান্ত নিয়েছিলেন বিক্রি করার। সেই সিদ্ধান্তটি কি পরিবর্তন করা হয়েছে ?

**শ্রীশিবেন্দ্রনারায়ণ চৌধুরী ঃ** হ্যাঁ, পরিবর্তন করা হয়েছে। হেলিকপ্টার রাখার সিদ্ধান্ত হয়েছে এবং ডাকাটা বিমান বিক্রয় করবার জন্য দুইবার টেণ্ডার করা হয়েছিল, কিন্তু গ্রাহক পাওয়া যায়নি, আবার নোটিশ দেওয়া হয়েছে।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় ঃ** আপনি কি এই সিদ্ধান্ত পরিবর্তন করেছেন, যে বিক্রি করবেন না। তার কারণ কি বিধ্বংসী বন্যার সময় এই বিমানটি অপূরণীয় সাহায্য করেছে বলে সেই কারণে কি ?

**শ্রীশিবেন্দ্রনারায়ণ চৌধুরী ঃ** হ্যাঁ, সেই কারণে।

**শ্রীঅতীশচন্দ্র সিংহ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি আপনাদের সরকারের সময়ে কোন মন্ত্রীর স্ত্রী সেটা ব্যবহার করেছেন কি ?

**শ্রীশিবেন্দ্রনারায়ণ চৌধুরী ঃ** আমার জানা নেই।

**শ্রীঅনিল মুখার্জী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কি জানা আছে এর আগের সরকারের আমলে কোন কোন মন্ত্রীর স্ত্রীরা ঐ হেলিকপ্টারে করে বেরিয়েছিল কিনা ?

**শ্রীশিবেন্দ্রনারায়ণ চৌধুরী ঃ** সম্ভবত।

**শ্রীঅতীশ চন্দ্র সিংহ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, জানাবেন কি আপনি নিজের সরকারের খবর জানেন না, বললেন আমার খবর নেই। অথচ একজন মাননীয় সদস্য প্রশ্ন করলেন যে, আগেকার সরকারের স্ত্রীরা কেউ উঠেছেন কিনা, তার উত্তর দিলেন সম্ভবত, এটা খুব আশ্চর্য দেখাচ্ছে না কি ?

( নো রিপ্লাই )

**শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যখন এটা বিক্রি করার পরিকল্পনা নিয়েছিলেন, তখন কি কারণে নিয়েছিলেন ?

**শ্রীশিবেন্দ্রনারায়ণ চৌধুরী ঃ** এই হেলিকপ্টারটি বন্যার সময়ে কাজে লেগেছে বলে আমরা সিদ্ধান্ত পরিবর্তন করেছি।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** আমার প্রশ্ন হচ্ছে কোন্ পরিপ্রেক্ষিতে বিক্রি করার সিদ্ধান্ত নিয়েছিলেন ?

**শ্রীশিবেন্দ্রনারায়ণ চৌধুরী ঃ** তখন মনে করেছিলাম এটি কোন কাজে লাগবে না, তখন সিদ্ধান্ত নিয়েছিলাম।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** তাহলে মন্ত্রী মহাশয় কি বুঝতে পারছেন যে, এটার প্রয়োজনীয়তা বুঝে আগেকার সরকার এটি খরিদ করেছিলেন।

**শ্রীশিবেন্দ্রনারায়ণ চৌধুরী ঃ** বন্যার কারণে এটা রাখার জন্য চেষ্টা করেছি।

**শ্রীঅজয়কুমার দে ঃ** তাহলে মাননীয় মন্ত্রী মহাশয় স্বীকার করবেন কি যে, আপনার অভিজ্ঞতার অভাব আছে ?

**শ্রীশিবেন্দ্রনারায়ণ চৌধুরী ঃ** না।

**শ্রীধীরেন্দ্রনাথ রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় (গ) প্রশ্নের উত্তর দিয়েছেন যে, মন্ত্রী যতীন চক্রবর্তী বন্যার সময়ে ছাড়াও এই বিমান ব্যবহার করেছিলেন, আমরা কেউ জানতে পারিনি। তিনি কেন বিমানটি ব্যবহার করেছিলেন ?

**শ্রীশিবেন্দ্রনারায়ণ চৌধুরা ঃ** আলাদা প্রশ্ন করলে উত্তর দিব।

**শ্রীজন্মেজয় ওঝা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে, বিমানটি রক্ষণাবেক্ষণের জন্য প্রতি মাসে কত খরচা হয় ?

**শ্রীশিবেন্দ্রনারায়ণ চৌধুরী ঃ** নোটিশ চাই।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, জানাবেন কি যে, এই হেলিকপ্টাটি বিক্রি করার সিদ্ধান্ত নিয়েছিলেন কি এই কারণে যে, বিগত পূবতন সরকারেরা সদস্যরা এটি প্রমোদ ভ্রমণের জন্য ব্যবহার করতেন ?

**শ্রীশিবেন্দ্রনারায়ণ চৌধুরী ঃ** আমরা প্রথমে মনে করেছিলাম যে এটি কোন কাজে লাগবে না। সেইজন্য এটি বিক্রি করার সিদ্ধান্ত নিয়েছিলাম।

**শ্রীনবকুমার রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় স্বীকার করবেন কি বিক্রি করার সিদ্ধান্তটি যে নিয়েছিলেন সেটি তাঁর ভুল হয়েছিল ?

**শ্রীশিবেন্দ্রনারায়ণ চৌধুরী ঃ** মোটেই তা নয়।

*16 (Held Over)

## মুর্শিদাবাদ জেলার পাটকাবাড়ীতে নির্মীয়মাণ হাসপাতাল

*১৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৩০।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলার নওদা থানার পাটকাবাড়ীতে হাসপাতাল নির্মাণের কাজ বর্তমানে বন্ধ অবস্থায় রহিয়াছে ;

(খ) সত্য হইলে, কারণ কি ;

(গ) উক্ত হাসপাতাল নির্মাণের কাজ কবে আরম্ভ হইয়াছিল ; এবং

(ঘ) উক্ত হাসপাতাল নির্মাণের কাজ সম্পূর্ণ করিবার বিষয়ে সরকার কোন ব্যবস্থা গ্রহণ করিতেছেন কি ?

**শ্রীননী ভট্টাচার্য্য ঃ** (ক) হ্যাঁ।

(খ) মঞ্জুরীকৃত অর্থের চেয়ে বাড়তি অর্থের দরকার হওয়ায় বাস্তুকার একটি পরিবর্ত্তিত প্রাক্কলন (revised estimate) পেশ করেছেন। ঐ বাড়তি অর্থ মঞ্জুরের অপেক্ষায় কাজ স্থগিত রাখা আছে।

(গ) ১৯৭৬ সাল নাগাদ।

(ঘ) হ্যাঁ। ঐ পরিবর্তিত প্রাক্কলন অতিশীঘ্রই মঞ্জুর করা হবে এবং বাকী কাজ সম্পূর্ণ করা হবে।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, জানাবেন কি অসমাপ্ত কাজগুলি কবে থেকে শুরু করবেন ?

**শ্রীননী ভট্টাচার্য ঃ** এখনই বলতে পারছি না। তবে তাড়াতাড়ি আরম্ভ করার চেষ্টা করবো।

**Mr Speaker :** Question hour is over.

[ 1-20—1-30 P.M. ]

**মিঃ স্পীকার ঃ** আমি মাননীয় সদস্য শ্রীঅতীশচন্দ্র সিংহ ও শ্রীঅজয়কুমার দে এঁদের প্রত্যেকের কাছ থেকে একটি করে মুলতুবি নোটিশ পেয়েছি।

প্রথম নোটিশে শ্রী সিংহ পঞ্চায়েত নির্বাচনের পর জাতীয় কংগ্রেসের পঞ্চায়েত সদস্য, প্রধান প্রভৃতির উপর সি. পি. আই ( এম ) পার্টি কর্তৃক ভীতি প্রদর্শন, হয়রাণি ও মিথ্যা মামলার অভিযোগ করে তার প্রতিবিধান সম্পর্কে আলোচনার জন্য আজকের সভা মুলতুবি রাখতে চেয়েছেন। বিষয়টি এমন কোন আকস্মিক জরুরী প্রকৃতির নয় যার জন্য সভায় স্বাভাবিক কাজ মুলতুবি রাখা যেতে পারে। এ ছাড়া নোটিশে উল্লিখিত নির্দিষ্ট ঘটনার বিষয়, দৃষ্টি আকর্ষণ, প্রশ্ন, প্রস্তাব ইত্যাদির মাধ্যমে সভায় উৎস্থাপনের সুযোগ আছে। সুতরাং এই মুলতুবি প্রস্তাবের নোটিশে আমার অসম্মতি জ্ঞাপন করছি।

দ্বিতীয় নোটিশে শ্রীঅজয়কুমার দে দেশের প্রতিষ্ঠিত ও প্রচলিত বর্গা আইন উপেক্ষা করে বর্গা সংক্রান্ত বিষয়ে মাননীয় ভূমি রাজস্ব মন্ত্রীর সাম্প্রতিক নির্দেশ ঘোষণা ও তা প্রত্যাহারের দাবী জানিয়ে এই বিষয়ে আলোচনা করতে চেয়েছেন। নোটিশে উল্লিখিত বিষয়ে মতামতেরউপর প্রতিষ্ঠিত। তাছাড়া এটি এমন কোন আকস্মিক জরুরী প্রকৃতির নয় যার জন্য এটি মুলতুবি প্রস্তাবের বিষয়বস্তু হিসাবে গণ্য হতে পারে। সুতরাং এই নোটিশটিও আমি নাকচ করছি। আমি এখন শ্রীঅতীশচন্দ্র সিংহ এবং শ্রীঅজয়কুমার দে-কে তাঁদের প্রস্তাব পাঠ করে দিতে বলছি।

( মাননীয় সদস্য শ্রীঅতীশচন্দ্র সিংহ কিছু বলতে উঠে দাঁড়ান )

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** সঙ্গে গুণ্ডা নিয়ে ঘুরে বেড়ান, আবার বলবেন কি?

**শ্রীঅতীশচন্দ্র সিংহঃ** মাননীয় স্পীকার স্যার, হাউসে এই অশালীন মন্তব্য যদি রাখেন তাহলে আমাদের আপত্তির অত্যন্ত কারণ আছে। বীরেনবাবু একজন ভাল ফ্যামিলির লোক যতদূর জানি, তিনি সভার সদস্য এবং আমার ফ্যামিলি কি রকম সে সম্বন্ধে নিশ্চয়ই তাঁর ধারণা আছে। আমার বাবা স্বর্গত বিমলচন্দ্র সিংহ মন্ত্রী ছিলেন, জ্যোতিবাবু জানেন, বীরেনবাবু আমার জেলার একজন সদস্য, তিনি যদি এই রকম অশালীন মন্তব্য করেন তো আমি মুখ্যমন্ত্রীর প্রটেকশন চাইছি, তিনি এই উক্তি প্রত্যাহার করার জন্য তাঁর দলের সদস্যকে বলুন, গুণ্ডাকে নিয়ে ঘুরে বেড়ান, এই ধরণের কথার আমি তীব্র প্রতিবাদ করছি।

**শ্রীজ্যোতি বসুঃ** আমি বলছি এই ধরণের উক্তি না করাই ভাল, এইসব কথা না বলাই ভাল।

**শ্রীঅতীশচন্দ্র সিংহঃ** আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানিয়ে স্পীকার মহাশয়ের আদেশ অনুসারে আমার প্রস্তাব পাঠ করছি। সাম্প্রতিক পঞ্চায়েত নির্বাচনে ভারতীয় জাতীয় কংগ্রেসের দলভুক্ত যে সকল সদস্য ও প্রধান নির্বাচিত হয়েছেন তাঁদেরকে বিভিন্নভাবে ভয় দেখিয়ে হয় নিষ্ক্রিয় করে দেবার নতুবা সি. পি. আই (এম) দলের কথা মেনে চলবার জন্য চেষ্টা চলছে। মুর্শিদাবাদ জেলার মহলন্দী ২ নং অঞ্চলের নির্বাচনকে চ্যালেঞ্জ করে মহঃ জবেদ আলি কলিকাতা হাইকোর্টে কেস করায় তার বিরুদ্ধে হয়রাণি মারধোর ও নানা রকম ভীতি প্রর্দশন চলছে সি. পি. আই (এম) পার্টির তরফ থেকে। এতে জনসাধারণের গণতান্ত্রিক অধিকার শুধু নষ্ট হচ্ছে তাই নয়, সাধারণ মানুষ, যাঁরা সি. পি. আই. (এম) দলভুক্ত নন তাঁরা যথেষ্ট নিরাপত্তার অভাব বোধ করছেন। থানা, পুলিশ একপেশেভাবে ক্ষমতাসীন দলের বিরুদ্ধে কোন

আইনগত ব্যবস্থা নিতে নারাজ। এই আইন শৃঙ্খলার পরিস্থিতিতে একটি সর্বদলীয় বিধানসভার কমিটির দ্বারা বিভিন্ন জেলায় জনজীবনকে সুস্থ করার জন্য ও সি. পি. আই. (এম) দলভুক্ত মানুষ ছাড়া অন্যান্য দলের মানুষের মনে নিরাপত্তাবোধকে ফিরিয়ে আনার জন্য অনুসন্ধান করে রিপোর্ট পেশ করার জন্য ব্যবস্থা গ্রহণ করা হোক।

**শ্রীঅজয়কুমার দে ঃ** পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় ভূমি রাজস্বমন্ত্রী মহাশয়ের সম্প্রতি এক নির্দেশ অনুসারে দীর্ঘকাল পূর্বে উচ্ছেদ বর্গাদার ফসল বুনন বা না বুনে থাকুন রেকর্ডভুক্ত হোন বা না হউন আবাদী জমির উৎপন্ন ফসলের অর্ধেক এর দাবীদার হবেন।

এ ছাড়া আরও একটি এক নির্দেশ অনুসারে জমির উৎপন্ন ফসল নিয়ে কোন বিরোধ হলে এবং সেই বিরোধ আদালত পর্য্যন্ত গড়ালে আদালত যদি পুলিশকে তদন্তের নির্দেশ দান করেন পুলিশকে সত্যতা যাচাইয়ের জন্য পঞ্চায়েত সমিতি কিংবা ব্লক পর্যায়ে উপদেষ্টা কমিটির সহিত অবশ্যই কথা বলতে হবে।

এই নির্দেশ সম্পূর্ণ অযৌক্তিক, কৃষি ব্যবস্থার পক্ষে হানিকর এবং অরাজকতা সৃষ্টির সহায়ক গ্রামীন আইনশৃঙ্খলার প্রশ্নও এর সঙ্গে জড়িত, ইহা দুরভিসন্ধিমূলক। ইহা আরও উল্লেখ্য মন্ত্রী মহাশয়ের এই নির্দেশ বর্গাসংক্রান্ত প্রতিষ্ঠিত আইনের বিরোধী। এ জাতীয় নির্দেশ অবিলম্বে প্রকাশ্যে প্রত্যাহার করার অনুরোধ জানিয়ে আমি এ বিষয়ে বিধানসভায় একটি পূর্ণাঙ্গ আলোচনার জন্য দাবী রাখছি।

**অধ্যক্ষ মহোদয় ঃ** আমি নিম্নলিখিত বিষয়ের উপর দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি। যথা ঃ

১। মুরারাই থানাধীন বিভিন্ন গ্রামে ধানকাটা নিয়ে সংঘর্ষ বন্ধ করতে না পারার প্রশাসনিক ব্যর্থতা। শ্রীসুনীতি চট্টরাজ, এম. এল. এ.

২। পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় গরীব বর্গাদাররা খুন হওয়া সত্ত্বেও বামফ্রন্ট সরকারের নীরব থাকা। শ্রীসুনীতি চট্টরাজ, এম. এল. এ.

৩। পশ্চিমবঙ্গে ব্যাপক হারে বিদ্যুত উৎপাদনে ব্যর্থতা ও লোড শেডিং। শ্রীসুনীতি চট্টরাজ।

৪। বালুরঘাট থানা এলাকার কংগ্রেসকর্মী ঝন্টু বোস হত্যার তদন্তে প্রশাসনিক ব্যর্থতা। শ্রীধীরেন্দ্রনাথ সরকার, এম. এল. এ.।

৫। মেখলিগঞ্জ মহকুমার অন্তর্গত তিন বিঘা নামে পরিচিত এলাকা বাংলাদেশের নিকট হস্তান্তরের প্রস্তাবে পশ্চিমবাংলার জনসাধারণের মধ্যে ক্ষোভের সৃষ্টি। শ্রীদীপক সেনগুপ্ত।

6. **Arrangement for distribution of cement—Shri Nani Kar**

7. Policy regarding distribution of fertiliser—Shri Balai Banerjee and Shri Santasri Chattopadhyay.

8. Railway strike called for double railway line from Dum Dum to Bongaon—Shri Saral Deb.

9. Chaotic condition prevailing at Ranaghar College—Shri Gour Chandra Kundu.

10, Doubling of rail track from Dum Dum to Bongaon—Shri Nani Kar, Shri Saral Deb, Shri Ranjit Mitra, Shri Nirodh Roy Choudhury, Shri Amiya Banerjee, Shri Narayan Mukherjee and Shri Rabin Mandal.

11. Incidence of ransack at Sabang B. D. O. office on 9.11.78—Shri Janmejoy Ojha.

১২। কয়লার দুষ্প্রাপ্যতা। শ্রীজয়ন্তকুমার বিশ্বাস।

13. Irrigation facilities from Kangsabati Projects for rabi crops—Shri Anil Mukherjee.

আমি Arrangement for distribution of cement বিষয়ের উপর শ্রীননী কর কর্তৃক আনীত নোটিশ মনোনীত করেছি।

সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়, যদি সম্ভব নয়, আজকে ঐ বিষয়ের উপর একটি বিবৃতি দিতে পারেন অথবা বিবৃতি দেবার জন্য একটি দিন দিতে পারেন।

**শ্রীজ্যোতি বসু:** খাদ্যমন্ত্রী এখন এখানে নেই, খবর পাঠাচ্ছি। আশা করি কলকাতায় আছেন এবং বৃহস্পতিবার উত্তর দেবেন।

**শ্রীকিরণময় নন্দ:** সবংয়ের ঘটনার উপর যে কলিং এ্যাটেনসান দেওয়া হয়েছে সেটার সম্পর্কে উত্তর আমরা শুনতে চাই। গতকাল আমরা এই সম্পর্কে এ্যাডজোর্ণমেণ্ট মোশান দিয়েছিলাম। সবংয়ের বি. ডি. ও. কে মারা হয়েছে এবং তিনি এখন হাসপাতালে। বামফ্রণ্টের যিনি এম. এল. এ. তার উপর অত্যাচার হয়েছে। মহিলা

গ্রামসেবিকা পর্য্যন্ত লাঞ্ছিতা হয়েছেন। আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি সেই সম্বন্ধে কিছু জানান।

**অধ্যক্ষ মহোদয়ঃ** আমি সিমেন্টের উপর ওটা গুরুত্বপূর্ণ বলে মনে করেছি তাই সেটা গ্রহণ করেছি।

**শ্রীদীপক সেনগুপ্তঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, মেখলিগঞ্জে তিন বিঘা সম্পর্ক যেটা দিয়েছি সেটা যদি আলোচনায় আনেন তাহলে ভাল হয়। আপনি যেটা গ্রহণ করেছেন সে সম্পর্কে আমি কোন মন্তব্য করতে চাইছি না। কিন্তু সম্ভবতঃ আমারটা সম্পর্কে আমি গুরুত্বটা বোঝাতে পারি নি বা প্রপারলি প্লেস করতে পারি নি সেইজন্য বলছি যে সেইটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার।

**অধ্যক্ষ মহোদয়ঃ** আপনি বসুন। সিমেন্টের ব্যাপারটা সব বঙ্গময় এবং একটা এলাকার ঘটনা নয় সেইজন্য আমি ওটাকে গ্রহণ করা যুক্তিযুক্ত মনে করেছি। আপনার বলার কোন অধিকার নেই।

[1-30—1-40 P.M.]

**শ্রীজ্যোতি বসুঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, চিকমাগালুর উপনির্বাচনে ইন্দিরা গান্ধীর জয় উপলক্ষ্যে গত ১৫ই নভেম্বর মেদিনীপুর জেলার কেশপুরে কংগ্রেস (ই) সমর্থকরা একটি মিছিল বের করেন। বিধানসভা সদস্য শ্রীরজনীকান্ত দলুই এই মিছিলের নেতৃত্ব দেন। ১০০০।১৫০০ লোকের এই মিছিলটিতে অংশগ্রহণকারীদের অনেকের হাতেই লাঠি, টাঙ্গি, তীর ধনুক প্রভৃতি মারাত্মক অস্ত্রশস্ত্র ছিল। মিছিলটি প্রথমে কেশপুর বাজার থেকে বি. ডি. ও. অফিসের দিকে যায় ও পরে বাজারের দিকে ফিরে আসে। এই সময়ে মিছিল থেকে উত্তেজক ধ্বনি উঠতে থাকে ও মিছিলের কিছু লোক নকুল মণ্ডল নামে এক সি. পি. আই. (এম) সমর্থককে আক্রমণ করে। মিছিল শান্তিপূর্ণ থাকবে বলে শ্রীরজনী দলুই পুলিশকে আশ্বাস দেওয়া সত্ত্বেও এই ঘটনাগুলি ঘটে। ঐ দিন কেশপুরে হাট ছিল ও বহু জনসমাগম হয়েছিল। সাধারণ মানুষ ও কিছু সি. পি. আই. (এম) সমর্থক ইন্দিরা কংগ্রেসের মিছিলকারীদের আচরণ ও নকুল মণ্ডলের উপর হামলার প্রতিবাদ করেন এবং উভয়পক্ষের মধ্যে প্রথমে কথাকাটাকাটি ও পরে হাতাহাতি হয়। শ্রী দলুই এই সময় হঠাৎ মিছিল ছেড়ে চলে যান। প্রসঙ্গতঃ উল্লেখযোগ্য যে ঐ দিন ব্লক অফিসে ব্লক উন্নয়ন কমিটির সভা ছিল। স্থানীয় এম. এল. এ. রজনীবাবু সেই সভায় যান নি।

এর পরেই কংগ্রেস (ই) পরিচালিত মিছিল থেকে ১০০।১৫০ লোক স্থানীয় সি. পি. আই. (এম) অফিস আক্রমণ করে। তারা একটি ঘরের তালা ভেঙ্গে ঘরটি তছনছ করে ও বহু মূল্যবান কাগজপত্র নষ্ট করে। পার্টির বন্যাত্রাণ ভাণ্ডারের ১০৩০ টাকা ও ১৭ বস্তা চাল তারা লুঠ করে। পাশের একটি লনড্রী ও একটি রেশন দোকানেও তারা হামলা করে ও রেশন দোকানের ৪,০০০ টাকা লুঠ করে বলে অভিযোগ পাওয়া গেছে। সি. পি. আই. (এম) অফিসের বারান্দার চালত রা ভেঙ্গে দেয়। পুলিশের সামনেই এইসব ঘটনা ঘটেছে। জেলা পুলিশ সুপার জানিয়েছেন যে থানার ও. সি. পূর্বোক্ত কলহ নিয়ে ব্যস্ত থাকায় এখানে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে পারেন নি। সি পি. আই. (এম) কর্মীরা ও বহু সাধারণ মানুষ অফিসের উপর হামলা প্রতিরোধ করতে গেলে কংগ্রেস (ই)-র দুষ্কৃতকারীরা দৌড়ে থানায় আশ্রয় নেয়। এইসব ঘটনায় মোট ১৬ জন আহত হন। তাদের প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেওয়া হয়। তিনজন পুলিশ কর্মীও আহত হন।

এর পরে সি. পি. আই. (এম) কর্মী ও সমর্থকসহ বহু সাধারণ মানুষ থানায় গিয়ে হামলাবাজীর প্রতিবাদ করেন ও পুলিশী নিষ্ক্রিয়তার অভিযোগ আনেন। এ সময়ে থানায় কিছু ইট পাটকেল ছোড়া হয়। জনতার একাংশ কংগ্রেস (ই) অফিসে চড়াও হন। পরে ঊর্ধতন পুলিশ ও প্রশাসনিক কর্তৃপক্ষ ও সি. পি. আই. (এম) নেতৃবৃন্দ অবস্থা আয়ত্বে আনেন।

এই সমস্ত ঘটনাকে কেন্দ্র করে তিনটি কেস চালু হয় ও মোট ১১ জনকে গ্রেপ্তার করা হয়। এদের মধ্যে শ্রীরজনী দলুইসহ ৭ জন কংগ্রেস (ই) কর্মী বা সমর্থক। এদের ৬ জনকে শর্তাধীন জামিন দেওয়া হয়েছে। অন্যান্য ধৃত ব্যক্তিরাও জামিন পেয়েছেন।

পুলিশ কর্তৃপক্ষ-এর মতে সমস্ত ঘটনার জন্য কংগ্রেস (ই) কর্মী ও সমর্থকরাই দায়ী। তারা সশস্ত্র মিছিল করে, নকুল মণ্ডলকে আক্রমণ করে ও সি. পি. আই. (এম) অফিসে ভাঙ্গচুর ও লুঠপাট করে। ফলে এলাকার সমস্ত মানুষ ক্ষুব্ধ হন ও এক উত্তেজনাপূর্ণ পরিস্থিতির উদ্ভব হয়। পুলিশ যথেষ্ট তৎপরতার সঙ্গে ঘটনার মোকাবিলা করেছে কিনা সে বিষয়ে আরও তদন্তের প্রয়োজন আছে।

**Shri Satyaranjan Bapuli :** On a point of privilege Sir.

**Mr. Speaker :** What is your point of privilege ?

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি পয়েন্ট অব প্রিভিলেজ সম্বন্ধে বলতে চাই যে মাননীয় মুখ্যমন্ত্রী তাঁর ভাষণে আমাদের সম্বন্ধে অনেক সব কথাই বললেন। কিন্তু দুঃখের বিষয়ে আমরা এই হাউসে আগে এবং পরেও এই কথা কোন দিন শুনিনি যে ত্রাণ ভাণ্ডারের লুট হয়েছে টাকা চুরি হয়েছে জিনিষপত্র নষ্ট হয়েছে। মুখ্যমন্ত্রী যিনি লিডার অব দি হাউস তিনি কোথায় প্রোটেকসন দেবেন তা না করে একজন বিধানসভার সদস্যের বিরুদ্ধে এইসব কথা বললেন এবং প্রিভিলেজ অব এ পার্টি তিনি নষ্ট করলেন। তিনি সত্য কথা না বলে একটা পুলিশের তৈরী গল্প করে গেলেন। এ সম্বন্ধে আমি আপনার প্রোটেকসন চাইছি।

**Mr. Speaker :** I disallow the privilege.

**অনিল মুখার্জী ঃ** স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্য হল মাননীয় মুখ্যমন্ত্রী একটি স্টেটমেন্ট দিলেন—কোন মিনিষ্টার যখন কোন স্টেটমেন্ট দেন তার উপর কি হাউসে আলোচনা হতে পারে ?

**Mr. Speaker :** I have ruled out that point. Please take your seat.

## MENTION CASES

**শ্রীশশাঙ্কশেখর মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বীরভূম জেলা একটি সারপ্লাস জেলা। এইবারকার বন্যায় একেবারে সর্বশান্ত হয়ে গেছে। সেখানে রবি চাষ করতে পারলে চাষীরা লাভবান হতে পারে এবং পশ্চিমবাংলার খাদ্য ভাণ্ডারে কিছু খাদ্য দিতে পারে। সেইজন্য আমি সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীর কাছে একটি গুরুত্বপূর্ণ বিষয় তুলে ধরতে চাই। সেখানে এখন সারের বিরাট সংকট দেখা দিয়েছে। সেখানে কোন চাষীই বর্তমানে সার পাচ্ছে না। সার না পাবার ফলে সেখানকার মানুষ নানাভাবে বিব্রত হয়ে পড়েছে। এই সার যাতে ঠিক সময়ে দেওয়া হয় তার জন্য আমি আপনার কাছে আবেদন রাখছি।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** মাননীয় স্পীকার মহোদয়, পশ্চিমবঙ্গের অভূতপূর্ব বন্যা এবারে ১২টি জেলাকে বিপর্যস্ত করেছে। আমরা দেখেছি পশ্চিমবাংলার সর্বস্তরের মানুষ বন্যা-ত্রাণ, উদ্ধারের কাজে সহযোগিতা করেছে এবং মন্ত্রীমণ্ডলী ও বিধানসভার সদস্যরা আপন আপন এলাকায় প্রচণ্ড পরিশ্রম করে জনগণের পাশে থেকেছেন, জনসাধারণও বিপুলভাবে অর্থ সাহায্য করেছেন। কিন্তু আমি একটি প্রস্তাব আপনার মাধ্যমে সদস্যদের কাছে রাখতে চাই। মন্ত্রীরা ৫০০ টাকা এবং বিধানসভার সদস্যরা

২০০ টাকা করে যদি মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে দান করেন তাহলে পশ্চিমবাংলার জনসাধারণের সামনে এটা একটা সুস্থ নজীর হয়ে থাকবে। দেশের মানুষ হাজার হাজার টাকা অর্থ সাহায্য করছেন, সেইসঙ্গে বিধানসভার সদস্যরাও যদি এই টাকা দান করে একটা দৃষ্টান্ত রাখতে পারেন তাহলে মানুষের সামনে একটা ভাল নজীর হয়ে থাকবে। আর সেই সঙ্গে বিরোধীপক্ষের বন্ধুদের বলছি, তারা এই বন্যাকে কেন্দ্র করে বিবৃতি এবং বাক্য ছাড়া কোন কিছুই ত্যাগ স্বীকার করেন নি, এইবারে একটু ত্যাগ স্বীকার করুন।

**শ্রীননী কর ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি জরুরী বিষয়ে বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমরা গত বাজেট অধিবেশনে এখান থেকে একটি সর্বসম্মত প্রস্তাব নিয়েছিলাম যে বনগাঁ থেকে শিয়ালদহ পর্যন্ত ডাবল লাইন করতে হবে এবং হাসনাবাদ থেকে শিয়ালদহ পর্যন্ত যাতে সরাসরি ট্রেন চলে তার ব্যবস্থা করতে হবে। এইবারে এটা নিয়ে যাত্রীদের মধ্যে প্রচণ্ড বিক্ষোভ হয়েছে। গত ১৯শে সেপ্টেম্বর তারিখে ট্রেন বয়কট হয়েছে। নভেম্বর মাসের ২৮ তারিখে এটা নিয়ে হরতাল হবার প্রস্তাব নেওয়া হয়েছে। এখন পর্যন্ত কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কোন খবর পাওয়া যাচ্ছে না। এই কারণে আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি ডাবল লাইন সম্পর্কে যদি কোন খবর থাকে তাহলে আমাদের দয়া করে জানান, আমরা জনগণের কাছে সেটা বলতে পারি।

[1-40—1-50 P.M.]

**শ্রীজ্যোতি বসু ঃ** স্পীকার মহাশয়, এটা নিয়ে বহুদিন ধরে সাধারণ মানুষ—আমাদের সব প্রতিনিধিরা আছেন, বিভিন্ন দলের প্রতিনিধিরা আছেন—তারা সবাই আন্দোলন করছেন যে ঐ বনগাঁ, বারাসাত লাইনটা ডবলিং করার জন্য। সেখানকার মানুষের ভয়ঙ্কর অসুবিধা হচ্ছে। আমরা সরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের রেলওয়ে মিনিষ্টার-এর সঙ্গে এ নিয়ে বহুদিন ধরে আলোচনা করছি। একটা প্রতিবাদ এর আগে হয়েছিল এখন আবার শুনছি ২৮শে তারিখে একটা হরতাল ইত্যাদি তারা করবেন এইসব ভাবছেন ওদের দৃষ্টি আকর্ষণ করার জন্য—দিল্লীর সরকারের। কিন্তু ইতিমধ্যেই আমরা খবর পেয়েছি—আমি কালকেই জেনারেল ম্যানেজারের কাছ থেকে চিঠির একটা কপি আনিয়েছি—আমরা যে খবর পেয়েছি সেটা সঠিক কিনা জানবার জন্য—ইতিমধ্যেই এটা কেন্দ্রীয় সরকারের রেলওয়ে বিভাগ গ্রহণ করেছেন, এই পরিকল্পনা তারা হাতে নিয়েছেন। অবশ্য তারা বলেছেন এটা পার্লামেন্টে পাশ

করতে হবে। স্বাভাবিক, পার্লামেন্টে পাশ না হলে কি করে এই কাজ তারা করবেন। মার্চ মাসের মধ্যেই তারা আশা করছেন এটা পাশ হয়ে যাবে এবং তখন তারা কাজে হাত দেবেন। কাজেই আমি সকলের কাছে অনুরোধ করবো—যারা যুক্তভাবে আমার কাছে এসেছিলেন, যারা ঐ কমিটির সঙ্গে হয়ত যুক্ত আছেন, আন্দোলনের সঙ্গে হয়ত যুক্ত ছিলেন—আমি সকলের কাছে আবেদন করবো আপনারা ২৮শে তারিখে ঐ হরতাল, ধর্মঘট ইত্যাদি করবেন না, এর কোন প্রয়োজন নেই। কারণ এটাতে আমাদের জয় হয়েছে, পশ্চিমবঙ্গের পক্ষে এটা ভাল হয়েছে যে এইরকম একটা পরিকল্পনা তারা এতদিন পরে গ্রহণ করেছেন। এটা আজকের কথা নয়, বহুদিন ধরেই এইসব নিয়ে কথা হচ্ছে। যাইহোক, এতদিন পরে কেন্দ্রীয় সরকার এটা গ্রহণ করেছেন।

**শ্রী মহম্মদ আলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি বিশেষ ঘটনার প্রতি সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মালদহ জেলার রতুয়া থানার মহানন্দাটোলা গ্রামে ইন্দিরা কংগ্রেসের নেতারা সি. পি. এম. কর্মীদের উপর ভয়ানকভাবে আক্রমণ করছে। সেখানে তারা ২০ জনকে আহত করেছে এবং সেখানকার অঞ্চল প্রধানকে আহত করেছে। স্যার, রতুয়া থানায় এটাই একমাত্র বিচ্ছিন্ন ঘটনা নয়, সেখানে গত ১২/১১ এবং ১৩/১১ তারিখে মির্জাপুরে কংগ্রেসীরা আমাদের মিটিং-এর উপর আক্রমণ করেছিল। এইসব বিষয়ে বার বার এজাহার দেওয়া সত্ত্বেও পুলিশ কোন ভূমিকা পালন করছে না। সেখানে একটি ত্রাসের সঞ্চার হয়েছে তাদের কার্যকলাপের জন্য। আমি এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করে অবিলম্বে ব্যবস্থা অবলম্বনের জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রীঅনিল মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, ওন্দা থানার দামোদরবাটি অঞ্চলের একজন লোক আগে নিজেকে জনতা পার্টির বলতেন এবং জনতার ক্যানডিডেট হয়েছিলেন পরে তিনি কংগ্রেসের প্রাক্তন এম. এল. এ-এর সহযোগিতায় সেই এলাকার কিছু সমাজবিরোধীকে সঙ্গে নিয়ে সেখানকার মানুষের জীবন অতিষ্ঠ করে তুলছেন। এ বিষয়ে সেখানকার স্থানীয় পুলিশ নিষ্ক্রিয় ভূমিকা পালন করছে। পুলিশের এই ভূমিকার জন্য তারা সমাজের মধ্যে থেকে বহু মানুষের উপর অত্যাচার চালিয়ে যাচ্ছে, মদ খাচ্ছে—এইসব করছে। সেই লোকগুলি মাঝে মাঝে রাত্রিবেলাতে গিয়ে মানুষের উপর হামলা করছে। পুলিশকে বলা সত্ত্বেও সেখানকার স্থানীয় পুলিশ কোন ব্যবস্থা আজ পর্য্যন্ত সেখানে গ্রহণ

করেননি। স্যার, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করছি, ঐ সব সমাজবিরোধী যারা এইসব কাজে অংশগ্রহণ করছে তাদের অবিলম্বে শাস্তির ব্যবস্থা করুন।

**শ্রীপতিতপাবন পাঠক**: মাননীয় স্পীকার মহাশয়, আজকে এ্যাসেমলির সামনে হাওড়ার একটি কারখানার শ্রমিকরা মিছিল করে এসেছেন। মাননীয় মুখ্যমন্ত্রী, শ্রমমন্ত্রী এবং শিল্পমন্ত্রীর কাছে তাদের কিছু বক্তব্য পেশ করার জন্য। কারখানাটি ১লা সেপ্টেম্বর থেকে বন্ধ করে দেওয়া হয়েছে। এই কারখানাটি সর্বভারতীয় কোম্পানী, বিদেশেও এই কারখানাটির কাজ কারবার আছে এবং খুব লাভজনক কারখানা। এই কারখানাটির নাম হিন্দুস্থান ব্রাউন বোভারী লিমিটেড। প্রতি বছর অন্ততঃ ৩০-৩৫ কোটি টাকা নীট মুনাফা হয়। এই রকম একটি লাভজনক কারখানাকে বন্ধ করে দেওয়া হয়েছে। সব রকম চেষ্টা বিফল হয়েছে। সেই জন্য শ্রমিকরা দেখা করতে এসেছে। আমি অনুরোধ করবো ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অথবা অন্য কোন প্রতিনিধি গিয়ে যেন তাদের সঙ্গে দেখা করেন এবং এই কারখানা খোলার ব্যাপারে হস্তক্ষেপ করবার ব্যবস্থা করেন।

**শ্রীঅজয়কুমার দে**: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর প্রতি একটি বিশেষ গুরুত্বপূর্ণ ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করছি। আরামবাগ মহকুমার পুরশুড়া ব্লকে এম. পি. কোল্ড ষ্টোরেজ বলে একটি কোল্ড ষ্টোরেজ আছে এই কোল্ড ষ্টোরেজে চাষীরা আলু বীজ রেখেছিল, কিন্তু বন্যার ফলে অনেক আলু বীজ নষ্ট হয়ে যায়। চাষীরা সেই বীজ দাবী করেছিল, ফলে সেই কোল্ড ষ্টোরেজের মালিক কোল্ড ষ্টোরেজ বন্ধ করে দিয়ে উধাও হয়েছে। অবস্থা অত্যন্ত সঙ্গীন অবস্থায় দাঁড়িয়েছে এবং আইন শৃঙ্খলার একটা প্রশ্ন সেখানে দাঁড়িয়েছে। বাকী যে বীজগুলো ভাল রয়েছে সেইগুলোও চাষীরা পাচ্ছে না, ফলে অবস্থা অত্যন্ত সঙ্গীন। অন্য সময় মনোরঞ্জন হাজরা মহাশয় এইসব ব্যাপারে দেখাশুনা করেন কিন্তু তিনি কোন স্টেপ নিচ্ছেন না। যার ফলে এমন অবস্থা সেখানে দাঁড়িয়েছে, যে কোন সময়ে আইন শৃঙ্খলার অবনতি ঘটতে পারে। এই ব্যাপারে আমি কৃষিমন্ত্রীকে অনুরোধ করবো তিনি এটা দেখুন। সরকারের এই বিষয়ে বিশেষভাবে দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীরামচন্দ্র সৎপথি**: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে একটি বিশেষ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুরের ঝাড়গ্রাম শহরে ১৯৭৬ সালে একটি পানীয় জল সরবরাহ কেন্দ্র স্থাপিত হয়েছে। গত এক

বছর যাবৎ ওটা বন্ধ হয়ে পড়ে রয়েছে এবং প্রায় ২৬ হাজার মানুষ এর ফলে কষ্ট পাচ্ছে জলের অভাবে। আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে এই পানীয় জল সরবরাহ কেন্দ্রটি মেরামত করা হয় তার ব্যবস্থা তিনি করুন।

**শ্রীগঙ্গাধর নস্কর:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের প্রতি একটি বিশেষ গুরুত্বপূর্ণ ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করছি। ইন্দিরা গান্ধীর জয়ের পর যে মিছিল বার হয়েছিল সোনারপুর থানার অন্তর্গত ফেন অঞ্চলে মৌরহাটি গ্রামে, এই মিছিল সশস্ত্র মিছিল হয়েছিল, তাতে বন্দুক ছিল, পাইক গান ছিল, লাঠি ছিল, বল্লম ছিল। সেই মিছিল আমাদের একজন কর্মী লক্ষ্মী মণ্ডল তার বাড়ী আক্রমণ করে এবং স্থানীয় জনসাধারণ সেই আক্রমণ প্রতিরোধ করে। ফলে আমাদের তিনজন কর্মী গুলিবিদ্ধ হয়ে ভাঙ্গড় হাসপাতালে ভর্তি হয়ে আছে। এটা আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি, যাতে এইভাবে মিছিল বার করে ভবিষ্যতে আর জনসাধারণের উপর যেন অত্যাচার না করতে পারে।

**শ্রীগুণধর চৌধুরী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি জরুরী বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া জেলার সুদূর গ্রামাঞ্চলে যে সমস্ত প্রাইমারী হেলথ সেণ্টার আছে, যেমন, ইন্দাস, পাত্রসায়ের, রাণীবাঁধ, জয়পুর, ইন্দপুর প্রভৃতি এই সমস্ত জায়গার প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে এ্যামবুলেন্স না থাকার ফলে রোগীরা চিকিৎসিত হতে পারছেন না। আমি অনুরোধ করবো মাননীয় স্বাস্থ্যমন্ত্রী যেন বাঁকুড়ার এইসব সুদূর গ্রামাঞ্চলের স্বাস্থ্যকেন্দ্রে যেন এ্যামবুলেন্সের ব্যবস্থা করেন।

[1·50—2-00 P.M.]

**শ্রীনানুরাম রায়:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিগত বন্যায় বালি অঞ্চলের বুটামারী বাঁধ ভাঙ্গিয়া প্রায় দুই হাজার একর ফসলের জমিতে প্রায় ৪ থেকে ৬ ফুট উঁচু এবং আনুমানিক ১৩ কোটি ঘন-ফুট হবে বালি পড়িয়াছে। ফলে এই জমি চাষের অযোগ্য হইয়াছে। বর্তমানে ঐসব জমিতে কোন ফসল হচ্ছে না। অবিলম্বে ঐ দুই হাজার একর ফসলের জমি ড্রেজার দিয়া সংস্কার করা একান্ত প্রয়োজন। সেই জন্য আমি আপনার মাধ্যমে বিষয়টির প্রতি কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীজন্মেজয় ওঝা:** মাননীন অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি ভূমি ও ভূমিরাজস্বমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

আমার কেন্দ্র পটাসপুরে বন্যা হয়েছে এবং এরকম বন্যা ঐ এলাকায় প্রতি বছর হয়। প্রতি বছর বন্যার পর সেখানে রাজস্ব বিভাগের কর্মচারীদের কতগুলি কাজ করতে হয়। গত বছর দুটি স্কীম সেচ বিভাগ থেকে মঞ্জুর করা হয়েছিল। সেই স্কীম দুটির জন্য টাকা বরাদ্দ ছিল এবং টেণ্ডারও কল করা হয়েছিল। কিন্তু কাজ করা হয়নি। কারণ জেলা কর্তৃপক্ষ জমি এ্যাকুয়ার করে দিতে পারেননি এবং তারজন্য নাকি নোটিশ লেখবার লোকও পাননি। মাননীয় সেচমন্ত্রী ওখানে গিয়েছিলেন এবং তাঁর সামনে ঐ কথা জেলা কর্তৃপক্ষ বলেছে। এবছর আবার সেই জিনিষ যাতে না হয় তার জন্য আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং যাতে কেলেঘাই বাঁধ ও বারোচৌকা স্কীমের জন্য জমি অধিগ্রহণ করা যায় তারজন্য অনুরোধ করছি। আমারা আশা করব তিনি বিষয়টির প্রতি দৃষ্টি দেবেন।

**শ্রীনবনী বাউরি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে বাঁকুড়া জেলার অমরকানন প্রাইমারী হেলথ সেণ্টারটিতে কোন এ্যাম্বুলেন্স নেই। সেখানে ফ্যামিলি প্ল্যানিং-এর কাজের জন্য একটি গাড়ী আছে। ঐ গাড়ীটির জন্য বাৎসরিক তেল খরচ বাবদ ৮ হাজার টাকার কোটা নির্দিষ্ট আছে। কিন্তু এ বছর ইতিমধ্যেই সেই কোটার টাকা ফুরিয়ে গিয়েছে। কোন এ্যাম্বুলেন্স না থাকার জন্য ঐ গাড়ীটি স্থানীয়ভাবে ওখানে রোগীদের আনা নেওয়ার কাজে ব্যবহার করা হয়। আমি তাই স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করছি ঐ গাড়ীটিকে এ্যাম্বুলেন্স হিসাবে ব্যবহার করার জন্য কিছু তেলের কোটার পরিমাণ বাড়িয়ে দিন।

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি মাননীয় মুখ্যমন্ত্রী এবং কৃষিমন্ত্রীর একটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। বন্যার প্রায় ২ মাস আগে থেকেই উত্তরবঙ্গের বিশেষ করে মালদহ জেলা থেকে রেল ওয়াগানে পাট বুক করা যাচ্ছে না। ফলে পাট যারা কেনেন তাদের মূলধন আটকে গিয়েছে। ওদিকে আবার জুট কর্পোরেশনের গুদামেও জায়গা নেই। সেখানে পাট বিক্রি হচ্ছে না। ফলে ২০/২৫ টাকা দামে ডিসট্রেস সেল শুরু হয়ে গিয়েছে। যে কোনও দামে তারা পাট বিক্রি করছে। তাই আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব যে, আপনি টেলেক্সের মাধ্যমে রেলওয়ে মিনিষ্ট্রির দৃষ্টি আকর্ষণ করুন, তাহলে উত্তরবঙ্গের, বিশেষ করে মালদহ জেলার পাট-চাষীদের বিশেষ উপকার হবে।

**শ্রীরাজকুমার মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের নজরে আমার আবেদন নিয়ে যেতে চাইছি। খোলাবাজারে ৮০০ থেকে

৯০০ টাকা টন দরে সিমেন্ট বিক্রি হচ্ছে। অর্থাৎ এক বস্তা সিমেন্টের দাম ৪০ থেকে ৪৫ টাকা। এই জিনিষ খোলাবাজারে ১ বস্তা বা ২ বস্তা পাওয়া যাচ্ছে, তাই নয়, টন টন সিমেন্ট পাওয়া যাচ্ছে। অন্য দিকে যে সমস্ত লাইসেন্স ডিলার আছে তারা এক বস্তা সিমেন্টও পাচ্ছে না। যে সমস্ত কারবারীরা এই উচ্চ মূল্যে সিমেন্ট বিক্রি করছে তাদের সম্বন্ধে, বিশেষ করে হাওড়া জেলার উলুবেড়িয়া মহকুমায় যারা এই জিনিষ করছে তাদের সম্বন্ধে আমি হাওড়ার ডি. এম. কে. কনজিউমার গুডস্-এর ডিরেক্টরকে এবং ডেপুটি ডিরেক্টরকে বলেছিলাম এবং তদন্ত করতে বলেছিলাম। কিন্তু তাঁরা আমাকে বলেছিলেন যে, এ ব্যাপারে আইনের অসুবিধা আছে, আইনের ফাঁক আছে। আমি তাঁদের কাছে কারবারীদের নাম পর্যন্ত দিয়েছিলাম, কিন্তু তাঁরা বললেন যে এর ফলে ঐ কারবারীদের গায়ে হাত দেওয়া চলবে না। তাই আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীমহোদয়ের দৃষ্টি আকর্ষণ করে তাঁর কাছে এই আবেদন করতে চাই যে, যদি ঐ সমস্ত অফিসারদের কথা সত্য হয় তাহলে যত তাড়াতাড়ি সম্ভব ঐ আইনের ফাঁক বন্ধ করার জন্য তিনি যেন সচেষ্ট হন।

**শ্রীধীরেন্দ্রনাথ সরকার:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। স্যার, এই অভাবনীয় বন্যার পরে উত্তরবঙ্গে বিশেষতঃ পশ্চিম দিনাজপুর জেলার কুশমুণ্ডি থানা ও প্রার্শ্ববর্তী এলাকায় অকল্পনীয়ভাবে চুরি-ডাকাতি বেড়ে চলেছে এবং এই চুরির সাথে সাথে সাধারণ মানুষের হালের বলদ ও আর যে সমস্ত পুঁজি হিসাবে পশু পুষে থাকেন সেগুলিও পর্যন্ত চুরি হয়ে যাচ্ছে। থানায় এই সম্পর্কে ডায়েরি দিতে গেলে সংশ্লিষ্ট অফিসাররা গড়িমসি করেন এবং যারা সাধারণ কৃষক তাদের তাড়িয়ে দেন, ডায়েরি নেন না। আমি দলের তরফ থেকে এবং ব্যক্তিগতভাবে, এম. এল. এ. হিসাবে থানায় ডায়েরি করতে গেলে তারা আমার সঙ্গে কথা বলেন কিন্তু ডায়েরি নেন না। আমি এই দিকে দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই সমস্ত কাজ আর না হয় এবং আইন-শৃঙ্খলা যাতে ভালভাবে পরিচালিত হয়।

**Shri Rabi Shankar Pandey :** श्रद्धेय अध्यक्ष महोदय, मैं आपके माध्यम से पश्चिम बंगालके बलिष्ठ पुलिस मंत्रीसे अनुरोध करता हु कि कलकत्ते की गिरती हुई परिस्थितियों पर बिशेष रूपसे ध्यान देने का कष्ट करें। कल बड़ा बाजार राजाकटरा अंचल में दिनदहोड़ ८० हजार रुपेये की छिनताई हो गई। इससे पहले एक और छिनताई तीलजला इलाके मे बीस हजार रुपये की हो गई है।

गत तीन दिनों में कलकत्ता अंचल से तीन लावालिश मृतदेह का उद्धार किया गया है।

अमता थाना के झामदिया ग्राम में एक युवक की राजनैतिक हत्या कर दी गई है। कल इस थाने के लगभग २० आदमी मेरे पास आये थे। उनका कहना था कि कांग्रेसी शासन में जैसे सी० पी० एम० के लोग पाढ़ा छोड़ कर चले गये थे और उनकी हत्याये की जा रही थी, आज ठीक उसी तरह के अत्याचार-हत्यायें इस सी० पी० एम० सरकार के शासन मे चल रहा है। उनका कहना था कि यदि इस तरह की हत्यायें बन्द नही की गई तो किसी दिन उनकी भी हत्या हो सकती है, क्यों कि इस लोग जनता पार्टी कर रहे हैं।

११-११-७८ तारीख को जोड़ासाकु थाने के इलाके मे हुज्जतकारी पुलिस के सामने गुण्डागर्दी कर रहे थे, पुलिस के सामने दो घण्टा जमकर बम-निक्षेप करते रहे। उस समय देखने से ऐसा मालुम होता था कि पुलिस विभाग आइन-शृंखला रक्षा करने मे सम्पूर्ण रूप से व्यर्थ ही गई है।

चिकमगलूर मे इन्दिरा माई के जीतने पर देखा जा रहा है कि आई० के सपोर्टरो का मनोवल कुछ बढ़ गया है। उन लोगो ने जनता में आतंक फैला रखा है। जोर-जबरदस्ती करके चन्दा वसूल करते है। जुआ-मटका-सट्टा-शराब वालो को प्रश्रय देकर उनसे पैसा वसूल करते है। पिछली हमारी मिटिंग मे इट-पत्थर फेंके। किन्तु श्रोताओं ने उन गुण्डों को भगा दिया।

मैं माननीय पुलिस मंत्री से अनुरोध करूंगा कि बड़ा वाजार अंचल विश्व का सबसे धनी बस्ती इलाका है। यहाँ व्यवसाय का केन्द्र है। इसमें सभी जाति के लोग रहते है। किन्तु दुखके साथ कहना पड़ता है कि उनकी सुरक्षा की कोई व्यवस्था नहीं है। अतएव वहाँ पर पुलिस विभाग के सुदक्ष आधिकारियों की नियुक्ति की जानी चाहिए। वहा पर प्रत्येक दृष्टिकोण से इस सरकार को चाहिए कि बिशेष ध्यान दे। यदि ऐसा नहीं किया गया तो वहाँ का जन-जीवन विपन्न हो जायगा और लोगो का रहना कठिन हो जायगा।

[2-00—2-10 P.M.]

**শ্রীখগেন্দ্র নাথ সিন্‌হাঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি।

পশ্চিম দিনাজপুর জেলার রায়গঞ্জে গত পঞ্চায়েত নির্বাচনের পর থেকে কংগ্রেসের আশ্রয়পুষ্ট সমাজবিরোধিরা একে একে খুন করে চলেছে। পূজার সময় সেই সমাজবিরোধীরা সাধারণ লোকেদের বাড়ীতে আশ্রয় চেয়েছিল কিন্তু আশ্রয় না পাওয়ায় সেইসব বাড়ীতে বাড়ীতে তারা অগ্নি সংযোগ করে। গত ১৫.৭.৭৮ তারিখে গণতান্ত্রিক যুব ফেডারেশনের খোকন বিশ্বাসকে তারা গুলি করে হত্যা করে। পূজার সময় দেবেন দেবশর্মা বলে একটি ছেলেকে কিডন্যাপ করে এবং গুলি করে, কোনক্রমে ছেলেটি বেঁচে যায় এবং তারপর মনোরঞ্জন চ্যাটার্জী বলে একটি ছেলেকে আক্রমণ করে এবং গুলি করে হত্যা করার চেষ্টা করে। আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে রায়গঞ্জের এইসব অত্যাচার বন্ধ হয় তারজন্য যেন ব্যবস্থা করেন।

**শ্রীধীরেন্দ্র নাথ সেন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বীরভূম জেলার সাঁইথিয়ায় একটিমাত্র জলাধার বিগত বন্যার সময় নষ্ট হয়ে যায়, আজ অবধি মেরামতের কোন ব্যবস্থা হয়নি। যাতে ওখানকার জলকষ্ট দূর হয় সেদিকে তিনি যেন দৃষ্টি দেন এবং তার ব্যবস্থা করেন।

## LAYING OF REPORT

The Fourth Annual Report and Accounts of the West Bengal Pharmaceutical and Phytochemical Development Corporation Limited for 1977-78.

**Dr. Kanailal Bhattacharya :** Sir, I beg to lay the Fourth Annual Report and Accounts of the West Bengal Pharmaceutical and Phytochemical Development Corporation Ltd. for the year 1977-78.

The Eleventh Annual Report and Accounts of the West Bengal Industrial Development Corporation Limited for 1977-78.

**Dr. Kanailal Bhattacharya :** Sir, I beg to lay the Eleventh Annual Report and Accounts of the West Bengal Industrial Development Corporation Limited for the year 1977-78.

**মিঃ স্পীকার :** এখন আমি সাম্প্রতিক বন্যা পরিস্থিতির উপর আলোচনার জন্য প্রথমে মাননীয় সদস্য হিরণময় নন্দকে আহ্বান করছি।

## DISCUSSION ON RECENT FLOOD SITUATION

**শ্রীকিরণময় নন্দ:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল থেকে বন্যাজনিত পরিস্থিতির আলোচনা সুরু হয়েছে। বামফ্রন্ট সরকারের একগণ্ডা মন্ত্রী এবং তাঁদের ৮-১০ জন সদস্য বন্যা সম্পর্কে আলোচনা করেছেন। তাঁরা তাঁদের বক্তব্যের মধ্যে এটাই বলতে চেয়েছেন যে এই বন্যার কোন দায়-দায়িত্ব সরকারের নেই। তাঁরা ৩০ বছরের ইতিহাস টেনে এনেছেন, মানসিং কমিটির রিপোর্ট—সেই রিপোর্টের বহু তথ্য উপস্থাপিত করে বোঝাতে চেয়েছেন যে বিধ্বংসী বন্যা ঘটে গেল সেই বন্যায় পশ্চিমবঙ্গ সরকারের কোন দায়-দায়িত্ব নেই অর্থাৎ এটার বিষয়ে তাঁদের কিছুই করণীয় ছিল না। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন নিশ্চয় যে পশ্চিমবঙ্গে এমন কোন রাজনৈতিক দল বা এমন কোন সংবাদপত্র এ কথা বলেন নি যে এই বিধ্বংসী বন্যার জন্য বামফ্রন্ট সরকার দায়ী। যে কথা উচ্চারিত হল না, কোন রাজনৈতিক দল যে দোষে তাঁদের দোষারোপ করল না উল্টে সরকারী সদস্যরাই বলছেন যে আমাদের দোষ নেই। এ সেই চিরাচরিত কথা—

"ঠাকুর ঘরে কে ?
আমি তো কলা খাইনি।"

যে অভিযোগ তাঁদের বিরুদ্ধে উঠেছে। সেই অভিযোগের কথাকে প্রাধান্য না দিয়ে সেই অভিযোগ খণ্ডন করবার চেষ্টা না করেন, পাশ কাটাবার চেষ্টা না করেন।

আমি সেই আলোচনায় পরে আসছি। আমি প্রথমে একটা জিনিষ বলতে চাই সেটা হচ্ছে যদিও পশ্চিমবাংলার জনসাধারণ ও রাজনৈতিক দলগুলি এই সরকারকে দোষারোপ করেননি এই বিধ্বংসী বন্যার জন্য তাহলেও কি এই বন্যার দায়-দায়িত্ব সরকার এড়িয়ে যেতে পারেন? এবারে পশ্চিমবাংলায় যে বিধ্বংসী বন্যা ঘটেছে এর জন্য কি সরকারের কোন দায়-দায়িত্ব ছিলো না? সরকার যদি সচেষ্ট হতেন, সরকার যদি বাঁধগুলির অবস্থা জানতেন, জমিদারী বাঁধগুলি কি অবস্থায় আছে সে সম্বন্ধে অবহিত হতেন তাহলে এই বন্যা হতো না। বিধানসভার যদি প্রসিডিংস খুলে দেখেন তাহলে দেখবেন ১৯৭৭ সালের আগষ্ট মাসে সেচ দপ্তরের মন্ত্রীর কাছে আমরা বার বার হুঁশিয়ারী দিয়েছিলাম যে, আপনারা যে সমস্ত নদী বাঁধ আছে, জমিদারী বাঁধ আছে সেগুলি অগ্রাধিকার দিন, সেগুলি সংরক্ষণের ব্যবস্থা করুন। সেগুলি সংরক্ষণের ব্যবস্থা করতে সেচ দপ্তর যদি ব্যর্থ হয় তাহলে পশ্চিমবাংলার সর্বনাশ হয়ে যাবে। ১৯৭৭ সালের আগষ্ট মাসে সেচ দপ্তরে এর আলোচনায় এটা ছিলো। আজ দেড় বছর পরে

১৯৭৮ সালে এই বিধ্বংসী বন্যা ঘটলো, এই বাঁধগুলি রক্ষণাবেক্ষণের জন্য আপনারা কত টাকা খরচ করেছেন? কেন কংসাবতী বাঁধ এর যেখানে উইক পয়েন্ট ছিলো সেটা মেরামত করেননি? কেন ময়ুরাক্ষী বাঁধ মেরামত করেননি? কেন জমিদারী এমব্যাকমেন্ট মেরামত করেননি? আপনারা কেন এই সমস্ত বাঁধ মেরামত করার জন্য বরাদ্দ করেননি? আপনারা এক্সগ্রাসিয়া দিয়ে সরকারী কর্মচারীদের পাইয়ে দেবার মদশাত জন্য ১০ কোটী টাকা খরচ করতে পারেন, পুলিস দপ্তরের বরাদ্দ ৮ কোটী টাকা বাড়িয়ে দিতে পারেন কিন্তু নদী বাঁধ, জমিদারী বাঁধগুলিকে অগ্রাধিকার দিয়ে মেরামত করতে পারেন না যে বাঁধগুলির উপর পশ্চিমবাংলার ভবিষ্যৎ নির্ভর করছে, লক্ষ লক্ষ মানুষের জীবন নির্ভর করছে? তাহলে আপনারা এই দেড় বছরে কি করেছেন? বন্যার দায় দায়িত্ব সরকারের নেই এই কথা মেনে নিতে পারছি না। সেই দায় দায়িত্ব এড়াবার জন্য ৩০ বছর ধরে কংগ্রেস কি করেছে, কংগ্রেস কিছুই করেনি সেই কৈফিয়ত দিয়েছেন। আপনারা এই দেড় বছরে কি করেছেন? ঠাকুর ঘরে কে—আমি তো কলা খাইনি এই ভাবেই দায় দায়িত্ব এড়াতে চেয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী বহু তথ্য উপস্থাপিত করেছেন বন্যার ক্ষয় ক্ষতি সম্পর্কে। গতকাল ডঃ শাশ্বতীপ্রসাদ বাগ মাননীয় অর্থমন্ত্রী যে সমস্ত খরচের হিসাব দিয়েছেন সে সম্বন্ধে তথ্য উত্থাপন করে প্রমাণ করে দিয়েছেন যে, এই সব হিসাব অসত্য তিনি অসত্য ভাষণ রেখেছেন। স্যার, আমি একটা জিনিষ এখানে পরিবেশন করতে চাই এবং সেই পরিবেশনের মাধ্যমে সদস্যদের বলতে চাই মাননীয় অর্থমন্ত্রী ** না হয়··· (তুমুল গণ্ডোগোল)

ইনি ইন্দিরা গান্ধীর এ্যাডভাইসার হয়েছিলেন··· (তুমুল গণ্ডোগোল)

[2-10—2-45 P.M. including adjournment]

**শ্রীসন্দীপ দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল মাননীয় মুখ্যমন্ত্রী বলার সময় বিরোধী দল থেকে যখন ইনটারাপসান করা হয়েছিল তখন তিনি বলেছিলেন যে এটা কোন্ ধারাতে হচ্ছে? আজকে কিরণময় নন্দ যখন তাঁর বক্তব্য রাখছেন তখন ট্রেজারি বেঞ্চ থেকে বাধা দেওয়া হচ্ছে। মন্ত্রীরা যদি অশালীন আচরণ করেন, কয়েকজন একসঙ্গে চেঁচিয়ে ওঠেন তাহলে বিরোধী দল থেকে কি করে বক্তব্য রাখবেন? মুখ্যমন্ত্রী মহাশয় কালকে যে বক্তব্য রেখেছিলেন তাঁর বক্তব্যে

Note : **Expunged as order by the chair.

ইনটারাপসান হওয়ায় তিনি প্রশ্ন রেখেছিলেন বিধান সভার নিয়মাবলীর ৬০ না ৭০ কোন্ ধারায় এটা হচ্ছে? আমি আজকে বিনীতভাবে আপনার কাছে আবেদন রাখছি কিরণবাবুর বক্তৃতার উপর যে এই ইনটারাপসান হচ্ছে তা কোন্ ধারায় হচ্ছে?

**মিঃ স্পীকার:** আমি যতদূর বুঝতে পাচ্ছি সেটা হচ্ছে শ্রীকিরণময় নন্দ এমন একটা কথা বলেছেন যার প্রতিবাদ ওঁরা করছেন। আমি সব সময় সব কথাতো শুনতে পাই না।

**শ্রীসুভাষ চক্রবর্তী:** স্যার, উনি 'উন্মাদ' বলেছেন।

**শ্রীবিষ্ণুকান্ত শাস্ত্রী:** 'গুণ্ডা' কথা যদি পার্লামেন্টারি হয় তাহলে 'উন্মাদ' কথাটা কি আনপার্লামেন্টারী হবে?

( তুমুল হট্টোগোল )

ভয়েসেস—এটা উইড্র করতে হবে।

( তুমুল গণ্ডোগোল )

**ডঃ জয়নাল আবেদিন:** অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, ইউ আর দি কাস্টোডিয়ান অব দি হাউস। বিরোধীপক্ষের সদস্যরা যখন বলতে থাকে তখন কোন্ আইনে, কোন্ নিয়মে ঐ গুণ্ডা বাহিনী চেঁচাতে থাকে···

( তুমুল হট্টগোল )

**মিঃ স্পীকার:** আমি সভার কাজ আধ ঘণ্টার জন্য স্থগিত রাখছি।

**Mr. Speakcr :** The House stands adjourned for half-an-hour. ( At this stage the House was adjourned for half-an-hour)

**(After adjournment)**

[2-45—2-55 P.M.]

**শ্রীবিষ্ণুকান্ত শাস্ত্রী:** মাননীয় স্পীকার মহাশয়, এই সভা মুলতুবী রাখার পর আমি আপনার ঘরে গিয়েছিলাম, কিন্তু গিয়ে দেখলাম দরজা বন্ধ রয়েছে এবং শুনলাম মাননীয় মন্ত্রীমহাশয়ের সঙ্গে আপনি পরামর্শ করছেন। বিধানসভার সভ্য হিসেবে আপনার ঘরে আমি গিয়েছিলাম এটুকু নিবেদন করছি।

**ডঃ শাশ্বতী বাগ ঃ** অন এ পয়েন্ট অব প্রিভিলেজ স্যার, আপনি যে পরিবেশে একটু আগে হাউস মুলতুবী রাখলেন তাতে আমাদের খুব ভাল লাগল না। আমি আপনার কাছে জানতে চাচ্ছি···

**মিঃ স্পীকার ঃ** এই বিষয় নিয়ে আর আলোচনা চলতে পারে না।

**ডঃ শাশ্বতী বাগ ঃ** স্যার, আমি আপনার কাছে সময় চেয়ে নিচ্ছি এবং বলতে চাচ্ছি এই হাউসের একজন মাননীয় মন্ত্রীমহাশয় যেভাবে আপনার টেবিল চাপড়ালেন এবং যেভাবে আপনার সঙ্গে কথা বলছিলেন তাতে এই হাউসের অবমাননা হচ্ছে কিনা সেই রুলিং আমি আপনার কাছ থেকে চাই।

**শ্রীরবীন মুখার্জী ঃ** স্যার, আপনি সভা আরম্ভ করার আগে এসব কি হচ্ছে। আপনি আপনার বক্তব্য কি আছে সেটা বলুন।

**মিঃ স্পীকার ঃ** সভাকে আমি এই কারণে বন্ধ করেছি, যেখানে একজন মাননীয় সদস্য কিরণময় নন্দের একটা উক্তি সম্বন্ধে সরকার আপত্তি করেছিলেন এবং সেই আপত্তি বিবেচনা করবার জন্য এবং তিনি সত্যই কি বলেছিলেন সেটা জানার জন্য এবং বিরোধী সদস্যরা বলেছিলেন তিনি একথা বলেনি সেইসব জানার জন্য আমি কিছুক্ষণের জন্য সভার কাজ মুলতুবী রেখেছিলাম। আমি টেপ রেকর্ড শুনেছি এবং তাতে শ্রীকিরণময় নন্দের কথা আমি শুনেছি যে তিনি উন্মাদ শব্দ ব্যবহার করেছেন এবং সেই শব্দ ব্যবহার করেছিলেন মন্ত্রীকে উদ্দেশ্য করেই। যদিও তিনি এটাকে চেষ্টা করেছেন পরোক্ষভাবে রাখবার কিন্তু যে কোন লোক একথা শুনলে পরিষ্কার বুঝতে পারবে যে কাকে উদ্দেশ্য করে এই শব্দ ব্যবহার করা হয়েছে। উন্মাদ শব্দ আমাদের পরিষদীয় রীতিতে সিদ্ধান্ত হয়ে আছে আগেই যে এই শব্দ ব্যবহার করা চলে না। সুতরাং আমি মাননীয় সদস্যকে বলব তিনি এই শব্দটা উইথড্র করবেন। তাঁকে আমি এই অনুরোধ করছি। যদি তিনি উইথড্র করেন তাহলে ভাল, নাহলে বাকী সিদ্ধান্ত আমাকে নিতে হবে।

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলতে পারি এই হাউসে মাননীয় মুখ্যমন্ত্রীও বহুদিন আছেন এবং আমিও ১৬ বছর এই হাউসে আছি। আমি মনে করি হাউসের মর্যাদা রাখবার জন্য আমাদের সকল সদস্যদের, তিনি যে দলেরই সদস্য হোন না কেন এমন কিছু করা উচিত নয় বা বলা উচিত নয় যাতে হাউসের মর্যাদা হানী হয়। আমি খুব বিনয়ের সঙ্গে বলতে পারি আপনি যেভাবে কথাটা রাখলেন ইট স্পীকস্ অব ইওর ফেয়ারনেস্। আমি

আবার আপনাকে বলছি আপনি বলেছেন কিরণবাবুর বক্তৃতা আপনি টেপ রেকর্ডে শুনেছেন। আমার মনে হয় এটা ভাল হোত যদি সেই সময় আপনি কিরণবাবুকে ডাকতেন এবং আমাদের টেপ রেকর্ডটা বাজিয়ে শুনিয়ে দিতেন। যাহোক, যে কথা আপনি বললেন যে ডাইরেক্টলি কিরণবাবু কোন মন্ত্রী সম্বন্ধে একথা বলেননি, তবে যে কনটেক্সট-এ তিনি বক্তৃতা করেছেন তাতে শুনলে মনে হবে ইট হ্যাজ রেফারেন্স টু এ পার্টিকুলার মিনিস্টার। আপনাকে আমি ধন্যবাদ জানাচ্ছি। কিরণবাবু যখন বলেছিলেন তখন যদি কোন মাননীয় সদস্য দাঁড়িয়ে বলতেন আপনি কেন একথা বললেন······

( নয়েজ এ্যাণ্ড ইন্টারাপসন )

আমাকে বাধা দেবেন না, বিধানসভা চালাবার দায়িত্ব কিন্তু আপনাদের। আমাকে এটা বলতেই হবে। আপনারা যদি মনে করেন সব একতরফা হবে, সেটা হবে না। আপনারা যদি এটা চান এবং স্পীকার মহাশয় যদি এটা চান··· ··

( নয়েজ এ্যাণ্ড ইন্টারাপসন )

স্যার, আপনি হাতুড়ি পিটিয়ে জোর করে কি হাউস চালাবেন? এভাবে কাজ করলে হাউস চলবে না। আমি যেটা বলতে চাই সেটা হচ্ছে আপনি একথা বলার সাথে আমি কিরণবাবুকেও বলতে পারি যে এই শব্দ ব্যবহার না করলেই ভাল হোত। কিন্তু স্যার, এই হাউসে আজকে সকালে একজন প্রাক্তন মন্ত্রী বর্তমানে এই হাউসের সদস্য তাঁর বিরুদ্ধে সরকারপক্ষ থেকে একটা শব্দ কোন মাননীয় সদস্য ব্যবহার করেছিলেন যে কথা মাননীয় সদস্য সম্পর্কে বলতে পারেন না। কিরণবাবু যে শব্দ ব্যবহার করেছেন তার থেকেও মারাত্মক। এটা ডিফেমাটরি, ইন এ্যাপ্রোপ্রিয়েট এবং আনপার্লামেন্টারী। তখন মাননীয় মুখ্যমন্ত্রী ছিলেন তিনি সঙ্গে সঙ্গে উঠে দাঁড়িয়ে বললেন এরকম হওয়া উচিত নয়। ইন অল ফেয়ারনেস্ আমিও এটা আশা করেছিলাম। কিন্তু স্যার, ওই শব্দটা রেকর্ড হয়ে গেছে এবং ইট হ্যাজ নট বিন এক্সপানজড নর হ্যাজ ইট বিন উইথড্রন।

**শ্রীরবীন মুখার্জী:** আপনি অন্য প্রসঙ্গে আলোচনা করছেন কেন?

**শ্রীকাশীকান্ত মৈত্র:** আপনারা একতরফা বলে যাবেন এবং আমরা বললে শুনবেন না?

**শ্রীরবীন মুখার্জী ঃ** স্যার, হাউসে এসব কি হচ্ছে ?

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** স্যার, আপনার কাছে আমি বিচার চাইছি। আমি রবীনবাবুর কাছে কৈফিয়ত দিতে প্রস্তুত নই। কিন্তু মাননীয় রবীনবাবুর জানা আছে সকালবেলা যখন এই ধরণের উক্তি করা হয়েছিল তখন মাননীয় মুখ্যমন্ত্রী বললেন বলেই ব্যাপারটা থেমে গেল। আপনাকে অনুরোধ করছি মাননীয় সদস্য অতীশবাবু সম্বন্ধে যে উক্তি করা হয়েছিল সেটা প্রত্যাহৃত হোক এই অনুরোধ আমি রাখব। আপনার দিক থেকে ইন অল ফেয়ারনেস এটা বলা উচিত ছিল। কিন্তু সেটা রেকর্ডেড হয়ে গেল। আমি সেই শব্দটা ব্যবহার করতে চাই না। কিরণবাবু যে শব্দটা ব্যবহার করেছেন সেটা সম্বন্ধে আপনি আপত্তি করেছেন। হাউসের মর্যাদা রক্ষার ব্যাপারে যদি এটা আনপার্লামেন্টারী হয়ে থাকে তাহলে ইট ক্যান বি ট্রিটেড অ্যাজ এক্সপান্জড। যদিও আপনি বল্লেন মাননীয় সদস্য কিরণময় নন্দ ডিরেক্টলি এরকম কথা মন্ত্রী সম্বন্ধে বলেননি।

( নয়েজ এ্যাণ্ড ইন্টারাপসন )

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** কি চান আপনারা ? আপনারা কি মনে করেছেন যে, এটা আপনাদের তালুকদারী এবং আমরা আপনাদের ওঠবন্দী প্রজা ? এটা হতে পারে না। স্যার, আমাদের হাউসের একটা ট্রাডিসন আছে। আমি নিজে জীবনে এই শব্দ কোনদিন ব্যবহার করিনি এবং কখনও করব না, হাজার উত্তেজনার সুযোগ থাকলেও। এখানে মাননীয় সদস্য লক্ষ্মী সেন মহাশয় নেই। গত সেসনে আমরা একটা উক্তিতে আপনি ব্যাথা পেয়েছিলেন এবং আপনি নিজে ডেকে আমাকে বলেছিলেন। আপনার সম্বন্ধে যদিও আমি নিজে কোন কটাক্ষ করিনি তবুও মাননীয় সদস্য লক্ষ্মী সেন বলেছিলেন যে ওনারা খুশী হতেন আমি যদি এটা উইথড্র করে নিই। আমি বলেছিলাম যদি এটা আনপার্লামেন্টারী হয়ে থাকে তাহলে ইট ক্যান বি ট্রিটেড অ্যাস এক্সপান্জড।

[2-55—3-05 P.M.]

আজকে সেই ট্রেডিশন মেনে আমরা চলব, আপনার কাছে আমার অনুরোধ অপর পক্ষে যদি এই ধরণের অশোভন কথা বলে যান এবং হাউসে আমাদের প্রটেকশন না দেন, আমাদের দুঃখ থেকে যাবে। আমি আশা করেছিলাম যখন আপনি এই রকম পরিস্থিতিতে হাউস বন্ধ করে দিলেন অসুবিধা কিছু হত না যদি আপনি বিরোধীপক্ষকে ডাকতেন, মাননীয় সদস্যকে আপনার সামনে ডাকতেন, আমি আপনার কাছে স্বীকার করব যে এই হাউসে আমরা দেখেছি আমরা

স্টেটমেন্ট কাউন্টার স্টেটমেন্ট করতে পারি, ভিজিটারস গ্যালারীতে যাঁরা আছেন তাঁরা দেখেছেন, প্রেস গ্যালারীতে যাঁরা আছেন দেখেছেন ডিস্টিংগুইশড ভিজিটারসরা দেখেছেন সবাই, আপনার সামনে একজন বিশিষ্ট মন্ত্রী মহাশয় ট্রেজারী বেঞ্চ থেকে ছুটে এসে আপনার কাছে যান এবং আপনার টেবল বাজান এবং এই রকম আচরন করেন, আমাদের মনে হল আপনাকে বুঝি ভয় দেখাচ্ছেন এবং এই রকম পরিস্থিতির জন্য আপনি প্রস্তুত ছিলেন না। আমরা চাইনা এই জিনিষ চলুক, আপনার কাছে অনুরোধ করছি এই যদি নজির হয়, একজন মন্ত্রী মহাশয় এরকম করেন, লোকসভায় এই রকম ঘটনা ঘটেছিল, এই যদি চলে আমরা প্রত্যেকে আপনার কাছে যাব। এটা আপনার সেন্সার করা উচিত এবং বলা উচিত অন্ততঃ আনফরচুনেট, দুঃখজনক।

**ডঃ জয়নাল আবেদিন** : স্যার, আমি তখনও বলবার চেষ্টা করেছিলাম, আমি আপনার দৃষ্টি রুলস টু টুয়েন্টি নাইনের প্রতি আকর্ষণ করছি। রুলস অব প্রসিডিওর এণ্ড কণ্ডাক্ট অব বিজিনেস ইন দি ওয়েস্ট বেঙ্গল লেজিসলেটিভ এসেম্বলী রুলের টু টুয়েন্টি নাইনের প্রতি দৃষ্টি করছি। তখনও আমি বলতে চেষ্টা করেছি কিন্তু তখন প্যাণ্ডিমোনিয়াম চলছিল হাউসে, আপনি হাউস এ্যাডজোর্ণ করে দিয়ে চলে গেলেন। আমার বক্তব্য শ্রীকিরনময় বাবু যে বক্তব্য এখানে রেখেছেন তার উপর আপনি রুলিং দেবেন কারণ আমি নিবেদন করতে চেয়েছিলাম যে আপনি হচ্ছেন কাস্টোডিয়ান অব দি রাইটস এণ্ড প্রিভিলেজস্, আপনি দেখেছেন যে যখন বিরোধী পক্ষের সদস্যরা বক্তব্য রাখেন তখন তাঁদের কিভাবে হেল্প করা করা হয় এবং যে ঘটনার পরিপ্রেক্ষিতে আপনি হাউস এ্যাডজোর্ণ করলেন সেই পটভূমিকা আপনাকে স্মরণ করতে অনুরোধ করি। আপনি দেখেছেন মাননীয় মন্ত্রী প্রশান্ত শূর উঠে দাঁড়িয়ে বলছেন আর একজন সদস্যকে ইউ গেট আউট, আপনি এটা দেখেছেন। আমি খুসী হতাম অধ্যক্ষ মহাশয়, যদি মাননীয় মন্ত্রী মহাশয় বলতেন একথা বলিনি কিন্তু তিনি বারবার একথা বলেছেন আমাদের সদস্যদের ইউ গেট আউট, একথা মাননীয় সদস্য বলতে পারেন কিনা এবং একজন মন্ত্রী পর্য্যায়ের সদস্য একথা বলতে পারেন কিনা এটা বিচার করার দায়িত্ব কিন্তু আপনার।

( নয়েজ )

**মিঃ স্পীকার** : এসব পরে বলবেন, ইউ মে ব্রিং ইয়োর প্রিভিলেজস লেইটার

অন, আই য়্যাম অন মাই লেগস, যে বিষয়টার উপর আমি হাউস য়্যাডজোর্ণ করেছি, তার ফয়সলা আগে হতে হবে, তার পর অন্য কথা বলতে চান আমি শুনব।

**ডঃ জয়নাল আবেদিন ঃ** আমি প্রিভিলেজের কথা বলছি টু টুয়েন্টি নাইনে প্রিসিডেন্স আগে পাব, রুলে একথা আছে স্যার, আপনি দেখুন।

**মিঃ স্পীকার ঃ** আমি যখন দাঁড়িয়ে আছি তার আগে পাবেন না, এখন আমি বলছি মাননীয় সদস্য কিরণময় নন্দ যে কথা বলেছেন সেই শব্দটি তুলে নিতে রাজী আছেন কিনা, যদি তিনি তা তুলে নেন ভাল, এতে আর কোন পয়েণ্ট অব অর্ডার নেই।

**শ্রীসন্দীপ দাস ঃ** স্যার, আপনার কাছে আমি একটা রুলিং চাইছি .....

**মিঃ স্পীকার ঃ** আমি বলছি যে এই শব্দটি আনপার্লামেণ্টারি এটা তুলে নিন।

**শ্রীসন্দীপ দাস ঃ** স্যার, আমি আপনার কাছে এই বিষয়ে সুস্পষ্ট রুলিং চাইছি, অতীতের প্রসিডিংস আপনাকে দেখতে বলি, ১৯৭৯ সালে কাউনসিলের শেষে দিনের অধিবেশনে আজকের মাননীয় মুখ্যমন্ত্রী তদানীন্তন উপ মুখ্যমন্ত্রী এই উক্তিটি করেছেন কিনা দয়া করে প্রসিডিংস দেখুন।

**মিঃ স্পীকার ঃ** করে থাকলেও প্রশ্ন নাই, আমি বলছি শব্দটি আনপার্লামেণ্টারি আপনি তুলে নিন।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি এই ব্যাপারে যে সিদ্ধান্ত দেবেন, সেই সিদ্ধান্তের উপর আমরা দ্বিমত করব না, কিন্তু যেটা আপনার কাছে আমার নিবেদন সেটা ঘটনাটির কথা যেটা আমাদের অত্যন্ত দুঃখজনক ঘটনা বলে মনে হয়েছে। ইতিপূর্বে হাউসের মধ্যে এই রকম ঘটনা এই রকম পরিস্থিতির সম্মুখীন আমরা হইনি। কোন মাননীয় সদস্য তাঁর ভাষণ দেবার সময় সেই ভাষণে যদি আনপার্লামেণ্টারি বক্তব্য থাকে বা কিছু অসম্মানজনক মন্তব্য থাকে আপনি সে সম্পর্কে সিদ্ধান্ত দেবেন, রুলিং দেবেন, প্রয়োজন হলে এক্সপাঞ্জ করে দেবেন। সেইটা আমরা মাথা পেতে নেবো। কিন্তু উল্লিখিত ঘটনাকে কেন্দ্র করে যে পরিস্থিতির উদ্ভব হলো তাতে জুনিয়ার সদস্যরা হয়তো উত্তেজিত হতে পারেন, কিন্তু যারা সিনিয়র লীডার অভ দি হাউস বা রেসপনসেবাল মিনিষ্টারস তারা যদি এই রকম পরিরিস্থিতির উদ্ভব করেন তাহলে সেটা অত্যন্ত দুঃখজনক ব্যাপার

হয়ে দাঁড়ায়। ভবিষ্যতে হাউসের মধ্যে এ রকম আলোচনা চলতে পারে না। এইটুকু আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি।

**মিঃ স্পীকার ঃ** আপনি পরে দৃষ্টি আকর্ষণ করতে পারেন, এই ব্যাপারে ফয়সালার পরে। আমি জানতে চাই শ্রীনন্দ এটা তুলে নেবেন কি না। যদি না নিতে চান তাহলে আমি সিদ্ধান্ত দেবো।

**শ্রীঅতীচন্দ্র সিংহ ঃ** মিঃ স্পীকার স্যার, এইটাই কি আপনার সিদ্ধান্ত যে উন্মাদ এই শব্দটাই আন-পারলামেণ্টারি ? যদি কেউ বলেন উন্মাদের মতো ব্যবহার করছেন তাহলে কেউ উন্মাদ কথাটা ব্যবহার করলে সেটা এক্সপাঞ্জ হবে। আমি যদি বলি ওমুক লোকটা উন্মাদ তাহলে সেইটা এক্সপাঞ্জ হবে। আপনি যদি বলেন উন্মাদ কথাটাই ব্যবহার করা যাবে না তাহলে এটা অত্যন্ত আশ্চর্যজনক ব্যাপার হবে।

**মিঃ স্পীকার ঃ** এইভাবে প্রশ্ন হয় না। আমি বলেছি, যদিও তিনি এটাকে পরোক্ষভাবে প্রয়োগ করার চেষ্টা করেছেন তবুও তিনি যা বলেছেন তাতে পরিষ্কার করে বলা যায় কাকে উদ্দেশ্য করে কিভাবে তিনি কথাটা বলছেন। সেই পরিপ্রেক্ষিতিতে আমি বলেছি, এই আন-পারলামেণ্টারি, অপরিবর্দীয়। তাই তাঁকে অনুরোধ করছি তিনি তুলে নেবেন। যদি তুলে না নিতে চান তাহলে আমি পরে বলবো আমার সিদ্ধান্ত।

**শ্রীঅতীশচন্দ্র সিংহ ঃ** আপনি বলছেন শব্দটা আন-পারলামেণ্টারি। আপনার রুলিং হওয়া উচিত, আপনি কিছু মনে করবেন না, যে পরিপ্রেক্ষিতিতে বলা হয়েছে, সেই পরিপ্রেক্ষিতিতে এই কথাটা আন-পারলামেণ্টারি। কিন্তু আপনি বলছেন, শব্দটা আন-পারলামেণ্টারি। এই দুটোর মধ্যে অনেক তফাত। আপনি এটা ক্লারিফাই করুন। আপনি পরিস্কার করুন. এই শব্দটা আন-পারলামেণ্টারি না যে পরিপ্রেক্ষিতিতে এটা বলা হয়েছে এখানে সেইটা আন-পারলামেণ্টারি। আপনি যদি বলেন এই শব্দটা আন-পারলামেণ্টারি তাহলে কোন সময়েই এই শব্দটা আমরা ব্যবহার করতে পারবো না, যেমন সচরাচর মিথ্যা কথাটা আমরা ব্যবহার করি না। সুতরাং আপনার কাছে আমরা ব্যাখ্যা চাইছি, আপনি বলুন, এই শব্দটা আন-পারলামেণ্টারি, কোন সারকুমষ্ট্যানসেসে ওই উন্মাদ শব্দটা ব্যবহার করা যাবে না—না—এই পরিপ্রেক্ষিতিতে এই রকম ব্যাপারে উন্মাদ কথাটা ব্যবহার করা যাবে না।

**মিঃ স্পীকার ঃ** আমি রুলিংয়ে আমি পরিস্কার বলেছি। তারপর যদি প্রশ্ন ওঠে তখন দেখা যাবে। এখন যে প্রশ্ন সেটা হচ্ছে যদি মাননীয় সদস্য তুলে না নেন, তাহলে আমার রুলিং পরে দেবো।

**শ্রীদেওপ্রকাশ রাই ঃ** Sir, have all the Members of this House been supplied with a list of words which are parliamentary or which are unparliamentary ? If the members are not in the know of this, then how can you, Mr. Speaker, Sir, give ruling that such and such words are parliamentary and such and such words are unparliamentary ?

**শ্রীমতী রেণুলীনা সুব্বা ঃ** I support the submission on of my leader.

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** মিঃ স্পীকার স্যার, আমার পয়েন্ট অফ অর্ডার আছে। আপনি চেয়ারে বসে যে রুলিং দেবেন সেটা আমরা মাথা পেতে নেবো। যেহেতু আপনি স্পীকার সেহেতু আমাদের মানতে হবে। কিন্তু একটা বড় প্রশ্ন আপনি যে চেয়ার-এ বসে রুলিং দিচ্ছেন মাননীয় মন্ত্রী শ্রীপ্রশান্ত শূর সেই চেয়ারকে সম্পূর্ণ অপমান করেছেন।

[3-05—3-15 P.M.]

প্রশান্ত শূর মহাশয় আপনাকে অবমাননা করেছে। তার পর তিনি এই হাউসে ফিরে এসেছেন। আমি বলতে পারি এই হাউসকে অবমাননা করা হয়েছে।

**মিঃ স্পীকার ঃ** Please sit down. I do not like to hear you any further. আমাদের লিডার একটা কথা বলেছেন সেদিকে আমি আপনাদের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আপনার যদি প্রিভিলেজ থাকে তা তুলতে পারেন।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** প্রিভিলেজ আমি সঙ্গে সঙ্গে বলতে পারি।

**শ্রীজ্যোতি বসু ঃ** আমার অনুরোধ হচ্ছে যে আমরা এইভাবে সময় নষ্ট করতে পারি না। আমরা একটা ভেবেছিলাম যে গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা হচ্ছে— দেখছি ভুল করেছিলাম যদিও আলোচনা শেষ করতে হবে। সেইজন্য আমি আপনাদের কাছে অনুরোধ করছি এবং স্পীকার মহাশয়ও অনেক বার চেষ্টা করছেন। উনি কথাটা উইথড্র করছেন কিনা আমাদের বলুন তার পর আপনি কি করবেন আমাদের বলে দিন এক্সপাঞ্জ করুন বা কি করুন আপনি বলুন। আমাদের হাউস চালাতে দিন—এভাবে চলতে পারে না।

**মিঃ স্পীকার ঃ** ওনাকে বলতে দেবার যথেষ্ট সুযোগ দিয়েছি উনি বলুন।

**শ্রীসত্য রঞ্জন বাপুলী ঃ** স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার···

( গোলমাল )

**মিঃ স্পীকার ঃ** আপনি বসুন ওনাকে বলতে দিন।

**শ্রীসত্য রঞ্জন বাপুলী ঃ** স্যার, আমাকে পয়েন্ট অব অর্ডারে বলতে দিন। মুখ্য মন্ত্রী মহাশয় বল্লেন যে আমরা ভেবেছিলাম গুরুত্বপূর্ণ বিষয়—তা ভুল হয়ে গিয়েছে। স্যার, এটা আমাদের প্রতি একটা ইনসালটেসন।

( গোলমাল )

আমার পয়েন্ট অব অর্ডার হচ্ছে আপনি এই হাউসের কাষ্টোডিয়ান আপনি আমাদের সকলকে দেখবেন। মুখ্যমন্ত্রীর বক্তব্য হচ্ছে গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা হচ্ছে—তিনি তারপর বলছেন এখন দেখছি ভুল হয়ে গেছে। স্যার, আমরা এটা গুরুত্বপূর্ণ বিরয় কিনা সেটা কি বুঝি না। it is insultation to us.

তিনি এই যে অপমানজনক কথা আমাদের প্রতি কটাক্ষ করে বলেছেন তার প্রতিকার আপনার কাছ থেকে চাইছি।

**Mr. Speaker :** Please sit down.

**শ্রীকিরণময় নন্দ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার একটা বক্তব্যকে কেন্দ্র করে এই হাউসে যথেষ্ট উত্তেজনার সৃষ্টি হয়েছে। সরকার পক্ষের সদস্যারা তাঁদের অভিব্যক্তি প্রকাশ করেছেন সেটা আমরা দেখেছি। আমাদের মাননীয় মন্ত্রী প্রশান্ত সুর হাত নেড়ে বার বার একটা কথা বলেছেন গেট আউট গেট আউট।

( গোলমাল )

আপনি বলুল, আমি বিধানসভার সদস্য হিসাবে দায়িত্ব নিয়ে কথা বলছি এখানে আমি মিথ্যা কথা বলতে আসিনি। প্রশান্ত সুর মহাশয় আপনার সম্মুখে আঙ্গুল দেখিয়ে আমাকে বার বার বলেছেন গেট আউট। আজকে যে শব্দটা ব্যবহার করেছি সেটা আর পুনরায় ব্যবহার করতে চাই না। আপনি আপনার বক্তব্যের মধ্যে বলেছেন যে প্রত্যক্ষভাবে আমি অর্থ মন্ত্রীকে একথা বলিনি। আমি একটা ফিলিংসে কথাটা বলে গিয়েছিলাম। আপনি টেপ বাজিয়ে শুনেছেন এবং সে টেপ

আপনার যদি শোনবার ভুল হয়ে থাকে তাহলে হাউসে আবার সেই টেপ বাজিয়ে শুনান আমিও শুনি। আমি অর্থ মন্ত্রীকে বলেছিলাম হয় ওটা না হয় এটা—এই ভাবে বলেছিলাম। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি যে রুলিং দিয়েছেন যে কথা বলতে চাইছেন আমি নিশ্চয় আপনার আদেশ শিরধার্য করে নেবো। কিন্তু শুধু একটা কথা বলতে চাই যে আপনি অধ্যক্ষ এই হাউসের রক্ষণাবেক্ষণের দায়িত্ব আপনার আছে কিন্তু আপনার অঙ্গুলি হেলন আপনার নির্দেশ শুধু কি এই বিরোধি পক্ষের আমরা যে কয়জন সদস্য এখানে বসে আছি তাদের দিকেই হবে? সরকার পক্ষের যে সব সদস্য রয়েছেন বিপুল সংখ্যায়।

( গোলমাল )

বার বার শুধু যখন হেকল কোন শব্দটা পার্লামেণ্টারী কোন শব্দটা আন-পার্লামেণ্টারী সেটা আপনি আমাদের দেখাচ্ছেন। অথচ চোর চোর শব্দটা পার্লামেণ্টারা নয় নিশ্চয়—কিন্তু জয়নাল আবেদিন সাহেবকে যখন ওঁরা বার বার চোর ছেঁচোড় বলেছিলেন তখন সেটা পার্লামেণ্টারী কি করে হোল তা বুঝতে পারি না। আমি এই হাউসে নূতন সদস্য। যদি চোর শব্দটা যদি পার্লামেণ্টারী হয় তাহলে আমি যে শব্দটা ব্যবহার করেছিলাম নিশ্চয় তার চেয়ে এমন কিছু খারাপ নয়। আপনি যদি এমন কিছু মনে করে থাকেন যে আমার কথাটা আনপার্লামেণ্টারী ওয়ার্ড আমি যেটা ইউজ করেছি তাহলে আপনি সেটা এক্সপাঞ্জ করে দিন।

( গোলমাল )

আমি প্রত্যাহার করে নিতে পারি যদি মাননীয় মন্ত্রী প্রশান্ত সুর মহাশয় যে শব্দ ব্যবহার করেছেন তারজন্য তিনি যদি দুঃখ প্রকাশ করেন। আমি আগেই বলেছি কোন মন্ত্রীকে দুঃখ দেবার জন্য এই কথা বলিনি। মাননীয় মন্ত্রী অশোক মিত্র মহাশয়ের সঙ্গে আমার কোন ঝগড়া বিবাদ নেই বিরোধ নেই। আজকে যে কথা বলেছি বিধান সভার সদস্য হিসাবে ঘটনার পরিপ্রেক্ষিতে যে সমস্ত বক্তব্য আসে সেই সমস্ত বক্তব্য প্রকাশ করবার জন্য যদি এই কথা ব্যবহার করে থাকি এবং তার জন্য মন্ত্রী মহাশয় যদি দুঃখ পেয়ে থাকেন তাহলে আমি দুঃখিত। এই বিধানসভায় আনপার্লামেণ্টারি ওয়ার্ড ইউজ করা উচিত নয় এবং তা করার জন্য যদি বিধানসভার মর্যাদা ক্ষুণ্ণ হয়ে থাকে তাহলে আপনি সেটা বিধানসভার প্রসিডিংস থেকে বাদ দিয়ে দিন।

**মিঃ স্পীকার ঃ** আমি সিদ্ধান্ত জানাচ্ছি যে, এ শব্দটি এখানে ব্যবহৃত হয়েছে সেটা এক্সপাঞ্জড হবে, বাদ যাবে।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি যে রুলিং আজকে রাখলেন, যে নজীর রাখলেন বিরোধী পক্ষের সদস্য হিসাবে আপনার রুলিং মাথা পেতে নিয়েছি। আমার মোসান হল এই, আপনি যখন হাউস এ্যাডজোর্ণ করেন তখন এই কথার পরে এ্যাডজোর্ণ করেন নি। হাউসে যে সিন তৈরী হয়েছিল, যে প্যানডিমোনিয়াম তৈরী হয়েছিল—মাননীয় মন্ত্রী প্রশান্ত শূর মহাশয় ওখান থেকে উঠে গিয়ে—

**মিঃ স্পীকার ঃ** আপনি প্রথমে আপনার প্রিভিলেজটা বলুন।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** স্যার, রুল ২২৯-এ আছে—a motion on a matter of privilege arising during the sitting of the House. স্যার, আপনি জানেন যদি হাউস চলাকালে হয় তাহলে লিখিত দেবার অবকাশ থাকে না। স্যার, আপনি দেখেছেন মাননীয় প্রশান্ত শূর মহাশয় যে এ্যাটিচিউড, যে এক্সপ্রেসান দেখিয়েছেন সেটা কি অবাঞ্ছিত, আন পার্লামেন্টারি নয়? এই এ্যাটিচিউডের প্রতি আপনার সুবিচার জানাবেন, এই অভিযোগ আপনার কাছে করছি। শুধু তাই নয়, তা যদি না হয় তাহলে এই অবিচার নিয়ে আমাদের পক্ষে এখানে পার্টিসিপেট করা শক্ত হয়ে যাবে।

**মিঃ স্পীকার ঃ** আপনি যদি লিখিতভাবে দিতে পারেন দেবেন, তানাহলে আপনি যে ভাষণ দিয়েছেন সেটাই আমি প্রিভিলেজে দিয়ে দেব।

**শ্রীকিরণময় নন্দ ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, অর্থমন্ত্রী বহু কথা সংবাদপত্রের মাধ্যমে পশ্চিমবঙ্গের জনগণকে জানিয়েছেন। বিধানসভা কক্ষে মাননীয় মুখ্যমন্ত্রী গতকাল একটি স্টেটমেন্ট দাখিল করেছেন। সেই স্টেটমেন্টে তিনি বলেছেন যে কেন্দ্রীয় সরকার ৬৯ কোটি ৬৩ লক্ষ টাকা দেবার কথা ঘোষনা করেছেন। তাঁর মতে ২৫ কোটি টাকা মাত্র কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারের হাতে দিয়েছেন। আমি জিজ্ঞাসা করি মুখ্যমন্ত্রী মহাশয় যে বিবৃতি দিয়েছেন, যে হিসাব দাখিল করেছেন সেই হিসাবটা ঠিক, না অর্থমন্ত্রী বম্বের একটি কাগজে যে হিসাব পেশ করেছেন সেটা ঠিক? মাননীয় অর্থমন্ত্রী এখানে উপস্থিত আছেন। বম্বে থেকে এই কাগজটি বেরোয়, অনলুকার, নভেম্বর ১৬-৩০, এই কাগজে তাঁর উক্তি বেরিয়েছে।

সেই কাগজের সাংবাদিক বৈঠকে এক প্রশ্নের উত্তরে মাননীয় অর্থমন্ত্রী বলেছেন যে এখন পর্যন্ত আমরা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে মাত্র ১৫ কোটি টাকা পেয়েছি। ১৭ তারিখে মাননীয় মুখ্যমন্ত্রী বিধানসভায় যে তথ্য পেশ করেছেন তাতে আমরা দেখেছি যে ২৫ কোটি টাকা ইতিমধ্যেই সরকারের হাতে এসে গেছে। আমরা জানতে চাই মাননীয় অর্থমন্ত্রী ১৫ কোটি টাকার যে তথ্য দিয়েছেন সেটা ঠিক, না মাননীয় মুখ্যমন্ত্রী যে ২৫ কোটি টাকার তথ্য দিয়েছেন সেটা ঠিক? তাহলে কি আমরা ধরে নেব পশ্চিমবাংলায় দুটি প্যারালাল সরকার চলেছে? একটি সরকার পরিচালনা করছেন মুখ্যমন্ত্রী জ্যোতি বসু, আর একটি সরকার পরিচালনা করছেন অর্থমন্ত্রী কিছু লোকদের নিয়ে—মাননীয় মুখ্যমন্ত্রী যে বিবৃতি দিয়েছেন অর্থমন্ত্রীর বিবৃতির সঙ্গে কোন সামঞ্জস্য নেই। শুধু তাই নয়, ক্ষয় ক্ষতির হিসাব যেটা মাননীয় মুখ্যমন্ত্রী এবং মাননীয় অর্থমন্ত্রী পশ্চিমবাংলার জনসাধারণের কাছে পেশ করেছেন সেই ক্ষয় ক্ষতির হিসাবের মধ্যে বহু পার্থক্য থেকে গেছে। মাননীয় অর্থমন্ত্রী ক্ষয় ক্ষতি সম্বন্ধে যা বলেছেন তাতে দেখা যাচ্ছে পশ্চিমবাংলার যা ক্ষতি হয়েছে তার পরিমাণ ৫০০ থেকে হাজার কোটি টাকা। তার কিছুদিন পরে মাননীয় মুখ্যমন্ত্রী সাংবাদিক সম্মেলনে বললেন পশ্চিমবাংলার ক্ষয়ক্ষতির পরিমাণ ১॥ হাজার কোটি টাকার উপর—পশ্চিমবাংলার একজন দায়িত্বশীল সরকারের মুখ্যমন্ত্রী এই কথা বলছেন যে ১॥ হাজার কোটি টাকার উপর পশ্চিমবঙ্গের ক্ষতি হয়েছে। আবার ১৬ই নভেম্বর বম্বের অনলুকার পত্রিকায় মাননীয় অর্থমন্ত্রী বলেছেন পশ্চিমবাংলার ক্ষয় ক্ষতির পরিমাণ ২ হাজার কোটি থেকে ২॥ হাজার কোটি টাকা। মাননীয় অর্থমন্ত্রী একবার বলছেন পশ্চিমবাংলার সর্বোচ্চ ক্ষয় ক্ষতির পরিমাণ ৫০০ থেকে হাজার কোটি টাকা, মুখ্যমন্ত্রী বিবৃতি দিচ্ছেন ১॥ হাজার কোটি টাকার উপর পশ্চিমবাংলার ক্ষয় ক্ষতি হয়েছে। তারপর আবার তিনি বম্বেতে অনলুকার পত্রিকার সাংবাদিক সম্মেলনে বললেন পশ্চিমবাংলার ক্ষয় ক্ষতি হয়েছে ২ হাজার কোটি টাকা থেকে ২॥ হাজার কোটি টাকা। একই সরকারের মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রীর মধ্যে যদি কো-অর্ডিনেশন না থাকে তাহলে পশ্চিমবাংলার বন্যা ত্রাণের কাজ কিভাবে সম্ভব হবে? পশ্চিমবঙ্গের এই চরম দুর্দিনে কো-অর্ডিনেশন রক্ষা করে কাজ করা দরকার মানুষের ত্রাণের কাজে আজকে এটাই বড় প্রশ্ন হয়ে দাঁড়িয়েছে।

[3-15—3-25 P. M.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী থেকে আরম্ভ করে ও দলের সকলেই বলছেন, বন্যাত্রাণের ব্যাপারে দলবাজির যে অভিযোগ বিরোধীদলের সদস্যরা

করছেন তা ফাঁকা কথা। তারা সাংবাদিকদেরও হুমকি দিচ্ছেন। মেদনীপুরের জনসভাতে মুখ্যমন্ত্রী প্রকাশ্যভাবে আনন্দবাজার পত্রিকাকে হুমকি দিয়েছেন—বরুন সেন গুপ্তের উপর হুমকি দিয়েছেন। শুধু তাতেই তিনি ক্ষান্ত থাকেননি, কিছুদিন পূর্বে ষ্টেটসম্যানে মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন—all journalists are our enemy সমস্ত সাংবাদিকরা আমাদের শত্রু। কি অপরাধ সাংবাদিকদের? তাদের অপরাধ হচ্ছে, বন্যার সময় পশ্চিমবাংলার বিভিন্ন জায়গাতে যখন রাজ্যসরকারের কোন মন্ত্রী, কোন ত্রাণদল গিয়ে পৌছায়নি তখন পশ্চিমবাংলার বিভিন্ন সংবাদপত্রের সাংবাদিকরা তথ্য সংগ্রহের জন্য নিজের জীবন বিপন্ন করে পশ্চিমবঙ্গের জেলায় জেলায় গিয়েছিলেন এবং তারা যে তথ্য সংগ্রহ করেছিলেন তা বিভিন্ন সংবাদপত্রের মাধ্যমে উপস্থাপিত করেছিলেন। এরই প্রত্যুত্তরে মাননীয় মুখ্যমন্ত্রী ষ্টেটসম্যানের একটি সংবাদ উদ্ধৃত করে জানিয়েছেন, all journalists are our enemy, সমস্ত সাংবাদিকরা আমাদের শত্রু। তিনি বলুন ক্ষতি নেই কিন্তু সেইসব সংবাদপত্র যে সমস্ত তথ্য পরিবেশন করেছেন—যে সমস্ত ঘটনার কথা তুলে ধরেছেন কই সেই সমস্ত ঘটনার উত্তর তো তিনি দেননি। যুগান্তর, আনন্দবাজার, ষ্টেটসম্যান প্রভৃতি সংবাদপত্র রিলিফের ব্যাপারে যেসমস্ত দলবাজীর অভিযোগ করেছেন, যে সমস্ত নাম মেনসান করেছেন একবারও সেই সমস্ত ব্যাপারে উত্তর দিয়ে বলেননি যে এই সমস্ত তথ্য বিকৃত তথ্য, আমরা তদন্ত করে দেখেছি এগুলি ঠিক নয়। স্যার, নিয়তির নামক একটি মেয়ের কান্নার পাশে যখন দেখি ঐ ময়নার পঞ্চায়েত সমিতির সদস্যের গোয়ালঘরের উপর একটা ত্রিপল চাপা আছে যেখানে হাজার হাজার মানুষ ত্রিপলের অভাবে ভুগছে তখন মুখ্যমন্ত্রীকে একবারও বলতে শুনিনি যে, না, আমাদের দলের পঞ্চায়েত সমিতির সদস্যের গোয়ালঘরে ত্রিপল নেই। যখন বরুন সেন গুপ্ত মহাশয় বাগনানের একটি জায়গায় উদাহরণ দিয়ে বলেন যে সেখানে গো-ডাউনের উপর ত্রিপল চাপা আছে, একজন সি. পি. এম ওয়ার্কার ৫/৭ টা পলিথিন সিট নিয়ে রেখেছেন তখন তিনি বলেছেন, বরুনবাবু গ্রামে যান না। বরুনবাবু গ্রামে গিয়েছেন কি শহরে আছেন সেটা জানবার কথা নয়, বরুনবাবু যে অভিযোগ করেছেন কই একবারও তো দেখিনি তদন্ত করে দেখে তিনি বলেছেন, 'বরুনবাবু, তোমার এই অভিযোগ মিথ্যা। তারপর স্যার, ষ্টেটসম্যান পত্রিকাতে সংবাদ বেরুলো যে রামকৃষ্ণ মিশনকে খিচুড়ি তৈরী করা বন্ধ করার অর্ডার দেওয়া হয়েছে। সেখানে রামকৃষ্ণ মিশনকে হুমকি দেওয়া হয়েছে যে তোমরা যদি আমাদের কথা মত খিচুড়ি বিতরণ না করো তাহলে তোমাদের খিচুড়ি তৈরী করা বন্ধ করে দেওয়া হবে। রামকৃষ্ণ মিশন যখন বললো যে আমরা আমাদের

বিবেক অনুযায়ী চলবো তখন ১৭ই অক্টোবর রামকৃষ্ণ মিশনের সেই খিচুড়ি রান্না বন্ধ করে দেওয়া হল। লিলুয়ার একটি ভলেনটারি রিলিফ অর্গানাইজেসান খিচুড়ি তৈরী করতো, তাদের হুমকি দেওয়া হল যে তোমরা যদি আমাদের কথামত না চল তাহলে এই খিচুড়ি তৈরী করা বন্ধ করে দেওয়া হবে এবং সেখানে বন্ধ করে দেওয়া হল। এইরকম আরো অনেক সংবাদ বেরিয়েছে। তারপর পঞ্চায়েতের কথা। সেখানে আজ আমরা দেখছি দলবাজী চলেছে। বেছে বেছে সি. পি. এম-এর গ্রাম-প্রধান যারা, সি. পি. এম-এর সদস্য যারা তারা রিলিফের তালিকা তৈরী করছে। অসত্য কথা বলছি বলবেন? তাহলে শুনুন, জগতবল্লভপুরের বড়গাছিয়ার গ্রাম পঞ্চায়েতের নির্মল পোড়েল, তিনি অভিযোগ করেছেন যে তিনি ওখানকার গ্রামপ্রধান কিন্তু তার কোন তালিকা গ্রাহ্য হচ্ছে না। সেখানে একজন জেলাপরিষদের সদস্য এবং একজন পঞ্চায়েত সমিতির সদস্যকে নিয়ে তালিকা তৈরী করা হচ্ছে। তিনি অভিযোগ করেছেন, তিনি যখন ঘর ভাঙ্গার তালিকা বি. ডি. ও অফিসে দাখিল করতে যান তখন সি. পি. এম থেকে আর একটা তালিকা দাখিল করা হচ্ছে। শুধু তাই নয়, বি. ডি. ও অফিসের কো-অর্ডিনেশান কমিটির সদস্যরা ঐ গ্রামপ্রধান নির্মল পোড়েলকে বলেছেন, তুমি যদি সি. পি. এম-এর সাথে মিলেমিশে কাজ না করো, তাদের তালিকার মতন যদি তালিকা প্রেরণ না করো তাহলে তোমার অঞ্চলের জন্য কোন টাকা পাবে না। এই সংবাদ যখন সংবাদপত্রে বেরিয়েছিল কই তখন একবারও দেখিনি প্রতিবাদ করতে? বিধানসভার কক্ষে বসে আমাদের কথা সব বাজে কথা বলে উড়িয়ে দেওয়া যায় কিন্তু স্পেসিফিক অভিযোগ দিয়ে যখন সেই অভিযোগ প্রকাশিত হয় কই সেখানে তো বলতে শুনিনি এই তথ্য ভুল, ভোয়া, এগুলি আমরা তদন্ত করে দেখেছি। আজকে স্পেসিফিক অনেক ঘটনা আছে। সেখানে আর. এস. পি. পর্য্যন্ত অভিযোগ করেছে। তাদের নিজেদের দলের মিটিং-এ পর্য্যন্ত উঠেছে সর্বদলীয় ত্রাণ কমিটির কথা—এটা কি অস্বীকার করতে পারবেন? বহরমপুরে আর. এস. পি. সি. পি. এম-এর মারামারি ফল স্বরূপ সেখানে গুলি চালনা হয়েছে, সেখানে ত্রাণ নিয়ে দু দলে সংঘর্ষ হয়েছে।

আর. এস. পি. কে বঞ্চিত করে সি. পি. এম. সদস্যরা এই ত্রাণ ব্যবস্থাকে পরিচালনা করতে চেয়েছিল, এই কথা কেউ অস্বীকার করতে পারেন? ফ্রন্টের মধ্যে আলোচনা হয়েছে কারোর বিরুদ্ধে কিছু বলতে পারবেন না, হয়তো সবার মুখে কুলুপ আঁটা কেউ সত্য কথা বলতে পারবেন না। কিন্তু সত্য ঘটনা যেন কেউ অস্বীকার না করেন, সত্য ঘটনা সত্যই থাকবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বারবার

একটা জিনিস একটা চেষ্টা করা হয়েছে, যে মাত্র বন্যা হলো, এই বন্যাটাকে কিভাবে দলের কাজে লাগানো যায়, কি করে রাজনীতি করা যায়, বন্যা থেকে কি করে আমরা পশ্চিমবাংলার মানুষকে উদ্ধার করবো বন্যা থেকে কি করে জনসাধারণের দুঃখ কষ্টকে লাঘব করবো, সেদিকে না তাকিয়ে প্রথম থেকে চিৎকার করা হচ্ছে, কেন্দ্র দিচ্ছে না, আন্দোলন কর, প্রতিবাদ কর, বিপ্লব কর। ঐ জনতার এম. পি. রা দিল্লীতে বসে রয়েছেন, তারা কেউ পশ্চিমবাংলায় আসছেন না, এই বলে একটা ধারণা সৃষ্টি করা হচ্ছে। কজন সদস্য আছেন, জনতার এম. পি. রা দিল্লীতে বসে ছিলেন, তাঁরা কেউ আসেন নি? বলুন তো কজন মন্ত্রী, কজন প্রতিমন্ত্রী আভা মাইতির মত প্রত্যেকটি জেলায় জেলায় ব্লকে ব্লকে ঘুরে ঘুরে কোথায় কি অবস্থায় মানুষ রয়েছে, কোথায় ত্রাণ ব্যবস্থা কি রকম ভাবে চলছে, কজন মন্ত্রী তাঁর মত ঘুরেছেন? মুষ্টিমেয় মন্ত্রী ছাড়া এই মন্ত্রীসভার কজন মন্ত্রী ঘুরেছেন? বন্যার্ত মানুষদের পাশে দাঁড়িয়ে তাদের অভাব অভিযোগ, দুঃখ দরিদ্র বোঝবার চেষ্টা করেছেন? কিন্তু কেন্দ্রীয় প্রতিমন্ত্রী শ্রীমতী আভা মাইতি ঐ মুর্শিদাবাদ, মালদহ, মেদিনীপুর, হুগলী, হাওড়া সমস্ত জেলাতে ঘুরেছেন। শুধু তাই নয়, যখন পশ্চিমবাংলায় বন্যা চলেছে, পশ্চিমবাংলার বিভিন্ন এম. পি.রা যখন বন্যার্তদের দাবী দাওয়া নিয়ে দিল্লীতে প্রধানমন্ত্রীর সঙ্গে দেখা করছেন, বারবার সেখানে জোরদার দাবী করেছেন, তখন মার্কসবাদী কম্যুনিষ্ট একজন এম. পি. তাঁর পরিবারের সাতজন লোককে নিয়ে পুজার ছুটির অবকাশ কাটাবার জন্য এশিয়ার মধ্যে সবচেয়ে সুন্দর পর্যটন কেন্দ্র সিঙ্গাপুরে পাড়ি দিয়েছিলেন, এই কথা কি আপনাদের জানা নেই? কৈ একবারও তো বলেননি যে কেন এম. পি. পশ্চিমবাংলায় যখন বন্যা দেখা দিয়েছে, তাঁর পরিবারের সদস্যদের নিয়ে এবং যে সরকার পশ্চিমবঙ্গের দায়িত্বে আছেন, সেই দলের এম. পি. তিনি সিঙ্গাপুরে গিয়েছিলেন, পরিবারের সাতজন সদস্যকে নিয়ে? আমি জিজ্ঞাসা করি, মুখ্যমন্ত্রীকে, সেই এম. পি. কি সিঙ্গাপুরে গিয়েছিলেন ট্যাক্স ফ্রি মাল আনবার জন্য সিঙ্গাপুর থেকে? পশ্চিমবাংলায় রিলিফের কাজে বহু ট্যাক্স পড়ে যাচ্ছে—সিঙ্গাপুর ফ্রি পোর্ট, তাই এই সিঙ্গাপুরে গিয়েছিলেন। সেখান থেকে ট্যাক্স ফ্রি মাল এনে এখানকার বন্যার্তদের মধ্যে বিতরণ করবেন। মুখ্যমন্ত্রী, সেই এম. পি. কত ট্যাক্স ফ্রি মাল এনেছিলেন সেই তথ্য যদি এই বিধানসভায় দিতেন তাহলে আজকে আমরা বাধিত হতাম। কাস্টমকে জিজ্ঞাসা করা হোক যে সি. পি. এম. এম. পি. নিজের পরিবারের সাতজন সদস্যকে নিয়ে যে সিঙ্গাপুর গিয়েছিলেন, তিনি কত টাকার ট্যাক্স ফ্রি মাল নিজের জন্য বা পশ্চিমবাংলার জন্য এনেছিলেন। কাগজে দেখেছি, বলা

হয়েছে যে বন্যার সময় কারোর টিকিটি দেখা যায়নি। উলবেড়িয়া মুখ্যমন্ত্রী নিজে মিটিং করে বলেছেন বন্যার সময় নাকি কোন রাজনৈতিক দলের টিকি দেখা যায়নি। মুখ্যমন্ত্রী আজকে সমস্ত সত্যকে ঢাকতে চান। কিন্তু আমি মুখ্যমন্ত্রী মহাশয়কে আমি স্মরণ করিয়ে দিতে চাই বন্যা হবার তিন দিন পর আমাদের নেতা কাশী কান্ত মৈত্র ছুটে গিয়েছিলেন আপনার কাছে—বলেছিলেন, বলুন মুখ্যমন্ত্রী, আপনার সঙ্গে সহযোগিতা করতে চাই, বলুন কোথায় কি করতে হবে, আমাদের এম. এল. এ. জন্মেঞ্জয় ওঝা, মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করে বলেছিলেন যে আমাদের বিরোধী দলের সদস্যদের এক একটা জেলায় বা এক একটা ব্লকের দায়িত্ব দিন, আমরা সেখানে রিলিফ কার্য্য পরিচালনা করবো। মুখ্যমন্ত্রী সেখানে কোন উত্তর দেন নি। আর তিনি বলছেন, আমাদের সমস্ত মন্ত্রীরা, আমাদের সমস্ত লোকরা ঝাঁপিয়ে পড়েছিলেন। আজকে নিরুপমা চ্যাটার্জী কাঁদ কাঁদ কণ্ঠে অনেক কথা বললেন, কিন্তু তাঁকে একটা ঘটনা স্মরণ করিয়ে দিই, সেদিন আমি সেখানে উপস্থিত ছিলাম—গত ৩০শে সেপ্টেম্বর, শনিবার বেলা ১১টার সময় যখন বাগনানের কাছে দামোদরের পুলের ওপাশে দাঁড়িয়ে আছি, হাজার হাজার মানুষ যখন বম্বে রোডের উপর রয়েছে, মানুষের আর্ত্তস্বর, যখন বাঁচাও, বাঁচাও চিৎকার ধ্বনি উঠেছে, সেই সময় দুটি লরি সেখানে এসে উপস্থিত হয়। একটি মিলিটারী লরী এবং আর একটি সাধারণ লরি। সেই মিলিটারী লরিতে দেখলাম নিরুপমা চ্যাটার্জী এবং শম্ভু মাণ্ডি বসে আছেন। আমি লরিটার সামনে গিয়ে যখন শম্ভু মাণ্ডিকে জিজ্ঞাসা করলাম, আপনারা কোথায় যাবেন? তিনি বললেন আমরা মেদিনীপুরে যাবো। আমি বললাম কি করে যাবেন, বম্বে রোড তো ভেঙ্গে গেছে, বিরাট জল, কি করে আপনারা লরি নিয়ে মেদিনীপুরে যাবেন? বললেন, তাইতো আগে জানতাম না পিছনে আমাদের বোট আসছে। আমি বললাম বোটে কি যাবে? ওরা বললে টেন্ট ফেন্ট যাবে। কিছুক্ষণ বাদে দেখলাম সেই লরি দুটো মুখ ঘোরালো কলকাতার দিকে। মানুষদের দেখলাম রাস্তার ধারে লাইন করে দাঁড়াচ্ছে। আমি গিয়ে লোককে জিজ্ঞাসা করলাম, তোমরা লাইনে দাঁড়িয়ে রয়েছো কেন? তারা বললো মন্ত্রীরা বলছেন যে রিলিফ দেওয়া হবে। কিছুক্ষণ বাদে দেখলাম লোকগুলো ছুটোছুটি করছে, আর লরি দুটো কলকাতার দিকে চলে আসছে। অথচ আমাদের মন্ত্রীরা লাইনে দুঃস্থদের দাঁড় করিয়ে দিলেন রিলিফ দেবেন বলে। তারা বললে, বাবু, মন্ত্রীরা রিলিফ দিলেন না তারা গাড়ী নিয়ে ছুটে চলে গেলেন। সেটাও বড় কথা নয়, বড় কথা মানুষের যখন এই আর্ত্তনাদ, মানুষ যখন চিৎকার করছে বাঁচাও বাঁচাও। যখন ছাউনি নেই, নৌকা নেই, যখন

কোন উদ্ধারের ব্যবস্থা নেই, মন্ত্রীরা গেছেন, একবার কি তাঁরা লরি থেকে নেবে সেই জনসাধারণের কাছে গিয়ে একবার বলেছেন যে আমরা তোমাদের পাশে আছি, আমাদের সরকার নৌকা পাচ্ছে না, আমাদের সরকার ব্যবস্থা করতে পাচ্ছে না—সেই সৎসাহসটুকু হয়নি ? সেই ধারণাটুকু তাঁদের মনে দেখা দেয়নি, তাঁরা সেখানে একবারও নাবেননি। আমি ঘটনাস্থলে উপস্থিত ছিলাম, আমি দেখেছি তাঁরা দেখেই সেখান থেকে পালিয়ে এসেছেন। তাই আজকে বলছি যে,কুৎসা অপপ্রচার এর মাধ্যমে যদি রাজনীতিকে বন্যার হাতিয়ার করতে চান তাহলে মনে রাখবেন যে পশ্চিমবাংলার যে জনসাধারণের দিকে তাকিয়ে বলছেন যে জনসাধারণ আপনাদের পাশে আছে—যে কথা আমরা শুনেছিলাম ঐ সিদ্ধার্থ শঙ্কর রায়ের মুখ থেকে—একইভাবে দেখা যাবে পশ্চিমবাংলার জনসাধারণ জ্যোতি বসুর দিকে নেই। সিদ্ধার্থ বাবুর মুখে প্রায় শোনা যেত জনতা আছে কংগ্রেসের দিকে। তার পরিণতি ১৯৭৭ সালে কি ঘটেছে আমরা তা দেখেছি।

[3-25—3-35 P.M.]

আজও সেই কথা বলতে চাই যে, বন্যা নিয়ে যদি রাজনীতি করেন, বন্যা নিয়ে দলবাজী করেন তাহলে সেই '৭৭ সালের পুনরাবৃত্তি '৮২ সালে এই পশ্চিমবাংলার বুকে আবার ঘটে যাবে। যাতে মানুষের দুঃখ দারিদ্র কষ্টকে রাজনৈতিক গণ্ডীর মধ্যে সীমাবদ্ধ করা যায় তার জন্য আজকে সমস্ত রাজনৈতিক দলগুলিকে দূরে ফেলে দিয়ে নিজেদের ক্ষুদ্র রাজনৈতিক স্বার্থকে চরিতার্থ করতে যারা চাইছে, তাদের আর যাই হোক পশ্চিমবাংলার জনসাধারণ ক্ষমা করবে না। শুধু একটা পঞ্চায়েত নির্বাচন দিয়ে এটাকে বিচার করবেন না, মনে রাখবেন আবার নির্বাচন আসবে। তাই মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করছি যে, যা হয়ে গিয়েছে তা ছেড়ে দিয়ে বর্তমানে যা করতে হবে আসুন তা সমবেতভাবে সকলের সহযোগিতা নিয়ে দলমত—নির্বিশেষে সকলকে নিয়ে করবার চেষ্টা করুন। আসুন নিম্নস্তর থেকে রিলিফ পরামর্শদাতা কমিটি গঠন করুন। থাকনা ক্ষমতা পঞ্চায়েতের হাতে, তবুও আপনি সকলকে নিয়ে পরামর্শদাতা কমিটি করতে পারেন এবং সেই ব্যবস্থা করে পশ্চিমবাংলার মানুষের দুঃখ কষ্ট লাঘব করবার চেষ্টা করতে পারেন। আমরা আশা করব যদি আপনার সদিচ্ছা থাকে তাহলে আপনি সমবেত প্রচেষ্টাকে স্বাগত জানাবেন। জয়হিন্দ, বন্দেমাতরম।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিমবাংলার ভয়াবহ বন্যা নিয়ে আলোচনা হচ্ছে। মুখ্যমন্ত্রী বললেন যে, বিরাট জাতীয় বিপর্যয়ের উপর এই আলোচনা করার জন্য আমরা ক্ষেত্র রচনা করেছি। কিন্তু আমার মনে হয় সেই মত এখানে আলোচনা করা হচ্ছে না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের ভাষণ কালকে আমি শুনেছি এবং পড়েছি, তাতে আমার মনে হল ওটি কতগুলি বিভ্রান্তিকর তথ্যের উপর প্রতিষ্ঠিত। ভাষণটি পড়তে তাঁর ১ ঘণ্টা সময় লেগেছে। ইতি মধ্যে ওঁরা ৫টি কি ৬টি বিরাট বিরাট জনসভাও করেছেন। কিন্তু একটা জিনিষ খুবই পরিস্কার যে, বন্যা হয়েগেছে, লোকে ক্ষতিগ্রস্ত হয়েছে, হাজার হাজার লোক মারা গিয়েছে। সেই পরিপ্রেক্ষিতে আমাদের কি করতে হবে বা কি কি পরিকল্পনা আমরা গ্রহণ করছি, সে সম্বন্ধে মুখ্যমন্ত্রীর ভাষণের মধ্যে কোনও উল্লেখ নেই। একটা কথাও নেই যে, এই এই পদ্ধতিতে বন্যায় ক্ষতিগ্রস্ত মানুষদের উপকার করা যাবে বা গ্রামকে পুর্ণগঠন করা যাবে, পুর্ণবাসনের ব্যবস্থা করা যাবে। এর মধ্যে কোনও পরিকল্পনা নেই, কোনও পরিকল্পনার ব্লুপ্রিণ্টও নেই। আমি মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করছি যে, আপনি তো কেন্দ্রের কাছ থেকে টাকা চাইবেন—নিশ্চয়ই চাইবেন, আমরাও অবশ্যই বলব যে, আরো চান—কিন্তু খরচ করবেন কি করে? কি ভাবে? আপনি কি সে বিষয়ে কোন রূপ-রেখা ঠিক করেছেন? আমরা সাধারণভাবে একটা কথা বলতে চাই যে, হাজার হাজার লোক মরেছে, কোটি কোটি টাকার ক্ষতি হয়েছে, কিন্তু তা পূরণ করবার জন্য জাতীয় স্তরে একটা পর্য্যালোচনার ক্ষেত্র তৈরী করা হয়েছে সরকারের পক্ষে, তা প্রকৃত পক্ষে নিজেদের আত্মপ্রচার এবং আত্মতৃপ্তির যে বাসনা তাই মুখ্যমন্ত্রীর বক্তৃতার মধ্যে দিয়ে প্রকাশ পেয়েছে। তিনি কেবলই বলেছেন যে, এত বেশী করেছি, এত করেছি, এর চেয়ে বেশী করা সম্ভব নয়, ইত্যাদি। কিন্তু প্রশ্নটা হচ্ছে পশ্চিমবাংলায় নাকি ইতিপূর্বে এই রকম ভয়াবহ বন্যা নাকি আর হয়নি, তাহলে সেই তুলনায় নিশ্চয়ই রিলিফ একটু বেশী হবে। কিন্তু ৫।১০ জন লোক মারা গিয়েছে সেই জন্য রিলিফ বেশী হবে, এটাই কি বিচার্য্য বিষয়? সেটা আমাদের বিচার্য্য বিষয় নয়, আমাদের বিচার্য্য বিষয় হচ্ছে, আমরা জানতে চাই কিভাবে নতুন করে পশ্চিমবাংলাকে বৈজ্ঞানিক পদ্ধতিতে গড়ে তুলতে পারব। আমরা সেটাই মুখ্যমন্ত্রীর কাছ থেকে, সরকারের কাছ থেকে আশা করেছিলাম যে, তাঁরা বলবেন তাঁরা এবিষয়ে কি কি পরিকল্পনা গ্রহণ করেছেন এবং সরকার যে সমস্ত বন্যা বিধস্ত এলাকারপু র্ণগঠণের একটা রূপরেখা নিয়েছেন তা আমরা জানতে পারব এবং সেটার

উপর আমরা আলোচনা করব। কিন্তু আজকে মুখ্যমন্ত্রীর ভাষণের মধ্যে সেই জাতীয় কোনও পরিকল্পনার উল্লেখ নেই। ভারত সরকার টাকা দিলে খরচ হবে। তা সেই খরচটা করবেন কি করে ? কে খরচ করবে ? আপনাদের পার্টির লোকেদের হাতে টাকা দিয়ে দিলে তারা খরচ করে দেবে, তাতে কোনও সন্দেহ নেই।

পার্টির কর্মীরা টাকা খরচ করে দেবে এ বিষয়ে কোন সন্দেহ নেই কিন্তু তাতে কি পশ্চিমবাংলার লোকের ভাল হবে ? পশ্চিমবাংলার লোকের এই যে দুরবস্থা ও দুর্গতি তা কি দূর হবে ? আমি এই ভাষণে পড়লাম, মন্ত্রীমহাশয় বলেছেন চাষের জন্য কো-অপারেটিভ ব্যাঙ্ক থেকে টাকার ব্যবস্থা করেছেন। কিন্তু খুব দুঃখের কথা, আজ পর্য্যন্ত কত টাকা ব্যাঙ্কগুলি থেকে পাওয়া যাবে তার কোন উল্লেখ নেই। কিভাবে পরিকল্পিত করবেন তা কি আছে ? বন্যা হয়ে গেছে—বহু বাড়ি-ঘর, গবাদি পশু, ফসল নষ্ট হয়ে গেছে সবই মেনে নিলাম এবং এও মেনে নিচ্ছি সীমিত ক্ষমতার মধ্যে একা রাজ্য সরকারের পক্ষে এর মোকাবিলা করা সম্ভব নয় কিন্তু পূর্ণগঠনের যে দায়িত্ব এসে পড়েছে সেটা কি কেবল ভাষণ দিয়ে এবং জনসভায় বক্তৃতা দিয়ে এর দায়িত্ব মিটে যাবে—সব ঘর-বাড়ি তৈরী হয়ে যাবে ? আপনারা তা কি পারবেন ? বহু সেবা-প্রতিষ্ঠান এগিয়ে এসেছিল তারা প্রায় ৫।৬ কোটি টাকা খরচ করবে বলে। আমি আশ্চর্য্য হয়ে যাচ্ছি, কি নীতির দ্বারা এই সরকার চলছেন—এখানে স্পীকার আছেন, মন্ত্রীরা আছেন—একদিন প্রমোদবাবু বক্তৃতা দিলেন যে বেসরকারী সংস্থাগুলিকে ঘর-বাড়ী তৈরী করতে দেওয়া হবে না—আমার কাছে দুটি কাগজ আছে—তার পর খবরের কাগজে বেরুলো আজ পশ্চিমবাংলার মন্ত্রী সভার সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে বেসরকারী প্রতিষ্ঠানগুলোকে ঘর-বাড়ী তৈরী করতে দেওয়া হবে না। কিসের জন্য দেওয়া হবে না তার কারণ হচ্ছে যদি একটা জায়গায় ২।৩টি ঘর-বাড়ি থাকে তাহলে সেখানে নতুন বাড়ি-ঘর তৈরী হলে যাদের বাড়ি-ঘর আছে তারা দুঃখ পাবে। একেবারে যেখানে নিশ্চিহ্ন হয়ে গেছে সেখানে করতে দেওয়া হবে কিনা ভেবে দেখা হচ্ছে—এইভাবে পশ্চিমবাংলার মন্ত্রীসভা বন্যায় বিধ্বস্ত মানুষদের নিয়ে ছিনিমিনি খেলছেন। যেখানে ঘর-বাড়ি ভেঙ্গে গেছে সেখানে ঘর-বাড়ি তৈরী করে দেবেন। এই ঘর-বাড়ি তৈরী করতে গিয়ে যদি ৫০টি ভোটার বিরুদ্ধে চলে যায় এই ভাবনা নিয়ে পশ্চিমবাংলার মন্ত্রীসভা চিন্তিত। সরকার পক্ষের কাছে আমার জিজ্ঞাস্য ( হাসির শব্দ )—হাসবেন না, হাসবেন না—ইওর ফেস উইল বি ব্ল্যাক ইনসটেড অফ হোয়াইট। ইওর ফেস উইল বি ব্ল্যাক—আপনারা বন্যা নিয়ে ফায়দা লুঠছেন, রাজনৈতিক ফায়দা লুঠছেন—কি করে সমস্ত জিনিষটাকে কনট্রোল

করা যায়। আজকে অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে, কিছু সদস্য যারা নতুন এসেছেন তারা কিছু না জেনে বলছেন—তাদের জানা দরকার। সেদিন একজনের বক্তৃতা শুনছিলাম, তিনি বলছেন জওহরলাল নেহেরু থেকে আরম্ভ করে বি. সি. রায় পর্য্যন্ত কোন পরিকল্পনা করা হয়নি। সত্য কথা—কি করে পরিকল্পনা শেষ হবে—এই পরিকল্পনা করতে গিয়ে-আপনারা ১৯৬৭-৬৮ সালে পশ্চিমবাংলার যে সর্বনাশ করে গেছেন তার তুলনা নেই। পশ্চিমবাংলার অর্থনীতিকে আপনারা কোথায় নিয়ে গেছেন? আমরা কাজ শুরু করে যখন এগিয়ে নিয়ে এসেছি তখন আপনারা চিৎকার করছেন। আজকে পশ্চিমবাংলার সরকারের কার্য্যকলাপকে সমালোচনা করতে গেলে রেগে যাচ্ছেন—স্বাভাবিক রেগে তো যাবেনই—পশ্চিমবাংলায় মূলতঃ যারা সরকার চালাচ্ছেন আমি আর. এস. পি. এবং ফরওয়ার্ড ব্লকের কথা বলছি না কেননা ওনারা সরকারের কেউ নন, ওনারা সরকার চালাচ্ছেন না—যারা চালাচ্ছেন তারা জানেন কি করা প্রয়োজন। গত বিধানসভায় বক্তৃতা দেবার সময় মুখ্যমন্ত্রীকে বলেছিলাম যে আপনি বন্যাকে ছোট করে দেখবেন না।

[3-35—4-05 P.M. (Including Adjourment)]

বন্যাটাকে বড় করে দেখুন, কত লোক মরেছে সেটা জিজ্ঞাসা করায় সে কথা ধামাচাপা দিয়ে তাড়াতাড়ি বিধানসভা বন্ধ করে দিলেন, বললেন আমাদের সভ্যরা কাজ করবে—কাজ নিশ্চয় করবে আরও ১০ দিন পরে বিধানসভা বসত, আলোচনার সুযোগ থাকত আপনারা বলতে পারতেন কি করবেন। কিন্তু আপনারা তা জানেন না, আপনারা একটা জিনিস জানেন, বিগত তিরিশ বছরের ইতিহাস বললে সব চাপা পড়ে যাবে। ময়ূরাক্ষী ড্যাম আছে, কোন কর্মচারীর গাফিলতিতে জল ছাড়া হয়নি, তিলপাড়া ব্যারেজ থেকে কেন সময় মত জল ছাড়া হয়নি? কেন জল ছাপিয়ে শহরের উপর দিয়ে বয়ে গেল, যে অফিসারের গাফিলতির জন্য এটা হল সেই অফিসারদের চিহ্নিত করে তাদের শাস্তির ব্যবস্থা করতে পারবেন? বন্যা হয়েছে আপনারা সে সময় কি করেছেন, না করেছেন সেটা পরের বিচার্য বিষয় কিন্তু কেন বন্যা হল মুখ্যমন্ত্রী মহাশয় বলতে পারবেন? সরকারী এম. এল. এ-রা রয়েছেন তাঁরা বলছেন আমরা চেষ্টা করেছি, মানুষ আপনাদের বসিয়েছেন কেন? চেষ্টা করবার জন্যই তো বসিয়েছেন—না করার জন্য তো বসান নি। একথাটা ভুলে যাচ্ছেন কেন? করার নামে কতটা ভ্রান্ত প্রবঞ্চনা করেছেন কতটা পার্টিবাজি করেছেন এর জন্য কমিশন বসাতে প্রস্তুত আছেন। এই ব্যাপারে সুপ্রীম কোর্টের একজন

প্রাক্তন জাজকে দিয়ে তদন্ত কমিশন বসাতে রাজী আছেন, কোন গাফিলতি আছে কি না, কত দলবাজি হয়েছে তদন্ত কমিশন বসানোর সাহস মুখ্যমন্ত্রী মহাশয়ের আছে? আজকে আমি বলছি সত সাহসের সঙ্গে সরকার তদন্ত কমিশন বসান। ১নং কতটা এবং কাদের গাফিলতির জন্য বন্যা হয়েছে, এবং ২নং সরকারী গাফিলতির জন্য কতটা বেশী ক্ষতি হয়েছে? বসাতে পারবেন? আজকে আমি ভাবতে পারছি না কেন এ কথা বলা হল না যে যেসব সরকারী কর্মচারীদের জন্য এই ভয়াবহ বন্যা হয়েছে তাদের জন্য তদন্ত কমিশন বসাবেন। বিশ্ববিদ্যালয়ের চত্বরে কিছু হলে তখন বসাবেন কিন্তু এখন বসাবেন না কারণ কোয়াডিনেশন কমিটির মেম্বার বেরিয়ে পড়বে। এত কথা বললেন কই বললেন না তো যে সরকারী কর্মচারীরা গাফিলতি করেছে তাদের শাস্তি দোব কোয়াডিনেশন কমিটির লোক আছে। বন্যায় দুদিনের সময় যেসব মুনাফাখোর বেশী মুনাফা লুটেছে তাদের চিহ্নিত করে শাস্তি দেবেন এ কথা তো বললেন না, বলবার সাহস নেই, ধরা পড়ে যাবার ভয় আছে। কাজ করার নামে কতটা আত্মসাৎ করেছেন, কতটা পার্টি ফাণ্ড তৈরী করেছেন। স্মল এ্যাণ্ড মার্জিনাল ফারমার তারা কি করে ভুলে যাবে যে তাদের মাত্র ১০০ টাকা করে ঘর বাঁধার জন্য দিচ্ছেন, লজ্জা হয় না আপনাদের।

( এ ভয়েস—৪০০ টাকাও আছে )

২৫ টাকা, ৫০ টাকা, ১০০ টাকা করে দিয়ে বন্যা প্রপীড়িত লোককে ঠাট্টা করছেন। বলুন ১০০ টাকা গরু কেনবার জন্য ঘর করবার জন্য দিলে থাকবে, না খেয়ে বাঁচবে? ওঁরা তো কমিউনিষ্ট, ওঁরাই জানেন যে হাংগরি ষ্টম্যাক ইজ দি বেষ্ট প্লেস ফর কমিউনিজম। লোকেদের আপনারা হাংরি ষ্টেজে রেখেছেন কারণ আপনারা জানেন যে হাংরি ষ্টেজে রাখলে আপনাদের দলে আসবে। আপনারা বন্যাকে নিয়ে পার্টিবাজি করছেন। তাই চেষ্টা করছেন লোককে কিভাবে এক বেলা খাইয়ে রাখা যায়। আপনারা এইভাবে প্রত্যেক জনসভায় ১৫।১৬ হাজার টাকা খরচ হয়েছে। এই এত টাকা খরচ না করে আপনারা ত্রানের কাজ করতে পারতেন। যদি আপনাদের আস্থাই থাকে যে ভাল কাজ করছেন তাহলে জনমত করার দরকার কি? কিন্তু আমরা জানি যে জনমত আপনারা কোন দিকে নিয়ে যাচ্ছেন। আপনারা সব বুঝতে পেরেছেন তাই জনমত করে সভা করে প্রচার করবার চেষ্টা করছেন। আপনারা প্রচারের মাধ্যমে আপনাদের পার্টিকে বাঁচাবার চেষ্টা করছেন ও তারজন্য সরকারী অর্থ অপচয় হচ্ছে। কিন্তু আপনারা ভুলে যান যে ক্লিক বাজির দিন আর নেই। আপনারা ভুলে যান যে

আত্মস্বাতের দিন আর নেই। এর মধ্যে নিশ্চই পার্টি ফাণ্ডে কিছু টাকা হয়েছে। এই তিনমাসে আরো কিছু হবে। আমাদের জ্যোতিবাবু মুখে ভাল ভাল কথা বলেন। তিনি বলেছেন যে আসুন আমরা একসঙ্গে কাজ করি। আমার অত্যন্ত দুঃখ লাগে ভদ্রলোকের জন্য। উনি এখানে বলেন সহযোগীতা চাই আর সহযোগীতার সময় হাত টেনে নেন। অদ্ভুত ভদ্রলোক। মুখে এক কথা বলেন আর অন্য কাজ করেন। আমি কল্পনা করতে পারি না। উনি এখানে একটা বক্তৃতা দেন আর অন্য জায়গায় অন্য কথা বলেন। তার মানে আত্মপ্রবঞ্চনার ক্ষেত্রে সম্রাট এঁরা। আর ভদ্রলোকের ইচ্ছা থাকলেও পারবেন না কারণ প্রমোদ দাশগুপ্ত আছেন। চাবি কাঠিটা তাঁর হাতে। আমরা সকলে মিলে বলেছিলাম যে সর্ব দলীয় কমিটি করুন। ওদের ভং আছে। যেই আমরা বললাম অমনি বললেন যে হবে না। দিল্লী থেকে প্রধান মন্ত্রী যেই বড় চাবিটা ঘাড়ে চাপিয়ে দিলো অমনি বললো যে হঁা হবে। তবে রাজ্য স্তরে হবে, জেলা স্তরে হবে তার নীচের স্তরে হবে না যেখানে বাড়াবাড়ির ব্যাপার আছে। স্যার ওদের অনেক সভ্য আমাদের কাছে এসে বলেন তাঁরা দুঃখ প্রকাশ করেন। আপনারা এই ভাবে পশ্চিমবাংলাকে বাঁচাতে পারবেন না। তাই আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে বলতে চাই যে উনি বললেন যে আমরা সভায় আলোচনা করবার সুযোগ করে দিয়েছি। এতই মহানুভবতা দেখালেন যে ইতিহাসে কেউ দেখায়নি। এক দিনে ১৬।১৮ টা যেই এ্যডজোনমেণ্ট মোসান পড়েছে—যেই তাঁরা দেখলেন যে এই নিয়ে আলোচনা হতে পারে তখন তিনি মহামানব সেজে একটা পুস্তিকা দিয়ে একটা বক্তৃতা দিলেন যে আমরা আলোচনা করতে চাই (ভয়েস—যাত্রা করছেন।) যাত্রা আমরা করিনি যাত্রায় আপনারা মাষ্টার। আপনাদের অনেক ডানসার আছে। আমি শেষ করবার আগে একটা কথা বলতে চাই বর্ত্তমানে পশ্চিম বাংলায় যে সমস্ত বন্যা এলাকায় পুনর্গঠনের কাজ চলেছে সেখানে একটা হতাশার ভাব দেখা যাচ্ছে একটা আন্তরিকতার অভাব দেখা যাচ্ছে। আমার বিশ্বাস এই বন্যার ফলে পশ্চিম বাংলার লোক সরকারের কাছ থেকে কোন উপকার পাবে না। আজকে বিধান সভায় বক্তব্য না রেখে যদি মনুমেণ্টের পাদদেশে বা বিগ্রেড প্যারেড গ্রাউণ্ডে বক্তব্য রাখতাম তাহলে বলতাম যে এই অপদার্থ সরকার পশ্চিম বাংলার কোন ভাল করতে পারবে না। কিন্তু এখানে সে কথা বলতে পারছি না। সেখানে হলে সে কথা বলতাম। এই বলে শেষ করছি।

**Mr Speaker :** সভার কাজ ২০ মিনিটের জন্য স্থগিত রইল, অর্থাৎ ৪-৫ মিঃ অবধি মুলতবি রাখছি।

( At this stage the House was adjourned for 20 minutes )

( After adjournment )

[ 4-05—4-15 P.M ]

**ডঃ অশোক মিত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা হচ্ছে। যদি আলোচনাটা সত্যসত্যই গুরুত্বপূর্ণ হতো তাহলে একটা উৎসাহ পেতাম, আমরা যারা মন্ত্রী সভায় আছি তাঁদের মনোবল বাড়তো এতবড় একটা রাজনৈতিক অর্থনৈতিক বিপর্যয় ঘটে গেল যা আমাদের দেশে এর আগে ঘটেনি। এরই মুখোমুখি দাঁড়িয়ে আমাদের পরিকল্পনা তৈরি করতে হচ্ছে। ত্রাণের যে ব্যাপার সেটা মোটামুটি পিছনে পড়ে আছে, এখন নূতন করে সামনের দিকে তাকিয়ে চিন্তা করতে হবে। লক্ষ লক্ষ মানুষ যারা গৃহহীন হয়েছে তাদের জন্য কি করে ঘর করতে হবে। কৃষিতে কি করে পুর্নবসতি করা যায়, স্বাস্থ্যের অবনতি কি করে রোধ করা যায়, ক্ষুদ্র ও বড় শিল্পের ক্ষেত্রে কি করা যেতে পারে দুঃখের বিষয় সেই সব কথা নিয়ে কোন কথা-বার্ত্তা হলো না শুধু পরস্পর দোষারোপের উপরেই সকলে নিমগ্ন রইলেন। এতে স্বভাবতই আমাদের মন খারাপ হয়ে যায় যে আমরা কোথায় এসেছি। ব্যক্তিগতভাবে আমার সম্বন্ধে কয়েকটা প্রশ্ন উঠেছে। জনতা পার্টির আমার সম্পর্কে যে উষ্মা সেটা আমি দেখতে পেয়েছি। ওনারা ধরে নিয়েছেন যে আমরা কেন্দ্রীয় সরকারকে হেনস্তা করতে চাই। আমরা হেনস্তা করবো কেন? কেন্দ্রের জনতা পার্টি সরকার আমাদের বন্ধু সরকার। আমরা তাদের পাশাপাশি দাঁড়িয়ে স্বৈর শক্তির বিরুদ্ধে লড়াই করতে চাই যা আমরা চিক্‌মাগালুরে করেছি। সেজন্য আমি দুঃখ করে বলেছিলাম আপনারা জনতা পার্টি, না কংগ্রেসের জনতা শক্তি? আমরা কংগ্রেসী অনাচারের বিরুদ্ধে আপনাদের হাতে হাত মিলিয়ে লড়াই করতে চাই। একটা কেন্দ্রীয় সরকার এবং একটা রাজ্য সরকার থাকলে তাদের মধ্যে মাঝে মাঝে কোন না কোন বিষয়ের মতান্তর থাকতে পারে। কিন্তু কেন্দ্রীয় সরকারের সঙ্গে আমাদের একটা হৃদ্যতাপূর্ণ সম্পর্ক বজায় আছে। কেউ যদি একদিন দিল্লীতে আসেন তাহলে দেখবেন তাদের দলভুক্ত যে মন্ত্রী আছেন তাঁদের সঙ্গে আমাদের যে হৃদ্যতা সেটা স্পষ্ট। দুটো ব্যাপারে ভুল বোঝাবুঝি তা সত্ত্বেও হয়েছে। সেজন্য বলছি যে আপনারা যে সমস্ত অভিযোগ করেছেন যেমন এক নং হচ্ছে কেন্দ্রের সাহায্য কমিয়ে বলা হচ্ছে, ২ নং হচ্ছে ক্ষয় ক্ষতির যে হিসাব তা কেউ কেউ বলছেন আমরা বাড়িয়ে বলছি আবার কেউ কেউ বলছেন কমিয়ে বলছি। বিশ্বনাথবাবু বলেছেন যে আমরা কমিয়ে বলেছি। আবার প্রফুল্ল সেন মহাশয় প্রথমে বলেছিলেন আমরা কমিয়ে বলেছি তারপরে অতুল্যবাবুর একটি প্রবন্ধ বেরোবার পর

তিনি বললেন আমরা বাড়িয়ে বলছি। অন্য দিকে কংগ্রেসীরা বলছেন যে কেন্দ্রীয় সরকার যেন আর বাড়তি পয়সা না দেন। তুটো ব্যাপার স্পষ্ট হওয়া দরকার ১নং হচ্ছে কতটা ক্ষয়ক্ষতি হয়েছে। একটু আগে যে কথা কিরন্ময় নন্দ বলেছিলেন আমি বোম্বের কোন একটা পত্রিকায় বিবৃতি দিয়েছি এবং মুখ্যমন্ত্রী এখানে যে বিবৃতি পেশ করেছেন তার ভেতরে ফারাক আছে।

আমাদের মুখ্যমন্ত্রী বলেছেন তু'হাজার কোটি টাকার মত ক্ষতি হয়েছে। আমিও ওই একই কথা বলেছি তু'হাজার/আড়াই হাজার কোটি টাকার ক্ষতি হয়েছে, তবে শুদ্ধ হিসেব এখনই দিতে পারব না। আমার সঙ্গে আলোচনা করেই মুখ্যমন্ত্রী তাঁর বিবৃতি তৈরী করেছেন। তারপর, গতকাল হরিপদবাবু এখানে বলেছেন, জ্যোতিবাবু বম্বেতে বলেছেন আমরা কেন্দ্রের কাছ থেকে ৯১ কোটি টাকা পেয়েছি কিন্তু কোলকাতায় এসে বলছেন আমরা মাত্র ২০ কোটি টাকা পেয়েছি। জ্যোতিবাবু বম্বেতে বলেছেন ১০ই নভেম্বর কেন্দ্রীয় সরকার ৯১ কোটি টাকা দিতে প্রতিশ্রুতি দিয়েছেন। সমস্ত টাকার হিসাব আছে, আমি একটুও বাড়িয়ে বা কমিয়ে বলছি না। তাছাড়া সমস্তই প্রকাশ্য হিসেব এর মধ্যে কারচুপি কিছু নেই। আমি ৪ এবং ৫ তারিখে যে বিবরণ দিয়েছি সেখানে সমস্ত হিসেব পুঙ্খানুপুঙ্খরূপে দেওয়া হয়েছে। আমরা প্রতিশ্রুতি হয়েছি ৯১ কোটি হিসেব টাকার। কেন্দ্রীয় সরকার এখনও পর্যন্ত আমাদের দিয়েছেন ২০ কোটি টাকা। এর মধ্যে ১৫ কোটি টাকা গ্রামীণ পরিকল্পনার সাহায্য বাবদ এবং ৫ কোটি টাকা কৃষি ঋণ যেটা দেওয়া হবে তার একটা অংশ বাবদ। কাজেই কোথাও তফাৎ হচ্ছে না। তারপর, কথা উঠেছে আমি কেন বলেছি ৬ই নভেম্বর পর্যন্ত কেন্দ্রীয় সরকার মাত্র ১৫ কোটি টাকা দিয়েছে যেখানে চন্দ্রশেখর বলছেন ১৫০ কোটি টাকা। আমি ধরে নিচ্ছি আমি বামফ্রন্ট সরকারের অর্থমন্ত্রী আমার কথাবার্তা তুচ্ছ। কিন্তু প্রধানমন্ত্রী মোরারজী দেশাই যখন ২৫শে অক্টোবর এখানে এসেছিলেন তখন তিনি বলেছেন তাঁরা ১৫ কোটি টাকা দিয়েছেন। অবশ্য কোন কোন অত্যুৎসাহী খবরের কাগজ প্রচার করল তিনি নাকি এই টাকার হিসেব চেয়েছেন। মোরারজী দেশাই বলেছেন ১৫ কোটি টাকা অথচ, চন্দ্রশেখর মহাশয় বলছেন ১৫০ কোটি টাকা। গত ৬ই নভেম্বর শ্রীলংকার প্রেসিডেন্ট এসেছিলেন এবং রাজ্যপাল একটা সম্বর্ধনার ব্যবস্থা করেছিলেন। সেখানে মুখ্যমন্ত্রী আমাকে বললেন চন্দ্রশেখর টেলিফোন করেছেন ওঁরা ১৫০ কোটি টাকা দিচ্ছেন। আমি বললাম যেখানে আমরা ২৫০ কোটি টাকা চাচ্ছি সেখানে তাঁরা এই টাকা দিলেন। আমি বললাম ঠিক আছে, এটা আগে পাই তারপর দিল্লীতে গিয়ে কথাবার্তা

বলব। কিন্তু তিনি বললেন ইতিমধ্যেই নাকি ১৫০ কোটি টাকা দেওয়া হয়েছে। চন্দ্রশেখরের উপর আমার অত্যন্ত শ্রদ্ধা রয়েছে। আমার মনে হয় তিনি সরকারে নেই কাজেই তার বোধহয় বুঝতে ভুল হয়েছে অথবা খবরের কাগজের বুঝতে ভুল হয়েছে। আসল কথা হচ্ছে ওটা ১৫০ কোটি টাকা নয়, মোরারজী দেশাই বলেছেন ১৫ কোটি টাকা। আমি আপনাদের বলছি চন্দ্রশেখর মহাশয়কে ভুল বোঝান হয়েছে। এটা কোন লুকানোর ব্যাপার নয়, তাঁরা টাকা দিলে সেটা আমরা নিশ্চয়ই দেখাব। আমি আপনাদের বলতে পারি বন্যা শুরু হবার পর থেকে ১০ই নভেম্বর পর্যন্ত কেন্দ্রীয় সরকারের কাছ থেকে এই বন্যা বাবদ ১৫ কোটির বেশী একটি পাই পয়সাও আমরা পাইনি। আপনারা যদি আমার এই উক্তি কেউ খণ্ডন করতে পারেন তাহলে করুন। বাকী ১৩৫ কোটি টাকার হিসেব কেউ দিতে পারবে না। আপনারা যদি আমার ঘরে আসেন তাহলে আমি আপনাদের হিসেব দেখাতে পারি। ৬৯ কোটি টাকার বাজেটের এবং ২০ কোটি টাকা স্বল্প সঞ্চয় প্রকল্পে তারা দিয়েছে। আমি সঙ্গে সঙ্গে টেলিপ্রিন্টার মেসেজ পাঠিয়ে বলে দিলাম কৃষি ক্ষেত্রে আমরা যেটা চেয়েছি তার পুরোটাই দিতে রাজী হয়েছে এবং ক্ষুদ্রশিল্পে পুনর্বসতির জন্য আমরা যা চেয়েছি তার দুই তৃতীয়াংশ দিতে রাজী হয়েছে।

4-15 – 4-25 P.M. ]

কিন্তু অন্যান্য জায়গায় ঘাটতি আছে। এখানে এত উষ্মার কোন কারণ খুঁজে পাচ্ছি না। এর পরে আর একটি ব্যাপার হয়েছিল, যখন আমাকে একটি বিবৃতি দিতে হয়েছিল অক্টোবর মাসে। ৫ই অক্টোবর এখানে ভয়াবহ পরিস্থিতি, টাকা খরচ করতে হচ্ছে এবং অনেকে বলেছেন—কালকে যেমন একজন বললেন যে উল্টোপাল্টা কথা বলছেন অশোক মিত্র। বলছেন কিনা ১ কোটি টাকা খরচ হচ্ছে, আবার কখনও দু-তিন কোটি টাকা খরচ হচ্ছে বলছেন। আমি বলি এমন তো হতেই পারে। কোন কোন দিন এক কোটি খরচ হয় ঠিকই, আবার ২৭শে, ২৮শে সেপ্টেম্বর দৈনিক দু-তিন কোটি টাকা খরচ হয়েছিল। এর হিসাব তো আমি তখনই দিতে পারি না। আমাদের রিজার্ভ ব্যাংকের সঙ্গে যে কথা আছে – রিজার্ভ ব্যাংককে কতটা বাড়তি ঘাটতি হলো কারণ আমরা ঘাটতির হিসাব কিছু দিন বাদে পাই। তা থেকে আমি বুঝতে পারি এই বিশেষ দিনে আমার এতটা টাকা খরচা হয়েছে। আমি হিসাবে দেখছি অক্টোবরের প্রথম সপ্তাহে তিন ও চার কোটি বাড়তি ঘাটতি হচ্ছে, তখন আমাকে বলতে হয় নিশ্চয় এত টাকা খরচা হয়েছে, যাই হোক এই রকম অবস্থায় আমি দিল্লি গেলাম, দিল্লিতে

গেলাম জাতীয় ওয়ার্কিং গ্রুপ মিটিং-এ-মুখ্যমন্ত্রী যেতে পারলেন না আমাকে যেতে হলো। আমি সেখানে এইচ এম প্যাটেলকে আলাদা করে বললাম, আমাদের দেশে সর্বনাশ পরিস্থিতি, আমাদের তো বাজেট এই রকম ঘাটতি এবং আপনি জানেন যে আমাদের পূর্বতন কংগ্রেস সরকার ১১৫ কোটি টাকা ঘাটতি রেখে গেছেন—এই ঘাটতিটি যতদিন পর্যন্ত পুরণ করা না যাবে ততদিন আমাদের উপর এই বোঝা জগদ্দল পাথরের মত চেপে থাকবে, এবং আপনি এখন পর্য্যন্ত এই বিষয়ে কিছুই করলেন না। অথচ আপনি একটি নিয়ম করেছেন যে ১লা অক্টোবর থেকে পর পর সাত দিন যদি ওভার ড্রাফটে ঘাটতি থাকে তাহলে ওভার ড্রাফট দেওয়া বন্ধ হয়ে যাবে। এটা তো হতে পারে না। আমাদের বন্যায় পশ্চিম বাংলায় অর্ধেক ডুবে গেছে। কোটি কোটি মানুষকে বাঁচাতে হলে টাকা খরচ করতে হবে। আপনি একটি বিহিত করে দিন। উনি বললেন আপনি চিন্তা করবেন না, এই ওভার ড্রাফটের ব্যাপারটি আমরা দেখছি। আপাতত আপনার যা খরচ করার প্রয়োজন আপনি খরচ করে যান। এবং ৫ ও ৬ তারিখে আমি কেন্দ্রীয় সরকারের ১০ জন মন্ত্রীর সঙ্গে দেখা করেছি, প্রত্যেকের কাছ থেকে অত্যন্ত সহৃদয় ব্যবহার পেয়েছি। ৬ তারিখে আমি প্রধানমন্ত্রীর সঙ্গে দেখা করি আমি ওঁকে বলতে গিয়েছিলাম ১৯৪৩ সালের পর পশ্চিমবাংলায় এত বড় দুর্ঘটনা আর হয়নি—তিনি আমাকে থামিয়ে দিলেন। তুমি বলছো ১৯৪৩ কেন ৫০০ বছরের মধ্যে এতটা হয়নি। আমি দেখবো কি করা যায়, আমি তোমাদের ওখানে যেতে পারবো না, তাছাড়া উত্তর প্রদেশে বন্যা হয়েছে, বিহারেও হয়েছে, তোমাদের ওখানে গেলে উত্তর প্রদেশে এবং বিহারে যেতে হবে। এখান থেকে যা ব্যবস্থা করার করবো। তুমি মন্ত্রীদের সঙ্গে দেখা কর। আমি সেদিন বিকালে প্রেস-এর লোকদের ডেকে বিশেষ করে বললাম—কেননা অশোক মিত্র সম্বন্ধে প্রত্যেকেরই একটা ধারণা আছে যে, কেন্দ্র রাজ্য সম্পর্ক নিয়ে এত বেশী চেঁচামেচি করেন—উনি তো কেন্দ্রের সম্বন্ধে সব সময়েই বলবেনই। কিন্তু না, অত্যন্ত সহৃদয় ব্যবহার আমি প্রত্যেকেব কাছ থেকে পেয়েছি এবং সেই আশ্বাস নিয়ে এবং শ্রী এইচ এম প্যাটেলের আশ্বাস নিয়ে আমি ৬ তারিখ রাত্রিতে ফিরে এলাম। ৮ তারিখে বারনালা সাহেব এখানে এলেন। বারনালা সাহেবকে আমি জিজ্ঞাসা করলাম যে, আমাদের যে খাদ্যের বিনিময়ে কাজের প্রকল্পের কথা আমরা বলছি—এই যে লক্ষ লক্ষ গ্রামের ঘর বাড়ি পড়ে গেছে, লক্ষ লক্ষ গ্রামের সাধারণ চাষীর জমিতে বালি পড়ে গেছে। এগুলি পরিষ্কার করতে হবে, ঘর বাড়ি তৈরী করতে হবে। আমাদের টাকা নাই, আমরা ভাবছি কাজের বিনিময়ে খাদ্য প্রকল্প অনুযায়ী এই জায়গাগুলি পরিষ্কার করবো এবং ঘর-বাড়ি তুলবো। অসুবিধা দেখা

যাচ্ছে ভারত সরকারের নিয়ম অনুযায়ী বেসরকারী কাজকর্মের জন্য তা দেওয়া যাবে না। সাধারণ গৃহস্থের গৃহ নির্মাণ, সাধারণ মানুষের জমি পরিস্কার করা যে সরকারী কোন ব্যাপারে তা করা যাবে না। আপনি এই ব্যাপারটার বিহিত করুন। ওঁর সঙ্গে লম্বা বৈঠক হলো, আমার মনে আছে সেই বৈঠকে কেন্দ্রীয় মন্ত্রী প্রতাপচন্দ্র চন্দ্র ছিলেন, কেন্দ্রীয় মন্ত্রী আভা মাইতি ছিলেন। অত্যন্ত সৌহার্দ্যের সঙ্গে বৈঠক হলো। তারপরে আমি ঘরে ফিরে এলাম এবং একটি রিজার্ভ ব্যাঙ্ক থেকে টেলেক্স ম্যাসেজ পেলাম।

কি ম্যাসেজ? পর পর তোমার সাত দিন ঘাটতি হয়ে গেছে ওভারড্রাফটে, তুমি অবিলম্বে যদি ব্যয়—সংকোচোনের ব্যবস্থা না কর তবে তোমাদের চেক আমরা স্বীকার করব না। এখন এই অবস্থায় প্যাটেল সাহেবের সঙ্গে কথা বলতে গেলাম, রিজার্ভ ব্যাংক ভারত সরকারের দায়িত্ব কিন্তু রিজার্ভ ব্যাংক যে অন্য কথা বলছে। তখন বাধ্য হয়ে এইকথা বলেছিলাম এবং এই কথা বলে এসেছিলাম যে আমাদের দরকার হলে আমরা খরচ করব এবং প্রেসের লোকদের ডেকে বলেছিলাম ভারত সরকারের রিজার্ভ ব্যাংককে চ্যালেঞ্জ দিচ্ছি, রিজার্ভ ব্যাংকের সাহস থাকে আমাদের চেক অগ্রাহ্য করুক, দরকার হলে আমরা সাধারণ মানুষের কাছে যাব, আমি এটা বলেছিলাম কেননা আমাকে খরচ করতেই হবে, কেননা অক্টোবর মাসের ৯ কি ১০ তারিখে আমরা ব্যয় সংকুলানের কথা বলতে পারি না। আমরা খরচ করব এবং দুর্গত মানুষদের কাছে খাদ্য পৌঁছাতে হবে, আচ্ছাদন পৌঁছে দিতে হবে, আমরা দুর্গত মানুষদের কাছে ঔষধপত্র দেওয়া বন্ধ করতে পারি না, পানীয় জল সরবরাহ বন্ধ করতে পারি না, পারব না একথা বলতে পারি না। আমি অকপটে বলছি যে এতে কাজ হল। আমি শুধু একটু বলেছি এবং সামান্য একটু ভর্ৎসনার সুরে বলেছি এবং আমি যে কথা বলেছিলাম তাতে কাজ হল, আমাদের ওভার ড্রাফটের ব্যাপারটা নিয়ে আলোচনা আপাততঃ মুলতুবি আছে। তারপর পরের দিন রিজার্ভ ব্যাংকের গভর্ণর আমাকে টেলিফোন করে বললেন পশ্চিম বাংলায় আমাদের এই ম্যাসেজ পাঠাবার কোন অভিপ্রায় ছিল না, এটা আমাদের দপ্তরের ভুল হয়ে গেছে, আমি দুঃখিত। একটা যুক্ত রাষ্ট্রের কাঠামোতে এই রকম হতে পারে, রাজ্য চালাতে গেলে এই রকম ভুল বুঝাবুঝি হতে পারে, কিন্তু যে কথা আমি বলতে চাচ্ছি এতে বাইরের কোন লোকের আনন্দ করবার কিছু নেই। এটা হল একটা জাতীয় বিপর্যয়, আমরা সেভাবেই নিয়েছি, আমি ধরে নিচ্ছি কেন্দ্র সেভাবেই নিয়েছেন, কেন্দ্রের সঙ্গে আমাদের মুখ্যমন্ত্রী মহাশয়কে এক সঙ্গে মিলে এই ব্যাপারে মোকাবিলা করতে হবে। আমার এখন যেটুকু দুঃখ আমার এখনও ধারণা এখানে কি বিপর্যয় ঘটে গেছে, তার সামগ্রিক গুরুত্ব সম্পর্কে হয়ত আমরা পুরোপুরি

কেন্দ্রকে বুঝাতে পারিনি, যে কারণে কেন্দ্রের কাছ থেকে আমরা যেটুকু চেয়েছিলাম, এখনও পাইনি। কেন্দ্রের অসুবিধা আছে ওদের অন্যান্য জায়গাতেও বন্যা হয়েছে, সেই অসুবিধাগুলি আমরা স্বীকার করি। এখনও আমি বলছি এক বছরে না হয় দু বছরে ভাগাভাগি করে ব্যবস্থা করে দিন আমরা মানিয়ে নেব। কিন্তু এই ব্যাপারে আমি বলছি না যে কেন্দ্র তাঁদের শেষ কথা বলেছেন। কেন্দ্রের কাছে আবার যাব, ওঁরা আমাদের এই প্রতিশ্রুতি দিয়েছেন যে দরকার হলে তাঁরা আবার টিম পাঠাবেন এবং দেখবেন কি করা যায়। কতকগুলি ব্যাপারে আমাদের অসুবিধা হবে আমরা বলেছি। গৃহনির্মাণের ব্যাপারটা যেমন। ১৮ লক্ষ বাড়ী ধ্বসে গেছে, নিশ্চিহ্ন হয়ে গেছে, এর মধ্যে সাত লক্ষ বাড়ী হচ্ছে সামান্য বিত্তবান কৃষিজীবী লোকদের, তারা ব্যাংকের কাছ থেকে ঋণ নিয়ে সেই বাড়ীগুলি তৈরী করতে পারবে, আমরা ব্যাংকের সঙ্গে কথাবার্তা বলে দেব। কিন্তু বাকী ১১ লক্ষ বাড়ী, ভূমিহীন কৃষকদের বাড়ী, ছোট চাষী এবং বর্গাদারদের বাড়ী। ছোট কারিগরদের বাড়ী। এই বাড়ীগুলির ব্যাপারে আমাদের সাহায্য করতে হবে। সেজন্য বলছিলাম যে আমাদের টাকা নাই এবং বিশ্বনাথবাবু ঠিক কথাই বলেছেন এক হাজার টাকার কমে হয়ত একটা জীর্ণ কুঁড়ে ঘরও তৈরী করা মুস্কিল। কিন্তু কি করব? টাকা নাই। সেজন্য বলেছি যে খাদ্যের বিনিময়ে যে প্রকল্প নিয়েছি তাতে ৪০০ টাকা করে দেব, তার জন্য সাত দিনের শ্রম দেব এবং গম দেব। আপনারা যদি একটু হিসাব করে দেখেন তো ১১ কোটি টাকা ১১ লক্ষ বাড়ী পিছু ভাগ করে দেন তো ১০০ টাকা করে পাওয়া যাবে। আমাদের এখন ভাবতে হবে, আমাদের আরও টাকা চাই, সেজন্য যে করেই হোক এ টাকার ব্যবস্থা করতে হবে। তারপরে অন্য দুই একটি ব্যাপার বলছি। আমরা ঔষধপত্র যা কিনেছি এবং জিনিষপত্র কিনেছি, পলিথিন শীট ইত্যাদি কিনেছি তাতে এখন পর্য্যন্ত ১২ কোটি টাকার উপর খরচ হয়েছে, এই বাবদ একটি পয়সাও কেন্দ্রের কাছ থেকে পাইনি। তার জন্য আমাদের ব্যবস্থা করতে হবে। তারপর জনস্বাস্থ্য ক্ষেত্রে বলছি যে আমাদের অনেক হাসপাতাল ধ্বসে পড়েছে গ্রামে এবং সহরে জলসরবরাহ ব্যবস্থা ধ্বংস হয়ে গেছে, সেটা হিসাব করে বলেছি যে ৪৫ কোটি টাকা আমাদের দরকার। এটা ভাবতে হবে। আমরা যখন এই হিসাব করে দিল্লীতে যাই তখন এই ৪৫ কোটি টাকার হিসাব দেখে ননীবাবু আমার বন্ধু এবং সহকর্মীর খুব মন খারাপ হল, তিনি বললেন এই যে ৪৫ কোটি টাকা ধরছেন, এ দিয়ে আমরা কি করব? কেন্দ্র এই বাবদ যা করেছেন বরাদ্দ মাত্র চার সাড়ে চার কোটি টাকা। তাঁদের কাছে বুঝাতে হবে যে আমাদের অনেক কাজ বাকী পড়ে আছে।

[ 4-25—4-35 P. M. ]

আমাদের কিছু করতে হবে। আরও টাকা যদি দিতে পারেন তো ভাল হয়। সুতরাং আমরা বলছি এটা তো ভুল বোঝাবুঝির ব্যাপার নয়, কিছুটা পেয়েছি, কিছুটা পাই নি। আমরা হয়তো ভাল করে বোঝাতে পারি নি, আরও বোঝাতে হবে। কিন্তু আমাদের কাজ করে যেতে হবে। কেননা, আমরা গ্রাম বাংলার মানুষকে ভেসে যেতে দিতে পারি না। যদি কেন্দ্রের কাছ থেকে টাকা পাই ভাল, যদি না পাই তাহলেও আমাদের কাজ করতে হবে। ব্যাঙ্কগুলোকে আমরা জড়ো করেছি। এই প্রথম পশ্চিমবাংলার ব্যাঙ্কগুলো একশো কোটি টাকার মতো দিতে রাজী হয়েছে। রিজার্ভ ব্যাঙ্কের গভর্ণরের সঙ্গে কথা বলেছি। কিন্তু আমরা জানতে চেয়েছি কি শর্তে দেবেন। কেননা আমাদের বেশিরভাগ যারা ক্ষতিগ্রস্থ যারা গরীব সহায়-সম্বলহীন তারা ৮, ১০, ১২ পারসেন্ট সুদের হারে টাকা ধার করতে পারবেন না। সুদের ব্যাপারটা দেখবেন। এদিকে ভারত সরকারের একটা পরিকল্পনাও আছে গরীব মানুষ যারা গ্রামাঞ্চলে বাৎসরিক আয় যাদের ২ হাজার টাকার কম তাদের ৪ টাকা সুদের হারে টাকা দেওয়ার। আমরা বলছি এই যে ব্যবস্থা এর মধ্যে গ্রামবাসীদের নেওয়ার। তাছাড়া এই বৎসর থেকে পশ্চিমবাংলার ভাগচাষী, ছোট চাষী তাদের ক্ষেত্রে একটা নিয়ম চালু করার কথা চিন্তা করছি। তারা যদি ব্যাঙ্ক থেকে টাকা নিয়ে এসে ঠিকমতো শোধ করে দেন তাহলে সুদের পুরো বোঝা সরকারের তরফ থেকে বহন করা যায় কিনা। এইগুলো নিয়ে আমরা চিন্তা করবো। আমাদের পঞ্চায়েতের মাধ্যমে ব্যবস্থা করতে হবে, এই সম্পর্কে উদ্যোগ নিতে হবে। আমার উপর দায়িত্ব চাপিয়েছেন বামফ্রন্ট সরকার অর্থ সংগ্রহ করার। অর্থ সংগ্রহ-এর সে দায়িত্ব পালনের চেষ্টা করছি। এই দায়িত্ব পালনের জন্য কখনও কখনও অপ্রিয় কথা বলতে হয়। কিন্তু উপায় নেই। কোন কোন ক্ষেত্রে অপ্রিয় কথা বললে কাজ হয়, কখন কখন হয় না। সবশেষে একটা কথা বলবো, এই টাকা যাতে সুষ্ঠুভাবে ব্যয় হয় তার দিকে নজর রাখতে হবে। সেইজন্য পঞ্চায়েতের মারফত ব্যয় করতে চাই। বিশ্বনাথবাবু নেই। অত্যন্ত হেনস্থার সঙ্গে তিনি একটা কথা বলেছেন। উনি বলেছেন, ওরা অর্থাৎ পঞ্চায়েতের সদস্যরা ৩৫ পারসেন্ট ভোটে জিতে এসেছেন। পঞ্চায়েতে যারা নির্বাচিত অধিকাংশ ক্ষেত্রে নির্বাচিত হয়েছেন ৬০/৬৫/৭০ পারসেন্ট ভোটে। (ভয়েস : অসত্য কথা।)

**শ্রীসত্যরঞ্জন বাপুলী :** অন এ্যা পয়েন্ট অফ অর্ডার স্যার। আমি বলতে চাই……

**মিঃ ডেপুটি স্পীকার :** Please take your seat, Mr. Bapuli. Let the

Hon'ble Minister finish first.

( Noise )

**মিঃ ডেপুটি স্পীকার :** I will not allow any interruption during the speech of an Honourable Member.

**শ্রীজয়নাল আবেদিন :** স্যার, কালকে আমি যখন বক্তৃতা দিচ্ছিলাম তখন মাননীয় মন্ত্রী ভক্তিভূষণ মণ্ডল যখন পয়েন্ট অব অর্ডার তুলেছিলাম তখন তো দিয়েছিলেন। তাহলে আমরা কি বুঝবো no less a person than Bhakti Bhusan Mondal.

পয়েন্ট অব অর্ডার তুললে হি উইল বি রিভাটেড ফ্রম দ্যাট ?

**মিঃ ডেপুটি স্পীকার :** আমি বলছি না যে আপনার পয়েন্ট অব অর্ডার শুনবো না ১০০ বার শুনবো। আগে ওনার বক্তব্য শেষ হবার পর শুনবো Let him finish his speech. আপনারা বসুন (At this stage several members rose to speak) বলছি তো ১০০ বার শুনবো Please take your seat. I am on my leg. I will now allow you. Let him finish his speech. Please do not cast any aspersion.

**শ্রীঅতীশ চন্দ্র সিংহ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়....

At this stage Shri Atishchandra Sinha rose to speak.

**মিঃ ডেপুটি স্পীকার :** Mr. Sinha, you are a responsible member of the House. Please take your seat. যে পয়েন্ট আপনি তুলবেন সেটা আমি শুনবো বলছি তো আগে ওনার স্পীচটা শেষ হতে দিন তারপর আপনার পয়েন্ট অব অর্ডার শুনবো। এই রকমভাবে ইন্টারাপসন করবেন না।

**শ্রীজয়নাল আবেদিন :** স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার...

( এ্যাট দিস ষ্টেজ শ্রীজয়নাল আবেদিন ওঠেন। )

**মিঃ ডেপুটি স্পীকার :** Dr. Abedin, Please take your seat. আপনার সমস্ত পয়েন্ট শুনবো ওনার স্পীচটা শেষ হতে দিন। এই রকম ইন্টারাপসন করলে স্পীচের মধ্যে আপনার পয়েন্ট অব অর্ডার কি করে শুনবো ?

( গোলমাল )

( এই সময় ডাঃ জয়নাল আবেদিন একটি বই হাতে নিয়ে উঠে দাঁড়ান )

**শ্রীজয়নাল আবেদিন** ঃ আপনি রুলসটা দেখুন।

**মিঃ ডেপুটি স্পীকার** ঃ Dr. Abedin, I know the rules, I know the convention. I will not allow any point of order in this respect. Please let him finish his speach. I will not allow you. Let him finish his speech.

( গোলমাল )

[ 4-35—4-45 P. M. ]

( তুমুল গোলমাল )

**ডঃ অশোক মিত্র** ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি যে কথা বলছিলাম সেই কথায় আবার ফিরে আসছি।

( গোলমাল )

সুতরাং আমরা দেখছি, খবরের কাগজ দেখছে, গোটা দেশের লোকেরা দেখছেন যে, কংগ্রেস এবং জনতা পার্টি এক হয়ে ষড়যন্ত্র করছেন। আমরা জনতা পার্টিকে হেয় করিনি, তারা নিজেরাই নিজেদের পায়ে কুড়ুল মারছেন। সুতরাং আমরা বলছি পঞ্চায়েতে সাধারণ মানুষের নির্বাচিত প্রতিনিধিরাই আছেন। বাস্তুঘুঘুদের তাড়িয়ে পঞ্চায়েত নির্বাচন করা হয়েছে।

( তুমুল গোলমাল )

এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

( Noise )

( Several members rose to speak )

**Mr. Deputy Speaker** : Honourable members, you all must take your seats. I am on my legs. Mr. Bapuli, what is your point of order ?

**শ্রীসত্যরঞ্জন বাপুলী** ঃ মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি খুব দুঃখিত যে বারে বারে আপনাকে আমার পয়েন্ট অব অর্ডার বলবার চেষ্টা করেছি। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমরা ছাত্র নই, আপনি আমাদের শিক্ষক নন, আমাদের সঙ্গে আপনার সে সম্পর্ক নয়। আপনি দয়া করে আমাদের চোখ রাঙাবেন না। বিধানসভায় এসেছি আইনের বই পড়ে বলে যাচ্ছি—আইনে যেটা আছে সেটা মানবেন কিনা—এনি মেম্বার

পয়েণ্ট অব রেজ করলে বলতে দিতে হবে, দিস ইজ দি রুল। আজকে আপনি হোল কনভেনসনটা ব্রেক করে দিচ্ছেন। দিস ইজ দি প্রভিসন অব দি রুল পয়েন্ট অব অর্ডার রেজ করলে বলতে দিতে হবে। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি পয়েণ্ট অব অর্ডারে এই কথা বলতে চাচ্ছি যে মাননীয় অর্থমন্ত্রী বক্তৃতা দেবার সময় হাউসকে মিসলিড করেছেন। তিনি যে ফিগার দিয়েছেন ৫০%, ৬০%, ৭০%, ভোটে জিতে এসেছেন—দিস ইজ মিসলিডিং দি হাউস.

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** That is no point of order. Mr. Bapuli, please take your seat.

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আপনি আমাকে পয়েণ্ট অব অর্ডারটা শেষ করতে দিন। আপনার সঙ্গে আমাদের সংঘাত হবে, তর্ক বিতর্ক হবে এটা আশা করি নি, মন্ত্রীদের সঙ্গে হয় এটা বুঝতে পারি, আই ক্যান আণ্ডারষ্টাণ্ড।

( তুমুল গোলমাল )

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** স্যার, আমার পয়েণ্ট অব অর্ডার আছে।

( নয়েজ )

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** আপনার পয়েণ্ট অব অর্ডার কি আছে বলুন।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** স্যার, হল, ফুললো আর মরলো এইভাবে তো পয়েণ্ট অব অর্ডার হয় না, পয়েণ্ট অব অর্ডার বলতে গেলে তার কনটেকষ্টটা বলতে হবে।

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** আপনাকে স্পেসিফিক পয়েণ্ট অব অর্ডার বলতে হবে। এখানে ডঃ অশোক মিত্র সম্বন্ধে যা বলেছেন সে সম্বন্ধে বলি যে মন্ত্রী মহাশয়ের কাছে যে এ্যাভেলেবল ইনফরমেসান আছে সেই অনুসারেই তিনি হাউসে জানিয়েছেন। এটাতে কোন পয়েণ্ট অব অর্ডার রেজ করে না।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** আমি স্যার, রুল ৩৫০ প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আপনার মনে আছে কালকে যখন আমি এই বন্যার উপর বক্তব্য রাখছিলাম তখন ঐ দিক থেকে মাননীয় মন্ত্রী শ্রীভক্তিভূষণ মণ্ডল মহাশয়কে পয়েণ্ট অব অর্ডার দিয়ে আমাকে ইণ্টারাপ্ট করা হয়েছে। **While I was speaking on the flood situation yesterday, Mr. Speaker allowed Shri Bhakti Bhusan Mandal to raise a**

point of order interrupting me. I remember I sat down. আমি বিনীতভাবে আপনার কাছে জানতে চাই এই হাইসে ডবল ষ্টানডার্ড ফলো করবেন কিনা।

( গোলমাল )

**শ্রীঅমলেন্দ্র রায়ঃ** স্যার, চেয়ারের প্রতি উনি এ্যাসপারসান করছেন।

**শ্রীজয়নাল আবেদিনঃ** আজকে যখন পয়েন্ট অব অর্ডার রেজ করছিলাম তখন গোটা আইন এবং কনভেনসানকে অমান্য করে বললেন যে বলতে দেব না। এই ডবল ষ্টাণ্ডার্ড কি চলবে এটাই আমি জানতে চাই।

( গোলমাল )

( শ্রীদীপক সেনগুপ্ত রোজ টু স্পীক )

**মিঃ ডেপুটি স্পীকারঃ** Mr. Sengupta, please take your seat. I will allow your to raise your point. Let me give my ruling first.

ডাঃ আবেদিন কালকের ব্যাপার সম্পর্কে যা বলেছেন, আমি রেকর্ড দেখবো এবং তা দেখার পর যা পরিস্থিতি দাঁড়াবে সেই অনুসারে কাজ হবে। এখন কোন পয়েন্ট অব অর্ডার নেই।

**শ্রীদীপক সেনগুপ্তঃ** অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, একটু আগে মাননীয় সদস্য ডাঃ জয়নাল আবেদিন সাহেব যা বললেন সেটা প্রসিডিংস দেখলেই দেখা যাবে যে ভক্তি ভূষণ মণ্ডল মহাশয় কোন পয়েন্ট অব অর্ডারের উপর দাঁড়ান নি। সেখানে তিনি একটি ক্লারিফিকেসান চেয়েছিলেন।

**মিঃ ডেপুটি স্পীকারঃ** I would not speech. This is no point of order Please take your seat.

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়ঃ** I rise on a point of order, Mr. Deputy Speaker, Sir. Honourable member, Shri Satya Ranjan Bapuli, While he was raising the point of order, Persistently defied, criticised and showed disrespect to the chair, kindly look into the proceedings if any disrespect was shown to the chair in criticising the chair as such.

**শ্রীসত্যরঞ্জন বাপুলীঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ডাঃ মুখার্জী বলবার সময় আমি নাকি কি ইয়ে করেছি আপনার চেয়ারের প্রতি, যেটা আপনি অনুভব করেছেন। এর আগে স্পীকারের টেবলে গিয়ে মন্ত্রী মহাশয় চড় মেরেছেন তাতে কিছু হয়নি।

পয়েন্ট অব রেজ করলে বলতে দিতে হবে, দিস ইজ দি রুল। আজকে আপনি হোল কনভেনসনটা ব্রেক করে দিচ্ছেন। দিস ইজ দি প্রভিসন অব দি রুল পয়েন্ট অব অর্ডার রেজ করলে বলতে দিতে হবে। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি পয়েন্ট অব অর্ডারে এই কথা বলতে চাচ্ছি যে মাননীয় অর্থমন্ত্রী বক্তৃতা দেবার সময় হাউসকে মিসলিড করেছেন। তিনি যে ফিগার দিয়েছেন ৫০%, ৬০%, ৭০%, ভোটে জিতে এসেছেন—দিস ইজ মিসলিডিং দি হাউস.

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** That is no point of order. Mr. Bapuli, please take your seat.

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আপনি আমাকে পয়েন্ট অব অর্ডারটা শেষ করতে দিন। আপনার সঙ্গে আমাদের সংঘাত হবে, তর্ক বিতর্ক হবে এটা আশা করি নি, মন্ত্রীদের সঙ্গে হয় এটা বুঝতে পারি, আই ক্যান আণ্ডারষ্টাণ্ড।

( তুমুল গোলমাল )

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** স্যার, আমার পয়েন্ট অব অর্ডার আছে।

( নয়েজ )

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** আপনার পয়েন্ট অব অর্ডার কি আছে বলুন।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** স্যার, হল, ফুললো আর মরলো এইভাবে তো পয়েন্ট অব অর্ডার হয় না, পয়েন্ট অব অর্ডার বলতে গেলে তার কনটেকষ্টটা বলতে হবে।

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** আপনাকে স্পেসিফিক পয়েন্ট অব অর্ডার বলতে হবে। এখানে ডঃ অশোক মিত্র সম্বন্ধে যা বলেছেন সে সম্বন্ধে বলি যে মন্ত্রী মহাশয়ের কাছে যে এ্যাভেলেবল ইনফরমেসান আছে সেই অনুসারেই তিনি হাউসে জানিয়েছেন। এটাতে কোন পয়েন্ট অব অর্ডার রেজ করে না।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** আমি স্যার, রুল ৩৫০ প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আপনার মনে আছে কালকে যখন আমি এই বন্যার উপর বক্তব্য রাখছিলাম তখন ঐ দিক থেকে মাননীয় মন্ত্রী শ্রীভক্তিভূষণ মণ্ডল মহাশয়কে পয়েন্ট অব অর্ডার দিয়ে আমাকে ইন্টারাপ্ট করা হয়েছে। While I was speaking on the flood situation yesterday, Mr. Speaker allowed Shri Bhakti Bhusan Mandal to raise a

নিজের ছেলের সঙ্গে আমরা ত্রাণ সামগ্রী বিতরণের জন্য এগিয়ে গিয়েছি। আমরা সি. পি. এম. এলাকা, জনতা এলাকা এই রকম ভাবে ধরে নিই নি, আমরা দলমত নির্বিশেষে বন্যার্তদের ত্রাণের জন্য এগিয়ে গিয়েছি। কিন্তু বামফ্রন্ট সরকারের মুখ্যমন্ত্রী ত্রাণের ব্যাপারে একাত্ম হতে চাইছেন না। পরিণামে যা দাঁড়ালো, বন্যাকে হাতে নিয়ে একটা মুনাফা করার প্রয়াস চলেছে। একদিকে যখন আমরা দেখছি সারা ভারতবর্ষের সদিচ্ছা নানা রকম—এই সেদিন পশ্চিমবাংলার সমস্যা নিয়ে আলোচনা হয়েছে উজ্জৈনীতে জনতা দলের যে সর্বভারতীয় সম্মেলন হলো তাতে, যে পশ্চিমবাংলাকে কিভাবে আর্থিক সাহায্য দেওয়া যায় সেই ব্যাপারে।

সংবাদপত্রে দেখেছেন যে, পশ্চিমবাংলার জনতা দলের নেতারা বার বার দিল্লীতে গিয়েছেন, বার বার দাবী জানিয়েছেন। জনতা দলের সভাপতি বার বার বিভিন্ন রাজ্যের কাছে আবেদন জানিয়েছেন এবং নিজেও এখানে ঘুরে গিয়েছেন পশ্চিমবাংলার বিভিন্ন এলাকা। মাননীয় অর্থমন্ত্রী বলেছেন, তাঁর সঙ্গে ওঁদের হৃদ্যতার সম্পর্ক। আমরাও কোন বৈরী সম্পর্ক প্রতিষ্ঠা করতে চাই না। কিন্তু ক্রমাগত যদি গ্রামে গ্রামে আজকে সভা করে কেন্দ্রের বিরুদ্ধে মানুষকে উস্কানি দেওয়া হয়, হিসাবে কারচুপি করা হয় তাহলে কি হবে? পশ্চিমবঙ্গ সরকারের সদিচ্ছা আছে কিনা সেটা আমরা জানতে চাই। আমরা আবার মাননীয় মুখ্যমন্ত্রীকে চ্যালেঞ্জ জানাচ্ছি, জনতা পার্টির সভাপতি চন্দ্রশেখরজীর যে বক্তব্য ১৫০ কোটি টাকার, সেটাকে কণ্ট্রাডিক্ট করুন।

**ডঃ অশোক মিত্র ঃ** আমাদের হিসাব আপনি কণ্ট্রাডিক্ট করুন।

**শ্রীসন্দীপ দাস ঃ** আমরা তো করছি। বার বার বলা হচ্ছে, প্ল্যান এ্যাডভান্সের কথা প্রধানমন্ত্রী বার বার বলেছেন, তিনি বলেছেন প্ল্যান এ্যাডভান্সের টাকা এ্যাডজাষ্ট করা এখন হবে না। এটা এ্যাডজাষ্ট করা হবে আর পাব না মনে করার কোনও কারণ নেই। বর্তমান ফাইনানসিয়াল ইয়ার শেষ হবার আর কত দিন বাকি আছে? ইতি মধ্যে আপনারা কেন্দ্রের কাছ থেকে যেটা পেয়েছেন, কোন রাজ্য সরকার কেন্দ্রের কাছ থেকে সেই পরিমাণ আর্থিক সাহায্য পেয়েছে? ১৯৭৭ সালে ফুড্ ফর ওয়ার্কে আপনারা যে পরিমাণ কেন্দ্রীয় সাহায্য পেয়েছেন, তা আর কখনো পাওয়া যায়নি। কিন্তু আজ পর্যন্ত কেন্দ্রের কাছে ফুড ফর ওয়ার্কের হিসাব যায়নি। তা সত্ত্বেও কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী আপনাদের প্রতিশ্রুতি দিয়ে গিয়েছেন যে, যত টাকা, যত খাদ্য চাল-গম দরকার হবে সব কেন্দ্র দেবে, টাকার অভাব হবে না। তবুও আপনারা কেন্দ্রের অসহযোগিতার কথা বলছেন। ডিফেন্স কি আপনাদের সঙ্গে অসহযোগিতা করেছিল?

ডিফেন্স কি রাজ্য সরকারের সংস্থা ? তারা কি কেন্দ্রীয় নির্দেশ ছাড়াই পশ্চিমবঙ্গের বন্যায় কাজ করেছিল ? ডিফেন্সের জোয়ানদের কথা মুখ্যমন্ত্রী নিজেই বলেছেন যে, তারা নিজেদের জীবন বিপন্ন করে কাজ করেছে। তারপর রেলওয়ে কি কাজ করেছে দেখুন। কেন্দ্রীয় সরকার এখানে বন্যার কাজে কো-অর্ডিনেন্স কমিটি করে দিয়ে গিয়েছিল। কেন্দ্রীয় রেলমন্ত্রীকে মুখ্যমন্ত্রী নিজে বলেছেন, আপনারা যে আবেদন জানিয়েছেন তার জন্য আমরা অত্যন্ত কৃতজ্ঞ। সুতরাং আমরা দেখতে পাচ্ছি কেন্দ্রীয় সরকারের সহৃদয়তার অভাব কখনো ছিল না এবং এখনো নেই। টাকার হিসাব জনতা পার্টির সভাপতি চন্দ্রশেখর তাঁর বিবৃতিতে দিয়েছেন। মাননীয় অর্থমন্ত্রীর বক্তৃতার উপর আমি আজকে তাঁকে বলতে চাই যে, আজকে ৬৯·৬৩ কোটি টাকা প্ল্যান এ্যাডভান্স দেওয়া হয়েছে। এই পরিমাণ প্ল্যান এ্যাডভান্স কে কোথায় কবে পেয়েছে ? প্রধানমন্ত্রীর আশ্বাসের পর সেটা দেখা যাচ্ছে নতুন প্ল্যানের সঙ্গে যাবে না। তারপর ফুডগ্রেন্স কত এসেছে ? ১৯·৩০ কোটি টাকার ফুডগ্রেন্স পাওয়া গিয়েছে। ৩০,০০০ টন ফুডগ্রেন্স এসেছে গ্রাচুটিয়াস রিলিফ হিসাবে। ২৫,০০০ টন হুইট এসেছে, ১০,০০০ টন চাল এসেছে, ৫০০ টন ডাল এসেছে, ১২·৫ টন ফুড ফর ওয়ার্কের খাদ্য এসেছে। কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী বার বার বলেছেন, ফুড ফর ওয়ার্কের জন্য খাদ্যের অভাব হবে না, আপনারা সকল শ্রেণীর মানুষকে একত্রিত করুন। কালকে বিশ্বনাথবাবুর কথা নিয়ে ডঃ মিত্র তার প্রতিবাদ করলেন। রাজনৈতিক মতপার্থক্যের কথা আনবেন না, ত্রাণের ব্যাপারে। সি. পি. আই, সি. পি. এম, কংগ্রেস এবং জনতার মধ্যে রাজনৈতিক মত-পার্থক্য থাকতে পারে। কিন্তু ত্রাণের ব্যাপারে আমরা সমস্ত মানুষকে এক সঙ্গে নিয়ে চলতে চাই। সেখানে সি. পি. এম. কংগ্রেস জনতার বিচার করতে চাই না। কিন্তু অত্যন্ত দুঃখের কথা আপনারা সেই জিনিষ করছেন। আমি অত্যন্ত দুঃখের সঙ্গে, ক্ষোভের সঙ্গে বলছি যে, আপনারা সেই জিনিষ গ্রামাঞ্চলে করছেন, ত্রাণের ব্যাপারে শোচনীয় দলবাজী করেছেন। এখানে অনেক মন্ত্রী অনেক অসত্য বিবৃতি রাখছেন এবং সি. পি. এম.-এর বাহবাও অনেক মন্ত্রী দিয়েছেন।

[ 4-55—5-05 P. M. ]

কালকে মাননীয়া মন্ত্রী শ্রীমতী নিরুপমা চ্যাটার্জী তার নিজের এলাকা সম্পর্কে বললেন। আমি ব্যক্তিগত ভাবে এবং অত্যন্ত দায়িত্ব-এর সঙ্গে বলতে পারি কমপক্ষে ১ মাস এক নাগাড়ে উলুবেড়িয়া মহকুমায় বন্যা বিধ্বস্ত এলাকায় কাটিয়েছি। সেখানে

ত্রাণ সামগ্রী নিয়ে অনেক দলবাজী হয়েছে। আপনারা ইন্দিরা গান্ধীর মত কমিটিড ব্যুরোক্রাসি করতে চাচ্ছেন। কংগ্রেস আমলে যে অফিসার ছিলেন কোন বিশেষ মন্ত্রীর তাঁবে, আজ আপনারা আপনাদের দলীয় সম্পাদকের নির্দেশে তাকে কাজে লাগিয়েছেন। যেখানে সুদক্ষ মন্ত্রী নেই, যেখানে সিনিয়ার মিনিষ্টার নেই সেখানে আপনারা দলীয় সম্পাদকের নির্দেশে কাজে লাগিয়েছেন। (কোথায় বলুন ?) —মেদিনীপুরের জেলা শাসককে আপনারা কাজে লাগিয়েছেন তিনি কার কথায় চলেন ? এইরকম একটি দৃষ্টান্ত নয় বহু নজির আমি দিতে পারি। আপনাদের লোক ২টি লরি নিয়ে চলে গেছেন। যখন হিসাব মেলেনি তখন থানায় রিপোর্ট করা হয়েছে। এই সময়ে ওপর তলা থেকে চাপ এসেছে যে ওটা প্রেস করবেন না। বহু গ্রামে সরকারী খাবার পৌঁছায়নি, ত্রাণ-সামগ্রী পৌঁছায়নি। জনসাধারণ কোন কোন গ্রামে সরকারী লোকের দ্বারা ইনজেকসন নেয়নি কিন্তু বেসরকারী সংস্থাগুলির কাছ থেকে ইনজেকসন নিয়েছে। (চেঁচামেচি) আমরা বালিগঞ্জে বসে রাজনীতি করি না। কুমারচক, হাফেজচক, খড়দহ প্রভৃতি জায়গায় কিভাবে আমাদের লোকেরা জীবন বিপন্ন করে ত্রাণের কাজ করেছে। মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন যথেষ্ট নৌকা পাওয়া যায়নি। আমি উলুবেড়িয়ার কথা বলতে পারি সেখানে ১২০ খানা নৌকা ছিল কিন্তু কটা সংগ্রহ করা হয়েছে ? যে কটা মোটর লঞ্চ ব্যবহার করা হয়েছে তার মধ্যে বেশীর ভাগই ব্যক্তিগতভাবে এবং সি. পি. এমের ক্যাডাররা ব্যবহার করেছে। এগুলি কি যথাযথভাবে ব্যবহার হয়েছে ? আর্মির লোকেরা কি অসুবিধার মধ্যে কাজ করেছেন। আর্মিরা ডিফেন্সে যে রিপোর্ট পাঠিয়েছে তা অনুগ্রহ করে সংগ্রহ করুন। তারা বলেছে সি. পি. এম. কিভাবে তাদের কাজে বাধা সৃষ্টি করেছে। সেটা দেখুন, দেখলে নিজেদের বিবেক পরিষ্কার থাকবে। আমি আমার বক্তব্য শেষ করার আগে আর একটি কথা বলতে চাই। মুখ্যমন্ত্রী মহাশয় তার বক্তৃতার মধ্যে একটি সুস্পষ্ট আভাস দিলেন না, যে কিভাবে সেবা প্রতিষ্ঠানগুলোকে কাজে লাগানো যেতে পারে। যদি এটা থাকতো তাহলে খুব ভাল হতো। মাড়োয়ারি রিলিফ সোসাইটি ডি. এম., এস. ডি. ও. এবং বি. ডি. ওর কাছে হন্যে হয়ে ঘুরে বেড়াচ্ছেন, যে তারা কোন্ গ্রামে কাজ করবেন জানতে। এরা কোন্ গ্রামে কাজ করবেন এই কথা বলতে বলতে ২ দিন কেটে গেল—সেবা প্রতিষ্ঠানগুলো ব্যক্তিগতভাবে কাজ করবে না দলীয় নির্দেশে কাজ করবে এটা আর ঠিক করে উঠতে পারছে না। সর্বস্তরে ত্রাণ কমিটি করার ব্যাপারে মুখ্যমন্ত্রী মহাশয়ের সম্মতি ছিল কিন্তু প্রমোদবাবু আপত্তি করার পর আর সেটা হলো না। আজকে দেশীয় সেবা প্রতিষ্ঠানগুলো, আন্তর্জাতিক সেবা প্রতিষ্ঠানগুলোকে কাজে লাগান। সমস্ত

শ্রেণীর মানুষের সহযোগিতা পাবেন। পশ্চিমবাংলার মানুষের আশীর্বাদ পাবেন এবং তারা সাধুবাদ জানাবে। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

[5-05—5-15 P.M.]

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য:** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, ২ দিন ধরে বন্যা নিয়ে আলোচনা হচ্ছে, যথেষ্ট উত্তাপ সৃষ্টি হয়েছে। বিরোধীপক্ষের বন্ধুদের বক্তৃতা শুনলাম, তবে অত্যন্ত কৌতুক বোধ করলাম যখন শ্রীসন্দীপ দাশ মহাশয়ের বক্তব্য শুনলাম। মনে হল কেন্দ্রীয় সরকারের একজন মুখপাত্র যেন আমাদের নানারকম উপদেশ দিচ্ছেন। ভাল। আমি এইটুকু বলতে চাই যে বিরোধীপক্ষের কাছ থেকে আমরা যে ধরণের বক্তব্য আশা করেছিলাম আমরা তা পাইনি—কিছুটা নিরাশ হয়েছি। নানারকম ছোটখাটো অভিযোগ—বিশেষতঃ ব্যক্তিগত অভিযোগ এবং সেই এক পুরণো কথা—ত্রাণ নিয়ে দলবাজি, এ ছাড়া নূতন কোন অভিযোগ শুনলাম না এবং খুব বড় একটা সাজেশান দেখলাম না। আমাদের পরিকল্পনা নেই, হতে পারে, কিন্তু একটা পরিকল্পনার কথা শুনলাম না। শ্রীকিরণময় নন্দ মহাশয় বললেন শ্রীমতী আভা মাইতি কেন্দ্রীয় মন্ত্রী—পশ্চিমবঙ্গের বন্যার সময় দুর্গত জেলাগুলিতে গ্রামে গ্রামে ঘুরেছেন, আমাদের পশ্চিমবঙ্গের মন্ত্রীরা নাকি সে রকম যাননি। আশ্চর্য্য হয়ে গেলাম। শ্রীমতী আভা মাইতি এসেছেন, ঘুরেছেন, আমরা তার সঙ্গে ঘুরেছি, আমরা তাঁকে আলাদা করে সহযোগিতা করেছি, আলাপ আলোচনা করেছি। কিন্তু এই কথা কি করে না বললেন? আমাদের মন্ত্রীরা কেউ নাকি গ্রামে গ্রামে যাননি। এখন একটা কথা হচ্ছে—হয়ত এই কথা হতে পারে যে কানাই ভট্টাচার্য্য সব জেলায় যাননি, কারণ আছে, মুখ্যমন্ত্রী মহাশয় এক একজন মন্ত্রীকে এক এক জেলার দায়িত্ব দিয়েছেন। যে কয়েকটি জেলা বন্যায় ক্ষতিগ্রস্ত হয়েছে, আপনরা নিশ্চয় জানেন এমনভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে যে একটা জেলার দায়িত্ব নিলে আর অন্যান্য জেলায় যাবার সময় থাকে না। আমি উদাহরণ দিচ্ছি। হাওড়া জেলার ভার আমার উপর ছিল, হাওড়া জেলায় ২৯ লক্ষ লোক, ২২ লক্ষ লোক এই বন্যায় ক্ষতিগ্রস্ত হয়েছে, ২ লক্ষর মত বাড়ী ধ্বসে পড়েছে, প্রায় আড়াই লক্ষ গবাদি পশু সেখানে বন্যায় আক্রান্ত হয়েছে। শুধু তাই নয়, হাওড়া শহরে যেখানে ছোট ছোট শিল্প সেই শহরে ১৩ হাজর ছোট শিল্পের মধ্যে ১১ হাজার ছোট শিল্প ক্ষতিগ্রস্ত হয়েছে। হাওড়া জেলার ২ লক্ষ একর জমিতে চাষ হয়, তার মধ্যে ১ লক্ষ ৮৫ হাজার একর জমির চাষ নষ্ট হয়ে গেছে। হাওড়া জেলায় শতকরা ৮০ ভাগ কুটির শিল্প এই

বন্যায় নষ্ট হয়েছে, এক কথায় একটি জেলার সমস্ত অর্থনৈতিক মেরুদণ্ড ভেঙে গেছে। বলুন, সেই জেলার দায়িত্ব গ্রহণ করে সেই জেলায় ঘোরা ছাড়া অন্য জায়গায় যাবার সময় কার আছে? প্রতিটি জেলায় গিয়ে আমরা মানুষকে উদ্ধার করেছি এ কথা তো বলছি না। যখন বন্যা হয়েছিল তখন জনসাধারণকে আমরা রেসকু করেছি, এ কথা তো কেউ বলেনি। বন্যায় বিশেষতঃ ২৭ তারিখ থেকে ২/৩ তারিখ পর্য্যন্ত যে তাণ্ডব পশ্চিমবঙ্গের উপর বয়ে গেছে সেখানে দেড়কোটি মানুষ এর দ্বারা এ্যাফেকটেড হয়েছে। কাজেই সম্ভব নয়, পশ্চিমবঙ্গ সরকারের কিংবা আমি বলতে পারি সেনাবাহিনীর দ্বারাও সম্ভব নয় সমস্ত লোককে রেসকু করা। যদি না সেই গ্রামের জনসাধারণ গ্রামের যুবকেরা সেই সমস্ত বন্যা কবলিত মানুষকে রক্ষা করার প্রচেষ্টা করত তাহলে কোন সরকার কিংবা মিলিটারির দ্বারা রক্ষা করা সম্ভব হোত না।

[5-05—5-15 P.M.]

আমাদের ধারণা হয়েছিলো কয়েক হাজার লোক বন্যায় মারা যাবে। বিশেষ করে হাওড়া জেলায় এক এক জায়গায় এমন ভেসে গেছে যে সেখানে আমরা ৫-৭-৮ দিন যেতে পারিনি। সে সময় রেডিও ট্রান্সমিসান লাইন সব নষ্ট হয়ে গিয়েছিলো আমরা কোন খবর পাচ্ছিলাম না। আমাদের মনে হচ্ছিল যে চার পাঁচ হাজার লোক বুঝি মারা গেছে। কিন্তু আমরা দেখলাম যে মানুষ নিজেরাই নিজেদের রক্ষা করেছে। আমি হাওড়া জেলার কথা বলতে পারি সেখানে দু হাজারের মত ঘর নষ্ট হয়ে গেছে। আপনারা কল্পনা করতে পারেন যে কোন সরকারের পক্ষে সে ঘর করে দেওয়া সম্ভব? আমার কাছে পশ্চিমবাংলার যে একটা হিসাব আছে তাতে ১৫ লক্ষের মত ঘর পড়ে গেছে। পশ্চিমবঙ্গ সরকার ১৫ লক্ষ লোকের ঘর করে দেবে? আমি সাধারণ মানুষ কি ভাবে এগিয়ে এসেছে সেটা বলছি। সাধারণ মানুষ বন্যার সাথে লড়াই করেছে এবং তারা সে লড়াইয়ে জিতেছে। আমাদের পশ্চিমবঙ্গ সরকার সে লড়ইয়ে মদত জুগিয়েছে। আমরা যদি তা জোগাতে না পারতাম তাহলে যে কথা আনন্দ বাজার যুগান্তর ফলাও করে লিখেছিলো যে হাজার হাজার মানুষ কলকাতাতে চলে আসবে ও পশ্চিমবাংলার প্রশাসন ব্যবস্থা ভেঙ্গে পড়বে বিপর্য্যস্ত হবে তা হতো। আমি জিজ্ঞাসা করি হাজার হাজার মানুষ কি কলকাতায় এসেছে? কেন আসেনি? আমি বলবো পশ্চিমবঙ্গ সরকার তাদের অন্তত বন্দোবস্ত করতে পেরেছে তাদের যেটা সবচেয়ে প্রয়োজন খাবার সেটা জুগিয়েছে। এই সময়ে তাদের এটা

দেওয়াই আমাদের কৃতিত্ব। আমরা যে মানুষকে সব কিছু দিতে পেরেছি তা নয়। আমাদের কৃতিত্ব যে আমরা তাদের লড়াইয়ে তাদের মদত দিতে পেরেছি এবং এখনও তা জুগিয়ে যাচ্ছি। একজন মাননীয় সদস্য বললেন যে তাদের মাত্র এক শত টাকা করে দেওয়া হচ্ছে ঘর বানাবার জন্য এবং এই একশো টাকা তারা খেয়ে ফেলছে। আমরা তাদের খাবার জন্য ২ কেজি গম দিচ্ছি। একশো টাকা দিলে তারা খেয়ে ফেলবে না। সে নিজের ঘর নিজে বানাবে। ৫০০ টাকা বা হাজার টাকা করে দেবার ক্ষমতা কোন সরকারের নেই তা কেন্দ্রীয় সরকার যতই সাহায্য করুন না কেন। কল্পনা করতে পারেন ১৭ লক্ষের মত ঘর সারা পশ্চিমবাংলায় নষ্ট হয়ে গেছে সেখানে ২ হাজার করে টাকা ঘর বানাবার জন্য দেওয়া সম্ভব? তাই আমরা একশো, দুশো চারশোর মত টাকা দিচ্ছি। এই টাকা দিয়ে তারাই বানাবেন। আমি হাওড়া জেলার গ্রামে গ্রামে ঘুরেছি। সাধারণ মানুষ নিজেদের চেষ্টায় সেখানে ঝুপড়ি বানিয়েছে। আমরা তাদের একটা ত্রিপল, পলিথিন দিতে পারিনি তবুও তারা ঝড় বৃষ্টিতে তারা বানিয়েছে। আমরা তাদের সাহায্য করেছি মদত দিচ্ছি। আমি শুধু একটা কথা বলতে চাই যে এঁদের সত্যকারের কোন অভিযোগ নেই। পশ্চিমবাংলায় আজকে যে ক্ষয় ক্ষতি হয়েছে তা মোকাবিলা করা অত্যন্ত শক্ত এটা আমরা জানি। আর জানি বলেই আমরা ঠিকভাবে এর মোকাবিলা করতে পারবো এই কথা এক্ষুনি বলছি না—তবে প্রচেষ্টা হচ্ছে। পরিকল্পনা মত কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আমরা সাহায্য চেয়েছি। যদি সাহায্য পাওয়া যায় সমস্ত মানুষ-এর আমরা যে ভাবে সহযোগীতা পাচ্ছি তাতে আমরা নূতন পশ্চিমবাংলা গড়ে তুলতে পারবো। (ডাঃ জয়নাল আবেদিন—ধ্বংস করতে পারবেন।) ধ্বংসই যদি আমরা করবো তাহলে একটা কথা আপনাকে বলি সাধারণ মানুষ যদি আমাদের এই অবস্থায় বিক্ষুব্ধ হয় তাহলে আপনি তাদের আমাদের বিরুদ্ধে আন্দোলনে নামান। দেখবো পশ্চিমবাংলার মানুষ আমাদের সাথে আছে না আপনাদের সাথে আছে। আপনারা যেভাবে ধ্বংস করে গেছেন আমরা তার উপর ইমারত গড়ে তোলবার চেষ্টা করছি। (ভয়েস—দম্ভ করবেন না) দম্ভ করিনি। আমি অত্যন্ত প্রাগমেটিকালি বথাবার্তা বলছি। আমি এই কথা বলিনি যে পশ্চিমবঙ্গ সরকার সবকিছু করে দিচ্ছে। সাধারণ মানুষই আসল শক্তি। সাধারণ মানুষ সাহস নিয়ে লড়াই করছে আমরা তাদের শুধু মদত দিচ্ছি। সেই মদত যদি আমরা ঠিকভাবে জোগাতে পারি তাহলে আমরা মনে করি যে পশ্চিমবাংলাকে নূতন করে গড়ে তুলতে পারবো। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীরাম চ্যাটার্জী ঃ** মাননীয় স্পীকার স্যার, বন্যার যে তাণ্ডব নৃত্য চলে গেছে তার রেশ এখনও থামেনি। চারিদিকে বিস্তৃর্ণ এলাকা জুড়ে যে হাহাকার, কোটী মানুষের যে কান্না তা আমরা বামপন্থী সরকার দেখেছি। তারা কেঁদেছে, বামপন্থী সরকার তাদের পাশে গিয়ে দাঁড়িয়েছে। আর যদি দেখা যায় যে বামপন্থী সরকার তাদের কর্তব্য করতে চলেছে তখন ফেরুবলের মত একদল আকাশ বাতাস বিঘোষিত করে চিৎকার করছে না—না—না এ কান্না আমরা থামাতে পারবো না। কিন্তু বাম সরকার গরীব মানুষের সরকার, গরীব মানুষের দায় দায়িত্ব নিয়ে তারা এগিয়ে চলেছে কারণ বামপন্থী সরকার জানে যে এই বিরাট দুর্যোগে দেশের গরীব মানুষ সর্বস্বান্ত হয়েছে, তাদের ঘরবাড়ীকে চুরমার করে দিয়ে চলে গেছে। বামপন্থী সরকার সেই গরীব মানুষকে নিয়ে কারবার করবে না, তাদের দুঃখ মোচনে এগিয়ে যাবে। রিলিফ নিয়ে দলবাজীর কথা বলেছেন। কার সাথে দলবাজী করবো? ওঁরা তো—ঐ গরীব মানুষ তো আমাদেরই লোক, ওদের সাথে কি দলবাজী করবো। মানুষ ডুবছে ঐ জলের মাঝখানে যেখানে ডুবন্ত মানুষ বাঁচতে চাইছে হাত তুলছে সে অবস্থা আমরা দেখেছি। পিঠে বাঁধা শিশু মা ডুবছে। কাল মানুষগুলো সাদা হয়ে জল থেকে উঠছে তারা কি সি. পি. এম-এর মা, কংগ্রেসের মা না ফরোয়ার্ড ব্লকের মা? আমরা দেখেছি মানুষ ডুবছে তাদের রক্ষা করবার জন্য তখন কাউকে দেখা যায়নি। দলবাজীর যে কথা বলছেন ঠিকই তো দলবাজী করে আপনারা শেষ হয়ে গেছেন। আমরা সে একজামপেলের দিকে যাব না। সেজন্য বলছি ত্রাণ বিলি একসঙ্গে করি। পজিসান চাই—এইভাবে যখন এলাকা ডুবছে তখন আরামবাগে কমিটি তৈরি হলো সর্বস্তরে আমরা সাব ডিভিসানাল কমিটি করেছিলাম—মুখ্যমন্ত্রী তাতে বাধা দেননি। আরামবাগে যে ভদ্রলোক ঢুকেছিলেন ননীবাবু বুঝতে পারছেন কার কথা বলছি। জল কমলে সকলের সহযোগীতায় আমরা এগোবো। কিন্তু আমরা কি দেখেছি? আপনারা যেটা বলছেন—এই এলাকার লোকগুলি যদি আমাদের সঙ্গে না চলতো সহযোগীতা না পেত তাহলে তারা কলকাতায় চলে আসতো চেঁচাতো। কিন্তু তারা আসেন নি, কারণ কি?

[ 5-15—5-25 P.M. ]

কারণ তারা গ্রামে বসেই সেটা খেয়েছে। তারা শুনেছিল পুলিশ মানুষকে পেটায়। কিন্তু এবারে দেখা গেল পুলিশ পর্যন্ত এই ব্যাপারে একসঙ্গে এগিয়ে এসেছে। তারা দেখেছে এই গরীব মানুষগুলি ছারখার হয়ে যাবে এবং এর ফলে

আমাদের ভবিষ্যৎ নষ্ট হয়ে যাবে, কাজেই এই জিনিস হতে পারে না। তবে এটাই আমাদের সব নয়, এ্যাসেম্বলীই সব নয়—আমরা চাই গোটা ভারতবর্ষের গরীব মানুষের দুঃখ মোচন করতে। এতদিন হয়ে গেল দেশ স্বাধীন হয়েছে কিন্তু এখনও দেখছি গরীব মানুষের বিভিন্ন রকম দুঃখ রয়েছে, কান্না রয়েছে। স্যার, এই বন্যার সময় দেখেছি তারা মানুষের সঙ্গে কাঁধে কাঁধ মিলিয়ে চলেছে এবং তাদের সঙ্গে রয়েছে বামফ্রন্টের কর্মীরা এবং নেতৃবৃন্দ। আমরা তাদের বলেছি আপনারা নিজেদের সংগঠনকে আরও শক্তিশালী করে গড়ে তুলুন, আপনারা গরীব মানুষদের বোঝান, তাদের সকলকে এক করুন। আমরা তাদের বলেছি আপনারা দেখুন, এটা আপনাদের একটা কাজ যে, গরীব মানুষগুলো যাতে মরে না যায়। স্বাধীনতার পর ৩০ বছর চলে গেল অথচ আজও দেখছি রুগ্ন মায়ের কোলে ছেলে কাঁদছে। স্যার, কংগ্রেস সরকার এই ড্যাম করেছিল এবং তাদের পাপে আমরা ভুগছি এবং ভেসে যাচ্ছি। তবে সুখের কথা আমরা সকলের সঙ্গে কাঁধে কাঁধ মিলিয়ে তার মোকাবিলা করেছি। আমরা বাংলাদেশকে নূতন করে তৈরী করতে চাই আমরা চাই গোটা ভারতবর্ষ আমাদের দৃষ্টান্ত দেখে শিখবে এবং তারা গোটা ভারতবর্ষের গরীব মানুষের দুঃখ ঘোচাবে। তবে এই গরীব মানুষদের স্বার্থে আমরা আপনাদের কাছ থেকে সহযোগিতা চাই এবং সেটা ভারতবর্ষের স্বার্থেই চাই। গত ৩০ বছরের এই যে ইতিহাস, এই যে অসহনীয় অবস্থা আমরা এর পরিবর্তন করতে চাই। আমরা মনে করি গরীব মানুষ ছাড়া আমাদের কাছে আর কিছু নেই। ওই সর্বহারা মানুষরাই হচ্ছে আমাদের সব। তারাই আমাদের পাঠিয়েছে, কাজেই তাদের কাজ করব না তো কার কাজ করব? আপনারা বললেন মুখ্যমন্ত্রী মহাশয় বম্বে গিয়েছিলেন। নিশ্চয়ই যাবেন। তাঁকে আরও দূর প্রান্তে যেতে হবে, গরীব মানুষকে বাঁচাতে হবে। মানুষকে বাঁচাবার জন্য শুধু বম্বে কেন, ভারতবর্ষের যে কোন প্রান্তে যেতে হবে এবং দরকার হলে চীনেও যেতে হবে। আমি আপনাদের বলছি আপনারাও গরীব মানুষদের কাছে যান, গরীব মানুষদের এক করুন। কানাইবাবু বলেছেন, ওঁদের সেই টাইম কোথায়? স্যার, একজন ভদ্রমহিলার স্বামী মারা যাবার পর সে আলুথালু বেশে ছুটে যাচ্ছে দেখে একজন বলল কোথায় যাচ্ছে? তখন সেই ভদ্রমহিলা বললেন, "ও আসবে"। তখন সেই লোকটি তাঁকে বলল, সে আর আসবে না। তাই আপনাদের আমি বলছি, আপনারাও আসুন, এর মোকাবিলা করুন।

**শ্রীমহম্মদ সোহরাব:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বন্যা নিয়ে আলোচনা করার

পূর্বে রামবাবু যে বক্তৃতা করলেন সেটা নিয়ে আমি আলোচনা করতে চাই কারণ দেখলাম তিনি অনেক কিছু জানেন না। তবে কানাইবাবু যে বক্তৃতা করলেন তাতে দেখলাম তিনি বিরোধীদলের সহযোগিতা বা সাহায্য দাবী করলেন না, তাঁরা চাচ্ছেন সংঘাত। তাঁরা চাচ্ছেন বিপন্ন মানুষকে নিয়ে রাজনীতি করবেন। স্যার, বন্যা ক্লিষ্ট মানুষদের কি লড়াই করতে বলা যায়? যা হোক, তিনি যাই বলুন না কেন আমরা হিংসায় বিশ্বাস করি না, আমরা চাই কি করে এই দুর্গত মানুষদের সাহায্য করা যায় এবং এই ব্যাপারে কি করে সহযোগিতা করা যায়। আমরা কোন সংঘাতের মধ্যে যেতে রাজী নই। স্যার, আমি দেখলাম গতকাল মাননীয় সদস্য অমলবাবু একটা ইমোসন্যাল বক্তৃতা দিয়েছেন এবং বলেছেন শেষের দিকে যে, বামফ্রন্ট সরকার অনেক কিছু করেছে। আমি কানাইবাবুকে ধন্যবাদ দিচ্ছি কারণ তিনি অকপটে বলেছেন আমরা বেশী কিছু করতে পারিনি, যেটুকু আমরা পেয়েছি সেইটুকু দিয়ে কাজ করেছি। আমি একটা জিনিস লক্ষ্য করছি অমলবাবু এবং বামফ্রন্টের অনেক বন্ধু আজকে দেড় বছর হয়ে যাওয়া সত্বেও "এই ৩০ বছর" এই কথাটা বলে বক্তৃতা সুরু করছেন। আমি জানতে চাই তাঁরা এই দেড় বছরে কতটুকু করেছেন। তাঁদের জন্য সাধারণ মানুষ আজ কতটা বিপদে পড়েছে সেই আত্ম সমালোচনা করবার প্রবণতা তাঁদের নেই। আগামী দিনে এই বন্যা কি করে বন্ধ হতে পারে এবং আবার যাতে এই সমস্যা না দেখা দেয় সেইজন্য কোন পরিকল্পনা তাঁরা দেখাতে পারছেন না। তাঁদের যে বিবৃতি সেটা সত্যই বিভ্রান্তিমূলক। তাঁরা বলেছেন এসেনসিয়াল কমোডিটিস্—এর দাম বাড়েনি। আপনারা সকলেই জানেন কিছুদিনের মধ্যেই কয়লার দাম মন প্রতি ২৫/৩০ টাকা হয়েছিল এবং আমি দেখেছি বহরমপুরে ২ টাকা ৮০ পয়সা চালের কে. জি. হয়েছিল। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, তাঁরা বলছেন কয়েক দিনের মধ্যেই তাঁরা সমস্ত ত্রাণ সামগ্রি পৌঁছে দিয়েছেন। কিন্তু আমি জানি বহু জায়গায় বিশেষ করে আমার এলাকা মুর্শিদাবাদের বিভিন্ন জায়গায় দেখেছি ১০/১৫ দিনের মধ্যে সরকারের তরফ থেকে কোন ত্রাণ সামগ্রী যায়নি। সেখানে যা করা হয়েছে সেটা বেসরকারী প্রতিষ্ঠানের পক্ষ থেকে করা হয়েছে। আমাদের মুর্শিদাবাদে যখন থার্টিফোর ন্যাসনাল হাইওয়ে ভেঙ্গে গেল তখন বলা হল সমস্ত ত্রাণ সামগ্রী নষ্ট হয়ে গেছে। তা যদি হয় তাহলে লঞ্চে করে কেন ত্রাণ সামগ্রী পাঠান হল না? নর্থ বেঙ্গলে বেশ কয়েকদিন পর ব্যবস্থা করা হয়েছে। কাঁন্দি মহকুমার গ্রাম পঞ্চায়েত প্রধান বলেছিলেন যে যদি ১০ হাজার টাকা খরচ করে একটা বাঁধ দেওয়া যায় তাহলে অনেক উপকার

হবে। কিন্তু দেখা গেল সেখানে সমস্ত কিছু ধ্বংস হয়ে গেল। সেখানে নাকি শুনছি ৪ লক্ষ টাকার একটা প্রকল্পের এস্টিমেট করা হয়েছে। আমরা দেখেছি মুর্শিদাবাদ ফার্স্ট ফেজ্, সেকেণ্ড ফেজ, থার্ড ফেজে প্লাবিত হয়েছে, পদ্মার জলে জঙ্গীপুর প্লাবিত হয়েছে এবং পদ্মার ভাঙ্গন রোধের ব্যবস্থা করা হল না বলে সেখানকার বাঁধ পদ্মা গর্ভে চলে গেছে।

[5-25—5-35 P.M.]

আমি এটা বলতে চাই যে যদি পদ্মার ধারে ধারে ভাঙন রোধ করার জন্য উচু বাঁধ তৈরী না করেন তো প্রতি বছর বন্যার হাত থেকে জঙ্গীপুর মহকুমা এবং মুর্শিদাবাদের পূর্বাঞ্চলকে কোনদিন রক্ষা করা যাবে না। আমি সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে এই বিষয়ে অনতিবিলম্বে ব্যবস্থা যেন করা হয়। আমরা দেখতে পাচ্ছি আজকে মুর্শিদাবাদে পঞ্চায়েত সমিতি জেলা পরিষদ গঠিত হয়নি। এখন কেবল ব্লক কমিটি মাধ্যমে ত্রাণ বিলি হচ্ছে, এতে করে দলবাজী করছেন। এই ব্লক কমিটিতে বেশীরভাগ হচ্ছে সি. পি. এম.-এর লোক, দু-তিন জন আর. এস. পি. সদস্য আছে এবং বিভিন্ন জায়গায় যেখানে এই ব্লক কমিটিতে সি. পি. এম. শক্তিশালী সেখানে রিলিফ ম্যাটিরিয়েলস্ চলে যাচ্ছে। সেটা আমরা দেখেছি। বিভিন্ন কনস্টিটিউয়েন্সীওয়াইজে যে সভা হয়েছিল আমাদের জেলায় সেখানে দেবীবাবু পর্য্যন্ত বলেছেন ভরতপুরের তুলনায় অন্য জায়গায় বেশী মাল যাচ্ছে এবং আমরা দেখব অন্য জায়গাতে যাতে বেশী মাল না যায়। সি. পি. এম. সদস্যরা যেখানে শক্তিশালী সেখানেই এই জিনিষ করছেন। মাননীয় সত্যবাবু, অমলবাবু একথা জেলার মিটিং-এ বলেছেন যে ব্লক কমিটি মাধ্যমে দলবাজী হচ্ছে। বহু নজির আমার কাছে আছে। সেখানে এমন দুর্নীতি হচ্ছে যে সত্যবাবু এই অভিযোগ ডি. এম.-এর কাছে এবং মন্ত্রীর কাছেও করেছেন, সি. পি. এম. প্রধান-এর বিরুদ্ধে দুধ চুরির কেস হয়েছে কিন্তু আজ পর্য্যন্ত তাকে এ্যারেস্ট করা হয়নি এবং আমার কাছে অত্যন্ত বিশ্বস্তসূত্রে সংবাদ আছে সি. পি. এম.-এর শক্তিশালী লোকেরা বহরমপুরের ও. সি. কে. ডেকে নিয়ে বলেছেন এর বিরুদ্ধে কেস আছে কিন্তু কোন অ্যাকশন নেওয়া হবে না। আমি আশা করি মাননীয় সত্যবাবু আমার এই কথা সমর্থন করবেন, অবশ্য এখন তিনি অন্য রকম বলবেন কিনা জানি না। অপরপক্ষে খরগ্রামের ওখানে কি করে গম চুরি, মারামরি, খুন হয়েছে সেকথা সকলেরই জানা আছে। সুতরাং আজকে মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের চিন্তা করতে হবে বন্যাক্লিষ্ট

পশ্চিমবাংলার মানুষদের কি করে দুঃখ দুর্দশায় সাহায্য করতে পারি, যাতে তাদের পুনর্গঠন এবং পুনর্বাসন হয়, তারই চেষ্টা আমাদের করতে হবে। সেজন্য আমাদের সমস্ত দলের মানুষদের মিলে সুস্পষ্টভাবে পরিকল্পনা করতে হবে, তাহলে নিশ্চয়ই ব্যবস্থা হবে। আর যদি কেবলমত্র দলবাজী চলে তাহলে কিছু হবে না। শুধু ব্লক কেন, পঞ্চায়েত স্তরে কেন কমিটি গঠন করবেন না? জেলা স্তরে কি ফাংশন, প্রাদেশিক স্তরে কি ফাংশন এটা আমাদের সকলেরই জানা আছে। মুর্শিদাবাদে জেলা পরিষদ হয়নি, মেদিনীপুরে হয়নি। অন্য জেলায় হয়েছে। ব্লক কমিটি মাধ্যমে যে বিলি হচ্ছে তাতে দলবাজী হচ্ছে। তাই ডেপুটি স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একথা বলতে চাই পশ্চিমবঙ্গের বন্যাক্লিষ্ট মানুষদের দুঃখ দুর্দশা থেকে বাঁচাবার জন্য আমরা এগিয়ে এসেছি, আজকে তাদের এগিয়ে নিয়ে যেতে হবে এবং আগামী দিনে যাতে এই রকম ঘটনার পুনরাবৃত্তি না ঘটে, সেজন্য বিভিন্ন প্ল্যান তৈরী করে দিন এবং যে সমস্ত সেচ পরিকল্পনা হবে, রাস্তাঘাট ইত্যাদি হবে তাতে দুর্নীতি যাতে না হয় তার ব্যবস্থা করুন।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য্য**ঃ মিঃ ডেপুটি স্পীকার স্যার, বিধানসভা বসার আগে কাগজে পড়েছিলাম বিধানসভায় ঝড় বয়ে যাবে। নিম্নচাপ কেন্দ্র বোধ হয় সরে গেলো, মৃদু মলয় পবন বইলো। বিরোধীরা যে বক্তব্য রাখলেন তা উল্লেখযোগ্য নয়, কনস্ট্রাকটিভ তো নয়ই। বামফ্রন্ট সরকার খাদ্য দিতে পারেনি বলেছেন। একটা জিনিষ আপনাদের হাতে ছিল। ১৯৫৬ সালে বান হয়েছিল, ১৯৫৯ সালেও বান হয়েছিল। আপনারা সেই সময় বেশি দিয়ছিলেন একবার দেখিয়ে দিয়ে প্রমাণ করতে হতো যে বামফ্রন্ট সরকার আপনাদের চাইতে কম দিচ্ছে। এরকম অভিযোগ আছে যে সেবার যাদের ঘর ভেঙেছিল তারা টাকা পায়নি, যাদের ঘর ভাঙ্গেনি তারা ঘুষ দিয়ে টাকা পেয়েছিল—সেটা আপনাদের জানা আছে। আমরা মুর্শিদাবাদের লোক বিপদে আছি। উত্তর থেকে ফারাক্কার এক কোণ ভাঙ্গলে মুর্শিদাবাদ জেলা আজকে পশ্চিমবঙ্গ থেকে মুছে যাবে এবং সেই ফারাক্কার দরুণ আমাদের কি লাভ হচ্ছে জানি না। একবার ১৯৬৭ সালে শুনেছিলাম, শোনা কথা, দেশ যখন ভাগ হয় মুর্শিদাবাদ নদীয়া পাকিস্থানে পড়েছিল। কিন্তু রাখা হয়েছে এই কারণে যে কলকাতাকে বাঁচাবে মুর্শিদাবাদ ও নদীয়া জেলা। আমরা কি কলকাতার নোনাজলকে সাদা করার জন্য অনন্তকাল বানে ভাসবো? একথা মন্ত্রীসভাকে ভাবতে হবে। দেড় মাইল যদি ভাঙ্গে তাহলে মুর্শিদাবাদ পশ্চিমবঙ্গে থাকবে না। এখনও ফারাক্কার জন্য হাজার হাজার বিঘা

জমি জলমগ্ন হয়ে থাকছে। আমি সেই দিকে আপনাদের দৃষ্টি আকর্ষণ করবো। একদিকে ফারাক্কা, আর একদিকে ময়ুরাক্ষী। অনেকে বলেছেন তিলপাড়া বাঁধ ঠিকমতো খোলা হয়নি, ফিট্ট হচ্ছিল। আমাদের বক্তব্য হচ্ছে, আমরা কান্দী মহকুমার লোক যদি গেট খুলে দেওয়া হতো তাহলে বাণে ডুবতাম, না খুলে দিলেও বাণে ডুবতাম। জল আসতোই, আমাদের বাণে ডোবা থেকে কেউ রক্ষা করতে পারতো না। ময়ুরাক্ষী প্রজেক্ট আমাদের জল দিক না দিক, বাণ দিচ্ছে, প্রায় বছর বাণ দিচ্ছে, আমরা ডুবে যাচ্ছি। আপনাদের একথা চিন্তা করতে হবে, আমরা দশ বছর হয়তো ভাল থাকছি, ঘরদোর বানাচ্ছি, বাণ আসছে, ঘরদোর ভেঙ্গে যাচ্ছে। চিন্তা করতে হবে ১৯৫৬ সালে বাণ হয়েছে, ১৯৬৯ সালে হয়েছে, ১৯৭১ সালে হয়েছে, এখন ১৯৭৮ সালে হল, মানুষ বাঁচবে কি করে। ফ্লাডের সময় কতকগুলো জিনিষ লক্ষ্য করেছি। এক ফার্লং দূরে লোক দাঁড়িয়ে আছে গাছের উপরে আমরা রক্ষা করতে পারিনি অভাবে। আমরা শুনেছি মিলিটারী বোট কাজ করছে, চোখে দেখিনি। তিন চারদিন পরে মিলিটারী বোট দেখেছি, আপনারা অনেকে প্রশংসা করেছেন মিলিটারী বোটের। আমার কিন্তু ধারণা হয়েছে যদি এই অবস্থা হয় মিলিটারী বোটের তাহলে ভারতের প্রতিরক্ষা ব্যবস্থা সম্পর্কে চিন্তা করতে হবে। যারা চার মাইল রাস্তা যেতে পারে না, যারা এসে খাই খাই করে, সেই ধরণের বোট পাওয়ার সঙ্গে সঙ্গে আমরা ফেরৎ পাঠিয়ে দিয়েছি। আমাদের কোন দেশী বোট থাকলে কাজ দিতো। সেইজন্য আমি অনুরোধ করবো যেসব এলাকায় বাণ হয়, সেই সমস্ত এলাকায় অন্ততঃ মুর্শিদাবাদ জেলায় কিছু অন্ততঃ স্পীড লঞ্চ রেডি রাখুন। স্পীড লঞ্চ রেডি রাখুন যাতে আমরা মানুষকে উদ্ধার করতে পারি। লোকে খাবার চাইছে খাবার দিতে পারছি না। কি করে দেবো? ৭ মাইল দূরে কান্দীতে খাবার আছে, আমাদের নৌকা নেই, খাবার আনতে পারিনি, মানুষকে উদ্ধার করতে পারিনি। সেই কথা চিন্তা করতে হবে এবং চিন্তা করে ব্যবস্থা করতে হবে। রিলিফ দেওয়া হচ্ছে পঞ্চায়েতের মাধ্যমে। সেটা ঠিকই পঞ্চায়েতের মাধ্যমে রিলিফ দেওয়া। কিন্তু আমাদের লক্ষ্য রাখতে হবে পঞ্চায়েতের যারা প্রধান আছেন তারা মিলিতভাবে সকল সদস্যকে নিয়ে যাতে কাজ করেন। অনেক ক্ষেত্রে সেটা হচ্ছে না। অনেক ক্ষেত্রে না হওয়ার ফলে অসুবিধা হচ্ছে। আমাদের বামফ্রন্ট সরকারকে লক্ষ্য রাখতে হবে যাতে পঞ্চায়েতের প্রধানেরা সমস্ত সদস্যদের মিলিতভাবে কাজ করান। এটা লক্ষ্য রাখা দরকার। আর একটা জিনিষ লক্ষ্য করেছি আমরা যে বাঁধ দিয়েছি নদীর ধারে বিভিন্ন বাঁধ, তা একদিকে বাণে

ভাঙ্গছে এবং তা দিয়ে সমস্ত বাড়ী নিশ্চিহ্ন হয়ে যাচ্ছে। আমি ইঞ্জিনীয়ার নই, কিন্তু আমার ধারণা হয়েছে, যদি নদীর বাঁধগুলো না দিতাম নদীর জল আসতো, কিন্তু ঘর ভাঙ্গতো না। আমি সেই জন্য চিন্তা করতে বলবো সরকার নদীর ধারে যেন বাঁধ না দেন। বাণের পর দেখেছি সমস্ত ক্যানেলের জল এসেছে। একটা ক্যানেলের জায়গায় তিনটে করে ক্যানাল হয়েছে। আজকে কনট্রাক্টররা উৎফুল্ল, কাজ হবে, তারা লক্ষ লক্ষ টাকা পাবে। কিন্তু আমার এই ধারণা হয়েছে নদীর বাঁধ যদি না থাকতো তাহলে জল আসতো, কিন্তু বাড়ী ভাঙ্গত না। আমরা দেখেছি আমাদের নদীর বাঁধ সাড়ে আটটায় রাত্রিতে ভাঙ্গল, আর রাত্রি ৯ টা থেকে বাড়ী ভাঙ্গতে লাগলো। বাঁধ না থাকলে জল হয়তো আসতো, কিন্তু বাড়ী ভাঙ্গতো না। এক একটা বাড়ী আট-দশ হাজার টাকার মাটির কোঠা বাড়ী। আপনারা বলছেন, একশো টাকা দেবেন, কি, দুশো টাকা দেবেন। কিন্তু ক্ষতিপূরণ দিয়ে পুনর্গঠন করা যায় না। আপনারা আংশিক ক্ষতি কাকে বলবেন? যে দোতলা বাড়ীর একটা দেওয়াল ভেঙ্গে গিয়েছে সেটা কি আংশিক ক্ষতি?

[5-35—5-45 P.M.]

যে বাড়ী আধ ভাঙা হয়ে পড়ে গেছে সেটা ভাঙ্গতে যে আরও টাকা লাগবে সে টাকা পাবে কোথায়। আর একটা জিনিস আপনারা বলেছেন যে যাকে ৪০০ টাকা দেওয়া হবে তাকে ঋণ দেওয়া হবে না। তাহলে সে বাড়ীটা তৈরী করবে কি করে? কারণ আপনারা নিশ্চয় জানেন যে ৪০০ টাকায় কোন বাড়ী হয় না। তার আমি বলছি যাতে ৪০০ টাকা পাবার পরেও ঋণও যাতে পায় তার ব্যবস্থা করুন। আমি দেখেছি বইতে লেখা আছে যে পুনর্গঠন হবে না। ৮।১০ হাজার টাকায় বাড়ী করেছে—কিভাবে সেটা পুনর্গঠন হবে? তা হতে পারে না ছোট বাড়ীও নয় পাকা বাড়ীও নয় সেভাবে ব্যবস্থা করা যেতে পারবে না। তারপর তিনটি মজুরী করেছেন যারা রাস্তায় কাজ করবে যারা বালি তুলবে, এইভাবে যে তিনটি মজুরী করেছেন কাউকে দু কে.জি. গম কাউকে তিন কে.জি. গম এই যে সব ভাগ করে দিয়েছেন এতে গ্রামে একটা ক্লাস লেগে যাবে এটা বন্ধ করে একরকম মজুরীর ব্যবস্থা করুন। পরিশেষে আমি কৃষি বিভাগকে একটি কথা বলতে চাই। আমরা জানি বান থেকে আমরা রেহাই পাবো না এবং তার কোন উপায় দেখছি না। দেখা যাবে পাঁচ ছয় বছর পরে আবার ময়ুরাক্ষীর জল আসবে। তাই আপনারা ঠিক করুন কোন্ এলাকা

বন্যার্ত এবং সেখানে এফ. এফ. ডাবলিউ. স্কীম ভালোভাবে চালু করুন। এবং সেখানে বোরো ধানের চাষ হয় তার ব্যবস্থা করুন—সেখানে এগ্রিকালচার মেসিন এমনভাবে চালু করুন যাতে বন্যা হবার পরেও সেখানে চাষ হয়। আপনারা বলছেন গম চাষ করতে। কিন্তু কি করে চাষ করবে? সেচের ব্যবস্থা কোথায় এবং তা যদি না থাকে তাহলে উৎপাদন করবে কি করে? আমি সনির্বন্ধ অনুরোধ করবো ভালভাবে ইরিগেসনের ব্যবস্থা করুন নদী থেকে রিভার ইরিগেসনের ব্যবস্থা করুন ডিপ টিউবওয়েল করুন। আমাকে একজন ইঞ্জিনীয়ার বলেছিলেন গঙ্গার জলের লেবেল উঁচু হয়ে গিয়েছে। তাহলে ডিপ টিউবওয়েল হচ্ছে না কেন? এইসব জায়গাতে দীর্ঘ মেয়াদী সেচের ব্যবস্থা করুন যাতে সেখানে বান হলেও চাষ হয়। যাতে ঐ সমস্ত এলাকায় চাষ হয় তার জন্য ডিপ টিউবওয়েল স্যালো টিউবওয়েল করুন নদী থেকে জল তোলার পাকাপাকি ব্যবস্থা করুন যাতে বান হওয়ার পরেও চাষ করে ফসল তোলা যায়। তারপর আমি সাপ্লাই বিভাগকে অনুরোধ করবো। এই সমস্ত গ্রাম এলাকাতে কয়লা সিমেন্ট ইত্যাদি সাপ্লাই ব্যাপারে অনেক অসুবিধা হচ্ছে। তাহলে লোকে ইট করবে কি করে সমেন্ট যদি না পাওয়া যায় তাহলে বাড়ী হবে কি করে? এই সমস্ত ব্যবস্থা করার অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীবীরেন্দ্র কুমার মৈত্র**ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আশা নিয়ে এসেছিলাম যে তিন দিন ধরে যে আলোচনা হবে সরকারপক্ষ আমাদের অভিজ্ঞতার সঙ্গে তাঁদের অভিজ্ঞতা মিলিয়ে একটা সিদ্ধান্তে আসা যাবে। কিন্তু এখানে এসে কি দেখলাম? সরকারপক্ষের বক্তব্য হচ্ছে সব ঠিক হ্যায়, আর বিরোধীপক্ষ যা বলছে সব ঝুটা হ্যায়। আজকে এইটাই প্রমাণ করার জন্য কি এখানে এতো হাজার হাজার টাকা খরচ করা হয়েছে? মুখ্যমন্ত্রী বলেছেন ন্যাচার্যাল ক্যালামিটি, আমরা বলছি ন্যাচার্যাল ক্যালামিটি, প্রধানমন্ত্রী বলছেন ন্যাচর্যাল ক্যালামিটি হয়েছে। কিন্তু কি দেখছি দেখছি যে কেবলমাত্র সি. পি. এম. পার্টিই তা থেকে রক্ষা করতে পারে। মাননীয় মন্ত্রী কানাইবাবু খুব ধীর মস্তিষ্কের মানুষ বলেই জানতাম। তিনি বলছেন সব অর্গানাইজড করুন। আমি তাঁকে স্মরণ করিয়ে দিতে চাই পার্লামেন্টে ইন্দিরা গান্ধী ঐ একই কথা বলেছিলেন সিদ্ধার্থ শঙ্কর রায় ঐ একই কথা বলেছিলেন। আপনারা মনে রাখবেন এই পশ্চিমবাংলার লোক দরকার হলে আবার উল্টে দিতে পারে এবং তা একবার দিয়েও ছিল। আজকে বলছেন আমরা নাকি পঞ্চায়েতকে ক্ষমতা দিতে বিরোধী। মোটেই নয়। পঞ্চায়েতকে ক্ষমতা দেবার বিরোধী আমরা মোটেই নই। আমরাই অশোক মেটা কমিটি করেছি। এখানে

পঞ্চায়েত মন্ত্রী নেই, অশোক মেটা কমিটি বলেছেন পঞ্চায়েতকে কত ক্ষমতা দেবেন—সেই ক্ষমতা দেওয়া যায় নি। পঞ্চায়েতকে ক্ষমতা দেওয়া মানে সকলে মিলেমিশে কাজ কর, এটাই আমরা চাই। পঞ্চায়েত ক্ষমতা মানে এই নয় যে কেবল একজনই শুধু কাজ করবে। মুখ্যমন্ত্রীর উপর আমাদের অনেক ভরসা ছিল। তিনি যখন বলেছেন এটা ন্যাশন্যাল ক্যালামিটি তখন আমাদের ধারণা হয়েছিল হয়ত সকলে মিলেমিশে কাজ করব। মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা করে আমাদের সেই ধারণাই হয়েছিল। কিন্তু আমার জেলার একজন বিশিষ্ট সি. পি. এম. নেতার সঙ্গে আমি কথা বলেছিলাম যে মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা বলে আমার ধারণা হয়েছে তিনি সকলকে নিয়ে চলতে চান, অথচ আপনারা কেন এমন করছেন। তিনি বললেন মুখ্যমন্ত্রী ডাঃ রায় হতে চাচ্ছেন, তিনি সকলের কাছে প্রিয় হতে চাচ্ছেন। কিন্তু আমাদের তো পার্টি দেখতে হবে। মুখ্যমন্ত্রী অল ইণ্ডিয়া পার্টি লিডার হতে পারেন, আমাদের তো পার্টি দেখতে হবে। তারপর দেখলাম রিলিফ মিনিষ্টার মালদহ জেলায় একটি মিটিং করতে গেলেন। আমি তার সামনে কতকগুলি স্পেসিফিক দুর্নীতির কেস দিয়েছিলাম। দেখলাম তিনি দুর্নীতিকে প্রশ্রয় দিয়ে মিটিং করলেন। তখন মনে হল সকলের সম্মতি নিয়েই দুর্নীতি চলেছে। আজকে কেন এটা হবে? অনেকে ৩০ বছরের কথা তুলেছেন। আমার প্রশ্ন ৩০ বছরে কি এত বন্যা হয়েছিল, এত ক্ষয়ক্ষতি হয়েছিল, এত গরু মারা গিয়েছিল, এত বড় বিপর্যয় হয়েছিল? কাজেই তার চেয়ে যদি এত বড় বিপর্যয় হয়ে থাকে তাহলে কাদের নিয়ে তার মোকাবিলা করতে হবে—সি. পি. এম. দলকে নিয়ে? আজকে মাননীয় সদস্য বললেন আমাদের একটি লোকও মরেনি। বলতে পারবেন মরেনি? এখানে তো স্বাস্থ্যমন্ত্রী বসে আছেন। তিনি বলতে পারবেন একটি লোকও মরেনি? আমার মালদা জেলার হরিশচন্দ্রপুর থানার কুশলগ্রামের আনাসুল হকের ছেলে দাহাজামান ২ কেজি গমের জন্য বি. ডি. ও. অফিসে লাইন দিয়ে গম না পেয়ে বাড়ী ফিরে এসে মাকে খাবার চাইলে মা তাকে পাট বিক্রী করে আসতে বলে—তখন সে পেটের জ্বালায় গলায় ফাঁস দিয়েছে। এটা ২৪-৯-৭৮ তারিখে ঘটেছে। আজকে স্বাস্থ্যমন্ত্রী বলতে পারবেন মানুষ খাদ্য খেয়ে মরেছে, না অখাদ্য খেয়ে মরেছে—এর কারণটা কি উনি ভাল করে বলতে পারবেন। আজকে সকলের ঘরে খাদ্য আছে? আর একজন সদস্য বললেন একজন লোকও মরেনি। আমি তো এইমাত্র একটি স্পেসিফিক কেস উল্লেখ করলাম। আজকে আপনারা চিন্তা করে দেখুন, আগেকার দিনে ঐ দল যখন এদিকে ছিলেন তখন একটি মৃত্যু নিয়ে সারা দেশ জ্বালিয়ে

দিতেন, আমরা সেটা করছি না। মন্ত্রী বললেন কোন লোক কলকাতায় আসছে না। বিরোধী দল সেই ভূমিকা নেয়নি। এক পয়সা ট্রাম ভাড়া বৃদ্ধির জন্য সারিসারি ট্রাম জ্বালিয়ে দেওয়া হত সেদিন দলবাজীর কথা তুলতে পারেননি, আজকে সেটা উঠেছে। সমস্ত কাগজ সমর্থন করেছে। আজকে বলছেন দুস্থ ব্যক্তিরা এখানে আসছে। কেন আসছে? কানাইবাবু বললেন আমরা নাকি মদত যুগিয়েছি। সত্যিই মদত যুগিয়েছি—তিন দিন ধরে যখন লোকগুলি গাছের উপর দাঁড়িয়েছিল, সাপের সঙ্গে বসেছিল, রেসকিউ পার্টি আসছিল না, তখন আমরা মদত যুগিয়েছিলাম। মানুষ যখন বৃষ্টিতে ভিজছিল, তাদের কাছে যখন টারপোলিন পৌঁছল না, তখন কানাইবাবু মদত যুগিয়েছিলেন? আপনারা বলছেন সব জায়গায় সমস্ত কিছু জিনিসপত্র পৌঁছে গিয়েছিল। ৬ই নভেম্বর তারিখে চন্দ্রশেখরের সঙ্গে মঙ্গলকোট থানার পাশাপাশি দুটি গ্রামে গিয়েছিলাম। সেই গ্রামে ১৪ জন লোক মারা গেছে, ৪০০ গরু মারা গেছে। স্বাস্থ্যমন্ত্রী বলতে পারবেন গ্যাসট্রোএন্টেরাইটিসে লোক মারা যায়নি? সেই গ্রামে কোন মন্ত্রী আসেনি, দু কেজি গমও সেখানে পাওয়া যায়নি। সেখানে লুথারিয়ান ওয়ার্ল্ড অর্গানাইজেসন এবং লায়ন্স ক্লাব তাদের খিচুড়ী খাইয়ে বাঁচিয়ে রেখেছে এবং তাদের সেবার উপরই তারা বেঁচে আছে।

[5-45—5-55 P.M.]

আজকে যে বেশী লোক মরেনি তার জন্য সরকারের বাহাদুরি নেবার কিছু নেই। বেসরকারী অর্গানাইজেসানগুলি গ্রামের লোকেদের সাহায্যে যদি না আসতো, তাদের সাহায্য যদি গ্রামে গিয়ে না পৌঁছাতো তাহলে বহু লোক মারা যেত। তারপর ওরা কথায় কথায় বলেন—অর্থমন্ত্রী ডঃ অশোক মিত্রও বলছিলেন, কেন্দ্র থেকে সাহায্য পাওয়া যাচ্ছে না। আমি বলব, কেন্দ্রকে ব্ল্যাকমেল করা হচ্ছে। যে সাহায্য এসেছে—আমি চ্যালেঞ্জ করে বলতে পারি বন্যার নামে যে সাহায্য এসেছে সেই সাহায্য বিলি করা হচ্ছে যেখানে বন্যা হয়নি সেখানে। অর্থাৎ বন্যাহীন গ্রামে সমস্ত জিনিষ বিলি করা হচ্ছে এবং এটা করা হচ্ছে রিলিফ মিনিষ্টারের মত অনুসারে। আর সেই বিলিটা হচ্ছে কাদের দিয়ে? সেখানে সেগুলি বিলি হচ্ছে সি. পি. এম.-এর ক্যাডারদের দিয়ে। হরিশচন্দ্রপুর দু নং ব্লকের বন্যাপীড়িতদের জন্য ৪৫০টি কম্বল গেল এবং যাবার পর পঞ্চায়েত কমিটির মিটিং-এ ঠিক হল তার মধ্যে থেকে ২৫০টি কম্বল বন্যা না হওয়া এলাকায় দেওয়া হবে বা বিলি করা হবে। আমরা তাতে আপত্তি

করলাম এবং বললাম বন্যা এলাকার জন্য যখন কম্বল এসেছে তখন তা অন্য জায়গাতে বিলি করা চলবে না। তারা বললেন, না, তাই করতে হবে। আমরা সেখানে মাইনরিটি কাজেই আমাদের কথা সেখানে থাকলো না। আমরা সেখানে নোট অব ডিসেন্ট লিখিয়ে দিয়েছি। তারপর কমলবাবু জানেন কিনা জানি না, এমন অনেক গ্রাম আছে বা ব্লক আছে যেখানে কোন বন্যার লক্ষণ নেই অথচ সেখানে মিনি কিট বিলি করা হচ্ছে। ৩০ কেজি আলু, ৫ কেজি সার—১৩০ টাকা এতে খরচ হয়—এটা বন্যাপীড়িত এলাকায় দেওয়া হচ্ছে না। ইণ্ডিয়া গভর্নমেন্টের টাকা নিয়ে এইভাবে ওরা নিজেদের অর্গানাইজেসান বাড়াবার চেষ্টা করছেন। সেখানে গ্রামের দুস্থ লোকদের সাহায্য দেবার কোন লক্ষণ দেখা যাচ্ছে না। তারপর এখানে হিসাব দেওয়া হচ্ছে নগদ টাকার ব্যাপারে কিন্তু ঔষধ, পলিথিন সিট, গম যা এসেছে সেগুলি যোগ করা হচ্ছে না। এখানে দেওয়া হয়েছে ৩৫০ কোটি টাকার হিসাব যে সেই টাকা আমাদের দরকার। কিসের জন্য দরকার? ৩৫০ কোটি টাকা চাইবার পরও ঘরের জন্য মাত্র ৪শো টাকা। ওদের ভাবখানা এমনই যে ওরা যেন খুব দিচ্ছেন। স্যার, ১৯৫৯ সালে যখন বন্যা হয়েছিল তখন দু ব্যাণ্ডিল করে টিন এবং ৮০/৯০ টাকা করে সাহায্য দেওয়া হয়েছিল। আজকে ওরা সেসব না করে ইণ্ডিয়া গভর্নমেন্টের টাকা নিয়ে নিজেদের অর্গানাইজেসান বাড়াবার চেষ্টা করছেন। ৪শো টাকাতে কি ঘর হয়? স্যার, আপনি জানেন, খড়বায় সাইক্লোন হয়েছিল এবং তিনটি গ্রামের সমস্ত ঘর উড়ে গিয়েছিল। সেখানে আমরা দেখলাম যাদের ঘর সম্পূর্ণ নষ্ট হয়ে গিয়েছে তাদের মাত্র ১২০ টাকা এবং যাদের ঘর আংশিক ক্ষতিগ্রস্ত হয়েছে তাদের মাত্র ৬০ টাকা করে দেওয়া হয়েছে। তারপর দুর্নীতির ব্যাপারে কানাইবাবু বললেন, আমরা যা বলছি তা নাকি ওরা বুঝতে পারছেন না। তাহলে কি আমরা বলবো সরকার যা করেছেন সব ঠিক হ্যায় এবং এটা শুনলেই কি আপনারা খুশি হবেন? (ভয়েস: পরিকল্পনার কথা কিছু বলুন।) পরিকল্পনা করার ব্যাপারে আমাদের সঙ্গে আলোচনা করার কোন সুযোগ ওরা দেননি। পরিকল্পনা ওরা চান না। তারপর দলবাজির কথা বলি। যেখানে দলবাজি সেখানে চুরি হচ্ছে। আমি মানবাজারের কথা বলছি। মালদহ জেলার ৪টি অঞ্চল—বিলাইমারী, মহানন্দটোলা, সামসী, ভালুকা এই চারটি অঞ্চলে সি. পি. এম. প্রার্থী প্রধান হতে পারেন নি। সেখানে পঞ্চায়েতকে দিয়ে রিলিফ বিলি করা হচ্ছে না, সি. পি. এম.-এর ক্যাডারদের দিয়ে রিলিফ বিলি করা হচ্ছে। দৌলতনগরে ১০ বস্তা আটা চুরি করা হল, জনসাধারণ উদ্ধার করলো কিন্তু সেখানে বি. ডি. ও. গিয়ে

সেই হিসাব ঠিক করে দিয়ে এলেন। সেখানে সি. পি. এম.-এর একটি লোককেও এ্যারেষ্ট করা হয়নি এবং ডিলারকেও সাসপেণ্ড করা হয়নি। তারপর বাহারাল অঞ্চলে ১০০ ক্যুইনট্যাল গম পাচার করা হয়েছিল, ডি. এম. সেটা স্বীকার করেছেন কিন্তু সেখানে কোন ব্যবস্থা হয়নি, কাউকে এ্যারেষ্ট করা হয়নি। তারপর যে সব সরকারী কর্মচারী ঠিকভাবে কাজ করছেন তাদের অবস্থাটা কি দেখছি? সবং-এর এস. ডি. ও.-র অবস্থার কথা আপনারা শুনেছেন। এখানে আমি একটা কাগজে দেখলাম বর্ধমানের একটা হিতৈষী নামে কাগজে, দলচক্রে মহকুমা শাসক পাগল। আজকে কাটোয়ায় মহকুমা শাসকের অবস্থা কি হয়েছিল, কি ভাবে হেনস্তা হয়েছিল দেখুন, সে ভাল করে সকলকে নিয়ে কাজ করতে চেয়েছিল। আনন্দবাজার পত্রিকার ১৭ তারিখের কাগজে দেখছি দুর্নীতির খবর বেরিয়েছে। এই রকম নানা দুর্নীতির খবর বেরিয়েছে। এখানে বলা হচ্ছে একটু আধটু চুরি চামারি হবে এত টাকার ব্যাপার। কেমন করে হবে, কেন হবে? ঔষধ পাচার হতে শুনেছি, কেমন করে ঔষধ পাচার করা হয়েছে, সবই তো আপনাদের হাতে, এই সব হবে কেন? সমস্ত লোক তো আপনাদের। কংগ্রেসের লোকরা তো চোর, জনতার লোকেরা তো চোর, সবাই চোর। আপনাদের সমস্ত লোক ভাল লোক, তাহলে চুরি হচ্ছে কেন? আজকে এখানে দেখা যাচ্ছে যে, নৈহাটিতে দলবাজী—আর. এস. পি., সি. পি. এম.-এ মারামারি। এখানে দেখছি বন্যা ত্রাণ নিয়ে শরিকী সংঘর্ষ, একজন খুন। এই ঘটনা তো রোজ ঘটছে। সেই জন্য আমরা চেয়েছিলাম যে আমরা বিলি করতে চাই না নিজে হাতে, কিন্তু একটা সুপারভাইজারী ক্ষমতা সম্পন্ন পরামর্শ দাতা কমিটি তৈরী করতে। সেটা করতে যদি আপত্তি থাকে আপনাদের, এই বিধানসভায় বলুন সরকারী কর্মচারীদের ক্ষমতা থাকবে সুপারভিশন করবার, চোর ধরার, তাদের ট্রান্সফার করা হবে না, তাদের ভয় দেখানো হবে না, এটা যদি বলেন তাহলে দুর্নীতি দূর হবে। একজন সি. পি. এম. কর্মী সেদিন আমাকে বললেন, চাকরি দিতে পারবো না, জমি দিতে পারবো না, একটু গম যদি না দিই তাহলে তারা থাকবে কি করে? আজকে মুখ্যমন্ত্রী বলেছেন যে গরুকে কেমন করে বেছে বেছে ইন্‌জেকশন দেওয়া যাবে। আমরা দলবাজী করছি, গরুর যদি ভোট থাকতো, এরা গরুর প্রতিও দলবাজী করে ইন্‌জেকশন দিতো। গরুর ভোট নেই বলে গরুকে দলবাজীতে ফেলা হচ্ছে না। স্বাস্থ্য বিভাগের সম্বন্ধে আমরা দলবাজীর কথা বলিনি। কারণ স্বাস্থ্য বিভাগের দলবাজী করলে, কলেরা লাগলে যদি জনতার লোকেরা কলেরা হয় তাহলে ঐ ছোঁয়াতে সি. পি. এম. এর লোকেদেরও কলেরা হবে, সেই জন্য ওখানে

দলবাজীটা করা যাচ্ছে না। যদি করা যেত তাহলে সেটা তারা করতেন। একটা কথা বলতে চাই, কৃষিমন্ত্রী এখানে নেই, ওঁর যে মিনিকীট বিলি হচ্ছে, সেই মিনিকীট তেতলা বাড়িতে মুন্সীহাট অঞ্চলে এবং অন্যান্য জায়গায় বিলি হচ্ছে যেখানে বন্যা হয়নি। আপনাদের সরকারের যদি ইচ্ছা থাকে এটা প্রমাণ করবার, তাহলে আপনাদের লোক দিয়ে এই বিষয়ে একটা কমিটি করুন, আমি তাঁদের সঙ্গে করে নিয়ে গিয়ে দেখাবো যে কাদের কাছে মিনিকীট বিলি করা হয়েছে। আর যদি আপনাদের ক্ষমতা থাকে তাহলে আপনারা লিস্ট এনে দেন যে কার কতটুকু ক্ষতি হয়েছে এবং কারা পেয়েছে। আমি জানি, আমি এই বিষয়ে কোশ্চেন দিয়েছি, সেই কোশ্চেন এই বিধানসভায় আসবে না। সেটা বিধানসভায় এলে আপনাদের স্বরূপ প্রকাশিত হতো। সেটা কিন্তু হবার উপায় নেই। রিলিফ মিনিষ্টার এখানে আছেন, তিনি এখানে বলবেন ৪৫০টি কম্বল হরিশ্চন্দ্রপুরে কাদের জন্য গিয়েছিল, ফ্লাড এ্যাফেক্টেড এরিয়ার লোকেদের জন্য না সকলের জন্য। কোন্ টাকা থেকে গিয়েছিল এবং কোথায় কত বিলি হয়েছে। আমি একটা অভিজ্ঞতার কথা বলি, আমরা সমিতি থেকে এক হাজার কাপড় কিনে বিলি করেছিলাম। আমি জিজ্ঞাসা করেছিলাম ব্লক কমিটির মেম্বারকে যে তোমরা কাকে কাকে বিলি করবে তার একটা লিস্ট আমাদের দাও, যাতে আমরা যেখানে বিলি করবো সেখানে ডুপ্লিকেট হবে না। সেই লিস্ট দেবার পর্য্যন্ত ওদের সাহস হয়নি। এই হচ্ছে এম. এল. এ'র অবস্থা। এম. এল. এ-র যদি এই অবস্থা হয় তাহলে গ্রাম পঞ্চায়েতের নির্বাচিত অন্য সদস্যদের কি অবস্থা হবে। এখানে আনন্দবাজার পত্রিকার একটা খবর দেখছি, সেটা আমি পড়তে চাই না—

( গোলমাল )

এই রকম বক্তব্য যদি অন্য খবরের কাগজে বেরোয় তাহলে সরকারের তরফ থেকে প্রতিবাদ করা হচ্ছে না কেন? এনকোয়ারি করে রিপোর্ট দিচ্ছেন না কেন? আজকে তাঁরা এনকোয়ারি করে বলুন যে এটা মিথ্যা কথা।

[ 5-55—6-05 P.M. ]

আনন্দবাজার, একটু শুনুন দয়া করে। যখন আগেকার কংগ্রেস সরকার ছিল, ১৫ই আগষ্টে আমরা যখন স্বাধীনতা দিবস পালন করতাম তখন আপনারা বলতেন 'এ আজাদী ঝুটা হ্যায়' কতকগুলি থালা হাতে ছবি যুগান্তরে বেরুত তখন যুগান্তর ভাল ছিল, তখন আনন্দবাজার ভাল ছিল।

যখন তারা সিদ্ধার্থ রায়ের ত্রুটির কথা বলত তখন ভাল ছিল। এখন—যখন আপনাদের ত্রুটিগুলি দেখিয়ে দিচ্ছে তখন আনন্দবাজার পচে গেছে।

( এ ভয়েস - বরুণ সেনগুপ্তের এজেন্ট )

যাই হোক, আমি একটা কথা বলতে চাই জনতা পার্টির পক্ষ থেকে এখন আমরা মনে করি কেন্দ্রীয় সরকার টাকা দিচ্ছেন, দেওয়া উচিত কিন্তু সারা ভারতবর্ষে কোনদিন এত টাকা রিলিফ এসেছে? যখন কংগ্রেস সরকার ছিল সেন্ট্রালে এবং এখানেও কংগ্রেস সরকার তখন তো এত টাকা আসেনি। বলবেন যে এতবড় বিপর্যয় হয়নি, তা বিপর্যয় যেমন হয়েছে তেমনি তো ১৩০ কোটি এসেছে। আমার বক্তব্য হচ্ছে এইভাবে কেন্দ্রীয় সরকার দিচ্ছেন, সি. পি. এম সরকার বলে তো ফেলে দেননি। আমরা আন্দোলন করেছি, আন্দোলন করব যতক্ষণ না দেখব যে ভারতসরকারের পাঠান টাকা প্রকৃত দুস্থ গ্রামবাসীদের কাছে যাচ্ছে ফ্লাড এ্যাফেকটেড এরিয়ায়। আমরা দেখেছি মেদিনীপুর, ঘাটাল, দাশপুর, বীরভূম, বর্ধমান প্রভৃতি জায়গায় মিনিকীট বিলি হয়নি, মিনিকীট বিলি হয়েছে ভোটের জায়গায়। আপনাদের কাছে আমার বক্তব্য হচ্ছে যে ৪০০ টাকায় ঘর তৈরী হবে না, ঘর তৈরী করা যাবে না। এটা আপনারা বিবেচনা করবেন। দলবাজি করবেন না। আমার ১নং কথা হচ্ছে ফ্লাড ছাড়াও হেভী রেন বা সাইক্লোনে যাদের ঘর পড়ে গেছে তাদের এই লিষ্টে ইনক্লুড করা হোক, দ্বিতীয় কথা হচ্ছে বিধানসভার সদস্যদের যারা বন্যাপ্লাবিত অঞ্চলে গেছেন—আপনারা যে লিষ্ট তৈরী করেছেন তার হিসাবটা দেখার অধিকার দিন, তৃতীয় কথা হচ্ছে আজকে দলের সৃষ্টি করে গ্রামের মধ্যে ঝগড়া বাধাবেন না। আজকে আপনারা এইসব দেখার জন্য একটা কমিটি করুন। আর একটা কথা বলতে চাই, আমরা জনতা সরকারকে বলেছি, আবার বলব, গ্রামে গ্রামে শুধু বক্তৃতা না করে কাজ করুন, সকলের সহযোগিতা পাবেন। বন্যা আপনাদের কাছে এসেছে একটা আশীর্বাদ হয়ে, এর দ্বারা আপনারা ক্যাডার পাচ্ছেন, ক্যাডারদের কাজ দিতে পারছেন। দলবাজি অনেক হয়েছে, অনেক গম খেয়েছে, এখন পুনর্গঠনের কাজে সকলের সঙ্গে সহযোগিতা করুন। রিলিফ দিয়ে আমরা ভোট নেওয়ার চেষ্টা করিনি, তা করলে আমরা চিরকাল সরকারে থাকতাম, অশোক মিত্র মহাশয় বললেন শতকরা ৬৫ পারসেন্ট ভোটে জিতেছেন, আমি চ্যালেঞ্জ করছি আমরা শতকরা ৮০ পারসেন্ট ভোটে জিতেছি। আমি চ্যালেঞ্জ করে বলছি যে উনি বিধান সভায় এ কথা প্রমাণ করুন, তা না হলে হয় উনি পদত্যাগ করবেন না হয় আমি পদত্যাগ করব। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে দু'দিন ধরে বন্যার উপর যে আলোচনা হচ্ছে, তাতে কখনো কখনো আমাদের হাউস উত্তপ্ত হয়ে উঠেছে, আমরা আলোচনা করেছি, তিক্ততা বেড়েছে। কিন্তু এটাও দেখেছি যে, সবাই শেষ পর্যন্ত গিয়ে বলেছেন, আসুন, আমরা সবাই ঐক্যবদ্ধভাবে পশ্চিমবাংলাকে রক্ষা করি। আমি এই সুরটাকে সামনে রেখে সদস্যদের কাছে দু' একটা কথা বলতে চাই। এবারে পশ্চিমবঙ্গে একটা সাংঘাতিক বন্যা হয়েছে, অতীতে কোন দিন এরকম হয়নি। এটা একটা সাংঘাতিক বিপর্যয়, ঐতিহাসিক বিপর্যয়। আমি আপনাদের কাছে শুধু একথা বলতে চাই যে, বন্যার সময় প্রথম এক দিন দু' দিন আমাদের একটু অসুবিধা হয়েছিল, কিন্তু তার পরে আমাদের বামফ্রন্ট সরকার তার সীমিত ক্ষমতা নিয়ে সেই অসুবিধাকে দূর করে সমস্ত শক্তি নিয়ে এই বন্যাকে, এই বিপর্যয়কে রোখার জন্য চেষ্টা করেছে। আমরা সকলকে নিয়ে ঐক্যবদ্ধ ভাবে এই বন্যাকে, এই বিপর্যয়কে রোখার জন্য চেষ্টা করেছি এবং তার প্রমাণ জনগণ আমাদের দিয়েছেন। বামফ্রন্ট সরকার ক্রমে ক্রমে তা বুঝেছে এবং পশ্চিমবঙ্গের জনগণও তা বুঝেছে। কিন্তু পশ্চিমবঙ্গের জনগণ বুঝলেও আমাদের বিরোধী দলের যাঁরা নেতা, বিরোধী দলের যাঁরা সদস্য, মাননীয় সদস্যরা এখানে আছেন, তাঁরা বোঝেননি। ওঁদের কথাবার্তায় আমরা দুঃখ পাচ্ছি। মাননীয় সদস্য জয়নাল আবেদিন সাহেব এখন এখানে উপস্থিত আছেন, এই পশ্চিমবঙ্গ বিধানসভার উনি বহু দিনের সদস্য, পশ্চিমবঙ্গের অতীত মন্ত্রীসভার উনি সদস্য ছিলেন, অত্যন্ত লজ্জার কথা, দুঃখের কথা কালকে উনি এখানে বলে গেলেন উনি কি বললেন ? উনি বললেন পশ্চিমবঙ্গে রিলিফ বিতরণের ক্ষেত্রে সংখ্যালঘু সম্প্রদায়ের উপর অবিচার করা হয়েছে। এই রকম একটা সাম্প্রদায়িক কথা জয়নাল আবেদিন সাহেবের মত লোকের মুখ থেকে যখন বের হয় তখন আমরা শঙ্কিত হই। আমার মনে হয় যখন ওঁরা জনসাধারণের সামনে দাঁড়াতে পারছেন না, জনসাধারণ যখন ওঁদের ছুঁড়ে ফেলে দিয়েছে তখন আবার সাম্প্রদায়িকতার জিগির তুলে জনসাধারণের সামনে যাবার চেষ্টা করছেন। জয়নাল আবেদিন সাহেব সেই উদ্দেশ্য নিয়ে একটা সাম্প্রদায়িকতার বিষ বাষ্প পশ্চিমবঙ্গে ছড়াবার চেষ্টা করছেন। আমরা সরকারের পক্ষ থেকে একথা ঘোষণা করতে চাই যে, দল-মত সম্প্রদায় নির্বিশেষে সমস্ত সম্প্রদায়ের লোকেদের ঐক্যবদ্ধ করেছি এবং তারা ঐক্যবদ্ধ হয়ে গ্রাম বাংলাকে বাঁচাবার জন্য এগিয়ে এসেছেন। সেই ঐক্যের মধ্যে ফাটল ধরাবার জন্য জয়নাল আবেদিন সাহেব-এর মত লোক এই সব কুৎসা প্রচার করছেন। আমি বলছি বামফ্রন্ট সরকার সাম্প্রদায়িকতার উর্দ্ধে।

[ 6-05—6-15 P. M. ]

আমি বিনীত ভাবে জয়নাল সাহেবের কাছে আবেদন করছি—আমার কাছে ফিরিস্তি আছে আমি পড়ে দিতে পারি কিন্তু সময় নষ্ট করতে চাই না। বেসরকারী যে সমস্ত সংগঠনগুলোকে বিনামূল্যে রিলিফ বিতরন করেছিলাম তার মধ্যে আমরা মুসলিম ইনষ্টিটিউট সংস্থাকে ৫ হাজার ৪০০ কেজি, আটা এবং ২১০ টিন গুড় বিনামূল্যে বন্যার্তদের বিতরনের জন্য সরবরাহ করা হয়েছে। একটি সংগঠন এসেছিল, তারা বলেছিল যে আমরা আমাদের সম্প্রদায়ের মধ্য বিতরন করতে চাই। আমি শুধু এই কথা বলেছিলাম কোন সাম্প্রদায়িক দৃষ্টি-ভঙ্গি থেকে নয়, নিজের সম্প্রদায়ের মধ্য নয়, তার বাহিরে সকলের মধ্য বিতরন করতে হবে। পশ্চিমবাংলার সরকার কোন সাম্প্রদায়িক মনোভাবকে প্রাধান্য দেয় না এবং এটা পশ্চিমবঙ্গের শতকরা ১০০ জন লোকই জানে। সুতরাং আমার বক্তব্য হচ্ছে এবং বলতে আমার লজ্জা করছে যে জয়নাল সাহেবের মতন একজন পুরোনো লোক যিনি সরকারী দপ্তর পরিচালনা করেছিলেন তিনি কি করে এইসব কথা বললেন? তিনি সরকারের সমালোচনা করতে পারতেন কিন্তু একটা সাম্প্রদায়িক দৃষ্টি-ভঙ্গি নিয়ে, একটা সাম্প্রদায়িক বিষ ছড়াবার জন্য তিনি বললেন। জয়নাল সাহেব বলেছেন যে একটা একস্ট্রা কনষ্টিটিউশন্যাল পাওয়ার যেটা নাকি রাইটাস বিল্ডিংসের বাহিরে রয়েছে। উনি বলেছেন শ্রীপ্রমোদ দাসগুপ্ত মহাশয় যে কথাগুলি বলেন সেই কথাগুলি মন্ত্রীসভা গ্রহণ করেন। আমি জয়নাল সাহেবকে জিজ্ঞাসা করি আপনি রাজনীতি করেন কি? এটা বামফ্রন্টের সরকার। বামফ্রন্ট পার্টির সম্মিলিত সরকার। আমরা পার্টির নির্দ্দেশে, পার্টির টিকিট নিয়ে, পার্টির সিম্বল নিয়ে নির্বাচনে দাঁড়িয়েছিলাম। আমরা জনগণের কাছে প্রতিশ্রুতি দিয়েছিলাম যে এই বামপন্থী পার্টির পক্ষ থেকে যে নীতি গৃহীত হবে সেই নীতির দ্বারা সরকার পরিচালিত হবে। ওনাদের যেমন সরকার পরিচালিত হতো কংগ্রেসের ওয়াকিং কমিটি থেকে হোক কিম্বা পশ্চিমবঙ্গ প্রদেশ কমিটি থেকে হোক যে নীতি নির্ধারণ করতো পশ্চিমবঙ্গ সরকার সেই নীতি পেশ করতো। কাজেই জয়নাল সাহেব এক্সট্রা কনষ্টিটিউশন্যাল বলে যে সমস্ত কথা বলেছেন তা সম্পূর্ণ বাজে কথা। উনি বললেন রাইটার্স বিল্ডিংস ক্ষমতার আঁধার নয়, ক্ষমতার আঁধার হচ্ছে আলিমুদ্দিন ষ্ট্রিট। আমি বলছি বামফ্রন্ট সরকার বামপন্থী পার্টির সম্মিলিত মোর্চা। তারা যে নীতি নির্ধারণ করবে এই বন্যা দুর্গত মানুষদের রক্ষা করার জন্য আমাদের সরকার সেই নীতি গ্রহণ করবে এবং পালন করবে। সেই নির্দ্দেশ যদি পালন করতে না পারি তাহলে যে প্রতিশ্রুতি আমরা জনগণের কাছে দিয়েছিলাম তা রক্ষা করতে পারবো না। সুতরাং জয়নাল সাহেবের এই জিনিষ ভাববার

অবকাশ নেই। বামফ্রন্ট সরকার পরিচালিত হবে বামপন্থী মোর্চার নেতৃত্বে। আমাদের পুরানো বন্ধু বিশ্বনাথ বাবু তিনি আজ এখানে নেই তিনি কালকে সমালোচনা করেছেন মেদিনীপুরের খয়রাতি সাহায্য সম্পর্কে, তিনি বলেছেন যে, ফুড ফর ওয়ার্ক এর কাজ কমিয়ে দেওয়া হচ্ছে—খয়রাতি সাহায্য কমিয়ে দেওয়া হচ্ছে। খয়রাতি সাহায্য কমিয়ে দেওয়া সম্পর্কে আমি বলছি যে, নভেম্বর মাসে মেদিনীপুর জেলায় ৮ হাজার টন চাল ও গম খয়রাতি হিসাবে দেওয়া হয়েছে তার মানে হলো মাসে ৮ কে, জি হিসাবে দশ লক্ষ লোকের ব্যবস্থা করা হয়েছে। মেদিনীপুরে খয়রাতি সাহায্য হিসাবে আমরা নভেম্বর মাসে প্রতিটি প্রাপ্ত বয়স্ক পুরুষ ও মহিলাকে ৮ কে জি করে মাসে তারা পাচ্ছেন। এ ছাড়া ৩৫ লক্ষ ৭ হাজার টাকা কাজের বিনিময়ে খাদ্য প্রকল্পের জন্য আমরা মেদিনীপুরে দিয়েছি। এর ফলে মেদিনীপুরে সাড়ে সাতেরো লক্ষ শ্রম দিবস সৃষ্টি হয়েছে এবং সাড়ে সাতেরো লক্ষ লোক কাজ পাবে। এই ভাবে শুধু মেদিনীপুরে নয় অন্যান্য জেলাতেও খয়রাতি সাহায্যের সংখ্যা বাড়িয়েছি। এই একই রেটে ফুড ফর ওয়ার্কের ক্ষেত্রে সমস্ত জেলাতেই অনুদানের টাকা সেই ভাবে দিয়েছি কাজের বিনিময়ে খাদ্য প্রকল্পের জন্য, অন্যান্য জেলাতেও কাজের বিনিময়ে খাদ্য প্রকল্পের প্রয়োজনীয় টাকা বরাদ্দ করা হয়েছে যার পরিমাণ হলো এক কোটি তেত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার টাকা ও ২৬ হাজার ৬৮৫ মেট্রিক টন গম দেওয়া হয়েছে। এই সমস্ত কথা মাননীয় জয়নাল সাহেব ও বিরোধী পক্ষের সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি আরো দু একটা কথা বলতে চাই। আমি বিনীত ভাবে জানাচ্ছি যে আমাদের পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে কেন্দ্রে একটা অল পার্টি এ্যাডভাইসারি কমিটি আমরা গঠন করেছি। আমরা প্রত্যেক জেলাতেও অল পার্টি এ্যাডভাইসারি কমিটি করেছি। আমার বন্ধু জনতা দলের নেতা শ্রীবীরেন মৈত্র আমার আগেই তিনি যখন বক্তৃতা দিলেন তখন অনেক কথা বললেন। আমার উপস্থিতিতে মালদহে যে সভা হয়েছিলো সেখানে নাকি আমরা দলবাজি করেছি। আমি মুক্ত কণ্ঠে এই কথা ঘোষণা করতে পারি সে মিটিং এ আমি সভাপতিত্ব করেছিলাম। সেখানে বীরেন বাবু একটা প্রশ্ন তুলে-ছিলেন। বীরেনবাবু চান উনি যে কথা বলবেন সভার একশো ভাগ লোক সে কথা সত্য বলে মেনে নেবে ও সেইভাবে প্রস্তাব গ্রহণ করতে হবে। আমি বীরেন বাবুকে অনুরোধ করেছিলাম যে, আপনি যে প্রস্তাব করেছেন সেটা এনকোয়ারি করা হবে ও তাতে জেলা ম্যাজিষ্ট্রেট থাকবে। এনকোয়ারির পর যদি দেখা যায় কোন রকম কারো উপর অন্যায় করা হয়েছে তাহলে তার বিচার হবে। উনি তাতে রাজি হন নি। 'দোষী

জানিল না কিবা দোষ তার—বিচার হইয়া গেল।' বীরেনবাবু যেমন মালদহে করেছেন ঠিক তেমনি পশ্চিমবাংলার বন্যা সম্পর্কে আমাদের যে নীতি সে নীতির বিরুদ্ধে প্রচার করে যাচ্ছেন। দলবাজীর কথা ওঁরা বলেছেন। আমি ডাঃ জয়নাল সাহেব ও বীরেন বাবুকে জিজ্ঞাসা করছি—আপনারা একটু ভেবে দেখুন যে আমরা তো প্রদেশে এ্যাডভাইসারি কমিটি করেছি, আমরা তো জেলাতেও এ্যাডভাইসারি কমিটি করেছি। পশ্চিমবঙ্গেই কি একমাত্র বন্যা হয়েছে? পশ্চিমবাংলায় বিপর্যয় হয়েছে। আমি কেন্দ্রীয় মন্ত্রীদের জিজ্ঞাসা করেছিলাম--আমি দমদমে এয়ারপোর্টে বারনালার সঙ্গে দেখা করতে গিয়েছিলাম খয়রাতি সাহায্য বাড়াবার জন্য অনুরোধ করতে। সেখানে আমি যখন গিয়েছিলাম তখন সেখানে ফাইনান্স মিনিষ্টারও ছিলেন। ফাইনান্স মিনিষ্টার আমাদের বললেন যে বন্যা শুধু পশ্চিমবাংলায় হয়নি বিহারে হয়েছে, উত্তরপ্রদেশে হয়েছে, দিল্লীতে হয়েছে। আমাদের সমস্ত ভারতের কথা ভাবতে হবে। আমি তাঁদের সঙ্গে একমত ছিলাম কিন্তু আমি জিজ্ঞাসা করি যে, বিহারে কি অল পার্টি এ্যাডভাইসারি কমিটি হয়েছে? সেখানে কি জেলাতে অল পার্টি কমিটি হয়েছে তদারকির জন্য? সরকারী সাহায্য ও বিতরনের ক্ষেত্রে সব কাজের জন্য কি সেখানে কমিটি হয়েছে। বীরেনবাবু জেনে জান তা হয় নি। সবচেয়ে দুঃখের ও লজ্জার কথা জনতার একজন সদস্য বললেন যে ত্রাণের ক্ষেত্রে ডিফেন্স ডিপার্টমেন্ট থেকে মিলিটারি যারা এসেছিলেন ও তারা যে কাজ করেছিলেন তাদের কনফিডেনসিয়াল রিপোর্ট কি? তারা নাকি সেই কনফিডেনসিয়াল রিপোর্টে যা বলেছেন তাতে তারা নাকি সি. পি. এম. এর লোকেদের হস্তক্ষেপের কথা বলেছেন। এই সমস্ত কথা নাকি সেখানে লেখা আছে। আমি জানতে চাই এই কথা কি করে তারা জানলেন?

[ 6-15—6-25 P. M. ]

তাঁরা নাকি সেই রিপোর্টে বলেছে এই সমস্ত কথা। আমি বলছি তিনি কি করে জানলেন? কেন্দ্রের জনতা সরকার এর গোপনীয় সংবাদ কি করে একজন বিধানসভার সদস্য জানতে পারলেন এবং সে সংবাদ কি করে বিধানসভায় পরিবেশিত হতে পারে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অনুরোধ করছি যে এর জন্য একটা কমিশন বসান হোক যে কি করে এই কথা একজন সদস্য জানলেন ডিফেন্স ডিপার্টমেন্টের এই খবর? এইজন্য একটা কমিশন নিযুক্ত করা হোক ও সেই কমিশন আমাদের জানিয়ে দিক কি ধরণের অভিযোগ কেন্দ্রীয় সরকারের কাছে গেছে। এই ভাবে দলবাজীর যে নজির তা যদি সৃষ্টি হয় এবং তাতে উদ্বুদ্ধ হয়ে বীরেনবাবুর মত

লোকেরা ও অন্যান্য লোকেরা জনতা পার্টির নেতৃত্বে আমাদের বিরুদ্ধে যে সমস্ত অভিযোগ দিয়েছেন আমি দায়িত্ব নিয়ে বলছি যে, এই সমস্ত অভিযোগ অসত্য। অসত্য কথা এখানে পরিবেশিত করা হয়েছে।

( গোলমাল )

অর্থাৎ বামফ্রন্ট সরকারকে যখন আর কিছু করার নেই— জনতা পার্টির যখন আর সমালোচনা করার জায়গা নেই তখন তাঁরা কি নিকৃষ্ট পন্থা গ্রহণ করেছেন। সে সমস্ত পার্টিগুলি ঐক্যবদ্ধ হয়ে বাম সরকার করেছেন তাঁদের ওরা উস্কে দিচ্ছেন পরস্পরকে পরস্পরের বিরুদ্ধে। আমার যতদূর মনে পড়ে মাননীয় সদস্য কিরণময় নন্দ বলেছিলেন যে আর. এস. পি ও ফরোয়ার্ড ব্লকের মুখে নাকি কুলুপ এঁটে দেওয়া হয়েছে। আমি বলছি আমাদের বামফ্রন্টের পার্টিগুলির মধ্যে বিভেদের বীজ যতই বপন করবার চেষ্টা করুন না কেন আমাদের ভাঙ্গতে পারবেন না। আমি আজকে বিধানসভায় বলছি যে চক্রান্ত আপনারা করছেন যে নজির কংগ্রেস, জনতা ও কংগ্রেস (ই) দেখালেন— আপনাদের যে মিলন সংগঠিত হলো সে মিলন যত বাড়বে তত্ই জনগণ আপনাদের প্রত্যাখ্যান করবে। যতই ষড়যন্ত্র করবেন ততই ধ্বংসের পথে যাবেন। এই কথা বলে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সমস্ত সদস্যকে ধন্যবাদ জানিয়ে শেষ করছি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** অন এ পয়েন্ট অফ পারসোনাল এক্সপ্লানেসান, রাধিকাবাবু আমার কথা উল্লেখ করেছেন। আমি কালকেও খুব গার্ডেড ওয়েতে বলবার চেষ্টা করেছি। পয়েন্টটা খুব সেনসিটিভ ও আলিগড়ের ঘটনার পর আরো সেনসেটিভ হয়েছে। এই অভিযোগ আমি কালকে যখন আমার বক্তব্যে রাখি আপনাদের তরফ থেকে মাননীয় সদস্য অমৃতেন্দু মুখার্জী বলেছিলেন। নদীয়াতেও এ ধরণের কথার আমি প্রতিবাদ করেছি সেখানে বলা হয়েছিলো। আপনারা অপদার্থ— যদি হিম্মৎ থাকে বলুন।

( গোলমাল )

আপনাদের যদি হিম্মত থাকে তাহলে এনকোয়ারি কমিশন বসান এবং প্রয়োজন হলে আমি পদত্যাগ করব। আপনাদের লজ্জা করে না বন্যা নিয়ে এইসব করছেন ? মাননীয় স্পীকার মহাশয়, আমি কালকের অভিযোগ আবার বলছি। তাঁদের যদি হিম্মত থাকে তাহলে কোর্ট অব এনকোয়ারি বসান এবং তদন্ত হোক যে এই অভিযোগ সত্য না অসত্য।

**শ্রীদেবপ্রসাদ সরকারঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা দেখছি এই বৎসর তিন তিনবারের বন্যায় পশ্চিমবাংলার মানুষের জীবনে এক চরমতম বিপর্যয় ঘটে গেছে একথা অস্বীকার করবার উপায় নেই। হাজার হাজার মানুষ প্রাণ হারিয়েছে, শতশত প্রাণ নিশ্চিহ্ন হয়ে গেছে, কোটি কোটি টাকার ঘরবাড়ী এবং অন্যান্য সম্পদ ধ্বংসস্তুপে পর্যবসিত হয়েছে। আমরা দেখেছি এই বিধ্বংসী বন্যায় পশ্চিমবঙ্গের একটা বিস্তীর্ণ এলাকায় প্রাণের স্পন্দন চিরতরে স্তব্ধ হয়ে গেছে। পশ্চিমবাংলার বন্যা পরিস্থিতি পর্যালোচনা প্রসঙ্গে আমার প্রথম প্রশ্ন হচ্ছে, এই যে ভয়াবহ বন্যা ঘটল এবং এই ভয়াবহ বন্যার এই যে অপরিসীম ক্ষয়ক্ষতি, এত ব্যাপক প্রাণহানি, এটা কি অবধারিত ছিল এবং এর সমস্তটাই কি প্রকৃতির দান, না এর মধ্যে অন্য কিছু কারণ আছে ? আমি বলব পশ্চিমবাংলায় এই যে বিপর্যয় ঘটে গেল এটা দুদিক থেকে রেকর্ড সৃষ্টি করেছে। এক দিকে ভয়াবহআর দিক থেকে, এই বন্যা অতীতের সমস্ত রেকর্ড ভঙ্গ করে নূতন রেকর্ড সৃষ্টি করেছে। অপর দিক থেকে এই বন্যা পরিস্থিতি মোকাবিলা করবার ক্ষেত্রে সরকার যে দায়িত্ব- জ্ঞানহীন নিষ্ঠুর ঔদাসিন্য এবং ব্যর্থতার পরিচয় দিয়েছেন সেটাও অতীতের সমস্ত রেকর্ডকে ম্লান করে দিয়েছে।

[ 6-25—6-35 P.M. ]

সরকার যদি মানবিক দৃষ্টিভঙ্গি নিয়ে এই বন্যার আশংকা সম্পর্কে এবং বিপদ সম্পর্কে জনসাধারণকে সতর্ক করতেন, যদি যুদ্ধকালীন গুরুত্ব আরোপ করে সমস্যা মোকাবিলা করবার জন্য এগিয়ে আসতেন, সমস্ত প্রশাসনিক শক্তি সামরিক বাহিনী ও পুলিশ বাহিনী নিয়ে ত্রাণ ও উদ্ধারের কাজে সর্বশক্তি নিয়োগ করতেন তাহলে আজকে বিংশ শতকের শেষার্ধে আধুনিক যুগে দাঁড়িয়ে আদিম যুগের মতো বন্যার কবলে পড়ে এত প্রাণনাশ ও ক্ষয়ক্ষতি হতো না একথা অত্যন্ত দুঃখের সঙ্গে এবং ব্যাথার সঙ্গে বলতে বাধ্য হচ্ছি। বন্যা নিয়ন্ত্রণের জন্য ড্যামের যে পরিকল্পনা সেটি গোড়া থেকেই ত্রুটিপূর্ণ ছিল। বিশ্ববিখ্যাত বৈজ্ঞানিক মেঘনাদ সাহা ঠিকই বলেছিলেন যে, ড্যামগুলি যেমন ভাবে হচ্ছে তাতে বন্যা কখনোই রোধ করা যাবে না। একথা ঠিক কংগ্রেস সরকার এই যে বাঁধগুলি করে গেছেন তা অত্যন্ত ত্রুটিপূর্ণ এবং দীর্ঘ মেয়াদী ব্যবস্থা গ্রহণ ছাড়া সে ত্রুটি এক দিনে দূর করে দেওয়া সম্ভব নয়, একথাও ঠিক। কিন্তু এই বন্যা নিয়ন্ত্রণের জন্য দীর্ঘস্থায়ী ব্যবস্থা অবলম্বন করতে না পারলেও সর্ট টার্ম ব্যবস্থা হিসাবে বামফ্রন্ট সরকারের জরুরী কিছু পদক্ষেপ গ্রহণ করা উচিত ছিল কারণ খুব কম হলেও বামফ্রন্ট সরকার অন্তত ১৮ মাস ক্ষমতায় এসেছেন। শুধু তাই নয়, বন্যা প্রতিরোধের উদ্দেশ্যে

এই সরকার প্রথম পর্যায়ের বন্যা থেকে কোন শিক্ষা নেননি। আপনারা জানেন তিন পর্যায়ে বন্যা হয়েছে। প্রথম পর্যায়ে বন্যার পর আবহাওয়া বিশেষজ্ঞ যারা আবহাওয়ার খবরে তারা বলেছিলেন আবার ভয়াবহ প্রাকৃতিক বিপর্যয় আসবে। কিন্তু তার জন্য সরকারের কোন প্রস্তুতি ছিল না। দ্বিতীয় পর্যায়ে যে বন্যা হয়ে গেল সেখানেও ঐ কেন্দ্রের ডি. ভি. সি. অফিসাররা অনেক পূর্বেই রাজ্য সরকারকে সতর্ক করেছিলেন যে জল ছাড়া হচ্ছে। কিন্তু এতদ সত্ত্বেও সাবধানতা অবলম্বন করে রাজ্য সরকারের পক্ষ থেকে কোন ব্যবস্থা নেওয়া হলো না। ফলে যা ঘটবার তা ঘটল। আজকে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় তাঁর বিবৃতিতে বলেছেন দ্বিতীয় পর্যায়ের বন্যার ধাক্কা না সামলাতে সামলাতে এত অল্প সময়ের মধ্যে তৃতীয় বিপর্যয় এসে গেল। এটা তিনি অদ্ভুত কথা বলেছেন। আসলে মানুষের দুঃখ দুর্দশা সম্পর্কে দরদবোধের অভাব এবং চূড়ান্ত অমানবিক দৃষ্টিভঙ্গি থেকেই সুযোগ ও উপায় থাকা সত্ত্বেও প্রথম পর্যায়ের এবং দ্বিতীয় পর্যায়ের বন্যা থেকে তারা কোন শিক্ষা গ্রহণ করার চেষ্টা করেননি। আপনি জানেন স্যার, তৃতীয় পর্যায়ে যে বন্যা এসেছিল একদিনে তা সবত্র হয় নি। পরপর বিভিন্ন জেলায়, বিভিন্ন অঞ্চলে, বিভিন্ন থানায় এই বন্যা হয়েছে। ফলে এক জায়গায় বন্যা হওয়ার পরে এবং আর জায়গায় বন্যা হওয়ার মধ্যবর্তী সময়ে সেখানে সতর্কতামূলক ব্যবস্থা নিয়ে উদ্ধার ও ত্রাণ কার্জের পরিকল্পনা নেওয়া উচিত ছিল। কিন্তু পূর্বাহ্নে সাধারণ মানুষ সতর্ক করা দূরের কথা, আমরা দেখেছি এমনকি জেলার প্রশাসককেও খবরটা দেওয়া হয়নি। ড্যাম ভেঙ্গে গিয়েছে, ব্যারেজ ভেঙ্গে গিয়েছে। অথচ সেই সংবাদ জেলায় প্রশাসক ডি. এম-কে পর্যন্ত দেওয়া হয়নি। নদীয়া জেলার ডি, এম শ্রীমতী রাণু ঘোষ অভিযোগ করেছেন যে, সেচ দপ্তর থেকে এই আসন্ন বন্যা সম্পর্কে তাদের কোন রকম সজাগ করা হয়নি। হিন্দল বাঁধ ভেঙ্গে গেল, তার সংবাদ আসল ২৪ ঘন্টা পরে সিউড়ি প্রশাসকের কাছে, আর বর্ধমানে প্রশাসকের কাছে সংবাদ আসল ৩০ ঘন্টা পরে। আজকে এই যে সরকারী দায়িত্বজ্ঞান হীন অপরাধ যার জন্য এত ব্যাপক মানুষের প্রাণ চলে গেল এত বিপুল পরিমাণ ক্ষয়ক্ষতি ঘটে গেল সেই অপরাধের সাজা কি আমার জানা নেই। শুধু কি সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণে ব্যর্থতা? এর সাথে রয়েছে ত্রাণ ও উদ্ধার কার্যে এক অকল্পনীয় নিষ্ঠুর অমানবিক আচরণ! লক্ষ লক্ষ জলবন্দি মানুষগুলিকে উদ্ধারের জন্য তাদের ত্রাণ ব্যবস্থার ক্ষেত্রে সরকারের সীমাহীন গাফিলতি ও ব্যর্থতা যেমন মর্মান্তিক তেমন নজীরবিহীন।

সরকার থেকে কেবল বলা হচ্ছে, 'একটা আশ্চর্য্যজনক ব্যাপার' 'একটা অভাবনীয় ব্যাপার।' প্রচার করা হচ্ছে যোগাযোগ বিচ্ছিন্ন, নৌকা যেতে পারে না, স্পীড বোড

যেতে পারে না। অথচ কি অদ্ভুত দেখুন সংবাদপত্রে অধিকাংশ বন্যা অঞ্চলের নিয়মিত সংবাদ বেরুচ্ছে। তাহলে যেখানে সাংবাদিকরা যেতে পারছেন সেখানে উদ্ধার ও ত্রাণকার্যে সামরিক বাহিনী বা সরকারী ত্রাণকর্তারা যেতে পারছেন না, এ কেমন কথা? সরকারী প্রচার যন্ত্রে আরও কিরকম সব অদ্ভুত প্রচার। যেসব জায়গায় অনায়াসেই যাওয়া সম্ভব এমন কি সেসব জায়গার নাম উল্লেখ করে পর্যন্ত বলা হচ্ছে অগম্য, যাওয়া সম্ভব নয় ইত্যাদি। আমি উদাহরণ দিয়ে বলব, আরামবাগ সহর ১০ দিন যাবৎ ৩০ ফুট জলের নীচে, বেতারে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে গেছে, মাননীয় মন্ত্রী সন্তু ঘোষ পর্য্যন্ত যেতে পারেননি, এই রকম সরকারী সংবাদ প্রচারিত হয়েছে। আনন্দবাজার যুগান্তরের কথা বললে তো এখনি অস্বীকার করবেন। তাই আপনাদের বামফ্রণ্ট সরকারের বৃহত্তম শরিক সি. পি. এম-এর কট্টর সমর্থক 'সত্যযুগ' কি লিখেছে তাই এখানে একটু তুলে ধরছি। এর থেকেই সরকারী প্রচার যন্ত্রের চেহারাটি ধরতে পাববেন। তাতে বলা হচ্ছে—"আরামবাগের সঙ্গে জেলা প্রশাসন ব্যবস্থার, কলকাতার যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে গেল তার মূল কারণ হল উইয়ারলেস সেটে নতুন ব্যাটারি ভরতে ভুল হয়ে গেছল, বাইরে যখন বলা হচ্ছে আরামবাগে ৩০ ফুট জল তখন আসলে সেখানে এক গোড়া জল," সত্য যুগ ৪/১০/৭৮, এই হচ্ছে সরকারী প্রচারেব নমুনা। তাবপর বলেছেন কি? নৌকা পাওয়া যাচ্ছে না, তার জন্য নাকি সরকারকে দেশ বিদেশ ছুটাছুটি করতে হচ্ছে। কিন্তু আমাদের দেশতো নদী মাতৃক দেশ, এখানে নৌকা পাওয়া যাবে না কেন? মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন নৌকাগুলি নাকি মালিকেরা দিচ্ছিল না। অদ্ভুত কথা, যেখানে এরকম একটা বিপর্যয় সেখানে সরকার রিকিউজিসান করে নিলেন না কেন? তারপরে বলা হচ্ছে নৌকার জন্য স্পীড বোটের জন্য সরকার সুইজারল্যাণ্ডে লণ্ডনে, এমেরিকাতে চেষ্টা করছেন, দেশী নৌকা নিয়ে নাকি কাজ করা চলবে না। জিজ্ঞাসা করতে চাই খরস্রোতে মাঝিরা মাছ ধরে তার জন্য তো ছিপ নৌকায় বাধা হয় না, স্পীড বোটের প্রয়োজন হয় না? যেখানে এত দেশী নৌকা রয়েছে, সেখানে তাঁবা দেশকে জানেন না, তাই এমেরিকা থেকে সুইজারল্যাণ্ড থেকে নৌকা আনার কথা বলতে হচ্ছে, ভয়ানক পরিস্থিতি, স্পীড বোটপাওয়া যাচ্ছে না! শুধু এই সব কথা তুলে তারা এমন একটা ভাব দেখাতে চাইছেন যেন ব্যাপারটা সরকারের আয়ত্বের বাইরে এবং এই অবস্থায় সরকার কি অসহায়, তার কিছুই করার নাই। অসহায় মানুষগুলি যখন জলবন্দী অবস্থায় গাছের ডাল ধরে, বাঁধের উপরে বসে অনাহার অনিদ্রায় মৃত্যুর দিন গুনছে তখন রাইটারর্স বিল্ডিংসে বসে দায়িত্বশীল মন্ত্রীরা শুধু 'কি ভয়াবহ অবস্থা' 'যোগাযোগ বিচ্ছিন্ন', স্পীড বোট নাই—

এসব কথা বলে দায়িত্ব স্থাপন করার চেষ্টা করছেন।

তারপর কিরকম পরস্পর বিরোধী আচরণ। বন্যাকবলিত মানুষদের উদ্ধার করার জন্য সরকার যখন স্পীড বোট খুঁজে পাচ্ছে না ঠিক সেই সময়ই কিন্তু সুন্দরবনের মরিচঝাপি অঞ্চলের উদ্বাস্তুদের পিটিয়ে ঠাণ্ডা করার উদ্দেশ্যে পুলিশ পাঠাতে এই সরকারের ২৮টি লঞ্চ সংগ্রহ করতে কোন অসুবিধা হয়নি। সুতরাং সমস্ত ঘটনা একথাই প্রমাণ করে যে সম্প্রতিকালের বিধ্বংসী বন্যায় এই ভয়াবহ ক্ষয়ক্ষতি ও প্রাণনাশের জন্য সরকারী প্রশাসনের ব্যর্থতা ও দায়িত্বজ্ঞানহীনতা মূলত দায়ী।

[ 6-35—6-45 P.M. ]

একটা মানুষ যদি আর একটা মানুষকে খুন করে তাহলে খুনীর শাস্তি হয় ফাঁসি। তাহলে যাদের অপরাধের জন্য, দায়ীত্বজ্ঞানহীনতার জন্য হাজার হাজার মানুষের জীবন চলে গেলো তাদের কি শাস্তি দেওয়া উচিত? মৃত্যুর হিসাব দেওয়া হয়েছে। সরকারী হিসাব, বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে মৃত্যুর হিসাব এখনও পর্য্যন্ত যা এসেছে, জ্যোতি-বাবুর হিসাবে তার সংখ্যা ৯৫৮—সরকার প্রদত্ত এই মৃত্যুর সংখ্যা কি আদৌ বিশ্বাসযোগ্য? এই মৃত্যুর সংখ্যা নিয়ে এমনকি ওদের নিজেদের বিবৃতিতেও কত পার্থক্য দেখুন। এই বামফ্রন্ট সরকারের অন্যতম মন্ত্রী শ্রীভক্তিভূষণ মণ্ডল বলছেন, একমাত্র বীরভূমেই এক হাজারের বেশি লোক মারা গিয়েছেন। খোদ বামফ্রন্ট সরকারের প্রধান শরিক সি. পি. আই. (এম)- এর সরোজবাবু স্টেটমেন্ট করলেন অন্তত ১২শো লোক মারা গেলো। তাহলে কোন্ হিসাব সত্য জ্যোতিবাবুর হিসাব, সরোজবাবুর হিসাব, না, ভক্তিবাবুর হিসাব? আরও অদ্ভুত ব্যাপার দেখুন। যেখানে সরকার বলছেন যোগাযোগ করা যাচ্ছে না, স্পীড বোট যেতে পারছে না, কিছু যেতে পারছে না, প্রশাসনিক যোগাযোগ নেই, ওই রকম পরিস্থিতিতে প্রতিদিন নাকি হিসাব রাইটার্স বিল্‌ডিংসে চলে আসছে—কত জন কোন জেলায় মারা যাচ্ছে। তাহলে কি মৃত মানুষরা রাইটার্স বিল্ডিংসে এসে তাদের সংখ্যা জানিয়ে গিয়েছে? অদ্ভুত ব্যাপার। আসলে মৃত্যুর এই ভয়াবহ সংখ্যাটি আড়াল করার চেষ্টা। এটা সংবাদপত্রের দৃষ্টি কিন্তু এড়িয়ে যায়নি। ওই সত্যযুগে সাম্প্রতিক বন্যায় মৃত্যুর সম্পর্কে কি সংবাদ বেরিয়েছে দেখুন। ৭-১০-১৯৭৮ তারিখে সত্যযুগের শিরোনাম "বর্দ্ধমান বীরভূমে শুধু মৃত্যু"—এই শিরোনামে সত্যযুগ লিখছে, "দুটি জেলা কর্তৃপক্ষই মৃতদেহগুলি সংকারের কাজে নেমেছেন। কিন্তু শত শত মানুষের মৃতদেহ ও হাজার হাজার গবাদি পশুর গলিত শব যার আধ মাইলের মধ্যে পৌঁছান যায় না। ডোম দিয়ে তার সংকার করানোর মত

লোক শক্তিও সরকারের নেই। বাধ্য হয়ে সিভিল ডিফেন্স ও স্বেচ্ছা সেবীর স্মরণ নিতে হচ্ছে। একজন সরকারী উচ্চপদস্থ অফিসার বললেন, প্রত্যেককে ২০ টাকা অগ্রিম দিয়ে বলেছি, মদ খাও। মদ না খেলে পারবে না। প্রত্যেকটি এলাকার সরকারী ও বেসরকারী তত্ত্বাবধানে গণকবর খোড়া হচ্ছে। প্রত্যেকটি কবরে দশটি পনেরটি বা তারও বেশি মৃতদেহ শুইয়ে দেওয়া হচ্ছে চিরশান্তিতে। তার উপর সরকারী ব্যবস্থা হলে ব্লিচিং পাউডার দেবার চেষ্টা হচ্ছে। না হলে এমনি মাটি চাপা দেওয়া হচ্ছে। তারই পাশে মৃতের নিকট আত্মীয়রা বোবা কান্নায় ভেঙ্গে পড়ছেন। তা দাঁড়িয়ে দেখার মতো শক্ত স্নায়ুও খুব কম লোকেরই আছে। সকলকেই এই দৃশ্য দেখে চোখ চাপা দিতে দেখেছি। রাস্তার পাশে ঝোপে ঝাড়ে আটকে আছে গলিত শবের মিছিল, বীভৎস ফুলে ওঠা। বেশীর ভাগই উলঙ্গ। নদীর স্রোত তাদের পরণের পোষাকও কেড়ে নিয়েছে।"

সত্যযুগে ৭-১০-৭৮ তারিখে প্রকাশিত এই সংবাদ মৃত্যুর সংখ্যা কি ভয়াবহ তা প্রমাণ করছে বুঝতে অসুবিধা হয় না যে সরকার পক্ষ থেকে প্রকৃত মৃতের সংখ্যা চাপবার চেষ্টা হয়েছে। কারণ মৃতের প্রকৃত চিত্র যদি প্রকাশ পেয়ে যায় তাহলে সরকারের দায়ীত্ব-জ্ঞানহীনতা সম্পর্কে মানুষের মধ্যে ব্যাপক ক্ষোভ-এর সৃষ্টি হবে। সেটা এড়াবার জন্যই মৃতের সংখ্যা চেপে দেওয়ার চেষ্টা করা হয়েছে। বন্যাকবলিত মানুষদের প্রতি বামফ্রন্ট সরকারের অমানবিক আচরণের আর একটি জঘন্যতম নজীর আমি আপনার সামনে তুলে ধরছি। আপনারা দেখেছেন বিভিন্ন এলাকাতে মানুষ-গুলো জলবন্দী অবস্থায় দিনের পর দিন অভুক্ত থেকেছে।

কোন কোন জায়গায় ৮/৯/১০ দিন পর্যন্ত সরকারী কোন রিলিফ বা ত্রাণ যায় নি। এসব কথা আপনারা অস্বীকার করতে পারেন না। ফলে সেই সব ক্ষুধার্থ মানুষগুলো খাদ্যের জন্য রিলিফের জন্য যখন হাহাকার করছে। সেই সময় রিলিফ এসে পৌঁছালে স্বাভাবিকভাবে তা পাওয়ার জন্য সেই সমস্ত ক্ষুধার্থ মানুষগুলোর একটু অশান্ত হয়ে পড়া খুব অস্বাভাবিক না। ঠিক এই রকম একটা অবস্থায় মুর্শিদাবাদের বেলডাঙ্গা ষ্টেশনে যখন বন্যা কবলিত ক্ষুধার্থ মানুষের কাছে রিলিফ গিয়ে পড়ে তা পাওয়ার জন্য তখন তারা একটু অশান্ত হয়ে পড়েছিল। কিন্তু সেখানে এই বামফ্রন্ট সরকার সেই বন্যা কবলিত ক্ষুধার্থ মানুষগুলোকে সহানুভূতির সাথে শান্ত করার চেষ্টা না করে তাদের কুকুর বেড়ালের মত গুলি করে হত্যা করেছে। আর সেই গুলি এক রাউণ্ড দু রাউণ্ড নয় সরকারী হিসাবে ৩২ রাউণ্ড গুলি চালানো হয়েছিল এবং ঘটনাস্থলেই পাঁচজন

গুলিবিদ্ধ হয়ে মারা যায়। এঁরা আবার মানবিকতার কথা বলছেন। সর্বদলীয় উপদেষ্টা কমিটিতে আমাদের দলের পক্ষ থেকে যখন প্রশ্ন করা হয়েছিল যে এই রকম আচরণ কেন করা হয়েছে ? কেন এইভাবে গুলি করা হয়েছে ? জ্যোতিবাবু তার উত্তর দিয়েছিলেন যে এরা সব সমাজবিরোধী। তাদের চোখে এই সব ক্ষুধার্থ বন্যা কবলিত মানুষরা হচ্ছে সমাজবিরোধী। আর যে সমস্ত অর্থলিপ্সু, মুনাফাবাজ, কালোবাজারী, মজুতদার ও অসাধু ব্যবসায়ীরা এই বন্যার এবং মানুষের দুরবস্থার সুযোগ নিয়ে জিনিস-পত্রের দাম বাড়িয়ে লক্ষ লক্ষ মানুষের জীবন ওষ্ঠাগত করে তুলল তারা কিন্তু জ্যোতিবাবুদের দৃষ্টিতে সমাজবিরোধী হোল না। তাই তাদের বিরুদ্ধে বামফ্রন্ট সরকার কোন রকম শাস্তিমূলক ব্যবস্থা নেবার প্রয়োজন বোধ করলেন না। এই হচ্ছে ওঁদের মানবিকতার নমুনা। তারপর ত্রাণ সামগ্রী আত্মসাতের কথা—অনেকেই এ সম্বন্ধে বলেছেন। জ্যোতিবাবু এই অভিযোগ অস্বীকার করার চেষ্টা করেছেন। তিনি বলেছেন এই ব্যাপারে নাকি—কেউ কোন স্পেসিফিক কেস দিতে পারে নি, কেউ কোন প্রমাণ বা দৃষ্টান্ত দিতে পারে নি। অথচ বাস্তবে অনেক অভিযোগের অনেক প্রমাণই অনেকে দিয়েছেন। আমি এই রকম কয়েকটি আত্মসাৎ করার কথা দায়িত্ব নিয়ে এখানে রাখছি। মেদিনীপুর জেলার কোলাঘাট ব্লকে দেঁড়িয়াচক অঞ্চলের অঞ্চল প্রধান সি. পি. এম সদস্য শম্ভু আদক বন্যা ত্রাণের ৩৯ বস্তা আটা বিক্রি করে দিয়েছিল। স্থানীয় মানুষ সেই আটা নিয়ে ১৯/১০/৭৮ তারিখে এবং ২০/১০/৭৮ তারিখে এস. ডি. ও-র কাছে যায় এবং এস. ডি. ও-র নির্দেশে পাঁশকুড়া থানায় এ সম্বন্ধে কেস করা হয়েছে। মেদিনীপুর জেলার শান্তিপুর অঞ্চলে সি. পি. এম. নেতা সত্য মাঝি রিলিফের জন্য যে ত্রিপল দেওয়া হয়েছিল সেই ত্রিপল বন্যা বিধ্বস্ত মানুষদের বিতরণ না করে যাদের প্রয়োজন নেই এমন সব অবস্থাপন্ন মানুষদের মধ্যে বিলি করেছে এবং এক একজনকে ২/৩টি করে দেওয়া হয়েছে। এছাড়া বাদ বাকী ত্রিপল বিলিই করাই হয় নি বিক্রি করে দেওয়া হয়েছে। এই অভিযোগ সাধারণ মানুষ ২০/১০/৭৮ তারিখে স্থানীয় বি. ডি. ও-র কাছে করে। তারপর সমস্ত জনসাধারণ মিলে ঐ সত্য মাঝির কাছ থেকে যখন হিসাব চেয়েছিলেন তিনি সেই ত্রিপলের হিসাব দিতে পারেন নি এবং রিলিফে এই ত্রিপল বিক্রি করে দেওয়ার জন্য শেষ পর্যন্ত জনসাধারণের কাছে তাকে ক্ষমা চাইতে হয়েছিল। পঞ্চায়েতের মাধ্যমে বন্যাত্রাণ সামগ্রী বিলি বন্টনের প্রশ্নে একই সরকারী নীতি অনুসৃত হচ্ছে না। পঞ্চায়েতে যেখানে সি. পি. এম. কর্তৃত্ব আছে সেখানে একরকম ট্রিটমেন্ট আর যেখানে অন্যদের কর্তৃত্ব আছে সেখানে আর একরকম ট্রিটমেন্ট। নদীয়া জেলায় পলসণ্ডা গ্রামে যেখানে সি. পি. এম. কর্তৃত্ব আছে সেখানে তাদের দিয়ে

রিলিফ বিলি করানো হোল। আর বারুইপাড়া গ্রামে যেখানে এস. ইউ. সি. গ্রাম পঞ্চায়েতে রয়েছে তাদের উপর রিলিফ বিলির ভার দেওয়া হোল না।

[ 6-45—6-55 P. M. ]

এই হচ্ছে সরকারের প্রশাসনিক নিরপেক্ষতার নমুনা। আমার সময় খুব অল্প তাই আর একটি কথা বলেই শেষ করতে চাই—সরকার বলছেন এটা জাতীয় বিপর্যয়। মুখ্যমন্ত্রী বলছেন এই জাতীয় বিপর্যয়ে সমস্ত জনগনের সাহায্য আমরা চাই এবং তাদেরই সহযোগিতার ভিত্তিতে আমরা এতবড় বিপর্যয়কে রুখব। কিন্তু এত বড় বিপর্যয়কে রুখতে গেলে তার প্রক্রিয়াটি কি?—যদি সত্যিই তারা জনগণের সহযোগিতা পেতে চান তাহলে সেই সহযোগিতা গ্রহণ করবার বাস্তবানুগ প্রক্রিয়া কি—সেটা হল, স্তরে স্তরে ব্যাপক জনসাধারণকে এই বন্যাজনিত বিপর্যয়ের মোকাবিলায় যদি জড়িত করতে হয় তাহলে স্তরে স্তরে সমস্ত রাজনৈতিক দলকে নিয়ে সর্বদলীয় কমিটি গঠন করা দরকার। কিন্তু তারা সেটা করছেন না। তারা জেলা এবং রাজ্যস্তর ছাড়া কমিটি গঠন করছেন না। শুধু তাই নয় আশ্চর্য্যের কথা জ্যোতিবাবু স্টেটমেন্ট করেছেন আমরা জেলাস্তরে সমস্ত রাজনৈতিক দলকে নিয়ে উপদেষ্টা কমিটি গঠনের সিদ্ধান্ত আগেই নিয়েছিলাম এবং উপদেষ্টা কমিটি গঠন করা হয়েছে। এটা অসত্য স্টেটমেন্ট, অসত্য বিবৃতি। কারণ, আমরা জানি বীরভূম, নদীয়া এবং মেদিনীপুরে আমাদের দল এস. ইউ. সি. কে গোড়া থেকেই জেলাস্তরে উপদেষ্টা কমিটিতে গ্রহণ করা হয়নি। আমি আশা করি মুখ্যমন্ত্রী তাঁর জবাবী ভাষণে তার উত্তর দেবেন।

**শ্রীমহম্মদ আব্দুল বারি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বন্যা পরিস্থিতি বিষয় নিয়ে আলোচনা করার আগে মাননীয় সদস্য দেবপ্রসাদবাবু বেলডাঙ্গা ঘটনার কথা বললেন যে হাজার হাজার ক্ষুধার্ত ও বন্যাপীড়িত মানুষের উপর নাকি গুলি চালানো হয়েছে—আমি দেবপ্রসাদবাবুকে অনুরোধ করছি আপনি বেলডাঙ্গা স্টেশনে গিয়ে এই কথা বলুন। যাদের গুলি করা হয়েছিল তারা ওয়াগন লুঠ করছিল। কিসের ওয়াগন? শুধু গমের ওয়াগন নয়, সারের ওয়াগনও ছিল এবং যে গুলি খেয়ে মারা গেছে, ওখানে গিয়ে জিজ্ঞাসা করে দেখুন তার বাবাও এ্যান্টিসোসাল এলিমেন্ট ছিল এবং তাকেও গুলি খেয়ে মরতে হয়েছে। সুতরাং এই এ্যান্টিসোসাল এলিমেন্ট সমাজ বিরোধীদের নিয়ে এই ভাবে এখানে গলা ফাটানো যায়, কিন্তু বেলডাঙ্গায় গিয়ে

একবার ফাটিয়ে আসুন—পশ্চিমবঙ্গের মানুষ এক সংগ্রামী ঐতিহ্য রক্ষা করে চলেছে বিভিন্ন ঘটনার মধ্য দিয়ে। সারা দেশে যখন স্বেচ্ছাতন্ত্র বীজ বপন করে ভারতবর্ষের বুক থেকে গণতন্ত্রকে ধ্বংস করতে চেয়েছিল তখন অনেক রক্ত দিয়ে অনেক জল ঘেঁটে, অনেক আত্মত্যাগের মধ্য দিয়ে পশ্চিমবঙ্গের সচেতন মানুষ গণতান্ত্রিক আবহাওয়া সৃষ্টি করে এই বাম ফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত করেছিল। বাম-ফ্রন্ট সরকারের প্রতিশ্রুতি অনুসারে গ্রামবাংলার মানুষের কাছে যখন আমরা তাদের অধিকারকে কেন্দ্রীভূত করতে চেয়েছিলাম পঞ্চায়েত নির্বাচনের মধ্য দিয়ে,—পঞ্চায়েতের কাজের মধ্য দিয়ে মানুষের কাছে যখন অবস্থা নিয়ে আসছি তখন সেই সময় এসেছে প্রাকৃতিক দুর্যোগ বিধ্বংসী বন্যা। পশ্চিমবঙ্গের মানুষ প্রকৃতির সঙ্গে ১৯৭৮ সালে এই প্রথম লড়াই করছে, তা নয়—১৩৫০ সালে মন্বন্তরে লড়াই করেছে, ১৯৫৬ সালের বন্যায় লড়াই করেছে, ১৯৫৯ সালের বন্যায় লড়াই করেছে—এই ভাবে তারা লড়াই করেছে। এইবারে যে লড়াই সেই লড়াই-এর সঙ্গে আমাদের কিছু অভিজ্ঞতা অর্জন করার সুযোগ হয়েছিল এবং দেখেছি সেই লড়াই-এ বিরোধী পক্ষ যাই বলুন না কেন, পশ্চিমবঙ্গ মানুষের লড়াই-এ অংশ গ্রহণ দেখে আমরা অত্যধিক আশান্বিত।

ভেবেছিলেন জয়নাল আবেদিন সাহেবের দল, ভেবেছিল অনেক প্রতিক্রিয়াশীল শক্তি বিধ্বংসী বন্যার সঙ্গে সঙ্গেই পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারও ভেসে যাবে। কিন্তু ভাসে নি, আমরা বেঁচে আছি এবং আমরা বেঁচে থাকবো।

(ডাঃ জয়নাল আবেদিন ঃ—ভামরা চাই না আপনারা ভাসুন।)

আপনারা চেয়েছিলেন এবং এখনও চাইছেন। যে ত্রানের ব্যবস্থা চলছে সেই ত্রানের ব্যবস্থাতেও, যে ক্ষয়ক্ষতি হয়েছিল সেই ক্ষয়ক্ষতির সঠিক হিসাব না দিয়েও ঐ জনতা নেতারা আজও বলতে চাইছেন এরা বেশী করে দিয়েছেন। স্যার আমরা ত্রান করি, আমরা মানুষের জন্য কিছু করি এটাও তারা চাইছেন না। ভেসে যাক বন্যায় এটাই তারা চাইছেন এবং তারা চাইছেন সেই শ্মশানের উপর তারা রাজনীতি করবেন। এই উদ্দেশ্য নিয়েই গত ৩০ বছর ধরে ওরা এই দেশের গঙ্গা, ভাগিরথী, পদ্মা, কাবেরীর উপর বাঁধ সৃষ্টি করেছেন। সেখানে বৈজ্ঞানিক কোনরকম দৃষ্টিভঙ্গী না নিয়েই তারা করেছেন। রাশিয়ার ভলগা নদীতে বন্যা হয়, চীনের হোয়াং হো নদীতে বন্যা হয়, ভিয়েতনামের মেকং নদীতে বন্যা হয়, সে দেশের মানুষ বন্যা প্রতিরোধ করতে পেরেছে। কিন্তু আমাদের দেশ গত ৩০ বছর ধরে বন্যা প্রতিরোধ করতে পারে নি।

পরিকল্পনার ত্রুটির জন্য সব ভেসে যাচ্ছে। আগেকার মানুষরা বুঝতেন আমাদের দেশে বন্যা আসছে এবং তারজন্য আমরা প্রস্তুত আছি- জমিতে আমরা কি বুনবো, এখন কেটে নেব কিনা বা আগামীদিনে কি ফসল হবে ইত্যাদি কিন্তু আজকের দিনের মানুষ ডি. ভি. সি'র দয়াতে সে ভাবছে জল আসছে, আগামীদিনের আমি সোনার ফসল ফলাবো, হাই ইলডিং ফসল করবো, সে নানান পরিকল্পনা করে সোনার ফসল ফলাবার জন্য কিন্তু সেখানে আমরা কি দেখছি ? আমরা দেখছি একটার পর একটা বাঁধ দেওয়া হয়েছে—সেখানে সোনাই বাঁধ ভেঙ্গে গেল এবং ডুবিয়ে নিয়ে গেল একটার পর একটা গ্রাম। তারপর ভরতপুর, খরবা ডুবে গেল। কোন আমলের সেই মধ্যমপুরের বাঁধ ভেঙ্গে চুরমার করে দিয়ে বেলডাঙ্গা, নওদাকে ডুবিয়ে দিল। ম্যাসাঞ্জরের জল চলে গেল নওদা, জলঙ্গী দিয়ে। এ তো কোনদিন হয়নি। এই বাঁধ না হলে এটা হত না। আজকে যাবেন গ্রামের মানুষদের কাছে, জানবেন তাদের অভিজ্ঞতার কথা। স্যার, ৮০ বছর বয়স্ক স্থবির একজন হেড-মাস্টার মহাশয় দুঃখের সঙ্গে বলছিলেন আমাকে, আপনি হিসাব করুন যে বন্যা প্রতিরোধ করবার জন্য—ডি.ভি.সি. ময়ূরাক্ষী ইত্যাদি প্রেজেক্ট তাতে যে টাকা খরচ করেছেন এবং তাতে যে ফসল পাওয়া যাচ্ছে এবং লাভ হচ্ছে সেটা একদিকে হিসাব করুন আর অন্য দিকে হিসাব করুন ডি. ভি. সি. ময়ূরাক্ষী হবার পর কত বন্যা হয়েছে এবং তাতে কত ক্ষয়ক্ষতি হয়েছে, কত ঘরবাড়ী ভেঙ্গে গেছে। এই হিসাব করে একটা ব্যালেন্সসিট করুন। এখানে যদি দেখেন ক্ষতি হচ্ছে তাহলে ভেঙ্গে দিন। এই হচ্ছে ৮০ বছর বয়স্ক একজন হেডমাস্টার মহাশয়ের দুঃখের কথা। এই তো আপনারা করেছেন। আজকে এই বন্যার সঙ্গে লড়াই করছে সরকার, আমরা মন্ত্রীরা, মাননীয় মুখ্যমন্ত্রী, এম. এল. এরা— লড়াই করছে হাজার হাজার মানুষ তাদের মা, ভাই বোনকে বাঁচাবার জন্য। পলিটিক্যাল সায়েন্সে একটা কথা আছে --রাইট ইমপ্লাইস ডিউটিস-৩০ বছর ধরে এটা আমরা পড়ছি। এটা কাগজে ছিল এবারেই প্রথম বাংলাদেশের মানুষ রাইট ইমপ্লাইস ডিউটিস এই কথাটির আসল ব্যাখ্যা পেয়েছেন। পঞ্চায়েতের হাজার হাজার সদস্য সেখানে ঝাপিয়ে পড়েছিলেন। তারা বুঝেছিলেন আমরা নির্বাচিত হয়েছি, আমাদের দায়িত্ব আছে। সেখানে সেই দায়িত্ব পালন করতে গিয়ে গ্রামের মানুষ কিভাবে ঝাপিয়ে পড়েছিল গ্রামে গিয়ে আমরা তা দেখেছি। হ্যাঁ, একথা ঠিক আমরা ঠিক সময় হয়ত পৌঁছাতে পারি নি। দুঃখ আছে আমরা পারলাম না বলে। স্যার, আমার জীবনের একটি অভিজ্ঞতার কথা আপনাদের বলি। ২৭ তারিখে বৃষ্টি, ২৮ তারিখে বৃষ্টি, কোলকাতার যে এলাকায় থাকি সেখান থেকে রাইটার্স বিল্ডিং-এ আসতে

পারি নি। পুলকারে ফোন করে ফোন পাই নি। কোন রকম গাড়ীর ব্যবস্থা হল না। শেষ পর্য্যন্ত লালবাজার থেকে একটি ট্রাক এসে আমার মতন এইরকম একটি অক্ষম লোককে রাইটার্স বিল্ডিং-এ নিয়ে এসেছিল ২৮ তারিখে। পুলিশ ধরে আমাকে নামিয়ে দিয়েছিল। তারপর যখন মুখ্যমন্ত্রীর কাছে শুনলাম বহরমপুর থেকে সংবাদ আসছে না, কোন টেলি-কমিউনিকেসান নেই, কোন কিছু নেই তখন তিনি আমাকে বললেন, পরের দিন হেলিকপ্টারে করে যেতে হবে। আমি আর দেবব্রত বাবু প্রস্তুত হলাম। তখনও কোলকাতা থেকে বৃষ্টির জল নামে নি। দেবব্রতবাবু যেতে পারলেন না, আমি গেলাম। স্যার, হেলিকপটারে করে দেখতে দেখতে গেলাম নৈহাটি থেকে আরম্ভ করে সমস্ত পশ্চিমবঙ্গটা মনে হল জলের তলায় রয়েছে—সমুদ্র হয়ে গিয়েছে।

[6-55—7-05 P.M.]

বহরমপুরে নেমে দেখলাম বিধ্বংসী বন্যা। আরও দু দুবার মুর্শিদাবাদ জেলাকে প্লাবিত করেছে। ডি. এম. বললেন মানুষের কাছে যাওয়ার আগে কিছু খাবার নিয়ে এসে পৌঁছে দিন, একটু চিঁড়ে দেওয়ার মতও আমাদের অবস্থা নেই। খুঁজলাম মুর্শিদাবাদ জেলায় মালদহ জেলায়, রায় গঞ্জে, শিলিগুড়িতে, সেখানকার সরকারী গুদামে যা যা ছিল সমস্ত পাঠিয়ে দিয়ে শিলিগুড়ি থেকে রেডিও মারফৎ প্রচার করে দিলাম জনগণের কাছে—আবেদন করলাম হে জনগণ দক্ষিণ বাংলা ডুবেছে, উত্তরবাংলার মানুষ এগিয়ে আসুন এবং এমনিভাবে উত্তরবাংলার মানুষ এগিয়ে এলো। সরকার থেকে খাবার চলে এলো। আমাদের মাননীয় সদস্য বীরেনবাবু সংবাদ পেয়ে ছুটে গেছেন এবং ৩৬ ঘণ্টা পরে নবগ্রাম, কাঁদুয়া, বাড়ুয়াতে গিয়ে পৌঁচেছেন, এই সব দেখেছি, আর অতীশ বাবু যেতে পারেন নি, ১৭ দিন পরে গেলেন। লোকে জিজ্ঞাসা করেছে, আপনি আসতে পারলেন না কেন? তার উত্তরে অতীশবাবু বলেছেন যে বারি সাহেব আমাকে হ্যালিক্যাপ্টারে নিয়ে আসেন নি, তার পরিবারকে নিয়ে হ্যালিক্যাপ্টারে করে ঘুরে বেড়িয়েছেন, এই হচ্ছে অবস্থা। মাননীয় সদস্য যিনি একটু আগে নিজেকে বলতে চেয়েছিলেন বিশেষ ব্যক্তি—বর্ধিষ্ণু পরিবারের ছেলে, তাঁর বাবা মন্ত্রী ছিলেন, শ্রদ্ধা তাঁর প্রতি আমার আছে, সেই রকম লোকের ছেলে নির্লজ্জের মত এই কথা বললেন যে বারি সাহেব তাঁর পরিবারকে নিয়ে হ্যালিক্যাপ্টারে করে এসেছেন, আমাকে নিয়ে আসেন নি। বীরেন বাবু তো হ্যালিক্যাপ্টারে করে যান নি, মাটির মানুষের সঙ্গে তাঁর যোগাযোগ আছে, তাই

তিনি ঐভাবে চলে গিয়েছিলেন। কিন্তু রাজার ছেলে চিরকাল হবার জন্য তৈরী হয়ে আছেন, তিনি যেতে পারেন নি। আজকে কৈফিয়ৎ দিচ্ছেন এবং এই সব কথা বলছেন। আমি দায়িত্ব নিয়ে বলছি, চ্যালেঞ্জ করে বলছি, অতীশ বাবু কি প্রমান করতে পারেন যে বারি সাহেব তার পরিবারকে বা কোন লোককে হ্যালিক্যাপটারে করে নিয়ে গিয়েছিলেন ? বন্যাত্রাণে মানুষের কাছে পৌঁছবার জন্য আমি হ্যালিক্যাপটারে করে গিয়েছিলাম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর একটা কথা বলতে চাই, দলবাজীর কথা বলা হয়েছে, অতীশ বাবুরা এই কথা বলছেন। মন্ত্রী হিসাবে মুর্শিদাবাদের দায়িত্বে আমি আছি, আমি বলতে পারি কোন ব্লকে কোন অঞ্চলে যেখানে যে রকম প্রধান থাকুন না কেন, আমরা কোন জায়গায় কারচুপি করিনি। এমন কি বেসরকারী ভাবে যে ত্রাণ আমরা দিয়েছি, সেই ত্রাণের ব্যাপারেও দেখতে পাবেন আমরা কারচুপি করি নি। কাঁদিতে অতীশবাবু জিতেছেন, সেখানে আমরা ৩০ হাজার ২৯০ খানা হাতে গড়া রুটি দিয়েছি, কিন্তু নবগ্রাম আমাদের এলাকা, সেখানে ১২ হাজার ১৩৫টি দিয়েছি। খড়গ্রামে ২০ হাজার ২৫০টি দিয়েছি। আমরা এই ভাবে চাল, গম সমস্ত বিতরন করেছি। যা কিছু সমস্ত হিসাব, আমার এই কাগজে আছে, তা আমি দেখাতে পারি। এই ভাবে দলবাজী আমরা করিনি। সুতরাং আমি এই কথা বলবো, আজকের বিধানসভায় যেটা আশা করেছিলাম, সমস্ত সদস্য এই বিধ্বংসী বন্যার ব্যাপারে একটা গঠনমূলক সমালোচনা করবেন, তা কিন্তু তারা করলেন না। আমরা জানি যতই আমরা করি না কেন, ঐ রবীন্দ্রনাথের ক্ষুধিত পাষাণের মত সব সময় বলে যাবেন সব ঝুটা হ্যায়। তাই আমি আবার বলি আপনাদের এই ভুল ভেঙ্গে আসুন এগিয়ে, সকলে মিলে বিধ্বংসী বাংলাকে আবার নুতন করে গড়ে তুলি এই সীমাবদ্ধ ক্ষমতার মধ্যেও। এই আবেদন রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীশম্ভুনাথ মাণ্ডি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এই অভূতপূর্ব বন্যার উপর যে আলোচনার সুযোগ দিয়েছেন, আজকে দুদিন ধরে তার আলোচনা চলছে। আমি বিরোধী পক্ষের বন্ধুদের আলোচনা শুনেছি। জনতা পার্টির হরিপদ ভারতী থেকে শুরু করে জয়নাল আবেদিন পর্য্যন্ত, মোটা গলা থেকে শুরু করে সরু গলা পর্য্যন্ত। তবে হ্যাঁ, আমি দেখেছি এবং বুঝেছি গলাটা মোটা সরু হলেও তার যে মূল সুর, সেই সুরটা একই এবং সেটা হচ্ছে দলবাজীর কথা। আজকে আমার বক্তব্যের শুরুতে আমি বলতে বাধ্য হচ্ছি, সেই মার্কস, এ্যাংগেলস, লেনিনের কথা।

আজকে আমি আমার বক্তব্যর শুরুতেই বলতে বাধ্য হচ্ছি সেই মার্কস এ্যাঙগেলস, লেনিনের কথা। এই সেদিন ৫০ থেকে ৬১ বছর আগে রাশিয়াতে নভেম্বর বিপ্লব হয়ে গিয়েছে। ঐ নভেম্বর বিপ্লবের শুরুতে রাশিয়ার শোষিত মানুষ এক হয়ে শাসক শ্রেণীর বিরুদ্ধে লড়াই করেছিল এবং সেই লড়াইতে শোষিত মানুষ জিতেছিল। এখন সেই রাশিয়াতে শোষণহীন সমাজ ব্যবস্থা বর্তমান। আমি বলতে বাধ্য হচ্ছি পশ্চিমবাংলায় আজকে ১৫।১৬ মাস বামফ্রন্ট মন্ত্রীসভা গঠিত হয়েছে এবং এই সরকার গঠিত হওয়ার সঙ্গে সঙ্গেই আমাদের মুখ্যমন্ত্রী বলেছিলেন, এই সরকার জনগণের সরকার, গরীবের সরকার। আমাদের ক্ষমতা সীমিত, কিন্তু আমরা আমাদের সেই সীমিত ক্ষমতা নিয়ে রাইটার্স বিল্ডিংস-এ বসে সরকার চালাব না, গ্রামে গঞ্জে গিয়ে সাধারণ মানুষের সঙ্গে আলাপ আলোচনা করে, তাদের সুখ-দুঃখের কথা শুনে তাদের মতামত নিয়ে সরকার চালাব। আমি বলতে বাধ্য হচ্ছি এবং সেই সঙ্গে মিলিটারী ক্যাপ্টেন ওয়াই, ইয়াসিনকে ধন্যবাদ দিতে বাধ্য হচ্ছি—বন্যার দিন যখন আমি কোলাঘাট যাই, সেই সময় আমার জিপ গাড়ীটা জলে প্রায় ডুবু ডুবু অবস্থা, চতুরদিক জলে জলমগ্ন, রাস্তা চেনা যাচ্ছে না, মিলিটারী ক্যাপটেন ওয়াই, ইয়াসিন ম্যাপ দেখে আমাকে কোলাঘাট পৌছে দিয়েছিলেন এবং তিনি নিজে আমাকে বলেছিলেন, স্যার, আমরা মিলিটারীতে কাজ করি, কিন্তু আমরা মিলিটারী হয়েও এই রকম রিক্স নিই না, আপনি কেন এই রিক্স নিচ্ছেন? এটা ইতিহাসের কোন নজির সৃষ্টি হচ্ছে? জনতা বন্ধুরা অনেকেই চলে গিয়েছেন। জনতা দলের কিরণময় নন্দ এখানে অনেকগুলি কথা বলে গিয়েছেন। তাঁদের দলের স্বদেশ মাঝী মহাশয় এখানে আছেন। কিরণময় নন্দ বলেছেন যে, হাওড়া থেকে শম্ভু মাণ্ডি ট্রাকে করে আবার কলকাতায় ফিরে এসেছিলেন, ওখানে যান নি। তাঁকে আমি বলব যে. আপনি আপনার বন্ধু স্বদেশবাবুকে জিজ্ঞাসা করবেন, উনিই আপনার প্রশ্নের জবাব দেবেন। আমি বলতে চাই ঐ ভয়াবহ বন্যার সময় হাওড়াতে নিরুপমা চ্যাটার্জী উলুবেড়িয়া, বাগনান, আমতা প্রভৃতি জায়গায় ত্রাণের কাজে গিয়েছিলেন। ও'রা দলবাজীর কথা বলেছেন, অথচ ঐ ভয়াবহ বন্যার সময় ও'দের টিকি পর্যন্ত দেখা যায়নি। কিভাবে ওখানকার মানুষের সাথে কাঁধে কাঁধ মিলিয়ে আমরা কাজ করেছি, তা বলে বোঝানো যাবে না। কোলাঘাটে গিয়ে ২।৩ লক্ষ মানুষের সঙ্গে পুলের উপর রাত কাটিয়েছি, দাঁতে দাঁত দিয়ে তাদের সঙ্গে নিয়ে ভয়াবহ বন্যার মোকাবিলার চেষ্টা করেছি। ঐ ভয়াবহ বন্যার মধ্যে আমি ত্রাণ সামগ্রী নিয়ে দাসপুর, ঘাটাল, তমলুক-এর কিছু অংশে গিয়েছি তা বলে বোঝানো

যাবে না। হুগলী জেলার খানাকুল অঞ্চলেও গিয়েছিলাম। কোলাঘাট থেকে হাওড়া জেলার ভাতরায় গিয়েছিলাম। আমি দেখেছি কি প্রচণ্ড উৎসাহ নিয়ে পঞ্চায়েতের নব নির্বাচিত প্রতিনিধিরা ত্রানের কাজ করছেন এবং বন্যার বিরুদ্ধে লড়াই করছেন। আপনারা নিশ্চয়ই জানেন আমাদের মেদিনীপুর জেলার মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির সম্পাদক ৭০।৭৫ বৎসর বয়স্ক বৃদ্ধ সুকুমার সেনগুপ্ত মহাশয় বন্যার সময় সারা মেদিনীপুরে ঘুরে দেখেছেন এবং বিপন্ন মানুষের সাহায্যের জন্য এগিয়ে গিয়েছিলেন এবং সারা মেদিনীপুরের সমস্ত সাধারণ মানুষদের মনোবল জুগিয়েছিলেন। এ নজির ইতিহাসে পাবেন না। এটা একটা নতুন ইতিহাসের নতুন অধ্যায় আপনারা ঐ অঞ্চলে গিয়ে জিজ্ঞাসা করে আসবেন সেই সময়ে সেই অবস্থাকে কিভাবে মোকাবিলা করা হয়েছিল।

[7-05—7-15 P.M.]

মাননীয় স্পীকার মহাশয়, আজকে যারা দলবাজির কথা বলছেন তারা অতীতে নির্লজ্জভাবে ডাইডল থেকে শুরু করে রিলিফের নামে টাকার ১২ আনা অংশ চুরি করতো আর ৪ আনা মানুষকে দিত। আজকে তাঁরা তা পারছেন না বলে তাই তাদের স্বভাবের আঁতে আঘাত লাগছে ও দলবাজির কথা বলছেন। মাননীয় স্পীকার স্যার, আরও শুনে আশ্চর্য্য হবেন—ঐ ভয়াবহ বিপন্নের সময় যখনই বিপন্ন মানুষের কাছে গিয়েছি তখনই তাঁরা অঁাকড়ে ধরে কেঁদে কেঁদে বলেছে আমরা গাছে দড়ি বেঁধে জলের স্রোতের মধ্যে নিজেকে ভাসিয়ে দিয়ে অপরকে উদ্ধার করেছি একথা কোন কোন খবরের কাগজ লেখেনি। কিন্তু আমি বলেছি, এ সরকার আপনাদের সরকার আপনারাই তৈরী করেছেন এই তো আপনাদের কাছে এসে অপনাদের সাথে কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করছি এটাইতো আপনাদের বাস্তব বড় খবর। তখন তাঁরা বলেছে কেঁদে কেঁদে যে "হ্যাঁ" আপনি ঠিকই বলেছেন খবরের কাগজ মিথ্যার বেসাতি দিয়ে কোন দিনই পশ্চিমবঙ্গের সচেতন মানুষকে ভোলাতে পারবে না। মেদিনীপুর জেলায় আমাদের পার্টির কর্মী কমঃ নিতাই চৌধুরী তার নিজের বউ ছেলেমেয়েকে গাছে বেঁধে অপরের উদ্ধারের কাজ করেছে। এই তো সেদিন মেদিনীপুর জেলায় ১ লাখ ২৫ হাজারের মত বিপন্ন মানুষের জমায়েতে জ্যোতিবাবু মিটিং এ গিয়েছিলেন, তখন এক বৃদ্ধা মহিলা বলছেন কই আমাদের জ্যোতিবাবু, আমি তাঁকে দেখতে চাই, ধন্যবাদ দিতে চাই। সুতরাং এতেই বুঝতে পারছেন বিপন্নের মাঝেও লাখে লাখে সাধারণ মানুষ আমাদের পাশে এসে

দাঁড়িয়েছেন। আমি ছোটবেলা থেকে রাজনীতিতে মিশেছি আমি দেখেছি, ঐ কংগ্রেসের তৎকালীন প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধীর সভায় কোন দিনও এত লোকের জমায়েত হতে দেখেনি। এত বন্যার মধ্যেও সাধারণ মানুষ, সচেতন মানুষ কেন এত ভাল বাসছেন এই সরকারকে এই প্রশ্নের জবাব কে দেবে? মাননীয় স্পীকার স্যার, হাওড়া জেলায় যখন একটি নৌকা নিয়ে সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত কাজ করছিলাম তখন একটি গ্রামে রাত ৯টার সময় একটি পাঁঠা ভেসে যাচ্ছিল আওয়াজ করতে করতে। তাকে উদ্ধার করেছি। একটি আধা বয়স্ক বুড়ো ভেসে যাচ্ছিল তাঁকে উদ্ধার করেছি। কয়েকজন ভাসতে ভাসতে কাঁটা বাবলা গাছ ধরে আটকে ছিল এবং বাঁচাও বাঁচাও বলে চিৎকার করছিল তাদেরকেও উদ্ধার করেছি। কই তাদেরকে তো কংগ্রেস, জনতা, সি. পি. আই, এস. ইউ. সি. বা নকশাল বলে চিহ্নিত করে তো ভাসতে দিইনি। এইরকম জীবনের ইতিহাস আপনারা পেয়েছেন কি? পাননি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কয়লা হাজার ধুলেও কোনদিনও সাদা হয় না। যারা নর পিশাচ, নিমক হারাম তারা চিরদিনই দলবাজীর কথা বলবে। তবুও মন্ত্রীসভার সদস্য হিসাবে আমি অনুরোধ করবো, আপনারা আসুন, ইতিহাসের এক নতুন অধ্যায়ে—আমরা সকলে মিলে এই ভেঙ্গে যাওয়া পশ্চিমবাংলাকে গড়ে তুলি। এই কথা বলে সকলকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীদেবরঞ্জন সেন:** মাননীয় স্পীকার স্যার, মাননীয় মুখ্যমন্ত্রী পশ্চিমবাংলায় যে বন্যা হয়ে গেছে সেই বন্যার উপর যে বক্তব্য তিনি বিধানসভায় গতকাল রেখেছেন তার পরিপ্রেক্ষিতে আমরা ২ দিন ধরে আলোচনা করছি। আমি জানি এই পশ্চিমবাংলায় বিগত ২।৩ মাসে কয়েকটি বন্যায় যে ব্যাপক ক্ষয় ক্ষতি হয়েছে সেই ক্ষয় ক্ষতি তুলনাবিহীন, নজির বিহীন। আমরা এটা জানি যে এই বন্যা যেভাবে ঘটেছে এবং এই বন্যায় বিভীষিকার সৃষ্টি হয়েছে সেই বিভীষিকার দায় দায়িত্ব আমাদের ঘাড়ে এসে পড়েছে। আজকে দামোদর ময়ূরাক্ষী প্রজেক্ট, দুর্গাপুর ব্যারেজ, হিংলা ড্যাম, ময়ূরাক্ষী ব্যারেজ, তিলপাড়া ব্যারেজ এই সমস্ত প্রকল্প একসাথে ভীষণ রূপ ধারণ করেছে এবং সেইগুলির যেভাবে বহিঃপ্রকাশ হয়েছে তার জন্য আজকে পশ্চিমবাংলার এই ব্যাপক ক্ষয় ক্ষতি। তাই আজকে আমাদের হিসাব করতে হবে যে ৩০ বছর আগে যে পরিকল্পনা করা হয়েছিল যে পরিকল্পনা রূপ দিতে গিয়ে ময়ূরাক্ষী ড্যাম সৃষ্টি, পিংলা ড্যামের সৃষ্টি কংসাবতী প্রজেক্ট, ময়ূরাক্ষী প্রজেক্ট তিলপাড়া ব্যারেজ হয়েছে তাতে কতখানি দোষ ত্রুটি ছিল। আপনি জানেন স্বর্গীয়

বৈজ্ঞানিক ডঃ মেঘনাদ সাহা বার বার তৎকালীন প্রধান মন্ত্রী পণ্ডিত জহরলাল নেহরুকে হুঁশিয়ারী দিয়েছিলেন যে আজকে যে তুমি ডি. ভি. সি. করছ, যে পরিকল্পনা করছ সেই পরিকল্পনার মধ্যে দিয়ে দামোদরের বন্যায় পশ্চিমবাংলা ভেসে যাবে বাঁচান যাবে না এবং বিকল্প হিসাবে তার পরিপূরক হিসাবে এই সমস্ত প্রস্তাব দিয়েছিলেন, তৎকালীন কেন্দ্রিয় সরকার এইগুলি নস্যাৎ করে দিয়েছিলেন, কিন্তু আজ ৩০ বছর পরে আমাদের অভিজ্ঞতায় আমরা দেখলাম সেদিন ডঃ মেঘনাদ সাহা যে কথা বলেছিলেন আজ সেকথা ফলেছে, পশ্চিমবঙ্গের উপর দিয়ে বিশাল ঝন্‌কা বয়ে গেছে। বন্যার তাণ্ডব হয়েছে, বাংলাদেশের কোটি কোটি মানুষ বিপর্যস্ত হয়ে পড়েছে। তাই মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি আমাদের সরকারের সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি আমাদের আগামী দিনে যেন এরকম অবস্থা না হয় তার জন্য বামফ্রন্ট সরকার এখন থেকে একটু সজাগ দৃষ্টি দেন। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে যে বন্যার জন্য যে নির্মাণের কার্য্য, যে পুনর্গঠনের কার্য্য এই বামফ্রন্ট সরকার হাতে নিয়েছেন সেই কাজকে সফল করবার জন্য আজকে পশ্চিমবঙ্গের সাধারণ মানুষ খেটে খাওয়া মানুষ সরকারের পাশে এসে দাঁড়িয়েছে। আমরা জানি ১০০ টাকা ২০০ টাকা ৪০০ টাকার অনুদানে কিছুই হয় না। সাধারণ মানুষের ঘরবাড়ী পুনর্গঠনের পক্ষে উপযুক্ত টাকা নয়, আমরা এটা জানি আজকে এই অনুদান দিয়ে আমরা তাদের পাশে থেকে তাদের যেভাবে উৎসাহ দিতে পারি আজকে সেটা লক্ষ্যনীয় বিষয়। আজ আমরা এই কথা গর্ব করে বলতে পারি যে আজ পশ্চিমবাংলায় এই বন্যার মোকাবিলা করতে গিয়ে বামফ্রন্ট সরকার যেভাবে এগিয়ে চলেছেন অতীতের কংগ্রেস সরকার এর ১ শতাংশও পরিপূর্ণ করতে পারতেন না। আজকে পশ্চিমবঙ্গের এতবড় বিপর্যয়ের পরেও পশ্চিমবঙ্গ সরকার নির্ভিকভাবে পুনর্গঠনের কাজে লেগেছেন যাতে মানুষের মধ্যে কোনরকম বিশৃঙ্খলা না হয়, বিভ্রান্তি না হয়, অসন্তোষ না হয়।

[7-15—7-25 P.M.]

এটা আমাদের বাম সরকার প্রমাণ করেছে যে বন্যার পরেও যে কর্মসূচী নিয়েছে তাতে ভ্রান্তি নেই সকলেই আমাদের পাশে এসে দাঁড়িয়েছে তাকে সার্থক করার জন্য। এত বড় বিপদেও আমাদের বামপন্থী সরকার এগিয়ে চলেছেন। ঐ সমস্ত লোক বা মানুষের কোন রকম বিশৃঙ্খলা বা বিভ্রান্তি সৃষ্টি হয়নি। তাদের মধ্যে কোন প্রকার অসন্তোষ নেই এটা বামপন্থী সরকার প্রমান করে দিয়েছে। বাম সরকার এবার

পরবর্ত্তী কার্যসূচী নিয়েছে। তা স্বার্থক করে তোলবার জন্য মেহনতি মানুষ তাদের পাশে এসে দাঁড়িয়েছে। এই সঙ্গে একটা কথা বলি যে, বিরোধী দল থেকে যে ভাবে আজকে বিভিন্ন জায়গায় প্রচার হচ্ছে বিধান সভার ভেতরে ও বাইরে সে ব্যাপারে আমরা তাদের হুঁশিয়ার করে দিতে চাই যে আপনারা যতই ষড়যন্ত্র করুন না কেন আপনারা বাম সরকারের পুনর্বাসনের কর্মসূচীকে বানচাল করতে পারবেন না কারণ মানুষ আপনাদের সম্পর্কে অত্যন্ত সজাগ। মানুষ জানে কি ভাবে আপনারা গত ৩০ বছর পঃ বাংলাকে নষ্ট করে গেছেন। বামপন্থী সরকারের উপর যে দায়িত্ব পড়েছে তা তারা পালন করছেন ও করে যাবেন। বর্ধমান জেলায় যে বন্যা হয়ে গেল আমি সেই জেলা থেকে নির্বাচিত প্রতিনিধি। বর্ধমান জেলার আউসগ্রাম, মঙ্গলকোট, কেতুগ্রাম, গলসি, খণ্ডকোষ, রায়না, জামালপুর, মেমারি ও ভাতারের কিছুটা বন্যায় বিপুল ক্ষয় ক্ষতি হয়েছে। যে অজয় বীরভূমের ভেতর দিয়ে প্রবাহিত হতো সেই অজয় আজ বইছে পশ্চিমবাংলার বর্ধমান জেলার মঙ্গলকোট, কেতুগ্রাম থানার মধ্য দিয়ে। আজকে নদীর গতিপথ পরিবর্তিত হয়ে গেছে। বাঁধ ভেঙ্গে গিয়ে বিরাট এলাকা জুড়ে অজয়ের নদী পথ সৃষ্টি হয়েছে। সেই ধ্বংস সৃষ্টির ফলে মঙ্গলকোট এবং অন্যান্য এলাকার হাজার হাজার গ্রাম বালিতে ঢাকা পড়ে গেছে, হাজার হাজার মানুষকে ভিটে ছাড়তে হয়েছে—শষ্য হারা হয়েছে। আজকে তাই আমরা সংকল্প নিয়েছি যে বর্ধমান জেলায় যে ভাবে সব ক্ষতি হয়েছে তা মোকাবিলা করবার জন্য আমরা এগিয়ে যাবো—এবং আমরা তা যাচ্ছি। বর্ধমান জেলাতে আমরা দেখছি যে বিরোধী পক্ষের যে সমস্ত দল আছেন তাঁরা সেখানে ঘোরাফেরা করেন। আমি তাঁদের কাছে অনুরোধ করবো যে আপনারা গ্রামে যান এবং গিয়ে পুনর্বাসনের কাজে আমাদের সাহায্য করুন। আমরা জানি যে তাঁরা সে সমস্ত এলাকা এ ভাবে কোন দিন পরিদর্শন করেননি। দুঃখের কথা ২৬শে তারিখে যখন বৃষ্টি সুরু হলো ও ২৭ তারিখে যখন তা ভয়াবহ রূপ নিল এবং যখন খবরের কাগজে ও রেডিওতে দিনের পর দিন সংবাদ পরিবেশন করা হচ্ছে তখন কিন্তু আমরা দেখতে পেলাম না যে ভাতার কেন্দ্র থেকে নির্বাচিত প্রতিনিধি ভোলাবাবু তিনি যথাসময়ে উপস্থিত হতে পেরেছেন। দুঃখের কথা হলো জল যখন নেমে গেছে—বান সরে গেছে তখন ভোলাবাবু কোলকাতা থেকে গেছেন কাপড় বিলি করেছেন এবং কাপড় বিলির সুযোগে নিজের ছবি পর্যন্ত বিলি করেছেন। দুঃখের কথা দলবাজি আমরা করছি না আপনারা করছেন ? আপনারা করে হালে পানি পাননি—ফয়দা পাননি তাই বিধান সভায় এসে চেঁচামেচি শুরু করেছেন। কোথায় ছিলেন আপনারা

তখন ? জনতা দলের একজন বললেন যে মঙ্গলকোটের দু-একটা গ্রামে তিনি গিয়েছিলেন। তিনি বলেছেন যে সেখানের নির্বাচিত প্রতিনিধি শ্রীনিখিলানন্দ শর সে গ্রামে নাকি কোন দিনের জন্য যাননি ও কোন মন্ত্রী যাননি। আশ্চার্য্য লাগে, অত্যন্ত দুঃখের কথা। এই ভাবে অপপ্রচার করবেন না। আমি নিখিলানন্দন বাবুকে জানি। তিনি আমাদের দলের লোক নন। তিনি সি. পি. এম-এর লোক। কিন্তু আমি দেখেছি যে নিখিলবাবু কিভাবে দিনরাত বন্যা এলাকায় কাজ করেছেন, কিভাবে রিস্ক নিয়ে জীবন বিপন্ন করে সেখানে রিলিফের কাজ করে গেছেন। আপনারা যা বলবেন তা যদি সঠিক বলেন পরিসংখ্যান দিয়ে বলেন তাহলে আমরাও তার সঠিক উত্তর দেবো সরকারী তরফ থেকে এই কথা বলতে পারি। আজকে বর্ধমানে যে ক্ষতি হয়ে গেছে তার তুলনা নেই। দামোদরের জল, উন্নুনের জল, অজয়ের জল একাকার হয়ে গিয়েছিলো। হাজার হাজার বাড়ী সেখানে পড়ে গেছে। লক্ষ লক্ষ লোক গৃহ হারা হয়ে গেছে। আমরা তাদের পুনর্বাসনের কাজ সুরু করে দিয়েছি। জি, আর এর গমের ব্যাপার আপনারা জানেন। বিরোধী পক্ষের যে সমস্ত সদস্য আছেন তাঁদের কাছে আমাদের প্রশ্ন বর্ধমান জেলায় আপনারা দেখিয়ে দিন কোন খানে কোথায় দলবাজী হচ্ছে, কোন ব্লকে আমরা দলবাজী করেছি ? সবাইকে নিয়ে আমরা রিলিফের কাজ সুরু করেছি।

মুখ্যমন্ত্রী রাজ্যব্যাপী এ্যাডহক কমিটি করবার আগে আমরা বর্ধমানে ২রা অক্টোবর সর্বদলীয় কমিটি করেছি। তখন আমরা সিদ্ধান্তের জন্য বসে ছিলাম না। আমরা বর্ধমানে যখন করেছি তখন কারুর দিকে লক্ষ্য রাখিনি। বর্ধমানকে বাঁচাবার জন্য এই কাজ করেছি। জেলার ত্রাণের সাহায্যের জন্য সর্ব দলীয় কমিটি করেছি। ২৬শে রাতে যখন বৃষ্টি হয় তারপর ২৮শে তারিখ সকাল থেকেই আমরা রিলিফের কাজে সর্বতোভাবে সরকারী যন্ত্রকে আমরা কাজে লাগিয়েছি এবং এর জন্য বর্ধমানের জেলা শাসক প্রশংসার দাবী রাখেন। মাঃ স্পীকার মহাশয় আপনার মাধ্যমে সেচ দপ্তরের মন্ত্রীর কাছে আবেদন রাখতে চাই। রেডিও ও খবরের কাগজে বের হয়েছে যে দামুদরের গলসী এলাকার একটা জায়গায় বাঁধ ভেঙ্গে যাবার একটা সম্ভবনা দেখা গিয়েছিলো, সেখানে বাঁধের সামনে যে স্কাওয়ার্ড ছিলো সেই দেড় মাইল লম্বা যেখানে প্রথমে ধাক্কা লাগে সেই অরিজিনাল এমব্যাংকমেণ্ট সেখানে যদি প্রোটেকসান দিতে পারা যায় সেজন্য সে স্কাওয়ার্ড সারা দরকার। সেই দেড় মাইল লম্বা স্কাওয়ার্ড নিমেষের মধ্যে নষ্ট হয়ে গেছে। প্রথমে এতে এসে জল ধাক্কা লাগে সেখানে টর্চ জ্বালিয়ে লাইট জ্বালিয়ে প্রায় ৫০ ব্যাগ বালি ফেলে পাথর ফেলে

সরকারী কর্মচারী ও আমরা সেই বাঁধ করলাম সেই অবস্থা থেকে রক্ষা। সে রক্ষা ন করলে সমস্ত কিছু ভেসে যেত। আমি সেচ মন্ত্রী মহাশয়ের কাছে নিবেদন রাখতে চাই যখন পুনর্নির্মাণ ও মেরামতের কাজ আপনারা শুরু করবেন তখন এটাকে যে প্রায়রিটি দেওয়া হয় যাতে নাকি ভালভাবে রক্ষনাবেক্ষণ হতে পারে। আপনার শুনে আনন্দ পাবেন যে মাঠে যখন ধান শুকোতে আরম্ভ করেছে তখন আমরা সেচে ব্যবস্থা করতে পেরেছি। তাই বন্যার পর পুনর্বাসনের কাজ যেমন আছে তেমনি আগামী দিনে পশ্চিমবাংলাকে খাওয়াবার দায়িত্ব বর্ধমান জেলা যাকে আমর গ্রানারি অফ ওয়েষ্ট বেঙ্গল বলা হয় সেখানে আমরা খাদ্য উৎপাদন করতে পারবো সেই ভাবে পরিকল্পনা নিয়ে আমরা রবি চাষ করবো। সব শেষে অনুরোধ করবে যে আসুন আমরা সবাই মিলে নূতন ভাবে পশ্চিমবাংলাকে গড়ি এবং সকলে সহযোগীতা করি। এই বলেই আমি শেষ করছি।

[7-25—7-35 P.M.]

শ্রীদেবীপ্রসাদ বসুঃ ২৯শে সেপ্টেম্বর মহা প্লাবন পূর্ণ হল মাননীয় স্পীকা মহাশয়। ৫ মাসের পাওনা বৃষ্টি মাত্র ৪৮ ঘণ্টার মধ্যে নিঃশেষিত হয়ে গেল এব নদীয়া বাংলাদেশ সীমান্তের বামকোন থেকে মেদিনীপুর জেলার শেষ সীমান্ত পর্যন নৌকায় অবাধে যাতায়াত করা যেত, পশ্চিমবাংলার নদীগুলির পৃথক অস্তিত্ব লো পেল। আমাদের অর্থমন্ত্রী দিল্লীতে বলেছিলেন, যে, পশ্চিমবাংলা আকাশপথে দেখলে মনে হয় বঙ্গোপসাগর ২০০ মাইল উত্তরে এগিয়ে এসেছে। একথা তিনি ঠিকই বলেছেন। কিন্তু ৩০ বছর নেহেরু রাজবংশের শাসনে থাকার পরও যে দেশে রেলপথে বা মোটর পথ থেকে গ্রামের অভ্যন্তরে ১৪/১৫ মাইল পর্যন্ত পথ যাবা একমাত্র ব্যবস্থা হচ্ছে বুলক কার্ট এক্সপ্রেস সেই দেশের সেই দুরতিগম্য গ্রামগুলি যখন বিচ্ছিন্ন হল এবং তার রেলপথ এবং সড়কপথ যখন নিশ্চিহ্ন হয়ে গেল তখন যদি আমাদের মুখ্যমন্ত্রী চিহ্নিত হয়ে থাকেন এবং সেই দুরতিগম্য গ্রামগুলির কথ ভেবে মুখ্যমন্ত্রী চিন্তিত হন তাহলে হরিপদবাবুর মত লোকের মুখ্যমন্ত্রীর প্রতি কটাক্ষপাত করা সঙ্গত হয়েছে বলে আমি বিবেচনা করি না। ২৯শে সেপ্টেম্বর টেলিফোন এক্সচেঞ্জ থেকে আমাকে জানানো হল থানা, বি. ডি. ও অফিস এব আপনার এই ৩টি টেলিফোন আমরা বহু কষ্টে ঠিক করেছি--তবে কতক্ষণ ঠিক থাকবে আমরা জানি না। আমি সেই মুহূর্তে নবদ্বীপ থেকে মুখ্যমন্ত্রীকে টেলিফোন করে যেই রিসিভার নামিয়ে রাখছি তখনই আবার আমার টেলিফোন বেজে উঠল।

টেলিফোনে শুনলাম আনন্দবাজার পত্রিকার বরুণ সেনগুপ্ত জানতে চাচ্ছেন, খবর কি ? আমি তাঁকে বললাম, নবদ্বীপের শহর এবং ব্লকের মাত্র ১ হাজার গজ ডাংগা আছে, বাকীটা ৮।১০ ফুট জলে ডুবে গেছে। আমি তাঁকে বললাম, প্রত্যেকটি লোককে উদ্ধার করা হয়েছে, একজনও মারা যায়নি। উনি বললেন, এত লোককে কোথায় তুললেন ? আমি বললাম, মঠ, মন্দির, কলেজ বাড়ীর দোতালায় এবং যে সমস্ত বড়লোকেরা তীর্থযাত্রীদের জন্য তাঁদের বড়বড় বাড়ী তালা বন্ধ করে রেখেছিল সেই সমস্ত বাড়ীর দোতালায় এবং রেল লাইনে সকলকে তুলে দিয়েছি, একজনও মারা যায়নি। বরুনবাবু প্রশ্ন করলেন, পানীয় জল পাচ্ছেন না নিশ্চয়ই ? আমি বললাম, পানীয় জলের কষ্ট হচ্ছে এটা ঠিক কিন্তু পাচ্ছি না এটা ঠিক নয়। (শ্রীধীরেন্দ্রনাথ সরকার : সাজান কথা।) আমি সাজান কথা বলি না। আমি দেবীবোস, ১৯৬২ সাল থেকে এখানে আসছি, আপনি তখন এখানকার ছায়াও স্পর্শ করেননি। যাহোক, আমি বরুনবাবুকে বললাম, যেখানে টিউবওয়েলের মাথা দেখা যাচ্ছে সেখানে কলার ভেলায় করে ভলানটিয়াররা গিয়ে পাম্প করে জল নিয়ে আসছে। জলের কষ্ট হচ্ছে এটা ঠিক, কিন্তু পাওয়া যাচ্ছে না এটা ঠিক নয়। তারপর তিনি প্রশ্ন করলেন, খাবারের কি ব্যবস্থা হয়েছে ? আমি বললাম আজ রাত থেকে ভলানটিয়াররা চিড়া এবং গুড় দেবে বাড়ী বাড়ী। ২০০ কুইন্টাল চিড়া রিকুইজিসন করা হয়েছে এবং ব্যবস্থা হয়েছে ভলানটিয়াররা বাড়ী বাড়ী গিয়ে সেই চিড়া এবং গুড় দিয়ে আসবে। এইসব কথা শুনে দেখলাম বরুনবাবু হতাশ হয়ে টেলিফোন ছেড়ে দিলেন। উনি আশা করেছিলেন কোন লোমহর্ষক রোমাঞ্চকর সংবাদ পাবেন, কিন্তু আমি তা দিতে পারিনি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ওদের বক্তৃতা শুনে মনে হল ওরা সর্বদলীয় কীর্ত্তন কমিটি করতে চান। হ্যাঁ স্যার, ওরা কীর্ত্তন কমিটি করতে চান। আমি নবদ্বীপের লোক—বামফ্রন্টের ভলেনটিয়াররা যখন গ্রামে গ্রামে বিউগল বাজিয়ে বলছে চীন যেমন ভূমিকম্পের সময় মোকাবিলা করেছে তেমনি এস আমরা বন্যার সঙ্গে মোকাবিলা করি। আর ওরা দাবী তুলেছেন বাদ্যযন্ত্র নিয়ে সর্বদলীয় কীর্ত্তন কমিটি কর। আমি সেদিন দেখলাম একদল এই লোকসংগীতে দোতারা বাজিয়ে বাজিয়ে কীর্ত্তন করতে করতে যাচ্ছেন—'গালু গালু চিকমিক গালু, কোন দলে গেলে থাকব ভালু'। এই বলতে বলতে কীর্ত্তন গাইতে গাইতে যাচ্ছেন। একদিন রাত্রে উত্তর কলকাতায় আমি শুয়ে আছি, রাত্রে ঘুম ভেঙ্গে গেল প্রচণ্ড ঢোলের আওয়াজ—আপনি জানেন স্যার, কাবুলিওয়ালদের দেশ থেকে পুত্র সন্তান হবার খবর যখন আসে

তখন তারা ময়দানে ঢোল বাজিয়ে নাচগানা করে—সেই রকম ঢোল বাজছে, তার সঙ্গে গানও হচ্ছে—গানটা হচ্ছে 'পিশাচিনি আসছেরে—এইবার মোকা লুঠবোরে—পিশাচিনি আসচেরে, এইবার মোকা লুঠবোরে' এই গান গেয়ে ঢোল বাজাতে বাজাতে আরেকদল কীর্ত্তন করতে করতে যাচ্ছে। তারপর স্যার, আমি ঐ দিন ভোর বেলায় উঠে হাওড়ায় যাচ্ছি—একদল লোক গঙ্গাস্নান করে টিকিতে গাঁদা ফুল বেঁধে বেহালা নিয়ে ছড় টানতে টানতে করুন সুরে গাইতে গাইতে যাচ্ছে 'এবার কোথায় বাধবে ধান, কোথায় পাকবে ধান, কিছু বুঝি না কিছু জানি না—আ—আ'। তা স্যার, এই যে সর্বদলীয় কীর্ত্তন কমিটি ওরা করতে চেয়েছিলেন—সেটা অসুবিধা হয়েছে। আমি নবদ্বীপের ছেলে ছোটবেলা থেকে কীর্ত্তন শুনতে শুনতে অভ্যস্ত—আমি এস ডি ও-কে বললাম ডাকুন কীর্ত্তনওয়ালাদের, বসুক সর্বদলীয় হোক বা শ্রী-দলীয় হোক —ওরা বলুক ওদের বক্তব্য। কীর্ত্তনওয়ালাদের নিয়ে আসা হল। আমার কাছে কমপ্লিট সার্ভে লিস্ট ছিল, আমাদের ভলেন্টিয়াররা প্রত্যেকটি বাড়ির কমপ্লিট সার্ভো লিস্ট রেখেছিলেন। বললাম বলুন আপনাদের বক্তব্য, এস ডি ও প্রিজা ইভ করছেন। তাঁরা বললেন নির্বিচারে সমস্ত লোককে রিলিফ দিতে হবে। আমি জিজ্ঞাসা করলাম ওমুক বাবুর বাড়িতে টি ভি সেট, নিচে এ্যাম্বাসাডার গাড়ী তাঁকে দিতে হবে ? তারা বললেন তার উঠোনে জল গেছে তাকে দিতে হবে। আমি বললাম ওমুক বাবুর বাজারে মস্ত বড় দোকান সাদা এক নম্বরী খাতায় ২৫ হাজার টাকা ইনকামট্যাক্স দেন, সারা বছরে সরু মিহি চাল, টিন টিন সরিষার তেল যার বাড়িতে মজুত আছে তাকে রিলিফ দিতে হবে ? সর্বদলীয় কীর্তন কমিটির মেম্বাররা বললেন হ্যাঁ তাকেও দিতে হবে। আমি বললাম ওমুক এম বি এস, এম আর সি পি ডাক্তার তাকে রিলিফ দিতে হবে। তারা বললেন তার লোমওয়ালা কুকুরটি জল লেগে মরে গেছে তাকেও দিতে হবে। ওমুক বাবু বড় তাঁতী মহাজন, সুতোর গদির মহাজন তাকে রিলিফ দিতে হবে। ওরা বললেন হ্যাঁ তাকেও দিতে হবে।

[7-35—7-45 P.M.]

আমি এস ডি ও-কে বললাম হ্যাঁ, এদের রিলিফ দিতে হবে। রিলিফ দেওয়া হলে ছ নম্বর রেশন সপ মাধ্যমে তাদের রিলিফ দিতে হবে, গ্রামে নয়, শহর এলেকায় তিন মাস ধরে রিলিফ চালাতে হবে। রিলিফ চালু করতে গিয়ে দেখা গেল নবদ্বীপের লোক সংখ্যা দেড় গুণের বেশী হয়ে যাচ্ছে। বলা হল সর্বদলীয়

টেলিফোনে শুনলাম আনন্দবাজার পত্রিকার বরুণ সেনগুপ্ত জানতে চাচ্ছেন, খবর কি ? আমি তাঁকে বললাম, নবদ্বীপের শহর এবং ব্লকের মাত্র ১ হাজার গজ ডাংগা আছে, বাকীটা ৮।১০ ফুট জলে ডুবে গেছে। আমি তাঁকে বললাম, প্রত্যেকটি লোককে উদ্ধার করা হয়েছে, একজনও মারা যায়নি। উনি বললেন, এত লোককে কোথায় তুললেন ? আমি বললাম, মঠ, মন্দির, কলেজ বাড়ীর দোতালায় এবং যে সমস্ত বড়লোকেরা তীর্থযাত্রীদের জন্য তাঁদের বড়বড় বাড়ী তালা বন্ধ করে রেখেছিল সেই সমস্ত বাড়ীর দোতালায় এবং রেল লাইনে সকলকে তুলে দিয়েছি, একজনও মারা যায়নি। বরুনবাবু প্রশ্ন করলেন, পানীয় জল পাচ্ছেন না নিশ্চয়ই ? আমি বললাম, পানীয় জলের কষ্ট হচ্ছে এটা ঠিক কিন্তু পাচ্ছি না এটা ঠিক নয়। (শ্রীধীরেন্দ্রনাথ সরকার : সাজান কথা।) আমি সাজান কথা বলি না। আমি দেবীবোস, ১৯৬২ সাল থেকে এখানে আসছি, আপনি তখন এখানকার ছায়াও স্পর্শ করেননি। যাহোক, আমি বরুনবাবুকে বললাম, যেখানে টিউবওয়েলের মাথা দেখা যাচ্ছে সেখানে কলার ভেলায় করে ভলানটিয়াররা গিয়ে পাম্প করে জল নিয়ে আসছে। জলের কষ্ট হচ্ছে এটা ঠিক, কিন্তু পাওয়া যাচ্ছে না এটা ঠিক নয়। তারপর তিনি প্রশ্ন করলেন, খাবারের কি ব্যবস্থা হয়েছে ? আমি বললাম আজ রাত থেকে ভলানটিয়াররা চিড়া এবং গুড় দেবে বাড়ী বাড়ী। ২০০ কুইন্টাল চিড়া রিকুইজিসন করা হয়েছে এবং ব্যবস্থা হয়েছে ভলানটিয়াররা বাড়ী বাড়ী গিয়ে সেই চিড়া এবং গুড় দিয়ে আসবে। এইসব কথা শুনে দেখলাম বরুনবাবু হতাশ হয়ে টেলিফোন ছেড়ে দিলেন। উনি আশা করেছিলেন কোন লোমহর্ষক রোমাঞ্চকর সংবাদ পাবেন, কিন্তু আমি তা দিতে পারিনি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ওদের বক্তৃতা শুনে মনে হল ওরা সর্বদলীয় কীর্ত্তন কমিটি করতে চান। হ্যাঁ স্যার, ওরা কীর্ত্তন কমিটি করতে চান। আমি নবদ্বীপের লোক—বামফ্রন্টের ভলেনটিয়াররা যখন গ্রামে গ্রামে বিউগল বাজিয়ে বলছে চীন যেমন ভূমিকম্পের সময় মোকাবিলা করেছে তেমনি এস আমরা বন্যার সঙ্গে মোকাবিলা করি। আর ওরা দাবী তুলেছেন বাদ্যযন্ত্র নিয়ে সর্বদলীয় কীর্ত্তন কমিটি কর। আমি সেদিন দেখলাম একদল এই লোকসংগীতে দোতারা বাজিয়ে বাজিয়ে কীর্ত্তন করতে করতে যাচ্ছেন—'গালু গালু চিকমিক গালু, কোন দলে গেলে থাকব ভালু'। এই বলতে বলতে কীর্ত্তন গাইতে গাইতে যাচ্ছেন। একদিন রাত্রে উত্তর কলকাতায় আমি শুয়ে আছি, রাত্রে ঘুম ভেঙ্গে গেল প্রচণ্ড ঢোলের আওয়াজ—আপনি জানেন স্যার, কাবুলিওয়ালাদের দেশ থেকে পুত্র সন্তান হবার খবর যখন আসে

**29th Report of the Business Advisory Committee**

**অধ্যক্ষ মহোদয়ঃ** আমি কার্য্য উপদেষ্টা সমিতি অর্থাৎ বিজনেস অ্যাডভাইজারী কমিটির উনত্রিশতম প্রতিবেদন পেশ করছি। এই সমিতির বৈঠক আজ ২১শে নভেম্বর, ১৯৭৮ তারিখে আমার কক্ষে অনুষ্ঠিত হয়েছে। ২৩শে নভেম্বর, ১৯৭৮ হইতে ২৯শে নভেম্বর, ১৯৭৮ তারিখ পর্যন্ত বিধানসভার কার্যাক্রম ও সময়সূচী নিম্নলিখিতভাবে সুপারিশ করা হয়েছে—

Thursday, 23-11-78 .... (i) The Provincial Small Cause Courts (West Bengal Amendment) Bill, 1978 (Introduction, Consideration and Passing)—½ hour.

(ii) The West Bengal Co-operative Societies (Amendment) Bill, 1978 (Introduction, Consideration and Passing)—2 hours.

(iii) The West Bengal Co-operative Societies (Second Amendment) Bill, 1978 (Introduction Consideration and Passing)—1 hour.

Friday, 24-11-78 .... (i) The West Bengal Cold Storage (Licensing and Regulation) (Amendment) Bill, 1978 (Introduction, Consideration and Passing)—2 hours.

(ii) The West Bengal Homoeopathic System of Medicine (Second Amendment) Bill, 1978 (Introduction, Consideration and Passing—½ hour.

(iii) Motion under rule 185 regarding Suburban Railways for Burdwan-Asansol—notice given by Shri Bejoy Pal, M.L.A,—1 hour.

Monday, 27-11-78 .... (i) The West Bengal Cattle Licensing (Amendment) Bill, 1978 (Introduction, Consideration and Passing)—1 hour.

(ii) The West Bengal Taxation Laws (Second Amendment) Bill, 1978 (Introduction, Constderation and Passing)—1½ hours.

(iii) The West Bengal Town and Country (Planning and Development) Bill, 1978 (Introduction, Consideration and Passing)—1 hour.

Tuesday, 28-11-78 .... (i) The West Bengal Housing Board (Amendment) Bill, 1978 (Introduction, Consderation and Passing)—½ hour.

(ii) The Calcutta and Suburban Police (Amendment) Bill, 1978 (Introduction, Consideration and Passing)—1 hour.

(iii) The Calcutta and Suburban Police (Second Amendment) Bill, 1978 (Introduction, Consideration and Passing)—1 hour.

(iv) The Darjeeling Hill Area Development Council (Amendment) Bill, 1978 (Introduction, Consideration and Passing)—1 hour.

Wednesday, 29-11-78 .... (i) The West Bengal Premises Tenancy (Second Amendment) Bill, 1978 (Introduction, Consideration ann Passing)—1 hour.

(ii) The West Bengal Land Development and Planning (Amendment) Bill, 1978 (Introduction, Consideration and Passing)—1 hour.

(iii) The Land Acquisition (West Bengal Amendment) Repealing Bill, 1978 (Introduction, Consideration and Passing)—1 hour.

আমি এখন মাননীয় বাণিজ্যমন্ত্রী ডঃ কানাইলাল ভট্টাচার্য্যকে এই প্রস্তাব আনুষ্ঠানিকভাবে সভায় পেশ করার জন্য অনুরোধ করছি।

ডঃ কানাইলাল ভট্টাচার্য্য : আমি বিধানসভার কার্য্য উপদেষ্টা সমিতির ২৯ তম প্রতিবেদনে যে সুপারিশ করা হয়েছে তা গ্রহণের জন্য সভায় প্রস্তাব উত্থাপন করছি।

অধ্যক্ষ মহোদয় : আমি ধরে নিচ্ছি এই প্রস্তাব গ্রহণে কারুর আপত্তি নেই।

( ভয়েসেস :—গ্রহণ করা হক। আপত্তি নেই। )

প্রস্তাব যথাযথভাবে গৃহীত হল।

শ্রীসুনীলকুমার মজুমদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার জেলার কথা বলার আগে আমি মেদিনীপুর জেলার কথা আপনার কাছে বলতে চাইছি। সেটা হচ্ছে একটু আগেই শুনলাম, ওঁরা সমস্ত খবর এর ব্যাপারে সঠিক কথা বলেন না। ওই জনতা থেকে মাননীয় সদস্য শ্রীকিরণময় নন্দ জগৎবল্লভপুর-এর বড়গাছিয়া সম্বন্ধে বললেন। প্রথমতঃ নামটি তিনি ঠিক জানেন না, বললেন 'নির্মল, নির্মল'। তার নাম হচ্ছে নিমাই পাঁড়ুন। আর দ্বিতীয়তঃ, নিমাই পাড়ুন কিভাবে প্রধান হয়েছেন সেটা নিশ্চয় মাননীয় সদস্য জানেন। আমি তাতে যাচ্ছি না। কিন্তু ওখানে যে পঞ্চায়েতের সকল সদস্য নিয়ে কাজ করছেন সেটা সদস্য মহাশয় এখন নিশ্চয় জানেন।

বীরভূম জেলায় ২৪৮৯টি গ্রাম, তার মধ্যে ১৮০০ বিপর্য্যস্ত হয়েছে।

[7-45—7-55 P.M.]

১৮ লক্ষ লোকের মধ্যে ১৪ লক্ষ লোক বানে ভেসেছে, ১০ লক্ষ লোকের বিপর্যয় ঘটেছে, ২ লক্ষ পরিবারের ঘরবাড়ী ভেঙে গেছে, ৬০ থেকে ৬৫ হাজার গবাদি পশু নষ্ট হয়েছে। অনেক ফসলের ক্ষতি হয়েছে। এই তথ্য আমি এখানে দিলাম এই বন্যা যে নিশ্চয় আপনাদের স্মরণ আছে বিগত অধিবেশনে আমি একটা বেসরকারী বিল এনেছিলাম এবং সেই বিলে আমি অজয়, ময়ূরাক্ষী এই সবের উপর কতকগুলি পরিকল্পনা করার জন্য বলেছিলাম। সেই সময় বলেছিলাম যে আমাদের জেলায় এক প্রান্তে খরা আর এক প্রান্ত দিয়ে বন্যা বয়ে যায়। আমরা হচ্ছি ঐ বন্যা বিধ্বস্ত এলাকার লোক। আমরা ১৯৫৬ সালের ১৯৫৯ সালের, ১৯৭২ সালের বন্যা দেখেছি এবং ১৯৭৮ সালের বন্যাও দেখলাম। ১৯৫৬, ১৯৫৯ সালের বন্যার চেয়ে এবারের বন্যায় তিন ফুট জল উঁচু হয়েছিল এবং দারুণ বিপর্যয় ঘটেছে। বীরভূম জেলা

চারদিন বিচ্ছিন্ন ছিল। জেলার সঙ্গে গ্রামের কোন যোগাযোগ ছিল না। রাস্তাঘাট বন্ধ হয়ে গিয়েছিল।

১৯৫৬, ১৯৫৯, ১৯৭২ সালের যে বন্যা হয়েছিল সে সময়কার অবস্থা আমরা দেখেছি। কিন্তু ১৯৭৮ সালের বন্যায় আমরা একটা নূতন জিনিস দেখলাম যে জিনিসপত্রের দাম বাড়ে নি। কেন বাড়ে নি ? তার কারণ হোল বাকফ্রন্ট সরকারের মুখ্যমন্ত্রীর হুঁসিয়ারী, জনগণের উদ্যোগ, এবং সকলের মিলিত চেষ্টা। আপনারা দলবাজীর কথা বলেন। আপনারা ভেবেছিলেন বানে সব শেষ হয়ে যাবে, লোক সব জলে ভেসে যাবে, লোক সব একেবারে বিধ্বস্ত হয়ে যাবে, জল খেয়ে মরণাপন্ন হবে আর আপনারা সেখানে গিয়ে পেটে মাথা দিয়ে মুখ দিয়ে জল বার করবেন আর বলবেন "কেমন আর বামফ্রন্টকে ভোট দেবে ?" কিন্তু পারলেন না। বাপুলীবাবু বললেন আমরা বিক্ষোভ সৃষ্টি করি না। কিন্তু তাঁকে আমি স্মরণ করিয়ে দিতে চাই আমাদের জেলাতে একটা মিটিং করতে গিয়েছিলেন কংগ্রেস, কংগ্রেস (আই), জনতা এবং সি. পি· আই-এর এক অংশ। বিশ্বনাথবাবু এখানে নাই। উনি সর্বদলীয় কমিটি চাইছেন ; খবর নিয়ে দেখবেন তাঁদেরই দলের একজন নেতা সর্বদলীয় মিছিলে দাঁড়িয়ে বন্দে মাতরম বলেছেন। অসম্ভবও ও সম্ভব হচ্ছে আপনাদের। সর্বদলীয় কমিটির কথা বলেছেন ওনাদের আর একজন নেতা। কিন্তু দেবীবাবু বলে গেলেন কি কি কাণ্ড হচ্ছে। সর্বদলীয় কমিটি সম্পর্কে বিশ্বনাথবাবু বললেন যে সর্বদলীয় কমিটি হচ্ছে, বন্যাত্রাণে মানুষকে সব ধ্বংস করে দেবে, নষ্ট করে দেবে এবং সব ষড়যন্ত্র করছে ! আমাদের অভিজ্ঞতা, আছে। আমরা সর্ব্বদলীয় কমিটি করিনি ? আমি জনতা পার্টির বীরেনবাবুকে ডেকে বলতে চাই তাঁদেরই দলের সভাপতি যখন অভিযোগ করেছিলেন যে কে কে সেখানে দুর্নিতী করেছে তার নাম দিন। দলের সভাপতি বলা সত্বেও নাম দিতে পারেন নি। এমন সুবর্ণ সুযোগ ওঁদের হাত ছাড়া হয়ে গেছে। আমরা আগে বন্যা দেখেছি ১৯৫৬ সালে, ১৯৫৯ সালে বন্যা দেখেছি আর এই ১৯৭৮ সালে বন্যাও দেখলাম। ১৯৫৬ ও ১৯৫৯ সালের বন্যায় মানুষ কখন সাহায্য পেয়েছে ? যখন সব শেষ হয়ে গেছে। শীতের কম্বল চৈত্র মাসে এসেছে, মিনিকিট চাষী কখন পেয়েছে ? যখন চাষ শেষ হয়ে গেছে। আর এবার শীতের আগেই কম্বল পৌঁছেছে, কৃষকরা বীজ পাচ্ছে চাষের ঠিক সময়েই। বামফ্রন্ট সরকার কখনও বলে নি যে তারা সব করে দিয়েছে, সোনার বাংলা গড়ে দিয়েছে। নিশ্চয় আমাদের নতুন করে গড়তে হবে আর সেই জন্য আমরা আপনাদের সহযোগিতা চেয়েছি। লোকগুলোকে যখন মাথায় করে চড়ায় নিয়ে গেল তখন

আপনাদেরই নেতা নৌকার মাঝিকে মারধোর করে তাড়িয়ে দেয়। আপনারা চেষ্টা করেছিলেন লোকগুলি জলে ডুবে থাক।

বানের জল থেকে আর উদ্ধার হবে না, রিলিফের মাল আসবে না, মানুষগুলি মরবে। সহযোগিতা চেয়েছি বোলপুরে, তারা দেখিয়েছেন ? হাজার হাজার মানুষ বানের জলে ভেসে গেছে। বোলপুরের মানুষ সহযোগিতা দেখিয়েছেন। তারা দলবাজী করার জন্য ছুটে গেছেন। কিছু লোককে ধরে দলবাজী করেছেন। বোলপুরের সমস্ত মানুষকে আমরা ডাক দিয়েছি, তারা ছুটে এসেছে আমাদের ডাকে। তা যদি না হত তাহলে বীরভূমকে এত বড় যে বন্যা হয়ে গেল তার থেকে পরিত্রাণ কিছুতেই পাওয়া যেত না। বুকে হাত দিয়ে আপনাদের আজকে এই কথা ভাবতে হবে। দলবাজী, দলবাজী বলে চীৎকার করে দলবাজীকে রোধ করা যায় না। আমরা আমাদের রাজনীতিতে জানি সমস্ত মানুষ যদি ঐক্যবদ্ধভাবে এক সঙ্গে লড়তে পারে তবেই বাঁচবে। পঞ্চায়েত নির্বাচনের আগে আমরা জনসভা করেছি এবং নির্বাচনের পরেও আমরা জনসভা করেছি। কিন্তু কি দেখলাম ? বন্যার পরেও আমরা জনসভা করেছি। কি দেখলাম ? যুগান্তর, আনন্দবাজার থেকে আরম্ভ করে সকলেই শোরগোল তুলেছে, গ্রামে গ্রামে পাড়ায় পাড়ায় বিক্ষোভ শুরু করেছে। বীরভূম জেলায় এত বড় জনসভা আর কখন হয়নি। যুগান্তরের এক প্রতিনিধি শ্রীঅনিল ভট্টাচার্য্য মহাশয় এসেছিলেন, কানে কানে তাঁকে জিজ্ঞাসা করেছিলাম—তিনি একটি কথা উল্লেখ করে বলেছেন, ‘বঙ্গেশ্বর যে বলেছেন বানের সঙ্গে সঙ্গে বামফ্রন্ট সরকার ভেসে চলে গেছে’ কিন্তু তাই যদি হয় তাহলে এত হাজার হাজার লোক আসছে কোথা থেকে ? তাদের কারো গায়ে কোন জামা কাপড় নেই তারা আসছে। যাদের বাড়ীতে টেলিভিসন আছে, মাঝখানে যারা বসে আছে তাদের ঘরের লোকেরা আসছে না, যারা রিলিফ খেয়েছে, গ্রামে গঞ্জে যারা জলে ডুবে মরেছে তাদের ঘরের লোকেরা মিছিল করে এসেছে। তারা ২৫/৩০ মাইল দূর দূর থেকে এসেছে। পশ্চিমবঙ্গের মানুষ অনেক অভিজ্ঞতা নিয়ে বুঝে নিয়েছে সত্যিকারে তাদের পাশে এসে কারা দাঁড়িয়েছে। অনেক কথা বলা যায়, কিন্তু গ্রামবাংলার মানুষ আজকে সত্যিকার অবস্থাটা বুঝে নিয়েছে। পঞ্চায়েত নির্বাচনে যারা আমাদের ভোট দিয়েছিল তারা কি বলছে ? তারা বলছে উপরতলায় ওরা দলবাজী করছেন, উপরের নেতারা বদমাইসি করছেন। জীবনের অভিজ্ঞতায় বলতে পারি বামফ্রন্ট সরকার মানুষের পাশে এসে দাঁড়িয়ে মানুষকে উদ্ধার করার কাজে নেমেছেন। যান না, বীরভূমে, এখন তো সব রাস্তাঘাট খুলে গেছে। আপনাদের নেতাদের

পাঠিয়ে দিন, সেখানে গিয়ে জনসভা করে আশুন—জনসভা করে বাপুলী মহাশয়ের খুব ক্ষোভ হয়ে গেছে বলছেন। এত বড় জনসভা করার কারো সাহস নেই। প্রত্যেক জেলায় জেলায় মানুষ ছুটে আসছে আমাদের জনসভায় বক্তৃতা শুনতে। এটা আজকে অস্বীকার করবেন কি করে ? বলবেন সমস্ত মানুষ কি রিলিফ পেয়ে গেছে ? না—বামফ্রন্ট সরকার একবারও বলেনি, আমরাও একবারও বলিনি, আমাদের কর্মীরাও একবারও বলেনি সমস্ত মানুষের কাছে রিলিফ পৌঁছে গেছে। আমরা বলেছি প্রত্যেকটি মানুষের কাছে রিলিফ দেবার চেষ্টা করতে হবে। ১৯৫৬-৫৯ সালে আপনারা মানুষকে হতাশাগ্রস্ত করেছিলেন, মানুষ ভেঙ্গে পড়েছিল। আজকে মানুষকে কি বলছেন ? আমরা বন্যার বিরুদ্ধে লড়ছি, লড়ব। এই হচ্ছে বীরভূম জেলার ইতিহাস, পশ্চিমবাংলার ইতিহাস। আপনাদের ক্ষোভ হবে, কেন না আপনাদের ঘণ্টা বেজে গেছে, সেই ঘণ্টায় আপনারা পথ দেখবেন।

শ্রীবঙ্কিম বিহারী মাইতি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বন্যা সম্পর্কে গতকাল থেকে আরম্ভ করে আজ পর্যন্ত আলোচনা চলেছে, আগামীকালও হবে। ১লা সেপ্টেম্বর যার উত্থান হয়েছিল, ৬ই অক্টোবর এবং আজ পর্যন্ত সেটা সমাপ্ত হয়নি, তাই নিয়ে এখন পর্যন্ত আলোচনা চলেছে। আমার পূর্ববর্তী বক্তা বললেন তিনি ১৯৫৬-৫৯-৭২ সালের বন্যা দেখেছেন এবং বন্যার সঙ্গে লড়াই করেছেন। তিনি তবু ১৯৪২ সালের বন্যা দেখেননি, যদি দেখতেন তাহলে হয়ত তিনি সেই কথা বলতেন। যাই হোক, আমরা ১৯৪২ সালের বন্যা দেখেছি। আমরা ভুক্ত-ভোগী। আমরা সেদিন সেই সংকট, মহামারী দেখেছি এবং তার সঙ্গে লড়াই করেছি।

[7-55—8-05 P.M.]

'৪২ সালে যখন বন্যা হয় তখন এখানে বৃটিশ গভর্নমেন্ট ছিল এবং সেদিন এখানে মন্ত্রী ছিলেন শ্যামাপ্রসাদ মুখার্জী, তিনি গিয়েছিলেন মেদনীপুরে এবং মেদনীপুরের সেই দুর্দশা দেখে তিনি সেদিন হক মন্ত্রীসভা থেকে পদত্যাগ করেছিলেন। ভুলে যাবেন না যে বন্যা আজকে হয়েছে কিন্তু বন্যার প্রকোপ আসবে আরো ১-২-৪ মাস পরে। যখন মানুষ খেতে পাবে না, যখন মানুষ রাস্তায় পড়ে মরবে সেদিন বুঝবেন বন্যা কোথায় এবং তার প্রকোপ কি। আজকে আমরা এখানে হাততালি দিচ্ছি, বিধানসভায় আমাদের বক্তব্য রাখছি, অনেক গালভরা বুলি বলছি যে আমরা খুব করেছি, নৌকা দিয়েছি, চাল, চিড়ে, গুড় দিয়েছি ইত্যাদি ইত্যাদি, কিন্তু আমি বলব বিধানসভার মাননীয় সদস্যদের কাছে যে এটা ঠিক নয়, আগামী-

দিনের দিকে চিন্তা করুন। সেদিন শুধু মেদনীপুরের একটা অংশে বন্যা হয়েছিল কিন্তু আজকে সারা বাংলাদেশে বন্যা হয়েছে। আজকে কোন আত্মশুদ্ধি বা কোন আত্মবিশ্বাস নিয়ে কখনও আমরা ঘরে ফিরে যেতে পারবো না, বাংলাদেশের মানুষকে বাঁচাতে পারবো না। তাই আজকে আমার প্রথম বক্তব্য, আজকে যদি আমাদের বাংলাদেশের মানুষকে বাঁচাতে হয় তাহলে হাতে হাত মিলিয়ে বাঁচাতে হবে, দলীয় স্বার্থকে ভুলে গিয়ে তাদের বঁাচাতে হবে। আজকে আপনারা বলছেন মিনিকিটের কথা। মিনিকিট কিন্তু সেদিন সৃষ্টি হয়নি যখন কংগ্রেস গভর্নমেণ্ট ছিল, আজকে পট পরিবর্তন হয়েছে, জনতা এসেছে তাই মিনিকিট। আজকে আপনারা দানের ভূমিকা নিয়ে আসবেন এটা ঠিক নয়। আজকে মানুষের ক্ষুধা, মানুষের বিভীষিকা নিয়ে প্রহেলিকা দেখাবেন তাও চলে না, দম্ভ দেখাবেন তাও মানুষ ক্ষমা করবে না। মাননীয় মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রী যে রিপোর্ট পেশ করেছেন সে সম্পর্কে একটা কথা বলি যে তারা কৃষিখাতে কেন্দ্রের কাছে পেয়েছেন যেটা মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন যে চেয়েছেন ৪৬ কোটি ৫৪ লক্ষ টাকা আর পেয়েছেন ১৪ কোটি ২০ লক্ষ টাকা। আর মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বলেছেন এই কৃষিখাতে ১১.১১ তারিখে বলেছেন—তিনি বলেছেন, তিনি কৃতজ্ঞ—সেখানে বলেছেন, চেয়েছিলাম ৩৪ কোটি টাকা, পেয়েছি ৩২ কোটি টাকা। এই যে তথ্যগত ভুল এখানে পরিবেশন করা হয়েছে এগুলি দেখা দরকার। সেখানে দেখা যাচ্ছে, স্কুলবাড়ীর জন্য চেয়েছিলেন ১২ কোটি টাকা. অর্থমন্ত্রী বলেছেন, সেখানে পেয়েছেন ২ কোটি ৬০ লক্ষ টাকা আর মুখ্যমন্ত্রী বলেছেন চেয়েছিলাম ১? কোটি ৯০ লক্ষ টাকা আর পেয়েছি ৩ কোটি টাকা। এইরকম অনেক ভুল এখানে আছে। এখানে অনেক বক্তব্য তারা রেখেছেন মানুষকে ভোলাবার জন্য। কিন্তু এখানে দুজনের বক্তব্য নিয়ে দেখলে দেখা যাবে বা প্রমাণ হবে যে কত ভঁাওতা, কত ভ্রান্তি সেখানে রয়েছে। তারপর বন্যার জল কি করে কমবে সে সম্পর্কে কয়েকটি কথা বলি। আমি অন্য জায়গার কথা বলতে চাই না, আমি ময়নার কথা বলি। সেখানে জল নিষ্কাশনের কোন ব্যবস্থাই সরকার নেয়নি, কোন সরকারী কর্মচারী সেখানে যায়নি, পাঠান হয়নি। আমরা মন্ত্রীসভার উপর দোষারোপ করছি না, সেখানে ইঞ্জিনিয়ার যারা আছেন তারাও গিয়ে দেখেননি যে জলটা কি ভাবে নিষ্কাশন হবে। সেখানে কাগজে বেরুলো যে অনেকদিন পরে ময়নার জল বেরুবে, এখন বেরুবে না। মানুষ যখন ময়নার বঁাধটা কেটে দিল তখন দেখলাম জলটা বেরিয়ে গেল। সেখানে ময়নার বঁাধ বঁাধাবার জন্য কোন ব্যবস্থা হল না। সেখানকার লোকসভার সদস্য সহ আমরা এসেছিলাম এবং মন্ত্রীমহাশয়ের কাছে বলেছিলাম, তিনি বিশ্বাস করেছিলেন

কিন্তু ওখানকার যিনি চিফ-ইঞ্জিনিয়ার তিনি বললেন কোনরকমে সেখানে বাঁধা সম্ভব নয়। এবং সেখানে যে দুজন একজিকিউটিভ ইনজিনিয়ার আছেন, তাঁরা বললেন যে কোনক্রেমে সম্ভব নয় কিন্তু যখন মাননীয় সদস্য সুশীল ধাড়া এম· পি· অনশন শুরু করলেন, সেই মুহুর্তে সেদিনই তারা বাঁধার ব্যবস্থা করলেন এবং তিন চার দিনের মধ্যে বাঁধা হলো। এই যে অযোগ্যতা, এদিকে সরকারের দৃষ্টি দেওয়া উচিৎ ছিল কিন্তু দেননি। আর একটা খবর দেওয়া দরকার, হাজার হাজার লোকের প্রাণ রক্ষা হয়েছে একজন টেলিফোন অপারেটারের জন্য, তিনি আড়িপেতে শুনেছিলেন যে নদীয়ায় বান আসছে, এই খবরটা রাইটার্স বিল্ডিংসে দেওয়া হচ্ছিল, তিনি তা শুনে ফেলেন এবং নদীয়ার ডি. এম-কে জানান তার ফলে হাজার মানুষের প্রাণ বেঁচেছিল। এই খবরটা যদি রাইটার্স বিল্ডিংসের মারফৎ আসতো তাহলে এই প্রাণ বাঁচানো শক্ত হতো। আড়ি পাতা যেটা দোষণীয়, সেই কাজ করার ফলে হাজার হাজার মানুষ বেঁচেছে, আজকে সেটাও দেখা দরকার। সরকারী কর্মচারীরাও ফোন করতেন। কিন্তু তাঁরা যখন ফোন করতেন তখন সেখানে প্লাবন শুরু হয়ে যেত। প্রথম দিকে যে প্লাবন হয়েছে, এই একই কারণে হয়েছে, মানুষকে সময় মত সতর্ক করে দেওয়া হয়নি। মানুষকে বাঁধ ভাঙ্গার কথা বলে দেওয়া হয়নি। এই বিষয়ে দেখার দরকার আছে বলে মনে করি। আজকে মুখ্যমন্ত্রী থেকে আরম্ভ করে সমস্ত মন্ত্রীর তরফ থেকে যাঁরা বক্তব্য রাখলেন তাঁদের কাছে আমি অনুরোধ করবো এই সব দিকে লক্ষ্য রাখবেন। কংগ্রেসকে দোষ দিয়েছেন ওঁরা, ওঁদের দোষ দিয়ে লাভ কি, তাঁরা কি আর আছে এখানে? তাঁদের দিয়ে নিজেদের দোষ ঢাকবার চেষ্টা করবেন না। আজকে আমদের যেটা হচ্ছে সেটা পর্য্যালোচনা করা দরকার, সেটা সংশোধন করার দরকার। সংশোধন করে তার উপর ভিত্তি করে, তার উপর দাঁড়িয়ে, আজকে মানুষের পাশে এসে দাঁড়ানো দরকার। ৩০ বছর ধরে কংগ্রেস ড্যাম করেছে এবং তার কারনে বন্যা আসছে, এই যে মন্ত্রীরা প্রত্যুত্তর দিলেন, এটা আমি সমর্থন করতে পারি না। প্রত্যুত্তর কাকে দিলেন, তারা কি আর এখানে আছে? সেইগুলো সমালোচনা করে কি নিজেদের দোষ ঢাকা যায়, এটা আমি সমর্থন করতে পারছি না। আজকে মুখ্যমন্ত্রী নিশ্চয়ই বাঁধ কাটেননি, নিশ্চয়ই সদস্যরা বাঁধ কাটেননি, কেউ ভেঙ্গে দেননি। কিন্তু কেন হলো এই তথ্য আজকে মন্ত্রীসভা থেকে পর্য্যালোচনা করা দরকার। সেখানে আমি বলবো জনতা পার্টির পক্ষ থেকে আমরা নিশ্চিৎ ভাবে সাহায্য করবো এবং কেন্দ্রীয় সরকারের কাছে সেই ভাবে নিশ্চয়ই লিষ্ট পাঠানো দরকার, যে কেন এটা হলো। আজকে মুখ্যমন্ত্রীর

কাছে আমি এইটুকু বলতে চাই, আমরা সর্বদলীয় কমিটি করতে বলেছি। সর্বদলীয় কমিটি শুধু কি আমরা করতে বলেছি, গ্রামস্তরে সর্বদলীয় কমিটির কথা আর. এস. পি. বলেননি? ২৮/১০/৭৮ তারিখে তাঁদের যে কমিটি সেই কমিটিতে তাঁরা তীব্রভাবে বলেছেন যে সর্বদলীয় কমিটি করতে হবে। শুধু তাই নয়, তাঁরা সেইদিনকার মিটিং-এ এই যে কো-অর্ডিনেশন কমিটি, যাদের উপর দায়িত্ব দেওয়া হয়েছে, তাকেও তারা ধিক্কার জানিয়েছে। কো-অর্ডিনেশন কমিটি গিয়ে পার্টিবাজী করছে। এই তাদের সিদ্ধান্ত আছে, আনন্দবাজার পত্রিকায় এই খবর বেরিয়েছে। আজকে এখানে যাঁরা আর. এস. পি. সদস্যরা আছেন তাঁরা কি সেইগুলো ভুলে গেছেন? সেই কথা ভুলে গিয়ে আজকে যদি তারা গ্রামের মানুষকে ধোঁকা দেন—আজকে মানুষকে মানুষকে ভুলিয়ে দেবেন, মানুষের কাছে আজকে এই কথা বলতে বন্ধ করে দিলেন—বলেছেন আজকে সরকারের সঙ্গে আছি, আজকে মাননীয় সদস্যদের কাছে এইটুকু বলবো যেদিন বিধানসভা বসলো তার আগের দিন সেই কলকাঠি হয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রী সমস্ত দলের সদস্যদের ডেকে সেখানে তিনি বলেছেন যে বাইরে যা করনা কেন তোমরা, দলের মধ্যে যাই হোক না কেন কিন্তু বিধানসভায় বলা চলবে না, কোনও সময় বলা চলবে না। আজকে কো-অর্ডিনেশন কমিটি কি করছে না করছে তা আমি বলতে চাই না, আজকে বন্যার ব্যাপারে যখন মন্ত্রীরা গেছেন, তাঁরা কি মানুষের কাছে ঘেরাও হননি? বিনয়বাবু কি ময়নায় ঘেরাও হননি? শম্ভুবাবু কি কোলাঘাটে ঘেরাও হননি? এম. এল. এ.-রা কি ঘেরাও হননি? সেখানে বিক্ষোভ কি জন্য? মানুষকে বাঁচানোর জন্য আজকে সেকুলারিজম কথাটা কি ইতিহাসের পাতা থেকে মুছে দেবেন? আরও বলবো, আজকে বে-সরকারী যে রিলিফ ১৫০টি গ্রামকে তারা গড়ে তুলবে বলেছিল, এই সরকার আজকে তা বন্ধ করে দিয়েছেন। সেটা আমি মনে করি খুব অন্যায় কাজ করেছেন।

[8-05—8-15 P.M.]

ডেবরার সারদাময়ী আশ্রমের সন্ন্যাসীরা গিয়েছিলেন, তাঁদের উপর নির্যাতন করা হয়েছে, সেটা কি আমরা ভুলে যাব? তারপর মেদিনীপুরে ভারতসেবা আশ্রম থেকে খাদ্য বিতরণ করতে দেওয়া হয়নি, সেটা কি ভুলে যাব? আমরা দেখেছি বন্যার সময় মহকুমা শাসক না খেয়ে, না ঘুমিয়ে দেড় মাস দিন রাত কাজ করেছেন, তিনি আজকে অসুস্থ হয়ে পড়েছেন, কিন্তু শাসক দলের কর্মীরা তাঁকেও

কাজের সময় সাহায্য করার জন্য এগিয়ে আসেনি, তাঁর পাশে দাঁড়ায়নি, তাঁকে স্বাধীনভাবে কাজ করতে দেয়নি। সে কথা কি আজকে আমরা ভুলে যাব? বন্যার সময় আমরা এক সঙ্গে কাজ করতে চেয়েছি, কিন্তু শাসক দল আমাদের এক সঙ্গে কাজ করতে দেয়নি। তবুও আমার তাঁদের কাজে অনুরোধ যে, বন্যার পরবর্তীকালে আসুন আমরা এক সঙ্গে পুর্নগঠনের কাজ করি। আপনারা কেন্দ্রীয় সরকারের কাছে যে টাকা চাইছেন সেই টাকা যাতে পাওয়া যায় তার জন্য একসঙ্গে লড়াই করি। যদি আমরা একসঙ্গে লড়াই করতে পারি তাহলে নিশ্চয়ই আমরা আমাদের দাবী আদায় করতে পারব। পশ্চিমবঙ্গের সমস্ত দলের পার্লামেন্ট সদস্যরা একসংঙ্গে কেন্দ্রের কাছে দাবী জানালে নিশ্চয়ই আমরা সেই দাবী আদায় করতে পারব। সেই জন্যই আমরা চাই সর্বদলীয় কমিটি। সেই জন্য আমরা বাংলা দেশের মানুষকে বাঁচাতে এক সঙ্গে কাজ করতে চাই। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ।

**শ্রীজ্যোৎস্না কুমার গুপ্ত ঃ** মাননীয় স্পীকার মহাশয়, গত কাল ও আজ এই দু'দিন ধরে আমাদের বিরোধী বন্ধুদের সমালোচনা শুনলাম। তাঁরা সমালোচনা তিনটি সুরে গেয়ে গেলেন একই ভাবে। একটা আমরা, অর্থাৎ আমাদের সরকার একটু দেরী করে নাকি ত্রাণ বিলি করেছে এবং সেটা পরিমাণে কম হয়েছে! দু নং কি, না, আমরা নাকি কেন্দ্রীয় সরকারকে গাল পাড়ছি, টাকার হিসাবের নাকি আমরা সব ভুল-টুল করছি। যাই হোক ওঁরা পণ্ডিত লোক। এক সুললিত ভাষায় কালকে হরিপদ ভারতী মহাশয় আমাদের সবাইকে মুর্খ ভেবে অনেক কথা বললেন। আর তিন নং হচ্ছে, সেটাই বড় নং, সেটা, আমরা নাকি দলবাজী করছি। কিন্তু আশ্চর্যের বিষয় হচ্ছে, কেউ একবারও বললেন না যে, বন্যা রোধ করতে গেলে একটা দেশের ৩৩ শতাংশ জমি বন-ভূমি হওয়া দরকার। তার জায়গায় ভারতবর্ষে কত? ২৫%। আর বাংলা দেশে ১২%, তাও সুন্দরবন আর পাহাড়ী এলাকা নিয়ে। আর সমতল-ভূমিতে আছে মাত্র ৬%। কাজেই আমরা যদি একথা বলি যে, আমাদের এই বাংলাদেশকে ডোবারার বন্দোবস্ত আজ থেকে ২০ বছর আগেই হয়েছিল, তাহলে ভুল বলা হবে না। আমাদের দুর্ভাগ্য যখন বন্যা মহা-প্লাবন-রূপে এলো তখন আমরা এই সরকারের গদিতে। এই সরকারের গদিতে আমরা যে চিরকাল থাকবো সেকথা কেউ একবারও আমরা বলিনি। কিন্তু ওঁরা কেউ একবার বলেননি যে, এই বন্যার কারণ কি হ্যাঁ, হয়ত আমাদের কিছু ত্রুটি নিশ্চয়ই আছে। নিশ্চয়ই আমরা সময় মত সকলের

কাছে গিয়ে পৌঁছতে পারিনি। কিন্তু আমরা চেষ্টা করেছি। আমি আমার জেলার কথা বলছি। আমি বোলপুরে থাকি, যদিও আমি বোলপুরে থাকি তাহলেও ঠিক বীরভূম জেলায় আমি অধিবাসী নই। কিন্তু বীরভূম জেলায় আমি ২৬ বছর আছি। তার আগে আমার কাজিন ব্রাদার ওখানে ইন্টার্ন হয়েছিল। সে হিসাবে আমার বীরভূম জেলার সঙ্গে সম্পর্ক অনেক দিনের। মিহির-বাবু, মিহিরলাল চট্টোপাধ্যায় মহাশয় তখন এম. পি. ছিলেন যখন ময়ূরাক্ষী পরিকল্পনা করা হয়। তখন আমার সিউড়ি যাতায়াত ছিল। আমার ঐ মাসতুত ভাই-এর নাম অনেকেই জানেন, ওঁরা জানেন কিনা জানি না, আনন্দ গুপ্ত।

তখন আমি মিহিরবাবুকে একটি কথা বলেছিলাম, যে মিহিরদা আপনি তো প্রাজ্ঞ ব্যক্তি তিনি দাবী করতেন যে ঐ ময়ূরাক্ষী প্ল্যানটা তিনি নাকি কার্যের রূপায়িত করছেন যদিও ঐ প্ল্যানটা অনেক আগেই করা হয়েছিল-কিন্তু আমি তখন বলেছিলাম দাদা-আমি তখন সবে জেল থেকে বেরিয়েছি, ছেলেমানুষ ছিলাম, একটু-আধটু লেখাপড়া শিখেছিলাম—তা এইসব যে করছেন—এখানকার মাটি তো পোরাস—এইরকম একটা-দুটো বাঁধ—আর অরিজিন্যাল যে প্ল্যানটা ছিল তাতে শুধু তিলপাড়া ব্যারেজ ছিল না, তিলপাড়ায় একটি ড্যামের কথা ছিল এবং ডাউন ষ্টিমে আর একটি ড্যামের কথা ছিল-তো উনি বললেন, দেখ বাবু তোমরা তো ছেলে-মানুষ, তোমরা কি বুঝবে, এইসব বড় বড় ব্যাপার। আর একটি জিনিষ বলেছিলাম যেখান থেকে নদীটার উৎপত্তি সেখানে যদি গাছ না লাগানো হয় তাহলে আমরা যতই ম্যাসেঞ্জর ড্যাম করি না কেন—ম্যাসেঞ্জার ড্যাম অবশ্য ভাল জায়গায় কেননা সেখানে দুইদিকে দুটি পাহাড় আছে, কিছু ক্ষতি হবে না কিন্তু এনক্যাচমেণ্ট এরিয়া অর্থাৎ যেখান থেকে নদীর উৎপত্তি সেখানে যদি গাছ না লাগানো হয়—সেটার কিছু ব্যবস্থা করেছেন কি না এই কথাটা বলেছিলাম। উনি বললেন, তুমি ছেলে মানুষ, সবে জেল থেকে বেরিয়েছো, তোমাকে আরোও বেশী করে লেখা-পড়া করতে হবে, তখন তুমি এইসব বুঝতে পারবে। কাজেই সেই ময়ূরাক্ষীতে দেখা গেল কি—পরে শুনলাম এবং এনকোয়ারি করে জেনেছি যে বিহার গভর্নমেণ্টকে পশ্চিমবঙ্গ সরকার এর জন্য টাকা দিয়েছে যে এনক্যাচমেণ্ট এরিয়ার গাছ বসাবার জন্য। কিন্তু এমনই আমাদের সরকারের ব্যবস্থাপনা এবং স্টেটে স্টেটে সৌহার্দ্য যে বিহার গভর্নমেণ্ট টাকা নিয়ে সেই উৎপত্তি স্থলে গাছ লাগিয়েছে কি না সেটা দেখবার বা খবর নেবার দরকার হয়নি এবং আমার মনে হয় সেখানে গাছ লাগানো হয়নি। গাছ যদি লাগানো হতো তাহলে আজকে এই যে ডিলিউজ, এই

যে বিধ্বস্ত্য বন্যা—একে বন্যা বললে ভুল বলা হবে—এই ডিলিউজ হতো কি না সন্দেহ। এদিকে হিংলোর দিকে—আমি বলছি, আপনারা দেখবেন—অজয় নদীতে নতুন ভাবে আর একটি কোর্স নিয়ে নিয়েছে যেটা বর্ধমানের ভিতর দিয়ে ঢুকে পড়েছে। বর্ধমানে য়্যাকচুয়ালি অজয়—অনেকে এখানে দেখলাম যারা যাননি তারা বললেন ময়ুরাক্ষী ব্যারেজটা নাকি নষ্ট হয়েছে কিন্তু য়্যাকচুয়ালি তা হয়নি। ময়ুরাক্ষী হ্যাজ টেকেন এ নিউ কোর্স, শুধু নিউ কোর্স নয় হ্যাট ওয়াজ দি অরিজিন্যাল কোর্স যেটা দিয়ে ময়ুরাক্ষী এক সময়ে যেত—যারা বীরভূমের লোক তারা জানেন—আমি যদিও প্রকৃত অর্থে বীরভূমের লোক নই কিন্তু বীরভূমের সঙ্গে আমার বহুদিনের যোগাযোগ—সেখান দিয়ে নদী বহে গেছে। এইদিকে অজয়ের হয়েছে কি, যেখানে বাঁধ বাঁধা হয়েছিল তার পাশ দিয়ে নদী বেরিয়ে বর্ধমানের ভিতর দিয়ে একটি ক্যারেণ্ট তৈরী করেছে—অনেকে এখানে বললেন ঐ ক্যারেণ্টে নাকি সাদা নৌকায় কাউনট্রি বোটে যাওয়া যায়—আমার নিজের অভিজ্ঞতা আছে—ওখান দিয়ে যাবার জন্য কাউনট্রি বোট যেখানটা এখন ভেঙ্গেছে তার একটা জায়গা দিয়ে কাউনট্রি বোটে করে পেরুলাম, পেরিয়ে তারপর যে স্রোত দেখলাম তাতে আমাদের যারা সঙ্গী-সাথী ছিল তারা বললো দাদা, ঐ রাস্তা দিয়ে যাবেন না। তখন আমি কাঁকসা থানায় ফিরে এলাম এবং ডিসট্রিকট ম্যাজিসট্রেট অফ বর্ধমান (Mr. Ro) তাঁকে অনুরোধ করলাম যে আপনি আমাকে একটি স্পীডবোট দিতে পারেন—আপনারা জানেন স্পীড বোট যদি ৪ ফুট তলায় জল না পায় সে স্পীড বোট আর স্পীড বোট থাকে না, সেটাকে আবার উল্টে দিলে সেটা কাউনট্রি বোটে পর্যবসিত হয়। আপনারা সব বড় বড় কথা বলে গেলেন—আমাকে ডেকে ঘরে ঢুমকা দিয়ে পেরুতে হয়েছিল। তারপর আমি বোলপুর থেকে—আপনারা তো দলবাজির কথা বলছেন—বোলপুরে আমাদের ৯টি অঞ্চল আছে। ৯টি অঞ্চলের মধ্যে ৫টি অঞ্চল হচ্ছে আমাদের লোকই প্রধান। ৪টি অঞ্চলের একটি অঞ্চল বিশ্বনাথদার—যিনি ষ্টুডেণ্ট লাইফে আমাদের ষ্টুডেণ্ট লিডার ছিলেন—তিনি বলেছেন একটি অঞ্চল সি. পি. আই অঞ্চল প্রধান।

[8-15—8-25 P.M.]

দুইটি অঞ্চলে একেবারে কংগ্রেসের অঞ্চল প্রধান এবং উপ-প্রধান। আর একটি অঞ্চল যে আছে সেখানে নির্দল প্রধান। বিশ্বনাথবাবু শুনে তো খুব দুঃখ করেছেন, কিন্তু ঐ অঞ্চল প্রধান আবার এমন প্রধান যে আমরা যখন ডিষ্ট্রিবিউসন করছি তখন অঞ্চল প্রধানকে বললাম যে জিনিষগুলো বুঝে নিন, তিনি তাতে রাজী হলেন না বললেন আমার হিসাব রাখার অসুবিধা আছে, উপ-প্রধানকে দিন, উপ-

প্রধানকে দিলে ভাল হয়। ওঁরা যে বলছেন আমরা দলবাজি করছি তা দলবাজি যে করিনি সেটাই বলতে চাই। আমি তাই বলব যে দলবাজির কথা বলবেন না— আসুন আপনাদের সঙ্গে আমরা একসঙ্গে কাজ করব আর জনতা সরকারকে বলুন সোস্যাল সিকিউরিটি ইন্সিওরেন্স করতে।

( লালবাতি জ্বলিয়া ওঠে, বক্তা তাঁর আসন গ্রহণ করেন। )

**শ্রীধীরেন্দ্রনাথ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রী মহাশয়ের বন্যার উপর বিবৃতি পড়ে আমি স্তম্ভিত হয়ে গেছি, স্যার, বন্যা আমাদের দেশে আমাদের রাজ্যে নতুন একটা শব্দ নয়, যুগ যুগ ধরে বছর বছর যেখানে বন্যা হয় সেখানে এ বন্যা এমন বিধ্বস্ত রূপ নিয়ে আমাদের সামনে উপস্থিত হয়েছে, মানুষের সর্বনাশ করেছে। সেইভাবেই পশ্চিমবঙ্গের বিগত বন্যা হয়ে গেছে। তিনটি পর্য্যায়ে বন্যা হয়ে গেল, বন্যার পরে যে পরিস্থিতির উদ্ভব হয়েছে তারই বক্তব্য রাখতে চাই। ১৯৭৭ সালে লোকসভার নির্বাচনে যখন কংগ্রেস দল সংখ্যালঘুতে পর্যবসিত হয়, জনতা দল নতুন সরকার গঠন করে তখন বিগত সরকারের দুর্নীতি এবং কর্মের বিরুদ্ধে সাহা কমিশন বসিয়েছেন, আমাদের রাজ্যের বামফ্রন্ট সরকার শর্মা সরকার এবং বাসু কমিশন বসিয়েছেন পরে বন্যার ব্যাপারে সম্প্রতি আরও দুইটি তদন্ত কমিশন বসান হয়েছে। তিলপাড়া ব্যারেজ কেন ভাঙল, হিংলো ব্যারেজ কেন ভাঙল ? চারিদিক থেকে আমরা দলবাজির অভিযোগ পাচ্ছি, নিশ্চয় দলবাজী হচ্ছে নইলে এই অভিযোগ উঠবে কেন ? কংগ্রেস ( আই ) জনতা, এস. ইউ. সি. গোর্খালীগ সকলের কাছ থেকেই এই একই অভিযোগ উঠেছে যে দলবাজি হচ্ছে। তাই মুখ্যমন্ত্রী মহাশয় অনেক কৌশল করে বিবৃতি দিয়েছেন। আমি বলতে বাধ্য হচ্ছি এই জন্য যে তিলপাড়া ব্যারেজ, হিংলো ব্যারেজের জন্য যেমন তদন্ত কমিশন বসান হচ্ছে তেমনি চারদিক থেকে যে দলবাজির অভিযোগ আসছে তারজন্য তদন্ত কমিশন বসান হবে তা ত বলছেন না। তাহলে দেশের জনসাধারণ পরিষ্কার ভাবে জানতে পারবেন যে দলবাজি হচ্ছে কি না, বা আপনারা ক্ষমতার অপব্যবহার করছেন কি না ?

তাই আমি আপনাদের কাছে প্রস্তাব রাখছি আপনাদের যদি হিম্মত থাকে তাহলে আপনারা যাঁরা সরকার পক্ষের সদস্য এবং মন্ত্রী আছেন তাঁরা আজকে উদাত্ত কণ্ঠে বলুন যে অভিযোগ উঠেছে সেই অভিযোগ সত্য নয়, মিথ্যা, সেটা যাচাই করার জন্য আজ থেকে আমরা তদন্ত কমিশন গঠন করার প্রতিশ্রুতি

দিচ্ছি। তা যদি করেন তাহলে জনগণ আপনাদের বাহবা দেবে। এখানে দাঁড়িয়ে বক্তৃতা দিয়ে জনসেবা করলে প্রকৃত কাজ করা হবে না, ভবিষ্যতের দিকে লক্ষ্য রেখে প্রচ্ছন্ন প্রশাসন যাতে আরো পরিচ্ছন্ন হয় তার দিকে নজর রাখার দাবি করছি। আপনারা আজকে এই বিধান সভার মধ্যে একটা তদন্ত কমিশনের প্রতিশ্রুতি দিয়ে সভা শেষ করবেন এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীনানুরাম রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত সেপ্টেম্বর বিধ্বংসী বন্যায় পশ্চিমবঙ্গের ১২টি জেলায় প্রভূত ক্ষতি হয়েছে। বহু ঘর-বাড়ী, বিদ্যালয়, গো-মহিষ এবং বহু মানুষ প্রাণ হারিয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার এলাকায় দ্বারকেশ্বর নদীর টোমারী বলে একটা বাঁধ আছে, সেই বাঁধের দক্ষিণ দিকে রুইদাস পাড়া বলে একটা পাড়া ছিল। গত ১লা সেপ্টেম্বর মধ্য রাত্রিতে সেইবাঁধ ভেঙ্গে যায়। এজন্য স্থানীয় সেচ বিভাগ দায়ী। তারা আগে থেকে কাউকে সতর্ক করেনি। বাঁধ ভেঙ্গে সঙ্গে সঙ্গে সেই পাড়া নিশ্চিন্ন হয়ে যায়। সেখানে বহু লোকজন মারা যায়। বন্যার পর আমি ২৫ খানা গ্রাম ঘুরে ঘুরে যখন দেখি তখন এক জায়গায় পৌঁছে দেখি সেখানে রিলিফ বিলি হচ্ছে। আমাকে আগে- আগে একজন বামফ্রণ্টের কর্মী ধরে নিয়ে গেলেন খাবার জন্য। খেতে গিয়ে দেখি লুচি তৈরী করা হয়েছে। আমি বললাম এমন সময়ে লুচি কারণ কি? তখন আমাকে তারা বলল দূর থেকে এসে কর্মীরা খাটা-খাটুনি করছে, রিলিফ বিলি করছে, এদের জন্য লুচি তৈরী হয়েছে। আমি আশ্চর্য হয়ে গেলাম। বিধান সভায় বামফ্রণ্ট সরকার গরীবের বন্ধু, অনাথের বন্ধু বলে নিত্য বড় বড় বক্তৃতা দিচ্ছে, আর খাটা-খাটুনির নামে নিজেরাই লুচি ভেজে খাচ্ছে রিলিফের জিনিস নিয়ে। আমার বাড়ীর পাশে ৫০ হাত দূরে সি. পি. এম-র একটা অফিস আছে, সেখানে হারমোনিয়াম বাজান হচ্ছে, মাইক দিয়ে গান গাওয়ান হচ্ছে। সেখানে ১২/১৩ জন কর্মী খাচ্ছে, তারজন একজন মহিলা রাঁধুনী আছে। আমি জোরের সঙ্গে চ্যালেঞ্জ করছি, আপনারা তদন্ত করে দেখতে পারেন। স্যার, আপনার মাধ্যমে আমি কয়েকটি নির্দিষ্ট অভিযোগ তুলে ধরছি। ১১. ৯. ৭৮ তারিখে মাননীয় কেন্দ্রীয় মন্ত্রী শ্রীমতী আভা মাইতি আমার এলাকায় ঠুঁটোমারি বাঁধ ভাঙ্গা দেখতে গিয়েছিলেন এবং সঙ্গে ছিলেন আমাদের কয়েকজন এম. এল. এ অজয় কুমার দে, ভগবান পুরের এম. এল. এ হরিপদ জানা এবং পঞ্চায়েতে নির্বাচিত ফরওয়ার্ড ব্লকের সদস্য মৃণাল কান্তি ঘোষ এবং সেকেণ্ড অফিসার। আমরা গিয়ে দেখি একটা জায়গায়

কিছু লোক জমায়েত হয়েছে। সেখানে রিলিফ বিলি হচ্ছে, সেখানে সি. পি. এম-র পতাকা টাঙান আছে। আমরা জিজ্ঞাসা করলাম আপনারা সরকার থেকে রিলিফ বিলি করছেন, এখানে সি. পি. এম-র পতাকা কেন? তারা কোন কথা বলল না, চুপচাপ। আমরা তখন তাদের বললাম আপনারা পতাকা নামিয়ে দিন। সঙ্গে সঙ্গে পতাকা নামিয়ে দিলেন, নামিয়ে দেওয়ার পর আমাদের সাথে তর্ক-বিতর্ক আরম্ভ করে দিলেন। তারপর বললেন মহাশয়, বৃষ্টি হচ্ছিল বলে আমরা এখানে মালপত্র টেনে এনেছি। অথচ সেদিন শুধু নয়, কয়েকদিক ধরে তখন বৃষ্টি হয়নি। তখন একজন বললেন ঠিক আছে দাদা, কিছু মনে করবেন না। ১৩. ৯. ৭৮ তারিখে আমি লিখিত ভাবে ডি. এম. কে এটা জানাই। তারপর ১৮. ৯. ৭৮ তারিখে আমাদের পরিষদীয় মন্ত্রী আমার এলাকায় বাঁধ ভাঙ্গা দেখতে যান। আমি ওনার সঙ্গে নৌকায় করে যাই। নৌকা থেকে নামার সঙ্গে সংঙ্গে সি. পি. এম-র কর্মীরা আমাকে ঘিরে ধরে।

[8-25—8-35 P.M,]

তাঁরা বলেন আপনি যেকথা ডি. এম. কে লিখিতভাবে দিয়েছেন সেটা অসত্য ভুল দিয়েছি এটা আমাদের লিখিতভাবে দিন। আমাকে তারা সকলে ঘিরে ধরে। তখন আমি বলি যে যা সত্য তাই লিখিতভাবে দিয়েছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য প্রবীর সেন আমাকে নিয়ে আমার এলাকায় টিউবওয়েলের সাইট সিলেকশানের জন্য গেলেন। আমরা যখন দু'জনে গেলাম তখন একটা বসার জায়গায় বসে তিনি বললেন যে এখান থেকে সাইট সিলেকশানের কাজ তাড়াতাড়ি হবে। সেখানে বামফ্রন্ট শরিক দলের নির্বাচিত পঞ্চায়েত সদস্য মাননীয় প্রবীর সেনকে বললেন হু আর ইউ, আপনি কি করতে এসেছেন? মাননীয় ত্রান মন্ত্রী মহাশয় জোরের সঙ্গে বলেছিলেন যে আমাদের বামফ্রন্ট নীতি ভ্রষ্ট হবে না, আমাদের বিভেদ হবে না, অথচ বামফ্রন্ট শরিক দলের একজন নির্বাচিত পঞ্চায়েত সদস্য বিধান সভার একজন মাননীয় সদস্যকে বললেন হু আর ইউ? মাননীয় অধ্যক্ষ মহাশয়, যখন বন্যা হয় তখন বহু জায়গায় রিলিফ গরুর গাড়ী করে লরি করে পৌছায়নি, মাথায় করে নিয়ে যাওয়া হয়েছিল। আমি দেখেছি যারা মাথায় করে মাল নিয়ে গেছে তাদের পারিশ্রমিক হিসাবে হয় চাল, না হয় আটা দেওয়া হয়েছে। অথচ তারা মাথায় করে মাল নিয়ে যাওয়ার জন্য বি. ডি. ও-র কাছ থেকে টাকা ড্র করেছে এবং টাকা ড্র করে নিজেরা ভাগ করে নিয়েছে। যখন জানতে পেরেছি তখন তাদের এই

সম্বন্ধে জিজ্ঞাসা করেছি, তারা বলেছে আমরা দুর দূর থেকে বাসে করে এসেছি, আমাদের তো একটা খরচ আছে, এটা আপনি ভুল বুঝেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা সব সময় সহযোগিতা করতে চেয়েছি, কিন্তু আমরা অধিকাংশ ক্ষেত্রে বিফল হয়েছি, যারজন্য আমরা সর্বদলীয় কমিটি করতে চেয়েছি। আপনারা শুধু উপরের স্তরে করেছেন যেখানে কোন কাজ নেই, কিন্তু যেখানে আসল কাজ হয় সেখানে কিছু করতে চাননি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা এটুকু বলতে চাই যে আমরা সব সময় আপনাদের সঙ্গে একমত হয়ে কাজ করব যদি আপনারা সেই আশা আমাদের দেন, এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীজন্মেজয় ওঝা : মানীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ২ দিন ধরে এখানে বন্যা সম্পর্কে আলোচনা চলছে। মাননীয় মুখ্যমন্ত্রীর বিবৃতি দেখে কিছুটা খুশী হয়েছিলাম, সেই বিবৃতির মধ্যে বিরোধী পক্ষের কিছুটা এ্যাপ্রিসিয়েসান ছিল। তিনি বলেছিলেন যে বন্যার পরে সমস্ত রাজনৈতিক দলের এম এল এ, এম পি এক সাথে কাঁধে কাঁধে মিলিয়ে বন্যাত্রাণের কাজে নেমে ছিলেন। কিন্তু আজকে এই সভায় মাননীয় মন্ত্রীরা যে সমস্ত কথা বললেন কিংবা অন্যান্য বামফ্রন্টের সদস্যরা যেভাবে কথা বললেন তাতে মনে হল তাঁদের সেই সুরটা আর যেন নেই, তাঁদের সুরটা যেন অত্যন্ত চড়া। বিভিন্ন বক্তা বিভিন্ন রকম বললেন। মাননীয় মন্ত্রী কানাই বাবু বললেন যে আমরা যেন বিক্ষোভ দেখাতে পারি না, তিনি চ্যালেঞ্জ জানালেন আমাদের সাথে লোক নেই, সব লোক তাঁদের সাথে। মাননীয় ত্রান মন্ত্রী বললেন এইসব যে দলবাজীর কথা বলা হচ্ছে সব ভূয়া, স্বপ্ন। তিনি বললেন যে আমরা সব মিথ্যা কথা বলছি, চক্রান্ত করছি, শত্রুতা করছি অর্থাৎ শ্রেণী শত্রুর কাজ আমরা করছি। আমার বক্তব্য হচ্ছে সরকারে অভিযোগ দিলে কি আপনারা তদন্ত করবেন? আপনারা কি তদন্ত করে শাস্তি দেবেন? যাঁকে দিয়ে তদন্ত করবেন তাঁদের বিরুদ্ধে তো আমাদের অভিযোগ। তাহলে একটা অভিযোগের কথা বলছি, শুনুন। এবং এর কথা ধরুন, সেখানে শ্রেণী শত্রু নয়, সেখানে আপনাদের বামফ্রন্টের এম. এল. এ-কে সশরীরে ধোলাই দিয়েছে আপনাদের দলের লোকেরা, সি পি এম-র লোকেরা তাঁকে ধোলাই দিয়েছে। ৯ই নভেম্বর সেখানকার বি. ডি. ও. এবং তাঁর সাথে ছিলেন একজন মহিলা, তিনি গ্রাম সেবিকা, তাঁদের ধরে উলঙ্গ করে পেটান হয়েছে। তাঁরা হাসপাতালে আছেন, কেস হয়েছে। কয়েকজন সি পি এম সদস্য, তার মধ্যে একজন হাই স্কুলের শিক্ষক আছেন, তাঁদের গ্রেপ্তার করা হয়েছে। কিন্তু সেই কেস যাতে উইথড্র হয়ে যায় তার ব্যবস্থা হচ্ছে। সেই কেস যাতে না চলে তারজন্য সেই বি. ডি. ও-র মগজ ধোলাই

একটু বাকি আছে। তিনি কেস দিয়ে দিয়েছেন, তিনি আবার আপত্তি জানিয়েছেন। সেখানকার সি পি এম সদস্যরা এই সব করেছেন সেটা আপনারা স্বীকার করুন বা না করুন। আপনাদের কেডাররা ভেবেছিল এইসব মালপত্র আমাদের হাতে দিতে হবে।

তাঁরা কি করলেন? তাঁরা বললেন এই সমস্ত মালপত্র আমাদের হাতে দিতে হবে, সরকারের নিয়ম কানুনের কোন বালাই নাই। শুধু-তাই নয়, তারা বললেন সি. পি. এম-র সরকার মানে আমাদের সরকার কাজেই আমরা নেব এবং দিতে হয় আমরা দেব, যা খুশী করব, হিসেব যা পরে দেখা হবে। কিন্তু তাতে এম. এল. এ রাজী হলেন না। তারপর সেখানে ভাঙচুড়, মারপিট এই সমস্ত চলে। তারপর, এরই পাশে আমার কেন্দ্রে কিন্তু এখনও পঞ্চায়েতকে ক্ষমতা দেওয়া হয় নি আগে এম. এল. এ এবং গ্রাম সেবকদের নিয়ে অঞ্চলে অঞ্চলে যে কমিটি ছিল সেই কমিটিকে নষ্ট করে দেওয়া হয়েছে এবং যেখানে নির্বাচিত হয়েছে সেখানে সি. পি. এম-কে দিয়েছে এবং যেখানে তা হয় নি সেখানে কৃষক সমিতি অর্থাৎ সি. পি. এম-র কৃষক সমিতিকে দেওয়া হয়েছে। প্রতি অঞ্চলে সচিবকে বি. ডি. ও নির্দেশ দিয়ে ছিলেন যে সোস্যাল ওয়ার্কারদের ডেকে তালিকা করুন। বি. ডি. ও-র সেই নির্দেশ অনুসারে হুনস্বর অঞ্চলের সচিব যখন সোস্যাল ওয়ার্কারদের ডাকলেন ১৫ই অক্টোবর তখন দেখলাম সি. পি. এম-র সদস্যরা অন্যান্য দলের কর্মীদের এবং অঞ্চল সচিবকে লাঞ্ছিত করলেন। কিন্তু আশ্চর্যের বিষয় আপনারা তার তদন্ত করলেন না, প্রতিকার করলেন না এবং কোন জবাবও দিচ্ছেন না। আপনাদের এগুলি স্বীকার করা উচিত এবং আমরা যাতে আন্তরিকতার সঙ্গে কাজ করতে পারি তার দিকে নজর দেওয়া উচিত। মন্ত্রী মহাশয় বললেন, এই শতাব্দীর মধ্যে তাঁরা সবচেয়ে বেশী কাজ করেছেন মেদিনীপুরে। কি কাজ করেছেন তাঁরা জানেন এবং ভগবান জানেন, আমরা জানিনা। আমি আপনাদের বলছি আমাদের সঙ্গে নিলে কোন অসুবিধা হবে না, আমরা কাজ করব।

## Adjournment

The House was then adjourned at 8.33 P.M. till 1 P.M. on Wednesday, the 22nd November, 1978, at the "Assembly House", Calcutta.

**Proceeding of the West Bengal Legislative Assembly Assembled under the provisions of the Constitution of India.**

The Assembly met in the Assembly House, Calcutta, on Wednesday, the 22nd November, 1978 at 1-00 P.M.

**PRESENT**

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah) in the chair, 16 Ministers, 6 Ministers of State and 190 Members.

## STARRED QUESTIONS

**( to which oral answers were given )**

[1-00—1-10 P.M.]

### বিল বসিয়া ও তেলকার বিল সংস্কার

*২৩। ( অনুমোদিত প্রশ্ন নং *১১ ) শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়, শ্রীআতাহার রহমান, শ্রীআবল হাসনাৎ খান এবং দীনবন্ধু মাঝি ঃ সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার বিল বসিয়া ও তেলকার বিল সংস্কারের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকিলে, উক্ত বিলগুলি সংস্কার করার পর কত একর জমি উদ্ধার হইবে বলিয়া আশা করা যায় ?

**শ্রীপ্রভাসচন্দ্র রায় ঃ**

(ক) মুর্শিদাবাদ জেলায় বিল বসিয়া ও তেলকার বিল সংস্কারের পৃথক কোন পরিকল্পনা আপাততঃ সরকারের নেই। তবে ঐ দুইটি বিল সংস্কারের কাজ, আনুমানিক ১২ কোটি টাকার কান্দি এলাকা বন্যা নিয়ন্ত্রণ ও নিকাশী প্রকল্পের অন্তর্ভুক্ত। কিন্তু কান্দি প্রকল্পটি বর্তমানে কারিগরী বিশেষজ্ঞদের বিবেচনাধীন আছে এবং এ বছরের বন্যার পরিপ্রেক্ষিতে উহা পুনর্বিবেচনার প্রয়োজন হতে পারে। সেজন্য স্বভাবতই ঐ প্রকল্পটি

রূপায়ণে বিলম্ব হবে। ইতিমধ্যে স্থানীয় জনপ্রতিনিধি ও জনসাধারণের আবেদন অনুযায়ী তেলকর বিলের জলনিষ্কাষণ সমস্যার কোন সাময়িক সমাধান দ্রুত করা যায় কিনা তা দেখার জন্য Survey এবং investigation করা হচ্ছে।

(খ) উহা এখনই বলা সম্ভব নয়।

শ্রীবীরেন রায়ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি, তেলকার বিল হলে কাঁন্দি এবং লালবাগ অঞ্চলের বন্যা প্রতিরোধ করা যাবে, এটা কবে নাগাদ হবে মন্ত্রী মহাশয় বলতে পারেন কি?

শ্রীপ্রভাসচন্দ্র রায়ঃ আপনি জানেন যে, কাঁন্দি মাস্টার প্ল্যানের সঙ্গে এটা জড়িত। এবং কাঁন্দি মাস্টার প্ল্যান আগে ৯ কোটি টাকার পরিকল্পনা ছিল কিন্তু এখন দাঁড়িয়েছে ১১ কোটি টাকা এবং আমরা এটা টেকনিক্যাল কমিটিতে পাঠিয়েছি। এবং টেকনিক্যাল কমিটি একমত হয়ে পাঠিয়ে দিয়েছেন গঙ্গা ফ্লাড কনট্রোল কমিশনে। এখন এটা তাদের বিবেচনাধীন রয়েছে। তারা এখনও পর্যন্ত ক্লিয়ারেন্স দেননি। তারা ক্লিয়ারেন্স দেওয়ার পর সেনট্রাল গভর্ণমেণ্টে যাবে। তাদের টেকনিক্যাল কমিটি আছে সেখান থেকে পাশ হওয়ার পর প্ল্যানিং কমিশন সাংশান দেবে। তারপরে আমরা কাজ শুরু করতে পারবো। এই প্রসেসের মধ্যে দিয়ে আমাদের যেতে হবে। তেলকার বিল সংস্কারের সম্বন্ধে ওখানকার কয়েকজন জনপ্রতিনিধি আমার কাছে এসেছিলেন, আমি তাঁদের সঙ্গে আলোচনা করেছি। আমরা চেষ্টা করছি এটা যদি করতে পারি তা হলে বন্যার আংশিক সমাধান হবে। আপনি জানেন সমগ্রভাবে সমাধান করতে না পারলে যে সঙ্কট রয়েছে সেই সমস্যার সমাধান হবে না।

## খাস জমি বণ্টন

*২৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৬।) শ্রীজয়ন্তকুমার বিশ্বাসঃ ভূমি সদ্ব্যবহার ও ভূমি সংস্কার এবং ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) খাস জমি বিলি বণ্টনের দায়িত্ব গ্রামের পঞ্চায়েত-এর উপর ন্যস্ত করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, কবে ঐ পরিকল্পনা রূপায়িত হবে বলে আশা করা যায়?

**শ্রীবিনয় কৃষ্ণ চৌধুরী** ঃ (ক) ও (খ) মুর্শিদাবাদ ও মেদিনিপুর জেলা ছাড়া রাজ্যের অন্যান্য জেলাগুলিতে খাস জমি বিলি বণ্টনের ক্ষেত্রে পঞ্চায়েত সমিতিগুলি ব্লক পর্য্যায়ে ভূমি-সংস্কার উপদেষ্টা কমিটির কাজ করিবে এই মর্মে সরকারী আদেশ বাহির হইয়াছে এবং ঐ আদেশ ১-১১-৭৮ তারিখ হইতে কার্যাকর হইয়াছে। মুর্শিদাবাদ ও মেদিনীপুর জেলায় এবং অন্যান্য জেলার যে সকল এলাকায় এখনও পঞ্চায়েত সমিতি গঠিত হয় নাই, সেখানে পূর্বের ভূমি-সংস্কার উপদেষ্টা কমিটিগুলিই কাজ করিবে।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস** ঃ অর্থ, পূর্ত্ত জনস্বাস্থ্য ইত্যাদি ক্ষেত্রে পঞ্চায়েত সাব কমিটি গঠন করার প্রভিশন আছে যেমন, সেই রকমভাবে খাস জমি বণ্টনের ক্ষেত্রেও এই রকম কমিটি গঠন করা হবে কিনা?

**শ্রীবিনয় কৃষ্ণ চৌধুরী** ঃ ভূমি সংস্কারের জন্য একটা স্থায়ী সমিতি করার নির্দেশ বর্ত্তমান পঞ্চায়েত সমিতিকে দেওয়া আছে।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস** ঃ গণতান্ত্রিক আন্দোলনের মধ্য দিয়ে যে সব ক্ষেত্রে খাস জমি দখল নেওয়া হয়েছে, সরকার সেগুলির স্বীকৃতি দেবেন কিনা?

**শ্রীবিনয় কৃষ্ণ চৌধুরী** ঃ এটা এই প্রশ্নের সাথে আসে না।

**শ্রীজন্মেজয় ওঝা** ঃ যেখানে পঞ্চায়েত সমিতি হয়নি, ভারপ্রাপ্ত হয়নি সেখানে বর্ত্তমানে খাস জমি বণ্টনের দায়িত্ব কার হাতে আছে?

**শ্রীবিনয় কৃষ্ণ চৌধুরী** ঃ সেখানে পূর্বতন ব্লক লেভেল এ্যাণ্ড রিফরমস্ য়্যাডভাইসারি কমিটির হাতেই আছে।

**শ্রীদীপক সেনগুপ্ত** ঃ ভূমি বণ্টনের জন্য পঞ্চায়েত উপসমিতি গঠন করার জন্য ইতিমধ্যে কি পঞ্চায়েত আইন সংশোধন করা হয়েছে না কি সরকারী হুকুম অনুসারেই এটা করা হবে?

**শ্রীবিনয় কৃষ্ণ চৌধুরী** ঃ সমস্ত আইনগত পরামর্শ নিয়ে যে ব্যবস্থা প্রয়োজন তা করা হবে।

**শ্রীদীপক সেনগুপ্ত** ঃ আপনি বলেছেন সরকারী দপ্তর থেকে নির্দেশ দিয়েছেন এ সম্পর্কে স্থায়ী সমিতি গঠন করার জন্য, আইন অনুসারে এটা গঠিত না হলে আইনের জটিলতা সৃষ্টি হবে না কি?

**শ্রীবিনয় কৃষ্ণ চৌধুরী ঃ** এ সমস্ত দেখার ব্যবস্থা হবে।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** পঞ্চায়েত এ্যাক্টে, রুলে যদি তাদের কোন ক্ষমতা না দেওয়া হয়, এই কমিটির কোন অসুবিধা হবে কিনা ?

**শ্রীবিনয় কৃষ্ণ চৌধুরী ঃ** পঞ্চায়েত এ্যাক্টে যে যে কাজ করতে পারে বলা আছে, ডিসক্রিশনারি, ম্যানডেটারি সমস্ত লিস্টের মধ্যে আছে, সেজন্য বাইরে কিছু নয়, পঞ্চায়েত ডিপার্টমেন্ট তার রেলিভ্যাণ্ড সেকশন তুলে নির্দেশনামা পাঠাচ্ছে।

**শ্রীধীরেন্দ্র নাথ সরকার ঃ** যে সমস্ত ভেসটেড জমি পূর্বে বিলি করা হয়েছিল সেগুলি বাতিল করে দিয়ে আবার নতুন করে করার জন্য পঞ্চায়েত সমিতিকে ক্ষমতা দেওয়া হচ্ছে কিনা ?

**শ্রীবিনয় কৃষ্ণ চৌধুরী ঃ** এই প্রশ্নের সঙ্গে এটা প্রাসঙ্গিক নয়। পৃথকভাবে প্রশ্ন দেবেন যদি উত্তর চান।

### কেলেঘাই ও বাঘুই নদীর জল নিষ্কাশন ব্যবস্থা

*২৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪০।) **শ্রীজন্মেজয় ওঝা ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার কেলেঘাই নদী পরিকল্পনার অন্তর্গত (১) গোকুলপুরের পুরাতন বাঁধ না উঠাইবার ফলে (২) কোপ্তিপুরের নিকট কেলেঘাই বাঁধ পরিকল্পনা মাফিক আরও উত্তর দিকে না সরাইবার ফলে, কেলেঘাই ও বাঘুই নদীর জল নিষ্কাশনে বিশেষ অসুবিধা হইতেছে এবং প্রতি বৎসর বন্যায় ক্ষতি হইতেছে এবং

(খ) সত্য হইলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন ?

**শ্রীপ্রভাসচন্দ্র রায় ঃ** (ক) ইহা আংশিকভাবে সত্য। কারণ, কেবলমাত্র যে গোকুলপুরের পুরাতন বাঁধ না উঠাইবার ফলে এবং কেলেঘাই বাঁধ আরও উত্তর দিকে না সরাইবার ফলেই জল নিষ্কাশনের পুরো অসুবিধা হইতেছে তাহা নহে। কেলেঘাই নদীর বেশ কিছু স্থানে অবৈধভাবে জমি দখল হইয়া থাকায় নদীর জলপথের পরিসর বেশ কমিয়া গিয়াছে. ফলে জল নিষ্কাশন ব্যবস্থার অবনতি ঘটায় বন্যার সৃষ্টি হইতেছে।

(খ) বাঁধ উঠাইবার এবং সরাইবার জন্য পরিকল্পনা লওয়া হইয়াছে এবং নদীর পরিসর বৃদ্ধি করার জন্য অবৈধভাবে দখলীকৃত জমি ফেরত পাওয়ার ব্যাপারে অঞ্চল প্রধান এবং সংশ্লিষ্ট প্রশাসনের সহিত যোগাযোগ করা হইয়াছে।

[1-10—1-20 P.M.]

**শ্রীজন্মেজয় ওঝা:** গোকুলপুরের পুরানো বাঁধটা আগের প্ল্যান অনুসারে কেন করা হয়নি ?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়:** নোটিশ চাই।

**শ্রীজন্মেজয় ওঝা:** একথা কি সত্য যে ওখানকার কিছু প্রভাবশালী লোকদের বিশেষ প্রভাব খাটানোর ফলেই ওই বাঁধটা সরানো হয়নি ?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়:** আমার যতদূর খবর জানা আছে আমাদের সরকার আসবার আগেই ওই নদীর ধারে স্থানীয় প্রভাব সম্পন্ন ব্যক্তি বাগান ও বাড়ী করেছেন। যার ফলে এটা প্রয়োজন হলেও এটা করেন নি এবং এই ব্যবস্থা করে গিয়েছেন আগেকার সরকার।

**শ্রীজন্মেজয় ওঝা:** ওইটা না করার ফলে সবং, নারায়ণগড় এবং পটাশপুরের একটা অঞ্চল প্রতি বছর জলে ভেসে যাচ্ছে একথা কি সত্য ?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়:** একথা আংশিকভাবে সত্য।

## বর্গাদার

*২৬। (অনুমোদিত প্রশ্ন নং *৫০।) **শ্রীকিরণময় নন্দ:** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার এবং ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে রেকর্ডভুক্ত বর্গাদারের সংখ্যা কত ;

(খ) রেকর্ড করা হয় নাই এমন বর্গাদারের সংখ্যা কত ;

(গ) সরকার কর্তৃক বর্গাদারদের জমির মালিকানা দেওয়ার কোন পরিকল্পনা আছে কি ; এবং

(ঘ) "গ" প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, কবে নাগাত উক্ত মালিকানা দেওয়ার কাজ আরম্ভ হইবে ?

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** (ক) বর্তমানে পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার আইন অনুযায়ী যে সেটলমেন্টের কাজ চলিতেছে তাহাতে গত অক্টোবর মাস পর্য্যন্ত রেকর্ডভুক্ত বর্গাদারের সংখ্যা ৪,৬৭,৪৯৫। এ পর্য্যন্ত রাজ্যের মোট ৪২০০০ মৌজার মধ্যে ২৫০০০ মৌজার সেটলমেন্টের খানাপুরী ভুজাবতের কাজ সমাপ্ত হইয়াছে।

(খ) বলা সম্ভব নয়।

(গ) এমন কোন প্রস্তাব সরকারের সক্রিয় বিবেচনায় নাই।

(ঘ) প্রশ্ন উঠে না।

**শ্রীকিরণময় নন্দ ঃ** রেকর্ডভুক্ত বর্গাদারদের সংখ্যা সম্বন্ধে মন্ত্রী মহাশয় বললেন রেকর্ডভুক্ত করা হয়নি এমন বর্গাদারদের সংখ্যা বলা সম্ভব নয় এবং কিছু দিন আগে এই সম্পর্কে মাননীয় মন্ত্রী একটা বিবৃতি দিয়েছিলেন তাতে বলা আছে আনুমানিক ব্যক্তির সংখ্যা। এ সম্পর্কে একটু বলবেন কি ?

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** আনুমানিক কিছু বলা যায় না। আপনি যে বিবৃতির কথা বলছেন তাতে ছিল আমাদের অনুমান এতো। তার ভিত্তি ছিল বিভিন্ন যে কাগজপত্র ছিল সরকারের তাই। এখন আপনি নির্দিষ্ট সংখ্যা চাইছেন। তাই এটা বলা হয়েছে অনুমানের উপর নির্ভর করে কিছু বলা সম্ভব নয়।

**শ্রীকিরণময় নন্দ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি বর্গাদারদের জমির মালিক করতে অসুবিধা কোথায় ?

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** এটা এই প্রশ্নে উঠে না। আপনি বলেছেন সরকার এখনই মালিকানা দেওয়ার কথা বিবেচনা করছেন কিনা। সেটা করছি না সেটাই বলেছি। এটা সুবিধা-অসুবিধার কথা নয়।

( গোলমাল )

**শ্রীকিরণময় নন্দ ঃ** মন্ত্রী মহাশয় কি উত্তর দিচ্ছেন শুনতে পারছি না। মন্ত্রী মহাশয়কে প্রশ্ন জিজ্ঞাসা করলে যদি এই রকম গোলমাল হয় তাহলে কি করে উত্তর শুনবো।

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** এইবার ভাল করে শুনুন। আপনি যে প্রশ্ন করেছেন সেটা হচ্ছে মালিকানা দেওয়ার কথা বিবেচনা করা হচ্ছে। আমি বলেছি সেটা এখন করছি না। এটা সুবিধা-অসুবিধার ব্যাপার নয়।

**শ্রীদেবরঞ্জন সেন** ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে যারা বর্গাদার বলে রেকডেড হয়ে গেছে তাদের নাম কাটাবার জন্য জমির মালিকরা যদি মামলা মকর্দমা করে তাহলে সরকারী তরফ থেকে তাদের কি প্রোটেকসন দেওয়া হবে ?

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী** ঃ এটা বহুবার বলা হয়েছে। বর্গাদারদের স্বার্থ সংরক্ষণ করার জন্য আইনের সুবিধা দেওয়া আছে এবং সরকারী উকিল সেই ব্যবস্থা করেন।

**শ্রীদেবরঞ্জন সেন** ঃ যে সমস্ত রেকডেড বর্গাদার আগামী মরশুমে ধান যখন কাটবে তখন জমির মালিক যদি বাধার সৃষ্টি করে তাহলে সরকারী তরফ থেকে সাহায্য দেবার কি ব্যবস্থা হয়েছে ?

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী** ঃ এই প্রশ্ন এর থেকে আসে না। হারবেষ্টিং সম্বন্ধে সরকারের তরফ থেকে যে পলেসি গ্রহণ করা হয়েছে সেটা ছাপা বই হিসাবে বিলি করা হবে এবং আপনাদেরও দেওয়া হবে। সেখানে আপনারা সব দেখতে পাবেন।

**শ্রীধীরেন্দ্রনাথ সরকার** ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই অপারেশন বর্গা পরিকল্পনা সাফল্যমণ্ডিত করার জন্য কার উপর ভার দেওয়া হয়েছে ?

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী** ঃ এটা এই প্রশ্ন থেকে আসে না।

**শ্রীঅনিল মুখার্জী** ঃ মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি যে এই অপারেশন বর্গা অনুসারে বর্গাদারদের স্বার্থ রক্ষার ব্যবস্থা এখন কার্যকরী আছে কি ?

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী** ঃ এই প্রশ্ন এর থেকে আসে না।

**শ্রীরবীন্দ্রনাথ মণ্ডল** ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি পশ্চিমবাংলায় জোতদারের সংখ্যা কত ?

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী** ঃ আপনি পৃথক প্রশ্ন দেবেন আমি উত্তর দিয়ে দেবো। সাপ্লিমেন্টারী প্রশ্ন যে প্রশ্ন করা হয়েছে তার কনসার্ণ হওয়া উচিত।

**শ্রীসুনীতি চট্টরাজ** ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে সব রেকডেড বর্গাদার চাষ করেছে সেখানে পুরানো রেকডেড বর্গাদার যদি ক্লেম করে তাহলে সরকার কাকে প্রটেকসন দেবেন নূতন বর্গাদারকে দেবেন না পুরানো বর্গাদারকে দেবেন ?

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** আপনি পুরানো সদস্য আপনি নিশ্চয় জানেন যে এই প্রশ্ন থেকে এই প্রশ্ন আসে না। ইট ডাজ নট এ্যারাইজ।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** আপনি যখন ডাজ নট এ্যারাইজ বল্লেন তখন আমি আবার একটা প্রশ্ন করছি আপনি যে বল্লেন ৪২ লক্ষ বর্গাদার—এই ষ্ট্যাটিসটিক্স আপনি কোথা থেকে পেলেন ?

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** আমি ৪২ লক্ষ কোন সময়ই বলিনি। আমি বলেছি ৪ লক্ষ ৬৭ হাজার।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** এটাই বা আপনি কোথা থেকে পেলেন ?

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** যেটা রেকর্ড হয়েছে সরকারী দপ্তরে সেটা থেকেই উত্তর দিয়েছি। ওনার নিশ্চয়ই জানা আছে যে সমস্ত প্রশ্ন আসে সেগুলি ডিপার্টমেন্টে যায় এবং সমস্ত তথ্য সংগ্রহ করে উত্তর দেয়।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি খাস জমি বণ্টনের ক্ষেত্রে বর্গাদারদের অগ্রাধিকার দেওয়া হবে কিনা ?

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** এই সমস্ত প্রশ্ন এর থেকে আসে না। আর আপনার জানা জিনিস এখানে জানতে চাওয়া উচিত নয়। কারণ এখানে নিয়ম হচ্ছে অতিরিক্ত প্রশ্ন করতে হয় টু এলিসিটিং ইনফরমেশন যে এ ব্যাপারে সরকার কি এ্যাক্সন নিতে চান তার কি পলেসি ইত্যাদি। আপনি প্রশ্ন করবেন only for eliciting information.

[1-20—1-30 P.M.]

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** আমার প্রশ্ন হচ্ছে এই, ধরুন ২০ বিঘা জমি ৮ জন লোকে বর্গা করছে, কিন্তু দেখা গেল ৩০ জন গিয়ে সেটা দখল করে নিল, সেই ক্ষেত্রে সরকার কি ব্যবস্থা নেবেন—মন্ত্রী মহাশয় এটা বলবেন কি ?

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** যাবতীয় সমস্যা যা উঠতে পারে সেই সম্বন্ধে আলোচনা করতে চাইলে একদিন আমার ঘরে গিয়ে প্রশ্ন তুলে আলোচনা করবেন। কিন্তু এখানে যে প্রশ্নটা দিয়েছেন তার সাথে এর কোন মিল নেই—এই প্রশ্নের সঙ্গে এই কথা ওঠে না।

**Mr. Speaker :** The Question is disallowed.

## কেলেঘাই ও বাঘুই বাঁধ স্কীম

*২৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪৫।) **শ্রীজন্মেজয় ওঝা :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার কেলেঘাই বাঁধ ও বাঘুই বাঁধের জন্য গত বৎসর টাকা বরাদ্দ এবং কাজের জন্য টেণ্ডার আহ্বান সত্ত্বেও ঐ দুইটি স্কীম কার্যকরী করা হয় নাই ; এবং

(খ) সত্য হইলে, উক্ত স্কীম দুইটি কার্যকরী না হওয়ার কারণ কি ?

**শ্রীপ্রভাস চন্দ্র রায় :** (ক) হ্যাঁ। সত্য।

(খ) কারণ প্রয়োজনীয় জমি অধিগ্রহণ না হওয়ায় টেণ্ডারগুলি বাতিল করিতে হইয়াছিল।

**শ্রীজন্মেজয় ওঝা :** মাননীয় মন্ত্রী মহাশয় প্রথম প্রশ্নের উত্তরে বলেছেন, হ্যাঁ, সত্য, জমি অধিগ্রহণ না হওয়ার জন্য টেণ্ডার বাতিল করতে হয়েছে মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন সেই টেণ্ডারগুলি আবার এই বছর অনুমোদন করা হবে কিনা ?

**শ্রীপ্রভাস চন্দ্র রায় :** হ্যাঁ, জমি পাবার জন্য আমরা ল্যাণ্ড রেভিনিউ ডিপার্টমেন্টকে লিখেছি এবং জমি পাওয়া গেলেই ঐ কাজ শুরু করা হবে।

**শ্রীজন্মেজয় ওঝা :** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন—এই জমি অধিগ্রহণের কি অসুবিধা ছিল, কেন হয় নি ?

**শ্রীপ্রভাস চন্দ্র রায় :** আপনি জানেন যে আমরা আগেই এর জন্য টেণ্ডার দিয়েছিলাম জমি পাবার আশায় এবং ভেবেছিলাম ইতিমধ্যেই হয়ত জমি পাওয়া যাবে। কিন্তু স্থানীয় অনেক লোক তাতে বাধা দিয়ে এমন করে রেখেছে যার ফলে জমি অধিগ্রহণ করতে অসুবিধা হচ্ছে। তবে আপনারা যদি সাহায্য করে সেই ব্যবস্থাগুলি করে দেন তাহলে আমরা নিশ্চয় করব।

**শ্রীজন্মেজয় ওঝা :** মন্ত্রী মহাশয় কি বলবেন, কোন্ কোন্ লোক এই সম্পর্কে বাধা সৃষ্টি করেছিল ?

**শ্রীপ্রভাস চন্দ্র রায় :** নোটিশ চাই, এখুনি হঠাৎ বলা সম্ভব নয়।

**শ্রীজন্মেজয় ওঝা ঃ** মন্ত্রী মহাশয় কি বলবেন, এই সম্পর্কে মেদিনীপুর জেলা সার্কিট হাউসে যে আলোচনা হয়েছিল তাতে সেখানকার এ. ডি. এম., এল. আর. বলেছিলেন তাদের কেরানির অভাবে এটা হচ্ছে না, এই সম্পর্কে তিনি কি অবগত আছেন ?

**শ্রীপ্রভাস চন্দ্র রায় ঃ** হ্যাঁ, ওখানকার এ. ডি. এম., এল. আর. বলেছিলেন যে আমাদের কর্মচারীর সংখ্যা খুব কম যে জন্য আমরা করে উঠতে পারছি না—এই কথা ঠিক। কিন্তু আমরা বলেছিলাম আপনাদের যে স্টাফ আছে তারা যদি এই কাজে সাহায্য করেন তাহলে এই কাজ করা যেতে পারে।

**শ্রীজন্মেজয় ওঝা ঃ** মন্ত্রী মহাশয় বললেন ওখানে কিছু লোক বাধা সৃষ্টি করছে —কারা বাধা সৃষ্টি করছে তাদের নামগুলি বলবেন কি ? তিনি যখন তাদের নাম বলতে পারবেন না তখন ধরেই নেওয়া হচ্ছে যে কেউ বাধা সৃষ্টি করছে না। আসলে নোটিশই জারী হয়নি তো বাধার প্রশ্ন ওঠে কি করে এই কাজের জন্য দায়ী অফিসারদের বিরুদ্ধে কি ব্যবস্থা নেওয়া হবে, মন্ত্রী মহাশয় বলবেন কি ?

**শ্রীপ্রভাস চন্দ্র রায় ঃ** কে কে বাধা দিচ্ছে হঠাৎ এইরকম উত্তর দেওয়া কারো পক্ষেই সম্ভব নয় বলে আমি মনে করি। কিন্তু নোটিশ দিলে আপনাকে সে খবর দিতে পারব এই গ্যারান্টি দিতে পারি যে কারা কারা বাধা দিচ্ছে।

## বালিয়াঘাই ড্রেনেজ স্কীমের অন্তর্ভুক্ত পাউসি ক্যানেলের পরিসর বৃদ্ধির জন্য জমি অধিগ্রহণ

*২৮। (অনুমোদিত প্রশ্ন নং *৪৬।) **শ্রীজন্মেজয় ওঝা ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার বালিয়াঘাই ড্রেনেজ স্কীমের (বারচৌকা জলনিকাশী) অন্তর্ভুক্ত পাউসি ক্যানেলের পরিসর বৃদ্ধির জন্য মসুরা, মংরাজ, আড়গোয়াল ও ছোট উদয়পুর মৌজার জমি অধিগ্রহণ করা হইয়াছিল ; এবং

(খ) সত্য হইলে—

(১) কোন্ সালে জমি অধিগ্রহণ করা হইয়াছিল,

(২) অধিগৃহীত জমির পরিমাণ কত, ও

(৩) ঐ জমির ক্ষতিপূরণ বাবত কত টাকা ব্যয় করা হইয়াছিল ?

**শ্রীপ্রভাস চন্দ্র রায়ঃ** (ক) মেদিনীপুর জেলার ব্যালিয়াঘাই ড্রেনেজ স্কীমের ( বার চৌকা জল নিকাশী ) অন্তর্ভুক্ত পাউলি ক্যানেলের পরিসর বৃদ্ধির জন্য মংরাজ, আড়গোয়াল ও ছোট উদয়পুর মৌজার কিছু জমি অধিগ্রহণ করা হইয়াছিল। মাস্থরা মৌজায় কোন জমি অধিগ্রহণ করা হয় নাই।

(খ) (১) ইং ১৯৭৬ এবং ১৯৭৭ সালে দুই দফায় জমি অধিগ্রহণ করা হইয়াছিল।

(২) অধিগৃহীত জমির পরিমাণ ১৭.৭৩ একর।

(৩) ক্ষতিপূরণ বাবদ কোন খরচ করা হয় নাই।

**শ্রীজন্মেজয় ওঝা:** এখানে আমার মনে হয় একটি ছাপার ভুল আছে—মাস্থরা নয়, মাথুর। মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ১৭.৭৩ একর জমি ৭৬-৭৭ সালে দখল করা হয়েছিল। আমি জানতে চাই ৭৬-৭৭ সালটা ঠিক, না, ৭১-৭২ সালটা ঠিক ?

**শ্রীপ্রভাস চন্দ্র রায়ঃ** আমাদের রেকর্ড থেকে যা পেয়েছি তাতে দেখছি বলা হয়েছে ১৯৭৬-৭৭ সাল। আমি রেকর্ড থেকে যা পেয়েছি সেটা আপনাদের জানিয়েছি।

**শ্রীজন্মেজয় ওঝা:** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন, এখানে খালটা কবে কাটা হয়েছিল ?

**শ্রীপ্রভাস চন্দ্র রায়ঃ** নোটিশ দিলে বলতে পারবো। কোন সালে কাটা হয়েছিল হঠাৎ এইভাবে জিজ্ঞাসা করলে উত্তর দেওয়া সম্ভব নয়।

**শ্রীজন্মেজয় ওঝাঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন, জমি অধিগ্রহণ করার আগে কোন খাল কাটা যায় কিনা ?

**শ্রীপ্রভাস চন্দ্র রায়ঃ** সধোরণতঃ সেটা করলে বেআইনী হয়। জমি অধিগ্রহণ করে তারপরে খাল কাটার নিয়ম। আমি জানিনা আপনারা আগে এই রকম করে গিয়েছেন কিনা যে জমি অধিগ্রহণ না করেই খাল কাটা হয়েছে।

**শ্রীজন্মেজয় ওঝাঃ** সরকারী কর্মচারীরাই এই খাল কাটার কাজে ব্যস্ত থাকেন। মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে টাকাটা দেওয়া যায়নি। আমার জিজ্ঞাস্য, দয়া করে জানাবেন কি কবে নাগাদ টাকাটা দেবেন ?

**শ্রীপ্রভাস চন্দ্র রায়ঃ** আমাদের কাছে এ. ডি. এম-এর কাছ থেকে রোল এ্যাসেসমেন্ট এলে দেওয়া যেতে পারে। কমপেনসেসানের এ্যামাউন্টের যে মোটামুটি হিসাব এসেছে—আরো ২১৩ জনের জমি আছে—প্রত্যেকের জমির ব্রেক আপ করে হিসাব আসে নি—মোটামুটি আছে ৩৯ হাজার ৭২৯ টাকা। একজনের ৪·৭৫ একর জমি আছে তার পর ঐ টাকার এ্যাসেমেন্ট হয়ে আছে।

**ডাঃ শাশ্বতী প্রসাদ বাগঃ** জমি অধিগ্রহণ করা হয় গভর্ণমেন্টের কাজের জন্য। বারবার দেখা যাচ্ছে তাদের টাকা দেওয়ার ব্যাপারে নানানভাবে দেরি করা হয়। এই ব্যবস্থাটাকে সহজ করার কোন উপায় নেই কি? কেন দেরি হচ্ছে, কেন তারা পাবে না এটা জানাবেন কি?

**শ্রীপ্রভাস চন্দ্র রায়ঃ** এর ঠিক ঠিক জবাব দিতে গেলে নোটিশ চা। আপনি নোটিশ দেবেন আমি ডিটেল্ড এ্যানসার দিয়ে দেব।

**মিঃ স্পীকারঃ** আমি মাননীয় সদস্য শ্রীঅতীশচন্দ্র সিংহ, শ্রীপ্রবোধ চন্দ্র সিংহ ও শ্রীধীরেন্দ্র নাথ সরকার এঁদের প্রত্যেকের কাছ থেকে একটি করে মুলতুবী প্রস্তাবের নোটিশ পেয়েছি।

প্রথম নোটিশে শ্রীসিংহ বন্যাত্রাণে দলবাজী প্রভৃতি ঘটনা বিভিন্ন সংবাদপত্র ও সাপ্তাহিক পত্রিকায় তুলে ধরার জন্য সংশ্লিষ্ট সাংবাদিকদের শাসক দল সি. পি. আই. এম. কর্তৃক নিগ্রহ লাঞ্ছনা ও শাসানি এবং জোর করে বর্গা রেকর্ডের অভিযোগ করেছেন এবং সংবাদপত্রের স্বাধীনতার বিষয়ে আলোচনার জন্য আজকের সভা মুলতুবী রাখতে চেয়েছেন। নোটিশে একাধিক বিষয়বস্তু রয়েছে এবং বিষয়গুলি এমন কোন জরুরী প্রকৃতির নয় যার জন্য এগুলি মুলতুবী প্রস্তাবের বিষয়বস্তু হিসাবে গণ্য হতে পারে।

দ্বিতীয় নোটিশে শ্রীপ্রবোধ চন্দ্র সিংহ এনকেফেলাইটিস রোগের প্রসার ও তার নিবারণে সরকারী ব্যর্থতা বিষয়ে আলোচনার জন্য সভার কাজ মুলতুবী রাখতে চেয়েছেন। বিষয়টি দৃষ্টি আকর্ষণ, প্রশ্ন, উল্লেখ ইত্যাদির মাধ্যমে সভায় উত্থাপনের সুযোগ আছে। তাছাড়া বিষয়টি অতি সাম্প্রতিক বা সম্পূর্ণ আকস্মিক নয়। কিছুদিন যাবত উক্ত রোগের প্রাদুর্ভাব এবং এ সম্পর্কে সরকারী ব্যবস্থাদি চলছে। বিগত অধিবেশনেও উক্ত বিষয়টির উপর সরকারী বিবৃতি হয়েছে। সুতরাং এটি মুলতুবী প্রস্তাবের অনুপযোগী বলে আমি মনে করি।

তৃতীয় নোটিশে শ্রীধীরেন্দ্র নাথ সরকার রাজ্যে বিপুল পরিমাণ বেকারীজনিত উদ্বেগজনক পরিস্থিতি ও এর প্রতিকার বিধানে সরকারী ব্যর্থতার বিষয়ে আলোচনার

জন্য সভার কাজ মুলতুবী রাখতে চেয়েছেন। উত্থাপিত বিষয়টি একটি ব্যাপক ধরণের এবং আকস্মিক উদ্ভূত কোন পরিস্থিতি সম্পর্কিত নয়। সুতরাং এটি মুলতুবী প্রস্তাবের উপযোগী বলে গণ্য হতে পারে না।

সুতরাং আমি উপরোক্ত সব কয়টি মুলতুবী প্রস্তাবের নোটিশেই আমার অসম্মতি জ্ঞাপন করছি।

[1-30—1-40 P.M.]

**শ্রীঅতীশ চন্দ্র সিন্‌হা:** বন্যাত্রাণে দলবাজী, চুরি, ভীতি প্রদর্শন প্রভৃতির বিভিন্ন ঘটনা সংবাদপত্রের মাধ্যমে জনসাধারণের কাছে তুলে ধরার জন্য সি. পি. আই. এম. যে কেবলমাত্র আনন্দবাজার পত্রিকার জনৈক সাংবাদিকের উপর অত্যন্ত রুষ্ট তা নয়, এরকম অজস্র ঘটনা জেলার বিভিন্ন দৈনিক, সাপ্তাহিক পত্রিকায় প্রকাশিত করার অপরাধে বহু সাংবাদিকই নিগৃহীত, লাঞ্ছিত ও শাসানির সম্মুখীন হয়েছেন। জোর করে বর্গা রেকর্ডও অনেকের জমিতে করাবার অপচেষ্টা চলছে। এই পরিস্থিতিতে সংবাদপত্রের স্বাধীনতা বিপর্য্যস্ত। এই বিষয়টি আলোচনা করার জন্য এবং কিভাবে সংবাদপত্রগুলি কেবলমাত্র সরকারী তথ্য দপ্তরের তল্পীবাহক না হয়ে পড়ে তার জন্য বর্ত্তমান সভার কাজ মুলতুবী রাখা হোক।

**শ্রীধীরেন্দ্র নাথ সরকার:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গে সি. পি. এম. পরিচালিত বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর সারা রাজ্য জুড়ে বিপুল পরিমাণ বেকারী, জনজীবন বিপর্য্যস্ত করে ফেলেছে। হাজার হাজার শিক্ষিত অশিক্ষিত যুবক যুবতী দু মুঠো আহারের তাড়নায় চরিত্র দিতে বসেছে। জাতির ভবিষ্যৎ এইসব যুবক যুবতী স্থায়ী কাজের অভাবে ক্ষুধার জ্বালায় বাংলার ঘরে ঘরে যে উদ্বেগজনক অশান্তির সৃষ্টি করছে তা দেখে রাজ্যের মানুষ আতঙ্কিত হয়ে উঠছে। এই অবস্থা একদিকে যেমন অবর্ণনীয়, দুঃখজনক, লজ্জাষ্কর অপরদিকে তেমনি সমগ্র জাতীর উন্নয়নে হানিকর। এহেন পরিস্থিতিতে অত্যন্ত দুঃখের সঙ্গে এই সভা লক্ষ্য করছে যে বামফ্রন্ট সরকার তার প্রতিকার বিধান করায় ব্যর্থ। ৩৬ দফা নির্বাচনী প্রতিশ্রুতির অন্যতম প্রতিশ্রুতি সকল কর্মক্ষম বেকারের জন্য স্থায়ী কাজের বাবস্থা। আজ সি. পি. এম.-এর নক্কারজনক দলীয় রাজনীতির শিকারে পর্য্যবসিত। সরকার সমগ্র যুবক যুবতীদের সঙ্গে ভাঁওতা খেয়ায় মত। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সভার কাজ মুলতুবী রেখে সে সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হোক।

**শ্রীপ্রবোধ চন্দ্র সিংহ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এনকেফেলাইটিস রোগের পশ্চিমবঙ্গে সরকারী হিসাব অনুযায়ী এই পর্য্যন্ত ৫২৬ জন লোকের মৃত্যু হয়েছে। বেসরকারী মতে এই সংখ্যা আরও বেশী প্রায় সহস্রাধিক। প্রায় সমস্ত জেলায় এই রোগ ছড়িয়ে পড়েছে। এবং সংক্রামণ বেড়েই চলেছে। দীর্ঘ ২০ বছর যাবত এই রোগ পশ্চিমবঙ্গে বিভীষিকা সৃষ্টি করলেই, একে নিয়ন্ত্রণের জন্য সরকারী ব্যবস্থা অপ্রতুল। তাছাড়া এই রোগে আক্রান্ত হলে, তার চিকিৎসার প্রয়োজনীয় ঔষধপত্রও পাওয়া যায় না। একরকম বিনা চিকিৎসায় রোগীকে প্রাণ দিতে হয়! এই রোগের বীজাণু বাড়ির মশার প্রাদুর্ভাব সমস্ত পশ্চিমবঙ্গে ব্যাপকভাবে বেড়েই চলেছে। অর্থচ এই মশককুল ধ্বংস করার সরকারী ব্যবস্থা এক রকম নাই বললেই চলে। এনকেফেলাইটিজ রোগ আজ তাই পশ্চিমবঙ্গের জনগণের কাছে এক আতঙ্ক সৃষ্টি করেছে। সমস্যাটি জনস্বার্থে অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। অদ্যকার সভার কাজ দু ঘণ্টার জন্য মুলতুবী রেখে আলোচনার সুযোগ দেওয়া হোক।

**শ্রীদেবীপ্রসাদ বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলছি, ডাক্তারের মত হচ্ছে যে মশা শুয়োরকে কামড়ায় সেই মশাই যদি আবার মানুষকে কামড়ায় তাহলে এনকেফেলাইটিজ রোগ হয়। পরিসংখ্যানে দেখা গেছে এইভাবেই চারিদিকে এই রোগ ছড়িয়ে পড়ছে। চিকমাগালুরের নির্বাচনের পর থেকে দেশে শুয়োরের সংখ্যা অনেক পরিমাণে বেড়ে যাওয়ার ফলে এই রোগের প্রাদুর্ভাব দেখা দিয়েছে।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** আপনি রুলিং দিয়েছেন উন্মাদকে উন্মাদ বলা চলবে না, তাই আমরা কিছু বলতে পারলাম না।

### Calling attention to matters of urgent public importance

**মিঃ স্পীকার ঃ** আমি নিম্নলিখিত বিষয়ের উপর দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি, যথা ঃ—

১। শহর ও গ্রামবাংলায় কাঁচা ও পোড়া কয়লার সংকট—শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস।

২। মেখলিগঞ্জ মহকুমায় "তিলবিল" নামে পরিচিত ভূখণ্ড বাংলাদেশের নিকট হস্তান্তরের প্রস্তাবে জনসাধারণের মধ্যে ক্ষোভ—শ্রীদীপক সেনগুপ্ত এবং শ্রীসদাকান্ত রায়।

৩। "এনকেফেলাইটিস" রোগে মৃত্যু রোধে সরকারের ব্যর্থতা—শ্রীধীরেন্দ্র নাথ সরকার।

Arrest of R. S. P. workers in Basanti P. S. on 19.11.78 from Shri Sandip Das.

আমি শহর ও গ্রামবাংলার কাঁচা ও পোড়া কয়লার সঙ্কট সম্বন্ধে শ্রীজয়ন্ত কুমার বিশ্বাসের প্রস্তাবটি আলোচনার জন্য গ্রহণ করছি।

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য :** মিঃ বিশ্বাস কি বলতে চেয়েছেন—হার্ডকোক না স্টীম কোক? Whether it is for the domestic use or for industrial use.

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস :** ফর বোথ।

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য :** ডোমেসটিক ইউসটা ফুড ডিপার্টমেন্টর আর ইনডাসট্রিয়াল ইউসের জন্য স্টীম কোক এবং হার্ড কোক এটা আমার দপ্তরের। If you want a reply in connection with steam coke and hard coke then you will get it tomorrow.

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস :** ডোমেসটিক পার্পাসের মূল উদ্দেশ্য।

**মিঃ স্পীকার :** আমি ডিপার্টমেন্টে পাঠিয়ে দোব, তাঁরা জানাবেন কবে দেবেন।

## MENTION CASES

**শ্রীসরল দেব :** মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর ও শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, পূর্বে কলকাতার কাদাপাড়ায় ক্যালকাটা জুট ম্যানুফ্যাকচারিং কোম্পানীর পোদ্দার গোষ্ঠী দ্বারা পরিচালিত, ১৯৫০ সাল থেকে গুণ্ডাবাহিনীর ফলে এখানে কোন ইউনিয়ন করা সম্ভব হয়নি, সম্প্রতি টি. ইউ. সি. সি. সেখানে একটা ইউনিয়ন করেছে। কোম্পানী রবিবার ওয়ার্কিং ডে বলে ঘোষণা করায় শ্রমিকরা ডবল পয়সা চায়। কিন্তু মালিক তাতে রাজী না হওয়ায় শ্রমিকরা রবিবার কাজ না করে গেটে মিটিং যখন করছিল ঠিক সেই সময় কারখানার ভিতর ও বাইরে থেকে পুলিন গোয়ালা ও রামপ্রবেশ গোয়ালার নেতৃত্বে তাদের লাঠি ও ছোরা নিয়ে আক্রমণ হয়, এর ফলে ইউনিয়নের সেক্রেটারী কমরেড শহীদ নিহত হন এবং বাণী মিত্র ও সমীর রায় আহত হন। ৫০ গজ দূরে পুলিশ দাঁড়িয়েছিল, পুলিশ কারখানার ভেতর থেকে রক্তমাখা গেঞ্জি ও ছুরি পায়। পোদ্দার গোষ্ঠীর চক্রান্তেই এই রকম হোল। আজ পর্য্যন্ত কাউকেই গ্রেপ্তার করা হয়নি সেইজন্য দাবী করছি অবিলম্বে পোদ্দার গোষ্ঠীর মালিকদের গ্রেপ্তার করা হোক এবং এদের সম্পত্তি এ্যাচাটমেন্ট করা হোক।

[1-40—1-50 P.M.]

**শ্রীদীপক সেনগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সম্প্রতি বন্যায় দেশের কৃষক সমাজের ক্ষতি হয়েছে বেশী। আমরা দাবী করছি এই অবস্থার পরিপ্রেক্ষিতে অবিলম্বে পশ্চিমবাংলায় শস্যবীমা প্রকল্প চালু করা প্রয়োজন। সরকারকে এ বিষয়ে অবিলম্বে অগ্রসর হওয়ার জন্য অনুরোধ করছি।

**ডাঃ গোলাম ইয়াজদানী ঃ** স্যার, আপনার মাধ্যমে ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকা মালদা বন্যা না হলেও বর্ষার শেষ দিনে সেখানে প্রবল ঘুর্ণিঝড় হওয়ার ফলে ৬ খানা গ্রামের মধ্যে ৩ খানা গ্রাম ক্ষতিগ্রস্ত হয়েছে খুব বেশী এবং প্রায় ৭০ খানা ঘর পড়ে গেছে এবং ৫০ খানা ঘর আংশিকভাবে পড়ে গেছে। এখানকার ত্রাণ ব্যবস্থার সম্বন্ধে বলা হোল যে বন্যার জন্য এখন ত্রাণব্যবস্থা হবে না কিন্তু পরে দেখা গেল কিছু গম ও তারপলিন সেখানে দেওয়া হল। যাদের সম্পূর্ণ ঘর পড়ে গেল তাদের ঘর তোলার জন্য ১২০ টাকা এবং যাদের আংশিকভাবে পড়ে গিয়েছিল তাদের জন্য ৪০ টাকা বরাদ্দ করা হোল। আজকাল বাঁশের দাম এত বেশী যে ১২০ টাকায় কিছুই হয় না। একটা খড়ের ঘর তৈরী করতে গেলে ৬০০ টাকা লাগে। সেইজন্য অনুরোধ করছি যাদের সম্পূর্ণ ঘর পড়ে গেছে তাদের ৪০০ টাকা এবং যাদের আংশিক পড়ে গেছে তাদের ২০০ টাকা করে দেওয়া হোক।

**শ্রীমহাদেব মুখার্জী ঃ** স্যার আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী ও শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে পুরুলিয়া ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশন ১৯৭৩ সালে কংগ্রেস সরকার অধিগ্রহণ করেন, কিন্তু এখানকার কর্মচারীদের বকেয়া বেতন ও ভাতা যা ছিল সেগুলি আজও পেমেন্ট করা হয়নি ৪ লক্ষ টাকা এখন পর্য্যন্ত বাকী পড়ে আছে যেটা তাদের দেওয়া উচিত ছিল। তারা এ নিয়ে আন্দোলন করেছিল কিন্তু বিগত সরকার তাতে কর্ণপাত করেননি। তাই আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী তথা শ্রমমন্ত্রীকে অনুরোধ করব এই টাকা যাতে তারা অবিলম্বে পায় তার ব্যবস্থা করা হোক। কর্মচারীদের কোম্পানী আমলের কার্য্যকাল ধরা হচ্ছে না, ২।৩ বছরের মধ্যে অনেকে অবসর গ্রহণ করবেন। তারা কিন্তু কোন সুযোগ সুবিধা পাবেন না। এই জন্য অনুরোধ করব তারা যাতে বকেয়া বেতন পায় এবং তাদের সার্ভিস পিরিয়ডটা যেন কাউন্ট করা হয়।

**শ্রীমলিন ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাইছি সেটা হচ্ছে এই যে, বিভিন্ন

চালকলের মালিকরা যারা বছরের পর বছর কংগ্রেসীদের সেবা করে এসেছে এবং যারা বে-আইনীভাবে চালকদের অনুমতি নিয়েছিল এবং যাদেরকে সুপ্রীম কোর্ট এবং হাইকোর্ট ভাকেটের নির্দেশ দিয়েছিল তারা কিন্তু এখনও হাসকিং মিল চালাচ্ছে। তারা পুলিশদের একটা ব্যবস্থা করে দিয়েছে এবং তাদেরই আনুকূল্যে এই চালকদের মালিকরা করে খাচ্ছে। সেইজন্য আমি অনুরোধ করবো ডিপার্টমেণ্ট কনর্সাণ্ডকে, যেন অবিলম্বে এই ব্যাপারে হস্তক্ষেপ করেন এবং যারা বে-আইনী হাসকিং মিলগুলি চালাচ্ছে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য।

**ডঃ হরমোহন সিন্‌হা:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কয়েকদিন ধরে এই বিধানসভায় ত্রাণের ব্যাপার নিয়ে অনেক দলবাজির কথা শুনেছি, বিশেষ করে আমাদের এখানে বিরোধীদলের অন্যতম নেতা শ্রীহরিপদ ভারতী মহাশয় বলেছেন। আমি তার কথায় সব ব্যাপারে একমত না হলেও দলবাজির দু-একটি কথায় একমত জ্ঞাপন করছি এবং আমি মনে করি এ সম্বন্ধে বিশেষ গুরুত্ব দেওয়া উচিত। বর্ধমান জেলায় আমি দেখেছি, আর কিছু হোক আর নাই হোক, সরকারী পয়সায় বস্ত্র বিতরণের জন্য দেওয়া হয়েছিল। সেই মাননীয় ভোলানাথ সেন মহাশয় সারা বর্ধমানের একটি মাত্র জায়গায় ভাতার কেন্দ্রকে সম্বর্ধনা জানাবার জন্য নিজের ছবি লাগিয়ে কাপড় বিলি করেছেন ব্যক্তিগত স্বার্থে। এই ব্যাপারটি একটু দেখবেন।

( গণ্ডগোল )

**শ্রীসুনীতি চট্টরাজ:** স্যার, রিলিফের কাপড় এই কাপড় নয়, ভোলানাথ সেন মহাশয় পারসোন্যালি কিনে এই কাপড় বিতরণ করেছেন। গভর্ণমেণ্টের এতো ক্ষমতা নেই যে এত দামী কাপড় দেয়।

( গণ্ডগোল )

**মিঃ স্পীকার:** প্রত্যেকদিনই কেউ না কেউ আমাকে কাপড় দিচ্ছেন, অমুক জায়গায় খুন হয়েছে, অমুক জায়গায় মেরে জামা ছিড়ে দিয়েছে, আমি গভর্ণমেণ্টের কাছে দিয়ে দেবো। ভোলাবাবুর পারশোন্যাল এক্সপ্ল্যানেশন যদি থাকে তিনি দেবেন। এই নিয়ে হৈ চৈ করার কিছু নেই।

[ 1-50—2-00 P.M. ]

**মিঃ স্পীকার:** এটা তো বলিনি যে এ্যাক্‌সেপ্টটেড হয়ে যাচ্ছে হাউসে, তা তো নয়।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ভোলানাথ সেন হাউসে নেই। আপনি একটা রুলিং দিয়েছিলেন যে সভ্য হাউসে উপস্থিত থাকবেন না, আমি যখন প্রমোদ দাসগুপ্ত সম্বন্ধে কিছু বলেছিলাম তখন আপনি রুলিং দিয়েছিলেন, তাঁর সম্বন্ধে কিছু বলা যাবে না। কিন্তু আজকে আমি দেখলাম যিনি সভায় উপস্থিত নেই তাঁর ছবি অত্যন্ত হীনভাবে জঘন্যভাবে একটা কাপড়ে মেরে এখানে আনা হয়েছে। এই যে জঘন্য প্রচেষ্টা এটা সস্তায় কিস্তি মাৎ চিপ স্টাণ্ট ছাড়া আর কিছু নয়।

**শ্রীশচীন সেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা অত্যন্ত জরুরী বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের বালিগঞ্জ কনষ্টিটিউয়েন্সির কসবা অঞ্চলে প্রায় ১০০ পরিবারকে অত্যন্ত অস্বস্তির সঙ্গে বাস করতে হচ্ছে। তার কারণ রাসবিহারী কানেক্টর বলে এক রাস্তা কসবা ওভারব্রীজ থেকে ইষ্টার্ণ বাই পাস পর্যন্ত যাবে। সেই বড় রাস্তা সি. আই. টি. তৈরী করবে এবং রাস্তা তৈরী করার জন্য জমি দরকার ২০ একরের মত কিন্তু সি. আই. টি. সেখানে দেখলাম এ্যাকয়ার করছে ৮০ একরের মত জমি। এতে সাধারণ মানুষ ভীত সন্ত্রস্ত হয়েছে। ৮০০ পরিবার নোটিশ পেয়েছে। এই পরিকল্পনা আগের কংগ্রেস আমলে ছিল। আমি আশা করব আমাদের জনপ্রিয় সরকার এই দিকে দৃষ্টি রাখবেন যাতে গরীব মানুষদের উচ্ছেদ না করা হয় এবং এই রাস্তা তৈরী করতে গিয়ে যেটুকু জমি দরকার তাই যেন নেওয়া হয়। যাদের বাড়ী-ঘর ভেঙ্গে দেওয়া হবে তাদের যাতে প্রপার রিহ্যাবিলিটেশন হয় সেই ব্যবস্থা করার জন্য আমি আপনার মাধ্যমে সরকারের কাছে আবেদন করছি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বামফ্রন্ট সরকার কায়েম হবার পর সর্বত্র আইন-শৃঙ্খলার যে গুরুতর অবনতি ঘটেছে তার উদাহরণ দিচ্ছি। আইন-শৃঙ্খলার অবনতির ফলে এদিকের জনপ্রতিনিধিরা ও রাজনৈতিক দলের কর্মীরা রেহাই পাননি। এই হাউসের প্রাক্তন এম. এল. এ. শ্রীরবীন বেরার উপর অত্যাচারের ঘটনা তার নিদর্শন। শ্রীরবীন বেরা এবং তাঁর ভাই ভোলানাথ বেরার জমির পরিমাণ একুনে ২৪/২৫ বিঘার বেশী নয়। এঁদের গেলবারে ফাল্গুন মাস পর্যন্ত ধান কাটতে দেওয়া হয়নি। এবারে জমিতে আবাদ করতে দেওয়া হয়নি। এস. ডি. ও. এবং পুলিশের সামনে রবীন বেরার সঙ্গে আরো ১১ জনকে মেরে ফ্ল্যাট করে মেদিনীপুর হাসপাতালে বয়ে নিয়ে যাওয়া হল। এঁদের শুভানুধ্যায়ীরা ৯/১০ বিঘা জমি এবারে আবাদ করেছিলেন।

এই জমির ধান কাটতে যেতে দিচ্ছে না সি. পি. এম.-র নেতৃত্বে সেখানকার সাপোর্টাররা। তিনি একাধিকবার অ্যাপিল করেছেন মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে এবং তাঁর চিঠির স্বীকৃতিও আছে। ভারত সরকারের মাননীয় রাষ্ট্রমন্ত্রী শিল্প দপ্তরের শ্রীমতী আভা মাইতি মুখ্যমন্ত্রীর কাছে এঁদের উপর অত্যাচারের কাহিনী সমন্বিত বর্ণনা দিয়ে একটা চিঠি লিখেছেন। কালকে তিনি এসেছিলেন আমাদের সহকর্মী ছিলেন বলে, বললেন আমি কোথাও কোন প্রতিকার পাচ্ছি না, এই অত্যাচারে একটা বিহিত করুন। আমি তাই আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী, মন্ত্রী সভার দৃষ্টি আকর্ষণ করছি এই জাতীয় অত্যাচার বন্ধ যেন হয়। স্যার, এই কাগজটি আমি আপনার কাছে দিলাম, আপনি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে দেবেন।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সি. পি. এম. গুণ্ডাদের একটা করুণ কাহিনী এবং নিষ্ঠুর অত্যাচার আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীকে জানাচ্ছি দু'জন লোককে গত ২০-১১-৭৮ তারিখে জমি থেকে ধরে নিয়ে গিয়ে রৌদ্রের মধ্যে সারাদিন গাছে দড়ি দিয়ে বেঁধে রেখেছিল সি. পি. এম.-এর কর্মীরা। তারপর তারা তাদের রায়দীঘিতে পার্টি অফিসে ধরে নিয়ে যায়। সেখানে নিয়ে গিয়ে তাদের প্রহার করা হয় এবং ৩ জনকে গুরুতরভাবে জখম করা হয়। শুধু তাই নয়, তারপর তাদের প্রত্যেককে ৫০০ টাকা করে জরিমানা করা হয় এবং সেখানে রাত্র দুটো পর্যন্ত তাদের আটক করে রাখা হয়. আমি সংবাদ পেয়েছি তারপর পুলিশ গিয়ে তাদের উদ্ধার করে। তারা আমার কাছে এসেছে এবং এখন বিধানসভার বাইরে বসে আছে তারা জানাতে এসেছে তাদের এইসব কথা মুখ্যমন্ত্রীর কাছে। আমি দেখেছি তাদের প্রত্যেকের গায়ে জখম. সি. পি. এম. নিজেরা বিচার করবে এবং পার্টি অফিসে নিয়ে গিয়ে জরিমানা করবে এসব দেখছি। এই নগ্ন ইতিহাস এর আগেও হয়েছিল এবং এবারে আবর নূতন করে হচ্ছে। আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীকে জানাচ্ছি পার্টির দ্বারা বিচার, পার্টির দ্বারা জরিমানা এগুলি অবিলম্বে করুন আইন-শৃঙ্খলা আইনের হাতে দিন, বিচার বিভাগের হাতে দিন। আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীকে জানাচ্ছি পার্টি দিয়ে বিচার করাবেন না।

**শ্রীহরিপদ জানা ( ভগবানপুর ) ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি অনুরূপ ঘটনা আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীকে জানাতে চাই। মেদিনীপুর জেলার সবং ব্লকের বি. ডি. ও.-কে সি. পি. এম.-এর কর্মীরা প্রচণ্ডভাবে প্রহার করেছে এবং তার ফলে তাকে হাসপাতালে ভর্তি করতে হয়েছে। তিনি যে ডায়রি

করেছেন তার কপি আমি আপনাদের জানাচ্ছি। হামলার পর বি. ডি. ও. রাসবিহারীবাবু যে ডায়রী করেন তাতে তিনি অভিযোগ করেন সি. পি. এম. কোন সময়ই তাঁকে সরকারী আইন অনুযায়ী রিলিফ বন্টন করতে দিচ্ছিলেন না। ব্লকে কোথায় কোথায় নূতন টিউবওয়েলগুলো বসান হবে এ সম্পর্কে স্থানীয় এম. এল. এ. বিপ্লবী বাংলা কংগ্রেসের গৌরাঙ্গ সামন্তের সভাপতিত্বে ব্লক ডেভেলপমেন্ট কমিটি তাঁকে একটি তালিকা তৈরী করে দেন। ঘটনার দিন ব্লক ডেভেলপমেন্ট কমিটির মিটিংয়ে সি. পি. এম. সমর্থকদের দাবী পুনর্বিবেচনা করা হচ্ছিল এমন সময় এক সশস্ত্র জনতা জোর করে অফিসে ঢুকে প্রথমে তাঁকে বিবস্ত্র করে, শেষে তাঁর নিম্নাঙ্গে লাথি মারে। ঘটনার বিবরণ দিতে গিয়ে সদর দক্ষিণ মহকুমা শাসক নিজেই বিব্রত বোধ করেন। বি. ডি. ও.-র পিয়ন বি. ডি. ও.-কে বাঁচাতে গেলে তাঁকেও মাটিতে ফেলে গলা টিপে ধরা হয়। একজন গ্রামসেবিকা বি. ডি. ও.-র সাহায্যে এলে তাঁকেও বিবস্ত্র করা হয়। এম. এল. এ. গৌরাঙ্গবাবুর উপরও আক্রমণ সুরু হয়। তখন গৌরাঙ্গবাবুর সমর্থকরা তাঁকে আড়াল করে পাশের একটা ঘরে নিয়ে গিয়ে বাইরে থেকে তালাচাবি লাগিয়ে দেয়। ব্লক পঞ্চায়েত অফিসার রামকিঙ্কর ভট্টাচার্য, বিপ্লবী বাংলা কংগ্রেস ব্লক ডেভেলপমেন্ট কমিটির প্রতিনিধি প্রজাপতি বর্মন এবং এর অফিসের হেড ক্লার্কসহ আরও ১০ জন আহত হয়। স্যার, এইভাবে ডায়রী করা হয়েছে, কিন্তু এখনও পর্য্যন্ত কোন বিধি ব্যবস্থা করা হয়নি। এই ঘটনা দেখে আমার মনে হচ্ছে এই বামফ্রন্ট সরকার সমগ্র পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলা এইভাবে অবনতির দিকে নিয়ে যাচ্ছে। আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি তিনি যেন এই বিষয়ে সর্বস্তরের বিধি ব্যবস্থা গ্রহণ করেন এবং দোষী ব্যক্তিদের শাস্তি দেন।

**শ্রী মহম্মদ সোরাব** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, বামফ্রন্ট সরকারের রাজত্বকালে আইন-শৃঙ্খলার অবনতির ঘটনা যা বলা হচ্ছে তার সঙ্গে আমি আর একটি ঘটনা জুড়ে দিতে চাই। রঘুনাথগঞ্জ থানার নাওদা গ্রামে বাসেদ শেক নামক একজন গরীব লোক আছে এবং তিনি হচ্ছেন আগলদাড়। সি. পি. এম.-এর তরফ থেকেই সে আগলদাড় নিযুক্ত হয়েছে। কিন্তু এঁদের বিভিন্ন শরিকদলের ঝগড়ার ফলে সেই আগলদাড়কে কিরকম নৃশংসভাবে হত্যা করা হল গত ৩১শে অক্টোবর তার নজির আমি দিচ্ছি। নওদার এই বাসেদ শেক কয়েকজন লোক নিয়ে রঘুনাথগঞ্জ থেকে টাইগার নামে একটি বাস-এ উঠে বাড়ী যাচ্ছিল। কিন্তু নওদার কাছে কিছু আর. এস. পি.-র লোক এবং তার মধ্যে একজনের নাম হচ্ছে মহিবুল্লা তিনি

বাসেদ শেককে বাস থেকে জোর করে নামিয়ে নিয়ে যায় এবং তারপর তাকে নৃশংসভাবে হত্যা করে। স্যার, একজন মাননীয় সদস্য ওখান থেকে বলছেন এরা সি. পি. এম.-এর লোক। আসল ব্যাপার হচ্ছে এদের নিজেদের শরিকদলের ঝগড়ার ফলে এই ঘটনা ঘটেছে। যা হোক, আশ্চর্যের বিষয় এইভাবে বাস থেকে জোর করে নামিয়ে নিয়ে একটা লোককে হত্যা করা হল কিন্তু তার জন্য আজ পর্যন্ত কাউকে গ্রেপ্তার করা হল না। দেশে আইন-শৃঙ্খলার কি অবনতি হয়েছে সেটা আমি আপনার মাধ্যমে জানালাম। আমার অনুরোধ হচ্ছে এই যে নৃশংস খুনে যারা আততায়ী তাদের যেন গ্রেপ্তার করা হয়।

[2-00—2-10 P.M.]

**শ্রীঅহীন্দ্র সরকারঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং ভূমি-রাজস্ব মন্ত্রী মহাশয়-এর কাছে একটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাই। গত ৮ই নভেম্বর আমি কলকাতা থেকে ফিরে গঙ্গারামপুর বাস স্ট্যাণ্ড থেকে নেমে গাড়ীতে যখন যাই সেই সময় দেখি একটা বিরাট মিছিল নিয়ে ইন্দিরা কংগ্রেস জিতেছে বলে কতকগুলি গুণ্ডা ছেলে আনন্দ করতে চলেছে। তাদের সঙ্গে কিছু লোক ছিল যারা জয়নাল সাহেবের সহকর্মী। হঠাৎ তারা আমাকে ঘেরাও করে ধরলো এবং চারিদিক থেকে শালা বদমাস তোকে মেরে ফেলবো এইভাবে আক্রমণ করার চেষ্টা করলো। আমি যখন তাদের বললাম তোমাদের গায়ে কত শক্তি আছে আমি দেখছি তখন তারা দূর থেকে আমার সমস্ত দেহে লাল রঙে মাখিয়ে দিল। সেই অবস্থায় তারা তখন আমাকে মারবার চেষ্টা করতে চাইলো, আমি বাঁধা দিলে তারা তখন পালিয়ে গেল। তাদের নেতা ছিল সেটেলমেন্ট ডিপার্টমেন্টের একজন কর্মচারী। সেই এই গুণ্ডাবাহিনীদের নেতা। তারপরে যখন আমি থানায় গিয়ে এজাহার করি তাদের মাত্র দু জনকে অ্যারেষ্ট করা হয়েছে, আর বাকি কাউকে অ্যারেষ্ট করা হয়নি। আমি জানি পুলিশ প্রত্যক্ষভাবে তাদের সাহায্য করছে। এই বিষয়ে আমি সভার দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীসুনীতি চট্টরাজঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি বামফ্রন্ট সরকারের দলবাজীর চশমাটা খুলে দিয়ে নিরপেক্ষ নামাবলি পরবার জন্য অনুরোধ করছি। স্যার, কতকগুলি ঘটনা ঘটছে—ওরা পুরানো বর্গাদার সৃষ্টি করে রেকর্ডের বর্গাদার যারা তাদের সঙ্গে মাঠে ঝামেলা লাগিয়ে দিচ্ছে। এতে

ক্ষতিগ্রস্ত হচ্ছে মধ্যবিত্ত গরীব চাষী, তাদের খামারে ধান যাচ্ছে না, ধানটা মাঠেই ভাগ হয়ে যাচ্ছে। ঐ গরীব পুরানো বর্গাদারদের সঙ্গে আগমার্কা বর্গাদারদের ঝগড়া লাগছে, সেখানে ক্ষতিগ্রস্ত হচ্ছে মধ্যবিত্ত চাষী। স্যার, আপনার মাধ্যমে অনুরোধ করছি এই গরীব মধ্যবিত্ত চাষী, যাদের সারা বছরের রোজগার ছেলেপুলে পড়াশুনার টাকা, মেয়ের বিয়ের টাকা এই জমি থেকেই উৎপন্ন হয়। তাদের কালো টাকা নেই, তাদের টাটা, বিড়লার মত লোক নেই সাহায্য করবার, সায়রাবানু, রেখা নেই তাদের ডোনেশান দেবার জন্য। এদের এই রোজগারেই চলে। আপনার মাধ্যমে অনুরোধ করছি ফসল কাটার সময়ে এই গরীব চাষীদের খামারে যেন ধান ওঠে। এবং ধান কাটার সময়ে যেন কোন গণ্ডগোল না হয় এবং প্রশাসন ও পুলিশ যেন বর্গাদারদের সাহায্য করে তা না হলে এরা সব মরে যাবে।

**শ্রীনীরদ রায় চৌধুরী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। সেটা হচ্ছে আমডাঙা থানার কামদেবপুরে উমা কোল্ড স্টোরেজ আছে, সেখানে হাজার হাজার মণ আলু পচছে, মালিকানা ব্যক্তিগত। মালিকের অপরাধ এবং গাফিলতির জন্য কৃষকদের এই দুর্গতি হচ্ছে, এই আলু দিয়ে অন্ততঃ পক্ষে আটটি বি. ডি. ও. অফিসের অন্তর্গত জমিতে চাষ হবে কিন্তু এই পরিস্থিতিতে চাষ হবে না, আলু চাষ বন্ধ হয়ে যাচ্ছে। এ সম্পর্কে আমি বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাইছি যে অবিলম্বে ব্যবস্থা না নিলে বিরাট ক্ষতি হয়ে যাবে।

**শ্রীনবকুমার রায় ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে, মুখ্যমন্ত্রী নাই, তাঁর মন্ত্রীসভার সদস্যদের একটি গুরুত্বপূর্ণ বিষয় সম্বন্ধে অবহিত করতে চাই। আজকের ক্যালকাটা ডেইলি গার্জি পত্রিকায় খবর বেরিয়েছে, আমি স্যার, পত্রিকা পড়ছি না, সাবস্টেন্স হল খবরের······

* * * *

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আপনার কাছে আমার একটা পয়েন্ট অব অর্ডার আছে। মাননীয় সদস্য নবকুমার রায় এক্ষুনি একটা ঘটনার কথা এখানে উল্লেখ করলেন এবং তার সঙ্গে জড়িত করলেন আমাদের বিধানসভার ডেপুটি স্পীকার মহাশয়কে।

Note : *Expunged by the order of the chair.

**শ্রীনবকুমার রায়ঃ** আমি তো ডেপুটি স্পীকার বলিনি ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্যঃ** আমি জানতে চাইছি তিনি ডেপুটি স্পীকার কিনা, আপনি বলুন, আমাকে বলতে দিন, আমাদের বিধানসভার মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়ের নামে গুটিকতক তথ্য দিয়ে বললেন। এটা তিনি বলতে পারেন কিনা, সেগুলি সত্য কিনা। স্পীকার এবং ডেপুটি স্পীকারের বিরুদ্ধে কোন কিছু রাখতে হলে, তা অনাস্থা প্রস্তাবের মাধ্যম ছাড়া রাখা যায় কিনা যদি না রাখা যায়, তাহলে তাঁর শ্রীনবকুমার রায় বিরুদ্ধে বিধানসভার তরফ থেকে কি শাস্তি বিধান করা উচিত, সে সম্পর্কে আমি জানতে চাই।

[2-10—2-20 P.M.]

**ডাঃ জয়নাল আবেদিনঃ** মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় বাণিজ্যমন্ত্রী যে বক্তব্য রাখলেন এই বিষয়ে আমার বক্তব্য আছে। মাননীয় ডেপুটি স্পীকার যখন চেয়ারে নেই এবং স্পীকার মহাশয় যখন সভা পরিচালনা করেন আপনি জানেন তিনি সাধারণ সদস্যর মতো পার্টির মেম্বার হিসাবে ভোট দেন বা আলোচনায় অংশ গ্রহণ করতে পারেন। সুতরাং He is not immune from any observation by any honourable member. আমার এই বক্তব্য আপনার কাছে।

**শ্রীদিলীপকুমার মজুমদারঃ** স্যার, ডেপুটি স্পীকার সম্বন্ধে এঁরা এখানে যে অভিযোগ এনেছেন এই ধরণের অভিযোগ এইভাবে আনা যায় কিনা—এই সম্পর্কে সমস্ত বিষয়টা প্রিভিলেজ কমিটিতে পাঠানো হক। কারণ আমার মতে এটা একটা নজিরবিহীন ঘটনা। ডেপুটি স্পীকারের বিরুদ্ধে অভিযোগ আনা যায় না। সমস্ত বিষয়টা আপনি প্রিভিলেজ কমিটিতে পাঠান। তারা পরীক্ষা করে তদন্ত করে এখানে রিপোর্ট দিন।

**শ্রীদীনেশ মজুমদারঃ** স্যার, সব সময় জয়নাল সাহেব রুল কোট করেন, কিন্তু এক্ষেত্রে তা করলেন না। (ডাঃ জয়নাল আবেদিনঃ—কনভেনসান।) আমি আপনাকে অনুরোধ করছি কানাইবাবু যে বিষয়ে বক্তব্য রাখলেন সেই বিষয়ে আপনি রুলিং দিন।

**মিঃ স্পীকারঃ** আমি তো বলছি সে সম্পর্কে আমি রুলিং দেবো। আমাকে তো বিবেচনা করে দিতে হবে। এখনই দিতে পারছি না। এখন হাউসের প্রসিডিংস চলছে।

**শ্রীবনমালী দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর একটা বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে চাই। গত ২৭শে সেপ্টেম্বর যে বিধ্বংসী বন্যা হয়ে গিয়েছে তাতে আহমদপুর কাটোয়া যে ন্যারো-গেজ লাইন ছিল সেটা বিভিন্ন জায়গায় ধ্বংস হয়ে গিয়েছে এবং বিভিন্ন সেতু ধ্বংস হয়ে গিয়েছে এবং যার ফলে এটা সম্পুর্ণ বিপর্যস্ত হয়ে গিয়েছে। আমি দেখছি লাভপুরে কোপাই নদীর উপর যে ব্রীজ সেটা ধ্বংস হয়ে গিয়েছে। এটা একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ লাইন এবং বহু যাত্রী যাতায়াত করে। এই লাইনটি মেরামতের ব্যবস্থা এখনও পর্য্যন্ত দেখতে পাচ্ছি না। যাতে এই গুরুত্বপূর্ণ লাইন এবং ব্রীজ মেরামত করা হয় এবং চালু করা হয় তার ব্যবস্থা করার জন্য দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীহরিপদ জানা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই যে দেশে সর্বনাশী বন্যা হয়ে গেলো বা অতি বৃষ্টির ফলে অনেক জায়গায় যে ফসল নষ্ট হয়ে গিয়েছে এবং যেখানে যেখানে কিছু ফসল আছে সেখানে সব জায়গায় কিছু সমাজ বিরোধী সি. পি. এম. নামধারী ব্যক্তি জোরপূর্বক ধান কাটতে আরম্ভ করেছে। আমি তার দু একটা নজীর আপনার সামনে তুলে ধরছি। এই থানার অন্তর্গত পাঁচ নং অঞ্চল মালিগ্রামে ভূষণ চন্দ্র খামরুই, পাঁচথিবি মৌজার মুসলিম সমিতির রায়ত জমিতে, নারানগড় থানার দু নং অঞ্চলে বীরবীরা মৌজার বীরেন মহাপাত্র তিন নং অঞ্চলের মালিগেড়িয়া মৌজায় হরিপদ হাজরা রায়ত জমিতে চাষ আবাদ করতে দেয় নাই এবং যেটুকু নিজেরা শারীরিক পরিশ্রমের দ্বারা করেছে তাহাও কেটে নেবার জন্য ভীতি প্রদর্শন করছে। এই বিষয়ে যাতে শান্তি-শৃঙ্খলা বজায় থাকে তার জন্য আমি এ বিষয়ে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীবিজয় বাউরি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ের প্রতি উল্লেখ করতে চাই যদিও এই সভায় কিছুক্ষণ আগে এ বিষয় নিয়ে আলোচনা হয়ে গেছে। বিষয়টি হচ্ছে এনকেফেলাইটিজ রোগ সম্পর্কে। কারণ আজকে পত্রিকায় দেখলাম স্বাস্থ্য দপ্তরের ডিরেক্টার ডাঃ মনি ছেত্রী সংবাদপত্রে প্রকাশ করেছেন যে পশ্চিমবাংলায় গত ২০-১১-৭৮ তারিখ পর্যন্ত ৫৬২ জন লোক এনকেফেলাইটিস্ রোগে মারা গেছে। এটা একটা উদ্বেগজনক অবস্থা। শুনছি না এই সম্পর্কে কমিশনও হয়েছে। কিন্তু এই রোগের মশক কুল এর জন্ম যে সব পুষ্করিণীতে হয়, শুনা যাচ্ছে না সেইসব পুষ্করিণী থেকে কচুরিপানা পরিষ্কার করার কথা মন্ত্রীরা বললেই পরিষ্কার করা যাচ্ছে না। কারণ নাকি পৌরসভাগুলি থেকে লরী পাওয়া যাচ্ছে না। ফলে মাননীয় মন্ত্রীদের বিবৃতি এবং কাজের মধ্যে মিল পাওয়া

যাচ্ছে না, শুধু তাই নয় ষ্টেটসম্যান পত্রিকায় দেখলাম যে এই রোগে নাকি কলকাতা মহানগরীও আক্রান্ত হতে পারে। এক কথায় আজকে এই পরিস্থিতিতে সারা পশ্চিমবাংলায় তথা পুরুলিয়া, বাঁকুড়া কলকাতা মেদিনীপুর বীরভূমের মানুষ এই রোগে আক্রান্ত হচ্ছে এবং এই জন্য আমি এই বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীবঙ্কিম বিহারী মাইতি**ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমরা দেখছি গত দু বছর যাবত বেদিনীপুরে জয়েন্ট ডিরেক্টারের পোষ্ট খালি পড়ে আছে। এবং গত বন্যার সময়ও এই পদ খালি পড়েছিল এবং তার জন্য সরকারী কাজের ক্ষতি হয়েছে। এবং এখানে সেখানে কেউ যায়নি। তাই আমি দাবী করছি অবিলম্বে এই জয়েন্ট ডিরেক্টারের পদ পূর্ণ করা হোক এবং কৃষির উন্নয়ন করা হোক।

**ডাঃ জয়নাল আবেদিন**ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে আমার অনুরোধ এই হাউসের মেম্বাররা কিছু আইনের অনুশাসন নিশ্চয় ফলো করবেন কিছু রুল অবজার্ভ করেন। আপনি এখানে রুল ৩২৫ অনুচ্ছেদের সাবসেকসান টু দেখুন তাহলে বুঝবেন সেখানে লেখা আছে while a member is speaking তখন আর একজন মেম্বার যদি তাকে থামিয়ে দেবার চেষ্টা করেন তাহলে তেমন প্রচেষ্টা নিয়মবহির্ভূত। আবার আপনি রুল ৩২৮ দেখুন সেখানে বলা আছে a member shall not সেখানে গাইড লাইন দেওয়া আছে। শাসকপক্ষের মেম্বার যারা এবং মন্ত্রীসভার আসন অলঙ্কৃত করেন যারা তাঁদের কাছে সহিষ্ণুতা আশা করে থাকি। আপনার মনে আছে গতকাল ফুড সিচুয়েসন সম্পর্কে আলোচনা করার সুযোগ আপনি আমাদের দিয়েছিলেন এবং শ্রীকিরণময় নন্দ যখন বক্তৃতা করছিলেন আপনি দেখেছেন এবং আমরাও দেখেছি যে মাননীয় মন্ত্রী সুর মহাশয় তীব্র গলায় আপনার টেবিলের কাছে গিয়ে আপনার টেবিল চাপড়ে শ্রীনন্দের দিকে অঙ্গুলি নির্দেশ করে কনটিনিউয়াসলি বলেছে ইউ গেট আউট।

[2-20—2-30 P.M.]

আপনার কাছে আমার সাবমিসান হল এই, দি মিনিষ্টার ইজ এসেনসিয়্যালি এ মেম্বার ফার্স্ট। রুল ৩২৫।৩২৮ ধারায় মোটামুটি একটা গাইড লাইন বলে দেওয়া হয়েছে এবং আমি সেই বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় প্রশান্ত শূর মহাশয় এবং তাদের সহযোগী মাননীয় সদস্যরা গতকাল যেভাবে আচরণ করেছেন এবং আজকের খবরের কাগজ আপনি নিশ্চয় দেখেছেন,—খবরের কাগজের প্রতিও আপনার

দৃষ্টি আকর্ষণ করছি, সেখানে এটা যেভাবে প্রতিফলিত হয়েছে—আপনার সেক্রেটারির কাছে কালকে আমি নোটিশ দিয়েছিলাম, প্রসিডিংসের একটি কপি আমাকে দিন—আনরিভাইজড কপি চেয়ে কালকেই সঙ্গে সঙ্গে বলেছিলাম, কিন্তু আজকেও আমি সেই কপি পাইনি, তথাপি পেপারে যেটুকু এসেছে অবস্থাটা সেটাই আপনার সামনে তুলে ধরছি—স্টাপল অন প্রেসে সেটা বেরিয়েছে সেটা আমি তুলে ধরবার চেষ্টা করছি। এখানে বলছে, "The CPI (M) members demanded that the Janata member withdraw his remark. An agitated Mr. Prasanta Sur, Minister for Local Government rose from his seat and led a group of CPI (M) MLAs down the aisle of the Treasury Benches gesticulating wildly and asking the Janata and Congress members to "get out of the House". স্যার, এটা ষ্টেটসম্যানে এসেছে আজকে, আপনি নিশ্চয় দেখেছেন। যুগান্তর, আনন্দবাজার এবং অন্যান্য পত্রিকায় অবস্থাটা একইভাবে বিবৃত হয়েছে। এতে আমাদের হাউসের মর্যাদা উজ্জ্বল হয়েছে বলে আমি মনে করি না। আমি মনে করি এই আঘাত সমস্ত সম্মান মর্যাদা ম্লান করেছে। সেইজন্য আমি কালকেই আপনার কাছে সংক্ষেপে আবেদন রেখেছিলাম যে মন্ত্রী মহোদয় বলুন যে তিনি এই কাজ করেননি, কিম্বা যে কাজ করেছেন সেটা একটা আবেগ কিম্বা একটা ক্ষোভে অন দি স্পার অব দি মোমেন্ট হতে পারে—আমরা কালকে দেখলাম ঐ তরফের মেম্বারদের কাছ থেকে কোন সাড়া আসেনি। তাই আপনার কাছে অনুরোধ এই জাতীয় আচরণ আমরা একাধিকবার দেখেছি এবং বিরোধীপক্ষ এখানে প্রায় কৃশকায়, তাদের যদি বলবার সুযোগ না দেন—সরকারের একজন মেম্বার বলতে পারেন গেট আউট, এ আমরা কখন শুনিনি, এই জন্য আমরা আপনার কাছে এই ম্যাটারে রুলিং চাইছি—এই হল আমার সাবমিসান। মাননীয় মন্ত্রী মহোদয় তাঁর বক্তব্য যদি তিনি এখানে রাখেন যে কি মুহূর্তে, কি পরিপ্রেক্ষিতে এই কাজ করেছেন তাহলে বোধ হয় সব চেয়ে ভাল হয়। তা যদি না হয়ে ওদের তরফ থেকে এটাকে মর্যাদার প্রশ্ন হিসাবে গ্রহণ করা হয় তাহলে আপনি আপনার বিচারের ভার প্রিভিলেজে দিতে পারেন কিম্বা আপনিও রায় দিতে পারেন—আমরা মাথা পেতে নেব।

**মিঃ স্পীকার :** আপনি প্রিভিলেজের উপর বক্তব্য রেখেছেন, তাতে আমি বলছি I shall discuss the matter with the Hon'ble Minister also and decide what to do.

## Laying of Rules

The West Bengal Industrial Infra-structure Development Corporation Rules, 1978.

**Dr. Kanailal Bhattacharya :** Mr. Speaker, Sir, I beg to relay the West Bengal Industrial Infra-Structure Development Corporation Rules, 1978.

**Laying of Report**

The Second Annual Report and Accounts of the West Bengal Tea Development Corporation Limited for 1977-78.

**Dr. Kanailal Bhattacharya :** Mr. Speaker, Sir, I beg to lay the West Bengal Tea Development Corporation Limited for the year 1977-78.

**DISCUSSION ON RECENT FLOOD SITUATION**

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত দুদিন ধরে মাননীয় মুখ্যমন্ত্রী কর্তৃক উপস্থাপিত বন্যাত্তোর পরিস্থিতির উপর আলোচনায় বিভিন্ন মাননীয় সদস্য অংশ গ্রহণ করেছেন। আমি মাননীয় সদস্যদের বক্তৃতা মনোযোগ সহকারে শুনেছি। বিধানসভার বিভিন্ন দলের মাননীয় সদস্যরা নিশ্চয় তাদের দৃষ্টিভঙ্গীর ভিত্তিতে অবস্থার বিশ্লেষণ করবেন, অভিযোগ পাল্টা অভিযোগ থাকবে, সে সব বিষয়ে আমি খুব বেশী গুরুত্ব আরোপ করতে চাই না। কিন্তু আমার কাছে সবচেয়ে আশ্চর্য্য এবং দুঃখজনক যেটা মনে হয়েছে সেটা হচ্ছে এই সভার নেতা রাজ্যের মুখ্যমন্ত্রী শ্রীজ্যোতি বসুর দৃষ্টিভঙ্গী এবং রাজ্যের অর্থমন্ত্রী ড. অশোক মিত্রের দৃষ্টিভঙ্গী এবং বিশেষ করে অর্থমন্ত্রীর বক্তৃতা। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় তার রিপোর্টের মধ্যে দিয়ে যে কথা হাউসের কাছে রেখেছেন তার মধ্যে কিন্তু অনেক জিনিষ গোপন করে যাওয়া হয়েছে—এটা আমার কাছে খুব দুঃখজনক মনে হয়েছে। কারণ আমি জানি তিনি একজন অত্যন্ত বাস্তব বাদী মার্কসবাদী কমিউনিষ্ট নেতা এবং এই হাউসের নেতা। তার দীর্ঘ অভিজ্ঞতার ভিত্তিতে তিনি একটি বিবরণ হাউসের কাছে রেখেছেন। আমরা আশা করেছিলাম যে খুব অবজেকটিভ রিপোর্ট তিনি রাখবেন। যে তর্ক আজকে মার্কসবাদী কমিউনিষ্ট নেতারা বিশেষ করে ডঃ অশোক মিত্র তুলেছেন এটা অত্যন্ত দুর্ভাগ্যজনক। যদি এই জিনিষ চলতে থাকে তাহলে পশ্চিমবঙ্গের সমূহ ক্ষতি হবে সে বিষয়ে কোন সন্দেহ নেই। ডঃ অশোক মিত্রের বক্তৃতার কথা আর কি বলব। আমি সঙ্গীতজ্ঞ নই, আমি গান জানলে বলতাম "তোমার ভাষা বোঝার আশা দিয়েছি জলাঞ্জলী।" উনি কি যে বলেন···

( ভয়েস ঃ উনি ঠিকই বলেন। )

আপনারা ব্যঙ্গ করছেন। আপনারা নিজেরা একটু বিচার করে দেখবেন। ডঃ অশোক মিত্র, তিনি একজন অর্থনীতিবিদ আমি নিজে হাউসে সেকথা বারবার বলেছি।

আমি জানি এবং শুনেছি তিনি শিক্ষিত এবং অর্থনীতি বিশারদ। আমরা ভেবেছিলাম অর্থনীতিবিদ অর্থমন্ত্রীর দৃষ্টিভঙ্গী অনেক নন-পার্টিসান, অবজেকটিভ, প্রাগমেটিক, রিয়েলিসটিক হবে। তারমধ্যে পলিটিক্যাল ওভারটোন আদৌ আসা উচিত নয়। এই হাউসে তিনি নতুন এসেছেন কিন্তু আমরা গোড়া থেকে দেখছি পলিটিক্যাল ওভারটোন তার প্রত্যেকটি বক্তব্যে তিনি রাখছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, উত্তেজনার কোন কারণ নেই, আশা করবো, আজকে শুরুটা যেভাবে হয়েছে শেষটাও সেইভাবে হবে। morning will show the day. আজকে হাউসে উত্তেজনা নেই, আশা করবো এই রকম নিরুদবিঘ্ন পরিবেশেই আজকে আলোচনা চলবে এবং মাননীয় মুখ্যমন্ত্রীর জবাবী ভাষণ শুনবো। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলতে চাই, ডঃ অশোক মিত্রের কর্তব্য ছিল যে যখন তিনি বিধানসভায় বন্যার ব্যাপার নিয়ে বক্তৃতা করলেন—দ্বিতীয় দিন তখন কেন্দ্রীয় সরকারের কাছে থেকে রাজ্য সরকারের চিফ-সেক্রেটারী শ্রী এ. কে. সেনের কাছে ১০ই নভেম্বর যে গুরুত্বপূর্ণ চিঠিটি এসেছে সেই চিঠিটি হাউসে রাখা। It is a publice document and it is not a confidential document. আমি সেই চিঠিটি পড়ে শোনাব কারণ বিধানসভার সকল মাননীয় সদস্যদের সেটা জানা দরকার।

( গোলমাল )

স্যার, আমি এদের বলতে চাই I can stand interruption but do not add tinker to my speech by interrupting me unnecessarily. স্যার, এই চিঠিটা এসেছে শ্রীজি. ভি. কে. রাও Secretary (Agriculture & Rural Development), D. O. No. 7989/CFL/78 Government of India, Ministry of Agriculture & Irrigation, Department of Agriculture) New Delhi, dated the 10th November, 1978 আমি জানতে চাই এই চিঠির ভিত্তিতে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে—মাননীয় মুখ্যমন্ত্রী এইভাবে কোনদিন বলছেন না যে কেন্দ্র কিছু করছেন না কিন্তু মুখ্যমন্ত্রী একরকম কথা বলছেন আর তাকে নস্যাত করেছেন রাজ্যের অর্থমন্ত্রী। এই চিঠিটি কিন্তু রাজ্যের চিফ-সেক্রেটারীর কাছে লেখা। আজকে ষ্টেটসম্যান পত্রিকায় এবং সম্ভবতঃ অন্যান্য কাগজেও সেটা আছে, সেখানে শেষ পৃষ্ঠায় দেখবেন, রাজ্যের চিফ-সেক্রেটারী রাজ্যের বিভিন্ন জেলার অফিসারদের নিয়ে বৈঠক করেছেন এবং সেটা কাগজে বেরিয়েছে। সেখানে পরিষ্কার বোঝা যাচ্ছে এই আলোচনা সভাটি তিনি ডেকেছিলেন ঐ ১০ই নভেম্বরে চিঠির ভিত্তিতে। প্রথমেই আমি বলি, শ্রীচন্দ্রশেখর জনতা পার্টির সর্বভারতীয় চেয়ারম্যান—অন্যায়টা কোথায় তিনি করেছেন ?

[2-30—2-40 P.M.]

কোথায় তিনি অসত্য ভাষণ করলেন ? তিনি ৫ই তারিখে এলেন এবং ৬ তারিখে তারিখে একটি প্রেস কনফারেন্সে বললেন রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ১৫০ কোটি টাকার মত জিনিস এবং টাকা সাহায্য পেয়েছে। পরের দিনই পাল্টা বিবৃতি দেওয়া হলো। এই নিয়ে হাউসে প্রচণ্ড বিতণ্ডা হলো। আমি চিঠিটার প্যারাগ্রাফ ওয়ান থেকে পড়ছি।

( এ ভয়েস—কবেকার চিঠি ? )

১০ই নভেম্বরের চিঠি।

(Shri Prasanta Kumar Sur : That's right)

I am always on the right. I am not wrong.

| | | |
|---|---|---|
| 1. | Advance Plan Assistance for certain for certain specific item : | Rs. 98.93 crores |
| 2. | 95,500 metric tons of food grains and pulses for gratuitous relief : | Rs. 13.14 crores |
| 3. | One Lakh Mts of wheat under food for work scheme : | Rs. 12.50 crores |
| 4. | Short term lone for Rabi operations : | Rs. 15.00 crores |
| 5. | Value of medicines etc. supplied on credit payment basis : | Rs. 0.37 crores |
| 6. | Margin money : | Rs. 6.61 crores |
| 7. | Prime Minister's National Relief Fund : | Rs. 0.18 crores |
| 8. | Additional short term lone which will be given immediately supplementary grants are voted | Rs. 15.00 crores |
| | Total | Rs. 151.73 crores |

আজকে এই বিপর্য্যয়ের পর, এই বিধ্বংসী বন্যার পর আমরা নুতন করে পশ্চিমবাংলাকে পুনর্গঠিত করবার একটা সুযোগ হিসাবে ব্যবহার করতে পারি।

I appeal to the members of the Treasury Bench and to my other friends who sometimes interrupt me—I appeal to them with my folded hands—let us turn this colossal debacle into a miracle. This historic occassion has provided us this opportunity.

আমার আবেদন পলিটিক্যাল ডিফারেন্স থাকবে। কিন্তু ডঃ কানাইলাল ভট্টাচার্য্য মহাশয় কাল যেভাবে বললেন, মুখ্যমন্ত্রী কিন্তু সেইভাবে বলেননি। আমাদের পক্ষ থেকে কিন্তু সন্দীপ দাস, অধ্যাপক হরিপদ ভারতী, কিরণময় নন্দ, ডঃ বাগ এই কথা বলেন নি যে মন্ত্রীরা জেলায় যান নি। আমি দেখেছি কানাইবাবু, দেবব্রতবাবুকে ছুটে যেতে, আবদুল বারি মহাশয় ছুটে গেছেন, আমি দেখেছি ভক্তিভূষণ মণ্ডল মন্ত্রী মহাশয় তিনি বীরভূম জেলায় গেছেন, কমল গুহও দেখেছি বীরভূমে, তাঁরা বিভিন্ন জেলায় গেছেন। কথা যেটা উঠেছে, বলা হয়েছে রাজনীতি করা হচ্ছে। কেন্দ্র দিল না, কেন্দ্র দিল না বলা হচ্ছে। কালকে সন্দীপ দাস বলেছেন এই কথা। সন্দীপ দাস যে কথা বলেছেন, সম্পূর্ণ সত্য কথা বলেছেন। আজ পর্য্যন্ত গত ৩০ বছরে এই রকম বিপর্যায়ের পটভূমিকায় কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে এই সময়ের মধ্যে ১৫১ কোটি টাকা দিয়েছে এবং এখানে রাজ্য সরকার কেন্দ্র কিন্তু একবারও বলছে না যে এই আমাদের শেষ দেওয়া। আমি এই চিঠিটা পড়ে শোনাতে চাইছি, মুখ্যমন্ত্রী মহাশয় এখানে আছেন, তাঁর কাছেও নিশ্চয়ই এই চিঠিটা আছে।

"My dear Shri Sen,

I am enclosing herewith a copy of the sanction issued by the Ministry of Finance of an advance Plan assistance of Rs. 69.63 crores in addition to Rs. 19.30 crores already sanctioned to the State. This will make a total of Rs. 88.93 crores of advance plan assistance under some heads, so far sanctioned to the State Government. I would request you to kindly ensure that this assistance is properly and effectively utilised for assisting the people of West Bengal who have suffered so much by the repeated floods. The Central Government is committed to offer all possible assistance to the State Government for relief and rehabilitation of the flood affected people. The Union Finance Minister indicated to the Chief Minister, West Bengal during his visit to Delhi recently that adequate care will be taken to see that as a result of advance plan assistance being given this year, there is no adverse effect on the pace of development of the State.

Finance Minister also assured the Chief Minister that the Union Government will be as responsive as it can be having regard to the magnitude of the calamity, capacity to spend and availability of resources.

2. According to the norms of the Ministry of Finance, releases of Central assistance will be made continuously on receipt of expenditure statesments in proper form from the State Government. You may kindly see that these statements or reports are sent to the Ministry of Finance quickly so that the releases are not delayed.

3. I have also been informed that the Ministry of Finance have released an amount of Rs. 60 crores as medium term loan and further amount of Rs. 45.10 crores as ways and means advance to wipe off the deficit of Rs. 105 crores which existed in the beginning of the current financial year."

We have so far sanctioned 50,000 M.Ts. of wheat, 45,000 M.Ts. of rice and 500 M.T.s of Masoor Dal, including 15,000 M.T.S. wheat and 15,000 M.S.s of rice sanctioned to-day. This will make a total of 95,000 M.T.S. of foodgrains (worth Rs. 13.14 crores) given free of cost to the State Government for gratuitous relief. I hope this will be of help to the State Government in providing relief to the people in those areas where Food for Work Programme cannot be taken up because of water logging. As was pointed out by the Union Finance Secretary to the State Finance Minister, the distribution of foodgrains free of cost needs to be limited in terms of area and its coverage so that Food and Work Programme does not suffer and normal economic activity is regenerated within the shortest possible time. The State Finance Minister appreciated this point of view. The foodgrains for gratuitious relief should be fully utilised by the 28th February, 1979.

We have allocated 1 lakh M.T.s of wheat (worth Rs. 12.50 crores) to West Bengal under Food for Work Programme during the current financial year. We are prepared to provide as much additional wheat to the State Government as would be possible to be utilised during the current financial year.

খরচ করুন, যত চাই তত দেবো উদাও কেন্দ্রের প্রতিশ্রুতি। রাজ্যের মুখ্যমন্ত্রী দিল্লী যাচ্ছেন, অর্থমন্ত্রী দিল্লী যাচ্ছেন, যখনই আপনাদের ফুরিয়ে যাবে আপনারা কেন্দ্রকে জানাবেন কেন্দ্র সাহায্য করবে, খাদ্যশস্য দেবে। তারপর বলছেন you have only to ask for it as soon as the present allocation is reported to have been fully and properly utilised. আমি পড়ে আগেই শুনিয়ে দিয়েছি মাননীয় অধ্যক্ষ মহাশয়, You may consider flood control and drainage schemes to be taken up on a massive scale under this programme.

In addition to Rs. 2 crores for the kharif season, we have so far sanctioned Rs. 15 crores of short term loan for agricultural inputs for the Rabi season. The Reserve Bank of India has also requested the co-operatives and commercial banks to give adequate short term credit for agricultural operations. As the existing budgetary allocation of the Department has been exhausted, we could not sanction a further amount of Rs. 15 crores as short-term loan to the State Government. We are examining how this can be done without delay.

It has been estimated that apart from Rs. 6.61 crores of margin money and the amount released from the Prime Minister's National Relief Fund, Central asistance in cash and kind to the extent of Rs. 129.94 crores has so far been sanctioned to the State Gavernment as indicated below.

The State Government will, I am confident, mobilise the administrative machinery fully to ensure that all this amount is fully and properly utilised during the current financial year. Considerable quantum of relief materials in cash and kind must have been received by now from organisation of India abroad. It will have to be ensured that these materials and assistance are utilised effectively for those who have suffered due to the floods especially, as was pointed out by the Union Finance Minister to the State Chief Minister, the small and marginal farmers, artisans, people engaged in small industries, particularly handlooms, village industries etc.

We would also be happy to render all possible assistance in implementing the strategy for the Rabi and summer production programmes over 60 lakh acres ( against 45 lakh acres last year) in order to recoup part of the flood damages. This matter was discussed by me and other officers of my Depertment with the State Government Officials during my recent visits to Calcutta, and I hope steps have been taken to implement the agreed decisions.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং এই হাউসে বামফ্রন্টের সকল শরিক দলের মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি। এখানে বলা হয়েছে যে steps will be taken to implement the agreed decision. এবং এইটাই এগ্রিড ডিসিসন, সুতরাং কোথায় ডিফারেন্স হয়েছে ? আজকে এখানে আলোচনা হয়ে যাচ্ছে আর বাহিরে আপনারা বাজার গরম করছেন। এটা রাজ্যের পক্ষে ক্ষতি করা হচ্ছে। তারপর দেখছি সেন্ট্রাল গর্ভনমেন্টের ষ্টাডি টীম আবার আসবে সুতরাং কোথায় কেন্দ্রীয় সরকারের উদারতার অভাব হয়েছে ? কোথায় জনতা দলের নেতা চন্দ্রশেখর অসত্য ভাষণ দিয়েছেন। এই বিবৃতির মধ্যে একটি গুরুত্বপূর্ণ জিনিষ আছে। মারজিন ম্যানি ৬.৬১ কোর্স, টেন টাইমস করলে ৬০ কোটি টাকা হয়।

It will be possible for us to send a Central Team sometime later during the current financial year to review the position of relief and rehabilitation to see what further steps are required to be taken to assist West Bengal.

As soon as the Central Government had released Rs. 6.61 crores as margin money, there was a mandatory direction upon all the nationalised banks in this State to lend 8 times the money released by the Central Government.

[2-40 to 2-50 P.M.]

তার মানে ৬ কোটি ৭ কোটি টাকা সেন্ট্রাল গভর্ণমেন্ট রিলিজ করেছেন তাহলেই মার্জিন মানী ৭×১০=৭০ কোটি টাকা। ১০ পারসেন্ট টাকা যাতে আর্টিজানরা ব্যবসা করতে পারেন তার জন্য। গভর্ণমেন্ট থেকে ৬ কোটি টাকা দেবেন অর্থাৎ ১০ পারসেন্ট সীড মানী আর এইটটি পারসেন্ট ন্যাশানালাইজ ব্যাঙ্ক থেকে পাওয়া যাবে। অর্থমন্ত্রীর উচিত ছিল বলা যে পশ্চিমবাংলায় ৬০ কোটি

টাকা অতিরিক্ত আছে, তারমধ্যে ৪০ কোটি টাকা ন্যাশানালাইজ ব্যাঙ্ক থেকে খরচ করতে পারবেন। এই মার্জিন মানা টাকা দিয়ে দেশ গঠন করা যায়।

( গোলমাল )

দেড় বছর আপনি স্পীকার আছেন, আপনি নিশ্চয় দেখেছেন মুখ্যমন্ত্রী বা কোন মন্ত্রী বা কোন মাননীয় সদস্য বক্তৃতা করলে আমি ইনটারপট করি না কিন্তু আপনি দেখছেন অর্থমন্ত্রী ট্রেজারী বেঞ্চের একজন ইমপর্টাণ্ট মিনিষ্টার তিনি আমার বক্তৃতায় বাধা দিয়ে যাচ্ছেন। সেজন্য আমি বলছি যেটুকু সময় ওঁরা নষ্ট করছেন সেটুকু আমায় দিয়ে দেবেন। যাইহোক আমাদের পক্ষে খুব ভাল হোতো যদি আজকে কৃষিমন্ত্রীর রিপোর্ট পেতাম কো অপারেটিভ সেক্টারে কি কাজ হয়েছে তা আমরা জানতে পারতাম, হাউস বিল্ডিং স্কীম কিভাবে নেওয়া হয়েছে তা আমরা জানতে পারতাম, কিন্তু সেগুলি আমরা কিছুই পেলাম না। এই বিপর্যয়ের মধ্যে আমরা ৩টে জিনিষ লক্ষ্য করছি—একটা লোডশেডিং, একটা ব্লাড শেডিং আর একটা ক্রোকোডাইল শেডিং। অর্থমন্ত্রী পশ্চিমবাংলার মানুষের জন্য ক্রোকোডাইল টিয়ার্স শেডিং করছেন, তাকে পশ্চিমবাংলার ক্ষতি হচ্ছে। এই আজকের কাগজেও দেখলাম আর. এস. পি র উপর আক্রমণ হয়েছে, তাই মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ এই জিনিষগুলো বন্ধ করে পুনর্গঠনের দিকে দৃষ্টি দিন। শ্রীজয়ন্ত বিশ্বাস গতকাল বলেছিলেন ২০০ টাকা করে বিধানসভার সভ্যদের দিতে হবে, মুখ্যমন্ত্রীকে আমি জানিয়েছিলাম যে সর্বদলীয় কমিটি সর্বস্থানে হোক—রাজ্যপাল তাঁর প্রেসিডেণ্ট হোন, এবং আপনি তার ভাইস প্রেসিডেণ্ট হোন এবং আমি আমার বেতন সাড়ে চারশো টাকা দিয়ে দেব। পশ্চিমবাংলায় একটা ষ্টেট অ্যাডভাইসরি কমিটি হয়েছে, আমি যখন মুখ্যমন্ত্রীর কাছে গিয়েছিলাম এই বিষয় নিয়ে বলতে তখন শ্রীবিনয় চৌধুরী মেদিনীপুর ঘুরে এসে বললেন যে সেখানে একটা অল পার্টি কমিটি হয়েছে। মুখ্যমন্ত্রীকে আমি তখন বলেছিলাম যে ষ্টেট লেবেলেও আপনি একটা অল পার্টির কমিটি হোক হোক। মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ দিচ্ছি যে সর্বদলীয় তিনি করতে রাজী হয়েছিলেন কিন্তু পঞ্চায়েতের হাতে কেন ক্ষমতা থাকবে না? It some body had said so I would have share that view. পঞ্চায়েত গণভোটে নির্বাচিত, তার একটা এজেন্সী আছে, লোক্যাল গভর্নমেণ্টেরও একটা এজেন্সী আছে, কিন্তু সর্বদলীয় কমিটি হলে তাদের একটা মানীটারিং থাকবে তারা দেখবে অভিযোগ আছে কিনা। এইরকম একটা প্রলয়ংকর বন্যায় অভিযোগ থাকবেই। কিন্তু তাকে মিথ্যা বলে উড়িয়ে দেওয়া উচিত নয়। এই বন্যার সময় আমি নিজের জেলায়

ছিলাম, মেদিনীপুর, মালদহে গেছি—সেখানকার ঘটনা সমস্ত জানি, আমি মুখ্যমন্ত্রীর কাছে যেদিন গিয়েছিলাম সেদিন দেখলাম তিনি খুব উদ্‌বিগ্ন ছিলেন, তিনি বললেন খয়রাসোল থেকে খবর এসেছে ১০০ জন লোক মারা গেছে, আরামবাগেও প্রচুর লোক মারা গেছে তখন সেখানে পার্থবাবু ছিলেন কিছুপরে দেবব্রতবাবুও এসেছিলেন তখন আমি মুখ্যমন্ত্রীকে বলেছিলাম আমাকে একটু সুযোগ দেন আমি আমার জেলায় যাব এবং আমি মিলিটারী ট্রাক চেয়েছিলাম, মুখ্যমন্ত্রী চীফ সেক্রেটারীকে বলে তার ব্যবস্থা করে দেন। আমার চ্যালেঞ্জ থাকল আমার কথা যদি অভ্রান্ত প্রমাণিত হয় তাহলে আমি বিধানসভা ছেড়ে দেব। পঞ্চায়েত যদি ইলেকটেড বডি হয় এ্যাসেম্বলী কি ইলেকটেড বডি নয়? আমি ট্রাকে করে রিস্ক নিয়ে মাল পৌঁছে দিয়েছি—with a relief officer, have you any suggestion to offer with regard to distribution or made of distribution. আমি নিজে বণ্টন করতে চাইনা এটা করবে সরকারী জেলা প্রশাসন। তাঁরা আমার কোন সাজেসান নেননি কিন্তু দেখলাম একমাত্র নবদ্বীপেই অনেক লোক মারা গেছে। সরকারী প্রশাসন বলছে ১০০, কিন্তু সেখানকার মানুষ বলছে আরো অনেক বেশী, তার কারণ সেখানকার হাসপাতালে ৩০০ রোগীই মারা গেছে। সেখানে ৩০০০ কষ্টলি স্যালাইন জলের তলায় চলে গেছে, সমস্ত রোগী ভেসে গেছে, সেখানকার রেজষ্টার কোথায়? এই যে ঘটনা এর জন্য সি. পি. এম দায়ী নয়, বরং হাসপাতালে প্রশাসনের উচিত ছিল ওদের নিয়ে যাওয়া। বিরভূমে কয়েক হাজার লোক মারা গেছে, এটা বুঝতে হবে যে গভীর রাত্রে ১২টার সময় যদি ২০ ফুট জল আসে তাহলে একটা লোক কি তাতে বাঁচতে পারে? সকলেই তো ম্যাজেসিয়ান পি. সি. সরকার নয় বুড়ো সন্তান সম্ভবা মেয়ে বা শিশু যাদের সাঁতার কাটা সম্ভব নয় তারা ভেসে চলে গেল। অন্যান্য রাজ্যসরকার এসব স্বীকার করেছেন আমরা সেটা স্বীকার করছিনা কারণ এটা করলে হয়ত তাঁরা মনে করছেন সরকারের ব্যর্থতা স্বীকার করা হবে। আমরা জেলার প্রশাসন আই. এস. অফিসারদেব কাজকর্ম দেখেছি—মণি মুখার্জী আই. এস. অফিসার তাঁর কাজ দেখেছি, ৭১ সালে সেখানকার ডি. এমের কাজ দেখেছি, কিন্তু বি. আর. গুপ্তর কাজ দেখেছি, কিন্তু এবার কন্‌ট্রোল রুমে সি. পি. এম. একজন সদস্য সকাল থেকে রাত পর্যন্ত বসে ছিলেন ডি. এমের কাছে যিনি আমার কাছে পরাজিত হয়েছিলেন।

[2-50—3-00 P. M.]

তিনি B. D. O. Office পাহারা দিচ্ছেন, Relief-এর মাল পাহারা দিচ্ছেন তার জন্য তাঁকে ধন্যবাদ I will not forget this. আমার সঙ্গে তার যতই মত পার্থক্য থাকুক

তিনি সেদিন যেভাবে আমাকে রেস্‌পণ্ড করেছিলেন সেটা ইজ দি লাস্ট এ্যালটেড ডেট অব মাই লাইফ, আই স্যাল রিমেমবার ইট এণ্ড চেরিশ ইট। কিন্তু আপনি শুনলে অবাক হবেন ট্রাক বোঝাই করে সেখানে টারপলিন, পলিথিন সিট সেখানে গেছে, একটা সিটও দেয়নি। এর নাম বিচার? ১৩ দিন বাদে সমস্ত ফিরে চলে গেল নবদ্বীপে। নবদ্বীপের এম. এল. এ. বলেছিলেন হাজার হাজার লোক বেঁচে গেল জেলা শাসকের জন্য। চৈতন্য মঠ মায়াপুর, আমি সেখানে গিয়েছি, দেখেছি দেড় হাজার লোককে তারা সেখানে খাইয়েছে দৈনিক। রিলিফ ডাইরেক্টোরেট থেকে সেখানে ২ ট্রাক চাল ডাল কলকাতা থেকে পাঠিয়ে দেওয়া হল। থ্রু ডি. এম. রিকোয়েস্ট করেছিল যে আপনারা যদি কিছু চাল পাবেন দেখবেন। তারা লোকের সেবা করছে, দেড় হাজার লোককে দৈনিক খাওয়াচ্ছে। চাল নদীয়ায় গেল, ৩ তারিখে রওনা হয়ে একদিন বাদে ৪ তারিখে চাল পৌঁছাল। তারা সমস্ত চালকে আটকে রাখলেন, বললেন না দেওয়া চলবে না। তাঁরা ফিরে গেলেন। পরের দিন আবার তাঁরা চাল নিয়ে এলেন। শুনলে অবাক হবেন ১৭ বস্তা রুটি গিয়েছিল, সেই ১৭ বস্তা রুটি পড়ে থাকল, বিলি হল না। কয়েকদিন বাদে সেগুলি স্বাস্থ্য দপ্তরে দেওয়া হল, স্বাস্থ্য দপ্তর বললে আনফিট ফর হিউম্যান কনজাম্পসান, রুটিগুলি লোক পেল না। তারপর চিড়ে গেল লোক পেল না। আপনারা বলছেন অভিযোগ—অভিযোগ বহু জায়গায়, আমি সেইসব কথা বলে ভারাক্রান্ত করতে চাই না, শুধু দু'একটা দৃষ্টান্ত দিচ্ছি। চাপড়াতে সমবায় সমিতি কি করলেন—আমি কেস নাম্বার বলছি, মুখ্যমন্ত্রী তদন্ত করে দেখতে পাবেন এটা সত্য কিনা, চাপড়া সমবায় সমিতির চেয়ারম্যান হচ্ছেন একজন সি. পি. এম. কর্মী নওসের আলী, সেকসান ৭ এই ধারায় এসেনসিয়াল কমোডিটিজ এ্যাক্টে মামলা রুজু করা হয়েছে ৭-১০-৭৮ তারিখে, এম. আর. হোলসেলার হিসাবে তাঁরা মাল তুললেন ৬৫ মন চাল, ২০ মন গম যার দাম প্রায় ১০ হাজার টাকা হবে সেই মাল রাতারাতি পার্টি অফিসে চলে গেল। তারপর ডি. আই. বি. এনফোর্সমেণ্ট কমপ্লেণ্ট গেল, ফার্স্ট ইনফর্মেশান লজড হয়েছে, তাঁরা সঙ্গে সঙ্গে সমবায় সমিতি সার্চ করে দেখলেন, ৬৫ মন চাল এবং ২০ মন গম সর্ট এবং এই চাল খোলা বাজারে ৪ টাকা থেকে ৫ টাকায় বিক্রি হয়েছে। রিলিফ দেওয়ার নামে আপনি শুনলে অবাক হবেন—সি. পি. এম-র স্থানীয় কর্মী যিনি পঞ্চায়েত নির্বাচনে দাঁড়িয়েছিলেন, আমরা প্রস্তুত আছি, আপনারা যদি এইসব জিনিস করেন আমরা দেখব, যতদিন এই জিনিস চলবে আমরা বিধানসভায় প্রতিদিন মেনসান আকারে এই জিনিস তুলব, মাননীয় মুখ্যমন্ত্রীর জানার দরকার আছে যে সেখানে তারা কি করেছেন, রিলিফের চাল নৌকায় করে ডাকাতি করেছে, একজন বর্ডার সিকিউরিটি

ফোর্সের গুলিতে মারা গেছে আমরা দেখেছি। আমি স্পেসিফিক্যালি বলে যাচ্ছি অন্ততঃ নদীয়া জেলায় ১০ পার্সেণ্ট সর্টেজ ইন ট্র্যানজিট। মাল উঠছে ১০ পার্সেণ্ট ক্লিন সর্টেজ দেওয়া হচ্ছে। কলাইকুণ্ডা এয়ার বেস থেকে এয়ার ফোর্স কমাণ্ড্যাণ্ট জানিয়েছেন রাজ্য সরকারকে যে ৭'১ মেট্রিক টন মুড়ি উঠল এয়ার ক্যারিয়ারে, কলকাতা থেকে কলাইকুণ্ডায় নামিয়ে দেওয়া হচ্ছে মেদিনীপুরের অভুক্ত মানুষদের বাঁচাবার জন্য। ডিক্লেয়ার্ড ওয়েট হচ্ছে ৭'১ মেট্রিক টন মুড়ি, নামিয়ে ওজন করে দেখা গেল ১'৮ মেট্রিক টন সর্ট। বিরাট বিরাট বাণ্ডিল কাপড়, জনতা পার্টি নয়, অন্য রাজনৈতিক দল নয়, এয়ার ফোর্স কমাণ্ড্যাণ্ট, কলাইকুণ্ডা বেস জানিয়েছেন সরকারকে, মুখ্যমন্ত্রী বলেছিলেন তদন্ত হবে, কি তদন্ত হয়েছে ? এই রকম বহু দৃষ্টান্ত দেওয়া যায়। আপনারা বলছেন অন্যান্য রাজ্যে তো হয়নি। ভাল কথা। প্রত্যেক রাজ্যে সি. পি. এম. আছে, সি. পি. আই. আছে, অনেক রাজ্যে এস. ইউ. সি. আছে, বলুন বিহার সম্বন্ধে এই দলবাজীর অভিযোগ এসেছে ? উত্তর প্রদেশ সম্বন্ধে কোন অভিযোগ এসেছে বলুন ? বোম্বে সম্বন্ধে কোন অভিযোগ এসেছে বলুন ? আমরা সেজন্য বলছিলাম সর্বদলীয় কমিটি করুন, সকল দলের মানুষ আসুক, সকলের মতামত নেওয়া হোক, নিয়ে কাজ করা হোক। হাওড়া জেলায় রামকৃষ্ণ মিশন, ভারত সেবাশ্রম কাজ করতে গেলেন। হাওড়া জেলার মধ্যে একমাত্র বাগনান সবচেয়ে বন্যা দুর্গত এলাকা।

বাগনানে সবচেয়ে বেশী ড্রাই ফুড, কুক্‌ড ফুড, মিল্ক পাউডার, মেডিসিন এবং ক্যাস প্যাকেট দিয়েছে। আমি জানি হাওড়া জেলার কোন প্রান্তে এত জিনিস দেওয়া হয়নি। ৬টি বড় বড় সেবা প্রতিষ্ঠান বাগনানে গিয়েছিল সেবা করতে, কিন্তু রামকৃষ্ণ মিশন ওয়াজ ডিস্‌গাস্টেড, হ্যাড টু পুল আউট ফ্রম বাগনান। স্যার, ড্রাম ড্রাম খিচুড়ি নষ্ট হয়েছে। রামকৃষ্ণ মিশন বেলুড় মঠ থেকে খিচুড়ি তৈরী করে ড্রাম ড্রাম বিলি করেছে কিন্তু ১৭ই অক্টোবর রামকৃষ্ণ মিশনের উপর অর্ডার হল টু স্টপ ইট। স্যার, আমরা শুনি হি হু পেজ দি পাইপার কলস্‌ দি টিউন। অর্থাৎ যিনি টাকা দেবেন তিনি ঠিক করে দেবেন কখন কোন সুর বাজান হবে। অর্থাৎ প্রভাতে কি সুর বাজবে, বোধনে কি সুর বাজবে সেটা তিনি ঠিক করে দেবেন। রাজ্য সরকার বলতে পারেন আমরা রামকৃষ্ণ মিশনকে, ভারত সেবাশ্রম সংঘকে খিচুড়ি করবার জন্য চাল দিচ্ছি, ডাল দিচ্ছি। কিন্তু এটা রাজ্য সরকারের টাকা নয়, এটা জনগণের টাকা, প্রাইম মিনিস্টারের ন্যাশনাল রিলিফ ফাণ্ডের টাকা এবং তা থেকেই দেওয়া হচ্ছে। তাঁরা চাল, গম রামকৃষ্ণ মিশন, ভারত সেবাশ্রম সঙ্ঘকে, মারওয়ারি রিলিফ সোসাইটিকে সরবরাহ করেছেন বলে তাঁরা বলবেন, আমরা ডিসাইড করব কে খিচুড়ি

খাবে ? রাজ্য সরকার যা চাচ্ছেন সেটাই কেন্দ্রীয় সরকার দিচ্ছেন কিন্তু তারপর প্রধানমন্ত্রী যদি বলেন প্রোপার এ্যাকাউন্টস্ দিন তাহলে আপনারা সেটা দেবেন না ? আমি দেখেছি অর্থ দপ্তরের একটা ফাইল ক্লিয়ার করতে কত সময় লেগে যায়। প্রথমে ক্ল্যার্ক, তারপর এ্যাসিস্ট্যান্ট সেক্রেটারী, ডেপুটি সেক্রেটারী ইত্যাদি করে প্রচুর সময় নষ্ট হয়ে যায়। আমি সিদ্ধার্থশংকর রায়ের আমলে দেখেছি কতগুলি প্রোগ্রেসিভ স্কীমস্ অব ডিফারেন্ট ডিপার্টমেন্টস হ্যাভ বিন স্টল্ড বা রিজন অব ইন্টারফিয়ারেন্স। আপনারাও দেখছি সেই সিদ্ধার্থশংকর রায়ের স্টাইলে ফাংসনিং করে যাচ্ছেন। ( এ ভয়েস ফ্রম গভর্ণমেন্ট বেঞ্চঃ ভূষি কেলেঙ্কারীর কি হল ? ) সেটা তো সিদ্ধার্থশংকর রায়ের সৃষ্টি। আপনারাও দেখছি সেইদিকে যাচ্ছেন। কিন্তু ইউ ক্যান্ট টাস্ মাই হেয়ার। আমি জানি গত নির্বাচনে আপনারা চরম নোংরামি করেছেন কিন্তু জনগণ আমাকেই পাঠিয়েছে। আপনারা বারবার আমার কাছে হেরেছেন, কাজেই ওসব কথা বলে কোন লাভ নেই। তবে যদি চান তাহলে আমি পর পর এক এক করে ফাঁস করে দেব কার ভাগ্নে, কার আত্মীয় কোথায় কে চাকুরী পেয়েছে, কোথায় কে লাইসেন্স পেয়েছে, আমি সব জানি। আই ক্যান সে ইট উইথ প্রাইড যে, আমার বংশের কোন লোক কখনও কোন লাইসেন্স, পারমিট পায়নি। আমি এইভাবে বলি বলেই আপনাদের এরকম উস্মা দেখা যায়।

( নয়েজ )

**শ্রীসন্দীপ দাসঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পরশুদিন মুখ্যমন্ত্রীর বলার সময় বিরোধীদলের ২/১ জন সদস্য তাঁকে ইন্টারাপ্ট করেছিলেন এবং তখন মুখ্যমন্ত্রী বলেছিলেন, নিয়মাবলীর কোন্ ধারায় আমাকে ইন্টারাপ্ট করা হচ্ছে ? আমিও জিজ্ঞাসা করছি, বিরোধীদলের নেতা যখন বলছেন তখন নিয়মাবলীয় কোন্ ধারায় তাঁকে ইন্টারাপ্‌ট করা হচ্ছে ?

**শ্রীকাশীকান্ত মৈত্রঃ** স্যার, আমরা দেখেছি বিভিন্ন সেবা প্রতিষ্ঠান হাওড়া, মেদিনীপুর, হুগলী, বাঁকুড়া, নদীয়া, বীরভূম এবং মালদহতে কাজ করে যাচ্ছে এবং তারা বলছে আমাদের হাতে মাল দিতে হবে। ইন্টারন্যাসনাল অর্গানাইজেসন যে টাকা নিয়ে আসছে তার উপর আমাদের একটু হাত থাকা দরকার। আমি মনে করি এইজন্য বিভিন্ন রাজনৈতিক দলের কমিটি থাকা দরকার এবং দেখা দরকার যে ইন্টারন্যাসনাল অর্গানাইজেসন কিভাবে কাজ করছে।

[ 3-00—4-10 P.M. ]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে জানাতে চাই চার কোটি টাকার প্রোগ্রাম ছিল। কেয়ার-এর, কাসা-এর এবং লুথা-এর। এর মধ্যে ৫০ লক্ষ টাকার মেটিরিয়াল কেয়ার দিতে রাজী হয়েছে। তারা বলেছে ১ কোটি টাকার ডোনেশান আমাদের এসেছে, এই ডোনেশান যদি বলা হয় সরকারকে দিয়ে দিতে তা পারবো না। উই হ্যাভ টু পুল অফ। আমাদের পশ্চিমবঙ্গ সরকার এবং পশ্চিমবঙ্গ রাজ্যবাসী এইভাবে বঞ্চিত হবে? ১৮ হাজার গ্রামকে এরা এ্যাডাপ্ট করতে চেয়েছে। আমি বলতে চাই এই সম্বন্ধে রাজ্য সরকার উদাসীন এবং এই রাজ্যের বিভিন্ন সেবা প্রতিষ্ঠান, আন্তর্জাতিক সেবা প্রতিষ্ঠান, চ্যারিটি এসোসিয়েশান, হিউম্যানেটিরিয়ান বডিস—তারা এই রাজ্যে আসুন, এই রাজ্যের টাকা খরচ করুন, রাজ্যের উন্নতির জন্য ডেভলোপমেন্টের জন্য তারা খরচা করুন। এখানে কো-অর্ডিনেশান কমিটির কথা কনেকে বলেছেন, আমি শুধু জানতে চাই কোন ক্যাবিনেট ডিসিশান হয়েছিল কি? আমার ইনফরমেশান এই ১৫ টাকা আর ৫ টাকা করে টিফিন—এর কোন ক্যাবিনেট ডিসিশান হয়নি। আপনারা রাজ্যের দেড় লক্ষ লোককে বেকারভাতা দিচ্ছেন—সেই বেকার যুবকদের দিয়ে আমরা কাজ করাতে পারতাম এবং বেকারদের আরও কিছু কাজ দিতে পারতাম। কিন্তু আমরা তার আগে যারা কিছু পাচ্ছেন তাদের আরও কিছু বেশী পাইয়ে দেওয়ার চেষ্টা করছি, কারা আগামী নির্বাচনে আবার যখন ভোট আসবে এদের দিয়ে আমরা কিছু সুবিধা করতে পারি, আখাড়ে কিছু গোছাতে পারি এইভাবে তারা করছে। সেইজন্য রিলিফের নামে ভুতের ভোজের ব্যবস্থা তারা করছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজ এই কথা বলতে চাই রাজ্য সরকার মনে করেছেন একটা কনফ্রণটেশান করতে, তারা চাপ সৃষ্টি করে কেন্দ্রকে বলবেন অমরা লড়াই করছি তবে ওরা দিচ্ছেন। অথচ কেন্দ্রীয় সরকার বলছেন অমরা কমিটেড, পশ্চিমবাংলার যা টাকা দরকার সেটা অমরা দেবো। সেই উদার আহ্বান তারা জানিয়েছেন। রাজ্য সরকারের উচিত কোন সংঘর্ষের মধ্যে এগিয়ে না যাওয়া এবং উন্নয়নের মধ্যে এগিয়ে যাওয়া। আপনি এখানে জেনে রাখুন স্যার নদীয়া জেলায় ২রা অক্টোবর রাত্রিবেলায় সাড়ে নটার সময়ে মিলিটারি আসলো ২৭টি ট্রাকে ত্রাণ সামগ্রী নিয়ে, কিন্তু তাদের ৩৬ ঘন্টা বসিয়ে রাখা হয়েছিল—তারা জানতো না কোথায় যাবে। ২৭শে সেপ্টেম্বর মাননীয় মন্ত্রী বুদ্ধদেব বাবু হেলিকাপ্টারে মেদিনীপুর ঘুরে এসে তিনি বললেন মিলিটারিকে আরও ব্যাপক ম্যাসিভ ইনভলভমেন্ট করতে হবে। রাজ্যের মুখ্যসচিব ঐ একই তারিখে বলেছেন ম্যান পাওয়ারের সটেজ, আমাদের প্রচুর লোক চাই।

কলকাতা নাগরিকদের কাছে তিনি আবেদন জানালেন আপনারা রিলিফের কাজে নামুন। কেন কো-অর্ডিনেশান কমিটির উপর পক্ষপাতিত্ব, শুধু তাদের ডাকলেন আর সবাইকে ডাকলেননা কেন? কারণ এদের ধারণা পুলিশ, পার্টি এবং প্রশাসন অভ্রান্ত, এরা সব কিছু করতে পারে, এরা তিনজন মিলে এক হয়ে তুড়ি মারলে রাজ্যের সব কাজ তারা করতে পারবে। তারা অসাধ্য সাধন করতে পারবে এবং সঙ্গে সঙ্গে দেশের মানুষ মন্ত্র বলে উদ্ভূত হয়ে যাবে। তারা মনে করেছেন এখন বন্যার স্রোতের মত কেন্দ্র সরকার থেকে টাকা আসুক। পুলিশ, পার্টি এবং প্রশাসানের খাতে এবং পঞ্চায়েতের খাতে এই টাকা প্রবাহিত হলেই পশ্চিমবাংলা নতুন জীবন লাভ হবে—এটা ভুল ধারণা। ওরা জেনে রাখুন যে, এইভাবে পশ্চিমবাংলার পুনর্গঠন হতে পারে না। পশ্চিমবাংলার মানুষকে সব দল, মত নির্বিশেষে ডাক দিতে হবে। মুখ্যমন্ত্রীর কাছে আবার বলছি যে, আপনারা এই সুযোগে কাদা ছোড়াছুড়ি না করে পশ্চিমবাংলাকে পুনর্গঠিত করবার জন্য—পুনর্গঠনের জন্য ব্যাপক অর্থ নৈতিক পুনর্গঠনের পরিকল্পনা নিয়ে আসুন। সেই পরিকল্পনা নিয়ে পশ্চিমবাংলাকে পুনর্জীবিত করবার চেষ্টা করুন। আমি আগেই বলেছি এবং বার বার বলেছি ৬ই সেপ্টেম্বর আমি প্রথম প্রধানমন্ত্রীকে লিখেছিলাম এবং বলেছিলাম যে ব্যাপক সাহায্য আমাদের পাঠান এবং সাহায্য ছাড়া পশ্চিমবাংলাকে বাঁচানো যাবে না। আমাদের জনতা পার্টির পক্ষ থেকে হরিপদবাবুও বলেছেন, আমরাও বার বার বলেছি, আমরা দিল্লিতে গিয়ে বলেছি, আবার বলেছি এই হাউসে যে পশ্চিমবাংলা সরকারের যা কিছু রিজিনেবুল, যা কিছু ডিমাণ্ড করবেন পশ্চিমবাংলার জনগনের স্বার্থে, বন্যাক্লিষ্ট মানুষকে বাঁচানোর জন্য, তাদের পুনর্গঠনের জন্য প্রত্যেকটি দাবীর পিছনে আমরা আছি।

কিন্তু অমরা চাই যে আপনারা এইভাবে সংঘর্ষের ক্ষেত্র প্রস্তুত করে অন্য দলকে গ্রাস করবার চেষ্টা করবেন না। আপনারা পঞ্চায়েতে অন্য দলকে কাজ করতে দিচ্ছেন না। আপনারা গণতন্ত্রের কথা বলছেন কিন্তু সমস্ত দলকে শেষ করে দিচ্ছেন।

আমার শেষ কথা, আমি অর্থমন্ত্রীর বিবৃতি দেখেছি, তিনি বলেছেন সেভেন্টি পারসেণ্ট এইট্‌টি পারসেণ্ট ভোট আমরা পেয়েছি। কিন্তু অর্থনীতিতো এভাবে চলেনা, সিক্সটি পারসেণ্ট সেভেন্টি পারসেণ্ট এইভাবে জাম্প করে করে তো চলেনা, উনি অর্থমন্ত্রী আমরাতো সাধারণ, আমরা অর্থনীতিবিদ্ নই, আমার ভুল হতে পারে কিন্তু উনিতো অর্থনীতি বিশারদ, ওঁর কাছে আমি এই জিনিষ আশা করিনি। একটা হাইপোথিটিক্যাল প্রশ্ন ধরুন, ধরুন একটা গ্রামে টোটাল মানুষ সংখ্যা আছে ১০ জন।

সে গ্রাম বন্যায় বিধ্বস্ত হয়ে গেল। সেই গ্রামে সি. পি. এম. আছে, জনতা আছে, কংগ্রেস আছে, শিশু বৃদ্ধ আছে, বন্যাতো আর কাউকে বিচার করেনি। এখন এই ১০ জন লোকের মধ্যে ধরুন সাতজন ভোটার, সবাইতো আর ভোটার হয়না, ধরুন এইট্‌টি পারসেন্ট এ্যাডাল্ট ভোটার অথবা তিনজনও ভোটার হতে পারে। এই সাতজন ভোটার হলেও সবাইতো আর ভোট দেননা, ধরুন ৫ জন ভোট দিলেন, এর মধ্যে সবাই আছে, ধরুন এর ৪ জন সি. পি. এম-এর আর একজন নন সি. পি. এম-এর লোক, তাহলে বাকী থাকল ৬ জন। তাহলে আপনারা ফোর্টি পারসেন্ট-এর ভোট পেয়েছেন। ১০ জনের মধ্যে চার জনের পেয়েছেন এটা ধরলে। তাহলে রিলিফ অল্‌ পার্টি'র প্রয়োজন আছে কিনা ? যারা ক্ষতিগ্রস্থ তারা সরকারের কাছে যায়। সেজন্য আমি আবার বলছি রাজ্য সরকারের পার্টি প্রেস্টিজের প্রশ্ন নেই। আপনারা সকলের সাহায্য নেবার চেষ্টা করুন, সব লোকের সাহায্য নিন, এবং বেসরকারী সংস্থাগুলিকে স্বাধীনভাবে কাজ করার সুযোগ দিন, সরকারী অফিসারদের কাজ করবার সুযোগ দিন, রাজনৈতিক ইণ্টারফিয়ারেন্স বন্ধ করুন। আমরা চাই জনগনকে সুযোগ দিন, এবং বিভিন্ন রাজনৈতিক দল আছে তাদের ডাকুন, ডেকে তাদের পরামর্শ নিন এবং প্রধানমন্ত্রী যে পরামর্শ দিয়েছেন, চন্দ্রশেখরজী যে বন্ধুত্বপূর্ণ পরামর্শ দিয়েছেন, সর্বদলীয় স্তরে কমিটি করুন, সবাইকে ডাকুন এই অনুরোধ করছি, আমি আবার বলছি যে আমরা এটা চাই, আজকে পশ্চিমবঙ্গ দারুন সঙ্কটে, আসুন সবাই মিলে এক জায়গায় সর্বস্তরের জনগনকে তৈরী করি, জনকমিটি করি, দেশকে সেবা করি, দেশের মানুষের দুঃখ দূর করি, দুর্গতি দূর করি।

**শ্রীসুনীতি চট্টরাজ :** মাননীয় স্পীকার স্যার, * * * * * * * * * * * * * * * আমি সেই প্রবাদের দিকে লক্ষ্য রেখে, উদ্দেশ্য করে বলছি, বর্তমান বামফ্রন্ট সরকারকে অনুরোধ করছি কেন্দ্রের সঙ্গে তাঁরা ঝগড়া করছেন, কেন্দ্রের উপর তাঁরা মাঝে মাঝে হুমকি দিচ্ছেন, চ্যালেঞ্জ করছেন। এতে আমার কিছু আসে যায় না। ক্ষমতা বিবেচনা করে, অবস্থা বিবেচনা করে, যদি কেন্দ্রের সঙ্গে ঝগড়া করেন, আমরা মেনে নিতে পারি, কিন্তু এর মধ্যে যদি রাজনীতি থাকে তো সেই রাজনীতিকে আমি ঘৃণা করি। পশ্চিমবাংলার বুকে আমি শুনতে পাচ্ছি আজকে বিভিন্ন সি. পি. এম. অফিসে আলোচনা হচ্ছে—বন্যাকে কেন্দ্র করে আমরা যদি সুযোগ পাই কেন্দ্রের বিরুদ্ধে

Note : * Expunged by the order of the chair.

গালাগাল দিয়ে পশ্চিমবাংলার মানুষের মানসিকতা তৈরী করব যাতে পশ্চিমবাংলাকে কেন্দ্র থেকে সরিয়ে আনতে পারি। আমি তাদের জানিয়ে দিচ্ছি তাঁরা মূর্খের স্বর্গে বাস করছেন। কেন্দ্রকে পশ্চিমবাংলার থার্টিসেভেন পারসেন্ট মাস্ সমর্থন করেছে, সেই থার্টিসেভেনের ফিফটি পারসেন্ট চায় না পশ্চিমবাংলা কেন্দ্র থেকে সরে আসুক। তাই মাননীয় অর্থমন্ত্রীকে বলছি যে অকারণ ঝগড়াঝাটির মধ্যে গিয়ে পশ্চিমবাংলার সর্বনাশ করবেন না। পশ্চিমবাংলা আজকে দারুণ ক্ষতিগ্রস্ত। পশ্চিমবাংলার গ্রামে গঞ্জে—

( নয়েজ )

অশোকবাবু আপনি পশ্চিমবাংলার গ্রামে গঞ্জে যাননি, আপনাদের মন্ত্রীরা গিয়েছেন, তাঁদের কাছে জিজ্ঞাসা করুন, পরিষ্কার চিত্র তুলে ধরুন, আপনার মনের মধ্যে বেদনা আসবে, আপনি বুঝতে পারবেন না পশ্চিমবাংলার গ্রামে গঞ্জে মানুষেরা দারুন যন্ত্রণায় কি ছটফট করছে।

[ 3-10—3-20 P. M. ]

তাহলে আপনারা উপযুক্ত কথাগুলো বলতেন। সেদিনের কথায় আসি। আমি জ্ঞান দেবো না। কারণ, চোরা না শোনে ধর্মের কাহিনী। তাই জ্ঞান দিয়ে লাভ নেই। সেদিনের ঘটনায় আসি। আপনারা জানেন কংগ্রেস আমলে বন্যা এসেছে। ওরা ৩০ বছরের কংগ্রেস শাসনকে গালাগালি দেন। কিন্তু আমি দায়িত্ব নিয়ে বলি কংগ্রেস আমলে যখন বন্যা এসেছিল সাধারণ মানুষ ওয়ারনিং পেয়েছিল। ওয়ারনিং বলে একটা জিনিষ আছে, সেচ দপ্তর সেটা জানে কিনা জানি না। বন্যার দিন আমি সদর হেড কোয়াটার্সে উপস্থিত ছিলাম। এইবার লক্ষ্য করলাম যখন বন্যার জল ঢুকতে লাগলো তার ২৪ ঘণ্টার মধ্যেও ওয়ারনিং আমার কানে আসে নি, কোন মানুষও পায় নি। যদি পেতো নিজের জীবন নিয়ে চলে যেতো পারতো অন্য জায়গায়। তার জীবনহানি ঘটতো না। গরু-ছাগল নিয়ে বেঁচে যেতে পারতো। সেচ দপ্তরের এই গাফিলতির জন্য এইটা হয়েছে। এইটা ওরা জানেন প্রশাসন দুর্বল। শরিকে শরিকে লড়াই। সেচ দপ্তরের নীচের তলার কর্মীরা জানেন এইসব হচ্ছে। তাই প্রশাসন দুর্বল হয়ে পড়েছে। তাই তারা সতর্কবাণী করলো না। কোন সতর্কবাণী হল না। গ্রামে জল ঢুকে মানুষকে ধুইয়ে নিয়ে গেলো। রাইটার্স বিল্ডিংসের এয়ার কনডিশাণ্ড রুমে বসে আকাশবাণী মারফত যেমন ইচ্ছে প্রচার চালিয়েছেন। দুর্ভাগ্যবশতঃ প্রচার বিভিন্ন

রকমের। রেসকিউ করার জন্য আমরা বেরোচ্ছি বলা হয়েছে সিউড়িতে ২৯টা বোট নামানো হয়েছে, সিউড়ি শহর ১৫ ফিট জলের তলায়, সেখানে মিলিটারি অপারেশান চলছে। সাধারণ প্রচার করা হয় নি, অপপ্রচারে মানুষকে বিভ্রান্ত করা হয়েছে। আমি স্যার, জানি, এই অপপ্রচার করে..........

**শ্রীরাম চ্যাটার্জী ঃ** Sir, On a Point of order.

**মিঃ স্পীকার ঃ** Why are you interrupting, please sit down.

**শ্রীরাম চ্যাটার্জী ঃ** Sir, I am on a point of order.

**মিঃ স্পীকার ঃ** Please sit down.

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** এই তো গেলো প্রশাসনিক ব্যর্থতার কথা। তারপর আপনি জানেন তিলপাড়া ব্যারেজ এবং ম্যাসেঞ্জোর.........

**শ্রীদিলীপকুমার মজুমদার ঃ** On a point of order, Sir.

**শ্রীমহম্মদ সোহরাব ঃ** স্যার, গতকাল এই দিক থেকে যখন পয়েন্ট অফ অর্ডার তোলা হয়েছিল বক্তৃতার মধ্যে তখন ডেপুটী স্পীকার বলেছিলেন লেট হিম ফিনিশ। আগে ওর বক্তৃতা শেষ করতে দিন তারপর আপনার পয়েন্ট অফ অর্ডার হবে। আজকেও তাই হোক। আগে সুনীতিবাবু বক্তৃতা শেষ করুন, তারপর পয়েন্ট অফ অর্ডার হবে।

**মিঃ স্পীকার ঃ** ( শ্রীদিলীপ মজুমদারকে উদ্দেশ্য করিয়া ) আপনি বসুন।

মাননীয় স্পীকার স্যার, আমি যে কথা বলছিলাম। ওঁদের এতো রাগের কারণ কি, আমি তো শুধু ওয়ারনিংয়ের কথা বলেছি মাত্র এখনও মূল কথায় যায়নি তাইতেই এতো ? ওয়ারনিংয়ের কথা যে বললাম এটা বাস্তব কথা। তারপর বলছি ম্যাসেঞ্জোর থেকে জল ছাড়া হোল। আমি এর আগের বন্যা -দেখেছি আমি এই দপ্তরের মন্ত্রী ছিলাম তাই আমি জানি ম্যাসেঞ্জোর থেকে যখন জল ছাড়া হয় তিলপাড়া ব্যারেজে সিসটেমিটিক্যালি তেমনি প্রোপোরসনেটলি গেট অপারেট করা হয়। এখান থেকে যে অনুপাতে জল ছাড়া হয় সেই অনুপাতে তিলপাড়া থেকে জল ছেড়ে দেওয়া হয়। কিন্তু ঐ দিন কি দেখলাম যখন ম্যাসেঞ্জোর থেকে জল ছাড়ছে কোন ওয়ারনিং নেই হঠাৎ জল ঢুকে গেল তিলপাড়াতে তিলপাড়ার গেট থেকে জল উপচে পড়ছে। আর ওখানে প্রশাসনের কর্মীরা তাঁবু গেড়ে ড্রিঙ্ক করছে ফিষ্ট করছে। স্যার, অত্যন্ত

দুর্ভাগ্যজনক কথা। তখন ওখানকার পলিটেকনিকের কর্মীরা আনঅফিসিয়াল ইঞ্জিনীয়াররা আমাদের রিকোয়েষ্টে পরে গিয়ে গেট খুলে জল থেকে লোকদের বাঁচায়। এর পরে কি লক্ষ্য করলাম স্যার, তিলপাড়া ম্যাসেঞ্জোরের প্রেসার সহ্য করতে না পেরে তিলপাড়ার রাইট সাইড ভেঙ্গে পড়ে গেল। এখানে একটা কথা আছে। গভর্ণমেণ্টের তরফ থেকে বলা হচ্ছে তদন্ত হবে প্রপার এনকোয়ারী নাকি হবে। আমি এই প্রসঙ্গে বলি অত্যন্ত দুর্ভাগ্যজনক গতকাল শুনলাম আমি লক্ষ্য করেছি আমি দেখেছি সেচমন্ত্রী এই বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী কি বলেছেন। যাঁরা রাজনীতি করেননা এমন অনেক জনসাধারণ বলাবলি করতে আরম্ভ করেছে সুনীতি বাবু তিলপাড়া নিয়ে তদন্ত হচ্ছে কিন্তু আমাদের কাছে খবর আছে প্রমাণ আছে যে লক্ষ লক্ষ টাকা লেনদেন হয়ে গেছে রিপোর্ট কি হবে তা আমরা জানি। কেন একথা বলছে ? আমি দায়িত্ব নিয়ে বলছি গতকাল সেচমন্ত্রী জানালেন যে তিলপাড়া ব্যারেজের ঐ সাইডটা কাঁচা এমব্যাঙ্কমেণ্ট তাই ভেঙ্গে গিয়েছে এটা কংক্রীট ছিল না। তাই ওরা বলছে এনকোয়ারী রিপোর্ট কি হবে তা ওদের জানা আছে। এইরকম ইনফ্লুয়েণ্ট করছেন ডাইরেক্ট করছে থ্রু এসেম্বলী যে তিলপাড়া ব্যারেজ এইজন্য ভেঙ্গে গিয়েছিল কংক্রীট ছিলনা বলে। যেখানে এই ধরণের এনকোয়ারা হছে সেই এনকোয়ারী কমিশনকে ইনফ্লুয়েন্স করতে পারেন কিনা সেটা আমি আপনার কাছে জানতে চাই। অত্যন্ত দায়িত্বশীল আসনে বসে মন্ত্রী এই রকম উক্তি করতে পারেন কিনা। মাননীয় স্পীকার মহাশয় আমি আপনার মাধ্যমে বলি পরের ঘটনা কি। তিলপাড়া ব্যারেজ থেকে জল ছাড়তে আরম্ভ করলো ওখানে মানুষ যারা থাকে তারা চলে যেতে পারতো যদি তাদের ওয়ারনিং দেওয়া হতো। কিন্তু কোন ওয়ারনিং যায়নি। স্যার যখন কাঁদিতে জল পৌঁছালো আমরা লক্ষ্য করলাম কাঁদিতে কোন ওয়ারনিং গেলনা—মানুষ জলে ভেসে গেল। স্যার, আমরা কি আশা করবো এই প্রশাসনের কাছ থেকে ? প্রশাসন ব্যার্থ সেচ দপ্তরে ব্যার্থ।

( গোলমাল

আপনারা হাসছেন ? তা তো হাসবেন লাফাবেন। কিন্তু আমি পদত্যাগ চাইবো না আমি মূর্খ নই –আমাদের পদত্যাগ চাইবার কোন অধিকার নেই। আমি আপনাদের বলে দিচ্ছি আমি মূর্খ নই। তবে আমি বলে দিচ্ছি যতই হাসুন বোকার মত আর যত চেষ্টা করুন পশ্চিমবাংলার মানুষ আপনাদের ক্ষমা করবে না। বোকারা তিনবার হাসে—আপনারা তিনবার হেসে ফেলেছেন। এর পরে কি করবেন পরের কথা।

[ 3-20—3-30 P.M. ]

আমি চীফ সেক্রেটারির কাছ থেকে একটি কথা দেখতে পাচ্ছি। প্রশাসনের সঙ্গে জড়িত নয় একটি পরিষ্কার চিত্র দেখতে পাচ্ছি। চীফ মিনিষ্টারকে দেখতে পাচ্ছি বম্বেতে তিনি কাগজে একদিকে রেখা আর একদিকে সায়রাবান্নুর সঙ্গে দাড়িয়ে আছেন—পরিষ্কার চিত্র আমরা পাচ্ছি না, এটা আমরা খুব বিনয়ের সঙ্গে আপনার কাছে নিবেদন করছি। আজকের কাগজে আছে, আমার কথা নয়, এই প্রশাসনের চীফ সেক্রেটারী বলছেন ১৭ই মার্চের মধ্যে যে টাকা পেয়েছি সমস্ত টাকা বন্যা খাতে যত তাড়াতাড়ি খরচ করে দিতে পারব তত ফারদার এড ফ্রম সেণ্টার আমরা পাব। আমার কথা নয় স্যার চীফ সেক্রেটারী এই কথা বলছেন। চীফ সেক্রেটারী বলছেন না অপ্রতুল, যথেষ্ট নয়। কাজেই এটা স্যার, আমার পক্ষে বোঝা খুব ডিফিকাল্ট হয়ে যাচ্ছে। অপ্রতুল কারা বলছেন? যারা মুখ্যমন্ত্রী পার্টির—মুখ্যমন্ত্রী ষ্টেটমেণ্টে বলেছেন, সি. পি. এম. অফিস বলছে—স্যার, সি. পি. এম. অফিসের বন্যার পরে ১৭ বস্তা চাল, কয়েক হাজার টাকা, বস্তা বস্তা কাপড়—প্রশাসন অফিসে নয়, সি. পি. এম. অফিসে ১½ বছর আগে যেখানে একটা ভাঙ্গা তালাও জুটত না, সেখানে কি এমন অবস্থা ঘটল যে ১৭ বস্তা চাল, হাজার হাজার টাকা, বস্তা বস্তা কাপড়—কিসের টাকা, কোথা থেকে এল? সেন্ট্রাল এত বোকা নয়, সেন্ট্রালের মাথায় বুদ্ধি আছে, সেন্ট্রালের কাছে রিপোর্ট গেছে, তাই সেন্ট্রাল বলছেন রিপোর্ট দাও, তোমরা অযথা অপব্যয় করছ, মিস ইউজ অব মানি হচ্ছে, তোমরা হিসাব দাও, তারপরে টাকা দেব। চীফ সেক্রেটারী বলছেন না অপ্রতুল। তিনি ডি. এম. দের বলেছেন খরচ কর, টাকা সেন্ট্রাল থেকে আনতে হবে। সেন্ট্রাল আর্গুমেণ্টস সেক কি করবেন জানিনা, আজকে যদি তারা সেন্ট্রাল এ্যাসিসট্যান্স বন্ধ করে দেন, কাট ইওর কোট এ্যাকর্ডিং টু ইওর ক্লথ বলেন তাহলে কি অর্থমন্ত্রী চীন বা রাশিয়া থেকে টাকা এনে দেশকে বাঁচাতে পারবেন, তিনি কথা দিন? অর্থমন্ত্রীর উপযুক্ত হিসাব না পেয়ে আজকে যদি সেন্ট্রাল এ্যাসিট্যান্স বন্ধ করে দেয় তাহলে কি অর্থমন্ত্রী ডঃ অশোক মিত্র চীন বা রাশিয়া থেকে টাকা এনে পশ্চিমবাংলাকে বাঁচাতে পারবেন—আমরা এটা জানাতে চাইছি। পারবেন না। তাই আপনাদের কাছে একটা স্পষ্ট চিত্র, ইঙ্গীত কাশীকান্ত মৈত্র মহাশয় উপযুক্ত ষ্ট্যাটিসটিক্স দিয়ে তুলে ধরলেন—এর পরেও আপনারা হাসছেন? স্যার, ওরা ঘেউ ঘেউ করছে, ওদের করতে দিন, আমি ওদের কথায় কর্ণপাত করিনা। তাই আমি অর্থমন্ত্রীকে বলছি চীফ মিনিষ্টারের বক্তব্য দেখলাম, সেখানে কোন পরিকল্পনা দেখতে পেলামনা। স্যার, অত্যন্ত বেদনার কথা মুখ্যমন্ত্রীর

যে ষ্টেটমেন্ট পেলাম তাতে কোন পরিকল্পনা নেই দেখতে পেলাম। কোথায় কোথায় কি'ভাবে মানুষের কাছে ত্রাণ পৌঁছে দেব. কোথায় ঘর করব, কি কি করব, এইসব কোন পরিকল্পনা নেই, কি ক্ষতি হয়েছে এসব নেই। কেবল সেন্ট্রালের কাছ থেকে টাকা এনে সেই টাকা আজকে বাঁ-পথে আলিমুদ্দিন ষ্ট্রীটের বাড়ীর মাঝখান দিয়ে কি করে পার্টি'কে দাঁড় করানো যায়—ইনডাইরেক্ট ওয়েতে ইঙ্গীত পেলাম—বন্যা হলে বন্যার পরে রিলিফ দরকার। রিলিফকে কেন্দ্র করে আজকে আলোচনা হচ্ছে—মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি, এই মন্ত্রীসভা রিলিফকে এতটুকুও গুরুত্ব দেয়নি, দলবাজীকে গুরুত্ব দেয়। কেন? স্যার, আমি তার একটা প্রপার একজাম্পল্ দিচ্ছি। রিলিফ নিয়ে আলোচনা হচ্ছে, অথচ রিলিফ মন্ত্রী এখানে নেই। রিলিফ মন্ত্রী কোথায়। রিলিফ মিনিষ্টার নেই। আজকে মাত্র রিলিফ মিনিষ্টার, ল্যাংমারা, ধাক্কা দেওয়া মিনিষ্টার, সবই অশোক মিত্র—স্যার, আপনার দৃষ্টি আকর্ষণ করছি, আপনি রিলিফ মিনিষ্টারকে একটু গুরুত্ব দিতে বলুন, তিনি হয়ত বলবেন আমার কোন উপায় নেই, মাননীয় মুখ্যমন্ত্রী সমস্তই অর্থমন্ত্রীর উপর সঁপে দিয়েছেন। আমি আপনার কাছে অনুরোধ করছি মাননীয় রিলিফ মিনিষ্টারের কাছে হাজার হাজার অভিযোগ পাঠিয়েছি।

মাননীয় রিলিফ মিনিষ্টারের কাছে হাজার হাজার অভিযোগ পাঠিয়েছি। কি অভিযোগ? দলবাজির অভিযোগ। যেখানে স্যার ওদের প্রধান নেই আমাদের প্রধান সেখানে আমাদের প্রধান যে লিষ্ট দিচ্ছেন জি. আর.-এর আমাদের প্রধান যে টি. আর-এর স্কীম দিচ্ছেন বা কাপড়ের লিষ্ট দিচ্ছেন সেখানে সেটা গ্রাহ্য হচ্ছে না সেখানে আর একটা অন্য লিষ্ট দেওয়া হচ্ছে। আমি দায়িত্ব নিয়ে বলছি স্যার, জেলা-পরিষদ থেকে নির্বাচিত সদস্য আগমার্কা যেখানে সি. পি. এম—আর. এস. পি. বা ফরোয়ার্ড ব্লক নয়—সেই সদস্য যে লিষ্ট দিচ্ছেন সেই লিষ্ট গ্রাহ্য হচ্ছে। স্যার, আমি ধন্যবাদ দিতে বাধ্য হচ্ছি হেলথ ডিপার্ট'মেন্টকে কারণ আমাদের জেলাতে তাদের সার্ভিস আমরা পেয়েছি। আমি ধন্যবাদ দিচ্ছি ভারত সেবাশ্রম সঙ্ঘকে কারণ তাদের সার্ভিস আমরা আমাদের জেলায় পেয়েছি এবং পশ্চিমবাংলার বিভিন্ন জেলার লোকরা পেয়েছেন। আমি ধন্যবাদ দিচ্ছি রামকৃষ্ণ মিশন আশ্রমকে কারণ তাদের সার্ভি'সও বিভিন্ন জেলার লোকরা পেয়েছেন, দুস্থ মানুষের পাশে গিয়ে তারা দাঁড়িয়েছেন। এর সঙ্গে সঙ্গে স্যার, আমি ধন্যবাদ দিচ্ছি শ্রীকমল গুহ মহাশয়কে। যখন কোন বোট রিলিফের মাল নিয়ে পৌঁছায়নি, যখন সিউড়ি তথা বীরভূমের মানুষ যথাসাধ্য চেষ্টা করে প্রতিটি মানুষকে রেসকিউ করছেন তখন ৭/৮ দিন পরে আমরা দেখলাম শ্রীকমল গুহ

মহাশয় হেঁটে গেলেন। তাঁকে আমি এজন্য ধন্যবাদ দিচ্ছি। কিন্তু স্যার, দুঃখের কথা কমল গুহ মহাশয় যে ইনসট্রাকসান ডি. এমকে এবং বি. ডি. ও-দের দিয়ে এলেন তারপরের দিন যখন আর একজন মন্ত্রী গেলেন—আমি তাঁর নাম করছি না—( ভয়েস : নাম বলুন। ) শ্রীবিনয় চৌধুরী। স্যার, কমলবাবু বিভিন্ন মানুষের কাছে গেলেন কিন্তু বিনয় চৌধুরী মহাশয় পার্টি অফিসে গেলেন এবং সেখানে মিটিং হল। তারপর আমরা প্রশাসনের কাছ থেকে শুনলাম-বি. ডি. ও-দের কাছ থেকে— গোপনভাবে আলোচনা হয়েছে যে কমলবাবু ফরোয়ার্ড ব্লকের মন্ত্রী, তিনি যে ইন্সট্রাকসান দিয়েছেন সেগুলি পালন করেবেন না, আমি সি. পি. এম-এর মন্ত্রী, আমি যে ইন্সট্রাকসান দিচ্ছি সেটা পালন করবেন। স্যার, জঘন্য ব্যাপার। কমলবাবু ভাল ইন্সট্রাকসান দিয়ে এলেন সেগুলি শোনা হল না। তারপর স্যার, আরো শুনুন, এরা কেন্দ্রের নামে বদনাম দেবার জন্য বিভিন্ন জায়গায় জনসভা করলেন। অত্যন্ত দুঃখের কথা, মুখ্যমন্ত্রী রিলিফের পর কোন গ্রামে গেলেন না অথচ তিনি জনসভা করতে গেলেন বিভিন্ন জেলার হেড-কোয়ার্টারে। আমি স্যার, অত্যন্ত বেদনার সঙ্গে বলছি, তিনি সিউড়িতে যেখানে জনসভা করলেন তার থেকে ২০ হাত দূরে একটি গ্রাম গরুইঝোড়া গ্রাম, যেটা একেবারে নিশ্চিহ্ন হয়ে গিয়েছে, মাননীয় মুখ্যমন্ত্রী সেই গ্রামটি একবার দেখতে গেলেন না। স্যার, জনসভায় মাননীয় মুখ্যমন্ত্রী বক্তৃতা দেবার সময় প্রধানমন্ত্রীকে দোষ দিলেন এই বলে যে, তিনি আসছেন না, অথচ আমার কনষ্টিটিউয়েন্সীতে যেখানে তিনি জনসভা করলেন তার থেকে মাত্র ২০ হাত দূরের ঐ গরুইঝোড়া গ্রাম যেটি একেবারে নিশ্চিহ্ন হয়ে গিয়েছে সেটি দেখবার ইচ্ছা বা সেখানে গিয়ে সেখানকার মানুষকে সমবেদনা জানাবার ইচ্ছা একবার তিনি প্রকাশ করলেন না। তিনি জানেন তাদের সংখ্যাগরিষ্ঠতা আছে, ওরা যখন বলবে তখন টুঁটি চেপে ধরবো। কিন্তু এটা চিরদিন চলতে পারে না, ইতিহাসের চাকা একদিন ঘুরবেই। আজকে ওরা যতই লাফান, যতই ঘেউ ঘেউ করুন ইতিহাসের চাকা একদিন ঘুরবেই এবং এর ফল একদিন ওরা পাবেনই। আজকে আমি তাই ওদের সাবধান করে দিয়ে বলতে চাই, দলবাজি না করে, অকারণে কেন্দ্রের উপর বিষোদ্গার না করে পশ্চিমবাংলার মানুষকে বাঁচাবার চেষ্টা করুন, পশ্চিমবাংলার মানুষকে নিয়ে রাজনীতি করবার চেষ্টা করবেন না। জয়হিন্দ। বন্দেমাতরম্।

**শ্রীপ্রভাস চন্দ্র রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি পারসোনাল এক্সপ্লানেসান দিতে চাই। আমি উপরে বসে শ্রীসুনীতি চট্টরাজ মহাশয়ের বক্তৃতা শুনছিলাম। তিনি তাঁর বক্তৃতার মধ্যে উল্লেখ করলেন যে আমি তিলপাড়া ব্যারেজ ভাঙ্গার ব্যাপার নিয়ে বিভিন্ন কথার এখানে উল্লেখ করেছি। কথাটি সঠিক নয়, আমি

এর প্রতিবাদ করছি। আপনি আনন্দবাজার দেখাবেন তো? আনন্দবাজার আমার ব্যাগেও আছে, আমি পড়েছি। তিনি উল্লেখ করেছেন ঠিকই, আমাদের মধ্যেই একজন মন্ত্রী—আকি তাঁর নামটা বলছি না, আপনারা হয়ত জানেন যদি সেই সময় এখানে উপস্থিত থেকে থাকেন—যদি মনে হয় আমি ভুল বলছি তাহলে টেপ রেকর্ডার বাজিয়ে শুনে নিতে পারেন—আমি ময়ূরাক্ষীর কথার একটু উল্লেখ করেছিলাম এক সময় যেহেতু অতীশবাবু সেটা তুলেছিলেন যে সেখানে কেন আপনারা ফ্লাড কন্ট্রোল ষ্টেশন করলেন না।

[ 3-30—4-00 P. M. ]

( Including Adjournment )

তুমকার ব্যাপার নিয়ে উত্তর দিয়েছি, অনেক লোককে তুলতে হবে বিহার থেকে, বিহারের ইরিগেশন মিনিষ্টারের সঙ্গে কথা বলেছিলাম এবং অনুরোধ করেছিলাম এই ব্যাপারে, তিনি বলেছেন এই অনুরোধ তিনি রাখতে পারবেন না কিন্তু তিলপাড়া ব্যারেজ নিয়ে আলোচনা করিনি। ভক্তিবাবু কথাটা তুলেছিলেন, সেটা আমি এখানে বলতে চাইছিলাম না।

**শ্রীদিলীপকুমার মজুমদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অন এ পয়েন্ট অব প্রিভিলেজ, দুঃখের সঙ্গে বলতে বাধ্য হচ্ছি, কিছুক্ষণ আগে মাননীয় সদস্য সুনীতি চট্টরাজ মহাশয় তাঁর বক্তৃতা করার সময় পশ্চিমবঙ্গের নির্বাচিত সরকার এবং কেন্দ্রের নির্বাচিত সরকার এই দুটি সরকারকে এ্যালসেসিয়ান কুত্তা এবং লেড়ি কুত্তার ঝগড়া বলে বলতে চেয়েছেন। এটা পরিষদীয় ভাষা কি না আপনার কাছে তা জানতে চাইছি। তা ছাড়া যিনি এই ভাষা ব্যবহার করেছেন তাঁকে তো চুরি, দুর্নীতি এবং স্বজন পোষণের অপরাধে তাঁর পার্টির গভর্ণমেন্ট তাঁর মন্ত্রীত্ব থেকে তাড়িয়ে দিয়েছিল, তাঁকে এই সব বলার অধিকার কে দিল? আর একটি ব্যাপার, যখন মাননীয় সদস্য জনতা পার্টিকে এ্যালসেসিয়ান কুত্তা বললেন তখন জনতা পার্টি থেকে হাত তালি দিতে দেখলাম। সুতরাং এই কথাগুলি এক্সপাঞ্জ করে দেওয়া হোক এবং প্রিভিলেজ কমিটিতে পাঠানো হোক।

**মিঃ স্পীকার ঃ** আপনার প্রিভিলেজ প্রস্তাব আপনি লিখিতভাবে দেবেন, তারপর আমি দেখবো।

[ At this stage the House was adjourned till 4 p. m. ]

[ 4-00 – 4-10 P. M. ]

**শ্রীপ্রশান্তকুমার শূর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বন্যার উপর মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যে বিবৃতি দিয়েছেন তিন দিন ধরে তার উপর আলোচনা শুনলাম। আমার মনে হলো বন্যার ভয়াবহতা বিরোধী দলের সদস্যদের মনে কোন রেখাপাত করতে পারেনি। আমি সেই সময়কার দু-একটি খবরের কাগজ থেকে উদ্ধৃতি দিচ্ছি। ২৮শে সেপ্টেম্বর' যুগান্তর' লিখেছেন—"শতাব্দীর সর্বাধিক বৃষ্টি, প্রলঙ্কর কাণ্ড, যান অচল ট্রেন বাতিল, পাম্পিং স্টেশন বন্ধ, বস্তীর অবস্থা চরমে, বহু অঞ্চল জলের তলায়, বৃষ্টি চলছে, চলবে, চেরাপুঞ্জী পরাজিত, এই শতাব্দীতে ২৪ ঘণ্টায় এত ব্যাপক প্রবল বৃষ্টি কখনও হয়নি, আলিপুরের আবহাওয়া অফিস জানাচ্ছেন, মঙ্গলবার থেকে বুধবার পর্যন্ত বৃষ্টির পরিমাণ ছিল ৩০.৯ মি. মি. অর্থাৎ ৩১ সেন্টিমিটার। বৃষ্টিপাতের রেকর্ড চেরাপুঞ্জিকে হার মানাতে চলেছে কলকাতা।" স্টেস্‌ম্যান লিখছেন City cut off from the rest of the country. Heavy rain continues. Complete break-down of water supply system. অনেকে বলেছেন হুশিয়ারী দেওয়া হলো না কেন? আমি ৩০শে সেপ্টেম্বরের স্টেস্‌ম্যানে "সাইক্লোনিক ষ্ট্রোক মে হিট সিটি" এই লেখাটা পড়ছি "A Cyclonic Storm May Hit City—A very tricky situation has developed and a depression which has already caused havoc seems to be defying predictable norms of behaviour An unusual phenomenon which cannot be explained by the standards of whatever little signs mateorology claims itself to be....Till Friday evening the total rainfall during the period was as much as 78. 1 mm, the highest ever recorded in the region for such a short period." এই ভয়াবহতার কথা আমাদের বিরোধী দলের সদস্যরা কতদূর বুঝেছেন তা আমি জানি না, তবে আমি যেটা বলতে চাইছি সেটা হচ্ছে বামফ্রন্ট সরকার তাৎক্ষণিক কাজ করেছেন। এই জিনিষ আমার কাছে আছে।

আমি সরকারে বা বিধানসভায় ছিলাম না—সেখানে অনেক মন্ত্রী আছেন যাঁরা বিধানসভায় ও মন্ত্রীত্বে ছিলেন। কিন্তু আমি দীর্ঘদিন কংগ্রেস মন্ত্রীত্ব দেখেছি। বন্যা এর আগে হয়েছে কিন্তু তাঁরা কিভাবে কাজ করেছেন তা আমি দেখেছি, আর আমরা কিভাবে কাজ করেছি সেটা বলছি। ২৮শে সেপ্টেম্বর যুগান্তরের কথা—'দমকল মহাকরণে'। এই প্রচণ্ড দুর্যোগপূর্ণ আবহাওয়ার মধ্যে মুখ্যমন্ত্রী জ্যোতি বসু তাঁর মন্ত্রীসভার ৭ জন সহকর্মী বুধবার মহাকরণে এসেছিলেন। চীফ সেক্রেটারী সহ ৫ জন সেক্রেটারী এসেছিলেন। জ্যোতি বসু প্রশান্ত শূর মহাশয় আসেন দমকলের গাড়ীতে, ঐ গাড়ীটি

গেটের মধ্যে ঢুকতে না পারার জন্য মুখ্যমন্ত্রীকে হাঁটুজল ভেঙ্গে মহাকরণে ঢুকতে হয়। একজন সেক্রেটারী হাফপ্যান্ট পরে মহাকরণে আসেন, আমি জানিনা সিদ্ধার্থবাবু বা জয়নাল আবেদিন সাহেবের মন্ত্রীসভা থাকলে তাঁরা কি করতেন : যাইহোক আমার কথা হোল কাজ কিভাবে করতে হয় সেটা আপনারা শুনুন। প্রথম দিন ২৭শে সেপ্টেম্বর সেদিন সকাল ১০ টায় মুখ্যমন্ত্রী পুলিশভ্যান চলেনি বলে দমকলের গাড়ী করে এসেছেন। তাঁর মন্ত্রীসভার উপস্থিত সকলেই হাজির হয়েছেন। কলকাতা বিচ্ছিন্ন সারা পশ্চিমবাংলা থেকে এখানে আমাদের যুবসম্প্রদায় ত্রাণ কার্য্য চালিয়েছেন, ক্যাম্পে ক্যাম্পে গিয়ে খাওয়ার ব্যবস্থা করেছেন, মুখ্যমন্ত্রী পুলিশ কমিশনারকে ডেকে নির্দেশ দিয়েছেন পুলিশ বাহিনীকে ত্রাণ কার্য্যে নিয়োগ করতে হবে, ক্যাম্পে ক্যাম্পে যেতে হবে মেডিসিন দিতে হবে ব্লিচিং পাউডার দিতে হবে। সমস্ত যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন বলে একমাত্র ওয়্যারলেসের মাধ্যমে কাজ করতে হয়েছে। কলকাতা শহরের উদ্ধার ব্যবস্থা কয়েকদিনের মধ্যে যেভাবে পরিচালিত হয়েছে সেটা খুব প্রশংসনীয়। কলকাতার পাম্পিং ষ্টেশন জলে ডুবে গিয়েছিল—চল্লিশ লক্ষ মানুষের পানীয় জলের কোন ব্যবস্থা নেই কিন্তু ২৪ ঘণ্টার মধ্যে পৌর প্রতিষ্ঠান সি. এম. ডি. এ. এবং পি. এইচ. ই-র লোকেরা এক সঙ্গে কাজ করে পাম্পিং ষ্টেশন থেকে জলসরবরাহের ব্যবস্থা করেছেন, আমি জানিনা অন্য কোন সরকার এই অবস্থায় কি করতে পারতেন ?

[ 4-10—4-20 P. M. ]

কয়েকদিনের মধ্যেই কলকাতা আবার নিজ রূপে ফিরে এসেছে—ট্রাম, বাস, ট্যাক্সি ছোটাছুটি করছে, সিনেমায় লাইন, বাজারে ভীড়, চৌরঙ্গীতে ভীড়। এই রবিবার যেন অন্য কোন রবিবার। কে বলবে কয়েকদিন আগে একটা বিভীষিকা ছিল। খাস শহরের রাস্তায় আর জল নাই, অলিগলিতে রয়েছে যৎকিঞ্চিৎ ডাকঘরগুলি কাজ করছে, টেলিফোনের অবস্থা শোচনীয়। রেশনের দোকান ঠিকমত চলছে। ৩/৪ দিনের মধ্যেই কলকাতা আবার ফিরে এসেছে, এটা কিভাবে সম্ভব হল ?

সর্বস্তরের মানুষ এই কাজে এগিয়ে এসেছিল। মুখ্যমন্ত্রীর নির্দেশে কলকাতাকে দেখাশুনা করার জন্য চার ভাগে ভাগ করা হয়েছিল—উত্তর, পূর্ব, দক্ষিণ এবং পশ্চিম—চারজন মন্ত্রীকে এই দায়িত্ব দেওয়া হয়েছিল লালবাজারে, একটা কণ্ট্রোল রুম হয়েছিল সেখানে একজন মন্ত্রী ছিলেন এবং সেখান থেকেই কলকাতার কাজ হয়েছে ২৪ পরগণাকে দেখাশুনা করার জন্য, আমাদের বিচার মন্ত্রীর উপর ভার ছিল—তাঁর ঘরেও একটা

কণ্ট্রোল রুম করা হয়েছিল, সারা পশ্চিমবাংলাকে ভাগ করে এক একজন মন্ত্রী এবং একজন সচিবকে দায়িত্ব দেওয়া হয়েছিল। মুখ্যমন্ত্রীর ঘরেও একটা কণ্ট্রোল রুম ছিল, প্রতিদিন আমরা ১০ টায় আসতাম এবং তাঁর সঙ্গে আলোচনার পর তিনি যেমন নির্দেশ দিতেন সেইভাবে সমস্ত মন্ত্রীসভা কাজ করতেন—কোথাও এফ. ডি., কোথাও আর. এস. পি., কোথাও আর. সি. পি. আই. মন্ত্রীরা ছিলেন। অর্থাৎ একটা টীম হিসাবে সমস্ত মন্ত্রীসভা কাজ করেছে, মন্ত্রীরা, এম. এল: এঁরা নিজ নিজ এলাকায় গেছেন, কমরেড বিনয় চৌধুরীকে বিভিন্ন সময়ে বিভিন্ন জায়গায় পাঠান হয়েছে—তাঁর উপর কো-অর্ডিনেট করার দায়িত্ব ছিল, আপনারা পুলিশ বাহিনীকে ঠ্যাঙাড়ে বাহিনী হিসাবে ব্যবহার করতেন, কিন্তু আমরা তাদেরকে ত্রাণকার্য্যে ব্যবহার করেছি, ক্যাম্পে ক্যাম্পে পাঠিয়েছি রিলিফ ডিষ্ট্রিবিউট করার জন্য, মেডিসিন দেওয়ার জন্য; ১৯ তারিখে পুলিশ কমিশনার যে সার্কুলার দিয়েছিলেন সেটা শুনুন—Since the Ministers will be supervising the arrangement the Police Officers and men will have to put up the best services and rise up to the occasion in this National Calamity. Relief and rescue work will have to be done with utmost, speed and efficiency and sincerity. এমনকি বিভিন্ন পর্য্যায়ে পুলিশ বাহিনীকে দিয়েও রেশনের দোকান খোলান হয়েছে।

কেরোসিন পাওয়া যাচ্ছে না, মানুষের বিরাট কিছু হয়েছে এই দেখে আমরা লালবাজারে I. B. C-র প্রতিনিধিদের পাঠিয়েছি এবং তাদের বলেছি কেরোসিনের অভাব মোতে হবে। পরের দিনই দেখেছি সেখানে কেরোসিন বিলি করা হয়েছে। তারপর যখন দেখা গেল কয়লার অভাব দেখা দিয়েছে আমরা কয়লার জন্য চেষ্টা করেছি এবং সেই কয়লা এসেছে। জিনিষপত্রের দামের কথা শুনলে অবাক হবেন। আলুর দাম প্রথমে আড়াই টাকা / ৩ টাকা হয়েছিল। মুখ্যমন্ত্রীর কাছে আমাদের প্রচারমন্ত্রী ছিলেন, আমরা তাঁকে বললাম এখনই কোলকাতার সমস্ত বাজারে বাজারে প্রচার অভিযান চালাতে হবে এবং এই ব্যাপারে পুলিশ বাহিনীকে কাজে লাগাতে হবে। তথ্যমন্ত্রী সেখানে বসে ড্রাফ্‌ট-এর খসড়া করলেন এবং সেটা বাজারে বাজারে পাঠান হল এবং পুলিশ মাইকের মাধ্যমে প্রচার করতে আরম্ভ করল। আমরা দেখলাম সেই আড়াই / ৩ টাকার আলু সঙ্গে সঙ্গে দাম কমে গেল। তারপর, সমস্ত পশ্চিমবাংলায় এই যে এতবড় একটা বিপর্যয় ঘটে গেল তাতে আপনারা দেখেছেন কি যে, চালের দাম বা অন্যান্য জিনিষপত্রের দাম বেড়েছে? এই অবস্থার পর চালের দাম কি হোত সেটা আপনারা একবার চিন্তা করুন। আমরা এই ব্যাপারে পুলিশ বাহিনীকে কাজে

লাগিয়েছি। আমি আপনাদের কাছে বলছি কিভাবে আমরা কাজ করেছি। আমি এবারে মুখ্যমন্ত্রীর একটা প্রেস নোট থেকে কোড করছি। এখানে সি. এম বলছেন, "In order that there is no delay in providing relief, the State Government has evenly instructed the Magistrates to make arrangements so that in addition, the official machinery in the districts, Subdivisions and Blocks, Chairman of the municipalities and heads of Panchayat institutions too, can undertake relief work on their own and spend whatever sums are considered necessary". এছাড়া মুখ্যমন্ত্রী আরও বলেছেন, "Besides, the District Mrgistrates and Subdivisional Officers have been authorised under special provisions of Treasury rules to draw from the Treasury whatever money is required without waiting for Government sanction". Did you here any of these things in the history of people's calamity in India? কিন্তু এইভাবে তিনি বলেছেন। মানুষ যেখানে বিপন্ন সেখান তাদের রক্ষা করার জন্য তাদের স্বার্থে ট্রেজারি থেকে টাকা নিয়ে যাবেন এই নির্দেশ মুখ্যমন্ত্রী দিয়েছেন। আপনাদের লজ্জা করেনা এরপরেও আপনারা বলেন ত্রাণের ব্যাপারে রাজনীতি করা হয়েছে। পঞ্চায়েত, মিউনিসিপ্যালিটি, সাব ডিভিসন্যাল ম্যাজিষ্ট্রেট সকলকে বলা হয়েছে যাঁদের যখন দরকার হবে আপনারা এগিয়ে আসবেন। আমরা মুখ্যমন্ত্রীর নির্দেশ যেভাবে পেয়েছি সেইভাবে টিমওয়ার্কে কাজ করেছি আমাদের এক মিনিটও দেরী হয়নি। কোলাঘাটে বিভিন্ন সাহায্যের দরকার একথা শুনে এখান থেকে ২০ খানা গাড়ী একসঙ্গে রওনা হয়েছে এবং দুদিন পর পৌঁচেছে। এছাড়া ৭ খানি গাড়ী কোলাঘাট ছাড়াও কল্যানীতে গিয়েছে এবং বিভিন্ন জায়গায় গেছে। তারপর দেখুন 3rd October স্টেটসম্যান কি বলেছে······

[ 4-20—4-30 P. M. ]

Suffering might have been far more acute, for the unflagging efforts of the army and the air-force, well established welfare organisations, help received from foreign institutions and the enterprise of Calcutta's normally wayward young who displayed commendable public spirit at a time of universal distress and nerveracking anxiety. Nor is there any reason to suppose that the Centre will remain unresponsive to Mr. Jyoti Basu's appeal for money, wheat, rice, motor boats, heavy trucks,

polythene sheets, medical stores and clothing. Only discordant note amidst this inspiring evidence of co-operation has been struck by Mr. P. C. Sen. On the one hand he accuses the left front of spreading alarming panic reports ; on the other, he, charges it with dereliction of duty.

আমি আর একটা কথা বলি, আপনারা বন্যার কথা বলেছেন, আমি সেই বন্যার কজ আপনাদের দেখাচ্ছি, বন্যা কেন হয়েছে। এই বন্যার জন্য আপনারাই দায়ী, এই বন্যার জন্য কংগ্রেস দায়ী। গত ৩০/৩১ বৎসর আপনাদের শাসনে আপনারা যা করেছেন—পশ্চিমবঙ্গের দুর্ভাগ্য এই যে বন্যা নিয়ন্ত্রনের উদ্দেশ্যে যে দামোদর উপত্যকা পরিকল্পনা করা হয়েছিল সেই পরিকল্পনা পশ্চিমবঙ্গের বণ্যার বিপদ না কমিয়ে এখন কার্যতঃ সেই বিপদ আরও বাড়িয়ে দিয়েছে। ইতিপূর্বে দামোদর উপত্যকার প্রধান রূপকার ভুরডুইন সাহেব এবং ঘংগার কমিটি, জৈন কমিটি ও মানসিং কমিটি মূল পরিকল্পনা অনুযায়ী দামোদরের আরও কয়েকটি বাঁধ দেওয়া ও বর্তমান বাঁধগুলি আরো উঁচু করার যে পরামর্শ দিয়েছেন তা উপেক্ষা করা হয়েছে। ফলে আজ এই বিচিত্র একটা অবস্থা দেখা দিয়েছে। যে ভাটি এলাকা যখন বৃষ্টির জলে ভাসে ঠিক তখনই বাঁধের জল ছেড়ে দিয়ে ডি. ভি. সি'র বন্যার বিপদ আরো বাড়িয়ে দেয়। সুতরাং এইভাবে আপনারা বন্যা সৃষ্টি করেছেন, বন্যা সৃষ্টি করার জন্য আপনারাই দায়ী। সেই উপদেশ উপেক্ষা করা হয়েছে, আজকে তাই বলি হয়েছে পশ্চিমবঙ্গ সেটা আপনাদের বোঝা উচিত।

**শ্রীসুনীতি চট্টোরাজ**ঃ অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার। মিঃ স্পীকার, স্যার, আমরা হাউসে অন্ততঃপক্ষে একটা জিনিষ আসা করব যে সবাই একরকম বলার চেষ্টা করবেন। এই বামফ্রন্ট সরকার বলেছেন যে কাগজ আমাদের বিরুদ্ধে চক্রান্ত করছে, আবার মিনিষ্টার সেই কাগজকেই রেফার করছেন।

**মিঃ স্পিকার**ঃ এটা পয়েন্ট অব অর্ডার হয় না।

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী**ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত কয়েকদিন ধরে পশ্চিমবঙ্গের বন্যা পরিস্থিতির উপর বিতর্ক চলছে। পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী অত্যন্ত সাবলিল ভাষায় পশ্চিমবঙ্গের বণ্যা পরিস্থিতির ভয়াবহতা উল্লেখ করে বলেছেন যে উদ্ধার এবং ত্রাণ কার্যের ব্যবস্থা হয়েছে, তার বিবরণও তিনি দিয়েছেন। এখন আশু দরকার পুনর্বাসনের কাজ। পুনর্বাসনের কাজ সম্পর্কে একটা কর্মসূচীর রূপরেখা তিনি তাঁর বিবৃতির মধ্যে এখানে রেখেছেন। আমি আশা করেছিলাম বিরোধী দলের মাননীয়

সদস্যরা তাঁদের বিতর্ককে সেখানে নিয়ে আসবেন যে বিতর্কের মধ্য দিয়ে পশ্চিমবঙ্গের বন্যা দুর্গত মানুষ পুনর্বাসনের কাজে তাঁদের সাহায্য পাবে। আমাদের এই পশ্চিমবঙ্গ বিধানসভায় জ্ঞানী গুণী দীর্ঘদিনের রাজনীতির সঙ্গে যুক্ত মানুষ আছেন, অত্যন্ত দুর্ভাগ্য যে এই বণ্যায় দুর্গত মানুষের পুনর্বাসন এবং পুনর্গঠন সম্পর্কে তাঁদের মুখ থেকে আমরা কোন কথা ভাল করে শুনতে পেলাম না।

এখন রবি চাষের মরসুমে বণ্যা প্লাবিত এলাকায় বহু জমিতে বালি পড়েছে, বালি সরাতে হবে, রবি চাষ আরম্ভ করতে হবে। ফসলের ক্ষয়ক্ষতি বিপুল, সে সংখ্যার মধ্যে আমি যাচ্ছি না। আমরা সকলে সেটা বুঝি, জানি। আমরা আশা করেছিলাম অন্ততপক্ষে বিরোধী দলের সদস্যদের কাছে এই টুকু শুনতে পাবো কত বীজ চাই, কত সার চাই, কত জল সেচের জন্য নতুন করে ব্যবস্থা চাই। নলকূপগুলি অনেক জায়গায় অচল হয়ে গেছে, নদী থেকে জল তোলার ব্যবস্থা অনেক জায়গায় অচল হয়ে গেছে, সেগুলি কি করে কত তাড়াতাড়ি মেরামত করা যাবে, কি করে রবি চাষ আরম্ভ করা যাবে, কি করে আগামী তিন মাসের জন্য কিছু খাদ্যশস্য সংস্থান করে দেওয়া যাবে এ প্রস্তাব, এই আলোচনা তাদের মুখে আমি শুনলাম না। মুখ্যমন্ত্রী মহাশয়ের বিবৃতির মধ্যে পাঁচ পাতা পড়ে দেখুন—সাত দফার একটি কর্মসূচীর রূপরেখা আছে। তার মধ্যে আছে এখন নতুন করে রবি চাষ শুরু করতে হবে। সেচ ব্যবস্থা যা অকেজো, অচল হয়ে গেছে তাকে মেরামত করতে হবে, যে সমস্ত জমিতে বালি পড়েছে সেগুলি উদ্ধার করতে হবে। তারপর আছে পশ্চিমবাংলার কুটির শিল্প—বহু জায়গায় বিধ্বস্ত হয়ে গেছে। আমি নদীয়া জেলার লোক, নদীয়া জেলার কুটির শিল্প—তাঁত। এটা পশ্চিমবাংলার অর্থনীতিতে একটি মূল্যবান জিনিষ এবং জাতীয় সম্পদ এবং গর্বের বিষয়। আমি শুনলাম না আমার জেলার জনতা পার্টির নেতা কাশীকান্ত মৈত্র মহাশয়ের মুখে যে সেই তাঁত আবার নুতন করে গড়বার জন্য কি দরকার। আমি একথা শুনলাম না মেদিনীপুর জেলার বিরোধী দলের প্রতিনিধিদের মুখে যে মেদিনীপুরে বহু তাঁত আছে কি করে সেগুলির পুর্ণগঠন করা যায়। পশ্চিমবাংলার মন্ত্রীসভার নির্দেশে যদিও আমার বয়স অনেক হয়েছে, ২৭শে সেপ্টেম্বর সেই দুর্যোগের মধ্যে মেদিনীপুর ছুটে গিয়েছিলাম ও সেখানে জলবন্দী হয়েছিলাম। মেদিনীপুরে বহু জায়গায় গিয়েছি, আমি জনতা পার্টির এম. এল. এ-দের আহ্বান জানিয়েছি এবং তাদের ধন্যবাদ জানাচ্ছি যারা আমার সঙ্গে আলোচনা করেছেন, দেখা করেছেন। কিন্তু মাননীয় সদস্য শ্রীকিরণ্ময় নন্দ্ যিনি বয়সে তরুন তাকে আমি দেখিনি, তার সঙ্গে পরামর্শ করতে পারিনি। আমি কেশপুরে ছুটে গিয়েছিলাম, মাননীয় সদস্য রজনী

দলুই-এর বাড়ীতে গিয়েছিলাম কিন্তু দুর্ভাগ্যের বিষয় তার সঙ্গে দেখা হয়নি। এখানে অনেকে অভিযোগ করেছেন যে, পশ্চিমবাংলার মন্ত্রীসভার মন্ত্রীরা বণ্যাত্রাণের সময়ে সময়ে কোথাও যায়নি—এ অভিযোগ অসত্য এবং প্রত্যাহার করা উচিত, বাস্তবের সঙ্গে কোন মিল নাই। আমি দুর্গত এলাকায় কেশপুরে গিয়েছিলাম সেখানে দেখেছি হাজার হাজার মানুষ রাস্তায় দাঁড়িয়ে আছে, সেখানে দেখতে গিয়েছিলাম কি করে রজনীবাবু পুর্ণবাসনের কাজে আমাদের সঙ্গে সহযোগিতা করেন, কিন্তু তিনি সেখানে ছিলেন না। আমি জানিনা তিনি কোথায় ছিলেন। আমি বর্ধমানে গিয়েছিলাম, আমাদের মন্ত্রীসভার সহযোগী সদস্য বিনয় চৌধুরী মহাশয় আমার সঙ্গে ছিলেন। কিন্তু আমি বিরভূমে যেতে পারিনি। বাঁকুড়ায় গিয়েছিলাম। বাঁকুড়া মন্ত্রীসভার সদস্য পার্থ দে—তাঁর সঙ্গে আমি ঘুরেছি। আমি নদীয়া জেলার লোক পরে আমি নদীয়া জেলায় গিয়েছি। আমি জলবন্দী হয়ে গিয়েছিলাম মেদিনীপুরে সেজন্য সেখান থেকে তাড়াতাড়ি নদীয় আসতে পারিনি।

[4-30—4-40 P. M.]

আমি আশা করেছিলাম কাশীকান্ত মৈত্র মহাশয়, রাজনৈতিক দিক থেকে দৃষ্টিভঙ্গী আলাদা হলেও নদীয়ায় তিনি যাবেন সকলকে নিয়ে এবং রিলিফের কাজগুলি সেখানে পরিচালনা করবেন। আমি পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ দিই, আমার পার্টিনেতা বলে নয়, পশ্চিমবাংলার মানুষের প্রতি তাঁর গভীর দরদ রয়েছে এবং নদীয়ার মানুষের প্রতিও তাঁর দরদ রয়েছে। কশীকান্তবাবু রিলিফের ট্রাকে করে সেখানে যান কেননা রাস্তা যোগাযোগ সেখানে বিচ্ছিন্ন হয়ে গেছল, আপনারা জানেন কি অবস্থা হয়েছিল। কাশীকান্তবাবু সেখানে গিয়েছেন এবং সেখানে অভিমান করেছেন, রাগ করেছেন, কিন্তু তাঁর যে দায়িত্ব ছিল সেই দায়িত্ব তিনি পালন করেননি। ১৬ই অক্টোবর নদীয়া জেলাতে সর্বদলীয় প্রস্তুতিসভা হয়েছিল, সরকারী নির্দেশে আমি ছিলাম চেয়ারম্যান, কাশীকান্ত বাবু সেখানে গিয়েছিলেন, সেকথা রিপোর্টেও ছিল, কংগ্রেসের দুই দলই ছিল, জনতা পার্টির যিনি চেয়ারম্যান ফজলুর রহম্যান সাহেব ছিলেন। তাঁকে আমি গাড়ী করে নিয়ে গিয়েছিলাম, তাঁর সঙ্গে আমার রাজনৈতিক সম্পর্ক অনেক দিনের, যদিও রাজনীতির দিক থেকে আমরা ভিন্ন শিবিরে দাঁড়িয়ে আছি। সেখানে কাশীকান্তবাবু যে অভিযোগ করলেন, আজকের বিধানসভায় সেই অভিযোগ তিনি করেছেন, সেই অভিযোগ অসত্য। নবদ্বীপের বন্যায় হাসপাতালের রুগীরা ভেষে গিয়েছে, এই অভিযোগ সর্বের ভিত্তিহীন এবং অসত্য। তিনি বলেছেন নবদ্বীপের হাসপাতালের

রুগীদের বন্যায় শুধু অশেষ দুর্গতিই হয়নি রোগীরা ভেসে চলে গেছে, আমি এর প্রতিবাদ করি, এই সভায় দাঁড়িয়ে আমি বলছি কশীকান্তবাবুকে এটা প্রমাণ করতে হবে; তাঁকে বলতে হবে কয়টি রুগী বন্যা বিধ্বস্ত হয়ে ভেসে গিয়েছে, প্লাবনে মারা গেছে। সেখানে ৬৯টি বেড আছে, তিনি বলেছেন ৩০০টি রুগী ভেষে গেছে। আমি যদি ধরে নিই যে একটি বেড়ে ২/৩টি করে রুগী থেকে থাকে তাহলেও তো ৩০০ রুগী হয়না। আমি বলতে পারি বিধানসভায় দাঁড়িয়ে শুধু মন্ত্রী হিসাবেই নয়, পুরানো রাজনৈতিক কর্মী হিসাবে, কাশীকান্তবাবু সেই সময় নবদ্বীপে যাননি। যান বা না যান তিনি যে সংবাদ পেয়েছেন সেই সংবাদ ভুল সংবাদ এবং সেই ভুল সংবাদ এখানে দিয়ে তিনি সমস্ত সদস্য-দের বিভ্রান্ত করেছেন। আমি এটা আশা করিনি যে কাশীকন্তবাবুর মত লোক এই রকম ভুল সংবাদের উপর ভিত্তি করে এখানে আসর মাত করবার চেষ্টা করবেন। আমরা কাশীকান্তবাবুকে বিরোধী দলের নেতা হিসাবে মর্যাদা দিয়েছি, আমি মনে করি ঠিকই করা হয়েছে, কাশীকান্তবাবু এখানে থাকলে ভাল হত, আমি তাঁর সামনেই বলতে চেয়েছিলাম এই কথাগুলি। তিনি যে অভিযোগগুলি এখানে করলেন সেই অভিযোগগুলিই তিনি ১ ঘন্টা ৪৬ মিনিট ধরে নদীয়ায় সর্বদলীয় প্রস্তুতি কমিটির সভাতে বলেছিলেন। আমার পাশে জেলা প্রশাসক ছিলেন, পুলিশ প্রশাসক ছিলেন, সরকারী কর্মচারীরা ছিলেন, এম. এল. এ. এবং সমস্ত রাজনৈতিক দলের প্রতিনিধি ছিলেন, ফজলুর রহমান সাহেব পশ্চিমবঙ্গ রাজ্যের জনতা পার্টির চেয়ারম্যান ছিলেন, তাঁরা কেউ কাশীকান্তবাবুর এই অভিযোগ সমর্থন করেননি। জনতা পার্টির সভাপতি সেই সভায় বলেছেন এখন রিলিফ দেওয়ার কাজ শেষ হল। এবার পুর্ণবাসনের কাজ শুরু হোক, মানুষকে গৃহমুখী করুন, আমি তাঁর এই প্রস্তাব সমর্থন করি, আমি এসে যে লিখিত রিপোর্ট দিই মুখ্যমন্ত্রীর কাছে, তাতে সেকথা জানাই যে ফজলুর রহমান সাহেব একথা বলেছেন। প্লাবনে গরু মারা গিয়েছে দু লক্ষের বেশী, আগের হিসাবে একটু ভুল থাকতে পারে। মাননীয় সদস্য শ্রীঅতীশ সিংহ মহাশয় মুর্শিদাবাদের সম্বন্ধে বলতে গিয়ে মুখ্যমন্ত্রীর দেওয়া সংখ্যার কথা বলেছেন মাত্র ১২টি গরু মারা গেছে, মুখ্যমন্ত্রী সেটা অনুগ্রহ করে সেটা সংশোধন করে নেবেন, গরু যা মারা গেছে তা দু লক্ষেরও বেশী হবে। তাছাড়া ৩০ লক্ষ গরু এবং বলদ দু মাস বন্যা অবস্থার মধ্যে থেকে সাময়িকভাবে অকেজো হয়ে পড়েছে।

সুতরাং এই সমস্ত ব্যাপার দিয়ে আমরা আশা করেছিলাম যে বিরোধী দলের নেতারা খুব গঠনমূলক দৃষ্টিভঙ্গী নিয়ে সমালোচনা করবেন। নিশ্চয় বিরোধী দলের কাজ সমালোচনা করা। কিন্তু আমরা যে সমালোচনা আশা করেছিলাম সেটা

গঠনমূলক সমালোচনা। মাননীয় সদস্য শ্রীহরিপদ ভারতীর কাছ থেকে সেই সমালোচনা আমি পাবো আশা করেছিলাম।

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** আমি যখন নদীয়ায় মিটিংয়ে আমার বক্তব্য রেখেছিলাম তখন আপনি বা কেউ তার প্রতিবাদ করেননি। চুপ করে শুনেছিলেন।

**শ্রীঅনিল মুখার্জী ঃ** বিরোধী দলের নেতা ইণ্ট্যারাপসান করলে আপত্তি করেন। কিন্তু উনি অপজিসান পারটি'র লীডার হয়েও ইণ্ট্যারাপসান করছেন।

**মিঃ স্পিকার ঃ** আরে, আপনি চুপ করুন তো ?

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী ঃ** আমি সে সময় প্রতিবাদ করিনি এই হাউসে প্রতিবাদ করবো বলে। মাননীয় সদস্য শ্রীহরিপদ ভারতী—সংস্কৃতিবান, সুরুচি সম্পন্ন, কৃষ্টিসম্পন্ন লোক। আমি আশা করেছিলাম, তিনি বিতর্ককে একটা সুন্দর গঠনমূলক, সুস্থ পরিবেশের মধ্যে নিয়ে যাবেন। কিন্তু আমার সে আশা পূর্ণ হয়নি। আমি আর একটা কথা উল্লেখ করতে চাই। আমি ঠিক শুনেছি কিনা জানিনা, মাননীয় জয়নাল সাহেব বলেছেন, রিলিফের ব্যাপারে মুসলিমদের ক্ষেত্রে ন্যায় বিচার করা হয়নি। আমি তার প্রতিবাদ করি। আমি বলছি একথা সত্য নয়/ পশ্চিমবাংলায় হিন্দু-মুসলমান কৃষক পাশাপাশি দাঁড়িয়ে উদ্ধারের কাজ করেছেন, ত্রাণ এবং পুর্ণবাসনের কাজ করেছেন, ত্রাণ বণ্টন করেছেন, পূর্ণবাসনের কাজে তারা সাহায্য করেছেন। পশ্চিমবাংলার হিন্দু-মুসলমান চটকল শ্রমিক দিনরাত্রি পরিশ্রম করে বাড়তি খাটনি খেটে লক্ষ লক্ষ টাকা গ্রাম পূর্ণবাসনের কাজে সাহায্য করছে। তারপরও যদি এই অভিযোগ উঠে, আপনি যেখান থেকে শুনেছেন সেখানে নিজে ভাল করে তদন্ত করে দেখুন। আমি বলি এই অভিযোগ সম্পূর্ণ ভিত্তিহীন। (ডাঃ জয়নাল আবেদিন ঃ— চলুন একসঙ্গে।) নদীয়া জেলার কথা উনি বলেছেন। উনি ধুবুলিয়া গিয়েছিলেন। সেখানে পঞ্চায়েত সমিতির যিনি সহ-সভাপতি জনাব মনসুর আলি নস্কর। সেখান থেকে জেলা পরিষদের নির্বাচিত প্রতিনিধি তাঁর নাম জনাব আবু তাহের জঙ্গী। এরা সকলেই সুশিক্ষিত—কাশীকান্তবাবু জানেন, জয়নাল সাহেব জানেন না এবং এখানকার বেলপুকুর গ্রাম পঞ্চায়েতের প্রতিনিধি জনাব শেখ ইসমাইল। এর পরেও কি ডাঃ জয়নাল আবেদিন সাহেব আপনি বলতে চান এইখানে রিলিফ বণ্টনের ব্যাপারে হিন্দু-মুসলমান বিভেদ হয়েছে। বগুলার কথা আমি বলি। বগুলার হাঁসখালি থানার মধ্যে ছুটি বড় মুসলমান প্রধান অঞ্চল আছে। গ্রাম পঞ্চায়েতের বড়চুপড়িয়া ১ এবং ২ নম্বর

এবং সেখানে যিনি গ্রাম পঞ্চায়েতের প্রধান হয়েছেন তিনি কংগ্রেস আই-এর একজন নেতা। তিনি মুসলমান ভদ্রলোক। তিনি সকলের সঙ্গে সহযোগীতা নিয়ে রিলিফ বন্টন করেছেন। হিন্দু-মুসলমানের বাদ-বিচার সেখানে হয়নি। মুড়োগাছা একটা অঞ্চল, সেখানকার গ্রাম পঞ্চায়েতে জনতা পার্টি এবং কংগ্রেস পরাজিত হয়েছেন। তারা সেখানে কোন মুসলমান প্রতিনিধি খুঁজে পাননি। বামপন্থী জোটের পার্থীরা ছিলেন মুসলমান প্রতিনিধি এবং তারা জয়লাভ করেছেন এবং তারা সেখানে হিন্দু-মুসলমান নির্বিচারে রিলিফ বন্টন করেছেন। তারপরও যদি এইরকম অভিযোগ উঠে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে সবিনয়ে বলতে চাই, আমি বিরোধী দলের সদস্য এবং সরকারী দলের সদস্য সকলকেই বলতে চাই, পশ্চিমবাংলায় এই অভিযোগ যেন কেউ না নিয়ে আসেন পশ্চিমবাংলার মানুষ সাম্প্রদায়িকতার বিরুদ্ধে সংগ্রাম করেছেন, পশ্চিমবাংলার শ্রমিক, পশ্চিমবাংলার কৃষক, পশ্চিমবাংলার ছাত্র, পশ্চিমবাংলার যুবক, পশ্চিমবাংলার গণতান্ত্রিক মানুষ, সাম্প্রদায়িকতার বিরুদ্ধে সংগ্রাম করে ঐক্যবদ্ধ এক গণতান্ত্রিক পরিবেশ গড়ে তুলেছেন।

[ 4-40—4-50 P. M. ]

এখানে সাম্প্রদায়িকতার কথা রিলিফ বিতরণের ক্ষেত্রে যদি আনা যায় তাহলে গুরুতর ভুল হয়ে যাবে হিন্দু-মুসলমান সম্প্রীতি ও ঐক্যের ক্ষতি হবে। একথা আমি সবিনয়ে মাননীয় সদস্য জয়নাল আবেদিন সাহেবকে স্মরণ করিয়ে দিতে চাই। পঞ্চায়েত সম্পর্কে কয়েকটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করতে চাই। সংখ্যা ভিত্তিক শতকরা হার কি হবে এ নিয়ে আলোচনা করবো না। ভোটের ফলাফল প্রকাশিত হয়েছে, সরকারী কাগজে নথীপত্রে আছে সেই কাগজগুলি দেখে এবং ভোটের ফলাফল দেখে তার থেকে আমরা বুঝতে পারবো। কিন্তু রাজনৈতিক ফলাফলের দিকে দৃষ্টি দিলে দেখা যাবে কি হয়েছে এই পশ্চিমবাংলায়। পশ্চিমবাংলায় দলহীন গণতন্ত্রকে জনসাধারণ প্রত্যাখ্যান করেছে। কংগ্রেস (আই) কোন কোন জায়গায় আসন পেলেও আসলে পশ্চিমবাংলার জনসাধারণ তাদেরও প্রত্যাখ্যান করেছে। আর একটা কথা মাননীয় ভোলানাথ সেন মহাশয় থাকলে আমি আরও পরিষ্কার করে বলতে পারতাম। বামফ্রন্টের সৌভাগ্যই বলুন আর দুর্ভাগ্যই বলুন পশ্চিমবাংলার মানুষ গণতন্ত্রের স্বার্থে কায়েমী স্বার্থের বিরুদ্ধে সংগ্রাম করেছে। এবং সেই সংগ্রামের মধ্য দিয়ে পশ্চিমবাংলার গণতন্ত্রে এসেছে বামফ্রন্টের নেতৃত্বে এক নতুন গণতন্ত্র গড়ে উঠেছে। আপনারা সেটা আজকে মানতে পারছেন না। আর মানতে পারেনও না কারণ আপনারা সব দলহীন গণতন্ত্রে ছিলেন। আপনারা পঞ্চায়েত

নির্বাচন বন্ধ করে দিতে চেয়েছিলেন। এই পঞ্চায়েত নির্বাচন যাতে না হয় তার জন্য আপনারা প্রাণপন চেষ্টা করেছিলেন এই এসেম্বলীতে দাঁড়িয়ে সুতরাং আপনারা সেটা মানতে পারেন না। আপনারা যে সমস্ত সদস্য এখানে দাঁড়িয়ে এইসব কথা বলেছেন তাদের আজকে জনসাধারণ বিরোধী দলে পাঠিয়েছেন জনসাধারণ তাদের বিরোধী পক্ষ বলে মনে করেন কিন্তু তাঁরা জনগণের স্বার্থের জন্য বলছেন না। সত্যিকারের গণতান্ত্রিক মানুষের অভিজ্ঞতায় তা ধরা পড়েছে। অধ্যক্ষ মহাশয় আপনি আমাকে সময় দিয়েছেন বলে ধন্যবাদ জানাই। মাননীয় সদস্যরা আমার কথা শুনেছেন তাদের ও আমি ধন্যবাদ জানাই। শুধু নিবেদন করবো কর্মসূচি ভিত্তিক সমালোচনা করুন—পুর্ণগঠনের জন্য যে কর্মসূচী গৃহীত হয়েছে সেই কাজে আপনারা সহযোগীতা করুন। সরকার পক্ষ থেকে আমরা আপনাদের সহযোগীতা প্রার্থনা করি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এন এ পয়েন্ট অফ পারসোন্যাল এক্সপ্ল্যানেসন বলতে চাই যে গতকাল আমি আমার বক্তব্য রেখেছিলাম এবং এ প্রসঙ্গে আলোচনাও হয়েছে। তবুও আজকে অমৃতেন্দুবাবু প্রসঙ্গটা আবার তুলেছেন আমার অভিযোগ যদি অসত্য হয় তাহলে আমি সবচেয়ে আনন্দিত হবো। স্যার, আমি ওঁদের অনুরোধ করতে পারি কি যে অসুন না এই হাউসের চার জন সদস্য নিয়ে একটা কমিটি করে চলুননা সেখানে। অভিয়োগ অসত্য হলে আমি সবচেয়ে আনন্দিত হবো কিন্তু আমি যে অভিযোগ করেছি সেই সংবাদ আমি আবার নিশ্চিতভাবে জানাচ্ছি অভিযোগ অসত্য হলে আমি গর্বিত বোধ করবো আনন্দ বোধ করবো।

**শ্রীকিরণময় নন্দ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী অমৃতেন্দুবাবু আমার নাম করে অভিযোগ করলেন এবং এই সভাকে বিভ্রান্ত করলেন। আমরা সহযোগীতা করতে প্রস্তুত ছিলাম। মাননীয় মন্ত্রীমহাশয় মেদিনীপুরের চার্জে ছিলেন মিটিং ডেকেছিলেন এবং সেখানে তিনি আমাকে আহ্বান করেছিলেন তিনি এইসব কথা বলে গেলেন। আমি মন্ত্রী মহাশয়কে স্মরণ করিয়ে দিতে চাই যে তিনি একটি চিঠি আমাদের পাঠাননি। মেদিনীপুরে কোন মিটিংয়ের চিঠি আমাদের পাঠানো হয়নি অথচ এই হাউসে তিনি বেমালুম বলে গেলেন আমাদের ডেকেছিলেন আমাদের নাকি সহযোগীতা পাননি। আমি বলছি মন্ত্রী হয়ে এই রকম বিবৃতি রাখাটা তাঁর খুব অন্যায় হয়েছে।

**শ্রীদেবশরণ ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত দু দিন ধরে এই বিধানসভায় পশ্চিমবাংলার ভয়াবহ বন্যা পয়িস্থিতি সম্পর্কে আলোচনা হয়ে গেছে, আজকে তৃতীয়

দিনেও আলোচনা চলছে। মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয় পশ্চিমবাংলার এই ভয়াবহ বন্যা পরিস্থিতি সম্পর্কে বিস্তারিত বিবরণ এই সভায় পেশ করেছেন। এই কথা ঠিক যে এত বড় বন্যা ইতিপূর্বে পশ্চিমবাংলায় দেখা দেয়নি। এই কারণ দেখিয়ে বন্যা পরিস্থিতি মোকাবিলা করার জন্য যে যে কাজগুলি অবশ্য করণীয় ছিল সেগুলি করা হয়নি—এটা যুক্তি হিসাবে বামপন্থী সরকারের সমর্থক দলের একজন সদস্য হিসাবে সব কথাগুলি মেনে নেওয়া আমার পক্ষে সম্ভব হচ্ছে না। সারা পশ্চিমবাংলায় যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন হয়ে গিয়েছিল বাস্তব সত্য। ৩/৪ দিনে যোগাযোগ ব্যবস্থা গড়ে তুলতে সরকারী প্রশাসনযন্ত্র সম্পূর্ণভাবে ব্যর্থ হয়েছিল। আমার নিজের অভিজ্ঞতায় বলতে পারি, আমার কনস্টিটিউএনসি নদীয়া জেলার কালিগঞ্জ থানায় রেলওয়ে লাইন, ট্রাফিক, টেলিফোন, টেলিগ্রাফ ইত্যাদি যে যোগাযোগ ব্যবস্থা তার কয়েকদিন আগে বন্ধ ছিল। টেলিফোন ব্যবস্থা বিপর্যস্ত, একমাত্র ইলেকট্রিসিটি, ওয়ারলেস ছিল। সেই ওয়ারলেসের মাধ্যমে আমি এবং স্থানীয় বি. ডি. ও. মুখ্যমন্ত্রী মহোদয়ের কাছে এবং জেলা কর্তৃপক্ষের কাছে ওয়ারলেস করে কালিগঞ্জ থানার বিপর্যয়ের কথা জানিয়েছিলাম। কিন্তু দুঃখের সঙ্গে বলতে হচ্ছে মুখ্যমন্ত্রী সেই ওয়ারলেস পেয়েছিলেন কিনা, জেলাশাসক মহোদয় সেই ওয়ারলেস গ্রহণ করেছিলেন কিনা, তার খবর স্বাভাবিক অবস্থা ফিরে আসার পরেও জানতে পারা যায়নি। সত্যকে অস্বীকার করে লাভ নেই যে জেলা কর্তৃপক্ষ পশ্চিমবাংলার বন্যার এই ভয়াবহতা সম্পর্কে আদৌ সচেতন ছিলেন না। এটা যদি যুক্তি হয় যে আগে হয়নি এইরকম বন্যা, সেইজন্য জেলা কর্তৃপক্ষ জানতে পারেননি—আগে একবার হলে তাদের জ্ঞান হত, এটা কোন যুক্তি নয়। অনেক অভিযোগ উঠেছে। আমি অভিযোগ করার জন্য বলছি না, সত্যা সত্য যাচাই হওয়া দরকার। অভিযোগ সম্পর্কে —যেহেতু অভিযোগ হচ্ছে, কিছুই নেই, "সব ঝুটা হ্যায়" এটা ঠিক যুক্তি নয়। আমি জেলা মেজিষ্ট্রেটের কাছে ফোন করেছিলাম যদি কিছু না পারেন অন্ততঃ যাদের ঘরবাড়ী ভেঙ্গে গেছে, বৃষ্টিধারা অঝোরে ঝরছে তাদের কিছু ত্রিপল পাঠিয়ে দিন। ম্যাজিষ্ট্রেট সাহেব আমাকে ফোনে বললেন আপনি ছাড়াও নদীয়া জেলায় আরো ১৪ জন এম. এল. এ. আছেন তাদেরকেও সন্তুষ্ট করতে হবে। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে নিবেদন করব ম্যাজিষ্ট্রেট মহোদয়ার এই উক্তি থেকে এটাই প্রমাণিত হচ্ছে না যে বন্যার ভয়াবহতা বিচার না করে এম. এল. এ. দের সন্তুষ্ট করার জন্য তিনি ত্রিপল বিলি করেছেন, খাদ্যদ্রব্য বিলি করেছেন—আমার জেলায় এটা ঘটেছে। আমি সংবাদপত্রে দেখেছি, সরকারী নির্দেশনামায় দেখেছি নদীয়া জেলায় নবদ্বীপের পরে কালিগঞ্জ থানা বেশী ক্ষতিগ্রস্থ হয়েছে। সেই কালিগঞ্জ

থেকে যখন গিয়ে সাহায্য চাওয়া হয়েছে তখন এই কথা বলা হয়েছে যে আরো ১৪টি থানা আছে। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে সবিনয়ে নিবেদন করতে চাই যে বন্যা প্লাবিত অঞ্চলে, বন্যা অধ্যুষিত অঞ্চলে গরীব মানুষদেব যে রিলিফ দেবার কথা বলা হয়েছে—বন্যায় যারা ক্ষতিগ্রস্থ হয়েছে নদীয়া জেলায়, জেলা কর্তৃপক্ষ বন্যার সময় যেখানে ক্ষতি অপেক্ষাকৃত কম এবং ক্ষতিগ্রস্থ হয়নি সেখানে রিলিফ পাঠিয়েছেন।

[ 4-50—5 00 P. M. ]

নিশ্চয় পক্ষপাতিত্ব হয়েছে—পক্ষপাতিত্ব করা হয়েছে এটা অস্বীকার করা যায় না। পরবর্তী পর্যায়ে যখন যোগাযোগ ব্যবস্থা গড়ে উঠেছিল, ক্ষয়ক্ষতির হিসাব-নিকাশ যখন সরকারী কর্তৃপক্ষের কাছে গিয়ে পৌঁচেছিল তার পরেতেও সেই ব্যবস্থা যে যেখানে অপেক্ষাকৃত কম ক্ষতি, ভাগের মাল সরকারী মাল সেখানে গিয়ে বেশী সংখ্যায় পৌঁছে গিয়েছে। এই রকম অব্যবস্থা সেখানে হয়েছে। দুর্নীতির অভিযোগ এসেছে, সত্যাসত্য যাচাই করা উচিত। আমরা বামপন্থী বলে—বামপন্থীরা সকলেই গঙ্গা জলে ধোয়া তুলসীপাতা মুখ্যমন্ত্রীর এই সার্টিফিকেট দেওয়া উচিত নয় বলেই আমি মনে করি। ত্রুটি বিচ্যুতি আমাদের মধ্যেও হয়েছে—বিচার মুখ্যমন্ত্রী করবেন কিনা জানিনা কিন্তু জনসাধারণ করবেন। শরীরের মধ্যে যদি ব্যাধি ঢোকে, সিলিকিস যদি হয় তাহলে গায়ে পারা বেরুবেই। তারপর পঞ্চায়েতের কথা—পঞ্চায়েতের মাধ্যমে রিলিফ বিলি করা হবে। আমরা দেখেছি এই পঞ্চায়েতের মধ্যে দিয়ে বামপন্থী বিভিন্ন শরিক দলের চক্রান্তকারীরা ঢুকে পড়েছে এবং সেইজন্য গণ্ডগোল হয়েছে। যেখানে এই চক্রান্তকারীদের আশ্রয় দেওয়া হয়েছে রিলিফের ব্যাপারে সেখানে গণ্ডগোল হয়েছে। সাচ্চা বামপন্থী কর্মী, নিষ্ঠাবান বামপন্থী কর্মী, যারা দীর্ঘদিন ধরে আছেন, তারা যেখানে ছিলেন সেখানে গণ্ডোগোল হয়নি কিন্তু যেখানে ওই চক্রান্তকারীদের অনুপ্রবেশ ঘটেছে সেইখানেই গণ্ডগোলের সৃষ্টি হয়েছে। বামপন্থীরা যতদিন পর্যন্ত বামপন্থীদের পক্ষে ঐক্য ছিল একসঙ্গে মিলে—আমরা দেখেছি যখন মানুষ সাপের সঙ্গে গাছে বাস করছিল, জন্তু জানোয়ারদের সঙ্গে গাছে বাস করছিল তখন কোন দলাদলি ছিলনা। মানুষ যখন গাছ থেকে নামলো, আশ্রয়ে এলো তখনই দলাদলি শুরু হল। মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আমি জানতে চাই বিনয়ের সঙ্গে যে রিলিফ ব্যবস্থায় কোঅর্ডিনেশান কমিটির প্রত্যক্ষ সংযোগ করার আগে পর্যন্ত এমন কোন কি অভিযোগ ছিল যে অভিযোগের জন্য কোঅর্ডিনেশান কমিটির লোকদের প্রত্যক্ষভাবে রিলিফের কাজে নিয়োগ করা হল। আগেও তারা করছিলেন। বন্যার সময় করেছিলেন—কোঅর্ডিনেশান কমিটি করেছেন,

আমাদের সামনে একসঙ্গে মিলে কাজ করেছেন অন্যান্য সংগঠনও—সেখানে সরকারী কর্মচারী হিসাবে তাদের সক্রিয় সহযোগীতা আমরা পেয়েছি। হঠাৎ সেখানে কোঅর্ডিনেশান কমিটিকে দায়িত্ব দেওয়া হল। মজার ব্যাপার শুনুন। কোঅর্ডিনেশান কমিটি যখনই এল তখন বি. ডি. ও. অফিসের গাড়ীতে চড়ে বি. ডি. ও-কে বিভিন্ন জায়গায় ঘোরানো হল। আমি দুঃখের সঙ্গে বলছি, আমি নদীয়া জেলার এই বামফ্রন্ট শরিকদলের—আর. এস. পি. দলের—একমাত্র সদস্য-সবেধন নীলমনি। সেখানে এমন ব্যবস্থা তৈরী হল— বিরোধীপক্ষের কথা মানবেন কিনা জানিনা কিন্তু রিলিফের দ্বিতীয় স্তর যখন এল এম. এল. এ. হিসাবে, জনসাধারণের দ্বারা নির্বাচিত প্রতিনিধি হিসাবে গোটা থানার প্রতিনিধি হিসাবে আমরা কিন্তু আর রিলিফ ডিষ্ট্রিবিউসানের ব্যাপারে কথা বলার কোন অধিকার বা অবকাশ নেই। মুখ্যমন্ত্রীমহাশয় বলেছেন, এম. এল. এরা যেতে পারেন, তিনি ভাল কথাই বলেছেন। উপর থেকে বলে দিয়েছেন যে যেতে কোথায় পারেন। পঞ্চায়েত সমিতি বড় একটি সমিতি, সমস্ত ব্লকের প্রতিনিধি অঞ্চল থেকে নির্বাচিত প্রতিনিধি সেখানে আছেন। শুনুন ব্যাপারটা একটা রিলিফ সাব-কমিটি আছে ৫ বা ৭ জন মেম্বার নিয়ে। একই অঞ্চলের দুজন বা তিনজন, একই দলের লোক সেখানে নির্বাচিত হয়েছেন—কোন দুঃখ নেই, কোন আপত্তি নেই, সেখানে গোটা পঞ্চায়েত রিলিফ ব্যবস্থায় কিছু করছে না সেখানে যে সাব-কমিটি আছে তারাই সেইটা করছে। তারপর পঞ্চায়েত সমিতির মিটিং ডেকে আমাদের ব্লকে এক মাস ধরে যে রিলিফ ডিষ্ট্রিবিউসান হল তার এ্যাপ্রুভাল নেওয়া দরকার এটাও করা হয়নি। একেও পাশ কাটাবার জন্য—অন্য মেম্বারদের নিতে হবে বলে আবার এক নতুন সাব-কমিটি হয়ে গিয়েছে যা পঞ্চায়েতের প্রভিসানে নেই।

আইনে নেই এই কথাটা যে পঞ্চায়েতে আবার রিলিফ সাব কমিটি হবে। অঞ্চলের সাব কমিটি আছে, পঞ্চায়েত সাব কমিটি আছে, সেই সাব কমিটি রিলিফ বিলি করবেন। যেখানে বিরোধী দল আছেন, যেখানে আমরা আছি, আমাদেরও—সরিক দলকে বাদ দিয়ে সেখানে রিলিফ বিলি করা হচ্ছে। মুখ্যমন্ত্রীর কাছে আমি অভিযোগ রাখতে চাই না, আমি একটি কথা আপনার মাধ্যমে বলতে চাই, আপনি বলেছেন বম্বের সংবাদপত্রে বেরিয়েছে যে জনতা দলের অন্তর্দন্দের জন্য ইন্দিরা গান্ধীর সুযোগ এসে যাচ্ছে। আমি বিনয়ের সঙ্গে বলতে চাইছি, বিরোধীতার জন্য নয়, যতদিন আছি সত্য কথা বলতে চাই বামপন্থী দলে থেকে যে বামপন্থী দলের তভ্যন্তরেও আজকে বিরোধ সৃষ্টি করার চেষ্টা চলেছে। সেই চেষ্টার জন্য আজকে এই যারা দীর্ঘদিন ধরে গম চুরি করে দোতলা, তিনতলা, বাড়ী করেছে, এই সুযোগ কিন্তু তারা করে

নিচ্ছে। আমার এলাকায় আর. এস. পি. দলের একজন পঞ্চায়েত সদস্যের বিরুদ্ধে সি. পি. এম. দলের তরফ থেকে একটা দরখাস্ত করা হয়েছিল, রিলিফের ব্যাপারে পক্ষপাতিত্ব করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেই দরখাস্ত এনকোয়ারী করা হয়েছিল কোঅর্ডিনেশন কমিটির মেম্বার দিয়ে এবং তা এনকোয়ারি করে মিথ্যা প্রমাণিত হলো। এই মিথ্যা দরখাস্ত—যারা দরখাস্ত করেছে তারা বলেছে, ঐ ব্যাপারে আমরা করিনি, টিপ দিইনি। কোঅর্ডিনেশন কমিটির তরফ থেকে আমরা চ্যালেঞ্জ করে বলেছিলাম যে তাদের মেম্বার দিয়ে আপনারা এনকোয়ারি করুন এবং মিথ্যা প্রমাণিত হয়ে গেল, এই ধরণের চক্রান্ত দলের মধ্যে থেকে, বামফ্রন্টের মধ্যে থেকে হচ্ছে। একে এখনই যদি অস্বীকার করেন তাহলে করুন। কিন্তু আমি আবার বলছি এই অস্বীকারের মধ্যে দিয়ে যে অশুভ শক্তি পঞ্চায়েতের ভিতর দিয়ে ঢুকেছে এবং যে অশুভ শক্তি আবার মাথা চাড়া দিয়ে এখানে সোচ্চার হচ্ছে, তাদেরই সুযোগ করে দেওয়া হবে। কাজেই অঙ্কুরে এখনই এটা বিচার বিবেচনা করে দেখা উচিত। ভবিষ্যতে এর পরিণতি নিশ্চয়ই খারাপ হবে। এটা আশা করি মুখ্যমন্ত্রী মহাশয় বিচার বিবেচনা করে দেখবেন।

**শ্রীকমলকান্তি গুহ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা যখন তৈরী হয়েছিলাম ৬ষ্ঠ পঞ্চ বার্ষিকী পরিকল্পনায় পশ্চিমবাংলাকে কি করে গড়ে তোলা যায়, আমরা যখন তৈরী হচ্ছিলাম যে আগামী পাঁচ বছরে পশ্চিমবাংলার ৬ কোটি মানুষকে প্রতিদিন আধ কেজি খাদ্যশষ্য দিয়ে কি করে তাদের বাঁচিয়ে রাখা যায়, সেই পরিকল্পনা যখন আমরা তৈরী করছিলাম, পশ্চিমবাংলার কৃষককে যুগ যুগ ধরে শোষিত হচ্ছে, সেই শোষণের হাত থেকে, বঞ্চনার হাত থেকে কি করে বাঁচানো যায় সেইভাবে যখন আমরা প্রস্তুতি নিচ্ছিলাম, পশ্চিমবাংলার ফসলের বীমা করবার সমস্ত ব্যবস্থা যখন আমরা প্রায় তৈরী করে এনেছি, পশ্চিমবাংলার ভিতর স্টেট ট্রেডিং করে পশ্চিমবাংলার কৃষককে বীজের সমস্যা সমাধান করবার জন্য যখন তৈরী হচ্ছি, ক্ষুদ্র সেচের পরিধি বাড়াবার জন্য যখন চেষ্টা হচ্ছে, ঠিক সেই সময় অভূতপূর্ব বন্যা আমাদের সমস্ত প্রস্তুতি, সমস্ত প্রচেষ্টাকে বানচাল করে দিয়ে এক বিপদের সম্মুখে আমাদের টেনে দাঁড় করালো। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেদিন আমরা অভূতপূর্ব বন্যার মোকাবিলা করবার জন্য সমস্ত পরিকল্পনা, সমস্ত প্রস্তুতিকে স্থগিত রেখে সাধারণ মানুষকে বাঁচাবার জন্য সরকারী প্রশাসনকে, সরকারী ব্যবস্থাকে কেন্দ্রীভূত করেছিলাম। আজ যখন মনে মনে আমাদের মধ্যে ঈশ্বর সম্বন্ধে সংশয় দেখা দেয়, সেই খেয়ালী উড়নচণ্ডী বিধাতার সম্বন্ধে যখন প্রশ্ন এসে দাঁড়ায়, এই লোকটার কোন কাণ্ডজ্ঞান নেই, দ্বিখণ্ডিত

পশ্চিমবঙ্গের মানুষের নানা সমস্যা, তার মধ্যে একটা বন্যা চাপিয়ে দিলো, তখন আবার আর এক দিক থেকে এই খেয়ালী উড়নচণ্ডী ঈশ্বরের প্রতি কৃতজ্ঞতা জাগে।

[ 5-00 - 5-10 P.M. ]

তাঁর মানে হচ্ছে ঈশ্বরের সময় জ্ঞান আছে। আমি এইজন্য বলছি, এই বন্যা যদি ২ বছর আগে হতো তাহলে পশ্চিমবাংলায় বন্যার পরে মহামারী দেখা দিত, খাদ্যের অভাব দেখা দিত, দুর্ভিক্ষ হতো। পশ্চিমবাংলায় একটা লোকও বাঁচতে পারতো না। এই বন্যা বামফ্রন্ট সরকারের সময়ে হয়েছে বলে বন্যার পরে কোন মহামারী দেখা দেয়নি, একটি লোকও খাদ্যের অভাবে মরেনি। ১৯৭৪ সালে আমার কুচবিহার জেলায় দেখেছি প্রায় ১০ হাজার মানুষ পথে-ঘাটে না খেতে পেয়ে মরে গিয়েছিল। এক মুঠো দানা জোগাড় করেছিল নিজেদের সম্পত্তি বিক্রি করে দিয়ে। মেয়েরা নিজের সতীত্ব বিক্রি করে অন্ন জোগাড় করেছিল। এই অবস্থা ১৯৭৪ সালে আমি দেখেছি। কিন্তু আমরা এই সীমিত ক্ষমতা নিয়ে যেভাবে এই বিপর্যয়কে মোকাবিলা করেছি তা সকলকেই স্বীকার করতে হবে এবং তারজন্যই পশ্চিমবাংলায় ঐ অবস্থা এসে দাঁড়ায়নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আশা করেছিলাম যে বন্যার পরে পুর্ণবাসনের জন্য বিরোধী দলগুলি তারা কৃষির সম্বন্ধে কিছু বলবেন, কৃষিকে কি করে পুর্ণগঠন করা যায়, কৃষির সমস্যাগুলি কি করে সমাধান করা যায় সেকথা তারা বলবেন। কিন্তু সেইদিকে তারা এগুলেন না। তাঁরা আমাদের কাছে কোন প্রস্তাব রাখলেন না। মাননীয় অধ্যক্ষমহাশয়, আজকে পশ্চিমবাংলায় পুর্ণগঠনের ব্যাপারে কৃষি একটি প্রধান জায়গা নিয়ে দাঁড়িয়ে আছে। আমাদের কিছু ত্রুটি হয়তো হয়েছে, সময় মত হয়তো ঠিক কাজ করে উঠতে পারিনি, তার কারণ কিন্তু বিবেচনা করতে হবে। কারণ, যে পরিকল্পনা নিয়ে সেপ্টেম্বর মাস পর্যন্ত চলেছিলাম, যেভাবে এগিয়েছিলাম সেই এগুনোর পথটাকে উল্টো-পাল্টা করে দিয়েছে এই বন্যা। কৃষি পুর্ণগঠনের জন্য যে কাজ করতে হচ্ছে সেই ধরনের মেসিনারী এবং সেই ধরণের অর্থিক সঙ্গতি আমাদের আগে থেকে ছিল না—এই কথা স্বীকার করে নিচ্ছি। ক্ষুদ্র শিল্পে যেমন শান্তিপুরের তাঁতিরা আজকে বিপর্যস্ত হয়েছে। এদের পৌষ মাসের জায়গায় মাঘ মাসে পুর্ণবাসনের ব্যবস্থা করলে হয়তো কাজ চলে যাবে। প্রাথমিক স্কুলগুলি ভেঙ্গে গেছে, এগুলি ১ মাস পরেও করলে চলবে। কিন্তু কৃষি একটি সময় সীমার মধ্যে বাঁধা আছে। সময় মত সেই কৃষি কাজগুলি যদি না করা হয় তাহলে ফসল উঠবে না। চাষীরা মার খাবে। কৃষি ব্যবস্থা পুর্ণবাসনের ভিতরে অথচ বাধা অনেক আছে। আজকে

কাশীকান্ত মৈত্র মহাশয় বলেছেন কেন্দ্র থেকে প্রচুর টাকা দেওয়া হয়েছে এবং টাকা দেওয়া হবে। আমার কাছে টাকা এসেছে। কিন্তু কাশীকান্ত মৈত্র মহাশয়কে এবং হরিপদবাবুকে বলি যে, আপনাদের কথা-মালার গল্প পড়া আছে কি? সারসকে নিমন্ত্রন করে শিয়াল একটা থামায় খেতে দিয়েছিল আর শিয়ালকে খেতে দেওয়া হয়েছিল একটি কলসে। আজকে মোরারজী দেশাই এবং প্যাটেল সাহেব সেই ঠগের নিমন্ত্রন করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে অবাক হয়ে যাবেন, পশ্চিমবাংলাকে কৃষি ঋণ দেওয়া হয়েছে ৩০ কোটি টাকা।

অর্ডার এসেছে ২ দিন হল কৃষিঋণের সমস্ত টাকা সার ও বীজে দিতে হবে। যাদের আগেকার লোন বাকী আছে তাদের দেওয়া হবে না, একনম্বর কথা হচ্ছে যাদের আগেকার লোন বাকী আছে তারা কোথা থেকে লোন দেবে একথা বোঝবার ক্ষমতা বার্ণালা সাহেব বা প্রধানমন্ত্রীর নেই। কারণ তাদের পাট, আউশ, আমন নষ্ট হয়ে গেছে এবং আগামী ফসল হলে তারা বাঁচবে কিনা সে সম্বন্ধে সন্দেহ আছে, সুতরাং এই সময়ে তারা আগেকার ঋণ কিভাবে শোধ করবে? ২নং কথা হচ্ছে ঋণের সমস্ত টাকা দিতে হবে সার এবং বীজে এ যেন ঠগের নিমন্ত্রণ। আমাদের কোটি কোটি টাকা দেওয়া হল, বলা হোল সার এবং বীজ দোব, হিমাচল প্রদেশে আপনাদেরই সরকার তারা আলুর দাম এই বিপর্যয়ের সুযোগ নিয়ে বাড়িয়ে দিলেন। ঐ দামে আলু নিয়ে এসে পশ্চিমবাংলার গরীব কৃষককে দেওয়া যায় না। আমরা কেন্দ্র এবং হিমাচল সরকারকে এ কথা জানালাম কিন্তু তারা বললেন আমরা কিছু করতে পারব না। এইখানেই আপনাদের সঙ্গে আমাদের তফাত। আমডাঙ্গায় একটা হিমঘর আছে, হিমঘর আইন জয়নাল সাহেবরা তৈরী করে গেছেন যাতে আমরা মালিকদের কিছু করতে পারব না, বরং মালিক যা ইচ্ছা তাই করবে। সেখানকার হিমঘরের মালিক বলেছে আলু সব নষ্ট হয়ে গেছে এর ফলে সেখানকার কৃষকেরা খুব বিপদে পড়েছে। সেখানকার কৃষকরা তাদের এম. এল. এ, মন্ত্রী হালিম সাহেবকে নিয়ে আজকে এসেছিলেন, আমরা এই ৮০০০ কৃষককে মিনীকীট দোব আলুর লোন দোব এবং তারপরে মালিককে ধরার চেষ্টা করব। পরশুদিন আমরা হিমঘর সম্বন্ধে একটা নতুন বিল আনছি তাতে দেখবেন অনেক পরিবর্তন হবে। আপনারা কোটি কোটি টাকা দিচ্ছেন কিন্তু বলেছেন সার ও বীজ কিনতে হবে এন. এস. সি. বীজ দিতে পারছে না আমরা চেষ্টা করছি কোথা থেকে বীজ পওয়া যায়। সেইজন্য বলছি আপনাদের সমাজতন্ত্র কোথায়?

[ 5-10—5-20 P. M. ]

গতবছর পর্যন্ত সারের উপর রাজ্য সরকারের নিয়ন্ত্রণ ছিল তা কোথায় যাবে কোন জেলায় যাবে এটা আমরাই ঠিক করতাম। এখন সে নিয়ন্ত্রণের অধিকার আমাদের নেই, এখন আইন করেছেন সার বিলি হবে এফ. সি. আই এবং ইণ্ডিয়ান পটাস লিমিটেডের মাধ্যমে—তাঁরা নিজেদের ইচ্ছামত জেলায় জেলায় সার পাঠাবেন এবং পরে আমাদের জানাবেন সার কোথায় কোথায় গেল। পটাশ, সুফলা, জি. এ পি আলুর জন্য এঁরা কি করছেন। উত্তরবঙ্গে যেখানে আলুর চাষ হয়না সেখানে নিয়ে গিয়ে সব স্টক করছেন, যায় ফলে সেখান থেকে এখানে মাল এসে চোরাকারবারী হচ্ছে এইভাবে সার নিয়ন্ত্রনের ক্ষমতা তুলে নিলেন, আবার বলছেন কোটি কোটি টাকা দিয়েছি এবং আরও দোব কিন্তু সার ও বীজ আমাদের কাছ থেকে কিনতে হবে। আমরা কেন্দ্রকে বলেছি আমরা ডিফলটারদের লোন দোব, আমরা ফিফটি পারসেন্ট সার ও বীজ দোব, কাশীবাবু, হরিপদবাবু চাষ সম্পর্কে কিছু জানেন না তাঁরা শুনে রাখুন কৃষক খালি সার ও বীজ চায়না তারা পেটের দানা চায়, বৌয়ের শাড়ী চায়, ছেলেমেয়েদের জামা কাপড় চায় কেরোসিন চায় নুন চায় এই টাকা নাহলে সে চাষ করবে কিভাবে সেজন্য আমরা কেন্দ্রকে বলেছি আমরা শতকরা ৫০ ভাগ ঋণ আর সার এবং ৫০ ভাগ দোব নগদে। কেন্দ্র যদি না মানে তাহলে ঐ টাকা আমরা বিলি করে দোব তারজন্য যদি কেন্দ্রের সঙ্গে মোকাবিলা করতে হয় তা আমরা করব। গত বছর আমরা মিনিকীট দিয়েছিলাম ৫টি আইটেমে—আলু, গম, বার্লি, বোরো এবং সূর্যমুখী—৮৬৬৬৫টি—টাকা খরছ করেছিলাম ১২৯৯৯৭৫। এবার মিনীকীট দিয়েছি ১৫ লক্ষ ২ হাজার ২৯৮—টাকা খরচ করেছি ৭ কোটি ৫০ লক্ষ। মুগ, ভুট্টা, গ্রীষ্মকালীন শাক সবজির জন্য মিনীকীট দিয়েছি যাতে তারা এইসব চাষ করতে পারে। আমাদের সেচব্যবস্থা ভেঙ্গে পড়েছে, রিভার লিফট ১২০১টি ভেসে গেছে, না হয় বালিতে চাপা পড়েছে না হয় নষ্ট হয়ে গেছে, ডিপ টিউবওয়েল ৯৯৪টি নষ্ট হয়ে গেছে, শ্যালো ১২০১টি নষ্ট হয়ে গেছে এগুলি তাড়াতাড়ি ভাল করার চেষ্টা করছি। রিভার লিফট্ ভাল হয়েছে ৭২৪টি ডিপ টিউবওয়েল ভাল হয়েছে ৮১৩ তা সত্ত্বেও সেচ ব্যবস্থা আরও বেশী করতে হবে। আমাদের মেজর ইরিগেশন খারাপ হয়ে গেছে। কৃষক জলের জন্য অপেক্ষা করতে পারে না, সেইজন্য ঠিক করেছি ১২টি জেলায় যেখানে জল আছে অথচ সেচ ব্যবস্থা নেই সেখানে ২০/২৫/৫ এইচ. পি পাম্প মেসিন কিনে আমরা তা পঞ্চায়েতের হাতে দিয়ে দোব। পঞ্চায়েত শুধুমাত্র তেলের খরচ নিয়ে মেশিন থেকে জল সরবরাহ করবে।

এই প্রসঙ্গে একটা সুখবর আপনাদের আমি জানাতে পারি। অবশ্য জানিনা আপনারা একে সুখবর হিসাবে গ্রহণ করবেন কি না। আমরা সিদ্ধান্ত নিয়েছি এবারে আমরা আগে ট্যাক্স আদায় করব না। আগে নিয়ম ছিল আগাম ট্যাক্স দিতে হয়। আমরা ঠিক করেছি কি রকম ফসল উঠল সেটা দেখে কতটা ট্যাক্স দিতে হবে সেটা নির্ধারণ করব। তাছাড়া আমরা আরও ঠিক করেছি স্যালো-তে যেখানে মিনিমাম চার্জ দিতে হয় ৩৭৫ টাকা কৃষককে সেটাও আমরা তুলে দিচ্ছি। কৃষকদের প্রতি মাসে বিদ্যুতের জন্য চার্জ দিতে হয়। তারা সেটা দিতে পারে না কারণ তারা সরকারী অফিসে চাকুরী করে না, ব্যবসা করে না এবং প্রতি মাসে তাদের আয় হবে এবং টাকা দেবে এই অবস্থা তাদের নয়। সেজন্য আমরা ঠিক করেছি বছরে যখন তিন বার ফসল উঠবে, তখন তারা ট্যাক্স দেবে। এটা সমস্ত পশ্চিমবাংলার ক্ষেত্রে প্রযোজ্য। তারপর পশ্চিমবাংলায় যে সমস্ত ট্রান্সফর্মার চুরি হল সেগুলি স্টেট ইলেকট্রিসিটি বোর্ড নতুন করে দিচ্ছে যাতে সেখানে বিদ্যুৎ চলে এবং বিদ্যুৎ যায় এবং আমরাও জল দিতে পারি। মোটামুটি এই ব্যবস্থা আমরা এখন করেছি। তা আপনার কাছে বলছি।

তারপর জনতা পার্টির সদস্যদের কাছে বলছি যে আপনারা তো কেন্দ্রের কাছে লিখেছেন যে এঁরা হিসাব দিচ্ছে না, এঁদের টাকা দিও না, এঁরা অল্ পার্টি কমিটি করছে না, কাজেই এদের টাকা দিও না। আমি আপনাদের বলতে চাই অনুগ্রহ করে কেন্দ্রকে লিখুন যাতে ওয়াগন ঠিকমত আসে, আমরা সার আনতে পারি। উত্তরবঙ্গের পাট চালান হচ্ছে না ওয়াগনের অভাবে। কাজেই সেখানে যাতে ওয়াগন যায় রেলওয়ে থেকে, সেই কথা কেন্দ্রকে জানাবার জন্য জনতা পার্টির সদস্যদের কাছে অনুরোধ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনতা পার্টির তরফ থেকে বক্তব্য রাখার সময় একজন সদস্য বলেছিলেন কেউ কেউ কুমীরের কান্না কাঁদছেন। আমি বলি তার সঙ্গে আর একটা কান্না যোগ দিতে হবে এবং সেটা হচ্ছে পশ্চিমবাংলার আকাশে বাতাসে ডাইনীর কান্না এবং সেই কান্নাটা হচ্ছে পি সি সেনের। আমি অনুরোধ করছি দয়া করে এই কান্না থামাবার ব্যবস্থা করুন। এটা বন্ধ হলে পশ্চিমবাংলার বন্যার্তদের জন্য সুষ্ঠু ব্যবস্থা করতে পারব। এই ব্যাপারে আপনাদের সকলের সহযোগিতা চাই এটা ঠিক, কিন্তু আপনারা ঐ যে একটা কথা বলছেন আপনাদের দিয়ে সব ব্যবস্থা করাতে হবে, এটা বলবেন না। আমাদের পাশে দাড়ান, আপনারা আমাদের কাছে বক্তব্য রাখুন, যদি আপনাদের বক্তব্য ন্যায়সংগত হয়, তাহলে আমি কথা দিতে পারি, পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার এটা আশ্বাস

দিতে পারে এবং মুখ্যমন্ত্রীও তাঁর জবাবে বলেছেন যে আপনাদের বক্তব্যে যদি যুক্তি থাকে তাহলে নিশ্চয়ই আমরা গ্রহণ করব। কারণ আমরা যুক্তির দ্বারা চালিত। যাই হোক আপনাদের সহযোগিতা চেয়ে আমি বক্তব্য শেষ করছি।

**শ্রীসন্দীপ দাস:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী কমল গুহ বললেন যে আমরা নাকি দিল্লীর কাছে টাকা না দেবার জন্য বলেছি, স্যার, আমি তাঁর বক্তব্য প্রিভিলেজ কমিটিতে দিতে চাই, যদি তিনি তাঁর এই বক্তব্য প্রত্যাহার না করেন। স্যার, বিভিন্ন রাজ্যে আমাদের দলের মন্ত্রীরা তাঁদের বেতন পর্য্যন্ত মুখ্য-মন্ত্রীর ত্রাণ তহবিলে দিয়েছেন, শুধু তাই নয়, আমাদের যে জাতীয় শিবির হয়ে গেছে উজ্জয়িনীতে সেখানেও আমরা আরও অনুদান দেবার জন্য বলেছি। অথচ কমলবাবু এই রকম একটা মন্তব্য করে আমাদের অপমান করলেন।

[5-20 - 5-30 P.M.]

**শ্রীহরিপদ ভারতী:** স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার। আমার বক্তব্য হচ্ছে এইমাত্র মাননীয় কৃষি মন্ত্রী মহাশয় যে মন্তব্য করেছেন সেই মন্তব্য জনতা পার্টির পক্ষে অত্যন্ত অপমানজনক এবং তিনি বিধান সভায় যা আরোপ করেছেন অভিসন্ধি আমাদের সম্বন্ধে সেটা জনতা পার্টির পক্ষ থেকে মিথ্যা অভিযোগ স্বীকার করা সম্ভবপর নয়। শুধু তাই নয়, তিনি অবশ্য এগ্রিকালচার মিনিষ্টার, বলতে বলতে অনেক কথা বলেছেন, হয়ত পুরোপুরি এগ্রিকালচার হয়ে গেছেন কি না জানি না, কিন্তু যেসব মন্তব্য করেছেন সেই মন্তব্যগুলি অসংগত। আজকে এখানে জনতা পার্টির পক্ষ থেকে আমরা আপনাকে জানাতে চাই জনতা পার্টির সদস্যদের সম্বন্ধে তিনি কটাক্ষ করে বলেছেন যে আমরা কেন্দ্রের কাছে একথা লিখেছি যতক্ষণ পর্যন্ত হিসাব না পাওয়া যাবে ততক্ষণ পর্যন্ত দুর্গত পশ্চিমবঙ্গের পুনর্গঠনের জন্য তোমরা কোন অর্থ দেবে না, এই অভিযোগ মাননীয় মন্ত্রী যদি প্রত্যাহার না করেন তাহলে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি দুঃখের সঙ্গে জানাতে বাধ্য হব যে আমরা আজকে অধিবেশনে আর যোগদান করতে পারব না। একটু আগে মাননীয় মন্ত্রী ব্যক্তিগতভাবে বলেছেন, আমার কাছে সুরুচি প্রত্যাশা করেছেন, আমি কোনদিন কোন ব্যক্তির বিরুদ্ধে বলিনি, কোন ব্যক্তিকে বাধা দিইনি। কিন্তু সকলেই বাধা দিচ্ছেন, নানা রকম মন্তব্য করছেন। নিঃসন্দেহে এই অসভ্যতার প্রতিযোগিতায় আমি প্রবৃত্ত হতে চাই না। তবুও আমি বলব আত্মসম্মান নিয়ে যাতে আমরা বিধান সভায় বসতে পারি এবং আপনি সদস্যদের অধিকার রক্ষার অছি হিসাবে সেই

আত্মসম্মান যাতে রক্ষা করতে পারেন তার ব্যবস্থা করুন।

**শ্রীঅনিল মুখার্জী ঃ** স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার। মাননীয় মন্ত্রী মহাশয় যখন বক্তৃতা করছিলেন তখন এখান থেকে সন্দীপ বাবু এবং অন্যান্যরা তাঁকে ইণ্টারাপ্ট করেন। স্যার, রুল ৩২৫(৮)এ আছে—"Whilst the House is sitting, a member shall not obstruct proceedings, hiss or interrupt and shall avoid making running commentaries when speeches are being made in the House. অনারেবল মেম্বার যদি বলতে থাকেন এবং এইভাবে যদি ইণ্টারাপ্ট করতে থাকেন ডেলিবারেটলি তাহলে প্রোসিডিংস কি করে হবে।

**শ্রীহরিপদ ভারতী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্য তা নয়, আমার নিবেদন বাধা দেওয়া সম্বন্ধে নয়, আমার নিবেদন মাননীয় মন্ত্রী আমাদের দিকে অঙ্গুলী নির্দেশ করে অসত্য অভিযোগ করেছেন। তিনি সেই অভিযোগ প্রত্যাহার করুন, তা না হলে আমরা এই সভায় কাজ করতে পারব না।

**শ্রীঅশোক বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি জানি বিরোধীদের সম্পর্কে স্পীকার হিসাবে আপনার সহযোগিতা থাকা খুব স্বাভাবিক, তারজন্য আমরা ঈর্ষান্বিত নই। পয়েণ্ট অব অর্ডার বলে হরিপদবাবু উঠলেন, কিন্তু পয়েণ্ট অব অর্ডারের কোন বক্তব্য নেই। তিনি যে কথা বলতে চেয়েছেন সেটা হচ্ছে প্রফুল্ল সেন এই সভার সদস্য নন, সুতরাং তাঁকে কেন্দ্র করে জনতা পার্টি সম্পর্কে যে বক্তব্য উঠেছে তা বলা বাঞ্ছনীয় নয়। আমরা প্রতিদিন দেখি প্রমোদবাবুর নাম এবং সি পি এম-র নাম না করে ওদের কোন বক্তা বক্তৃতা করেন না, ওদের নাম না করে ওরা জল গ্রহণ করেন না। প্রমোদবাবু সম্পর্কে ওরা প্রতিদিন যে কথা বলেন সেকথা বলা ও'রা বন্ধ করবেন কি না—সেটা জানতে চাই। কারণ, আমরা জানি ওরা সুপরিকল্পিত উদ্দেশ্য নিয়েই এখানে উঠেছেন। আমি আশ্চর্য হবো না যদি এই মুহূর্তে কাশীবাবু এবং হরিপদবাবু এই সভা ত্যাগ করেন একটা সামান্য অজুহাত তুলে।

**শ্রীহরিপদ ভারতী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কথা শেষ হয়নি। আমি প্রফুল্ল চন্দ্র সেন মহাশয়ের সম্বন্ধে কোন মন্তব্যকে কেন্দ্র করে আপনার দৃষ্টি আকর্ষণ করিনি। আমার বক্তব্য হচ্ছে, মাননীয় মন্ত্রী আমাদের দিকে অঙ্গুলি নির্দেশ করে বলেছেন যে, বিরোধী দলের জনতা পার্টির বন্ধুরা কেন্দ্রকে এই চিঠি লিখিছেন—এই কথাটি প্রত্যাহার করবেন কি না। আমি শুধু এইটুকু আপনার মাধ্যমে তাঁর কাছে নিবেদন করতে চাই।

**শ্রীঅমলেন্দ্র রায়ঃ** স্যার, উনি যেটা আপত্তি করেছেন মাননীয় সদস্য, আজকে এখানে মাননীয় মন্ত্রী কমল গুহ মহাশয়ের একটি বক্তব্য সম্পর্কে। কোন কথা আমরা এখানে বলতে পারি, কোন কথা বলতে পারি না সেটা নির্দিষ্টভাবে ৩২৮ ধারা কার্য পরিচালন বিধি সেটা খুলে আপনি দেখুন। আমি জানতে চাই মাননীয় সদস্য হরিপদবাবুর কাছ থেকে ঐ ৩২৮ ধারার কোন নিয়ম তিনি লংঘন করেছেন। দয়া করে আগে সেটা বলুন তারপর তার উপরে আপনি সিদ্ধান্ত নেবেন।

**শ্রীহরিপদ ভারতীঃ** স্যার, আমি আমার বন্ধুর মতো ধারা জ্ঞান আমার তত নেই। আমি ধারাপাত পড়িনি, আমার বক্তব্য হচ্ছে এটি একটি ধারার কথা নয়। কিন্তু আমরা বিরোধী দলের জনতা পার্টির সদস্য যারা এখানে বসে আছে তাদের সম্বন্ধে—এই কথা যদি মাননীয় মন্ত্রী মহাশয় বলেন যে আমরা চাই না, যে কেন্দ্রীয় সরকার পশ্চিমবাংলাকে সাহায্য করুন। আমরা তদ্‌বীর করছি তারজন্য তাহলে দুর্গত পশ্চিমবাংলার মানুষের প্রতি আমরা বিশ্বাস ঘাতকতা করছি সেটি তিনি বলেছেন। কোন ধারার দ্বারা আপনি এই ধরণের বক্তব্যকে প্রমাণ করবার চেষ্টা করবেন না।

**মিঃ স্পীকারঃ** মাননীয় সদস্যরা তাদের বক্তৃতাতে কুৎসা, আক্রমণ, নানা রকম কথা বলে থাকেন। আপনারা বলছেন তারা দলবাজী করছেন, আপনারা তার প্রতিবাদ করছেন। এগুলি হচ্ছে সব ওপিনিয়ান, এর উপরে আমি একথা বলতে পারবো না যে এটি উইথড্র করুন, তিনি উইথড্র করেন করবেন। আমার এইরকম কোন অধিকার নেই যে এর দ্বারা আমি বলে দেবো যে, উনি যেহেতু অপর পক্ষ সম্বন্ধে এই ধরণের মন্তব্য করেছেন অতএব আমি এটা তুলে দেবো। যদি তিনি কোন আন-পার্লামেণ্টেরি শব্দ ব্যবহার করেন তাহলে আলাদা কথা। উনি যেকথা বললেন তাতে আমি আপনাকে অধিকার দিয়েছি সেটা প্রতিবাদ করবার। উনি যখন একথা বলেছেন তখন আপনি এই সভার সামনে এবং প্রেসের সামনে বলে দিন উনি যেকথা বলেছেন সেটা অসত্য কথা, আপনাকে আবার আমি অধিকার দিচ্ছি বলার, আপনি সেই অধিকারে বলেদিন।

**শ্রীহরিপদ ভারতীঃ** স্যার, আমরা মনে করি তার এই বক্তব্য দুর্ভাগ্যজনক। তার প্রতিবাদে এই সভার বাকী অধিবেশনে আমরা যোগদান করতে পারছি না। আমি জনতা পার্টি থেকে কথা বলছি···

(At this stage thc Members of the Janata Benches walked out of the Chamber)

[5-30—5-40 P.M.]

**Mr. Speaker :** এখানে আর একটি বিষয় সম্বন্ধে যেহেতু এক্ষুণি আমার মতামত দেবার প্রয়োজন মনে করছি কারণ এটা আমার ডেপুটি স্পীকার সম্বন্ধে, সেইজন্য আমি আমার বক্তব্য আপনাদের জানাচ্ছি।

My attention has been drawn to certain observations made this day by Hon'ble Shri Naba Kumar Roy levelling certain allegaions against the Hon'ble Deputy Speaker. It has also been urged that the matter be referred to the Committee of privileges under the Rules of procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

I have given my anxious considerations to the matter.

Rule 328(ii) of the Rules of Procedure stipulates that an honourable member while addressing the House should not make any personal charge against another honourable member.

There is a settled convention in Parliamentary procedure that the Speaker and the Deputy Speakcr should not be dragged into any controversy. The convention is necessitated for the reason that the Speaker and the Deputy Speaker have to maintain strict impartiality. Moreover under rule 328(iv) a member while speaking shall not reflect upon the conduct of any person whose conduct can only be discussed on a substantive motion drawn up in proper terms under the Constitution. Hon'ble Deputy Speaker is such a person contemplated under this rule. Their integrity can, therefore, be impeached only through a regular motion under rule 201 of the Rules of Procedure and not otherwise.

I am greatly pained that the honourable member who has preferred to level a charge against the honourable member is aware of the convention. Upon examination of the context I find that the allegations were not warranted.

I am sure that all sections of this august House will join me in upholding the healthy parliamentary convention to keep out the Speaker and the Deputy Speaker from controversies.

As such I rule that the statement made this day by Hon'ble Shri Naba Kumar Roy concerning the Hon'ble Deputy Speaker be expunged from the proceedings as the allegations are hit by Rule 328 of the Rules of Procedure. No further action is, therefore, necessary.

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই সুযোগে আপনাকে অনুরোধ করব সংবিধান এবং রুলস অব প্রসিডিওরে রিমুভ্যাল সম্বন্ধে ১৭৯ এবং ২০১-এতে যা লেখা আছে সেটা একটু দেখতে। স্পীকার এবং ডেপুটি স্পীকার ইমিউন, ওয়ান সেভেন্টি সেভেন অনওয়ার্ডস কনস্টিটিউশন এবং রুলস অব প্রসিডিওর টু হানড্রেড অনওয়ার্ডস দেখুন।

( নয়েজ )

আপনি স্যার, আমাকে পারমিট করেছেন বলতে, আমাকে ওঁরা কেন বাধা দিচ্ছেন, এই ছটোর কোথায় আছে ডেপুটি স্পীকার ইজ ইমিউন ফ্রম সাব অবজার্ভেশন, আর উনি কোন স্টেটমেন্ট অব য়্যালিগেশন করেননি, উনি কিন্তু সংবাদ পরিবেশন করেছেন, ইট ইজ নট য়্যান এ্যালিগেশন। আমরা দেখেছি ডেপুটি স্পীকার ভোটে পার্টিসিপেট করে থাকেন এবং তিনি যখন ঐ চেয়ারে বসেন না তখন তিনি অর্থাৎ ডেপুটি স্পীকার ইন দি ক্যাপাসিটি অব মেম্বার অব দি লেজিসলেটিভ এসেম্বলী কাজ করে থাকেন। সুতরাং আপনি যে রুলিং দিলেন (Shri Amalendra Roy rose to Speak)

( Noise )

**শ্রীঅমলেন্দ্র রায় ঃ** He cannot be allowed to challenge the ruling of the Chair.

( Noise )

**মিঃ স্পীকার ঃ** I have expunged this reference. আমি সেই রেফারেন্সটা এক্সপাঞ্জ করে দিয়েছি।

( নয়েজ )

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** আমাকে যখন আমার বক্তব্য বলতে দেওয়া হলনা তখন এর প্রতিবাদে আমরা ওয়াক আউট করছি।

( নয়েজ )

(Members of the Congress Bench then walked out of the Chamber)

**মিঃ স্পীকার ঃ** আমার রুলিং-এ আমি বলেছি ডেপুটি স্পীকার সম্বন্ধে শ্রীনবকুমার রায়ের বক্তব্যে যা আছে, সেই অংশগুলি আমাদের হাউসের প্রসিডিংস থেকে এক্সপাঞ্জড হবে।

**শ্রীমনোরঞ্জন হাজরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার একটু নিবেদন আছে। এটা প্রথম ঘটনা নয়। মাননীয় ডেপুটি স্পীকারের উপর এর আগেও আর একবার এই রকম মন্তব্য করেছেন। দ্বিতীয়বার এই রকম মন্তব্য করা হল। প্রথম বারে প্রিভিলেজ কমিটিতে গিয়েছিল, তার নজীর আছে। দ্বিতীয়বারে আপনি এক্সপাঞ্জ করার কথা বললেন। আপনি যে রুলিং দিয়েছেন তা মেনে নেবো। সঙ্গে সঙ্গে জানিয়ে রাখছি এই ঘটনার পুনরাবৃত্তি এই হাউসে হলে এই হাউসের যে সম্মান বা অনার সেটা পদদলিত হয়। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীপার্থ দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলায় যে বন্যা এবং প্রাকৃতিক বিপর্য্যয় হয়ে গেলো, সেই বন্যা এবং প্রাকৃতিক বিপর্য্যয়ের হাত থেকে পশ্চিম বাংলার মানুষকে বাঁচাবার জন্য পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার এবং পশ্চিমবাংলার বামপন্থী রাজনৈতিক দলগুলি যে পদ্ধতিতে কাজ করেছেন তার সম্পর্কে বিধানসভায় বিরোধী দলের সদস্যরা মূলতঃ যে কটি কথা বলেছেন তার মধ্যে কিছু সত্যতা আছে। কিন্তু তারা একটা খুব বড় ধরণের ভুল করছেন এবং সেই ভুল একটা ধারণার ভিত্তিতে এই ধরণের অভিযোগগুলো করছেন। সেইজন্য আমি সভার সামনে তাদের বিবৃতির সত্যতা কোথায় এবং ভুল কোথায়—সে সম্বন্ধে দু একটি কথা বলবো এবং সম্ভবতঃ দু একটি সংবাদ যা এই সভার জানা দরকার তা বলবো। যে ভুল সিদ্ধান্তের ভিত্তিতে সমালোচনা করছেন তাহল এই যে কংগ্রেস দল অথবা জনতা পার্টি বা এই ধরণের পরিচালিত সরকার তাদের যেভাবে বিচার করা হয় সেই ভিত্তিতে সেই মাপকাঠিতে একটা বামফ্রন্ট সরকারকে তারা বিচার করবার চেষ্টা করছেন এবং সেই চেষ্টা করতে গিয়ে তাদের ভুল হয়ে যাচ্ছে। আরও স্পষ্ট করে বলতে গেলে বলতে হয় দলবাজির যেকথা তারা তুলেছেন সেক্ষেত্রে একটা জিনিষ তাদের বুঝতে ভুল হচ্ছে। কংগ্রেস দল বা জনতা দলের মতো করে বামপন্থীদের বিচার করতে হবে বা কম্যুনিষ্টদের

বিচার করতে হবে। বামপন্থী এবং কম্যুনিষ্টরা সংগঠিত দল, আদর্শে উদ্বুদ্ধ, তাদের কর্মসূচী আছে, কার্য্য করার ধরণ সুনির্দিষ্ট আছে, সিদ্ধান্ত করার পদ্ধতি সুনির্দিষ্ট, কি ভূমিকা পালন করবেন তা সুনির্দিষ্ট আছে। অন্য দলের মতো নয়। যেমন উদাহরণ দিয়ে বলতে পারি। ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে যা দেখা যায়, বিশেষ করে সংকটের সময় দেখা যায় একটা দলের দলীয় মন্ত্রী সভা তার থেকে কিছু মন্ত্রী পদত্যাগ করে দিলো, মুখ্যমন্ত্রী সংক্রান্ত অভিযোগ সংবাদপত্রে প্রকাশ করে দিলো, অনাস্থা প্রস্তাব পেশ করে দিলো। এমন হয় বিভিন্ন রাজ্যের ক্ষেত্রে। পশ্চিমবাংলার ক্ষেত্রেও হতো যদি ওই দুটো দলের কোন একটির মন্ত্রীসভা থাকতো। সে পরিস্থিতিতে এই ধরণের হয়তো মন্ত্রীসভা থেকে অনেকে পদত্যাগ করতেন, মুখ্যমন্ত্রী বিরুদ্ধে অভিযোগ করতেন, রাগ-অভিমান করতেন, সংবাদপত্রে বেরোত। এইভাবে বামপন্থী দল চলে না এবং বামপন্থীরা চলে দলবদ্ধভাবে, যৌথভাবে এবং সংগঠিতভাবে এবং এই বন্যা পরিস্থিতিতেও কাজের মধ্যে দিয়ে সেটা প্রকাশিত হয়েছে এবং এর একটা মহৎ দিক আছে।

[5-40—5-50 P.M.]

দলবদ্ধভাবে কমিউনিষ্ট দল, বামফ্রন্টের অন্যান্য দল সমস্ত দল সবাই এক সঙ্গে তারা গিয়েছে। সমস্ত জায়গায় সমস্ত গ্রামে সমস্ত ব্লকে সমস্ত অঞ্চলে সরকারী দপ্তরে বেসরকারী দপ্তরে এই সব দল গিয়ে কাজ করেছে সবাই ছুটে বেড়িয়েছে। আমি একটা উদাহরণ দিচ্ছি এই বন্যা পরিস্থিতিতে আরামবাগ থেকে কলকাতায় ফেরবার পথে আমি আটকে গিয়েছিলাম। এমন একটা জায়গায় যেখানে জনতা দলের প্রতিপত্তি আছে। অনেক রাত্রি দেখা গেল রাস্তার ধারে সব দোকান খোলা ছিল। সাধারণ দোকান সব দেখলাম। আমার সঙ্গে অফিসার ছিলেন সংবাদপত্রের লোক ছিলেন আমরা সবাই জিজ্ঞাসা করলাম জিনিষ পত্রের দাম কি বেড়েছে? আমরা কেউ সরকারী লোক তা কেউ জানতে পারেন কারণ আমাদের কাছে কোন পুলিশ ছিল না, একটা বেসরকারী জীপে আমরা আসছিলাম। তারা এই কথা শুনে বল্লো না কোন জিনিষ পত্রের দাম বাড়েনি। কারণ ওখানকার পার্টির লোকেরা বলেছে জিনিষ পত্রের দাম বাড়াবেন না—কোন অসুবিধা হলে আমাদের বলবেন আমরা দেখবো। আমরা বল্লাম পার্টির লোকদের কথা শুনবেন? তারা বল্লো কেন শুনবো না তারা যখন বলেছে যে কোন অসুবিধা হলে দেখবে তখন আর দরকার কি। এইভাবে কাজ চলেছে। আমরা প্রশাসনের সঙ্গে কাজ করেছি, আমরা

মন্ত্রীরা সাধারণ কর্মচারী, পঞ্চায়েতের নির্বাচিত সদস্যরা, বিভিন্ন যুবক মহিলা সবাই এক সঙ্গে কাজ করেছি কখনও পরামর্শ দিয়েছি কখনও আলোচনা করেছি কখনও যুক্তি করেছি এইভাবে আমরা কাজ করেছি। অনেক মানুষ বলেছে যে এই জিনিষ কেউ কখনও দেখেনি। এমন কি অনেক মন্ত্রী পায়ে হেঁটে রাইটার্স বিল্ডিংসে এসেছেন। অবশ্য সংবাদপত্রে সেটা বেরোয়নি—তা না বেরুক তাতে কিছু আসে যায় না। আমাদের রাইটার্স বিলডিংসে রাত্রি বাস করতে হয়েছে। আমরা সরকারী অফিসার কর্মচারীদের পাশে বসে কিভাবে কাজ করা যায় তার নির্দেশ দিতে হয়েছে, সমালোচনা করতে হয়েছে যুক্তি দিতে হয়েছে। সমস্ত সরকারী কর্মচারী সমস্ত বেসরকারী স্তরের কর্মচারীরা বামফ্রণ্টের বিভিন্ন রাজনৈতিক দলের অন্তর্ভুক্ত এম. এল. এ মন্ত্রী, পঞ্চায়েত সদস্য, জেলা পরিষদের সদস্য যুবক মহিলা সকলে এক সঙ্গে মিলে মিশে কাজ করেছি। আমি বাঁকুড়া জেলার লোক। সেখানকার কথা বলতে পারি যে সমস্ত পশ্চিমবাংলার সঙ্গে তার যোগাযোগ বিচ্ছিন্ন ছিল একমাত্র পুরুলিয়ার সঙ্গে তার যোগাযোগ ছিল। সেখানে না পাওয়া যায় কয়লা, না পাওয়া যায় কেরসিন, না পাওয়া যায় পেট্রোল কিন্তু সমস্ত জিনিষ সেখানে জুটলো কি করে ? যেখানে কোন যোগাযোগের ব্যবস্থা নেই কাপড় নেই, চাল নেই, কেরসিন নেই সমস্ত রাস্তা বিচ্ছিন্ন বড় বড় পথ ভেঙ্গে গিয়েছে। কিন্তু তা সম্ভব হয়েছে আমরা ঐ দলবাজী করেছি বলেই এবং সব কিছু সংগ্রহ করা সম্ভব হয়েছে। অনেকেই বলেছেন সংবাদপত্রের লোকরা আগেই চলে গিয়েছিল—মন্ত্রীদের আগেই চলে গিয়েছিল। একথা ঠিক নয় তারা মন্ত্রীদের সঙ্গেই গিয়েছে। যেখানে কেউ যেতে পারেনি সেখানে কি করে পেট্রোল ডিজেল কেরসিন এই সব জিনিষ সংগ্রহ করা হোল এতো আশ্চর্য কথা এ হোল কি করে। এটা হোক একমাত্র আমরা দলবাজী করেছি আমরা সংঘবদ্ধ হবার ফলে এটা ঘটেছে। যেখানে কোন নির্দেশ পাঠাবার সুযোগ নেই, কোন টেলিফোন করবার সুযোগ নেই, সেই কি করে এটা ঘটলো। কারণ আমাদের কর্মীরা সজাগ ছিল তারা সংঘবদ্ধ ছিল এবং সেই ভাবে কাজ করেছে এবং সকলের সম্মিলিত প্রচেষ্টায় এই জিনিস ঘটেছে। আমাদের ওখানকার একজন পঞ্চায়েত সমিতির সভাপতি যিনি মার্কসিষ্ট কমিউনিষ্ট পার্টির সম্পাদক তিনি ২৭ তারিখে বর্ধমানে আসেন কলকাতায় আসবার জন্য। কিন্তু যখন ঐ রকম পরিস্থিতি হোল তিনি বুঝে নিয়েছিলেন কি পরিস্থিতি এবং এটা হতে পারে। তাই তিনি যেখানে কোন রকম যোগাযোগ নেই নিজে ২২ মাইল পায়ে হেঁটে দু দিন ধরে হেঁটে নিজের এলাকায় গিয়ে পৌঁছে গিয়েছিলেন।

এই রকম অসংখ ঘটনা আছে। একমাত্র একটি দল বলতে পারে দলবাজী তখন করেছে। আমাদের দলের লোকেরা এই বন্যার্ত মানুষকে বাঁচাতে গিয়ে ৮ জন প্রাণ দিয়েছে, এটা দলবাজী—কেউ তো বলে দেয়নি প্রাণটা দিয়ে এস—সে জানে আমি বামপন্থী কমুনিষ্ট, আমাকে মানুষ বাঁচাতে হবে। কি করে বলব যে কংগ্রেসের আরো বেশী বেশী লোক মানুষকে বাঁচাতে গিয়ে প্রাণ দিয়েছে, জনতা পার্টির আরো বেশী বেশী ভলানটিয়ারস মানুষকে বাঁচাতে গিয়ে স্বেচ্ছায় প্রাণ দিয়েছে—এইটা দলবাজী, এটা দরকার ছিল। পশ্চিমবংলার সমস্ত প্রশাসন নতুন একটা উদ্দীপনা পেয়েছে এবং এই উদ্দীপনা থাকার জন্য এখন কত কাজ যে কত সহজে হচ্ছে এটা কল্পনাও করতে পারা যায় না। আমার জেলার কথাই আমি বলে দিচ্ছি। দুর্গাপুর ব্রীজ ভেঙ্গে গেল। আমরা ভেবেছিলাম বোধ হয় সৈন্যবাহিনীর সাহায্য পেলে তাড়াতাড়ি কাজ হবে। কিন্তু কাজ করতে গিয়ে দেখলাম দেরী হয়ে যাচ্ছে। কি করা যায়—তখন আমরা সবার সঙ্গে পরামর্শ করে নিলাম ঠিক হল সকলকে কাজে লাগাতে হবে। দেখা গেল যে কাজ ১০/১৫/২০ দিনেও সম্ভব নয়, সেই অসম্ভবকে সম্ভবে ঘটানো গেল। এতেই প্রমানিত হচ্ছে সৈন্যবাহিনীর সমান দক্ষতা, তৎপরতা আমাদের মানুষ অর্জন করে ফেলেছিল। সরকার সেখানে সমস্ত শক্তি নিয়োজিত করেছিল, জনসাধারণের সাহায্য নিয়ে, বর্ধমান জেলার সাহায্য নিয়ে, পুরুলিয়ার সাহায্য নিয়ে, অন্যান্য জেলার সাহায্য নিয়ে। জনসাধারণ এবং সরকার সকলে মিলে সেই কাজে হস্তক্ষেপ করেছিল বলেই এটা সম্ভব হয়েছে। পুরুলিয়া জেলায় বন্যা হয়নি। পুরুলিয়া জেলার ডি. সি., হেডকোয়ার্টার বুঝলেন বীরভূম, বাঁকুড়া. মেদিনীপুর ইত্যাদি জেলা খুব বিপদে পড়েছে, তাদের যোগাযোগ ব্যবস্থা নেই। পুরুলিয়ার ডেপুটি কমিশনার কন্ট্রোল রুম ষ্টার্ট করে দিল। পার্টির লোকেরা বলেছিল বলে, শাসকদলের লোকেরা বলেছিল বলে, মন্ত্রীরা হস্তক্ষেপ করেছিল বলেই এটা সম্ভব হয়েছিল। আসানসোল কন্ট্রোল রুম খুলে দিলেন আসানসোলের এ. ডি. এম.। এ. ডি. এম-এর সঙ্গে মিটিং করার সময় আমি আর কমলবাবু (মন্ত্রী) ছিলাম। আমরা বললাম এখুনি কন্ট্রোল রুম ষ্টার্ট করুন। আপনাকে বীরভূম, বাঁকুড়াকে সাহায্য করতে হবে। কিন্তু পরবর্তী কালে দেখা গেল তাকে আরো অনেক বেশী সাহায্য করতে হয়েছে। ট্রাক ট্রাক কয়লা বোঝাই করে পাঠাতে হয়েছে। কাজেই এই সব অসম্ভব ঘটনাকে সম্ভব করতে হয়েছে। দলের লোক না থাকলে কি এটা সম্ভব হত? যে ঘটনা ঘটে আসছে সেই ঘটনা ঘটতে মাসের পর মাস লেগে যায়। আমরা প্রথম শুনলাম দামোদরের রাইট ব্যাঙ্ক

ক্যানাল সোনামুখী থানার একটি জায়গায় ভেঙ্গে চুরমার হয়ে গেছে, তলা দিয়ে নদী গেছে, উপর দিয়ে খাল গেছে—একেবারে ভেঙ্গে চুরমার হয়ে গেছে। আমাদের ধারণা হল এই ধরণের জিনিষ সারাতে গেলে এই বছর বোরো, রবিতে জল পাওয়া যাবে না। সেখানকার অফিসার বললেন বোরোতে এই বছর জল দেওয়া যাবে না, এই কথা রেডিওতে ঘোষণা করে দিন। তারপর আমরা হস্তক্ষেপ করেছি, রাজনৈতিক দল হস্তক্ষেপ করেছে—যেমন করেই হোক যে পদ্ধতিতেই হোক জল দেওয়া চাই। এখনই টেণ্ডার কল করে দিন। আমরা জ্যোতিবাবুর সঙ্গে আলোচনা করলাম, যেমন করেই হোক জলের ব্যবস্থা করতে হবে। ওখানকার যারা ভাল কনট্রাকটর তাদের ডাকা হল। তাদের বলা হল কে এটা করতে পারবে আপনারা বলে দিন। ওখানকার অঞ্চল পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি, জেলাপরিষদ, জেলা ম্যাজিষ্ট্রেটকে আবার ডাকলাম। কে পারবে সেই রকম ক্যাপেকেল কনট্রাকটরের নাম বলে দিন। আরো যারা সেখানে ছিলেন তাদের মধ্যে বললেন একজন কনট্রাকটর আছেন উনি পারবেন। আমরা তাকে ডেকে পাঠালাম। কাজ শুরু হল। মাঝে একবার ভেঙ্গে গেল। আবার শুরু হল। এখন গিয়ে দেখে আসুন, এক মাসও হয়নি, ১৫/২০ দিন আগে শেষ হয়েছে। এখন আরামবাগ এলাকায় জল পাচ্ছে, সব ঠিক আছে। এই অসম্ভব সম্ভব হয়েছে। আপনারা যাকে দলবাজী বলেন এই সংস্কার, পুনর্গঠনের কাজ, ত্রাণের কাজে সহযোগিতা করেছেন। অন্য দলের কথা বলছি, যারা সহযোগিতা করতে চেয়েছেন, ঠিক সাহায্য নেওয়া হয়েছে। আমি নিজের অভিজ্ঞতায় জানি, বিভিন্ন জায়গায় দেখেছি যুবকরা এগিয়ে এসেছে আমরা এটা করতে চাই। ঠিক আছে, করুন। কিভাবে করবেন সেটাও আমরা বলে দিয়েছি, জায়গা দেখিয়ে দিয়েছি। তারা সেই কাজ করতে গেছেন। কিছু লোক আছেন যারা অংশ গ্রহণ করেছেন, তাদের মধ্যে কোন হতাশা নেই। তারা খুব আনন্দিত হয়েছেন। বিভিন্ন কাজে তারা পুরোপুরি অংশ গ্রহণ করেছেন, আবার কিচু মানুষ আছেন যারা অংশ গ্রহণ করতে পারছেন না, এই গৌরবজনক কাজে, এই গৌরবজনক সংগ্রামে নিজেদের কোথায় যুক্ত করতে হবে বুঝতে পারেননি, হতাশ হয়েছেন। আমরা জানি যারা ঐ কাজে নিজেদের যুক্ত করেছেন তাদের মধ্যে কোন হতাশা নেই। আমি উদাহরণ দিয়ে বলতে পারি বাঁকুড়া জেলায় জ্যোতিবাবু ৪ তারিখে মিটিং করতে গিয়েছিলেন। ৩০ তারিখ পর্যন্ত এই মিটিং-এর কোন ঠিক ছিল না। হঠাৎ ৪ তারিখে মিটিং করবেন ঠিক হল—হাজার হাজার লোক।

[5-50—6-00 P.M.]

তারপরের দিন জনতা পার্টির নেতারা গেলেন—হরিপদবাবু গেলেন—তারা সভা করবেন বলে বাঁকুড়া শহরের মাঝখানে একটি জায়গা ঠিক করলেন কিন্তু সেখানে ১০০/১৫০ বেশী লোক হল না। মানুষ আজ খুব সচেতন। আমরা দেখেছি আগেকার দিনে রিলিফ নিয়ে কোথায় কে কি করেছে না করেছে সে সব খবর মানুষ রাখে। কারা কারা রিলিফের কাজ করতে গিয়ে বড়লোক হয়ে গিয়েছে, দুর্ণাম রটেছে সেসব চিহ্নিত হয়ে আছে। আমরা কিন্তু কেউ চিহ্নিত হয়ে নেই। এখানে আমরা পরিকল্পনার কথা বলেছি এবং সেইসব পরিকল্পনা তারা গ্রহণ করেছেন। পুনর্গঠনের কাজ সেখানে শুরু হয়ে গিয়েছে সেটা আমাদের জেলায় গেলেই দেখতে পাবেন। বন্যায় সম্পূর্ণ ভেসে গিয়েছিল, কোন চিহ্ন ছিল না সেই গ্রাম আজকে পুনর্গঠিত হচ্ছে, মানুষ সেখানে এসে জড় হচ্ছে। আমাদের পশ্চিমবাংলায় মানুষের মানসিকতা খুব উচ্চগ্রামে রয়েছে, কোথাও হতাশা বা ভয় নেই। স্যার, এতবড় বিপর্য্যয় যেখানে হয়ে যায় সেখানে আমরা দেখি ডিমরালাইজেসান প্রথম আসে লেখাপড়াতে—বিশেষ করে স্কুল কলেজে। কিন্তু আমরা দেখলাম সমস্ত জায়গার স্কুল কলেজের ছাত্রছাত্রীরা, মাষ্টার মহাশয়রা বললেন, স্বাভাবিক পরিস্থিতি আমরা চালু রাখবো। এই রকম অবস্থা হলে যেখানে সব সময় আমরা দেখি বলা হল এটা বন্ধ করুন, ওটা বন্ধ করুন, পরীক্ষার নম্বর কমিয়ে দিন, পরীক্ষা পিছিয়ে দিন সেখানে আমরা দেখলাম তারাই বলছেন, আমরা স্বাভাবিক অবস্থা চালু রাখবো। তারপর কলেজ ইউনিয়নের ছেলেরা তারা যে এ্যানুয়াল ফাংসান করে, সোস্যাল করে সেই সোস্যালের টাকা জমিয়ে রেখে তারা আমাদের কাছে এসে বলছে, কোথায় আমরা স্কুল করে দিতে পারি তা আমাদের বলুন। এই ভাবে দেখা যাবে একটা উচ্চগ্রামে মানুষের মানসিকতা রয়েছে। এটাকে খুব বড় একটা পুঁজি হিসাবে আমাদের কাজে লাগাতে হবে। দল থাকবে, আলিমুদ্দিন ষ্ট্রিট থাকবে, কটাক্ষ করে কোন লাভ নেই। আমাদের নেতৃত্ব বিচার করে বলে দেন, বুঝিয়ে দেন এবং সেই পদ্ধতিতে আমরা কাজ করি। সেখানে আমাদের কোন অভিজ্ঞতা হলে তা আমাদের নেতৃত্বকে জানাই এবং তার পদ্ধতিও আছে। কাজেই এইভাবেই চলবে। আমাদের যে রাজনৈতিক নেতৃত্ব সেই রাজনৈতিক নেতৃত্বের নির্দেশে আমাদের গভর্ণমেণ্ট চলবে। আজকে এটা চলেছে বলেই, বামফ্রণ্ট ছিল বলেই, আযরা সংগঠিত ছিলাম বলেই, মানুষ আমাদের উপর ভরসা করে বলেই এই প্রচণ্ড পরিস্থিতির মোকাবিলা করা গিয়েছে, সামনা সামনি দাঁড়ানো গিয়েছে। যারা কোনদিন কাজ করতেন না এই

রকম যাদের রেকর্ড ছিল তারাও কাজ করেছেন সেটা আপনারা দেখেছেন। ঐ পুলিশ দপ্তরের লোকরা পর্য্যন্ত কি রকম প্রশংসনীয় কাজ করেছেন সেটা আপনারা জানেন। একটা ভাল পরিস্থিতি না থাকলে, পরিচালক ভাল না হলে, সরকার একটা উন্নত মানের, একটা উন্নত জাতের না হলে এটা হতে পারে না। এইসব জিনিষকে আমাদের কাজে লাগাতে হবে, এর থেকে আমাদের শিক্ষা গ্রহণ করতে হবে। ছোটখাটো কোথাও যদি কিছু হয়ে থাকে নিশ্চয় তা আমাদের বিচার করতে হবে সেটা মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলবেন। স্যার, এই কথা বলে আপনাকে এবং সভার সকলকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রীপ্রবোধ পুরকায়েতঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বিগত ভয়াবহ বন্যা সম্পর্কে বিধানসভায় যে বিবৃতি দিয়েছেন সেই বিবৃতি সম্পর্কে আমি কয়েকটি কথা বলতে চাই। স্যার, পশ্চিমবাংলার এই ভয়াবহ বন্যা আমাদের ১২টি জেলাকে তিনটি পর্যায়ে বিধ্বস্ত করে দিয়েছে। এই ভয়াবহ বন্যার কবলে পড়ে লক্ষ লক্ষ মানুষের জীবন আজ বিপর্য্যস্ত, গ্রামবাংলা বিপর্য্যস্ত, অসহায় মানুষগুলি এই বন্যার কবলে পড়ে আজ সর্বশান্ত হয়ে গিয়েছে। স্যার, রাতের অন্ধকারে যখন মানুষরা ঘুমিয়েছিল তখন ২০/৩০ ফুট উঁচু হয়ে জল এসেছিল এবং গ্রামগুলিকে ভাসিয়ে নিয়ে গিয়েছিল সেটা আমরা সকলেই জানি, কিন্তু সেখানে সারা পশ্চিমবাংলায় ১২টি জেলাতে ৯০০ মাত্র জীবন চলে গিয়েছে বলে যেটা বামফ্রন্ট সরকার বলছেন সে বিষয়ে আমি সম্পূর্ণ ভিন্নমত পোষণ করি। স্যার, এখানে সরকারপক্ষ এবং বিরোধী পক্ষ থেকে এই বন্যার ব্যাপারে নানা বিষয়ে উত্থাপন করেছেন এবং সেখানে এই ভয়াবহ বন্যার পর গ্রামবাংলাকে পুনর্গঠনের প্রশ্নও উঠেছে। স্যার, বন্যা বিধ্বস্ত মানুষগুলির জন্য আশ্রয় এবং তাদের খাওয়ানোর ব্যবস্থা সম্পর্কে বামফ্রন্ট সরকার যা করেছিলেন সে সম্পর্কে সংবাদপত্রের খবর এবং আমাদের বাস্তব অভিজ্ঞতা থেকে বলতে পারি যে বন্যাকবলিত মানুষদের কাছে ঠিক সময় মতন খাদ্য সামগ্রী পৌঁছায়নি। এবং এই খাদ্য সমগ্রী বিতরণের ব্যাপারে বহু অভিযোগ আছে। এটা আজকে সরকার পক্ষের মন্ত্রীরা যতই বলুন, সরকার পক্ষের সদস্যরা যতই তারস্বরে চিৎকার করে বলুন না কেন এই সম্বন্ধে গুরুতর অভিযোগ আছে। আবার সংবাদপত্রে দেখছি যে সরকার নাকি সিদ্ধান্ত নিতে যাচ্ছেন যে মানুষগুলোকে রিলিফ দেওয়া হতো সেই রিলিফ বন্ধ করে দেওয়া হবে। এখানে আমার বক্তব্য হাজার হাজার মানুষ যখন অসহায়, যে অসহায় মানুষগুলো

এখনও গ্রামে ফিরে যেতে পারেননি বা যারা গ্রামে ফিরে গেছে, তাদের তো যথা সর্বস্ব গেছে, সরকারী নানা পরিকল্পনার কথা বলা হচ্ছে, কিন্তু বর্ত্তমানে সেইগুলো বাস্তবায়িত হয়ে ওঠেনি, এই অবস্থায় যে মানুষগুলোর যথাসর্বস্ব গেছে, তাদের ফসল নিশ্চিহ্ন হয়ে গেছে, ঘরবাড়ি নেই, যারা গৃহহীন, তাদের এই যে সামান্যতম রিলিফ তাও শুনছি বন্ধ করার জন্য সরকার সিদ্ধান্ত নিতে যাচ্ছেন। তাই আমি বলবো, যতদিন পর্য্যন্ত না গ্রামবাংলার সেই মানুষগুলোর পুনর্বাসনের ব্যবস্থা পুরোপুরি হচ্ছে ততদিন বামফ্রন্ট সরকার এই রিলিফ ব্যবস্থাকে অব্যাহত রাখার ব্যবস্থা করুন। আর একটা বিষয় বলি, সরকারী সিদ্ধান্ত হয়েছে যে, যে মানুষগুলো গৃহহারা হয়ে গেছে তাদের ঘরবাড়ি করবার জন্য ৪০০ টাকা করে দেওয়ার ব্যবস্থা হয়েছে। কিন্তু যারা গ্রামে বাস করেন তারা ভাল ভাবে জানেন যে গ্রামে আজকাল চারশ টাকায় কোন ছিঁটে বেড়ার ঘর পর্য্যন্ত হয় না। কারণ সেখানে একটা বাঁশের দামই তো ১০/১২ টাকা। সেই জায়গায় একটা ন্যূনতম ছিঁটে বেড়ার ঘর করতে ১৷৷ হাজার টাকা লাগে, চার শো টাকায় সেখানে কি হবে? তাই বামফ্রন্ট সরকারকে বলবো এই দুর্গত মনুষগুলো যাতে ন্যূনতম ভাবে তাদের বাসগৃহ করতে পারে সেই রকম ভাবে সাহায্য দেওয়ার ব্যবস্থা করুন। অপর দিকে আমরা দেখেছি যখন মানুষ জলবন্দী হয়ে গেছে, জীবন যখন বিপন্ন, হয়তো একটা ঘরের ছাদে আশ্রয় নিয়ে আছে, সেই সময় যে সরকারী সাহায্য গেছে, সেই সাহায্য সম্পর্কে নানা প্রশ্ন আছে, যে প্রশ্ন এখানে অনেক রকম ভাবে উত্থাপিত হয়েছে। তা ছাড়া সেবামূলক প্রতিষ্ঠানগুলো দুর্গত মানুষদের সেবার জন্য যে ত্রাণ সামগ্রী নিয়ে গিয়েছিল—বহু জায়গায় তাদের বাধা দেওয়া হয়েছে। সি. পি. এম. এর দলীয় পতাকা তুলে দিয়ে তাদের বাধা দেওয়া হয়েছে, এবং তাদের নির্দেশ মানতে বলা হয়েছে। এই বিষয়ে সকলেই জানেন এবং সংবাদপত্রে এটা ছবি সমেত প্রকাশিত হয়েছিল। আর একটা জিনিষ লক্ষ্য করার বিষয় কো-অর্ডিনেশন কমিটির অন্তর্ভুক্ত সরকারী কর্মচারী যারা ত্রাণকার্যে অংশ গ্রহণ করেছিলেন সেচ্ছামূলক ভাবে সেচ্ছা সেবক হিসাবে, তারা স্বতঃপ্রনোদিত হয়ে যদি অংশ গ্রহণ করে থাকে তাহলে তাদের সেখানে ভাতা দেওয়ার প্রশ্ন কেন ওঠে? স্বতঃ প্রনোদিত হয়ে সাহায্যের জন্য তারা এগিয়ে এসেছিল, এটা অনেক জায়গায় দেখেছি, অনেক জায়গায় সংকীর্ণ দলীয় স্বার্থেও তারা ব্যবহৃত হয়েছে। রেডক্রসের মত আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন যে প্রতিষ্ঠান, তাদেরকেও অনেক জায়গায় বাধা দেওয়া হয়েছে ত্রাণ সামগ্রী বিতরণের ক্ষেত্রে।

[6-00—6-10 P.M.]

রেডক্রসের ত্রাণ সামগ্রী অন্য নামে গ্রামে বিতরণ হয়েছে। বহু কৃষি জমি বালির তলায় ডুবে গেছে, খাদ্যশষ্য নষ্ট হয়েছে। গ্রামবাংলার বহু গরীব মানুষ এইসব জমিতে ফসল ফলিয়ে দু-মুঠো খাবারের সংস্থান করতো। আজকে তাও নষ্ট হয়ে গেছে। সেইজন্য কৃষিমন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যেন চাষীদের সর্বপ্রকার সাহায্য দেওয়া হয়। বীজ থেকে সুরু করে সার, বলদ লাঙ্গল সর্ব প্রকার সাহায্য দিতে হবে। আমরা জানি ব্লকে এমন কতকগুলি নিয়ম আছে, যে অর্থ সাহায্য করা হয় মানে বীজ এবং সার দিয়ে তা ঋণ হিসাবে দেওয়া হয়। কিন্তু আমার কথা হচ্ছে যে, এইসব বন্যা দুর্গত মানুষ যাদের সমস্ত কিছু নষ্ট হয়ে গেছে তাদের জন্য ঋণের যে নিয়মগুলি আছে সেইগুলি যেন শিথিল করা হয়। আমি এই বিষয়ে কৃষিমন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো তিনি যেন এই দিকটা দেখেন। অন্য দিকে, এই বন্যার ফলে বহু প্রাইমারী এবং মাধ্যমিক স্কুল নষ্ট হয়ে গেছে, সেই স্কুলগুলি যেন পুর্ণগঠিত হয়। শুধু ন্যুনতম সাহায্য দিয়ে কিছু করা যাবে না। বিশেষ করে প্রাইমারী স্কুলগুলিতে বহু অনাথ ছেলে মেয়ে পড়া-শোনা করে সেইসব স্কুলগুলি প্রচুর আর্থিক সাহায্য দেওয়া দরকার। আজকে বামফ্রন্ট সরকার বলছেন এই বিধ্বংসী বন্যাকে মানবিক দৃষ্টি-কোণ থেকে দেখা দরকার এবং তার মোকাবিলা করা দরকার। এরা সব দুর্গত অসহায় মানুষ, এদের দিয়ে দলবাজির প্রশ্নই ওঠে না, সবাইকে রিলিফ দেওয়ার কথা বলেছেন। কিন্তু আমি বলবো আপনারা এইসব যে কথা বলেছেন তা সবই অসত্য কথা। আপনাদের শরিক দলের আর. এস. পি. বন্ধু বললেন যে যতই দলবাজির কথা অস্বীকার করুন না কেন বাস্তবে এই ঘটনা ঘটেছে। কাজেই বামফ্রন্ট মানেই সবাই সাচ্চা এবং দলীয় স্বার্থে ব্যবহৃত হচ্ছে না এটা আজকের দিনে বাস্তব সত্য নয়। কাগজে দেখলাম, জ্যোতিবাবু বক্তৃতা দিয়েছেন যে গরুকে যখন ইংজেকসন দেওয়া হয় তখন কি সি. পি. এমের কিম্বা কংগ্রেসের সমর্থক বলে চিহ্নিত করা হয়? আমি বলবো এই যুক্তিটা সম্পূর্ণ অবান্তর। কংগ্রেসীরা সর্বদলীয় কমিটির কথা বলেছেন, জনতা পার্টি বলেছেন এবং আমরা এস. ইউ. সি বলছি। আর আপনারা বলছেন অন্যান্য রাজ্যে তো এই রকম হয়নি, আগেকার কংগ্রেসীরা তো করেনি—কিন্তু এই যুক্তি ঠিক নয়। আপনারা বামপন্থী মন্ত্রী মহাশয় বলেছেন যে তাঁরা কমিউনিষ্ট, তাহলে যুক্তি বিজ্ঞানের ভিত্তিতে কথা বলুন। ১৯৬৮ সালে তিস্তায় বন্যার কথা স্মরণ করুন। তখন মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির পলিটব্যুরো বেসরকারী কমিশনের কথা বলে ছিলেন হয়েছিল। আজকে এই যে বন্যা হলো

এবং তার কি নিয়ন্ত্রন ব্যবস্থা করা হচ্ছে, কেন এই ঘটনা ঘটলো, সেটা জানা দরকার এবং তারজন্য বেসরকারী কমিশন বসানো দরকার। আপনারা বলেছেন গত ৩০ বছরে কংগ্রেসী অপশাসনের জন্য পরিকল্পনার সমস্ত ত্রুটি-বিচ্যুতি হয়েছে। আর বামফ্রন্ট সরকার তো দেড় বছর ক্ষমতায় আছে, কই আপনারা তো কিছু করেননি। কারা এর জন্য দায়ী ? সেইজন্য বেসরকারী কমিশন গঠন করা দরকার। অপরদিকে রিলিফের ব্যাপারে সর্বদলীয় কমিটি গঠন করা দরকার, এই দাবী আমাদের। সর্বশেষে বলছি অল পার্টির কমিটি গঠন করা দরকার।

**শ্রীহাসিম আবদুল হালিম ঃ** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, কয়েকদিন ধরে হাউসে বন্যার উপর আলোচনা হচ্ছে, তাতে বিভিন্ন দলের সদস্যরা তাঁদের বক্তব্য রেখেছেন এ বিষয়ে আলোচনা করতে গেলে মনে রাখতে হবে এই সরকার গত বছর যখন আসে তখন তারা কি নিয়ে আরম্ভ করেছিল, এটা যদি কোন রাজনৈতিক দলের সদস্যরা বলতেন তাহলে ভাল হোত। এই সরকার খালি ভাণ্ডার নিয়ে আরম্ভ করেছেন যা দিয়ে তাঁরা এই সমস্যা মোকাবিলা করার চেষ্টা করছেন। বিগত ৩০ বছর ধরে বন্যা নিয়ন্ত্রণ তাঁরা কিছুই করেননি এসব কথা মানুষ জানে। যাই হোক মূল প্রশ্ন হচ্ছে লক্ষ লক্ষ মানুষ ক্ষতি গ্রস্ত হয়েছে, ঘরবাড়ী পড়েছে পশু মারা গেছে এই সরকাবের সীমিত ক্ষমতা ও অর্থনিয়ে কাজ করতে হবে। এই কাজে ভুলত্রুটি নিশ্চয় হবে এ কথা কেউ বলতে পারেন না যে কেউ নির্ভুল। কিন্তু দেখতে হবে এর মধ্যে উদ্দেশ্য কি আছে—চুরি করার উদ্দেশ্য আছে কি না। অভিজ্ঞতার অভাবে ভুল হতে পারে কংগ্রেস (ই) এই হাউসে নেই খুবই লজ্জার বিষয় যখন সারা পশ্চিম-বাংলা বিপদের মধ্যে আছে তখন তাঁদের নেত্রীর জয়ের আনন্দে তাঁরা কলকাতায় হাতী ঘোঁড়া নিয়ে মিছিল করছেন, নেত্রীর জন্মদিন পালন হচ্ছে এবং মিছিল করে বলা হচ্ছে সি. পি. এমের ঠ্যাং কেটে নোব। মানুষের মধ্যে কাজ করতে গেলে মানুষের কথা চিন্তা করে কাজ করতে হবে। জনতা পার্টির রাইট সি. পি. আই. এস. ইউ. সি তাঁদের একটাই লক্ষ্য যে গ্রাম পর্য্যায়ে অল পার্টি কমিটি করা হচ্ছে না কেন ?

[6-10—6-20 P.M.]

তাঁরা জনসাধারণের ব্যাথায় কেঁদে ফেলেছেন। কিন্তু গ্রাম পঞ্চায়েত নির্বাচনে তাঁদের যে অবস্থা হয়েছে এরজন্য আমরা কি দায়ী ? আমি বলছি অধিকাংশ মানুষ বামফ্রন্টের দিকে। তাদের জন্য যদি কাজ করা যায় তাহলে সেটা কি পক্ষ পাতিত্ব হবে ? পঞ্চায়েত, বিধানসভা এবং লোকসভা নির্বাচনে মানুষ আমাদের বিপুল

ভোটে জিতিয়েছেন। সেই গরীব মানুষের জন্য আমরা যতটুকু সম্ভব করব। জয়নাল সাহেব বললেন মুসলমানদের আমরা ভালভাবে দেখছি না, তাঁর মনে রাখা উচিত বামফ্রন্টের এই সম্প্রদায়ের যত সদস্য আছেন তাঁদের কি তত আছে ? তাঁরা এইসব নিয়ে রাজনীতি করেন, কিন্তু বামফ্রন্ট এইসব রাজনীতিতে বিশ্বাস করে না, ২৪ পরগণার দায়িত্বে আমি ছিলাম আমি দেখেছি একই ক্যাম্পের মধ্যে গরীব ক্ষেতমজুর হিন্দু মুসলমান তপশীলি বসবাস করছেন। সেইজন্য বলছি আপনারা এই নিয়ে বিপদ করবেন না। কারণ পশ্চিমবাংলার মানুষ অনেক সচেতন। তারপর কো-অর্ডিনেশন কমিটির কথা বলা হয়েছে, বে-সরকারী রামকৃষ্ণ মিশন ইত্যাদির কথা বলেছেন, কো-অর্ডিনেশন কমিটি একটি সংগঠন তারা এগিয়ে এসেছে এই কাজে সাহায্য করার জন্য। তাঁরা এই সব কাজ জানেন। এবং সারা পশ্চিমবাংলায় তাদের লোক আছে, তারা যদি সাহায্য করতে চায় তাহলে কি অন্যায় আছে ? তাঁরা বললেন ২ তারিখে মহাত্মা গান্ধীর ছুটির দিন, পূজার ছুটি ডি-নোটিফায়েড করে দিন এবং বাড়তি বেতন বন্ধ করে দিন। কারণ ক্ষতিগ্রস্ত মানুষের মধ্যে অনেক সরকারী কর্মচারীও আছে, সুতরাং এইসব অবান্তর কথা বলে কি লাভ ? আমরা এলাকায় এলাকায় গিয়ে সভা করছি, মানুষ আমাদের কথা শুনছে এবং আমরা কিভাবে পরিকল্পনা করছি তা তারা দেখছে। কিছু কিছু রাজনৈতিক দলের বন্ধুরা কয়েক জায়গায় লুঠ করার চেষ্টা করেছেন। আমার এলাকায় তাঁরা বিচালী লুঠ করেছেন কিন্তু মানুষ তাঁদের বিরুদ্ধে দাঁড়াতে এসব জিনিষ হতে দিচ্ছে না।

একটা ক্যালামিটি হলে আমরা দেখেছি এপিডেমিক হয়, জিনিষপত্রের দাম বাড়ে ল এ্যাণ্ড অর্ডার কোলাপ্স করে গ্রামের মানুষ শহরের দিকে চলে আসে কিন্তু এসব কি হয়েছে ? বরং মুখ্যমন্ত্রীর আহ্বানে মানুষ সাড়া দিয়ে অসাধু ব্যবসায়ীরা যাতে জিনিষপত্রের দাম বাড়াতে না পারে সেটা তারা দেখেছে।

জনসাধারণ এগিয়ে গিয়েছে, বামফ্রন্ট-এর কর্মীরা এগিয়ে গিয়েছে, তারা এইসব হতে দেয়নি। বিরোধী দলের বন্ধুরা প্রথমে আনন্দিত হয়েছিল কারণ তাঁরা মনে করেছিলেন এবার বোধহয় সরকার ভাঙছে, আইন শৃঙ্খলা ভাঙবে, জিনিষপত্রের দাম বাড়বে। কিন্তু তাঁরা সেই সুযোগ পেলেন না। তারপর তাঁরা বললেন অল পার্টি কমিটি। কিন্তু তাতেও পশ্চিমবাংলায় কোন সোরগোল নামেনি। স্যার, পশ্চিমবাংলার মানুষ বলে আমাদের বরাৎ ভাল আপনারা এবারে ছিলেন, ওঁরা থাকলে কি যে হোত ভাবতেও পারছি না। মানুষের জন্য করতে গেলে বিরোধী-

দলের বন্ধুরা নারাজ হবেন এটা বুঝি। আপনাদের বলছি মানুষের দুঃখকষ্ট বুঝুন, উপলব্ধি করুন, এবং যদি মনে করেন তাদের দুঃখকষ্টে সাহায্য করা দরকার তাহলে আপনারা এগিয়ে আসুন। আমরা দেখেছি এস্ এফ আই-এর ডাকে ছাত্ররা রক্ত দান করেছে এবং লক্ষ লক্ষ শ্রমিক এগিয়ে এসে বলেছে আমরা বাড়তি খাটব এবং ১ দিনের বেতন দান করব। আমরা দেখেছি বাচ্চা বাচ্চা ছেলেমেয়েরা এসেছে তাদের পূজার জামা কাপড় না কিনে সেই টাকা মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে দান করতে। কাজেই বিরোধী দল শিক্ষা নিন জনসাধারণ কি করেছে। আপনারা আবোল তাবোল বলে কিছু করতে পারবেন না একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই বন্যাকে কেন্দ্র করে যে আলোচনা চলছে তার শেষ দিন আমি সংগতভাবে আশা করেছিলাম বিরোধী দলের সদস্যরা শেষ পর্য্যন্ত এখানে উপস্থিত থেকে তাঁরা যে বক্তব্য রেখেছেন তাতে তাঁরা মুখ্যমন্ত্রীর জবাবী ভাষণ পর্যন্ত অপেক্ষা করে আমাদের কথা অন্তত শুনবেন। কিন্তু তাঁরা জানেন যে সমস্ত কথা তাঁরা বলছেন তার মধ্যে কোন বাস্তবতা ছিল না, যুক্তি ছিল না এবং এটাও তাঁরা ভাল করে জানেন যে পশ্চিমবাংলার সাধারণ মানুষ, গরীব মানুষ, মধ্যবিত্ত মানুষ, বুদ্ধিজীবী যুবক, ছাত্র সম্প্রদায় আজকে বামফ্রন্ট সরকারের পেছনে রয়েছে ঐক্যবদ্ধভাবে এবং দৃঢ়তার সঙ্গে দাঁড়িয়ে রয়েছে। বন্যার এই প্রচণ্ডতার মধ্য দিয়ে বামফ্রন্ট সরকারের প্রতি মানুষের শ্রদ্ধা বৃদ্ধি পেয়েছে। আমরা দেখেছি বন্যার সময় বন্যা বিধ্বস্ত এলাকায় আমাদের বিভিন্ন দলের কর্মীরা যখন মানুষের পাশাপাশি থেকেছে তখন জনতা এবং কংগ্রেস দলের নেতারা সেখানে ছিলেন না। আমাদের মুর্শিদাবাদ জেলা এবং আমার নিজের কেন্দ্র বন্যায় বিধ্বস্ত হয়েছে এবং হাজার হাজার মানুষ গৃহহীন হয়েছে এবং দেখা গেছে কয়েক দিন পর্যন্ত রেল যোগাযোগ ব্যবস্থা পর্যন্ত ছিল না। তখন জনতা দল এবং কংগ্রেস দলের নেতারা সেখানে ছিলেন না। অনেক দিন পর যখন কোলকাতা থেকে যাতায়াতের সুবিধা হয়েছে, বাস, ট্রেন প্রভৃতি চলতে শুরু করেছে তখন দেখলাম জনতা এবং কংগ্রেসী নেতারা যেতে শুরু করেছেন। আমরা প্রথমে তাঁদের বলেছিলাম, আপনারা আসুন আমাদের সঙ্গে, আমরা একসঙ্গে মিলে কাজ করি। তখন তাঁরা মনে করল আমরা এর মধ্যে যাব না, ত্রাণের মধ্যে যাব না কারণ এই বন্যাকে কেন্দ্র করেই বামফ্রন্ট সরকার বিপদগ্রস্ত হবে। তারপর যখন দেখা গেল পর্যাপ্ত পরিমাণ রিলিফ পৌঁছেছে, মানুষের মধ্যে, সাধারণ মানুষের মধ্যে বিক্ষোভ সৃষ্টি করা যাচ্ছে

না তখন তাঁরা বলতে আরম্ভ করলেন পঞ্চায়েতের মধ্য দিয়ে নয়, আমাদের নিয়ে এই সমস্ত কাজ করুন।

[6-20—6-30 P.M.]

কয়েকটি গ্রাম পঞ্চায়েতে যেখানে আমার নির্বাচন কেন্দ্র সেখানে কংগ্রেসীরা নির্বাচিত হয়েছে। সেখানে তারা সংখ্যা লঘিষ্ঠ, তাদের দায়িত্ব দেওয়া হয়েছিল, দু-একবার জি. আর. এর তালিকা করতে দেওয়া হল, দেখা গেল তারা চুরি করছে এবং গোটা বদনামটা আমাদের উপর এসে পড়েছে। তারজন্য পরে ঠিক করেছি সংখ্যা গরিষ্ঠতা আমাদের আছে, আমাদের প্রধান, আমাদের সদস্যরা তালিকা তৈরী করবেন। কারণ ওদের উপর দায়িত্ব দেওয়া যাচ্ছে না, ওরা ওদের সেই পুরান অভ্যাস চুরি করা, দুর্নীতির আশ্রয় নেওয়া সেটা ছাড়তে পারছেন না, সেজন্য বাধ্য হয়ে দুর্নীতি মুক্ত হয়ে ত্রাণ সামগ্রী বিলি বণ্টনের জন্য দায়িত্ব আমাদের বামফ্রন্ট সদস্যদের নিতে হয়েছে। জনতার লোকেরা এখানে অনেক অভিযোগ করলেন, আমি জানি না বিরোধী দলের নেতা কোথায় এইসব কাগজপত্র পেয়েছেন, তিনি যেসব পরিসংখ্যান এখানে উত্থাপন করলেন তার ভিত্তি কি জানি না, মুখ্যমন্ত্রী তাঁর জবাবী ভাষণে সেটা বলবেন। কিন্তু কেন্দ্রের জনতা সরকারের কর্ম দক্ষতা কি সেটা বলছি। আমরা তো এতবড় বন্যার মোকাবেলা করেছি। হালিম সাহেব বললেন একটা বিপর্যয়কালে যা হয় তা হয়নি, মানুষ হাজারে হাজারে শ-এ শ-এ শহরাঞ্চলে এসে ঢুকে পড়েনি, মহামারি দেখা দেয়নি, প্রশাসন ভেঙ্গে পড়েনি, এইসব তো দেশের মানুষ জানে। কিন্তু ওদের কেন্দ্রীয় সরকারের উপর যে দায়িত্ব আছে সেই দায়িত্ব পালনে কিরকম কর্মদক্ষতা দেখিয়েছেন তার পরিচয় পাবেন সাউথ ইষ্টার্ণ রেলের অথবা ইষ্টার্ণ রেলের হাওড়া স্টেশন বা শিয়ালদহ স্টেশনে গেলে। কবে বন্যা হয়ে গেছে এখনও এখানকার রেল যোগাযোগের ব্যবস্থা ঠিক হল না। হাজার হাজার মানুষ যাদের দৈনিক কলকাতায় যাতায়াত করতে হয় হাওড়া এবং শিয়ালদহ থেকে তাদের অবর্ণনীয় দুরবস্থার মধ্য দিয়ে কাটাতে হচ্ছে। শিয়ালদহ লাইনের ছবি কাগজে বেরিয়েছিল, কিছু জায়গা জুড়ে এক জায়গায় রেল লাইন ভেঙ্গে গিয়েছিল, তারা এখন পর্যন্ত সেটা মেরামত করতে পারলেন না। যে বন্যা বিধ্বস্ত এলাকাগুলি দিয়ে রেল লাইন গেছে সেই লাইনগুলি সারাতে পারলেন না। আমি বলছি কাঁদি এলাকায় রেল যোগাযোগ যদি ঠিকমত থাকত, কেন্দ্রীয় সরকার যদি সেটাকে ঠিকমত রাখার ব্যবস্থা করতেন, একটু-আধটু কোথাও খারাপ হলে

সেটা মেরামতের ব্যবস্থা করতেন তাহলে ঐ এলাকায় ত্রাণ সামগ্রী পৌঁছাতে এত বিলম্ব হত না। বিলম্ব হয়েছে এই কারণে যে সমস্ত রেল যোগাযোগ ব্যবস্থা বিপর্যস্ত হয়ে গিয়েছিল। তাই ওঁরা যখন এই সমস্ত অভিযোগের কথা বলেন, বিক্ষোভের কথা বলেন তখন বিধান সভার সদস্য হিসাবে বলার অধিকার আছে বলে তাঁরা এই সমস্ত কথা বলেন। মাননীয় পার্থ বাবু যে বথা বলেছেন এটা তো ঘটনা, এঁদের জনসভায় লোক যায় না। এঁরা বন্যাকে কেন্দ্র করে মানুষকে সংগঠিত করে মিছিল করে প্রশাসনিক ব্যবস্থাকে ভেঙ্গে ফেলার যে চক্রান্ত সেই চক্রান্ত কি করেনি? কংগ্রেস (আই) এর লোকেরা করেছে। আর ঐ কংগ্রেসের স্বর্ণ সিং পন্থী যারা উঠে গেছে, এখানে আর কেউ নেই, তাঁদের কয়েকজন লোক আছেন তাঁরা এবং জনতা বন্ধুরা লবিতে বিভিন্নভাবে কথাবার্তা বলেন, আমরা বলেছি দেখুন, আপনারা কোথাও নেই। আমি নদীয়া, মুর্শিদাবাদ এইসব জেলার খবর জানি এইসব জায়গায় আপনারা মানুষের সামনে নেই। এতবড় একটা বিপর্যয়কে বামফ্রন্ট সরকার অত্যন্ত দৃঢ়তার সঙ্গে ঐক্যবদ্ধভাবে মোকাবেলা করেছেন, তাই হাজার হাজার লক্ষ লক্ষ মানুষ বামফ্রন্ট সরকারের পিছনে আছে। কিন্তু একটা কথা বলতে চাই যে কোথাও কোথাও এইসব অভিযোগ উঠেছে যে প্রশাসনিক ব্যর্থতা বা সংশ্লিষ্ট দপ্তরের ব্যর্থতার ফলে বন্যা হয়েছে। কোথাও কোথাও অভিযোগ উঠেছে যে বন্যা মনুষ্য সৃষ্ট। এর মধ্যে সত্যতা থাকতে পারে। সেই কারণে আমরা দাবি জানাব যেসব ক্ষেত্রে এইসব অভিযোগ উঠেছে সেইসব ক্ষেত্রে প্রশাসনিক যারা কর্তা, যারা শৈথিল্যের পরিচয় দিয়েছেন, ব্যর্থতার পরিচয় দিয়েছেন, যাদের ব্যর্থতার জন্য হাজার হাজার মানুষ বিপর্যস্ত হয়েছে, বাড়ী-ঘর ভেঙ্গে গেছে তাদের ক্ষেত্রে প্রশাসনিক অথবা গুরুত্বপূর্ণ ক্ষেত্রে বিচার বিভাগীয় তদন্তের ব্যবস্থা করতে হবে। জেলা স্তরে সর্বদলীয় উপদেষ্টা কমিটি গঠন করা হয়েছে, রাজ্য স্তরে সর্বদলীয় উপদেষ্টা কমিটি গঠন করা হয়েছে, এটা ঠিক ব্যবস্থা হয়েছে। আমি মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ জানাব যে পশ্চিমবঙ্গের সমস্ত দলের সংসদ সদস্যদের ডাকতে হবে, ডেকে তাঁদের নিয়ে সংসদীয় দল গঠন করে দিল্লীতে পাঠাতে হবে যাতে পশ্চিমবঙ্গের ন্যায্য বক্তব্যকে তাঁরা পার্লামেন্টের চত্বরে উচ্চ কণ্ঠে রাখতে পারেন। সমস্ত দলের সদস্যদের সেখানে বলতে হবে যে এই দায়িত্ব তাঁদেরও আছে।

কিন্তু আমার মনে হয় যে পশ্চিমবাংলার হাজার হাজার মানুষের আস্তাভাজন হিসাবে আজকে মানুষ কিন্তু দেখেনা ৩৭ রিপন স্ট্রিট অথবা আলিমুদ্দিন স্ট্রিট অথবা ফরোড ব্লক অফিস। পশ্চিমবাংলার গরীব মানুষ তারা দেখে যে বামফ্রন্টের নেতা

হিসাবে মাননীয় মুখ্যমন্ত্রীকে এবং তার উপর সাধারণ মানুষের আস্তা আছে, তারই উদ্বেগে বন্যার জের হিসাবে যে সমস্ত সমস্যাগুলি থেকে গিয়েছে সেগুলির তিনি মোকাবিলা করতে পারবেন। বামফ্রন্ট ঐক্যবদ্ধ ভাবে জনসাধারণের হাতিয়ার হিসাবে আমরা কাজে লাগাতে পারবো। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীশৈলেন সরকার:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে তিনদিন ধরে এই বন্যা পরিস্থিতির উপরে বিধানসভার কক্ষে বিতর্ক চলছে। বিতর্ক করতে করতে বোধহয় ক্লান্ত হয়ে একটা অজুহাত তুলে, অছিলা করে বিরোধী পক্ষের প্রায় সবাই চলে গেছেন, এখান থেকে পালিয়ে গেছেন। আমরা দেখছি গত বিধানসভার অধিবেশনের সময়ে যে অভিযোগগুলি বিরোধী পক্ষ থেকে করা হয়েছিল এবারেও সেই পুরানো অভিযোগগুলি তারা করবার চেষ্টা করছেন। যদিও সেই অধিবেশনে আমাদের নেতা মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় সেই অভিযোগগুলি খণ্ডন করে তিনি তাঁর বক্তব্য রেখেছিলেন। এখানে প্রশ্ন এসেছে বামফ্রন্ট সরকার রাজনীতি করছে। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় তো আগেই বলছিলেন যে, রাজনীতির উর্দ্ধে তো আমরা উঠিনি—এটা কোথায় ঠিক হলো যে আমরা রাজনীতির উর্দ্ধে উঠে গেছি। বামফ্রন্ট সরকারের যে রাজনীতি, সেই রাজনীতি ছিল বলেই পশ্চিমবঙ্গে যে হঠাৎ বন্যা হয়ে গেল—প্রধানমন্ত্রীর ভাষায় ৫০০ বছরের মধ্যে এই রকম ভয়াবহ বন্যা হয়নি, সেই ভয়াবহ বন্যার পরিস্থিতির মোকাবিলা করেছে বামফ্রন্ট সরকার তাদের সীমাবদ্ধ ক্ষমতা নিয়ে, এটা তাদের রাজনীতির জন্য সম্ভব হয়েছে। সেই কারণেই আমাদের নেতৃত্বে আমাদের দেশের লক্ষ লক্ষ মানুষ তারা বন্যাত্রাণে এগিয়ে এসেছে। এখানে উল্লেখ করতে চাই যে আমাদের সমীরণ ভট্টাচার্য (মেদিনীপুর), শ্রীদাম বাগ (নদীয়া), ভুলু পরামাণিক (বর্ধমান), ধ্রুব হালদার (বর্ধমান), মুক্তব্রত খাণ্ডা (বর্ধমান), সেক সাদাত (বর্ধমান)—এই যে ৬ জনের নাম আমি করলাম এরা রাজনীতির জন্যই প্রাণ দিয়েছে বন্যার্ত মানুষের উদ্ধার কাজের মধ্যে দিয়ে। এবং আরও অনেকে বামপন্থী ফ্রন্টের যে রাজনীতি সেই রাজনীতিতে উদ্বুদ্ধ হয়ে প্রাণ দিয়েছে। এইভাবে মানুষ এগিয়ে এসেছে। আমরা শুনেছি আমাদের ছাত্ররা, যুবকরা তারা ইতিমধ্যেই কর্মসূচী গ্রহণ করেছে এবং গোটা ভারবর্ষের সমস্ত রাজ্যের ছাত্র এবং যুবকদের তারা আহ্বান জানিয়েছেন যে পশ্চিমবঙ্গ পুনরগঠনের জন্য আমরা রক্ত বেচবো এবং সেই টাকা দিয়ে পশ্চিমবঙ্গের পুনর্গঠনের কাজ করবো। এটা কি জন্যে সম্ভব হয়েছে? বামফ্রন্টের রাজনীতির জন্যই সম্ভব হয়েছে। ইতিমধ্যেই

এক হাজার ছাত্র-যুবক রক্ত দিয়েছেন এবং ৩০ হাজার ছাত্র ও যুবক রক্ত দেবার জন্য তৈরী হয়ে আছে। এটা তো রাজনীতির জন্য সম্ভব হয়েছে। রাজনীতি তো আমাদের ভুলে গেলে চলবে না। প্রশ্ন আসছে কি ধরণের রাজনীতি আমরা করবো—কোন সংকীর্ণ রাজনীতি দ্বারা আমরা পরিচালিত হচ্ছি কিনা সেটাই দেখার বিষয়। সেই ধরণের কোন কংক্রিট অভিযোগ থাকে নিশ্চয়ই সরকার পক্ষ থেকে সেগুলি বিবেচনা করবেন। সেই কংক্রিট অভিযোগগুলি আমরা বিরোধী পক্ষ থেকে আশা করেছিলাম। আমরা বরং উদাহরণ দিতে পারি এই জনতা পার্টির ঘাঁটি বলে যেটা পরিচিত প্রফুল্ল সেন মহাশয়ের মায়াপুর কেন্দ্রের কথা, আমি বলতে পারি সেখানে যিনি বিধান সভার সদস্য শ্রীঅজয় দে মহাশয় তিনি এখানে দেখছি উপস্থিত নেই। তাঁরই অঞ্চলের প্রধান তাঁদের দলের লোক সাজাত হোসেন তার রেকোমেণ্ডেশানে একজন পাকা বাড়ির মালিককে ত্রিপোল দিয়ে রাজনীতি করেছেন। এই রকম রাজনীতি আমরা দেখছি বিভিন্ন জায়গায় ওরা করছেন।

[6-30—6-40 P.M.]

এই রাজনীতি আমরা দেখছি বিভিন্ন জায়গায় ওঁরাই করছে। মাননীয় সদস্য হরমোহন সিংহ এই রাজনীতির উদাহরণ দিয়েছেন এবং বলেছেন সরকারী কাপড়ে ভোলা সেন ছাপ মেরে বিলি করেছেন। স্যার, পঞ্চায়েত নির্বাচন যখন হয়নি তখন বিধান সভায় বিরোধী দল বলেছেন ব্লক কমিটি নমিনেটেড বডি তারা পঞ্চায়েতকে কাজ করতে দিচ্ছে না। কিন্তু আজকে পঞ্চায়েত নির্বাচনের পর যখন দেখা গেল বামফ্রন্ট বিপুল ভাবে জয়লাভ করেছে যখন দাবী উঠেছে যে ওই সব মনোনীত সদস্যদের কাছে দায়িত্ব দিতে হবে। অর্থাৎ সর্বদলীয় কমিটি করতে হবে এবং তাদের হাতে রিলিফ বণ্টনের দায়িত্ব দিতে হবে। আগে এঁরা অভিযোগ করতেন যে মনোনীত লোকদের দিয়ে কাজ করান হচ্ছে, অথচ এখন আবার নিজেরাই বলছেন যে মনোনীত সদস্যদের দিয়ে কাজ করাতে হবে। কাজেই দেখছি একটা অসহযোগিতার মনোভাব এঁদের মধ্যে রয়েছে। জনতা পার্টি এবং কংগ্রেস দলের যারা নীচের তলায় কাজ করে তারা দেখেছি ভালভাবে কাজ করেছে। এই যে বন্যা হয়ে গেল তাতে দেখেছি পশ্চিমবাংলার অন্যান্য এলাকার তুলনায় আমাদের ওখানে কম হয়েছে। আমাদের ওখানে প্লাবিত এলাকা হচ্ছে ২২০ বর্গমাইল, ক্ষতিগ্রস্ত জনসাধারণ হচ্ছে ২ লক্ষ ৫০ হাজার এবং ক্ষতিগ্রস্ত ব্লক হচ্ছে ৭টি। এই যে ৭টি ব্লক ক্ষতিগ্রস্ত হল তার মধ্যে বেশীর ভাগ জায়গা অন্তত ৪টি ব্লকে

দেখেছি এবং আমি যেখান থেকে নির্বাচিত হয়েছি সেখানে দেখেছি বাঁধ প্রকল্প যেগুলো হয়েছিল এবং যেটা বরকত সাহেবই করেছিলেন সেগুলি ভেঙ্গে গেছে। আমরা জানি মালদহতে চিলড্রেন্স পার্ক করা হয়েছে। তবে ওই যে বাঁধগুলি ভেঙ্গে গেছে সেগুলো রক্ষণাবেক্ষনের ব্যবস্থা করা হচ্ছে স্যার, এই যে বন্যা হয়ে গেল তখন দেখেছি বরকত সাহেব তাঁর নিজের এলাকায় নেই, তিনি তখন নিজেদের ঝগড়া সামলাতে ব্যস্ত। অর্থাৎ কংগ্রেস (আই)-র সভাপতি সাত্তার সাহেব হবেন, না তিনি নিজে হবেন এই নিয়ে তিনি ঝগড়ার সামিল হয়েছেন এবং এই ব্যাপারে ইন্দিরা গান্ধীকে তেল মাখাচ্ছেন। তারপর, জয়নাল আবেদিন সাহেব বলছেন সংখ্যালঘুদের ঠিকভাবে রিলিফ দেওয়া হয়নি। তাঁর এলাকায় যখন রিলিফ গেল তখন কিন্তু তাঁকে খুঁজে পাওয়া গেল না। আমরা সেখানকার জনসাধারণকে জিজ্ঞাসা করেছি, আপনাদের এম. এল. এ. কোথায়? সেখানে এস. ডি. ও-কে ক্যাম্প করে দেওয়া হল এবং তাঁকে সেখানে পোস্ট করা হল। ওখানকার এম. এল. এ-কে খুঁজে পাওয়া গেল না অথচ তিনি প্রচার করছেন সংখ্যালঘুদের রিলিফ দেওয়া হচ্ছে না। অবশ্য এই জিনিস দেখতে আমরা অভ্যস্ত। বরকত সাহেব, সাত্তার সাহেব এবং আবেদিন সাহেব একসময় একদলেই ছিলেন, আজ ভিন্ন ভিন্ন দলে আছেন। তবে আমরা জানি এটাই হচ্ছে ওঁদের পুঁজি এবং এই জন্যই জনসাধারণের কাছ থেকে ওঁরা সরে যাচ্ছেন। স্যার, আমাদের মালদহতে শতকরা ৪৫ ভাগ সংখ্যালঘু সম্প্রদায়ের লোক বাস করে এবং সেখানে বামফ্রন্টের যে ২৪ জন পঞ্চায়েত-এর প্রার্থী ছিলেন তার মধ্যে অর্ধেক হচ্ছে সংখ্যালঘু সম্প্রদায়ের লোক।

আজকে সেই প্রশ্নে যে দলবাজির অভিযোগ তুলছেন সেটা মনে করছি এটা নিছক বলার জন্য বলছেন, সহযোগীতা না করার জন্য বলছেন। আর কেন্দ্রীয় সাহায্যের ব্যাপারে বলবো, আমরা তো বলছি না, কেন্দ্র সাহায্য করছেন না। কিন্তু যতটা করা উচিত, ততটা করছেন না—এইটা জনতা পার্টি উপলব্ধি করুন। আমরা সকলে মিলে আরও সাহায্যের জন্য কেন্দ্রের কাছে আবেদন করি। পশ্চিমবঙ্গের ভয়াবহ পরিস্থিতিতে এইটাই বড় সহযোগীতা। এইটা সমস্ত দল মিলিতভাবে করবে—এইটাই আশা করি।

**শ্রীজ্যোতি বসু ঃ** ডেপুটী স্পীকার মহাশয়, এই রকম একটা গুরুত্বপূর্ণ আলোচনায় আমরা লিপ্ত আছি এবং তারজন্য তিনদিন সময় রাখা হয়েছিল এটার গুরুত্ব বুঝে। কিন্তু প্রথম দিনেই আমি দেখলাম যে ইন্দিরা কংগ্রেসের তারা,

সংবাদপত্রের যে রিপোর্ট বেরিয়েছিল সেই অনুযায়ী তারা দেখলাম এখানে একটা অজুহাত সৃষ্টি করবার চেষ্টা করছেন যে কি করে তারা বেরিয়ে যাবে। অজুহাত না দিয়েও তারা বেরিয়ে যেতে পারে। আসবার যেমন অধিকার আছে, বেরোবারও অধিকার আছে। চলে যাবে এতো নিয়ম আছে, এতে কোন অসুবিধা নেই। কিন্তু খুঁজছিলেন সুযোগ আস্তে আস্তে, একটু একটু করে। এটা সব সময়েই করা যায়। তারপরে চলে গেলেন। পরবর্ত্তীকালে আমি অবশ্য ঘরে ছিলাম না, আমি শুনেছি আমার ঘরে বসে এখানটায় অনর্থক কোন বিষয়বস্তু নেই, অন্য যারা ছিলেন জনতা পার্টির বা কংগ্রেসের তারাও চলে গেলেন সেই রকম একটা অজুহাত সৃষ্টি করে। এও আমি আশ্চর্য্য হয়ে গেলাম, অনেক রীতি-নীতি কনভেনসানের কথা এখানে শুনি, কোন বিষয় নেই, পয়েন্ট অফ অর্ডার নেই, হঠাতই একজন জনতা পার্টির নেতা উঠে দাঁড়ালেন। কারণ এখান থেকে একটা বক্তৃতা হয়েছে তাদের সেটা পছন্দ নয়। পছন্দ না হলেই তো উঠে দাঁড়ানো যায় না, এই রকম তো কোন নিয়ম নেই। ব্যক্তিগত যদি কোন কিছু বলা হয়, যদি তিনি আক্রান্ত হন, তাহলে তিনি উঠে দাঁড়িয়ে তার প্রতিবাদ করতে পারেন। কিন্তু স্পীকার মহাশয়, আপনি যখন বললেন আপনি কিসের উপর দাঁড়াচ্ছেন, তিনি বললেন ধরে নিন পয়েণ্ট অফ অর্ডার। এইটাই তো আমি শুনেছিলাম। তখন একটা কাজ ছিল বলে বাইরে গিয়েছিলাম। তারপর নানা রকম হৈ চৈ করে বেরিয়ে গেলেন। এই হচ্ছে তাদের কাজ। আজকের যে বিষয় নিয়ে আমরা আলোচনা করছি তার গুরুত্ব কি এই? আর ওদের গোসা হয়েছে আর একটা ব্যাপারে। আমি শুনলাম, এখানে আমাদের দিক থেকে কেউ বলেছিলেন যে কেন্দ্রের কাছে আপনারা বলছেন টাকা পয়সা দেবেন না, হিসাব না দিলে, অমুক তমুক। সেইজন্য ওরা খুব অসন্তুষ্ট। ওঁরা তো কত কথা বলেন আমাদের সম্বন্ধে, সেই কথা তো শুনতে হয়। তা না শুনলে তো রোজই ওয়াক-আউট করে যেতে হয়। যত রকমের অসত্য আছে, গালি-গালাজ নীচু কথাবার্ত্তা—এইসব আমাদের শুনতে হচ্ছে বসে। তা ওঁরা এই কথার প্রতিবাদ করুন। ওঁদের অনেক বক্তা ছিলেন তখন বাকি। তারা বলতে পারতেন, না এই রকম হয়নি। আমাদের কাছে প্রমাণ আছে, এইভাবে আমরা টাকা পয়সা চাইছি, পশ্চিমবাংলার জন্য, কিন্তু তা বলেননি। যাইহোক, এইটা তো ঘটে গেল পরবর্ত্তী কালে। আর এই তিনদিন ধরে যা বক্তব্য শুনলাম এইভাবে তাতে আমার এটা মনে হচ্ছে, ওঁরা এই ভয়ঙ্কর ব্যাপারে পশ্চিমবাংলায় যা ঘটে গিয়েছে, বিরাট ক্ষয়ক্ষতি হয়েছে, মানুষ যে দুর্গত লক্ষ কোটি-মানুষ পশ্চিমবাংলায় সত্যি তাদের তারা সাহায্য করতে চান না, পূর্ণগঠনের কাজ তারা করতে চান না, সাধারণ মানুষের বেশিরভাগকে

উৎসাহিত, উদ্দীপিত করতে চান না, যাতে তারা নিজের পায়ে দাঁড়াতে পারেন এবং নূতন করে পশ্চিমবাংলাকে গঠন করতে পারেন তা তারা চান না। আমার অন্ততঃ তাঁদের এইসব বক্তৃতা শুনে মনে হল না। এমনকি আমি আশ্চর্য্য হয়ে গেলাম যে যে লিখিত বক্তব্য আমি তাঁদের কাছে পেশ করেছি, সেটাও তারা পড়েননি, দু-তিন দিনের মধ্যে বোধ হয় পড়বার সময় হয়নি এবং না পড়েই বক্তৃতা দিলেন। কিসের উপর ভিত্তি করে? কোন সংবাদপত্রে কি বেরিয়েছে, কোন গুজব ওরা কোথায় শুনেছেন, কোন কথা কোথায় হয়েছিল, কে কি বলেছিলেন, মুখ্যমন্ত্রী কি বলেছিলেন, অর্থমন্ত্রী কি বলেছিলেন। নানা রকম কথার জাল তারা সৃষ্টি করে দিলেন।

[6-40—6-50 P.M.]

পড়েই দেখলেন না আমি যে বিবৃতি দিয়েছি—লিখিত পড়েছি তার মধ্যে যা আছে সেসবের কোথাও সমালোচনা হয় কি না তার কোথায়ও অমিল আছে কি না। নিশ্চয় দেখাতে পারতেন। কিন্তু এই সব পদ্ধতির প্রয়োজন হোল না। কারণ এদের উদ্দেশ্য আলাদা ওরা সহযোগিতা করবেন না। ওঁরা বিরোধিতা করবেন। দুর্ভাগ্য আমাদের এই মনোভাবের পরিচয় পেলাম অবশ্য এতে আমাদের কিছু অসুবিধার সৃষ্টি হবে। এই রকম একটা বিপর্যয়ের মুখে যাতে সমস্ত রাজনৈতিক দলের সমর্থন পেতাম তাহলে আরও অনেক দ্রুত গতিতে আমরা এগোতে পারতাম আমরা মানুষকে সাহায্য করতে পারতাম পশ্চিমবাংলাকে গড়ে তুলতে পারতাম। তবুও আমাদের চলতে হবে। তবে বুঝতে পারছি নানাভাবে অসুবিধার সৃষ্টি হবে এ বিষয়ে কোন সন্দেহ নেই। ইন্দিরা গান্ধী পন্থী খুব পরিষ্কার তাদের বক্তব্য। সেটা হচ্ছে তারা আমাদের সঙ্গে কোন রকম সহযোগীতা করতে পারবেন না। আমরা যে কমিটি গঠন করেছি সেখানে তারা পরিষ্কার বলে দিয়েছে তারা আসবেন না। আমরা কেন্দ্রে যে কমিটি করেছি সমস্ত দল এসেছে দুটো মিটিং হয়ে গেছে। ওঁরা কিন্তু প্রথম থেকেই বলে দিয়েছে যে আমরা আসবো না। এবং যখন এসেম্বলী হোল তার পরিচয়ও পেলাম—এই সব আলোচনা তারা যোগদান করেননি নানা অজুহাত দেখিয়ে চলে গেলেন। তারা বলেছে না আমাকে একটা চিঠি লিখেছে। আমি এখনও পাইনি পেলে আলোচনা করবো কি চান তাঁরা। নানা রকম খবর আমরা পাচ্ছি। তারা মানুষকে উসকাচ্ছে। দুটি ট্রাকে করে রিলিফের মাল যাচ্ছিল ওঁরা সেই গাড়ী আটকেছে মাঝ পথে। অনেক জায়গায় রিলিফ যখন পৌছানো যাচ্ছিল না তখন হেলিক্যাপটারে করে যখন রিলিফ দেবার ব্যবস্থা

চলছিল তখন ও'রা সেই জায়গায় ঢিল ইট পাটকেল সব ছুঁড়েছে। তারা সব মানুষদের উসকাচ্ছে এবং জেনেশুনে একটা গণ্ডগোল সৃষ্টি করছে একটা অরাজকতা সৃষ্টি করছে সাংঘাতিকভাবে রিলিফের ব্যাপারে বাধা সৃষ্টি করছে। কিন্তু সৌভাগ্য-বশত ও'রা মানুষদের যেসব কথা বলছে তারা তা শুনছে না। চিকমাগালুরে ও'দের নেতৃ জেতবার পর ও'রা আরও একটু ভীষণ হয়ে উঠেছে ও'দের কার্যকলাপ আরও ভয়াবহ হয়ে উঠেছে। কি পশ্চিমবাংলার মানুষ তাঁদের বিরুদ্ধে গণতন্ত্র তাঁরা বোঝে। সেদিন প্রশ্নোত্তরকালে আমি বলেছি কিভাবে মেদিনীপুরে আমাদের অফিস আক্রমণ করেছে এবং এইভাবে তাদের তোড়জোড় চলছে। এটা কল্পনা করা যায় না। একটু সবুর করুন মানুষকে একটু নিঃশ্বাস ফেলতে দিন মানুষকে বাঁচাবার চেষ্টা করুন। পরে এই সব করার দিন আসবে। কারণ কোন দিন আমাদের মেলেনি, এবং কোন দিন মিলবেও না। আমি ভাবতে পারি না এই একটা অবস্থায় এই জিনিষ করতে পারে। কোন স্তরে অন্য যারা রাজনৈতিক দল রয়েছে আমাদের বিরোধী দল যাঁরা রয়েছেন তাঁদের মুখে একটিও ভাল কথা। দু চারটে ভাল কাজও কি হয়নি? কিছু কাজ তো হয়েছেই—এই যে কোটি কোটি টাকা খরচ হয়ে গেল খাদ্য গিয়েছে, পলিথিন গিয়েছে ভ্যাকসিন গিয়েছে মহামারী রোধ করবার জন্য কত কোটি মানুষকে কলেরার হাত থেকে যে বাঁচানো হয়েছে এই সব কথার একটিও তো বল্লেন না। পঞ্চায়েতে আমাদের দল আছে কিন্তু সবটাতে তো আমাদের দল নাই ১২/১৪ টাতে তো অন্য দল আছে।

কিন্তু কোন প্রশংসা দেখলাম না, এই যে মানুষ স্বতঃস্ফূর্তভাবে এগিয়ে এলেন। আমাদের বিধানসভার সদস্য, লোকসভার সদস্যরাও তার মধ্যে কিছু আছেন এই যে সব কাজ কর্ম হচ্ছে—কিছু বলার নেই, একটি কথাও তাদের সম্বন্ধে নেই, এতগুলি বক্তৃতা আমি শুনলাম, তাদের সম্বন্ধে কোন কিছুই শুনতে পাইনি কোথাও। নেতিবাচক দিক ছাড়া কোথাও ইতিবাচক একটি কথাও শুনলাম না কোন ব্যাপারে —কি কৃষির ব্যাপারে, কি রাস্তাঘাট মেরামতের ব্যাপারে, বাঁধ মেরামতের ব্যাপারে, সেচ ব্যবস্থার ব্যাপারে বা ঘর বাড়ী তৈরী করবার ব্যাপারে, রিলিফ, রিহ্যাবিলিটেসন ইত্যাদি যে কোন ব্যাপারে কোন রকম কিছু তাদের কাছ থেকে শুনলাম না যে কি করা উচিৎ। কিছু যে ওরা জানেন না তা তো নয়—বলছেন সবই জানেন। আমরা সমস্ত দলের কাছে সারকুলার পাঠিয়ে দিয়েছি, কিভাবে বাড়ীঘর তৈরী করব, কি আমাদের স্কীম। একটি কথাও তো এ ব্যাপারে বললেন না—ভাল কি মন্দ, কিভাবে করতে হবে কোন কথাই বললেন না এবং আরো আশ্চর্য্যের কথা হচ্ছে এই, সাধারণ

মানুষ যে আমাদের হাতে এত টাকা তুলে দিচ্ছেন, যা কখন হয়নি—১ কোটি ৭৫ লক্ষ টাকা হবে, হয়ত আরো বেশী হতে পারে বা বেড়ে যেতে পারে—মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে এত টাকা যে এল—স্কুলের ছোট ছোট ছেলে মেয়ে থেকে আরম্ভ করে ব্যবসায়ী, শিল্পপতি, শ্রমিক কর্মচারী, সাধারণ মানুষ, আমাদের ঐ কো-অর্ডিনেশন কমিটি পর্যন্ত, শুনেছি তারাও টাকা দেবেন—আমার হাতে ইতিমধ্যেই ৫-৬ লক্ষ টাকা তুলে দিয়েছেন, আরো দেবেন বলেছেন। কত মানুষ তো আমার কাছে আসছেন, তারা কি সবাই বামপন্থী ? তারা কি সবাই আমাদের পক্ষের লোক ? একেবারে না। কিন্তু তবুও তাদের হৃদয়ে একটি সাড়া জেগেছে, তারা বুঝতে পারছেন মানবতার একটা ডাকে তাদেরও গুরুত্ব আছে—সেই জন্য তারা অনেকেই এইভাবে এগিয়ে আসছেন। এমন কি শুধু পশ্চিমবাংলার মানুষই নয়, পশ্চিমবাংলার বাইরের মানুষও এগিয়ে আসছেন। পশ্চিমবাংলার বাহিরে যারা আছেন তাদের কথাও তো একবারও বললেন না। জনতা পার্টি'রও তো সরকার আছে, কংগ্রেসেরও তো সরকার আছে—আমরা যখন চরম বিপদে পড়লাম তখন ওষুধের জন্য, ইনজেকসানের জন্য, গরু চিকিৎসার ডাক্তার বা ওষুধের জন্য চারিধারে এস. ও. এস. পাঠালাম যে আপনারা আমাদের সাহায্য করুন। এখানে পাঠালাম, বিদেশে পাঠালাম। যে যতটুকু পেরেছেন আমাদের কিছু কিছু সাহায্য করেছেন—এই কথা তো একবারও বললেন না। ওরা বিদ্রুপ করে বললেন জ্যোতিবাবু বম্বে গেছেন। বম্বে গিয়ে অপরাধ করেছি ? কোনদিন হয়েছে বম্বের ইতিহাসে, ভারতবর্ষের ইতিহাসে এই জিনিস ? তারা ২৬-২৭ লক্ষ টাকা তুলে দিলেন। মুখ্যমন্ত্রী এবং সবাইকে সেই কমিটির মধ্যে রেখেছি। তারা আরো টাকা তুলছেন পশ্চিমবাংলাকে সাহায্য করবার জন্য। তারা বলেছেন আরো অনেক লক্ষ টাকা আমাদের দেবেন। কারণ তারা সবে টাকা তুলতে আরম্ভ করেছেন। নাগপুর থেকে ডাক্তার এসেছেন এবং ১৫-২০ দিন ধরে হাওড়ার কোথায় কোথায় কাজ করেছেন। উড়িষ্যা থেকে এসেছেন। এইসব ডাক্তাররা আমাদের সাহায্য করেছেন। তারা যখন ফিরে যাচ্ছেন, আমরা শুনছি গ্রামের মানুষ তাদের ছাড়তে চাচ্ছেন না। এই রকম ভাবে গ্রামের মানুষের সঙ্গে তাদের একটা নিবিড় সম্পর্ক গড়ে উঠেছে। যাই হোক ডাক্তাররা আমার সঙ্গে দেখা করে চলে গেলেন। এইরকম ৩-৪-৫ জায়গা থেকে এসেছেন। নাগাল্যাণ্ডের মত ছোট রাজ্য, আমাদের বলার আগেই সেখানকার মুখ্যমন্ত্রী আমার কাছে লিখেছিলেন আপনাদের এখন ঘর বাড়ী তৈরী করার ব্যাপার আছে, কাগজে এটা দেখলাম, তাই ১ লক্ষ বাঁশ আমরা কেটে রেখে দিয়েছি, আপনারা নিয়ে যাবার ব্যবস্থা করুন।

এইরকম ভাবে আসাম থেকে, বিভিন্ন রাজ্য থেকে আমাদের কাছে সাহায্য আসছে। আসামের মুখ্যমন্ত্রী নিজে রাইটার্স বিল্ডিংসে এসে আমার কাছে টাকা পয়সা দিয়ে গেছেন। ওখানকার শিল্পমন্ত্রী বর্ধার সময় আটকে গিয়েছিলেন। উনি নিজে আমার দপ্তরে এসে সেই মাসের মাইনেটা পুরো আমাকে দিয়ে গেলেন। বিদেশী রাষ্ট্র নৌকা দিয়েছে, ওষুধ দিয়েছে, পলিথিন এসেছে জাপান থেকে, ইউনিসেফ সাহায্য নিয়ে এসেছে, বিভিন্ন প্রতিষ্ঠান থেকে সাহায্য এসেছে—তারা সকলে আমাদের সঙ্গে সহযোগিতা করেছেন। কিন্তু এতে বোধ হয় আমাদের বিরোধী পক্ষের কিছু আছেন তারা খুশী হতে পারছেন না। বরং তারা বোধ হয় অসন্তুষ্ট, এইগুলি হচ্ছে দেখে—এতে যদি ওদের কিছু সুফল হয়, সাহায্য হয় তাহলে ওরা যে রাজনীতি করেন সেই রাজনীতিতে ওদের সুবিধা হবে, চিরকাল বোধ হয় ওরা থাকবেন।

[6-50—7-00 P.M.]

এইসব রাজনীতি নিয়ে আমরা চলি না। এই যে 'রাজনীতির উপরে উঠুন' এইসব কথা আমার পছন্দ হয় না। আমরা বলি আমাদের রাজনীতি তো এটা। যখন নির্বাচনের রাজনীতি হবে তখন আমরা দেখবো, তখন নিশ্চয় ওদের ভোট দিতে বলব না, ওদের সঙ্গে সহযোগিতা করতে কাউকে বলবো না। কিন্তু আজকে কে কাকে ভোট দিয়েছিল, কে কার পক্ষে বা বিপক্ষে, কার সঙ্গে তিক্ততা ছিল, কে কার বিরুদ্ধে এসব কথা ভুলে যেতে হবে এবং ভুলে গিয়ে মানুষের জন্য ব্যবস্থা করতে হবে-আমাদের পশ্চিমবঙ্গের জন্য ব্যবস্থা করতে হবে। তারপর আমি যেটা বলতে চাই এই তো ওদের দৃষ্টিভঙ্গী, লক্ষ্য যা প্রতিফলিত হয়েছে ওদের বক্তৃতায় আমরা দেখতে পাচ্ছি। এখানে সমালোচনা কি করছেন? সেই পুরানো কথা যে আমরা পক্ষপাতিত্ব করছি। তারপর হরিপদ ভারতী মহাশয় চটে গিয়েছেন রাগ করেছেন এইজন্য যে কেন আমরা বলেছি, এ বিষয়ে আপনারা নির্দিষ্ট করে জানান যে কোথায় এরকম কি হয়েছে' কেন জ্যোতিবাবু এইরকম নির্দিষ্ট করে চাইবেন? নির্দিষ্ট করে চাইলে হবে না, আমাকে মেনে নিতে হবে যে ওরা যা বলছেন সেটাই সত্য। নির্দিষ্ট না করে বললে—আমরা বুঝবো কি করে যে কোন গ্রামে কি হয়েছে? কিন্তু এসব ওদের পছন্দ নয়। তারপর এই যে আমাদের বিরুদ্ধে সমালেচনা হচ্ছে যে আমরা পক্ষপাতিত্ব করছি এতে আশ্চর্য্য হবার কিছু নেই, কারণ ওরা গত ৩০ বছর ধরে এইসব করেছেন—চাকরি-বাকরিতে পক্ষপাতিত্ব, বাস পারমিট, বিভিন্ন রকম কনট্রাকটরি, লাইসেন্স—কোন ব্যাপারে পক্ষপাতিত্ব ছিল না। কংগ্রেসী কিছু

আছেন, প্রাক্তন কংগ্রেসী যাদের গা থেকে এখনও কংগ্রেসের গন্ধ হয়ত যায়নি তারা এইসব কথা ভুলতে পারছেন না। এই সবই তো হয়েছে গত ৩০ বছর ধরে। কি না হয়েছে? এটা কি নতুন কোন কথা? সেইজন্য ওরা মনে করছেন এটা কি করে হতে পারে যে পক্ষপাতিত্ব ছাড়া একটা সরকার কাজ করবে। আজকে এইসব কথা ওদের বুঝতে হবে এখনও যদি না বুঝে থাকেন। এটাই তো হচ্ছে পার্থক্য। এই জন্যই ওরা বিচ্ছিন্ন হচ্ছেন মানুষের কাছ থেকে, এইজন্যই তো আমাদের অগ্রগতি হচ্ছে, এইজন্যই তো রাজনৈতিক লড়াই-এ আমরা একটার পর একটা জিতছি। ওরা আমাদের উপর জঘন্যভাবে আক্রমন করেছেন, আমাদের ছেলেদের খুন করেছেন—ঐ ইন্দিরা গান্ধী থেকে আরম্ভ করে সিদ্ধার্থ রায়—সবাই ষড়যন্ত্র করেছেন কিন্তু আমাদের মুছে দিতে পারেননি। এই কারণে পারেননি কারণ মানুষ এইসব বোঝে—দেরি হতে পারে কিন্তু মানুষ শেষ পর্য্যন্ত বোঝেন যে কাদের আমাদের বেছে নিতে হবে, কাদের সঙ্গে আমাদের থাকতে হবে। যদি ওরা নির্দিষ্টভাবে অভিযোগ করতেন তাহলে আমরা সেগুলি তদন্ত করে দেখতে পারতাম। সাধারণভাবে আমরা এই নীতি ঘোষণা করেছি, আমরা লক্ষ লক্ষ মানুষের কাছে গিয়ে বলেছি—মিটিং-এ বলেছি, এটা কোন লুকানো কথা নয় যে এইভাবে চলতে হবে। কিন্তু কোন গ্রামে, কোন এলাকায় অন্য রকম কিছু হতে পারে না। আমাদের মধ্যে রাজনৈতিক বিবাদ, রাজনৈতিক ঝগড়া, বিগত দিনের গ্রামের ঝগড়া এসব নিয়ে কিছু কি অন্য রকম হতে পারে না? নিশ্চয় পারে। সেইজন্যই আমরা নির্দিষ্টভাবে চাচ্ছি যাতে তখনই সেই অঞ্চলে লোক পাঠিয়ে দেখতে পারি সেটা সত্য কি না এবং সত্য হলে আমরা শুধরে নিতে পারি। যারা এটা শুধরে নেবেন না, যারা ঐ পথে যাবেন তারা তার মানে আমাদের রাজনীতি মানছেন না, আমাদের লোক বললে কি হবে। এটাই হচ্ছে আমাদের রাজনীতি। সেইজন্য আমি আগেও বলেছি, আবার এইসব কথা বললাম। তারপর অনেক খুঁজে পেতে ওরা বললেন কো-অর্ডিনেশান কমিটির কথা—সরকারী কর্মচারীদের। বললেন, তারা কেন এসে আপনাকে বললে যে তারা কাজ করতে চায়, কেন এসে তারা বললে যে তারা ছুটি নেবে না, কেন তারা বললে যে আপনি লোক পাচ্ছেন না হেলিকপ্টারে করে খাদ্য ফেলার ব্যাপারে, আমরা যাচ্ছি, আমাদের কোন রকমে লরি করে পাঠিয়ে দিন। দিনরাত তারা কাজ করেছেন—এটা কি তাদের অপরাধ? কোন ডি. এম, কোন অফিসার তো আমার কাছে কোন অভিযোগ করেননি যে একটা ভয়ঙ্কর অন্যায় হয়ে গিয়েছে। কেউ আমার কাছে এসব কথা বলেননি, একটা কোন জায়গা থেকে এসব আমি পাইনি

যে ওরা অসুবিধার সৃষ্টি করেছেন। এটা একটা সাময়িক ব্যাপার ছিল কিন্তু সেই সাময়িক ব্যাপার করতে গিয়েও এরা কোন অসুবিধার সৃষ্টি করেছেন একজনও কেউ আমাকে তা বলেননি। ওইসব কথা তারা অনেক খুঁজে পেতে বার করেছেন। কিন্তু আমি করবোটা কি? আমি তো আরকিছু বলিনি। আমি বলেছি, এরা এসে আমাকে বললেন যে পূজার ছুটি কেটে নিন। এটা কি অপরাধ নাকি বলা।

ওরা পাননি এই যে তিন লক্ষ সরকারী কর্মচারী আছে, শতকরা ৯০ ভাগ ওদের বিরুদ্ধে ছিল বছরের পর বছর। বিরোধী ছিল, এই জন্য আর কিছু না করতে পেরে বিনাবিচারে তাদের জেলে পুরে দিয়েছিলেন, পরিবার বর্গের উপর আক্রমণ করেছিলেন, চাকরি থেকে বরখাস্ত করে দিয়েছিলেন, হাজার হাজার কর্মচারীকে রিমোট করে দিয়েছিলেন, এই সব তারা করেছিলেন। এই সব ভদ্রলোকও তো সেই সময় পশ্চিমবাংলায় ছিলেন, তাদের কাছ থেকে তো কোন প্রতিবাদ শুনিনি। কিন্তু তারা যখন ভাল কাজ করতে এগিয়ে এলো—শুধু ওরাই নয়, ওরা অবশ্য প্রথমে বলেছিল, আরও যে সব সরকারী কর্মচারীদের ছোট ছোট সংগঠন আছে, তারাও আমাকে এসে বলেছে, আমরাও একমত এবং এই ব্যাপারে কারোর কোন পার্থক্য নেই এবং আমরা শুনি যে এর মধ্যে কংগ্রেস মতালম্বীও আছে, তারাও এসে আমাকে বললো আমরা এই সব কাজ করতে চাই। আমি তাদের বলি, যদি কালকে আসতেন তাহলে রেডিওতে ওদের যে নাম করেছি তার সঙ্গে আপনাদের নামটাও করে দিতাম। যাই হোক আপনাদের নামটা আজকে বলে দিচ্ছি। ওরা বললো আমরা কাজ করতে চাই। এখানে এটা যে কি অপরাধ হলো সেটা বুঝতে পারছি না। এটা একেবারে প্রধানমন্ত্রী পর্য্যন্ত চলে গেছে। ভয়ঙ্কর ব্যাপার ঘটে যাচ্ছে। যারা এত ভালো কাজ করলো, আমাদের এত সাহায্য করলো, এগিয়ে এলো এমন কি নিয়ম অনুযায়ী—টিফিন ইত্যাদি নিয়ে অনেক কথা উঠেছে—টিফিন এ্যালাউয়েন্স দেওয়ার কথা হলো, ওরা বললেন যে দরকার নেই, আর আমি নিজে সেটা ব্যবস্থা করেছি রাইটার্স বিল্ডিংসে, কি করবো, না খেয়ে কি ওরা থাকবে? প্রথম দিন যখন বন্যা হলো প্রথম দফায়, আমি রাইটার্স বিল্ডিংস থেকে বাড়ি গেলাম, বাড়ি গিয়ে শুনলাম—ওরা নয়, বাইরে থেকে একজন টেলিফোন করে বললেন, রাইটার্স বিল্ডিংসে যারা রাত জেগে কাজ করছে—আপনাকে একটা কথা বলি, নানা কাজে সবাই ব্যস্ত, কিন্তু এই বেচারারা খেতে পাচ্ছে না, কেন না রাইটার্স বিল্ডিংসে ক্যানটিন চলছে না। আশেপাশে জল চারিধারে কোথাও কিছু খোলা নেই, আমি পরের দিন এসে—যতীনবাবুর হয়তো মনে আছে,

আমি ওঁকে বলি, এটা কি করে চলতে পারে? কারণ ওরা আজও হয়তো বাড়ি ফিরতে পারবে না, রাত্রি জাগরণ হবে, ওদের কিছু খাবার ব্যবস্থা করুন। বাইরে থেকে খাবার প্যাকেট এনে ওদের দুদিন ধরে দিয়েছি। তারপর যখন ক্যান্টিন ইত্যাদির ব্যবস্থা হলো তখন সেটা বন্ধ হয়ে গেল। আমাদের হ্যালিক্যাপটারের লোকদের খাওয়াতে হবে না? আমরা নিশ্চয়ই তাদের খাবার ব্যবস্থা করেছি। আপনারা নিশ্চয়ই জানেন, অনেক সদস্যরাই জানেন যে কিভাবে তারা পরিশ্রম করেছে। আমাদের নিজেদের হ্যালিক্যাপটারের পাইলট আছেন, তা ছাড়া এয়ার ফোর্স থেকে যারা এসেছিল তারা একবার, দুবার, তিনবার, চারবার, পাঁচবার পর্য্যন্ত ট্রিপ দিয়ে খাবার দিয়ে এসেছে। একবার যাচ্ছে একবার আসছে, আবার যাচ্ছে খাবার ফেলে ফিরে আসছে, আবার যাচ্ছে খাবার ভরে নিয়ে, এদের খেতে দিতে হবে না? এটা সমালোচনার কি হলো তা আমি বুঝতে পারছি না। খেতে দিয়েছি, ভাতা দিয়েছি, এটা কি বেছে বেছে দেওয়া হয়েছে? যাই হোক একটা ট্রেড ইউনিয়ন প্রতিষ্ঠান, তাদের প্রথমেই মার্কসবাদী বানিয়ে দিলেন, তারপর তাদের অপরাধ হলো, কেন তারা কাজ করেছে। এই যে দু একটা সংবাদপত্র আছে আমাদের বিরুদ্ধে, তাদের কাগজে কি বেরিয়েছে তাই নিয়ে এখানে মুখরোচক একটা খোরাক জোগালেন। আমি বলেছি আপনারা নির্দিষ্ট অভিযোগ দিন, এখানে তা কিছু শুনলাম না। দু একটি গ্রামের কথা হলো, সে সম্বন্ধে আমার কাছে রিপোর্ট আছে, আমি তা দেখবো। কিন্তু বিশ্বনাথবাবুর দল সি· পি· আই· তারা আমাকে একটা নির্দিষ্ট অভিযোগ দিয়েছিলেন, তারা বললেন যে আপনি নির্দিষ্ট অভিযোগ চেয়েছেন, আমরা তাই দিয়েছি ঐ হাওড়ার, মেদিনীপুরের হুগলির এবং এস· ইউ· সি-র বন্ধুরাও আমাকে অভিযোগ দিয়ে গিয়েছিলেন একেবারে গ্রামের নাম দিয়ে, কোথায় কি অভিযোগ আছে, কাকে রিলিফ দেওয়া হয়েছে, কাকে রিলিফ দেওয়া হয়নি। অমুক হয়েছে, তমুক হয়েছে, এইসব দিয়ে গিয়েছিলেন। আমি প্রত্যেকটি বিষয়ে এনকোয়ারি করে দেখেছি, আমার কাছে দিস্তা দিস্তা এইরকম এনকোরি রিপোর্ট আছে, আমি এইগুলো পাঠিয়ে দেব কারণ এখন পড়বার সময় নেই, তার মধ্যে আমি দেখছি প্রায় ৯৯ ভাগ অসত্য, ওরা যা বলেছেন তা ফ্যাক্ট নয় এবং আর একটা যদি খানিকটা সত্য হয় তাহলে ঠিক আছে আমি সেটা ঠিক করে নেব।

[7-00—7-10 P.M.]

খানিকটা যদি সত্যি হয় ঠিক করে নেবো। আমি সেগুলি পড়েছি, সকাল

যে ওরা অসুবিধার সৃষ্টি করেছেন। এটা একটা সাময়িক ব্যাপার ছিল কিন্তু সেই সাময়িক ব্যাপার করতে গিয়েও এরা কোন অসুবিধার সৃষ্টি করেছেন একজনও কেউ আমাকে তা বলেননি। ওইসব কথা তারা অনেক খুঁজে পেতে বার করেছেন। কিন্তু আমি করবোটা কি? আমি তো আরকিছু বলিনি। আমি বলেছি, এরা এসে আমাকে বললেন যে পূজার ছুটি কেটে নিন। এটা কি অপরাধ নাকি বলা।

ওরা পাননি এই যে তিন লক্ষ সরকারী কর্মচারী আছে, শতকরা ৯০ ভাগ ওদের বিরুদ্ধে ছিল বছরের পর বছর। বিরোধী ছিল, এই জন্য আর কিছু না করতে পেরে বিনাবিচারে তাদের জেলে পুরে দিয়েছিলেন, পরিবার বর্গের উপর আক্রমণ করেছিলেন, চাকরি থেকে বরখাস্ত করে দিয়েছিলেন, হাজার হাজার কর্মচারীকে রিমোট করে দিয়েছিলেন, এই সব তারা করেছিলেন। এই সব ভদ্রলোকও তো সেই সময় পশ্চিমবাংলায় ছিলেন, তাদের কাছ থেকে তো কোন প্রতিবাদ শুনিনি। কিন্তু তারা যখন ভাল কাজ করতে এগিয়ে এলো—শুধু ওরাই নয়, ওরা অবশ্য প্রথমে বলেছিল, আরও যে সব সরকারী কর্মচারীদের ছোট ছোট সংগঠন আছে, তারাও আমাকে এসে বলেছে, আমরাও একমত এবং এই ব্যাপারে কারোর কোন পার্থক্য নেই এবং আমরা শুনি যে এর মধ্যে কংগ্রেস মতালম্বীও আছে, তারাও এসে আমাকে বললো আমরা এই সব কাজ করতে চাই। আমি তাদের বলি, যদি কালকে আসতেন তাহলে রেডিওতে ওদের যে নাম করেছি তার সঙ্গে আপনাদের নামটাও করে দিতাম। যাই হোক আপনাদের নামটা আজকে বলে দিচ্ছি। ওরা বললো আমরা কাজ করতে চাই। এখানে এটা যে কি অপরাধ হলো সেটা বুঝতে পারছি না। এটা একেবারে প্রধানমন্ত্রী পর্য্যন্ত চলে গেছে। ভয়ঙ্কর ব্যাপার ঘটে যাচ্ছে। যারা এত ভালো কাজ করলো, আমাদের এত সাহায্য করলো, এগিয়ে এলো এমন কি নিয়ম অনুযায়ী—টিফিন ইত্যাদি নিয়ে অনেক কথা উঠেছে—টিফিন এ্যালাউয়েন্স দেওয়ার কথা হলো, ওরা বললেন যে দরকার নেই, আর আমি নিজে সেটা ব্যবস্থা করেছি রাইটার্স বিল্ডিংসে, কি করবো, না খেয়ে কি ওরা থাকবে? প্রথম দিন যখন বন্যা হলো প্রথম দফায়, আমি রাইটার্স বিল্ডিংস থেকে বাড়ি গেলাম, বাড়ি গিয়ে শুনলাম—ওরা নয়, বাইরে থেকে একজন টেলিফোন করে বললেন, রাইটার্স বিল্ডিংসে যারা রাত জেগে কাজ করছে—আপনাকে একটা কথা বলি, নানা কাজে সবাই ব্যস্ত, কিন্তু এই বেচারারা খেতে পাচ্ছে না, কেন না রাইটার্স বিল্ডিংসে ক্যানটিন চলছে না। আশেপাশে জল চারিধারে কোথাও কিছু খোলা নেই, আমি পরের দিন এসে—যতীনবাবুর হয়তো মনে আছে,

বলছেন মহামান্য রাজ্যপাল ৫০ হাজার টাকা এবং মাননীয় জ্যোতি বসু ২ লক্ষ টাকা অনুমোদন দিয়ে সঙ্ঘকে কৃতজ্ঞতার পাশে আবদ্ধ করেছেন এবং আরো অনেক লেখা আছে। যাই হোক, আমি বলতে চাইছি যেটা সেটা হচ্ছে যে, এটা তো আমাদের কর্তব্য। যারা কাজ করতে পারেন তাদের আমরা টাকা দিয়েছি, তখন তারা কোন রাজনীতি করে সেটটা খুঁজে দেখবার সময় ছিল না। তারা এসেছেন আমরা দিয়েছি। কংগ্রেসকে সমর্থন করেন বলে শুনেছি এইরকম একটি মহিলা সংগঠন এসেছিলেন তাদের আমি ১৫ হাজার টাকা দিয়েছি। তারা ভাল কাজও করেছেন খবর পেয়েছি। সরকার পক্ষের আর. এস. পি. সদস্য শ্রীদেবশরণ ঘোষ মহাশয় বক্তৃতা দিয়ে ওদের মতন বললেন। আমায় সেটা খোঁজ করতে হবে। তিনি আমায় লেখেননি, যদি লিখতেন আমি খোঁজ করে রাখতাম এবং তারপর ওনাকে সন্তুষ্ট করতে পারতাম কিনা জানি না তবে আমি খোঁজ করতাম। এখন ওনার কাছ থেকে লিখিতভাবে নিতে হবে এবং দেখতে হবে। তবে এটা ঠিক যে, উনি অনুপ্রবেশের কথা বলেছেন—হতে পারে, একটা-আধটা অনুপ্রবেশ হতে পারে। কিন্তু উনি কাদের কথা বলছেন সেটা ঠিক বুঝতে পারছি না আর এইভাবে বলে কোন লাভ নেই—কি হলো বলে? কোন কি লাভ হোলো? কিছুই হলো না। সেইজন্য আমি বলছি যে, ঐ কংগ্রেসীরা যা করছেন, ঐ জনতা যা করছেন তা করে কোন লাভ নেই। তাতে পশ্চিমবাংলার কোন মঙ্গল হবে না বলে আমি মনে করি। যদি কোন অভিযোগ থাকে—নিশ্চয়ই থাকতে পারে—আমাদের লিখিতভাবে জানাবেন। আর. এস. পি. হোক, সি. পি. আই. হোক, কিম্বা ফরোওয়ার্ড ব্লকেরই হোক আর যেই হোক অভিযোগ নিশ্চয়ই থাকতে পারে।

সময়মত নিশ্চয় যায়নি, কোন জায়গায় আরো বেশী যাওয়া উচিত ছিল এইসব অভিযোগ নিশ্চয় আছে এতবড় যেখানে ব্যাপার সেখানে ২-৪টে জিনিস এরকম হতে পারে। এগুলি আমরা ঠিক করতে পারি এতে অসুবিধা কিছু নেই। আমাদের বিরোধীদলের নেতা একটা দীর্ঘ চিঠি পড়লেন দিল্লীর এগ্রিকালচারাল সেক্রেটারী যেটা আমাদের চীফ সেক্রেটারীকে লিখেছিলেন। কিন্তু কেন পড়লেন? আমি যে বিবৃতি দিয়েছি সেটা তাঁর পড়ার সময় হয়নি। হরিপদ বাবু বললেন ভদ্রলোকের এক কথার মত আমি ১৫ কোটি টাকা বলেছি যখন যা পাব তাইত বলতে হবে। চন্দ্রশেখর বলেছিলেন ১৩০ কোটি টাকা তখন সেটা ছিল না, এটা আপনারা তারিখ দেখলেই বুঝতে পারবেন। পরে যে টাকা এসেছে ৬৯ কোটি টাকার মত সেটা যদি ১৩০ এর সঙ্গে যোগ দেওয়া যায় তাহলে হয়। আমার বিবৃতির মধ্যে আছে

নভেম্বরের ঐ তারিখ পর্য্যন্ত আমরা এত টাকা পেয়েছি, কিছু অনুদান আছে কৃষির জন্য, খাদ্যের জন্য, ফুড ফর ওয়ার্কের জন্য ইত্যাদি। আমার দলিলের মধ্যে শেষের দিকে এ্যাপেনডিক্সে এই সমস্ত কথা লেখা আছে, ইংরাজীতে একটা কথা আছে রং সাপোর্টার, জনতা পার্টিতেও কিছু রং সাপোর্টার আছে, সেইজন্য তাঁরা কি বলছেন আমি বুঝতে পারছি না। আমরা কোথায় সন্তুষ্ট হয়েছি এবং কোথায় হইনি তা আমার বিবৃতির মধ্যে আছে বাড়ী ঘর তৈরী করার জন্য যেখানে ৪০ কোটি টাকার দরকার সেখানে যদি ১০ বা ১৫ কোটি টাকা পাই তাহলেও কি বলতে হবে আমরা সন্তুষ্ট। রেল থেকে রিলিফের মেটিরিয়েল নিয়ে যাবার জন্য তাঁরা বলেছেন পয়সা লাগবে না; সেটাতে আমরা সন্তুষ্ট। সেইজন্য এইসব কথা বলে কোন লাভ নেই। তারপর প্ল্যান এ্যাসিসটেনস হিসাবে বললে হবে না তিনি তো ৫০ কোটি টাকা যেটা আউটসাইড প্ল্যান ছিল সেটাই বলেছি আমরা বলেছি ওঁদের কাছে যে এটা কাটবেন না কিন্তু আপনাদের এইসব কথা বলার অনুমতি কে দিয়েছে? উত্তর প্রদেশে বিহার অন্ধ্র নীতি হিসাবে এইসব কথা বলেছেন, আমরাও বলেছি কেন্দ্রীয় সরকারকে যে নীতি হিসাবে এটা মেনে নেওয়া উচিত। এবং বলেছি ফাইনান্স কমিশনকে এইসব জিনিস বন্ধ করতে হবে। ওঁরা বলেছেন আমরা দেখছি। মূল কথা হচ্ছে প্রাকৃতিক বিপর্যয় ইত্যাদি সব প্ল্যানের মধ্যে থাকে না। ৬ কোটি টাকা মার্জিন মানী নিয়ে বললেন এটা ফাইনান্স কমিশনের অনুমোদন হিসাবে ব্যবস্থা হবে সেইজন্য এটাকে ওদের একশত কত তার মধ্যে ধরে নেওয়া ঠিক নয় যাই হোক আমি এ বিষয়ে ডিটেলসের মধ্যে যাব না। ফুড ফর ওয়ার্ক হোক, রিলিফ হোক দুলক্ষ টন হোক এগুলি সমস্ত হিসাবের মধ্যে আছে। এইগুলি তাঁরা আগে দিয়েছিলেন এবং তার একটা অংশ বন্যার জন্য ব্যবহার করতে হবে, আপনারা দেখবেন ফুটনোটে এসব লেখা আছে। তারপর বললেন কেন্দ্রের বিরুদ্ধে আমরা নাকি কাদা ছুঁড়ছি। হিসাব দেবার কথা বলছেন সেটা আমরা জানি। প্রধান মন্ত্রীর সঙ্গে আলোচনা করবার সময় আমি এবং আমাদের অর্থমন্ত্রী এসব বিষয় নিয়ে আলোচনা করেছি, সুতরাং এসব কথা বলে লাভ কি আছে? আমরা টাকা পয়সা যোগাড় করছি, সাধারণ মানুষ আমাদের দান করছে, মেদিনীপুরে একলক্ষ লোকের মিটিং সেখানে তাঁরা একলক্ষ চৌদ্দ হাজার টাকা আমাদের দিয়েছেন এইরকম ভাবে ২৪-পরগণায় কয়েকটি অঞ্চলে গিয়েছিলাম সেখানে দুর্গত মানুষ জল থেকে উঠে এসে আমার গাড়ী দাঁড় করিয়ে দিল, দূর থেকে দেখলাম যে জলের ওপরে কিছু ধানের মাথা দেখা যাচ্ছে মনে হয় এগুলি বেঁচে গেল—কিন্তু তা নয়, এগুলি সব নষ্ট হয়ে গেছে এর মধ্যেও তারা ১০, ২০, ৫০, ১০০ টাকা যোগাড় করে আমাকে দিয়েছে এসবে ওঁরা একটু বিচলিত হচ্ছেন, কংগ্রেস

থেকে একজন বললেন যে মিটিং করে কি বাড়ীঘর হবে আমি তাঁদের জিজ্ঞাসা করি আপনাদের এসব কথায় কি বাড়ীঘর হচ্ছে? আমি মুর্শিদাবাদ, নদীয়ায় যাচ্ছি আপনারা আমার সঙ্গে গিয়ে দেখবেন আমাদের জনসাধারণ সমর্থন করে কি না? প্রধানমন্ত্রী আমাকে লিখলেন যে কেন্দ্রীয়ভাবে এবং জেলাগত ভাবে আপনি অল পার্টি কমিটি করুন। বিশ্বনাথবাবু বললেন আমরা বলেছিলাম হ'ল না আর প্রধানমন্ত্রী বলায় উনি এগিয়ে গেলেন এটা লজ্জার বিষয়, কিন্তু আমরাই আগে কমিটির সিদ্ধান্ত করেছিলাম এবং মনে করেছিলাম যে জেলায় জেলায় কমিটি করতে হবে এবং আমরা আরম্ভও করেছিলাম। কিন্তু কেন্দ্রীয়ভাবে আমরা মনে করিনা এখানে মিটিং করে কোন বিশেষ সাহায্য হবে। জেলার কমিটিতে শুধু রাজনৈতিক দলই নন যাঁরা সেবার কাজ করেন বিশেষ নাগরিক তাদেরও আমরা নিয়েছি। যাইহোক কেন্দ্র আমরা করলাম এবং সেই যে মিটিং হল তখন তিনি ঠিক কি বললেন জানি না, সেখানে নানারকম কথাবার্ত্তা হল, কিন্তু আমি বলছি ৩০ বছর আমরা পশ্চিমবাংলায় এ রকম জিনিষ দেখিনি। অনেক বন্যা ও অনেক কিছু হয়েছে কিন্তু কোনদিন দেখিনি যে কেউ আমাদের ডেকেছে। জলপাইগুড়ির সময়েও আমাদের কেউ ডাকেননি, ইউপি বিহারে গ্রামাঞ্চলে এই রকম জিনিষ হয়েছে কি না আমার জানা নেই, অবশ্য ওঁরা না করলে যে আমরা করবনা এটা ঠিক নয়।

পরে আমরা ক্যাবিনেটে আলোচনা করে বলেছি, না আমাদের আগেকার সিদ্ধান্তই সঠিক এবং সেইভাবেই আমরা চলব। তবে কোন কোন দলকে নেব সে সম্বন্ধে এস ইউ সি সদস্যদের অভিযোগ আছে, মুসলিম লীগ বলেছেন আমাদেরও নেওয়া উচিত। আমরা বলেছি এগুলো আমরা দেখব, তবে বিচার আমরা করব। কিভাবে এটা করব সেটা এখনই বলতে পারছি না, তবে এটা আমরা দেখছি। তারপর, আমরা সাময়িকভাবে একটা সিদ্ধান্ত নিয়েছি অর্থাত আমরা একটা এনকোয়ারি কমিটি করেছি। দিল্লী থেকে আমরা ইঞ্জিনিয়ার এনেছি এবং তাঁরা চলে গেছেন। তাঁরা কি রিপোর্ট দেন সেটা আমরা দেখব। এটা আমরা ইমিডিয়েট করেছি এবং তিলপাড়ার জন্য এটার দরকার ছিল। তবে এরপর আমাদের ভালভাবে একটা দক্ষ কমিটি সেটআপ করতে হবে। আমরা জানি বন্যা সম্পূর্ণ বন্ধ করা যায় না। তবে অনেকাংশে বন্ধ করা যায় কিনা এই বৈজ্ঞানিক যুগে সেটা আমাদের দেখতে হবে। আপনারা জানেন মানসিং কমিটি ছিল। অমলবাবুকে দেখলাম তার মধ্য থেকে আসল অংশ নিয়ে একটা বই তিনি ছাপিয়েছেন। তাঁরা বলেছিলেন এই এই যদি না কর তাহলে ইউ আর টেকিং এ রিস্ক। ইটস্ এ গ্যামবেল। লক্ষ্য রাখবেন এর

মধ্যে গ্যামবেল কথাটা রয়েছে। সত্যিই আমরা সেই গ্যামবেলের মধ্যে পড়ে গিয়েছিলাম। তবে কোন রকম গাফিলতি ছিল কি না সেটা দেখতে হবে। পুরাণ যা কিছু করা হয়েছে তার মধ্যে গাফিলতি ছিল কি না সেটা দেখতে হবে। এটা দীর্ঘমেয়াদী ব্যাপার এবং আমরা যে স্মারকলিপি দিয়েছি তাতে এটা রেখেছি। আমরা মনে করি এই বৈজ্ঞানিক যুগে এটা হওয়া উচিত নয়। প্রধানমন্ত্রী বলেছিলেন, এতে বহু টাকা দরকার, তবে নিশ্চয়ই এটা আমরা বিবেচনা করব। এটা অবশ্য সমস্ত ভারতবর্ষের জন্য, শুধু আমাদের জন্য নয়। আমাদের কর্মসূচী সম্বন্ধে বিভিন্ন মন্ত্রী বলেছেন কাজেই আমি আর তার মধ্যে যাচ্ছি না। আমি অবশ্য বিরোধী পক্ষের কাছ থেকে তেমন কিছু শুনলামও না। আমরা কৃষিকার্য, বাঁধ মেরামত এবং অন্যান্য ক্ষেত্রে দেখছি অনেক কাজ রয়েছে। ঘরবাড়ী মেরামতের ব্যাপারে বহু জিনিস পত্র প্রয়োজন এবং তার মধ্যে বাঁশ কোথায় পাওয়া যাবে সেটা আমরা দেখছি। কিন্তু এই সমস্ত কথা যদি তাঁরা আমাদের বলতেন যে এই এই অসুবিধা রয়েছে কাজেই এইগুলি এইভাবে দূর করুন এবং সেখানে আমরা আপনাদের সঙ্গে সহযোগিতা করব তাহলে বুঝতাম তাঁরা সত্যই সহযোগিতার মনোভাব দেখাচ্ছেন। কিন্তু সেগুলি আমরা তাঁদের কাছ থেকে পেলাম না। আমি বলতে চাই, আমাদের অনেক রাজনৈতিক লড়াই করতে হয়েছে, অনেক আক্রমন আমাদের সহ্য করতে হয়েছে, অনেক জীবন আমাদের গেছে এবং অনেক শহীদ আমাদের হয়েছে। আমরা যদি সঠিক রাজনীতি নিয়ে চলি তাহলে আমরা জানি জনগণ আমাদের সঙ্গে থাকবে। আজকে সাধারণ মানুষ যেকথা বলছে তাতে আমরা আনন্দিত এবং গর্বিত। আজকে সাধারণ মানুষ বলছে, এবারে দেশে বামপন্থী সরকার না থেকে যদি আগেকার সরকার থাকত তাহলে আমরা জানি না কোথায় ভেসে যেতাম। জনতা দলের একজন সদস্য বললেন আর্মি থেকে নাকি অভিযোগ করা হয়েছে তিনি কিকরে এসব কথা জানলেন? আর্মি, এয়ার ফোর্স এসব তো সিক্রেট ব্যাপার। রাইটার্স বিল্ডিংস-এ আমার ঘরের পাশে তাঁদের কনট্রোল রুম করে দিয়েছি এবং তাঁরা সেখানে বসে কাজ করেছেন। তাঁদের মেয়েদের একটা প্রতিষ্ঠান আছে ছেলেমেয়েদের জামা, কাপড় তৈরী করে। আমরা যখন জামা, কাপড় পাচ্ছি না, হাওড়া হাটে মাল পাচ্ছি না তখন আমরা বিভিন্ন মহিলা প্রতিষ্ঠানকে ডেকেছি এবং তাঁদের বলেছি আপনারা দুর্গত ছেলেমেয়েদের জন্য জামা, কাপড় তৈরী করে দিন। আর্মি ওয়াইফ-দেরও একটা প্রতিষ্ঠান আছে এবং আমরা তাঁদেরও একথা বলেছি। কিন্তু কৈ, তাঁরা তো ওসব কথা আমাদের বলেননি?

যখন চীফ সেক্রেটারীর সঙ্গে মিটিং হত কোন অসুবিধা হলে আমাকে এসে বলতেন তাঁরা। তাঁদের মেয়েদের একটা প্রতিষ্ঠান আছে, তাঁরা সেলাই ইত্যাদি করেন। যখন ছেলেমেয়েদের জামা-কাপড় কিনতে পারছি না, শীত চলে এসেছে, বাজারে পাওয়া যাচ্ছে না, বিভিন্ন জায়গায়, হাওড়া হাটে পাচ্ছি না, তখন আমরা বিভিন্ন প্রতিষ্ঠানকে ডেকেছি, বিভিন্ন মহিলা প্রতিষ্ঠানকে ডেকেছি, ডেকে বলেছি আমাদের যা লক্ষ্য বা তার বেশী কাপড়-জামা ছেলেমেয়েদের জন্য তৈরী করে দিতে পারেন কি না। আর্মি ওয়াইভস যাঁরা আছেন তাঁদের সংগঠন আছে, তাঁদের ডেকেছি, কই, কেউ তো কিছু অভিযোগ করেননি। এই সব কথা তাহলে বলছেন কেন? ওরা রাগ করে বলছেন আমরা নাকি ওদের বলেছি ওরা কেন্দ্রকে টাকা দিতে বারণ করেছেন। কি করেছেন না করেছেন জানি না, কিন্তু তাঁরা যা বললেন এবং যেটা কাগজে বেরুবে তাতে কি লাভ হবে? কি বলবেন তাঁরা? অথচ আমি মহারাষ্ট্রে গিয়েছিলাম, সেখানে আমি দেখলাম প্রতিটি কাগজ এবং তারজন্য মুখ্যমন্ত্রীর তহবিল থেকে টাকা যায়নি, ১ লক্ষ টাকা খরচ করে বিভিন্ন রকম প্রতিষ্ঠান বিবৃতি দিয়েছেন ওয়েষ্ট বেঙ্গল ফ্লাডে রিলিফ কি চাই না চাই। প্রতিটি অংশের মানুষ—সেদিন ভাইস-চান্সেলর বললেন আমাকে যে তাঁরা একটা প্রোগ্রাম নিয়েছেন, সব কলেজ খুলছে, তারা টাকা তুলবেন। ফ্লিমের লোকেরা আমাকে বললেন যে আমরা শুরু করেছি, আমরা নিজেরা ব্যক্তিগতভাবে দিচ্ছি, পরে কালেকশান করে আপনাদের আমরা দেব। এইভাবে যেখানে সাড়া জেগেছে সমস্ত জায়গায়, ১০ লক্ষ টাকা শুধু টেক্সটাইল মিল ওয়ারকার আমাদের দিয়েছেন, ৫ লক্ষ টাকা আমাদের পশ্চিমবঙ্গ সরকারী কর্মচারীরা দিয়েছেন, ধন্যবাদ তাঁদের, কিন্তু ওখানকার অতদূরে তাঁরাও বলেছেন যে ৫ শো টাকার উপরে যাঁরা মাইনে পান তাঁদের কাছ থেকে এই ভাবে কাটা হবে, সমস্ত ট্রেড ইউনিয়ন নিজেরা মিটিং করে এই সব ব্যবস্থা করেছেন, তারা কি সব আমাদের পক্ষে, তারা কেউ আমাদের পক্ষে নয়, কিন্তু তবুও এই রকম অবস্থার মধ্যে তাঁদের মনে যে সাড়া জেগেছে, তারা যেভাবে এগিয়ে এসেছেন, আমি দেখলাম দুর্ভাগ্য আমাদের যে আমাদের বিরোধী পক্ষের বন্ধুদের মনে সেই সাড়া জাগেনি। তারা অন্য রাজনীতির কথা চিন্তা করছেন। আমি বলি যে রাজনীতির চিন্তাতে আপনারা এই ভাবে নেতীবাচক কথাবর্তা বলছেন, যে দৃষ্টান্ত রাখছেন তাতে আমাদের একটু অসুবিধা হবে ঠিকই, কিন্তু সেই অসুবিধা আমরা অতিক্রম করব, অতীতে অনেক অসুবিধা আমরা অতিক্রম করে এসেছি। তবুও আমি বলব একটু ভেবে দেখুন এই সময়ে এই রকম মনোভাব ঠিক কি না। চলুন না এক আধ বছর আমরা

এক সঙ্গে কাজ করি, ব্যবস্থাটা করে দিই মানুষের, তারপর নির্বাচন আছে, লড়াই আছে, রাজনীতি আছে, সেখানে যা হয় হবে। অবশেষে এই আবেদন আমি করে যাচ্ছি একটু মনটা বদলে আসুন আমাদের সঙ্গে, আলোচনা করুন, ভুল ত্রুটি যদি আমাদের থাকে তাহলে আমরা আপনাদের সেই সমালোচনা সাদরে শুনব, যেগুলি গ্রহণ করবার করব, আপনাদের কাছে রিপোর্ট যেটা আছে তাতে কোথাও যদি কোন ত্রুটি থাকে সেটা দেখব, এক সঙ্গে যেতে হয় যাব, সেখানে বিচার হবে। আমরা দেখেছি কংগ্রেস থেকে একটা ইস্তাহার দিয়েছে, বুকলেট বের করেছে যে এত এত করে গম নিয়েছে, এই নিয়েছে, ঐ নিয়েছে সি পি আই ( এম ) এর লোকেরা এবং যাদের দেবার জন্য লিস্ট তৈরী হয়েছিল তাদের প্রত্যেককে কম দিয়েছে। কোথাও কোথাও ৫ কিলো কম, কোথাও ২ কিলো কম দিয়েছে, তার একটা লিস্ট দিয়েছে। আমি আশ্চর্য হয়ে গেলাম, আমি সেই লিস্টটা ওদের পাঠিয়েছিলাম, ওরা আমাকে ফেরত পাঠিয়েছে। এই কথা বলে যে যাদের নাম ওরা করেছে কম পেয়েছে বলে তাদের প্রতিটি লোক সই করে পাঠিয়ে দিয়েছে এটা একেবারে অসত্য বলে। আর একটা খোলা চিঠি দেখলাম একটা ইস্তাহারে টু ও. সি.' পাঁশকুড়া, কি আমরা লুঠ করেছি এইসব নিয়ে। কার নামে—অনুগ্রহপ্রার্থী শ্রীসীতারাম মণ্ডল, গ্রাম প্রধান, মাইশোরা গ্রাম পঞ্চায়েত। তিনি আমাদের লোক, সি পি এম, এঁর নামে মিথ্যা করে একটা ইস্তাহার ছাপিয়ে দিয়েছে। এই সব বলার সুযোগ আমি দেব না। এই সব নিয়ে তো মামলা হবে। এই সব অভিযোগ যাঁরা করেন ক্রিমিন্যাল কেস তাঁদের বিরুদ্ধে হবে। এই সব মিথ্যা অভিযোগ যাঁরা করেন তারা কি আমাদের সাহায্যই বা করবেন আমি জানি না।

তবুও আমি বলব যদি শতকরা ৯৮/৯৯ টাও অসত্য হয় এবং ১টা-দুটাও সত্য হয় তাহলে সেটাও খারাপ। কাজেই আমি বলছি নির্দিষ্ট অভিযোগ দেবেন, আমরা খোঁজ করব। আমাদের নিজেদের জন্যই তো এটা করা দরকার। আমাদের লোক যদি ভুল করে তাহলে আমরা সেটা মানতে পারবনা, আমাদের তাকে শুধরে দিতে হবে। কাজেই এইভাবে চললে আমাদেরও ভাল হবে, ওঁদেরও ভাল হবে।

**শ্রীঅমলেন্দ্র রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাইরের কোন কোন স্টেট আমাদের সাহায্য করেছে মুখ্যমন্ত্রী তার নাম করেছেন। আমার এলাকায় আমার নিজের অভিজ্ঞতায় যা জানি তাতে দেখছি একটা স্টেট—এর নাম বাদ গেছে এবং সেটা আমি জানিয়ে দিচ্ছি। মধ্যপ্রদেশ থেকে ভেটিরিন্যারি টিম এসেছে, আসাম

থেকেও এসেছে এবং আমার এলাকায় কাজ করেছে, ভরতপুরে কাজ করেছে তারপর, আমার এলাকায় দেখেছি ভারত সেবাশ্রম সংঘকে মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবি থেকে ২ লক্ষ টাকা দেওয়া হয়েছে এবং এটাই সব নয়, সেখানে কিচেন কং ৮ হাজার লোককে যে খাওয়ান হয়েছে তাতে চাল, ডাল, কাঠ প্রভৃতি দেওয়া হয়ে সরকারের তরফ থেকে।

**শ্রীজ্যোতি বসু ঃ** আমি আর একটা কথা বলছি। প্রথমে মুর্শিদাবাদে গবাদি পশুর কথা বলা হয়েছিল যে, ১২টি মারা গেছে। এটা ছিল আগের হিসেব এব সেটা অসুখের জন্য মারা গিয়েছে। আমি আপনাদের কাছে বলেছি যে, ২ লক্ষেরং বেশী গবাদি পশু মারা গেছে। তবে এর মধ্যে মুর্শিদাবাদের খবর খুব ভয়ঙ্কর, আমি শুনলাম সেখানে ৬ হাজার গবাদি পশু মারা গেছে।

**মিঃ স্পীকার ঃ** আমার কাছে দুটি প্রিভিলেজ মোসন দেওয়া হয়েছে এবং তা মধ্যে একটি হচ্ছে জয়নাল আবেদিনের এবং আর একটা হচ্ছে দিলীপ মজুমদারের।

**শ্রীকমল কান্তি গুহ ঃ** স্যার, আপনি প্রিভিলেজ মোসন যেটা পড়তে যাচ্ছে সেটা কালকে ওঁদের সামনে পড়লে ভাল হয়।

**মিঃ স্পীকার ঃ** আমি দুটি প্রিভিলেজ মোসনের উপরেই বলছি। আমি প্রথমে ডাঃ জয়নাল আবেদিনের বক্তব্য বলছি। তিনি নিজে এটা উত্থাপন করেছেন প্রশান্ত শূরের উক্তি থেকে। আমি নিজে তাঁর কোন উক্তি শুনিনি কারণ তখন ভয়ানব গোলমাল হচ্ছিল। আজকে আমি রেকর্ডেড প্রসিডিংস্ পেয়েছি এবং তাতে আমি প্রশান্ত শূরের কোন উক্তি দেখতে পাইনি। মনে হয় গোলমালের মধ্যে রেকর্ডেড হয়নি

The point raised by Dr. Zainal Abedin is that Shri Prasanta Sur shoute continuously and asked the members to get out of the House and that h rushed to the table of the Speaker. Approaching the Chair or shouting 'Ge out', as has been said by Dr. Zainal Abedin, does not constitute any breac of privilege of the House. At best it can be said to be not in keeping with th parliamentary convention or etiquette of the House. As such I disallow th motion.

Regarding the point of privilege raised by Shri Dilip Kumar Mazumda I have gone through the proceedings. He has mentioned about som remarks made about the Central Government and the State Government b

এক সঙ্গে কাজ করি, ব্যবস্থাটা করে দিই মানুষের, তারপর নির্বাচন আছে, লড়াই আছে, রাজনীতি আছে, সেখানে যা হয় হবে। অবশেষে এই আবেদন আমি করে যাচ্ছি একটু মনটা বদলে আসুন আমাদের সঙ্গে, আলোচনা করুন, ভুল ত্রুটি যদি আমাদের থাকে তাহলে আমরা আপনাদের সেই সমালোচনা সাদরে শুনব, যেগুলি গ্রহণ করবার করব, আপনাদের কাছে রিপোর্ট যেটা আছে তাতে কোথাও যদি কোন ত্রুটি থাকে সেটা দেখব, এক সঙ্গে যেতে হয় যাব, সেখানে বিচার হবে। আমরা দেখেছি কংগ্রেস থেকে একটা ইস্তাহার দিয়েছে, বুকলেট বের করেছে যে এত এত করে গম নিয়েছে, এই নিয়েছে, ঐ নিয়েছে সি পি আই ( এম ) এর লোকেরা এবং যাদের দেবার জন্য লিস্ট তৈরী হয়েছিল তাদের প্রত্যেককে কম দিয়েছে। কোথাও কোথাও ৫ কিলো কম, কোথাও ২ কিলো কম দিয়েছে, তার একটা লিস্ট দিয়েছে। আমি আশ্চর্য হয়ে গেলাম, আমি সেই লিস্টটা ওদের পাঠিয়েছিলাম, ওরা আমাকে ফেরত পাঠিয়েছে। এই কথা বলে যে যাদের নাম ওরা করেছে কম পেয়েছে বলে তাদের প্রতিটি লোক সই করে পাঠিয়ে দিয়েছে এটা একেবারে অসত্য বলে। আর একটা খোলা চিঠি দেখলাম একটা ইস্তাহারে টু ও. সি.' পাঁশকুড়া, কি আমরা লুঠ করেছি এইসব নিয়ে। কার নামে—অনুগ্রহপ্রার্থী শ্রীসীতারাম মণ্ডল, গ্রাম প্রধান, মাইশোরা গ্রাম পঞ্চায়েত। তিনি আমাদের লোক, সি পি এম, এঁর নামে মিথ্যা করে একটা ইস্তাহার ছাপিয়ে দিয়েছে। এই সব বলার সুযোগ আমি দেব না। এই সব নিয়ে তো মামলা হবে। এই সব অভিযোগ যাঁরা করেন ক্রিমিন্যাল কেস তঁাদের বিরুদ্ধে হবে। এই সব মিথ্যা অভিযোগ যাঁরা করেন তারা কি আমাদের সাহায্যই বা করবেন আমি জানি না।

তবুও আমি বলব যদি শতকরা ৯৮/৯৯ টাও অসত্য হয় এবং ১টা-দুটাও সত্য হয় তাহলে সেটাও খারাপ। কাজেই আমি বলছি নির্দিষ্ট অভিযোগ দেবেন, আমরা খোঁজ করব। আমাদের নিজেদের জন্যই তো এটা করা দরকার। আমাদের লোক যদি ভুল করে তাহলে আমরা সেটা মানতে পারবনা, আমাদের তাকে শুধরে দিতে হবে। কাজেই এইভাবে চললে আমাদেরও ভাল হবে, ওঁদেরও ভাল হবে।

**শ্রীঅমলেন্দ্র রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাইরের কোন কোন স্টেট আমাদের সাহায্য করেছে মুখ্যমন্ত্রী তার নাম করেছেন। আমার এলাকায় আমার নিজের অভিজ্ঞতায় যা জানি তাতে দেখছি একটা স্টেট—এর নাম বাদ গেছে এবং সেটা আমি জানিয়ে দিচ্ছি। মধ্যপ্রদেশ থেকে ভেটিরিন্যারি টিম এসেছে, আসাম

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.**

The Assembly met in the Assembly House, Calcutta, on Thursday, the 23rd November, 1978, at 1 P.M.

**Present**

Mr. Speaker (Shri Syed Abdul Mansurs Habibullah) in the Chair, 16 Ministers, 2 Ministers of State and 168 Members.

## HELD OVER STARRED QUESTIONS

**( to which oral answers were given )**

### মৎস্য ভেড়ী

*২৯। (অনুমোদিত প্রশ্ন নং *৪২।) **শ্রীজন্মেজয় ওঝা :** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কতগুলি মাছের ভেড়ি আছে ?

(খ) উক্ত ভেড়িগুলি হইতে দিনে কত পরিমাণ মাছ পাওয়া যায় ; এবং

(গ) উক্ত ভেড়িগুলি অধিগ্রহণের বিষয়ে সরকার কোন চিন্তা করিতেছেন কি ?

[1-00—1-10 P.M.]

**শ্রীভক্তিভূষণ মণ্ডল :**

(ক) ৭৯৭ টি।

(খ) গড়ে ১৯.৩ মেট্রিক টন।

(গ) না।

**শ্রীজন্মেজয় ওঝা :** অতিরিক্ত প্রশ্ন। এই ৭৯৭টি ভেড়ির মধ্যে কতগুলি অনুমোদিত এবং কতগুলি বে-আইনী তৈরী হয়েছে।

**শ্রীভক্তিভূষণ মণ্ডল ঃ** বে-আইনী তৈরী হয়নি কিছুই, তবে ধান জমিতে মাছ চাষ হতে পারে।

**শ্রীজন্মেজয় ওঝা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কোন ভেড়ি লুট হওয়ার সংবাদ পেয়েছেন কি ?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল ঃ** না এইরকম কোন সংবাদ আসেনি।

**শ্রীজন্মেজয় ওঝা ঃ** এই ভেড়িগুলিতে যে মাছ পাওয়া যায় তার চেয়ে যাতে আরও বেশী মাছ উৎপাদিত হতে পারে তার জন্য সরকারের কি কোন পরিকল্পনা আছে ?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল ঃ** আছে, তাছাড়া আর একটা কথা বলে দিই, ৯ হাজার একর যা সুপ্রীম কোর্টের রায় অনুযায়ী পাওয়া যাবে সেটা নিয়ে সরকার মাছ চাষের ব্যবস্থা করছে।

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি বিভিন্ন সময়ে কাগজ-পত্রে যা বেরোচ্ছে যে ভেড়ি নিয়ে নেওয়া হবে তার ফলে মাছ চাষ কমে যাচ্ছে। এই যে গড়ে ১৯.৩ মেট্রিক টন করে উৎপন্ন হচ্ছে এটা কি খুব কম নয়, এই রকম হওয়ার কারণ কি বলতে পারেন কি ?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল ঃ** মাছ ফেয়ার প্রাইসে বিক্রী করতে চায় না বলেই নানা রকম বলে।

**শ্রীজন্মেজয় ওঝা ঃ** মাঝে মাঝে আপনারা ঘোষণা করেন যে এগুলি অধিগ্রহণ করবেন, এই অধিগ্রহণ করার কথা চিন্তা করছেন কি ?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল ঃ** এটা হচ্ছে রুলস্ অব প্রসিডিওর এবং পলিশির কোশ্চেন, সেটা ডিসাইড না করা পর্য্যন্ত ডাইভালজ করতে পারব না।

**শ্রীঅবিনাশ প্রামাণিক ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি ভেড়ির মালিকরা ইচ্ছাকৃতভাবে মাছ চাষ বন্ধ রাখছেন ?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল ঃ** সেটা ঠিক আমার পক্ষে বলা সম্ভব হবে না।

**বন্যাত্রাণের কাজের জন্য হোগলা সংগ্রহ**

*৩০। ( অনুমোদিত প্রশ্ন নং *৭৮। ) **শ্রীসন্দীপ দাস ঃ** ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রি মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে সাম্প্রতিক বন্যা ত্রাণের কাজের জন্য সরকার উলুবেড়িয়া থেকে হোগলা সংগ্রহ করেছেন ; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তবে মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) কি দরে এবং কত পরিমাণ হোগলা সংগৃহীত হইয়াছে, ও

(২) কোন্ প্রতিষ্ঠান বা ব্যক্তির মাধ্যমে ঐ হোগলা সংগৃহীত হইয়াছে ?

**শ্রীরাধিকা রঞ্জণ ব্যানার্জী ঃ**

(ক) হ্যাঁ ; হাওড়ার জেলাশাসক সংগ্রহ করেছেন।

প্রতিটি ৬ টাকা দরে ১২৬২৬টি। ( মাঝারি ধরণের )

(ক) শেখ হাবিবুর রহমান এণ্ড ব্রাদার্স,

(খ) শেখ বাসের আলি,

(গ) এফ. ব্রাদার্স,

(ঘ) এন. ইসলাম মীর,

(ঙ) বি. বেদা,

(চ) খান ট্রেডিং করপোরেশন।

**শ্রীসন্দীপ দাস ঃ** মন্ত্রী মহাশয় কি জানাবেন মার্কসবাদী কম্যুনিষ্ট পার্টির লোক্যাল কমিটির সম্পাদক এই কেনাবেচার ব্যাপারে জেলা শাসকের প্রতিনিধি ছিলেন ?

**শ্রীরাধিকা রঞ্জন ব্যানার্জী ঃ** না।

**শ্রীসন্দীপ দাস ঃ** হোগলা কেনার সময় দেখা গিয়েছে যে বাজার থেকে অনেক বেশি দামে হোগলা কেনা হয়েছিল—একথা কি সত্য ?

**শ্রীরাধিকা রঞ্জন ব্যানার্জী ঃ** না, একথা সত্য নয়।

**শ্রীজন্মেজয় ওঝা ঃ** মন্ত্রী মহাশয় কি অবগত আছেন যে ৫-৭টি হোগলা উপর উপর দিলেও বৃষ্টি কিংবা রোদ আটকায় না ?

**শ্রীরাধিকা রঞ্জন ব্যানার্জী ঃ** না, সাধারণভাবে সে হোগলা ভালই ছিল।

## পাণ্ডুয়া থানার লার্জ সাইজ কো-অপারেটিভ সোসাইটির বিরুদ্ধে অভিযোগ

*৩১। ( অনুমোদিত প্রশ্ন নং *৯১। ) **শ্রীদেবনারায়ণ চক্রবর্ত্তী ঃ** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হুগলি জেলার পাণ্ডুয়া থানার লার্জ সাইজ কো-অপারেটিভ-এর বিরুদ্ধে ইমারজেন্সীর সময়ে এম আর ডিলারদের নিকট হইতে নগদ টাকা লইয়া ক্রেডিট মেমো ইস্যু করার অভিযোগ সরকারের নিকট আছে ; এবং

(খ) সত্য হইলে, এ সম্পর্কে কোনো মামলা দায়ের এবং কোন ব্যক্তিকে এপর্যন্ত গ্রেপ্তার করা হইয়াছে কিনা ?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল ঃ**

(ক) হ্যাঁ।

(খ) না।

## ত্রাণ কার্যের জন্য সর্বদলীয় কমিটি গঠন

*৩২। ( অনুমোদিত প্রশ্ন নং *১২২। ) **শ্রীসুনীতি চট্টরাজ ঃ** ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, প্রধানমন্ত্রী পশ্চিমবঙ্গের সাম্প্রতিক বন্যা ত্রাণ ব্যবস্থা উপযুক্ত করবার জন্য গ্রাম পর্যায় পর্যন্ত সর্বদলীয় কমিটি করার বিষয়ে সুপারিশ করেছেন, এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তাহলে মন্ত্রি মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(১) রাজ্য সরকার উক্ত সুপারিশ গ্রহণ করেছেন কিনা, ও

(২) না করলে, তার কারণ কি ?

**শ্রীজ্যোতি বসু :**

(ক) প্রধানমন্ত্রী ৩রা অক্টোবর পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীকে যে বার্তা পাঠিয়েছিলেন তাতে তিনি রাজ্য ও জেলা পর্য্যায়ে সর্বদলীয় কমিটি গঠনের পরামর্শ দিয়েছিলেন। পরে ২৫শে অক্টোবর রাজ্যস্তরে বন্যা ত্রাণ উপদেষ্টা কমিটির সদস্যদের সঙ্গে এক বৈঠকে তিনি আরও নীচের স্তরে সর্বদলীয় কমিটি গঠনের কথা রাজ্য সরকারকে বিবেচনা করতে বলেন।

(খ) (১) রাজ্য সরকার রাজ্যস্তরে একটি সর্বদলীয় বন্যা ত্রাণ উপদেষ্টা কমিটি গঠন করেছেন। এর আগে নয়টি জেলায় অনুরূপ কমিটি গঠন করা হয়। জেলাস্তরের কমিটিগুলিতে রাজনৈতিক দলের প্রতিনিধি ছাড়াও সেবামূলক প্রতিষ্ঠানগুলির প্রতিনিধিদেরও নেওয়া হয়েছে মেদিনীপুর, মালদা ও মুর্শিদাবাদ এই তিনটি জেলায় বন্যার দ্বিতীয় পর্য্যায়ে কমিটি গঠন করা হয়। অন্য ছয়টি জেলায়—হাওড়া, হুগলী, বর্ধমান, বাঁকুড়া, বীরভূম ও নদীয়ায় জেলাস্তরের কমিটি গঠন করা হয় তৃতীয় পর্য্যায়ের বন্যার পর। প্রধানমন্ত্রীর পরামর্শ পাওয়ার আগেই এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়। গ্রাম পর্যায়ে কোন সর্বদলীয় কমিটি গঠন করা হয়নি।

(২) গ্রাম পর্য্যায়ে নির্বাচিত পঞ্চায়েতগুলির হাতে ত্রাণ বণ্টন ও পুনর্বাসন কর্মসূচী কার্য্যকর করার মূল দায়িত্ব দেওয়া হয়েছে। এই নির্বাচিত পঞ্চায়তগুলিতে বিভিন্ন দলের প্রতিনিধিরা আছেন। এই পঞ্চায়েত সদস্যরা সরাসরি গ্রামের সকল মানুষের সঙ্গে যোগাযোগ রেখে তাদের দায়িত্ব পালন করছেন। এই স্তরে অন্য কোন কমিটির কোন প্রয়োজন আছে বলে রাজ্য সরকার মনে করেন না।

**শ্রীঅতীশচন্দ্র সিংহ :** মাননীয় মুখ্যমন্ত্রী জানাবেন কি কিছুদিন আগে টেলিভিশান ইণ্টারভিউতে মাননীয় অর্থমন্ত্রী বলেছেন গ্রামস্তরে সর্বদলীয় কমিটির অর্থ পিছনের দরজা দিয়ে যারা হেরে গিয়েছে বাস্তুঘুঘুর দল এতো দিন পঞ্চায়েতে ছিলেন তারা আবার প্রবেশ করবেন ?

**শ্রীজ্যোতি বসু :** আমি জানি না, আমি শুনি নি। আমি টেলিভিশান দেখি না।

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র :** মুখ্যমন্ত্রী দয়া করে বলবেন কি মালদহ জেলা এবং

অন্যান্য জেলাতে যেখানে সি. পি. এম. প্রার্থী জয়ী হন নি সেখানে অন্য দলের প্রধানদের কাজ করতে দেওয়া হচ্ছে না—এই খবর তাঁর কাছে আছে কি ?

[1-10—1-20 P.M.]

**শ্রীজ্যোতি বসু :** আমার কাছে এই রকম কোন খবর নেই।

**শ্রীবীরেন্দ্র কুমার মৈত্র :** গ্রাম পঞ্চায়েতকে যে কাজ করতে বলা হয়েছে সেটা সম্পর্কে আমি স্পেসিফিক জানতে চাচ্ছি, খালি প্রধানদেরই এই কাজ করতে বলা হয়েছে, না গ্রাম পঞ্চায়েতের সদস্যদের সকলকে নিয়ে এই কাজ করতে বলা হয়েছে—এটা মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলবেন কি ?

**শ্রীজ্যোতি বসু :** আমাদের সারকুলার যা দিয়েছি তাতে পঞ্চায়েত মানে শুধু প্রধান নয়—পঞ্চায়েত মানে পঞ্চায়েত। যেমন কোন কিছু যদি বিলি করতে হয় রিলিফ ইত্যাদি এবং যদি সেই বিলি বণ্টনের লিষ্ট তৈরী করতে হয় তাহলে কিন্তু সেখানে পঞ্চায়েতের মিটিং-এ সেটা অনুমোদন করার কথা বলেছি।

**শ্রীবীরেন্দ্র কুমার মৈত্র :** গ্রাম পঞ্চায়েতকে এই কাজগুলি করতে বলা হয়েছে বললেন। পঞ্চায়েত সমিতি এই কাজগুলি শুরু করবে, না গ্রাম পঞ্চায়েতগুলিও কি এই কাজ করতে পারবে—এই রিলিফের কাজগুলি কারা কারা করবে—মন্ত্রী মহাশয় জানাবেন কি ?

**শ্রীজ্যোতি বসু :** ৩টি স্তর আছে। জেলা, পঞ্চায়েত সমিতি এবং গ্রাম—এই ৩টি স্তরে কি কি কাজ কিভাবে কাদের কোনটা করতে হবে সেটা বলে দেওয়া হয়েছে এবং সেই অনুযায়ী তারা কাজ করবেন।

**শ্রীঅজয় কুমার দে :** একটু আগে মাননীয় মন্ত্রী মহাশয় বললেন গ্রাম পঞ্চায়েত রিলিফের কাজ করবে। কিন্তু যদি কোন জায়গায় গ্রাম পঞ্চায়েতের সভ্য সি. পি. এম. পার্টির না হয়ে অন্য কোন পার্টির হয় তাহলে তারা কোন জি. আর লিষ্ট তৈরী করে পাঠালে সেই লিষ্ট অনুমোদিত হবে কি ?

**শ্রীজ্যোতি বসু :** পঞ্চায়েতে সি. পি. এম. আছে কি পি. সি. এম. আছে সেটা আমি জানি না—পঞ্চায়েত মানে পঞ্চায়েত। প্রধান তাদের কাছে বসে তিনি লিষ্ট অনুমোদন করাবেন মেজরিটির ভিত্তিতেই হোক বা সংখ্যাগরিষ্ঠ তার ভিত্তিতেই হোক—যে নিয়ম আছে সেই নিয়ম অনুযায়ী অনুমোদন করাবেন। কোথায় কোন

দল আছে সেটা আমি কি করে জানব ? ১৪ হাজার আছে যেখানে বাম পন্থীরা নির্বাচিত হননি, সেখানে অন্যরা করবেন।

**শ্রীঅজয় কুমার দে :** গ্রাম পঞ্চায়েতে যেখানে অন্য দলের সদস্য আছে তারা লিষ্ট করলে সেই লিষ্ট অনুমোদিত হবে কি না—মন্ত্রী মহাশয় জানাবেন কি ?

**শ্রীজ্যোতি বসু :** পঞ্চায়েত যদি করে তাহলে হবে।

**শ্রীদেবপ্রসাদ সরকার :** ১৯৬৮ সালে দেশে যখন বন্যা হয়েছিল তখন সর্ব স্তরে সর্বদলীয় কমিটির কথা আপনি বলেছিলেন, এইন সেই নীতি থেকে বামফ্রন্ট সরকার সরে যাচ্ছেন কেন—মন্ত্রী মহাশয় এটা জানাবেন কি ?

**শ্রীজ্যোতি বসু :** তখন তো পঞ্চায়েতের মাধ্যমে কাজ কর্ম হয়নি।

**শ্রীঅজয় কুমার দে :** যেখানে গ্রাম পঞ্চায়েত ক্ষমতা পায়নি সেখানে এই কাজ করবে কে ?

**শ্রীজ্যোতি বসু :** দুটি জেলায় বোধ হয় এই রকম অসুবিধা সৃষ্টি হয়েছে। সেখানে মামলা ইত্যাদি আছে, এখনো করা হয়নি। সেই জন্য আগে যে ব্লক কমিটি করেছিলাম ১২ মাস আগে, তারাই এখন সেগুলি দেখবেন।

**শ্রীঅজয় কুমার দে :** আপনার সারকুলার গেছে অল ব্লক কমিটিজ ডিজল্‌ভড—এটা আপনি জানেন কি ?

**শ্রীজ্যোতি বসু :** মুর্শিদাবাদ আর মেদিনীপুর—এই দুটি জেলায় কতকগুলি মামলা হচ্ছে, যার জন্য সেখানে নির্বাচন সম্পূর্ণ হতে পারেনি। এই দুটি জেলায় আগের একটি সারকুলার অসুবিধা সৃষ্টি করেছিল সেই জন্য সেটা আবার ঠিক করে দিয়ে পরবর্তী সারকুলার পাঠানো হয়েছে।

**শ্রীঅতীশ চন্দ্র সিংহ :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন মেদিনীপুর, মুর্শিদাবাদে হয়নি। আপনার আইনের কোন ক্লজে এই না হবার কোন কারণ আমি দেখতে পাচ্ছি না। বলেছেন শতকরা ৭৫ ভাগ নির্বাচিত হলেই হবে। কিছু কিছু সি. পি. এম. প্রধান ভোট দিতে অধিকারী হয়নি—এই জন্যই কি নির্বাচন স্থগিত রেখেছেন ?

**শ্রীজ্যোতি বসু :** আমি প্রশ্নটাই বুঝলাম না। আমাদের ওখানে ব্লক কমিটি করা হয়েছিল, তাতে বোধ হয় সব দলই আছে আমি যতদূর জানি। যতদিন না

হচ্ছে ততদিন আমাদের আইনে যা আছে সেই অনুযায়ী ব্লক কমিটির কাজ কর্ম হবে। এটা মামলার ব্যাপার, লইয়াররা দেখছেন যত তাড়াতাড়ি এটা করতে পারা যায়।

**শ্রীঅতীশ চন্দ্র সিনহা :** যে মামলাগুলি হয়েছে সেই মামলাতে পঞ্চায়েত সমিতি বা জেলা পরিষদের নির্বাচন আটকায়নি। এখানে পঞ্চায়েত মন্ত্রী আছেন, তিনি জানেন এবং আপনারা জানেন। সেখানে ইনডিভিজুয়াল কিছু কিছু জায়গায় কেস হয়েছে—মুখ্যমন্ত্রী হিসাবে এটা আপনার জানা উচিত ছিল, কিন্তু সেখানে পঞ্চায়েত সমিতির নির্বাচনটা আটকায় না। আমি আপনাদের জ্ঞাতার্থে বলছি, বারবার তিনবার সেখানে ইলেকসানের জন্য নোটিশ দিয়ে তা ক্যানসেল করা হয়েছে।

**শ্রীজ্যোতি বসু :** আমরা এই সমস্ত নিয়ে আলোচনা করেছি যে মামলা থাকার দরুন যারা ভোট দিতে পারবেন না তাদের প্রতি অবিচার হবে যদি এই অবস্থায় আমরা করে দিই। আর যদি নির্বাচন হয় তাহলেও তো আমরাই জিতবো, আপনারা তো জিতবেন না, কাজেই অসুবিধার কি আছে।

**শ্রীঅতীশ চন্দ্র সিনহা :** কিছু কিছু জায়গা আছে যেখানে আমাদেরও জেতবার সম্ভাবনা আছে। আমাদের কেউ যদি এই রকম ভোট দেবার অধিকার থেকে বঞ্চিত থাকতো তাহলে আপনারা কি তা স্থগিত রাখতেন ?

**শ্রীজ্যোতি বসু :** আপনাদের জেতবার কোন সম্ভবনা নেই কাজেই আপনাদের ভাববার কোন কারণ নেই। মামলাটা হয়ে গেলেই আমরা নির্বাচন করবো।

**শ্রীজন্মেজয় ওঝা :** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বললেন, মেদনীপুর এবং মুর্শিদাবাদে নানান কারনে পঞ্চায়েতকে ক্ষমতা দেওয়া যায়নি। ব্লক কমিটি ব্লকের কাজ তদারক করে কিন্তু অঞ্চলে যেখানে ঐ জি. আর লিষ্ট করতে হবে সেখানে কাদের উপর ভার দেওয়া আছে জানাবেন কি ?

**শ্রীজ্যোতি বসু :** ব্লক কমিটির পরামর্শ নিয়ে সেখানেও কাজ হবে। সেখানকার জন্য যে কাজ হবে তাতে ব্লক কমিটিই পরামর্শ দেবে। তবে এটা নিয়ে বেশী আলোচনা করে লাভ নেই কারণ কয়েকদিনের মধ্যেই আমার মনে হচ্ছে নিষ্পত্তি হয়ে যাবে এবং আমরা অন্য জায়গায় যে ব্যবস্থা করেছি এখানেও তাই করে দেব।

**শ্রীনবকুমার রায়ঃ** যে সমস্ত গ্রাম পঞ্চায়েত ফ্রন্ট কমিটি বাদে অন্য সদস্যরা জিতেছে এবং তাদের বাদ দিয়ে কাজ করা হচ্ছে সেখানে সে খবর আপনার কাছে যদি দেওয়া হয় তাহলে আপনি কি প্রতিবিধান করবেন?

**শ্রীজ্যোতি বসুঃ** স্পীকার মহাশয়, যদিও এই প্রশ্নটা অপ্রাসঙ্গিক তবুও গুরুত্বপূর্ণ বলে আপনার অনুমতি নিয়ে আমি কয়েকটি কথা বলছি। আমাকে জানাবেন, সেই মুহূর্তে সেটা সংশোধিত হবে সে বিষয়ে কোন সন্দেহ নেই।

**শ্রীদেবপ্রসাদ সরকারঃ** এই যে সর্বদলীয় ত্রাণ কমিটি প্রসঙ্গে আজকে বললেন এবং এর আগেও একদিন বলেছেন তাতে জেলা স্তরে যে উপদেষ্টা কমিটিগুলি আপনারা সর্বদলীয় কমিটি বলে গঠন করেছেন সেখানে বিভিন্ন জেলাতে সব দলকে নেন নি। যেমন এস. ইউ. সি.-কে বীরভুম, মেদিনীপুর, নদীয়ার মতন জেলাতে নেন নি। অথচ এই জেলাগুলিতে এস. ইউ. সি. গোড়া থেকে ত্রাণ কার্য চালিয়ে আসছে বা তাতে নিযুক্ত আছে। সেই সমস্ত জেলা পরিষদের কমিটিগুলিতে জেলা স্তরে কেন নেওয়া হয়নি বা কোন্ নীতিতে এটা করা হয়েছে দয়া করে জানাবেন কি?

**শ্রীজ্যোতি বসুঃ** কালকে উনি ছিলেন না আমি যখন আমার জবাবী ভাষণ দিচ্ছিলাম। এই প্রশ্নটার উত্তর আমি কালকে দিয়েছি যে প্রত্যেকটা জেলাতে প্রতিটি পার্টি নেই। কোথায় আছে না আছে তা নিয়ে মত পার্থক্য থাকতে পারে। পার্টি আছে মানে তারা ফাংসান করে কিনা—কাজ করেন কিনা—সেটা সরকার দেখবেন কারণ কতকগুলি দরখাস্ত আমার কাছে এসেছে। আমি বলেছি, এস. ইউ. সি. করেছেন, মুসলিম লীগ করেছেন এবং আরো দু' একজন করেছেন যে আমাদের অমুক জেলাতে নেওয়া হয়নি সর্বদলীয় যে কমিটি গঠিত হয় সেখানে। আমি বলেছিলাম এটা আমার কাছে আছে, এটার ব্যাপারে একটু বিবেচনা করে আমরা পরবর্তীকালে বলতে পারবো।

[1-20—1-30 P.M.]

**শ্রীদেবপ্রসাদ সরকারঃ** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি বীরভূম জেলায় এস. ইউ. সি. নাই কেন সেখান থেকে যুক্তফ্রন্ট সরকারের আমলে এস. ইউ. সি. দলের মন্ত্রী ছিলেন?

( উত্তর নাই )

**শ্রীসন্দীপ দাস :** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি পঞ্চায়েত এলাকার বাইরে যেখানে বন্যা হয়েছে যেমন শান্তিপুর নবদ্বীপ সেইসব এলাকায় কিভাবে ত্রাণকার্য হবে এ বিষয়ে সরকারের সিদ্ধান্ত কি ?

**শ্রীজ্যোতি বসু :** এই প্রশ্ন অবান্তর এর মধ্যে এটা আসে না। অন্য প্রশ্ন করবেন উত্তর দেবো।

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র :** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি যে এই যে গ্রামপঞ্চায়েত কাজ করবে তার কাজ সুপারভাইজ করবার ক্ষমতা কোন অফিসারের থাকবে কি না ?

( উত্তর নাই )

## দীঘার সমুদ্র উপকূলে মৎস্য শিকার প্রকল্প

*৩৩। ( অনুমোদিত প্রশ্ন নং *৬৯। ) **শ্রীজন্মেজয় ওঝা এবং শ্রীকিরণময় নন্দ :** মৎস্য বিভাগের মন্ত্রি মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দীঘার সমুদ্র উপকূলে মাছ ধরার সরকারী প্রকল্পে কতজন লোক, কতগুলি লঞ্চ ও নৌকা নিযুক্ত আছে ;

(খ) দীঘার সমুদ্র থেকে প্রতিদিন গড়ে কত পরিমাণ মাছ ধরা হয় ; এবং

(গ) ইহা কি সত্য যে, দীঘা মোহনায় মাছ ধরার কোন জেটি এবং মাছের আড়তের জন্য কোন জায়গা দেওয়া হয়নি ?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল :** (ক) পঞ্চাশ জন লোক ও উনিশটি যন্ত্রচালিত নৌকা নিযুক্ত আছে।

(খ) মাছ ধরার মরশুমে গড়ে প্রতিদিন আনুমানিক একশত টন ও অন্য সময়ে দৈনিক প্রায় দুই টন মাছ ধরা হয়।

(গ) মাছের আড়তের জন্য জায়গা দেওয়া হইয়াছে। জেটির জন্য এখনও পর্যন্ত কোন জায়গা দেওয়া হয় নাই।

**শ্রীজন্মেজয় ওঝা :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ৫০টি লোক আছে এবং ১৯টি যন্ত্রচালিত লঞ্চ আছে। এই ১৯টি লঞ্চের মধ্যে কটি এখন সচল এবং কটি অচল ?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল :** এই প্রশ্নটির আমি পরে উত্তর দেবো।

**শ্রীজন্মেজয় ওঝা :** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি যে এখানে বেসরকারী কতগুলি লঞ্চ এবং নোকা ওখানে নিযুক্ত আছে ?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল :** যন্ত্রচালিত আছে ৬০০ এবং দেশী নৌকা আছে ১০০০।

**শ্রীজন্মেজয় ওঝা :** মাননীয় মন্ত্রী মহাশয় অবগত আছেন কি যে পশ্চিমবাংলার বিভিন্ন জেলা থেকে লোক গিয়ে মাছ ধরায় নিযুক্ত আছে এবং সেখানে জেটি না থাকার জন্য মাছ ধরার অসুবিধা হ'তে পারে।

**শ্রীভক্তিভূষণ মণ্ডল :** বিভিন্ন জেলা থেকে লোক যায় এটা ঠিক এবং জেটির প্রয়োজন আছে এটাও ঠিক এবং সেইজন্য ওখানে জেটি তৈরী করার জন্য আমি সেন্ট্রাল গভর্ণমেন্টকে লিখেছি।

**শ্রীজন্মেজয় ওঝা :** ঐ সমস্ত বেসরকারী লোকদের জন্য মাছের আড়তের জায়গা কোথায় দেওয়া হয়েছে ?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল :** জলকুটে যে জায়গা আছে সেখানে তাদের জায়গা দেওয়া হবে।

**শ্রীবলাই লাল দাস মহাপাত্র :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে সরকারী প্রকল্পে ১৯টি লঞ্চ কাজ করছে, এই লঞ্চে কোথাকার তৈরী ?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল :** এইগুলো আগেকার। এখন যে ২৫টি যন্ত্রচালিত লঞ্চ দেবার ব্যবস্থা হয়েছে, সেইগুলো এখনও কাউকে ডিস্ট্রিবিউট করা হয়নি।

**শ্রীবলাই লাল দাস মহাপাত্র :** আগেকার লঞ্চ যেটা বলছেন, এর মধ্যে একখানি তো অন্ধ্রের তৈরী, আপনার সামনেই তো জেলেরা তা নিতে রিফিউজ করেছে, আর লঞ্চ কোথা থেকে এলো ?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল :** যে ২৫টি তামিলনাড়ু থেকে আনা হয়েছিল তার মধ্যে একটি ফিশারী কো-অপারেটিভ সোসাইটিকে নিতে বলেছিলাম তারা এখনও পর্য্যন্ত নেয়নি। সেই জন্য ১৯টি ওখানে পড়ে আছে।

**শ্রীবলাই লাল দাস মহাপাত্র :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে জেটির জন্য জায়গা দেবেন, কোথায় জায়গা দেবেন ?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল :** এখনও সেটা ঠিক হয়নি তবে জুনপুট এবং দীঘার মাঝামাঝি যে জায়গাটা, সেই জায়গাটা দেওয়া হবে।

**শ্রীবলাই লাল দাস মহাপাত্র :** দীঘার মোহনার কাছে জেটি হোক এবং ব্যাঙ্কশার ঘাটে জেটি হোক, আপনার কাছে এই প্রস্তাব এসেছিল, এই সম্বন্ধে কিছু করেছেন কি ?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল :** এই বিষয়ে আমরা সেন্ট্রালের সঙ্গে কথা বলছি।

**শ্রীবলাই লাল দাস মহাপাত্র :** দীঘার মোহনায় ড্রেজিং না হওয়ার জন্য সমুদ্র থেকে মাছ ধরে নিয়ে বড় রাস্তার উপর আসতে পারছে না, সে সম্বন্ধে কি করছেন ?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল :** এক দেড় মাইল রাস্তা, ওটার জন্য রাস্তা করার চেষ্টা করা হচ্ছে।

**শ্রীবলাই লাল দাস মহাপাত্র :** দীঘার মোহনাকে ড্রেজিং করার ব্যাপারে কোন ব্যবস্থা নিচ্ছেন কি ?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল :** মোহনা সম্পর্কে এখনও কিছু ঠিক হয়নি।

**শ্রীবলাই লাল দাস মহাপাত্র :** দীঘার মোহনা থেকে বড় রাস্তা পর্য্যন্ত রাস্তাটা কবে করবেন ?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল :** এক দেড় মাইল রাস্তার ইনফাষ্ট্রাকচার, সেটা আমরা আরম্ভ করবো এই বছরের মধ্যে।

**শ্রীবলাই লাল দাস মহাপাত্র :** কবে কার্য্যকরী করবেন, কবে আরম্ভ হবে, কারণ হাজার হাজার মত মাছ সমুদ্রে ধরা পড়ছে কিন্তু রাস্তার জন্য নিয়ে আসতে পারা যাচ্ছে না, সেই জন্য বলছি।

( নো রিপ্লাই )

**শ্রীঅবিনাশ প্রামাণিক :** মৎস্যজীবী কো-অপারেটিভ সোসাইটিগুলোকে ঐ লঞ্চ দিয়ে গভীর সমুদ্রে মাছ ধরবার কোন পরিকল্পনা দীঘাতে আছে কি না ?

( নো রিপ্লাই )

**শ্রীজন্মেজয় ওঝা :** মাননীয় মন্ত্রী মহাশয় যে সব উত্তর দিলেন তা সন্তোষজনক এবং স্পষ্ট নয়। এর পরের দিন কি এই প্রশ্নের ভিভিড উত্তর দেবেন ?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল :** সকই ঠিক বলেছি তবে একটি ক্ষেত্রে অসুবিধা হয়েছে, ঐ ১৯টি যন্ত্র চালিত নৌকার যে ব্যাপার, সেটা এখনও ডিসাইড হয়নি।

**মিঃ স্পীকার :** কোশ্চেন এর সময় শেষ।

**শ্রীঅজয় কুমার দে :** স্যার, অন এ পয়েন্ট অব পার্সন্যাল এক্সপ্ল্যানেশন, কালকে যখন আমি হাউসে ছিলাম না, আমি শুনলাম বাইরে থেকে মাননীয় সদস্য শৈলেন সরকার তিনি এক অভিযোগ এনেছেন, আমার সুপারিশে নাকি সাহাদদ হোসেনকে ত্রিপল দেওয়া হয়েছিল। এই রকম কোন সুপারিশ আমি করিনি, এটা অসত্য। সি. পি. এম. থেকেই পাকা বাড়ির মালিকদের ত্রিপল দেওয়া হয়েছে সি. পি. এম. এর সভ্য বলে, সেই রকম প্রমাণ আমার কাছে আছে। যদি প্রমাণ চান তাহলে শৈলেন সরকার আমার সঙ্গে চলুন আমি দেখিয়ে দেব, আমি সমস্ত দায়িত্ব নিয়ে এই কথা বলছি।

[1-30—1-40 P.M.]

**শ্রী অমলেন্দ্র রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে অধিকারগত প্রশ্ন তোলার নোটিশ দিয়েছি, সেটা আলোচনা করতে চাই।

**মিঃ স্পীকার :** আগে মুলতুবীগুলি হয়ে যাক তারপর বলবেন।

**শ্রীকিরণময় নন্দ :** আমার একটি ছিল, সেটা কি হলো ?

## ADJOURNMENT MOTION

**মিঃ স্পীকার :** আমি মাননীয় সদস্য শ্রীজন্মেজয় ওঝা ও শ্রীপ্রদ্যোৎ কুমার মহান্তি, শ্রীদেবপ্রসাদ সরকার, শ্রীকিরণময় নন্দ ও শ্রীধীরেন্দ্রনাথ সরকার—এদের প্রত্যেকের কাছ থেকে একটি করে মুলতুবী প্রস্তাবের নোটিশ পেয়েছি।

প্রথম নোটিশে শ্রী ওঝা ফসল কাটার বিবাদে সরকারী নীতি সম্পর্কে আলোচনার জন্য মুলতুবী প্রস্তাব দিয়েছেন। নোটিসে জরুরী প্রকৃতির নির্দিষ্ট কোন সাম্প্রতিক ঘটনার উল্লেখ নেই। কেবলমাত্র সরকারী নীতি মুলতুবী প্রস্তাবের বিষয়বস্তু হতে পারে না। অতএব এই নোটিসটি মুলতুবী প্রস্তাবের অনুপযোগী।

দ্বিতীয় নোটিসে শ্রীপ্রদ্যোৎ কুমার মহান্তি আইন শৃঙ্খলার অবনতি ও সি. পি. আই. (এম) কর্মীদের দ্বারা ভীতিপ্রদর্শন ও সন্ত্রাস সৃষ্টির অভিযোগ

করে এই বিষয়ে আলোচনা করতে চেয়েছেন। এই নোটিসেও সাম্প্রতিক ও জরুরী প্রকৃতির সুনির্দিষ্ট কোন ঘটনার উল্লেখ নেই।

তৃতীয় নোটিসে শ্রীদেবপ্রসাদ সরকার পুলিসী অত্যাচার ও সন্ত্রাস সংক্রান্ত বিভিন্ন ঘটনার উল্লেখ করে এ বিষয়ে আলোচনার দাবী করেছেন। প্রসঙ্গত উল্লেখযোগ্য যে মুলতুবী প্রস্তাবের নোটিসে বিভিন্ন ঘটনার উল্লেখ করে ব্যাপক ধরণের কোন বিষয় আনা যায় না।

চতুর্থ নোটিসে শ্রীকিরণময় নন্দ গ্রামাঞ্চলে আইন শৃঙ্খলার অবনতি ও বিরোধী দলের সদস্যদের নিরাপত্তার অভাব বিষয়ে আলোচনার জন্য আজকের সভা মুলতুবী রাখতে চেয়েছেন। এরূপ সাধারণ আইন শৃঙ্খলা সম্পর্কিত বিষয়ের উপর আলোচনা মুলতুবী প্রস্তাবের মাধ্যমে করা যায় না।

পঞ্চম নোটিসে শ্রীধীরেন্দ্রনাথ সরকার পশ্চিমবঙ্গে দলবাজি, সরকারী ক্ষমতার অপব্যবহার, দুর্নীতি ও স্বজন পোষণের ওপর তদন্ত কমিশন গঠনের দাবী ইত্যাদির আলোচনার জন্য আজকের সভার কাজ মুলতুবী রাখার প্রস্তাব দিয়েছেন। বিষয়টি ইতিপূর্বেই এই অধিবেশনেই বন্যা পরিস্থিতির উপর আলোচনার সময়ে উত্থাপিত হয়েছে। সুতরাং এই বিষয়ে আর কোন মুলতুবী প্রস্তাব আনা যেতে পারে না।

সুতরাং আমি উপরোক্ত সব কটি মুলতুবী প্রস্তাবের নোটিসেরই আমার অসম্মতি জ্ঞাপন করছি।

এখন আমি শ্রীজন্মেজয় ওঝাকে তার মুলতুবী প্রস্তাবটুকু পড়তে অনুরোধ করছি।

**শ্রীজন্মেজয় ওঝা:** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবী রাখছেন। বিষয়টি হ'ল—ফসল কাটার বিবাদে সরকারী নীতি ঘোষণা। বর্ত্তমান মরশুমে ফসল কাটার সরকারী নীতি সম্পর্কে ইতিপূর্বে সংবাদ প্রচারিত হইয়াছিল যে বিরোধ, মারামারী এমনকি মামলা মোকদ্দমা হইলেও পুলিশ ভূমি রাজস্ব বিভাগের কর্মচারী এবং পঞ্চায়েত সমিতি বা ভূমি উপদেষ্টা কমিটির পরামর্শ অনুসারে ব্যবস্থা লইবেন। গতকাল জেলা ম্যাজিস্ট্রেট ও পুলিশ সুপারদের সভায় মাননীয় মুখ্যমন্ত্রী এই কথা বলিয়াছেন বলিয়া সংবাদ প্রকাশিত হইয়াছে যে বিরোধী দলের লোকেরা জড়িত থাকিলে তাহাদের যেন শায়েস্তা করা হয়

এবং সরকারী দলের লোকেরা জড়িত থাকিলে যেন দলীয় কর্তাদের জানান হয়। এই সম্পর্কে বিভ্রান্তির সৃষ্টি হইয়াছে। সরকারী পক্ষ যেন প্রিভিলেজড্ শ্রেণী ও বিরোধী পক্ষ যেন বঞ্চিত শ্রেণীতে পরিণত হইয়াছে। ফসল কাটার বিবাদ সম্পর্কে সরকারী নীতি ঘোষণা ও [illegible] জন্য অদ্যকার সভা এক ঘণ্টার জন্য মুলতুবী রাখা হউক।

### উল্লেখ

শ্রী [illegible]নাথ সরকার: পশ্চিমবঙ্গে বন্যাত্রাণে দলবাজি, সরকারী ক্ষমতার অপব্যবহার, দুর্নীতি ও স্বজন পোষণের উপর তদন্ত কমিশন গঠন।

### সংক্ষিপ্ত বিবরণ

মাননীয় অধ্যক্ষ মহোদয়, পশ্চিমবঙ্গের সাম্প্রতিক বন্যা ও সরকারী ত্রাণকার্য্য সমগ্র রাজ্যে এক নজির বিহীন বিতর্কের সূত্রপাত করেছে। গত তিন দিন ধরে যে বিতর্ক এই বিধানসভাকে উত্তপ্ত করেছে, উত্তপ্ত করেছে রাজ্যের জনসাধারণকে। তিনদিন ব্যাপী এই বিতর্কে বিরোধী পক্ষের সদস্যরা একের পর এক দলবাজি সরকারী ক্ষমতার অপব্যবহার দুর্নীতি ও স্বজন পোষণের অভিযোগ এনেছেন। গুরুতর যে অভিযোগ আর. এস. পি.-র দেবশরণ ঘোষ সহ বিভিন্ন বক্তা নির্দিষ্টভাবে সভায় উল্লেখ করেছেন। সভার মাধ্যমে তা জনসাধারণের উপর গভীরভাবে ছায়াপাত করেছে। কোটি কোটি টাকার ত্রাণ সামগ্রী ব্যয়ের সুস্পষ্ট কোন হিসাব না থাকায় সে অভিযোগ আজ সারা রাজ্যের জনমানসে সন্দেহের জাল বিস্তার করেছে। সরকার পক্ষ হতে তা দৃঢ়ভাবে অস্বীকার করা হলেও সারা রাজ্যের জনসাধারণ তা অস্বীকার করতে রাজী নয়।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, এমতাবস্থায় বন্যাত্রাণে দলবাজি, সরকারী ক্ষমতার অপব্যবহার, দুর্নীতি ও স্বজন পোষণের উপর একটি নিরপেক্ষ পূর্ণাঙ্গ তদন্ত কমিশন গঠন করার জন্য এই সভার কাজ মুলতুবী রেখে আলোচনা করা হোক।

**শ্রীদেবপ্রসাদ সরকার:**

### প্রস্তাব

জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাততঃ তাঁর কাজ মুলতুবী রাখছেন। বিষয়টি হ'ল—[illegible] চক শ্রমিকদের উপর পুলিশী আক্রমণ।

## সংক্ষিপ্ত বিবরণ

বাম মুখোসের আড়ালে এই রাজ্যের শ্রমিক চাষী, ছাত্র ও সাধারণ মানুষের ওপর "বামফ্রন্ট" সরকারের ক্রমবর্ধমান পুলিশী সন্ত্রাস ও অত্যাচারে আমরা খুবই উদ্বিগ্ন। একের পর এক ঘটনা আমাদের এই উদ্বেগকে ঘণীভুত করে তুলেছে। গতকাল ধর্মঘটরত ডক শ্রমিকদের উপর পুলিশী আক্রমণ, কিছুদিন আগে সাঁওতালডিহির বিদ্যুৎ শ্রমিকদের উপর অকথ্য পুলিশী অত্যাচার, মেডিকেল ছাত্রদের উপর বার বার পুলিশী আক্রমণ, মরিচঝাঁপির নিরস্ত্র অসহায় উদ্বাস্তুদের পুলিশ দিয়ে পিটিয়ে ঠাণ্ডা করা এমনকি বন্যা কবলিত ক্ষুধার্ত অসহায় মানুষকে কুকুরের মত গুলি করে হত্যা করা প্রভৃতি একের পর এক ঘটনা তার জ্বলন্ত ও নির্লজ্জ দৃষ্টান্ত। মুখে শ্রমিক চাষীর স্বার্থের কথা বললেও একের পর এক জনস্বার্থ বিরোধী নীতি অনুসরণের জন্য এই সরকার যত জনগণ থেকে বিচ্ছিন্ন হয়ে পড়ছে ততই তার পুলিশী অত্যাচার এবং পুলিশী নির্ভরতাও বেড়ে চলেছে। তাই আজকের সংবাদ থেকে জানা যাচ্ছে যে এই সরকার বিধানসভা ও মহাকরণের চারপাশে ১৪৪ ধারার এলাকা আরও বাড়ালেন। বিগত যুক্তফ্রন্ট আমলে আমরা যেখানে দেখেছিলাম এইসব ১৪৪ ধারা শিথিল করা হয়েছিল বর্তমান বামফ্রন্ট সরকার তাকে আরও জোরদার করার ব্যবস্থা করছেন। এই সমস্ত ঘটনা প্রত্যক্ষ করে এবং রাজ্যের শ্রমিক চাষী মেহনতী মানুষের উপর এবং গণ আন্দোলনের উপর ক্রমবর্ধমান পুলিশী সন্ত্রাসজনিত জরুরী সমস্যার উপর আলোচনার জন্য সভার কাজ মুলতুবী রাখার প্রস্তাব করছি।

[ 1-40—1-50 P. M. ]

**মিঃ স্পীকার ঃ** আমি নিম্নলিখিত বিষয়ের উপর দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি যথা ঃ—

১। কাঁথি ন্যাশনাল ফাইলেরিয়া কনট্রোল প্রোগ্রাম ইউনিট-এ অচলাবস্থা শ্রীদেবেন্দ্র নাথ সরকার।

2. Alleged atrocities by police and C.P.I (M) at Kanthalberia village in the Basanti Police Station—Shri Md. Sohorab and Shri Naba Kumar Roy.

3. Scarcity of Kendu leaves—Shri Sumanta Kumar Hira.

আমি Alleged atrocities by police and C.P.I. (M) at Kanthalberia village in the Basanti Police Station—শ্রীমহম্মদ সোরাব এবং শ্রীনবকুমার রায় কর্তৃক আনীত নোটিশ মনোনীত করেছি।

সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়, যদি সম্ভব হয়, ঐ বিষয়ের উপর একটি বিবৃতি দিতে পারেন অথবা বিবৃতি দেবার জন্য একটি দিন দিতে পারেন।

**ডঃ কানাই লাল ভট্টাচার্য্য ঃ** আগামী কাল।

**মিঃ স্পীকার ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয়কে সিমেন্ট বিতরণের ব্যবস্থা সম্পর্কে একটি বিবৃতি দিতে অনুরোধ জানাচ্ছি। (শ্রীননী কর, ২১-এ নভেম্বর ১৯৭৮ তারিখে উক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেন)

**শ্রীসুধীন কুমার ঃ** গত ১লা অক্টোবর থেকে পশ্চিমবঙ্গ সরকারের পক্ষে অত্যাবশ্যক পণ্য করপোরেশন পশ্চিমবঙ্গ-এ সিমেন্ট বন্টনের দায়িত্ব নিয়েছে। এই সিমেন্ট বরাদ্দ ও বন্টনের নিয়ম নিম্নলিখিত রূপ ঃ—

১। প্রতি তিন মাসের জন্য কেন্দ্রীয় সরকার প্রতি রাজ্যের কোটা কোন কারখানা থেকে বা আমদানী মাল থেকে কত পাওয়া যাবে তার নির্দেশ দেন।

২। সেই বরাদ্দর ভাগীদার রাজ্য সরকারী বিভাগসমূহ, আধা-সরকারী সংস্থা ও অত্যাবশ্যক প্রয়োজনীয় সংস্থা এবং অসাধারণের ব্যক্তিগত প্রয়োজন।

৩। যেহেতু সকলের স্বার্থে কাজ করেন সেইজন্য সরকারী বিভাগগুলির দাবী সর্বাগ্রগণ্য। তাঁদের প্রয়োজনের হিসাব পাবার পর সমস্ত বিভাগের কর্তৃপক্ষের বৈঠকে পরামর্শ করে প্রত্যেক সরকারী বিভাগের কোটা স্থির হয়। এবং সিমেন্ট কন্ট্রোলারের নির্দেশ মত বিভিন্ন কারখানায় তাঁদের চাহিদা পেশ করেন এবং অত্যাবশ্যক পণ্য সংস্থাকে জানিয়ে দেন। অত্যাবশ্যক পণ্য সংস্থা সেই চাহিদা সরবরাহের তদ্বির তদারক করেন যাতে বিভিন্ন বিভাগ তাঁদের বরাদ্দ পান। বলাবাহুল্য প্রয়োজন অনুসারে এদের মধ্যেও অগ্রাধিকার স্বীকৃত।

৪। তারপর আসে আধা-সরকারী সংস্থাগুলির প্রয়োজন—যা সামগ্রিক কোটার পরিমাণে ভাগ দেয় অত্যাবশ্যক পণ্য সংস্থা। এঁরা অত্যাবশ্যক পণ্য সংস্থাকে মূল্য জমা দিয়ে নিজেদের প্রাপ্য পাবেন।

৫। যাঁরা দশ টন বা তার বেশি চাইবেন তাঁরা যদি শিল্পসংস্থা হন তাহলে সংশ্লিষ্ট দপ্তর বা সংস্থার সুপারিশ নিয়ে অত্যাবশ্যক পণ্য সংস্থার কাছে দরখাস্ত করবেন। এক

বা একাধিক কিস্তিতে সরবরাহ সাপেক্ষে তাঁদের সরবরাহ করা হবে। নিকটস্থ ষ্টেশন, বন্দর বা ডাম্প বা ডিপো থেকে। অবশ্যই পারমিট পেলে সিমেন্টের দাম জমা দিতে হবে অগ্রিম।

৬। যাঁরা ১০ টন বা বেশি বাড়ি তৈরীর জন্য চাইবেন তাঁদের বাড়ির অনুমোদিত প্ল্যানের কপি, সিমেন্ট খরচের হিসাব, মাসওয়ারী প্রয়োজন উল্লেখ করে নিজ জেলার নিকটস্থ এস. সি. এফ. এণ্ড এস.-এর নিকট জমা দেবেন। তাঁদের অনুসন্ধান ও রিপোর্ট জেলা শাসক মারফৎ অত্যাবশ্যক পণ্য সংস্থার কাছে আসবে। এবং তারা সম্ভাব্য পারমিট (এ্যালটমেন্ট অর্ডার) এক বা একাধিক কিস্তিতে সরবরাহ করবে। অবশ্যই এ্যালটমেন্ট পেলে দাম অগ্রিম জমা দিতে হবে। টাকা জমা দিলে অত্যাবশ্যক পণ্য সংস্থা নিকটস্থ সরবরাহ কেন্দ্রের উপর ডেলিভারী অর্ডার দেবে এবং প্রার্থীরা সেখান থেকে সিমেন্ট পাবেন। কলকতা মিউনিসিপ্যাল এলাকার দরখাস্ত অত্যাবশ্যক পণ্য সংস্থার অফিসে দেবেন। এই গ্রাহকরা খোলা বাজারে কিনতে পারবেন না।

৭। যাঁরা এক টনের বেশি ও দশ টনের কম চাইবেন তারাও এস. সি. এফ. এণ্ড এস.-এর কাছে প্ল্যান ও সিমেন্ট খরচের হিসাব, মাসওয়ারী প্রয়োজন জানিয়ে দরখাস্ত করবেন। অনুসন্ধান করে জেলা ম্যাজিস্ট্রেট পারমিট দেবেন স্থানীয় ডিলারদের সংরক্ষিত কোটার উপর। দাম দিয়ে কিনে নিতে হবে। কলকাতা মিউনিসিপ্যাল এলাকার দরখাস্ত খাদ্য দপ্তরে ডি. সি. জির নিকট দেবেন।

৮। যারা ১টন পর্যন্ত চাইবেন, তাঁরাও উক্ত প্রকার দরখাস্ত করবেন। স্থানীয় এস.সি. এফ. এণ্ড এস. এর কাছে প্রয়োজনের বিবরণ দিয়ে। জেলা শাসক ডিলারদের সংরক্ষিত ভাগ থেকে পারমিট দেবেন। কলকাতা মিউনিসিপ্যাল এলাকার দরখাস্ত খাদ্য দপ্তরে ডি. সি. জির কাছে করবেন।

৯। যেখানেই দরখাস্ত করা হোক ক্রমিক নম্বর সহ রসিদ পাবেন। এবং পারমিট তৈরী হলে এবং সরবরাহ পাবার মত অবস্থা হওয়া মাত্র আবেদনকারীকে পোষ্ট কার্ড-এ জানান হবে।

১০। এক থেকে নয় টন পর্যন্ত দরখাস্তকারী নির্ধারিত দামে খোলা বাজারে ডিলারদের কাছে কিনতে পারেন। না পেলে ডিলারদের কাছে সিমেন্ট নেই লিখিয়ে নেবেন এবং দরখাস্তের সঙ্গে সেটাও জমা দেবেন।

১১। মোট নিয়ম হলো ডিলাররা নির্ধারিত দামে বিক্রীর জন্য কোটা পাবেন। প্রত্যেক ডিলারের কোটা থেকে চার ভাগের এক ভাগ পারমিটধারীদের জন্য সংরক্ষিত থাকবে সিমেন্ট পাবার পর ৩০ দিন পর্যন্ত।

১২। প্রতি জেলায় ডিলার সুপারিশ করার অধিকার জেলা শাসকের, নূতন বা পুরান। অভিযোগ পেলে ডিলারশিপ খারিজ করার সুপারিশও জেলা শাসকের। কেবল সি. এম. ডি. এ. এলাকায় বর্তমানে ডি. সি. জি. এই কাজ করছেন একটি কমিটির মারফৎ। অত্যাবশ্যক পণ্য সংস্থা উপরোক্ত সমস্ত সরকারী সুপারিশ সম্পূর্ণ গ্রহণ করবে।

১৩। গত একবছরে জেলার আমদানীর গড় হিসাবে জেলার প্রাপ্য কোটা স্থির করা হয়। জেলার কোটা সমস্ত ডিলারদের ভিতর সমান ভাগে ভাগ করে দেওয়া হয়।

১৪। প্রত্যেক ডিলারকে আয়কর ও বিক্রয়কর ছাড়পত্র দেখিয়ে ৫০০০ ( পাঁচ হাজার টাকা ) টাকা জমা দিয়ে অত্যাবশ্যক পণ্য সংস্থার ডিলার হতে হয়। এই জমা টাকার উপর বর্তমান ব্যাঙ্ক রেট হারে সুদ দেওয়া হবে। কোটা বরাদ্দ হলে কোটা মাফিক টাকা জমা দিতে হয়। বর্তমানে কমপক্ষে এককালীন এক ট্রাকের বা এক ওয়াগণের দাম জমা দেবার নির্দেশ আছে।

১৫। সিমেন্টের রেল ষ্টেশন, পর্যন্ত নির্দিষ্ট দাম বাঁধা আছে। সেটা বর্তমানে ৩৬৮ টাকা ৮৭ পয়সা। তার সঙ্গে প্রত্যেক এলাকার জন্য বিভিন্ন খাতে আন্তঃরাজ্য বিক্রয় কর, স্থানীয় বিক্রয় কর, অকট্রয়, গাড়িভাড়া, ডাম্প বা ডিপো খরচা অত্যাবশ্যক পণ্যসংস্থার খরচা যোগ করে বিভিন্ন স্থানে ক্রেতার দেয় দাম ঠিক করতে হয় জেলা শাসকের হুকুমে জেলার এস. সি. এফ. এণ্ড এস.-এর। এই সঙ্গে জানা প্রয়োজন জাহাজ, রেল বা ট্রাকে মাল আনার জন্য দামও—কেন্দ্রীয় সরকারের ছক অনুযায়ী। এরফলে একই দোকানে বিভিন্ন সময়ে সিমেন্টের দাম ভিন্ন হতে পারে।

১৬। এই অবস্থা অত্যন্ত বিভ্রান্তিকর। সেইজন্য সারা পশ্চিমবাংলায় সর্বত্র সিমেন্টের এক দাম স্থির করার অনুমতি চাওয়া হচ্ছে কেন্দ্রীয় সরকারের কাছে।

১৭। আপনাদের জানান দরকার চাহিদা জোগান দেওয়া সম্পর্কে .কড়াক ড়র মূল কারণ বন্যাজনিত পরিস্থিতি—যে জন্য প্রথম সিমেন্টবাহী মালগাড়ী পূর্ব রেলপথে

পশ্চিমবঙ্গে প্রবেশ করছে ১৪ই অক্টোবর। রেলে সরবরাহ-এর বিধি থাকা সত্বেও বিহার ও দুর্গাপুর থেকে ট্রাকে সিমেন্ট বহন চলছে। দক্ষিণ পূর্ব রেল বিরাট ভাঙনের জন্য এখনও পুরো দমে কাজ করতে পারছে না। পূর্ব রেলের উপর বিরাট খাদ্য আমদানীর দায় রয়েছে। ফরাক্কায় মালগাড়ী চলাচল সীমাবদ্ধ। শ্রমবিরোধে বিশাখাপত্তনমে রেলের শ্লথ গতি। শ্রমবিরোধের ফলে কলকাতা বন্দরের বাইরে সিমেন্ট ভর্তি জাহাজ দাঁড়িয়ে। ১১টি কারখানার প্রত্যেকটিতে দেয় অগ্রিম টাকা দিয়েও সিমেন্ট সরবরাহে গাফিলতি লক্ষ্য করা যাচ্ছে। উক্ত ১১টি কারখানার ২টি ভারতের দক্ষিণতম প্রান্তের বন্দরে টিউটোকোরিনে অবস্থিত।

১৮। কিছু আভ্যন্তরীণ ব্যবস্থাতে বন্যার প্রতিক্রিয়া বাধা হয়েছে। বন্যা শুরু হওয়ার ৪ দিন মাত্র আগে আমাদের নিয়ন্ত্রণ ব্যবস্থা কেন্দ্রের দ্বারা গৃহীত হয়েছে। এবং বরাদ্দর হিসাব পাওয়া গেছে বন্যার ৫ দিন পূর্বে। তারপর পথ ঘাটে রেল যোগাযোগ ব্যবস্থা কি ভয়ানক বিপর্যস্ত হয়েছে আপনারা জানেন। বন্যা না হলে যা সম্ভব ছিল এখন বন্যার পর তা সম্ভব হয়নি। এবং বন্যার ফল আজও বর্তমান আছে।

১৯। সকল বাধা ত্রুটি সত্বেও আমরা ভারতের বৃহত্তম 'কারটেল' সিমেন্ট প্রস্তুত-কারকদের কাছে হার মানতে প্রস্তুত নয়। এবং বর্তমান সঙ্কট পরিস্থিতির উন্নতি অবশ্যম্ভাবী।

২০। আমাদের রাজ্যে সর্বস্তরে জনপ্রতিনিধিরা আছেন। আমরা জানি তাঁরা সর্বস্তরে তীক্ষ্ণ দৃষ্টি রাখবেন—প্রয়োজনে পরামর্শ দেবেন এবং সকলে মিলে সিমেন্ট সংকটের মোকাবিলা করবেন।

**মিঃ স্পীকারঃ** এখন খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়কে কয়লার সংকট সম্পর্কে একটি বিবৃতি দিতে অনুরোধ জানাচ্ছি। শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ২২শে নভেম্বর তারিখে উক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেন।

**শ্রীসুধীন কুমারঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস এম. এল. এ. কর্তৃক আনীত দৃষ্টি আকর্ষণী প্রস্তাবের জবাবে আমি বলতে চাই যে—কেবলমাত্র পোড়া কয়লাই ( Soft Coke ) খাদ্য সরবরাহ বিভাগের এক্তিয়ারভুক্ত। কাঁচা কয়লা ( Raw Coal ) নয়। এই পোড়া কয়লা আমরা পাই ভারত সরকারের সংস্থা কোল ইণ্ডিয়া থেকে।

[ 1-50—2-00 P.M. ]

পশ্চিমবাংলার প্রতি মাসে আমাদের দরকার কমপক্ষে ১,৫০,০০০ মেঃ টন। কয়লা ন্যায্য দামে একমাত্র কোল ইণ্ডিয়ার কাছেই পেতে পারি। কোল ইণ্ডিয়াই প্রতি মাসে কত দেবেন নিজেরা স্থির করেন। প্রয়োজনের সঙ্গে তার কোন সম্পর্ক নেই। এই বছরেই মার্চ এবং এপ্রিল মাসে কোল ইণ্ডিয়া ১,৪৫,০০০ এবং ১,৪১,০০০ মেঃ টন সরবরাহের প্রতিশ্রুতি দিয়ে প্রকারান্তরে আমাদের এই চাহিদার ন্যায্যতা স্বীকার করেছেন। কিন্তু গত জুলাই মাস থেকে কোল ইণ্ডিয়া কয়লা সরবরাহের প্রতিশ্রুতি কমিয়ে যাচ্ছেন। এবং সেই প্রতিশ্রুতিও তাঁরা রক্ষা করেননি বলে কয়লার ঘাটতি ক্রমাগত বেড়েছে। গত জানুয়ারী মাস থেকে অক্টোবর মাস পর্যন্ত প্রতি মাসে তাঁদের সরবরাহের প্রতিশ্রুতি, প্রকৃত সরবরাহের পরিমাণ ও ঘাটতির পরিমাণের একটি হিসেব এই সঙ্গে দেওয়া হোল। এর মধ্যে অক্টোবরের পোড়া কয়লার সঙ্গে Natural Soft Coke, কাঁচা কয়লা ও Pelletised Coal ও নভেম্বর মাসে অনুরূপ অব্যবহার্য্য কয়লা দেবার প্রতিশ্রুতি দিয়ে তাঁরা কৃত্রিমভাবে সামগ্রিক প্রতিশ্রুতির অঙ্ক বাড়িয়ে দিয়েছেন। প্রকৃত সরবরাহ এইসব প্রতিশ্রুতি সরবরাহের তুলনায় ধারাবাহিকভাবে কম।

কোল ইণ্ডিয়ার হাওড়া জেলা এবং কোলকাতার কিছু অংশে কয়লা সরবরাহ করার জন্য একটি এবং শিলিগুড়ি ও দার্জিলিং অঞ্চলে সরবরাহের জন্য আর একটি ডাম্প আছে। এই ডাম্পগুলিতে তাঁরা পর্যাপ্ত কয়লা আনতে ব্যর্থ হয়েছেন। এছাড়া কয়লা খনির কিছু অসাধু কর্মচারী স্ত্রী সেলে ষ্টীম কোল ভাঁটাওয়ালাদের বিক্রি করে দেয়। ভাঁটাওয়ালারা সেই কয়লা পুড়িয়ে অনেক বেশী দামে ডিলারদের কাছে বিক্রি করে। এটা কয়লার কালো বাজার। তাছাড়া কিছু গুণ্ডা শ্রেণীর স্থানীয় লোক ডিলারদের হয়রাণী করে ও তাদের কাছ থেকে অন্যায় ভাবে অর্থ আদায় করে। যেহেতু কয়লার উৎপাদন ও রাজ্যগুলিতে বন্টনের পুরো দায়িত্ব কেন্দ্রীয় সরকার এবং কোল ইণ্ডিয়ার সেহেতু এদের উপরেই এই রাজ্যকে সম্পূর্ণ নির্ভর করতে হচ্ছে। সরবরাহ ব্যবস্থা দ্রুত স্বাভাবিক করার জন্য রাজ্য সরকার, কেন্দ্রীয় সরকার ও কোল ইণ্ডিয়া কর্তৃপক্ষের সঙ্গে নিত্য আলাপ আলোচনা চালাচ্ছেন। তাছাড়া নানা প্রকার হয়রাণী ও জুলুমবাজী বন্ধ করার জন্য রাজ্য সরকার কতকগুলি ব্যবস্থা গ্রহণ করেছেন। যেমন, আসানসোলে একটি অফিস খুলে যাতে নির্দিষ্ট কয়লা খনি থেকে

প্রতিশ্রুতি মত কয়লা পাওয়া যায় তা দেখা, কোলকাতা ও জেলাগুলি থেকে যে সমস্ত ডিলাররা কয়লা আনতে যান তাদের প্রতি লক্ষ্য রাখা এবং কে কত কয়লা তাদের নিজ নিজ ব্যবসা কেন্দ্রে নিয়ে যাচ্ছেন তার প্রতি দৃষ্টি রাখা। এছাড়া যাতে অসাধু ব্যবসায়ীরা কয়লা খনির কাছে বা পথি মধ্যে বেশী দামে কয়লা বিক্রি করে দিতে না পারেন ও রাজ্যের জন্য নির্দিষ্ট কয়লা রাজ্যেই আসে তার প্রতিও দৃষ্টি রাখা হচ্ছে। এ রাজ্যের নির্দিষ্ট কয়লাও যাতে বাইরে পাচার না হয়ে যায় তার জন্য পাহারা বসানো হয়েছে।

এছাড়া পশ্চিমবঙ্গের জন্য নির্দিষ্ট কয়লা খনিগুলির বাইরের খনিগুলি থেকেও কয়লা সরবরাহ করার জন্য কেন্দ্রীয় সরকারকে বলা হচ্ছে। কয়লার কালো বাজারী বন্ধ করার জন্য কঠিন ব্যবস্থা গ্রহণের অধিকার কেন্দ্রীয় সরকারের কাছে চাওয়া হয়েছে।

**Offerings, arrivals and shortfall of soft coke from January 1978 to November 1978.**

(Figures in M/T)

| Month | Offerings | Arrivals | Short-fall |
|---|---|---|---|
| January, 1978. | No. offerings due to backlog | 1,00,500 | — |
| February | 99,000 | 98,000 | 1,000 |
| March | 1,40,000 | 1,01,000 | 39,000 |
| April | 1,41,000 | 91,000 | 50,000 |
| May | 1,17,000 | 72,000 | 45,000 |
| June | 1,03,000 | 56,700 | 46,250 |
| July | 96,000 | 64,250 | 31,750 |
| August | 92,000 | 59,250 | 32,750 |
| September | 85,000 | 45,000 | 40,000 |
| October | 89,000 | 52,000 | 37,000 |
| November | 1,14,000 | (under compilation). | |

**Break-up of offer of October, 1978.**

| | | | | |
|---|---|---|---|---|
| (1) | Soft Coke | — | 35,000 M. T. | 6,000 M. T. |
| (2) | Natural Soft Coke | — | 20,000 M. T. | × |
| (3) | Raw Coal | — | 20,000 M. T. | × |
| (4) | Pelletised Coal | — | 8,000 M. T. | × |
| | | | 83,000 M. T. | 6,000 M. T. |
| | | | Total 89,000 M. T. | |

[2-00—2-10 P.M.]

**শ্রীসৈয়দ মোরাজ্জাম হোসেন:** মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমার এলাকায় ডেবরা থানায় প্রাক্তন বিধান সভার সদস্য শ্রীরবীন বেরা ক্ষেত মজুরদের ন্যূনতম মজুরী দেবার বিরোধীতা করছেন। তিনি নিজে মজুরী তো দেননি আবার অন্যরা যাতে না দেয় তারজন্য প্ররোচনা দিচ্ছেন। যার ফলে স্যার তার নিজের অনেক জমি পতিত হয়ে পড়ে আছে এবং যে জমিতে চাষ হয়েছে সেখানে ও নূ্যনতম মজুরী দিচ্ছেন না এবং বিহার থেকে এবং বিভিন্ন ভাবে লোক জন নিয়ে এসে ন্যূনতম মজুরী দেওয়ার বিরুদ্ধে প্রতিবাদ করছেন যারা ন্যূনতম মজুরী দিতে রাজী হচ্ছেন তাদের স্যার, বিভিন্ন ভাবে থ্রেটনিং দিচ্ছেন।

**মিঃ স্পীকার:** আপনি পারসোনাল এ্যালিগেশান দিতে পারেন না মেনশানের সময়। আর যিনি এই সভার সদস্য নয়।

**শ্রীসৈয়দ মোরাজ্জাম হোসেন:** স্যার, তিনি এই বিধান সভার প্রাক্তন সদস্য। আমি তার রাজনীতির কথাই বলছি। তিনি ঐ এলাকার লোকদের মধ্যে অশান্তির সৃষ্টি করছেন। সেই কথাই বলছি।

**শ্রীমহাদেব মুখার্জী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হল এই যে পূর্বতঃ কলিকাতা থেকে রাঁচি যাবার একটি মাত্র রেল রাস্তা ছিল পুরুলিয়া হয়ে ছোট লাইন দিয়ে রাঁচী। কয়েক বৎসর পূর্বে ঐ ছোট লাইনটি বদলে কোটশিলা থেকে রাঁচী বড়লাইন করা হয় এবং পুরুলিয়া থেকে কোটশিলা মাত্র ৩০ কিঃ মিঃ ছোট লাইন থেকে গেছে। বর্ত্তমানে চন্দ্রপুরা হয়ে কোটশিলা দিয়ে রাঁচী যেতে হয় এবং ফলে প্রায় ৬০ / ৭০ কিঃ মিঃ রাস্তা বেশী পড়ছে। অন্য যে রাস্তা আছে তা কণ্ডামুণ্ডা ও মুরি হয়ে সে রাস্তাও তার চেয়ে বেশী দূর পড়ে। অথচ পুরুলিয়ার মানুষ বহুদিন থেকে দাবী করে আসছেন যে কলিকাতা থেকে অন্তত একটি এক্সপ্রেস ট্রেন চালানো হউক। এই ৩০ কিঃ মিঃ রাস্তা যদি বড় লাইন করা হয় তাহলে মাল পরিবহন—যথা কয়লা ইত্যাদি খরচ অনেক কম হবে এবং বোকারো মায়াফুরি প্রভৃতি শিল্প

কেন্দ্রের সঙ্গে অতি সহজ যোগাযোগ সৃষ্টি হবে। এই ব্যাপার ইতিমধ্যে রাজ্যের চীফ সেক্রেটারী চেয়ারম্যান রেলওয়ে বোর্ডকে অনেকদিন পূর্বে চিঠি দিয়েছেন কিন্তু দুঃখের বিষয় শোনা যাচ্ছে যে কেন্দ্রীয় সরকার নাকি এই রেলপথ তুলে দিতে চাইছেন। যেহেতু ছোট লাইন বর্তমানে আছে সেহেতু এতে খরচও কম হবে। এই বিষয়টি বিশেষ গুরুত্বপূর্ণ এবং স্থানীয় জনসাধারণ এব এই দাবীর প্রতিকার না হলে এই ৩০ কিঃ মিঃ বড় লাইনে পরিণত করা না হলে তারা আন্দোলনে নামতে বাধ্য হবেন। জনসাধারণের আরও দাবী যে অবিলম্বে অন্ততঃ একটি এক্সপ্রেস ট্রেন সরাসরি কলিকাতার সঙ্গে যোগাযোগ-এর জন্য চালানো হউক। এখানে প্রকাশ যে হাওড়া থেকে মাত্র একটি প্যাসেঞ্জার ট্রেন পুরুলিয়া হয়ে যাতায়াত তাও বন্যার জন্য বন্ধ হয়ে আছে। সুতরাং আমি এই বিষয়টি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীধীরেন্দ্রনাথ সরকার:** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে সাম্প্রতিককালের একটা গুরুত্বপূর্ণ ঘটনার উল্লেখ করছি। ফসল কাটার মরশুম শুরু হয়েছে, আপনি স্যার, জানেন এই ফসল কাটার মরশুমে রাজ্যে কি অবস্থা চলেছে, সেটাই আমি আপনার মাধ্যমে সভাকে জানাতে চাই। সি. পি. এম. ফ্লাগ নিয়ে এদের লোকেরা জোর করে ন্যায্যবর্গাদার চাষীদের ধান নিয়ে যাচ্ছে। আজকে গ্রাম বাংলায় এই অবস্থা চলেছে। এটা আপনারা যতই চীৎকার করুন না কেন অস্বীকার করতে পারেন না। (নয়েজ) মেদিনীপুরে জেলার নারায়ণগড় থানার ২ নং অঞ্চলে শ্রীনারায়ণ চন্দ্র দাস, বলাই দে, বলাই নায়েক এই তিন জনের জমি এবং বেলদা থানার তরুয়া গ্রামের শ্রীঅসিত মজুমদারের ধান প্রায় চারশত সি. পি. এম. সমর্থকগণ জোর করে কেটে নিয়ে গেছে। এই হামলার ঘটনা দেখে জনসাধারণ প্রান্তিক চাষী ভীত ও সন্ত্রস্ত হয়ে পড়েছে। আমি তাই আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীকে এইসব ঘটনার যাতে পুনরাবৃত্তি না ঘটে তার জন্য দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীবিজন পাল:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে প্রশ্নটা আপনার সামনে রাখছি সেটা ল এণ্ড অর্ডার প্রব্লেম। আসানসোলে সমাজ বিরোধীদের স্বর্গ সৃষ্টি হয়েছে একথা বলা যেতে পারে। যদি ভাল অবস্থার হিসাব নিকাশ করা যায় তাহলে সেখানে এক ভয়াবহ অবস্থার সৃষ্টি হয়েছে এবং এই অবস্থা এত জটিল হয়েছে কারণ হচ্ছে এর পেছনে রয়েছে সেই পুরাণো কংগ্রেস (আই) দল। আমি তাই এই বিষয়ের প্রতি স্বরাষ্ট্র বিভাগের দৃষ্টি আকর্ষণ করছি

এবং বলছি যে অনতিবিলম্বে যদি উপযুক্ত ব্যবস্থা স্বরাষ্ট্র বিভাগ না করেন, সমাজ বিরোধী ওয়াগন ব্রেকারদের সায়েস্তা না করেন তাহলে এখানে আরও খুন খারাপি বাড়বে। সেজন্য বলছি যে স্বরাষ্ট্র বিভাগ এখানে একজন ডি. আই. জি. র‍্যাংকের অফিসার নিযুক্ত করুন। এখানে কয়লা খাতে লক্ষ লক্ষ কেন কোটি কোটি টাকার কারবার হয়, সেখানে সমাজ বিরোধীদের কার্য্যকলাপ বন্ধ করার জন্য আমি স্বরাষ্ট্র বিভাগের কাছে আবেদন করছি এবং বলছি যে যত তাড়াতাড়ি সম্ভব একজন ডি. আই. জি-র মত লোক সেখানে নিয়োগ করে সেখানে শান্তি ও শৃঙ্খলা ফিরিয়ে আনা হোক।

[ 2-10 P.M.—2-20 P.M. ]

**শ্রীমহাবাচ্চা মুন্সী ঃ** মাননীয় অধ্যক্ষ সাহেব, আমাদের পশ্চিম দিনাজপুরের চোপড়া থানায় আমার কেন্দ্রের মধ্যে ভ্যারসা নদীর বাঁধ এবং ভদ্রকালীর ওখানে দোলক্ষা নদীর বাঁধ ও চিতলঘাটা—এই বাঁধগুলোর ব্যাপারে আমরা আগে যা বলেছি তাছাড়া ১৯৭৭ সালেও বহু রকম গণ পিটিসান দিয়ে রেখেছি। আমাদের ওখানের ডিষ্ট্রিক্টের মন্ত্রী সাহেবের কাছেও পিটিসান এসে গিয়েছে। ১৯৭৭ সালে আমি সেখানে দেখাশোনা করলাম। কিছুদিন হচ্ছে চিতলঘাটার বাঁধ ভেঙ্গেছে। সেটা মেরামতের জন্য বলা হচ্ছে। এখানে একটা বিভৎস্য অবস্থা। এখানকার মেরামতের কাজ এবং অন্যান্য কাজ যাতে তাড়াতাড়ি সুরু হয় সেইজন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একজন ও. সি.-র কথা বলছি। তিনি হচ্ছে ভরতপুরের ও. সি.। তিনি সি. পি. এমে.-র অঞ্চল প্রধানকে এ্যারেষ্ট করার জন্য তার বদলি হয়েছে। একটা ঘটনা আপনাকে জানাচ্ছি। ভরতপুরের অঞ্চল প্রধান রিলিফের গুড়ো দুধ চুরি করে অফিসে রেখেছিল। সেই অবস্থায় অঞ্চলের সেক্রেটারীর কাছে সেটা ধরা পড়ে। একজন কংগ্রেস কর্মী সেটা ধরিয়ে দেন। কাজেই ভরতপুর থানায় ৪ নম্বর কেস ৩৭৯ ধারায় দায়ের হয়েছে। রাষ্ট্রমন্ত্রী আবদুল বারি মহাশয় ভরতপুর থানার ও. সি.-কে ডেকে সারকিট হাউসে ধমকে দেন, কেন সি. পি. এমে.-র বিরুদ্ধে কেস নেওয়া হয়েছে। তারপর তাকে বদলি করে দিলে লাইনে দেওয়া হয়েছে এবং আমার কাছে লিখিত অভিযোগ এসেছে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, জেলা কংগ্রের প্রেসিডেন্ট মহম্মদ আজিজুর রহমান সাহেব তিনি গিয়েছিলেন এই ব্যাপারে প্রতিবাদ করতে। কিন্তু দেখা গিয়েছে যেহেতু সি. পি. এমে.-র প্রধানের বিরুদ্ধে কেস হয়েছে সেইজন্য ওসির বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া

হয়েছে। এইটাই হল পরিচ্ছন্ন প্রশাসনের নমুনা এবং এইটার প্রতিবাদ করছি আমরা এবং মুখ্যমন্ত্রীকে বলছি এই ও. সি.-কে যেন প্রমোশন দেওয়া হয় বদলি করার পরিবর্তে।

**শ্রীসন্দীপ দাস:** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটা জরুরী বিষয়ের উপর। সেটা হচ্ছে যে আগামী ১লা ডিসেম্বর থেকে এম. টি. পি. কাজের জন্য ট্রাম লাইন ডাইভার্ট করা হচ্ছে এবং ৩০ নম্বর ট্রাম লাইন সম্পূর্ণভাবে বন্ধ করে দেওয়া হচ্ছে। কলকাতা পরিবহণ ব্যবস্থা এমনিতেই বেহাল, ভবানীপুর, কালীঘাট থেকে বাস-ট্রামে চড়া অত্যন্ত কঠিন ব্যাপার কাছাকাছি কোন বাস টারমিনাস নেই। গড়িয়া বা বেহালা থেকে যে বাসগুলো আসে ভবানীপুর বা কালীঘাটে কিছুতেই তাতে উঠতে পারা যায় না। বিশেষতঃ ভবানীপুরের হাজরার পরের অংশ থেকে চলাফেরা করা অত্যন্ত কষ্টকর। সেই অবস্থায় মাননীয় পরিবহনমন্ত্রীকে ওই এলাকার জনসাধারণের পক্ষ থেকে এই দাবী জানাচ্ছি অবিলম্বে এখানে কয়েকটা বাস টারমিনাস করুন। বকুলবাগানে একটা, পদ্মপুকুরে একটা, কালীঘাটে একটা বাস টারমিনাস করুন ডালহৌসি বা এসপ্ল্যানেডে আসার জন্য। প্রসঙ্গত স্মরণ করিয়ে দিতে চাই যে ওই এলাকায় আগে বাস টারমিনাস ছিল।

কালীঘাটের রিফিউজি মার্কেটের কাছে আগে বাস টারমিনাস ছিল। অতএব এখানে একটা বাস টারমিনাস হওয়ার যৌক্তিকতা রয়েছে। এই ৩০নং ট্রাম বন্ধ হয়ে গেলে ওখানকার লোকের ভীষণ অসুবিধা হবে। কারণ ৩০নং ট্রামটিই ছিল ওখানকার জনসাধারণের একমাত্র যাতায়াতের অবলম্বন। ওখানে যদি বাস টারমিনাস না করা হয় তাহলে ওখানকার জনসাধারণের চলাফেরা কঠিন হয়ে পড়বে।

**শ্রীনবকুমার রায়:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে বর্তমান সরকারের, বিশেষ করে মুখ্য মন্ত্রীর, দৃষ্টি আকর্ষণ করছি। গত ২ দিন যাবত ফ্লাড সিচুয়েসন সম্বন্ধে আলোচনাকালে আমাদের বিরোধী দলের নেতা ডাঃ আবেদিন সাহেব রিলিফের ব্যাপারে সংখ্যালঘুদের প্রতি কারচুপি করা হচ্ছে এই অভিযোগ করেছিলেন এবং তাতে সরকারের পক্ষের সদস্য এবং ট্রেজারী বেঞ্চের মাননীয় সদস্যগণ তাঁকে চ্যালেঞ্জ করেছিলেন। ডাঃ আবেদিন সাহেব এই চ্যালেঞ্জ এ্যাকসেপ্ট করে তদন্ত করার জন্য আহ্বান জানিয়েছিলেন এবং তিনিও চ্যালেঞ্জ করেছিলেন। যে এই কথা প্রমাণ না হলে তিনি বিধানসভা থেকে চলে যাবেন এই কথা বলেছিলেন। কিন্তু সরকার পক্ষের সদস্য এবং ট্রেজারী বেঞ্চের সদস্যগণ তাঁর সেই চ্যালেঞ্জ গ্রহণ করেন নি। আমার বক্তব্য হচ্ছে এই রিলিফের ব্যাপারে সংখ্যালঘু সম্প্রদায়ের প্রতি কারচুপি হচ্ছে।

গত অক্টোবর মাসে রিলিফের জন্য ওয়েষ্টবেঙ্গল মুসলিম রিলিফ কমিটি করা হোল মুসলিমদের মধ্যে রিলিফ ডিষ্ট্রিবিউসন করার জন্য। তাহলে যদি সংখ্যালঘুদের প্রতি রিলিফের ব্যাপারে কারচুপি না হবে আলাদা আবার ওদের জন্য রিলিফ কমিটি ফর্ম করার দরকার কি ছিল? কারণ নিশ্চয় তার দরকার ছিল আমি একটি ঘটনা বলি। বর্ধমান জেলায় এই কমিটি কম্বল ডিষ্ট্রিবিউট করেছে। সেখানে এক একটি কম্বল ৫০।৬০ টাকা দরে তারা কিনেছে? কিন্তু যে কম্বল বিলি করা হয়েছে তার দাম ১০।১১ টাকা। ঐ যে ওয়েষ্ট বেঙ্গল মাইনরিটি রিলিফ সোসাইটির যে মেম্বাররা রয়েছেন তাদের কাউকে জানানো হয় নি, একজন লোক এই কম্বল কিনেছে এবং বিলি করেছে। এই কমিটির চেয়ারম্যান হচ্ছেন শ্রীকলিমুদ্দিন সামস। আমার অনুরোধ হচ্ছে এই কম্বল কেলেঙ্কারী যে হোল সে সম্বন্ধে যেন একটা এনকোয়ারী করা হয়।

**শ্রীঅজয়কুমার দে:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তিনি অনেক সময় অভিযোগ করলে বলেন যে স্পেসিফিক অভিযোগ করুন। আমি একটি স্পেসিফিক অভিযোগ করছি। আমার আরামবাগ এলাকায় দিবেড়া গ্রাম মায়াপুর গ্রাম পঞ্চায়েত আছে। সেখানকার নির্বাচিত সদস্য—সি. পি. এম. সদস্য কিভাবে মাল বিলি করেছে সেই কথাই আমি জানাচ্ছি। ৩৬০টি লোকের টিপ সহি নেওয়া হয়েছে—কিন্তু কোন ইউনিট বা মালের পরিমাপ কিছুই নাই। কি কারণে এই ইউনিট লেখা হোল না, বা মালের পরিমাপ লেখা হোল না। এইটাই হোল কারচুপির একটা প্রমাণ। শুধু তাই নয় যারা এটা ধরে তাদের প্রতি সি. পি. এম. দলের ৪০০।৫০০ লোক মায়াপুর গ্রাম পঞ্চায়েত অফিসে এসে হামলা করে এই কাগজটি ফিরিয়ে নেবার জন্য এবং নানারকম ভীতি প্রদর্শন করে এবং সেখানে অন্য কোন পার্টির লোককে কাজ চালাতে দিচ্ছে না। তারা সাবডিভিসন্যাল অফিসারকে চিঠি দিয়ে এই ঘটনা জানিয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই কাগজ আপনার কাছে দিচ্ছি, আমনি যথাবিহিত ব্যবস্থা করুন। ( এই বলিয়া বক্তা স্পীকার মহোদয়ের কাছে সমস্ত নথিপত্র জমা দিলেন )

**শ্রীসুনীতি চট্টরাজ:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা একটা সিরিয়াস এ্যালিগেসন। আপনি এম. এল. এ.-দের নিয়ে একটা কমিটি করে এনকোয়ারী করান এবং তার রিপোর্ট এখানে সাবমিট করুন। আর ঐ বীরেনবাবুকে ঐ কমিটির চেয়ারম্যান করে দিন।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার সামনে একটি কথা বলতে চাই। মাননীয় সদস্য শ্রীঅজয় দে কথাটি বললেন—মাননীয় মুখ্যমন্ত্রী

আছেন, বিভাগীয় মন্ত্রীও আছেন, এটা নিয়ে একটা তদন্তের ব্যবস্থা করুন কয়েকজন মেম্বার নিয়ে। প্রত্যেক পার্টির একজন করে সভ্য নিয়ে এটা করলেই ব্যাপারটা পরিষ্কার হয়ে যায়।

[ 2-20 – 2-30 P.M. ]

**শ্রীসরল দেব :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে একটি ঘটনা উল্লেখ করছি। এটা খুব দুঃখজনক ঘটনা। শ্রীমন্ত্রী এখানে নেই। পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার বলেছেন যে গণতান্ত্রিক আন্দোলনে পুলিশ ব্যবহার করা হবে না। একবালপুর থানার অধীন স্পনসার এণ্ড কোম্পানী আছে। সেখানে ২০০ জন শ্রমিক চাকরি করেন। তার মধ্যে ৫৮ জন শ্রমিককে ছাঁটাই করল লাষ্ট কাম, ফার্স্ট গো বলে। আমুলের এজেন্সি নেই বলে ছাঁটাই করল। এ্যাপয়েন্টমেন্ট দেওয়ার সময় এইসব বলে দেওয়া হয়নি, অথচ লাষ্ট কাম, ফার্স্ট গো করলেন। তখন বিক্ষুব্ধ শ্রমিকরা কারখানার সামনে তাঁবু গেড়ে বসল। সেই সময় মালিকরা পুলিশের সহায়তায় শ্রমিকদের উপর লাঠি চার্জ করালো। ব্যাণ্ডেজ বাঁধা অবস্থায় টি. ইউ. সি. সি.-র সভাপতি কানাই ভট্টাচার্য্য, সম্পাদক প্রশান্ত দাশগুপ্তকে সঙ্গে নিয়ে মুখ্যমন্ত্রীর কাছে যান। মুখ্যমন্ত্রী পুলিশের কাছে জবাব চান। পুলিশ মালিকের দেওয়া বিবৃতি মুখ্যমন্ত্রীর কাছে পাঠিয়েছেন। টি. ইউ. সি. সি.-র ৫৮ জন শ্রমিক এখনো কারখানার বাহিরে আছেন। তাদের অবিলম্বে কাজে ফিরিয়ে নেবার জন্য আমি শ্রমমন্ত্রীর কাছে দাবী জানাচ্ছি। মুখ্যমন্ত্রী স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আমার দাবী অবিলম্বে ইকবালপুর থানার ও. সি. পুলিশ অফিসারকে বরখাস্ত করা হোক এবং আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি যে তিনি এই সম্পর্কে একটি বিবৃতি দিন।

**শ্রীজন্মেজয় ওঝা :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেন্দ্র পাটাশপুর থানার দুটি ব্লকে একটি মাত্র প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং দুটি উপস্বাস্থ্যকেন্দ্র আছে। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় কোনটাতেই মাসের অধিকাংশ দিনই ওষুধ থাকে না। প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে বেড আছে, বেডিং আছে, কিন্তু মশারী নেই। সেখানে মশার উপদ্রব ভীষণ বেড়েছে। দুটি উপস্বাস্থ্যকেন্দ্রেই ৬টি করে বেড মঞ্জুর হয়েছে, কিন্তু এখন পর্যন্ত বেড খোলা যায় নি, তার ফলে চিকিৎসার খুব অসুবিধা হচ্ছে।

**শ্রীহরিপদ জানা ( ভগবানপুর ) ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার ভগবানপুর কেন্দ্রে রিলিফ নিয়ে দলবাজী হচ্ছে সেই সম্পর্কে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে একটি আবেদন জানিয়েছিলাম এবং সেখানকার একটি অঞ্চলের অঞ্চলপ্রধান তপন কুমার ঘোড়ই, সি. পি. এম. গুণ্ডারা মারামারি করে তাকে খালে ফেলে দিয়েছে, আমার কাছে এই খবর আছে। আমি এই খবর মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে জানিয়েছি। কিন্তু এখন পর্যন্ত তাঁর পক্ষ থেকে কোন রকম এনকোয়ারি করা সম্ভব হয় নি। কেন হয় নি আমি তা জানি না। সি. পি. এম. এর লোকেরা এই সমস্ত কাজ করেছে বলেই বোধ হয় মুখ্যমন্ত্রী ভয় পেয়েছেন। আমি তাই আপনার মাধ্যমে বলতে চাই তিনি যেন এই বিষয়টি খুব ভাল করে দেখেন এবং এই বিষয়ে যথাবিহিত ব্যবস্থা গ্রহণ করেন।

**শ্রীসরল দেব ঃ** মাননীয় স্পীকার মহাশয়, স্পেনসার কোম্পানীর সেই ছাটাই শ্রমিকরা মিছিল নিয়ে বিধান সভার সামনে এসে অপেক্ষা করছেন। আমি আপনার মাধ্যমে জানাচ্ছি যে মন্ত্রীসভার কোন সদস্য যেন তাদের সঙ্গে গিয়ে দেখা করে তাদের সহায়তা করেন।

**শ্রীমহঃ সোহরাব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় সেচমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ফরাক্কা ব্যারেজে আহিরণ বা জংগীপুর ব্যারেজের উপর নুরপুর এলাকার ভাঙ্গন দেখা দিয়েছে। এই ব্যারেজ থেকে পদ্মা নদীর ডিস্ট্যান্স এক মাইল। এত বছর ফরাক্কা ব্যারেজের ভাঙ্গন রোধ করবার জন্য ফরাক্কা ব্যারেজ অথারিটিজ, যারা এর দায়িত্বে আছে, তার জেনারেল ম্যানেজার ৩০শে মে লিখিত ভাবে জানিয়েছিলেন যে বোল্ডার পাওয়া যাচ্ছে না বলে স্পার তৈরী করা যাচ্ছে না। এবারে ঠিক সেপ্টেম্বরের আগে কাজ আরম্ভ করা হবে। এখন আবার সেখানে ভাঙ্গন দেখা দিয়েছে। সেচমন্ত্রী অনতিবিলম্বে ফরাক্কা ব্যারেজ এর জেনারেল ম্যানেজারকে রিকোয়েস্ট করুন যাতে স্পারের কাজ তাড়াতাড়ি আরম্ভ হয়।

**শ্রীবীরেন্দ্র কুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর প্রতি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ইতিপূর্বে আমরা বলেছিলাম যে মালদহ জেলার বিভিন্ন ব্লকে বন্যার আগে থেকে এবং বন্যার পর গ্যাসট্রোএনট্রাইটিস এবং কলেরা রোগে বহু লোক আক্রান্ত হচ্ছে এবং অনেকে মারাও যাচ্ছে। মন্ত্রীমহাশয় হ্যালিক্যাপ্টার যোগে সেই সব জায়গায় ডাক্তার পাঠিয়েছিলেন কিন্তু দুঃখের বিষয় এখনও সেই রোগ কনট্রোল হচ্ছে না। আর একটা ব্যাপার, এই

সমস্ত রোগীদের রাখার জন্য তাঁবু করার কথা বলা হয়েছিল কিন্তু এখনও তা করা হয়নি। আমি অনুরোধ করছি, অবিলম্বে বিশেষজ্ঞ দল পাঠিয়ে এই রোগ কেন হচ্ছে, এর কারণ কি, কি ভাবে কনট্রোল করা যায় তার ব্যবস্থা করুন।

**শ্রীঅবিনাশ প্রামাণিক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, আপনি জানেন ব্যাণ্ডেল কাটোয়া লাইনের ট্রেনের কি অবস্থা। এর জন্য দীর্ঘদিন ধরে রেলওয়ে কর্তৃপক্ষের কাছে এ্যাসোসিয়েশনের তরফ থেকে ডেপুটেশনে যাওয়া হয়েছে। মান্ধাতার আমলের ইঞ্জিন, যার ফলে ট্রেন চলাচলে বিঘ্ন হয়। তাছাড়া নানা কারণে ট্রেন চলাচলে বিঘ্ন নিত্যদিন ঘটায় যাত্রী সাধারণের মধ্যে ভীষণ ক্ষোভ দেখা দিয়েছে। মাননীয় স্পীকার মহাশয় আপনিও একটি মিটিং-এ উপস্থিত ছিলেন এবং আমিও ছিলাম, আপনিও অবগত আছেন যে প্রত্যেকদিন ট্রেন ঠিক সময় চলছে না। এর যদি কোন প্রতিকার না হয় তাহলে অবিলম্বে আমরা মনে করি ঐ লাইনের ট্রেন চলাচল বন্ধ হয়ে যাবে।

**মিঃ স্পীকার ঃ** আমি কিরণময় নন্দ মহাশয়কে তাঁর প্রিভিলেজ মোশনটা পড়তে অনুরোধ করছি।

**Shri Kiranmay Nanda :** Sir, most humbly and respectfully I want to give a notice of privilege motion under rule 226 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly for taking up the matter for appropriate decision.

My motion of privilege arose out of a statement made by Hon'ble Minister Prasânta Sur on the floor of the Iouse on 21.11.78 during discussion on recent flood sitution. While I was making my submissions Shri Sur suddenly got irritated at my speech, hurriedly came to the dias of Hon'ble Speaker and shouted loudly with the words, "get out, get out" by pointing his finger to me.

I feel that no member has any right to say so to others and Shri Sur by making such utterences had not only done injury to me but lowered the dignity of the House. His derogatory utterences have come out in a number of Newspapers to-day.

In the circumstances I humbly request you to allow me to move this privilege motion in the House for taking appropriate steps.

**মিঃ স্পীকার :** জয়নাল আবেদিন সাহেব যে প্রিভিলেজ তুলেছিলেন, সেই বিষয়ে কালকে আমার যা রুলিং তা আমি দিয়ে দিয়েছি।

**ডাঃ জয়নাল আবেদিন :** একটু পড়তে দিন কারণ আমি কালকে ছিলাম না।

[2-30—2-40 P.M.]

**শ্রীকিরন্ময় নন্দ :** আমার এ সম্বন্ধে কয়েকটি কথা বলার আছে। আমি আপনার রুলিং শুনেছি। আপনি বলেছেন, টেপ বাজিয়ে শুনেছেন কিন্তু 'গেট আউট' কথাটি শুনতে পাননি টেপে। আমার বক্তব্য, স্যার, টেপে কি উঠেছে না উঠেছে সেটা আপনি শুনেছেন কিন্তু আমরা এ কজন সদস্য এখানে বসেছিলাম এবং তিনি ওখান থেকে —আপনার সামনে থেকে—আমরা শুনলাম তিনি বলছেন—গেট আউট, গেট আউট। আমি স্যার, আপনাকে একটা অনুরোধ করবো যে আপনি মাননীয় শ্রীপ্রশান্ত শূর মহাশয়কে হাউসে ডাকুন এবং তিনি এখানে এসে বলুন যে তিনি ঐ শব্দটি এখানে ব্যবহার করেন নি। স্যার, মন্ত্রীরা যদি এইভাবে আঙ্গুল দেখিয়ে বলতে থাকেন এবং আপনি যদি শুনতে না পান তাহলে আমরাও মন্ত্রীরা যখন হাউসে ঢুকবেন তখন তাদের বলব গেট আউট। এটা কি চলবে?

**মিঃ স্পীকার :** আমি এর আগে সব কথাই বলেছি। আমি বলেছি, যদি প্রসিডিংসে থাকতো তাহলে হয়ত আমি বলতে পারতাম এটা এক্সপাঞ্জ করে দিলাম, তাও ছিল না। আমি কালকে যা বলেছি তার সবটা আপনি জানেন না। আমি যা বলেছি সেটা রেকর্ডে আছে, আপনি সেখান থেকে জেনে নেবেন।

**শ্রীদীপক সেনগুপ্ত :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল উর্দ্দু ভাষার ভাষাবিদ নব কুমার রায় মহাশয় 'গাজি' পত্রিকা থেকে উদ্ধৃতি দিয়ে আমাদের এই সভার ডেপুটি স্পীকার মহাশয় সম্পর্কে কতকগুলি কটাক্ষ করেছিলেন এবং সে সম্পর্কে আপনি গতকাল একটা রুলিংও দিয়েছিলেন যে এই মন্তব্যগুলি সভার কার্য বিবরণী থেকে বাদ করা হোক। কিন্তু স্যার, আজকে কোলকাতা থেকে প্রকাশিত দৈনিক বসুমতিতে খুব বড় বড় হেডিং করে দেওয়া হয়েছে—"আর. এস. এস. নেতা আপ্যায়নে সামস? বিধানসভায় হৈ চৈ। 'সত্যযুগ' পত্রিকাতে একইভাবে বলা হয়েছে, "কংগ্রেসের নব কুমার রায় একটি সংবাদপত্রের সংবাদ উদ্ধৃত করে বলেন আর. এস. এস.-এর জনৈক নেতৃস্থানীয় ব্যক্তির সঙ্গে বিধানসভার সদস্য কলিমুদ্দিন সামস গোপনে কথা বলেছেন।" বসুমতীতে আরো বলা হয়েছে যে "এক উর্দ্দু পত্রিকাতে প্রকাশিত সংবাদের উল্লেখ করে বলেন যে সম্প্রতি আর. এস. এস.-এর দুই নেতা কোলকাতায় এসেছিলেন। তাদের

সাদর আপ্যায়নের ব্যবস্থা করেছিলেন কলিমুদ্দিন সামস। তিনি বলেন, সাম্প্রদায়িক সম্প্রতি যা এখন এ রাজ্যে রয়েছে"—অন্ততঃ এই একটি ভাল কথা বেরিয়েছিল নব কুমার রায়ের মুখ থেকে—"তাতে অন্য কোন ইন্ধন জুগিয়ে তা বিষাক্ত করার চেষ্টা করা হচ্ছে বলেও কোন কোন মহল মনে করছেন।" এ ছাড়াও 'গাজি' পত্রিকাতে বেরিয়েছে কিন্তু আমি উর্দ্দু ভাষা জানি না কাজেই সেখানে কি বেরিয়েছে নির্দিষ্ট করে বলতে পারছি না। নবকুমার রায় মহাশয় সেটা পড়ে দেখবেন। স্যার, এখানে একটি বিষয় পরিষ্কার যে আপনি গতকাল রুলিং দেবার পরও কোলকাতার কয়েকটি পত্রিকাতে এ সম্পর্কে সংবাদ প্রকাশিত হয়েছে। আমি এটা পড়ে দিচ্ছি। I have given a notice under rule 226. Yesterday honourable member Shri Naba Kumar Ray made on the floor of the House certain allegations against the Hon'ble Deputy Speaker. Hon'ble Speaker was urged to send the matter to the Committee of Privileges. Hon'ble Speaker considered the matter and by a ruling delivered yesterday the Hon ble Speaker, *inter alia*, held that it was a settled convention that the Speaker and the Deputy Speaker should not be drawn into controversies ; that the reference to the Hon'ble Deputy Speaker by honourable member Shri Naba Kumar Ray in his speech was hit by rule 328(ii) of the Rules of Procedure ; that the said allegations were not warranted by the context and that the reference to the Hon'ble Deputy Speaker be expunged from the proceedings of the House. In spite thereof three dailies, namely, Basumati, Satyajuga and Gazi of Calcutta in their issues of to-day had given an elaborate publication of the allegations against the Hon'ble Deputy Speaker which were ordered to be expunged by the Hon'ble Speaker. The publications, *prima facie*, not only amount to breach of privilege of this House but have bluntly undermined the authority of the Hon'ble Speaker and as such the said publications be referred to the Committee of Privileges under rule 228 of the Rules of Procedure for report as required by rule 226 of the Rules of Procedure submitting therewith the said publications.

**শ্রীনির্মল বসু:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি এ বিষয়ে রুলিং দেবার আগে একজন সদস্য হিসাবে আমি আমার কয়েকটি বক্তব্য আপনার কাছে নিবেদন করতে চাই। কারণ স্যার, এটাতে কেবলমাত্র সদস্যদের অধিকার ভঙ্গের ব্যাপার যুক্ত নেই এর সঙ্গে আমাদের সভার সম্মান-কনটেম্পট অব দি হাউস-যুক্ত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, দুটি বিষয় একই সঙ্গে যুক্ত। একটা হচ্ছে, স্পীকার এবং ডেপুটি স্পীকারের আচরণ

নিয়ে কোন কথা বিধানসভায় বলা যায় কিনা—এই বিষয় আপনি একটি রুলিং দিয়েছেন এবং তার নিষ্পত্তি হয়ে গেছি। আর একটি বিষয় দেখা গেছে সেটা হলো এই, যে জিনিষ এক্সপ্যাঞ্জ করেছেন সেটা কাগজে বেরুতে পারে কিনা? মাননীয় অধ্যক্ষ মহাশয়, সংবাদপত্রের স্বাধীনতা আমি সমর্থন করি······

( গণ্ডগোল )

**মিঃ স্পীকার ঃ** এই ব্যাপারটি প্রিভিলেজ কমিটিতে যদি যায় তখন আমি আপনাকে আপনার বক্তব্য রাখার জন্য ডাকবো।

**শ্রীনির্মলকুমার বোস ঃ** কেন প্রিভিলেজ কমিটিতে যাওয়া উচিত সেই সম্পর্কে কোন সদস্য যদি অতিরিক্ত যুক্তি আনতে পারেন তা আনবার অধিকার আছে এবং তার জন্যই আমি আমার বক্তব্য রাখছি···

( গণ্ডগোল )

( শ্রীধীরেন্দ্রনাথ রায় রোজ টু স্পীক্ )

**মিঃ স্পীকার ঃ** ধীরেন্দ্রবাবু আপনি বসুন, এরকম হতে পারে না।

**শ্রীনির্মলকুমার বোস ঃ** এটা কনটেম্পট অফ দি হাউস হচ্ছে, মেম্বারদের রাইট আছে এই ব্যাপারে প্রিভিলেজ চাওয়া এবং যুক্তি দেওয়া যেতে পারে, এটা প্রিভিলেজ অফ দি মেম্বার।

**মিঃ স্পীকার ঃ** আপনারা এটা বিজনেজ এ্যডভাইসরি কমিটিতে আনুন—এনে আপনারা বসে ঠিক করুন যে প্রিভিলেজ মোসন যখন আসবে তখন তার সাপোর্টে আপনারা সবাই বলবেন। সুনীতিবাবু প্রিভিলেজ তুলবেন, জয়নাল সাহেব বক্তৃতা দেবেন, ধীরেনবাবু বক্তৃতা দেবেন—এই রকম ব্যবস্থায় যেতে হবে কিনা সেটা আপনারা ঠিক করুন। আপনাদের অধিকার আমি খর্ব করতে চাই না। আই হ্যাভ নো অবজেকসন। আমি একজনকে বলতে দেবো আর অন্য জনকে রিফিউজ করবো কোন্ অধিকারে? সুতরাং এটা চলবে না। আপনি প্রিভিলেজ দিয়েছেন আমি বিচার করবো।

**শ্রীঅমলেন্দ্র রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি অধিকারগত প্রশ্ন এখানে তুলবো বলে দাঁড়িয়েছি। গতকাল ফ্ল্যাড সিচুয়েসনের বিতর্কে বিরোধীদলের

নেতা এবং আমার বন্ধু মাননীয় সদস্য শ্রীকাশীকান্ত মৈত্র মহাশয় যে বক্তৃতা দিয়েছিলেন সেই সময় আমি সভায় উপস্থিত ছিলাম না। আজকে যুগান্তর পত্রিকায় তার বক্তৃতার যে বয়ান বেরিয়েছে সেখানে দেখছি, তিনি বলেছেন, "কেন্দ্র ১৫১ কোটি টাকা দিয়েছেন"। এটা তার বয়ান হিসাবে যুগান্তর পত্রিকায় ৫ পৃষ্ঠায় আজকে ছাপা হয়েছে। যুগান্তর পত্রিকার ৪ পৃষ্ঠায়—একই সময়ে না হলেও একই দিনে লোকসভায় মাননীয় প্রধানমন্ত্রী শ্রীমোরারজী দেশাই এ সম্পর্কে সুস্পষ্ট বক্তব্য রেখেছেন। যুগান্তর পত্রিকার ৪ পৃষ্ঠায় "নগদে এবং জিনিষে" সাব-হেডিং এ প্রধানমন্ত্রীর বক্তব্য বেরিয়েছে। প্রধানমন্ত্রী শ্রীমোরারজী দেশাই আজ লোকসভায় জানান"···

[ 2-40—2-50 P.M. ]

স্যার, এটা একটা অত্যন্ত ভাইট্যাল ম্যাটার। প্রধানমন্ত্রী শ্রীমোরারজী দেশাই আজ লোকসভায় জানান যে বন্যাত্রাণে কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গ সরকারকে ১২৯ কোটি ৯৪ লক্ষ টাকা সাহায্য করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কাশীকান্তবাবু আমার ব্যক্তিগতভাবে বন্ধু, তাঁর সঙ্গে আমার হৃদ্যতা যথেষ্ট আছে—তিনি আগে মন্ত্রী ছিলেন, বর্তমানে তিনি দায়িত্বশীল পদে আসীন—আছেন বিরোধীদলের নেতা। তিনি বলেছেন যে আমাদের মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রী সত্য গোপন করেছেন এই ব্যাপারে। আজকে এই যে তিনি হাউসের অধিকার ভঙ্গ করলেন···

( গোলমাল )

সেটা প্রধানমন্ত্রীর বক্তৃতার মধ্যে পরিষ্কার হয়ে গেল। কাশীকান্তবাবু যেটা বলেছেন সেটা ভিত্তিহীন, এবং এটা ডেলিবারেটলি করা হয়েছে কোন সন্দেহ নেই—

( গোলমাল )

**শ্রীবিষ্ণুকান্ত শাস্ত্রী:** মুখ্যসচিব বলেছিলেন, তাই বলা হয়েছে।

**মিঃ স্পীকার:** প্রিভিলেজ যখন তুলেছেন আমি পরীক্ষা করে দেখব।

**শ্রী মোহঃ সোহরাব:** যে যা ইচ্ছে বলে যাবে, তার উপর প্রিভিলেজ হবে?

**মিঃ স্পীকার:** নাকচ করতে হলে পরীক্ষা করে দেখে আমিই নাকচ করব।

**শ্রীঅমলেন্দু রায়:** তিনি আমাদের মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রীর উপরে অভিযোগ আরোপ করেছেন, সত্য গোপন করেছেন—১৫১ কোটি টাকার যে হিসাব তিনি

দিলেন সেটা আমাদের প্রধানমন্ত্রী নিজে একে নস্যাৎ করে দিলেন। অতএব মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে আমি এই বক্তব্য সুস্পষ্টভাবে রাখতে চাই এই ব্যাপারে কাশীকান্তবাবু ডেলিব্যারেটলি করেছেন, ছাট ইজ দি লেটেষ্ট ম্যাটার—সমস্ত ব্যাপারটা প্রিভিলেজ কমিটিতে দেওয়া হোক এবং বিচার করা হোক। হোয়েদার ইট ইজ ডেলিব্যারেট অর নট ?

**শ্রীকিরণময় নন্দ:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অমল রায় মহাশয় যা বললেন তা প্রিভিলেজ কমিটিতে দেওয়া হোক।

**মিঃ স্পীকার:** প্রাইমা ফেসিতে আমি তিনটি প্রিভিলেজ পেয়েছি, আমি দেখব এবং দেখে পাঠান যায় কিনা চিন্তা করব।

## LEGISLATION

### The Provincial Small Cause courts (West Bengal Amendment) Bill. 1978

**Shri Hasim Abdul Halim :** Sir, I beg to introduce the Provincial Small Cause Courts (West Bengal Amendment) Bill, 1978.

(Secretary then read the title of the Bill)

**Shri Hasim Abdul Halim :** Sir, I beg to move that the Provincial Small Cause Courts (West Bengal Amendment) Bill, 1978, be taken into consideration.

Under Section 15 of the Provincial Small Cause Courts Act, 1887, the pecuniary limit of Small Cause Courts was Rs. 500/-, but the State Government had jurisdiction to invest these courts with pecuniary limits upto Rs. 1,000/-. By the West Bengal Act 30 of 1972, the limit of Rs. 500/- in sub-section (2) of Section 15 of the Provincial Small Cause Courts Act, 1887, was raised to Rs. 2,500/- and the limit of Rs. 1,000/- in sub-section (3) of Section 15 *ibid* was raised to Rs. 5,000/-.

As a result of steady rise in prices of all commodities, the existing pecuniary jurisdiction of the Small Cause Courts has proved inadequate. In order to vest such Courts with sufficient jurisdiction according to the needs of the day, and also to ensure speedy disposal of cases, as demanded by the people, it is thought that the present pecuniary limits of the Small Cause

Courts should be further raised. It is, therefore, proposed that the pecuniary limits under sub-sections (2) and (3) of Section 15 of the Provincial Small course Courts, 1887 be raised to Rs. 5,000/- and Rs. 7,500/-respectively.

With these words, Sir, I commend my motion for acceptance of the House.

**শ্রীজন্মেজয় ওঝা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় আইনমন্ত্রী যে সংশোধনী এনেছেন তাঁর উদ্দেশ্য সাধু হওয়ার জন্য সমর্থন করছি। এতে বিশেষ কিছু নেই। এর মূল উদ্দেশ্য হচ্ছে জনসাধারণের কিছু হায়রানি লাঘব করা। মন্ত্রীমহাশয় ভাল ভাবেই জানেন জনসাধারণের সমস্যা হায়রানী অনেক আছে। এক একটা মামলা বছরের পর বছর চলে যার ফলে জনসাধারণের হয়রানী ও আর্থিক ক্ষতি হয়। এর ফলে দেখা যায় যে দুর্বল পক্ষ সর্বশান্ত হয়ে গিয়ে সবল পক্ষের কাছে নতি স্বীকার করে। সেজন্য বলতে চাই যাতে মামলাগুলি দীর্ঘদিন না চলে তারজন্য একটা সময় সীমা বেঁধে দেওয়া দরকার। এছাড়া কিভাবে বেশী টাকা রোজগার করা যায় তার একটা চমৎকার ব্যবস্থা আমাদের আছে। তা থেকে সাধারণ মানুষকে যাতে রিলিফ দেওয়া যায় তার ব্যবস্থা করা উচিত। হাইকোর্টে যেমন আছে তেমন সমস্ত কোর্টে একটা নিয়ম করে দেন যাতে উকিলবাবুরা দিনের দিন ফিস না নিয়ে মামলা ওয়ারি একটা ফিস নেন। বর্ত্তমান সমাজ ব্যবস্থায় মামলা অপরিহার্য্য। কিন্তু দেখা যাচ্ছে অন্যায়ের বিরুদ্ধে দরিদ্র লোক মামলা করতে গিয়ে শেষ হয়ে যাচ্ছে। সেজন্য এরূপ এইটা সংশোধন করুন যাতে হয়রানি এবং দরিদ্রদের আর্থিক ক্ষতি না হয়। এই বলে এই বিলকে সমর্থন করে শেষ করছি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই বিলের বিরোধীতা করছি না। ৫ হাজার টাকা রেস্ করেছিলেন কংগ্রেস সরকার। কিন্তু দেড় বছরে বাম সরকারের রাজত্বে টাকার মূল্য কি কমে গেল যাতে তারা ৫ হাজার থেকে ১০ হাজার করলেন? আর একটা কথা হচ্ছে কোর্টের জুরিডিকসানগুলি আর একবার বিবেচনা করার সময় এসেছে। অর্থাৎ আমরা মনে করি সমস্ত দিক থেকে মুনসেফ কোর্ট থেকে আরম্ভ করে জজকোর্ট পর্যন্ত তাদের পিকিউনিয়ারি জুরিডিকসানগুলি নূতন করে করার সময় এসেছে। অর্থাৎ যা আছে তা না রেখে সেটাকে আরো বাড়াবার প্রয়োজন আছে। সেজন্য এই বিলের বিরোধীতা না করে আমি বলছি পিস মিল লেজিসলেসান না করে আরও কমপ্রিহেনসিভ ওয়েতে আনার ব্যবস্থা করুন।

[2-50—3-00 P.M.]

**শ্রী হাসিম আবদুল হালিম:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একজন সদস্য বলেছেন এমন ব্যবস্থা করা দরকার যাতে ছ এক বছরের মধ্যে মামলা শেষ হয় এবং জয়নাল সাহেব বললেন যে এক দেড় বছরের মধ্যে টাকার ভ্যালু এমন পড়ে গেল যে ৫ থেকে ১০ হাজার করতে হলো? প্রভিনসিয়াল স্মল কজেজ কোর্ট এ্যামেণ্ডমেণ্ট হয়েছিল ১৯৭২ সালে আর আমরা আনছি ১৯৭৮ সালে। আমাদের বর্ত্তমান সে সমাজ ব্যবস্থা আছে তাতে বিচার ব্যবস্থা খুব ভাল নয় সেটা আমরা জানি। আর্থিক ক্ষতির দিক থেকে গরীব লোকেরা রেহাই পান না। আমাদের বর্ত্তমান যে সিসটেম আছে তার কোন পরিবর্ত্তন হয় নি। সোসালিসটিক যখন সিসটেম হবে তখন কি হবে না হবে আমরা জানি না। আমাদের গণতান্ত্রিক সমাজ ব্যবস্থায় যে আইন আছে তাতে কেন্দ্রীয় সরকারের কিছু ক্ষমতা আছে, রাজ্যসরকার ও হাইকোর্টেরও কিছু ক্ষমতা আছে। বিচার বিভাগীয় মন্ত্রী সবকিছু চাইলেই করতে পারেন না। কোড অফ সিভিল প্রসিডিওর কেন্দ্রীয় আইন যার কিছু সংশোধন দরতার আছে। আমরা জানি যে বিচার বিভাগেও কোরাপসান আছে। আমরা তো আমাদের থেকে কিছু করতে পারি না, কারণ, এ্যাডমিনিষ্ট্রেশানে কোর্টের উপর কোন জুরিসডিক্সান নেই। যদি পেশকার ঘুষ নেয় আমরা কিছু করতে পারি না। এই সিসটেমের মধ্যে আমাদের কাজ করতে হচ্ছে, মাননীয় সদস্যরা এসব বোঝেন। তাঁরা যদি দায়িত্ব নিয়ে মানুষকে আরো সচেতন করে তুলতে পারেন যাতে সমাজে একটা পরিবর্ত্তন আসে সেই পরিবর্ত্তন এলে আমরা তখন করব। এই কথা বলে বিলটা কন্‌সিডার করার জন্য আমি সভাকে অনুরোধ করছি।

The motion that the Provincial Small Cause Courts (West Bengal Amendment) Bill, 1978, be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1 to 4 & Preamble**

The question that clauses 1 to 4 and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Hashim Abdul Halim :** Sir, I beg to move that the Provincial Small Cause Courts (West Bengal Amendment) Bill, 1978 as settled in the Assembly be passed.

The motion was then put and agreed to.

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে একটা বিশেষ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আজকে পশ্চিমবঙ্গের মানুষ আতঙ্কগ্রস্ত আজকে কাগজে একটা নিউজ বেরিয়েছে, দীনেশবাবু নিশ্চয়ই দেখেছেন, তাঁর আতঙ্কগ্রস্ত হয়েছেন কিনা জানি না, নিউজটা হচ্ছে আমরা, এরা, ওরা এই বলে একটা নিউজ বেরিয়েছে, তাতে মুখ্যমন্ত্রী প্রশাসনকে নির্দেশ দিচ্ছেন ওরা মানে কংগ্রেস জনতা, এস. ইউ. সি. যখন গণ্ডগোল করবে ঠাণ্ডা করবে, আর আমরা মানে সি. পি এম. যখন গণ্ডগোল করবে তখন নেতৃত্বের কাছে রেফার করবে। বিইং চীফ মিনিষ্টার অব স্টেট তিনি সি. পি. এম পার্টির চীফ মিনিষ্টার নন, তিনি একটা স্টেটের চীফ মিনিষ্টার, তিনি এরা, ওরা, আমরা এই যে স্পেশাল নির্দেশ দিচ্ছেন এটা জঘন্য ব্যাপার। একটা স্টেটের চীফ মিনিষ্টার এইভাবে একটা প্রশাসনকে নির্দেশ দেবে আর আমরা চুপ করে থাকব এটা হতে পারে না। আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি এই বিষয়ে ক্ল্যারিফিকেশান দেবার জন্য।

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা সংবাদপত্রে বক্স নিউজ নয়, চুটকি আকারে বের করা একটা নিউজ নিয়ে এ্যাসেম্বলীতে সিরিয়াসলি আলোচনা করা ঠিক নয়। কারণ, নির্দেশ সরকার দেন গভর্ণমেণ্ট অর্ডারে। সেই অর্ডারের কপি সর্বত্র আছে, সেখানে খুব পরিষ্কার করে বলা আছে। সেজন্য যেটা আলোচনা করবেন সেটা একটা সিরিয়াস জিনিস নিয়ে আলোচনা করবেন। খবরের কাগজের চুটকি কমেণ্ট নিয়ে স্টেট গভর্ণমেন্টের নির্দেশ বলে চালিয়ে বিভ্রান্তি সৃষ্টি করতে চাইছেন। গভর্ণমেণ্ট অর্ডার চান, সেই অর্ডার দেখে তার বিরুদ্ধে যদি কোন কমেণ্ট থাকে তাহলে তা করুন।

[3 00—3-40 P.M. including adjournment]

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** কাগজে যেটা বের হয় তার উপর আপনারা গুরুত্ব দিন। আনন্দবাজার পত্রিকা এখনও পর্যন্ত খারাপ খবর দেয়নি। আপনারা কি বলতে চান এরকম কোন নির্দেশ যায়নি ?

**শ্রীবিনয় কৃষ্ণ চৌধুরী ঃ** যে বিষয়কে অবলম্বন করে এই চুটকি লেখা হয়েছে তাতে আমি জিজ্ঞাসা করছি হার্ভেসটিং সম্পর্কে ডি. এম. এবং এস. পি.-দের নিয়ে যে মিটিং হয়েছে সেখানে কি বলা হয়েছে সেই খবর তাঁরা জানালেন কি করে ? আমার

অনেক বয়স হয়েছে, আমি দেখেছি বেনারসে দশাশ্বমেধ ঘাটে অনেক বৃদ্ধ বসে থাকেন যাঁরা স্বামী এবং স্ত্রীর সঙ্গে কি কথা হল সেটা বলে দিতে পারেন। যেখানে সরকারী পর্যায়ে আলোচনা হয়েছে সেখানে মুখ্যমন্ত্রী কিভাবে আলোচনা কনডাক্ট করেছেন সেটা বাইরের লোকের জানার কথা নয়। তারপর এই যে খবর চুটকি আকারে লেখা হয়েছে যে এটা গভর্ণমেন্টের নির্দেশ তাতে আপনাদের আমি বলতে পারি সেই আলোচনা শেষ হবার পর প্রেস কনফারেন্স করে সব বলে দেওয়া হয়েছে।

**শ্রীঅজয় কুমার দে :** পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রীর বিবৃতি যদি এরকমভাবে বিকৃত আকারে বের হয় তাহলে সেই বিবৃতি কনট্রাডিক্ট করে একটা বিবৃতি দেওয়া দরকার। সাধারণ মানুষ জানে না গভর্ণমেন্টের কি অর্ডার হয়েছে। আনন্দবাজার পত্রিকার বিক্রি দেশে সবচেয়ে বেশী এবং মানুষ সেই কাগজ পড়ে খবর জেনে নেয়। কাজেই এই পরিস্থিতিতে মুখ্যমন্ত্রীর একটা বিবৃতি দেওয়া উচিত।

**শ্রীবিনয় কৃষ্ণ চৌধুরী :** সরকারী নির্দেশের যথাযথ কপি বিলি করা হবে। সরকারী নির্দেশ যেটা জনসাধারণের উদ্দেশ্যে এবং তাদের স্বার্থে সেটা কখনই গোপনীয় ব্যাপার নয়। কাজেই সেই নির্দেশ যাতে সকল লোকে জানতে পারে তার জন্য শুধু ইংরেজীতে নয়, বাংলায় লক্ষ লক্ষ কপি বিলি করা হবে। এই জিনিস যারা জানতে চায়, বুঝতে চায় তারা সেটা জানতে পারবে, বুঝতে পারবে। আর যারা বিকৃত জিনিস জানতে চাইবে তারা ওই বিকৃত জিনিসই জানবে।

**শ্রীমহম্মদ সোহরাব :** স্যার, আমরা ওই খবর পড়ে অত্যন্ত আতঙ্কগ্রস্ত হয়েছি কাজেই চিফ মিনিষ্টার এটা কনট্রাডিক্ট করুন এবং বলুন যে, দিস্ ইজ নট কারেক্ট।

**শ্রীদীনেশ মজুমদার :** আনন্দবাজার পত্রিকায় যে খবর পরিবেশন করা হয়েছে সে সম্পর্কে এখানে সুনীতিবাবু বলেছেন এবং তার উত্তর বিনয়বাবু পরিষ্কার করে দিয়েছেন। কিন্তু আমি একটি বিনীত প্রশ্ন করতে চাই, প্রশাসনের অফিসারদের নিয়ে যে সভা হয়েছে সেখানে সংবাদপত্রের কোন রিপোর্টার ছিলেন না কজেই এই সংবাদ তাঁরা পেলেন কি করে ? তারপর আপনারা বলছেন যে রিপোর্ট বেরিয়েছে তা যদি সত্য না হয় তাহলে চিফ মিনিষ্টার কনট্রাডিক্ট করুন। আমার বক্তব্য হচ্ছে একজন ক্যাবিনেট মিনিষ্টার দাঁড়িয়ে যখন এই ব্যাপারে কনট্রাডিক্ট করছেন তারপর আর কি থাকতে পারে ? তাছাড়া বাজারের সংবাদপত্রে কি বের হয় তার কনট্রাডিকসন সব সময় করা যায় না।

**শ্রীসুনীতি চট্টরাজ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একথা আমাদের অফিসাররাও

বলেছেন যে এই রকম নির্দেশ আছে, আনন্দবাজার শুধু নয়। আমি তাই দীনেশবাবুকে সবিনয়ে বলতে চাই অনেক অফিসার আমাদের কাছে রিপোর্ট করেছেন।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি:** অধ্যক্ষ মহাশয়, বিধানসভা আরম্ভ হয়েছে, এই বিধান সভা আরম্ভ হওয়ার নোটিশ যখন গভর্ণর দিয়েছেন, তখন থেকে দেখা যাচ্ছে রাজ্য সরকার কতকগুলি গুরুত্বপূর্ণ বিষয়ে ডিসিসন নিচ্ছেন কিন্তু হাউসকে বলছেন না। আজ পর্য্যন্ত কোন রকম মেজর ডিসিশন, মৌলিক ডিসিশনের কথা হাউসকে বলেননি। সভ্যরা জানবে খবরের কাগজ পড়ে এটা অতীব দুঃখের কথা। হাউস যদি না থাকত কিছু বলার ছিল না কিন্তু হাউস আরম্ভ হয়েছে, হাউস চলছে তখন যে কোন মেজর ডিসিশন হাউসে বলাই ভাল এবং হাউসে সেটা আলোচনা করা বাঞ্ছনীয়। হাউসকে যদি জানাতেন তো হাউসের মর্য্যাদা থাকত। এটাই আপনাকে জানাচ্ছি।

**মিঃ স্পীকার:** এখন বিরতি থাক ৩টা ৪০ মিনিট পর্য্যন্ত।

(After Adjournment)

The West Bengal Co-operative Societies (Amendment) Bill, 1978

**Shri Bhakti Bhusan Mandal:** Sir, I beg to introduce the West Bengal Co-operative Societies (Amendment) Bill, 1978.

(Secretary then read the title of the Bill)

**Shri Bhakti Bhusan Mandal:** Sir, I beg to move that the West Bengal Co-operative Societies (Amendment) Bill, 1978, be taken into consideration.

[ 3-40—3-50 P.M. ]

মাননীয় অধ্যক্ষ মহোদয়,

গত ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার ক্ষমতাসীন হবার পর, এই রাজ্যে সমবায় আন্দোলন আজ অনেকাংশে ত্রুটি-বিচ্যুতি-মুক্ত, গতিশীল ও যুগোপযোগী।

সংক্ষেপে বলা যেতে পারে, ১৯৭৫-৭৬ সমবায় বৎসরের তুলনায়, গত বৎসরে, বিভিন্ন ক্ষেত্রে সমবায় সম্প্রসারণ অধিকতর হয়েছে, যেমন—স্বল্পমেয়াদী-ঋণদান ৩৭ শতাংশ, দীর্ঘমেয়াদী ঋণদান ১০৬ শতাংশ, সঞ্চয় সংগ্রহ ৭০ শতাংশ, সভ্য সংখ্যা ২৯ শতাংশ, বাসগৃহ নির্মাণের জন্য ঋণদান মঞ্জুর ১৪ শতাংশ এবং মূল্যের হিসাবে ভোগ্য-পণ্যের বিতরণের পরিমাণ ৯ শতাংশ বৃদ্ধি পেয়েছে।

বামফ্রন্ট সরকার সমবায়ের মাধ্যমে সমাজের দুর্বলতর অংশকে, তথা প্রান্তিক ও ক্ষুদ্র চাষী, ক্ষেতমজুর, এবং গ্রামীন শিল্প-জীবিদের অর্থনৈতিক দিক থেকে স্বয়ম্ভর করে তুলতে বদ্ধ-পরিকর। কৃষি-জীবিদের প্রয়োজনকালে স্বল্প সুদে ঋণদানের গুরুত্ব সম্বন্ধে আমরা অবহিত, তাই ক্ষমতাসীন হবার পর থেকেই চাষীদের অল্প সুদে ও সহজে ঋণ দেওয়ার বিষয়ে সচেষ্ট। আমাদের প্রচেষ্টার প্রথম ফলশ্রুতি হিসাবে রিজার্ভ ব্যাঙ্ক স্বল্প ও মধ্যমেয়াদী সুদের হার শতকরা ১ ভাগ কমাতে রাজী হয়েছেন। এ ছাড়া সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে বিভিন্ন স্তরের সমবায় সমিতিগুলির সুদের হার শতকরা মোট ১½ ভাগ কমিয়ে দেওয়া হবে। ফলে, চাষীরা স্বল্প মেয়াদী ঋণ পূর্বের শতকরা ১৪ হারের পরিবর্তে ১১½ হারে পাবেন। চাষীদের পক্ষে নিঃসন্দেহে এটি একটি বিরাট লাভ। সুদের হার আরও কমানোর বিষয়ে আমরা সচেষ্ট।

দ্বিতীয়তঃ সহজ পদ্ধতিতে কৃষি ঋণের ব্যবস্থা। গত বাজেট অধিবেশনে মাননীয় অধ্যক্ষ মহোদয় ও সদস্যগণকে অবহিত করেছিলাম যে রিজার্ভ ব্যাঙ্ক অফ্ ইণ্ডিয়া সুপারিশ করা "গেহান" পদ্ধতির ভিত্তিতে সহজতর উপায়ে দীর্ঘমেয়াদী কৃষিঋণ দেওয়ার ব্যাপারে উপযুক্ত আইন প্রণয়নের কাজে হাত দেওয়া হয়েছে। সেই আইনের বিধেয়ক আমি আজ সভায় গৃহীত হবার জন্য উত্থাপন করতে যাচ্ছি। এটা সর্বজনবিদিত যে উপরের দিকে ১০ শতাংশ লোককে বাদ দিয়ে এই রাজ্যের মাথা-পিছু আয় অত্যন্ত কম হওয়ায় রাজ্যের সাধারণ চাষীরও মেহনতী মানুষের সম্পদ বলতে বিশেষ কিছুই নাই। সমবায় থেকে ঋণ দেবার ব্যাপারে সিকিউরিটির উপর জোর দেওয়া হলে সমবায়ের সুফল কখনই সম্পদহীন দেশের গরিষ্ঠ জনসাধারণকে পৌছে দেওয়া যাবে না। বর্তমানে সমবায় থেকে দীর্ঘ মেয়াদী কৃষি ঋণ নিতে হলে জমি বন্ধক রাখতে হয়। ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের পক্ষে এবং বিশেষ করে ভূমিহীন চাষীদের পক্ষে তাই এ ঋণের সুযোগ নেওয়া অসম্ভব। আবার, যেসকল চাষী এই ঋণ পেতে পারেন তাঁরাও ঋণদান পদ্ধতির জটিলতার জন্য নানাভাবে হয়রান হন। এ অবস্থার অবসান না ঘটালে পশ্চিমবাংলা ভূমি উন্নয়নের ক্ষেত্রে চিরকাল পিছিয়েই থাকবে। এ পিছিয়ে থাকার পরিমাণ হৃদয়ঙ্গম হবে যখন আমরা দেখি পঞ্চম যোজনাকালে পশ্চিমবঙ্গে যেখানে শুধু ৬ কোটি টাকার ডিবেঞ্চার বাজারে ছাড়া হয়েছে সেখানে পাঞ্জাবে ৫২ কোটি, গুজরাটে ৯১ কোটি এবং মহারাষ্ট্রে ১১৫ কোটি টাকার ডিবেঞ্চার ছাড়া হয়েছে। ফলে পশ্চিমবাংলা ভূগর্ভস্থ সঞ্চিত জলরাশির ক্ষেত্রে একটি প্রথম সারির রাজ্য হলেও সে বিপুল সঞ্চয়ের অতি সামান্য অংশই গভীর বা অগভীর নলকূপ দিয়ে চাষের প্রয়োজনে ব্যবহৃত হতে পেরেছে। আইন প্রণয়ন করে

যদি ভূমি উন্নয়ন ব্যাঙ্কের বিনিয়োগের সুযোগ বাড়িয়ে দেওয়া যায় তবে এ জলরাশি সেচের কাজে ব্যবহৃত হয়ে গ্রামাঞ্চলে খাদ্যোৎপাদন ও কর্মসংস্থান বাড়ানোর এবং সেই সঙ্গে চাষীদের সমৃদ্ধির সহায়ক হবে।

ভূমি উন্নয়ন ঋণ দানের ক্ষেত্রে যে বাধা মুখ্য, সেটা হচ্ছে জমি বন্ধক রাখা। জমি বন্ধক রাখতে গেলে জটিল ও কালক্ষেপী পদ্ধতির মধ্য দিয়ে যেতে হয় যেমন বিভিন্ন সাব-রেজিষ্ট্রি অফিসে ১২ বছরে নথি খুঁজে দেখতে হয় যে জমিতে ঋণ গ্রহণকারীর স্বত্ব আছে কিনা, জমিতে কোন-দায়-দায়িত্ব অর্জিত হয়েছে কিনা আর সেই সঙ্গে নাম খারিজের জন্যে বিলম্ব তো আছেই। দশ বারো জন কৃষককে নিয়ে যৌথভাবে ঋণ দেওয়ার ক্ষেত্রে সার্চ, দায়-দায়িত্ব এবং নাম খারিজের সমস্যা কি বিরাট হয়ে দেখা দেয় সেটা সহজেই অনুমেয়।

এই সমস্যা পরিপ্রেক্ষিতে রিজার্ভ ব্যাংকের দুটি কমিটির সুপারিশ-ক্রমে আমরা পশ্চিমবঙ্গ সমবায় সমিতি আইন সংশোধনে উদ্যোগী হয়েছি। নূতন পদ্ধতিতে ঘোষণাপত্রে স্বাক্ষর করে ঋণ গ্রহীতা জমি অথবা অন্যান্য অস্থাবর সম্পত্তিতে অথবা তার প্রাপ্য অংশে একটি বিশেষ চার্জ সৃষ্টি করতে পারবেন যে চার্জে সাধারণ চার্জের বৈশিষ্ট সহ ইংরেজী বন্ধকের সুবিধাগুলি থাকবে। এই বিশেষ চার্জকে "গেহান" বলা হয়েছে। এই "গেহান" পদ্ধতি গ্রহণের জন্য পশ্চিমবঙ্গ সমবায় সমিতি আইন যথোপযুক্ত সংশোধনে উদ্যোগী হয়েছি।

মাননীয় অধ্যক্ষ মহোদয় ও সদস্যগণ উপলব্ধি করবেন যে এই সংশোধনী বিধেয়কটি গৃহীত হলে সমবায় সেবার সুযোগ দুর্বলতর শ্রেণীর জনগণের কাছে সম্প্রসারিত হবে। সুতরাং সেই শ্রেণীর স্বার্থে এই বিধেয়কটি সভায় গৃহীত হবে বলে আন্তরিকভাবে আশা করি।

[3-50 - 4-00 P.M.]

**শ্রীরাসবিহারী পাল:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে প্রস্তাব উপস্থাপন করেছেন এই প্রস্তাব আমি সমর্থন করছি। তিনি এর উদ্দেশ্য সম্বন্ধে যে কথা বলেছেন তার ভিতর দেখতে পাচ্ছি সমবায় ভিত্তিক উত্তমক্ষেত্রে একটি বলিষ্ঠ ও সুদক্ষ উন্নয়ন ব্যাঙ্ক ব্যবস্থা বিবিধ কারণে দেশের অন্যান্য স্থানের ন্যায় পশ্চিমবঙ্গেও আশানুরূপ উন্নয়ন হয়নি। এটা কি করে আশানুরূপ করা যায় তার জন্য একটা প্রস্তাব এনেছেন। তিনি বলেছেন বিবিধ কারণে আশানুরূপ উন্নয়ন

হয়নি এবং ঐ বিবিধ কারণের মধ্যে সর্বাধিক গুরুত্বপূর্ণ কারণটি হইল এই যে ভূমি উন্নয়নার্থে ঋণ মঞ্জুরীর জন্য জামিন স্বরূপ ভূমি বন্ধক রাখার উপর যে জোর দেওয়া হয় তাহার ফলেই এক জটিল প্রক্রিয়া অনুসরণ করিতে হইতেছে। এই প্রক্রিয়া একটু সহজ করা এবং সেই সহজ করার ঘোষণার ব্যাপারে গেহান কথাটা লাগানো হয়েছে। কিন্তু পরিভাষায় একটু ভাল করে দিলে কি অসুবিধা হোত তা বুঝতে পারছি না। তার পর বলা হচ্ছে বিবিধ কারণে অন্যান্য স্থানের ন্যায় এই পশ্চিমবাংলায় এটা ভাল হয়নি। তাঁর বক্তব্যে যে কথা বললেন সুদের হার একটু কমানো দরকার। আর একটা কথা সিকিউরিটির কথা যারা কম জমির মালিক তারা গেহান পত্র বা ঘোষণা পত্রে স্বাক্ষর দিলেই হবে। কিন্তু উন্নয়ন ব্যাঙ্ক ব্যবস্থায় অনেক কারণ আছে। সেই কারণের একটা কারণের সমাধান হয়ে গেলে পশ্চিমবাংলায় আশানুরূপ ব্যবস্থা হতে পারবে। কিন্তু আর যেসব কারণ রয়েছে সেগুলিও এর মধ্যে আনলে ভাল হোত। এখন পশ্চিমবাংলায় অন্যান্য প্রদেশের চেয়ে সমবায় পদ্ধতিতে কাজ কম হচ্ছে। অন্যান্য স্থানে যদিও কাজ হচ্ছে এখানে সমবায় সংশ্লিষ্ট যে ব্যবস্থা আছে সেই ব্যবস্থাগুলি কার্যকরী করার জন্য কোন পন্থা এখনও ঠিক হয়নি। সমবায় সমিতিগুলি ঠিকভাবে চলছে না। কৃষি ঋণের ব্যাপারে যেসব কথা—কৃষি ঋণ দেবার জন্য যেসব সমিতি আছে তারা যে কর্জ দেয় সেই টাকা ঠিকমত ব্যায়িত হচ্ছে কি না।

তাদের সুপরামর্শ দেবার জন্য বা বিজ্ঞানসম্মত উপায়ে সেই টাকা খরচ করার ব্যবস্থা তাদের জানা নেই। আর একটি জিনিস হল যে কোন সময়ে অজন্মা হল বা কোন কারণে ঋণের টাকা ঠিকমত ব্যয় হলে তার জন্য ফসল উৎপাদন হল না অথচ সেই টাকা মহাজনের কাছ থেকে কর্জ করে এনে কয়েকদিনের জন্য ঐ সমিতিকে শোধ করে দেওয়া হল, তারপরে আবার ব্যাঙ্ক থেবে টাকা নিয়ে সেই মহাজনের টাকা দিয়ে দেওয়া হয়। এই অবস্থায় কৃষকের ঋণের বোঝা ক্রমশঃ বেড়েই যাচ্ছে। কৃষক ও কৃষির উন্নতির জন্য যে ব্যবস্থা সেই ব্যবস্থা কিন্তু আসলে হচ্ছে না। আর জমির উৎপাদন ক্ষমতা বৃদ্ধি করার জন্য টাকা খরচের ব্যবস্থার কথা যে বলা আছে সেটা কিন্তু হচ্ছে না। এর জন্য জল সংরক্ষণ, পুষ্করিণী খনন ইত্যাদি কথা বলা আছে এবং প্রমোসন অব হর্টিকালচার ইত্যাদি কথাও বলা আছে। এই জমি উন্নয়নের কথা বলে যে টাকা নেওয়া হচ্ছে সেই টাকা ঠিকমত খরচ হয়েছে কি না এবং যে কারনে টাকা নেওয়া হয়েছে সেই কারণে টাকা খরচ হয়েছে কি না এই সব জিনিস দেখবার কোন ব্যবস্থা আছে বলে আমার মনে হয় না। এইগুলি দেখার

জন্য যেসব সুপারভাইজার আছেন তারা যদি বছর বছর এইসব সমিতির অডিট করতেন তাহলে এইরকম হাজার হাজার সমিতির এই অবস্থা হত না, লস যেত না। কাজেই এই কথা আজকে বিশেষ করে চিন্তা করতে হবে। শুধু সহজ পন্থায় ঋণ দান করলে সমবায় সমিতিগুলির লাভ হতে পারে, কিন্তু এই ব্যবস্থা করতে পারছে না। যে ঋণ নেওয়া হচ্ছে সেই টাকায় কাজ যাতে ঠিকমত হয় তার ব্যবস্থা থাকা দরকার এবং ঐ টাকা যাতে ফিরে পাওয়া যায় তার জন্য একটা সুব্যবস্থা থাকা দরকার। এই ব্যবস্থার মধ্যে সেই রকম কিছু আছে বলে মনে হয় না। বর্তমানে এই বিভাগ যেভাবে চলছে অদূর ভবিষ্যতে যদি এইভাবে চলতে থাকে তাহলে ঋণ দান ব্যবস্থার কোন উন্নতি হবে বলে মনে হয় না। আমি যতদূর জানি সমবায় সমিতির কর্মকর্তাদের প্রশিক্ষণ দেবার ব্যবস্থা আছে। মৎসচাষ বিভাগও এর সঙ্গে জড়িয়ে আছে। মাননীয় মন্ত্রী মহাশয় জানেন এবং আমরাও দেখেছি গ্রামে মৎসজীবী সমবায় সমিতি অনেক আছে। ভূমি উন্নয়নের দ্বারা, জল সংরক্ষণের দ্বারা মৎসচাষ হতে পারে। একটু আগে ট্রলারের কথা হচ্ছিল। সরকার থেকে ট্রলার দেবার ব্যবস্থা হচ্ছিল সেগুলি তারা গ্রহণ করতে পারেননি। সমবায় সমিতিগুলি সুপরিচালনার অভাবে এই জিনিস হচ্ছে। সরকার প্রদত্ত টাকা খরচ করে যে ট্রলার করতে দেওয়া হয়েছে তাদের নিজেদের আত্মবিশ্বাসের অভাবে সেগুলি নিতে পারেনি। ২৫টির মধ্যে একটিও নিতে পারেনি। যে যে অসুবিধা আছে সেগুলি আপনি দূর করার ব্যবস্থা করুন এবং কো-অপারেটিভ এর মাধ্যমে ট্রলারের ব্যবস্থা করুন। এই কথা বলে আমি এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4-00—4-10 P.M.]

**শ্রীঅতীশ চন্দ্র সিনহা** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে বিল সমবায় দপ্তরের মাননীয় মন্ত্রীমহাশয় উত্থাপন করেছেন নিঃসন্দেহে সেটি খুব গুরুত্বপূর্ণ বিল এবং আমি এই বিলকে সমর্থন করছি। তার কারণ, পশ্চিমবাংলায় বিশেষ করে গত বিধ্বংসী বন্যার পর এই ভূমি উন্নয়ন ব্যাঙ্কের বিশেষ ভূমিকা আছে। এই ব্যাঙ্কের মাধ্যমে দরিদ্র চাষী, মধ্যবিত্ত চাষী—বিত্তবানরা তো নিশ্চয়ই—ঋণ নিয়ে দ্বিতীয় ফসল, তৃতীয় ফসল ফলাবার যথেষ্ট সুযোগ পেতে পারেন। আমাদের সরকার যখন ছিল, ১৯৭২ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত তখন আমরাও চেষ্টা করেছিলাম দীর্ঘ মেয়াদী ঋণের ক্ষেত্রে পশ্চিমবাংলাকে অনেকখানি এগিয়ে নিয়ে যেতে। তার কারণ, ১৯৭২ সালে যখন আমরা আসি তখন দেখলাম সেই দিক দিয়ে পশ্চিমবাংলা অনেক পিছিয়ে আছে। দিল্লীতে যখন বিভিন্ন রাজ্যের সমবায় মন্ত্রীদের মিটিং হত তখন সেখানে

গিয়ে সত্যই আমরা লজ্জিত হতাম এই জন্য যে যেখানে এক একটি রাজ্য ১০০ থেকে ১৫০ কোটি টাকা ঋণ দিয়েছে—দীর্ঘ মেয়াদী—সেখানে ১৯৭২ সালে ২ কোটি টাকার বেশী আমরা দিতে পারতাম না। অনেক চেষ্টা চরিত্র করার পর, অনেক আইন-কানুন করার পর যে আইন আজকে এখানে আসছে আমরা সেই পদ্ধতিতে যত তাড়াতাড়ি সম্ভব দীর্ঘ মেয়াদী ঋণ চাষীদের ল্যাণ্ড মর্টগেজ ব্যাঙ্কের মাধ্যমে দেওয়া যেতে পারে তার চেষ্টা করে আমরা সেই দীর্ঘ মেয়াদী ঋণটাকে যতদূর আমার স্মরণ হচ্ছে ৮ কোটি টাকা পর্য্যন্ত নিয়ে যেতে পেরেছিলাম। আরো প্লান আমাদের ছিল। এ বছর বোধহয় হয় আপনাদের ২০ কোটি টাকার প্লান দীর্ঘ মেয়াদী ঋণের ক্ষেত্রে, সেখানে সেটাকে কতখানি নিয়ে যেতে পেরেছেন আমরা জানি না, যদি মাননীয় মন্ত্রীমহাশয় তাঁর জবাবী ভাষণের সময় সেকথা বলেন আমরা খুশি হব। এখন কথা হচ্ছে, আমাদের এই পশ্চিমবাংলায় ভূমি উন্নয়ন ব্যাঙ্কের মাধ্যমে ঋণ নিয়ে গভীর, অগভীর নলকূপ ইত্যাদি বসানোর ব্যাপারে কিন্তু চাষীদের উতসাহ সে রকম নেই। তার অবশ্য বিভিন্ন কারণ থাকতে পারে—হয়ত ঋণ তারা করতে চাইছেন না কিম্বা এই বিধ্বংসী বন্যায় তারা সর্বসান্ত হয়েছেন সেইজন্য নিচ্ছেন না ইত্যাদি। যদিও মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন তিনি ১৪ পারসেণ্ট থেকে ১১॥ পারসেণ্ট সুদ কমিয়ে আনার চেষ্টা করছেন স্বল্প মেয়াদী ঋণের ক্ষেত্রে কিন্তু সেখানে দীর্ঘ মেয়াদী ঋণের ক্ষেত্রে কি হয়েছে আমরা জানি না আজকে কিন্তু এখানে প্রবণতাটা মানুষের কমে যাচ্ছে, এই প্রবণতাটাকে বাড়াবার জন্য কিছু একটা ব্যবস্থা করবেন এটা আপনাদের কাছে বিশেষ ভাবে নিবেদন করছি। এই প্রসঙ্গে আমি আমার এলাকার কথা বলতে পারি যে আমাদের সময় সেখানে একটি ল্যাণ্ড মর্টগেজ ব্যাঙ্ক স্থাপন করেছিলাম কান্দিতে এবং তার কাজও আরম্ভ করেছিলাম, সেই কাজ এখন সুষ্ঠু ভাবেই এগুচ্ছে। সেখানে সেই ব্যাঙ্কের মাধ্যমে আমরা দু-তিনটি ডিপ টিউবওয়েল স্থাপন করেছিলাম। মাননীয় মন্ত্রী শ্রীভক্তিভূষণ মণ্ডল মহাশয় তার দু-একটির উদ্বোধনও করে এসেছেন। এখন এখানে কথাটা হচ্ছে, এই ঋণটা যত তাড়াতাড়ি দেবার চেষ্টা করুন না কেন—আগে ৬ মাস লাগতো, আমরা সেটা কমিয়ে দু-মাস করেছিলাম এখন হয়ত এই আইনের মাধ্যমে সেটা এক মাসের মধ্যে নেমে আসবে, খুব ভাল কথা, আরো কম হলে আমরা আরো খুশি হব—সেখানে কিন্তু প্রবণতাটা আমাদের বাড়াতে হবে। আমি নিজে গিয়ে যখন মানুষকে বলেছি, তোমরা একটা ডিপটিউবওয়েল কর ল্যাণ্ড মর্টগেজ ব্যাঙ্কের কাছ থেকে টাকা নিয়ে বা স্যালো টিউবওয়েল করো সেখানে কিন্তু দেখেছি তাদের উৎসাহ বিশেষ একটা

পাওয়া যায় না। মাননীয় মন্ত্রীমহাশয় যদি আমাদের একটা হিসাব দেন যে গত এক বছরের মধ্যে আপনারা এই ল্যাণ্ড মর্টগেজ ব্যাঙ্কের মাধ্যমে কতগুলি ডিপ-টিউবওয়েল, স্যালো টিউবওয়েল করতে পেরেছেন বা আগামীদিনে কি করবেন তাহলে ভাল হয়। আর নদী জল উত্তোলন স্কীম তো আপনাদের নেই। এটা কিন্তু খুব সুন্দর হতে পারে যদিও এটা খুব শক্ত ব্যাপার কারণ আরো বেশী লোক এতে জড়িত। আপনারা যদি এই সমস্ত সুন্দর সুন্দর স্কীমগুলি ব্যাপকভাবে নেওয়াতে পারেন এবং এরজন্য চাষীদের মধ্যে উৎসাহ উদ্দীপনার সৃষ্টি করতে পারেন তাহলে খুব ভাল হয়। কেন না আমরা জানি সরকারথেকে কোন সময়ই এত স্যালো টিউবওয়েল, ডিপটিউবওয়েল-এর ব্যাপারে অর্থব্যয় সম্ভব নয়, কাজেই এখানে ভূমিউন্নয়ন ব্যাঙ্কের বিশেষ ভূমিকা আছে সে বিষয়ে কোন সন্দেহ নেই। এই ব্যাপারে কাজের অগ্রগতির জন্য যা করনীয় তা মন্ত্রীমহাশয় করবেন বা এই সরকার করবেন তা নিশ্চয়ই সমর্থনযোগ্য সে বিষয়ে কোন সন্দেহ নেই।

তবে আমাদের যে অভাব, আমি যেটা লক্ষ্য করেছি গ্রামবাসীদের কাছ থেকে, সেই কথা আপনাদের বললাম, আপনারা চিন্তা করে দেখুন, কি ভাবে আপনারা গ্রামবাসীদের উদ্বুদ্ধ করবেন। আপনাদের স্মরণ আছে কিছুদিন আগে আমাদের সরকারের সময় ওয়ার্ল্ড ব্যাংক থেকে একটা স্কীম করা হয়েছিল, কত কোটি টাকা আমার স্মরণ নেই যে এতগুলো ডিপ টিউবওয়েল পশ্চিমবাংলায় করা হবে এবং তার কিছু দায়িত্ব মাইনর ইরিগেশন কর্পোরেশন নিয়েছিলেন এবং যদি আমার স্মরণ শক্তি ঠিক থাকে তাহলে আমার মনে হয় ১০০টি বা এই রকম সংখ্যা এই রকম কো-অপারেটিভের মাধ্যমে ডিপ টিউবওয়েল করার কথা ছিল, বোধ হয় ১০/১২টার বেশী হয়নি। এই যে হচ্ছে না, কেন হচ্ছে না, তার কারণ আজকে আপনাদের বার করতে হবে। শুধু একটা এই নয় যে ঋণ পেতে গেলে অনেক দেরী হচ্ছে, এটা অন্য একটা কারণ হতে পারে কিন্তু এই চাষীরা এগিয়ে যাচ্ছে না কেন, উদ্দীপনা আসছে না কেন, কেন চাষীরা এগিয়ে আসছে না সমবায়ের মাধ্যমে—দীর্ঘমেয়াদী ঋণ নিয়ে অগভীর নলকূপ, গভীর নলকূপ বা নদী জলোত্তোলন প্রকল্প স্থাপন করতে বা অন্যান্য যে সমস্ত আরও প্রকল্প রয়েছে, এই দীর্ঘমেয়াদী ঋণ নিয়ে জমির উন্নয়নের জন্য এগিয়ে আসছে না কেন তার কারণ বের করতে হবে। একটা কারণ আপনাকে আমি বলতে পারি, যেটা আমরা দেখেছি, সেটা হচ্ছে যে দীর্ঘমেয়াদী ঋণের ক্ষেত্রে তাদের নিজেদের কিছু শেয়ার ক্যাপিট্যাল দিতে হয়। যেমন একটা উদাহরণ দিচ্ছি, ডিপ টিউবওয়েল করতে গেলে—যদি দীর্ঘমেয়াদী ঋণ নিয়ে একটি ডিপটিউবওয়েল

করতে হয় তাহলে কম পক্ষে ৮/১০ হাজার টাকার শেয়ার ক্যাপিট্যাল সেই সমস্ত চাষীরা, যারা সেই ডিপটিউবওয়েল এরিয়ার মধ্যে পড়বে তাদের দিতে হবে। আমি জানি সেই শেয়ার ক্যাপিট্যাল দেবার জন্য—তার মধ্যে এস. এফ. ডি. এ. এই সমস্ত আছে, খানিকটা অংশ চাষীদের দেয় শেয়ার ক্যাপিট্যাল খরিদ করবার জন্য, কিন্তু সবাইকে দেয়না। তাহলে তাদের অংশ বাদ দিয়ে ধরুন যদি ৩/৪ হাজার টাকাও তুলতে হয় ৫০-৬০ জন চাষীর কাছ থেকে,—তারা এগিয়ে আসছে না, এই তিন চার হাজার টাকা দিতে তারা নারাজ। এর ফলে এই স্কীম এগোচ্ছে না। এমন একটা নুতন পন্থা দেখতে হবে যাতে চাষীদের উদ্বুদ্ধ করা যায়। আমি এটাও জানি যে সবই সরকার থেকে দিয়ে দেবে, এটাও হয়তো সব সময় সম্ভব নয়। কিন্তু চাষীদের মধ্যে একটা উদ্দীপনা-এর মাধ্যমে যে একটা কিছু ভাল জিনিস হতে পারে সেটা যদি গ্রামে গঞ্জে মানুষের কাছে ছড়িয়ে দিতে পারেন—যেমন আজকে মুখ্যমন্ত্রী বিভিন্ন সভা করে বলে বেড়াচ্ছেন যে বন্যাত্রানে দলবাজী হয়নি সেই রকম বিভিন্ন সভা করে সমবায় আন্দোলনের মাধ্যমে, ভূমি ব্যাঙ্কের মাধ্যমে গোটা চাষীদের জীবন যাতে পাল্টে দেওয়া যায়, সত্যিকারের সবুজ বিপ্লব পশ্চিমবাংলায় আনা যায়, সেই ধরণের উদ্যোগ রেডিও'র মাধ্যমে দু একটা বক্তৃতা করা ছাড়া আমরা কিছু শুনতে পাইনি। সেই জন্য আমি ভক্তিবাবুকে আরও অনুরোধ করবো, এই বিল এনেছেন ভাল কথা, এর মাধ্যমে যদি কাজ হয় ভাল, কিন্তু আপনি একা হয়তো পারবেন না, আপনাদের যাঁরা সদস্য আছেন, যদি প্রয়োজন মনে করেন আমাদেরও সহযোগিতা নিতে পারেন, আমরা সহযোগিতা করবো। আপনাদের মন্ত্রী সভার যাঁরা আরও সিনিয়ার মেমবার আছেন, তাঁদের সঙ্গে নিয়ে একটা আন্দোলন গড়ে তোলবার চেষ্টা করুন। এটাই হচ্ছে সমবায় আন্দোলন, এটাকে যদি আন্দোলনের পর্য্যায়ে নিয়ে যেতে চান আপনারা আন্দোলন কি করে করতে হয় খুব ভাল ভাবে জানেন, আপনাদের বলতে হবে না, সেই আন্দোলনে যদি পশ্চিমবাংলার মানুষকে জড়াতে না পারেন তাহলে ভূমি উন্নয়নই বলুন, স্বল্প মেয়াদী বলুন, মধ্য মেয়াদী বলুন, এটাকে আপনারা সাফল্যমণ্ডিত করতে পারবেন না। আপনি একটা পরিসংখ্যান বক্তৃতার প্রথমে দিলেন, আপনারা অগ্রগতি করেছেন, যদি অগ্রগতি হয়ে থাকে তাহলে নিশ্চয়ই আমরা আনন্দিত, অগ্রগতি আরও হোক এটা আমরা চাই, কিন্তু আমরা জানি যে পশ্চিমবাংলায় সমবায় আন্দোলন এখনও পর্য্যন্ত সাফল্যমণ্ডিত হয়নি। আমরা এই কথাও বলবো না যে আমরা যখন সরকারে ছিলাম আমরা একেবারে সাফল্যমণ্ডিত করে খুব হৈচৈ করে বিরাট সমবায় আন্দোলন পশ্চিমবাংলায়

গড়ে তুলেছিলাম সেই কথা আমি বলবো না। আমরা প্রচণ্ড ভাবে চেষ্টা করেছিলাম, আপ্রান চেষ্টা করেছিলাম এবং আন্তরিক ভাবে চেষ্টা করেছিলাম। কিন্তু যে আইন ১৯৭৩ সালে প্রনয়ন করেছিলাম, সেই আইন প্রনয়ন করতে গিয়ে আমরা অনেব বাধার সম্মুখীন হয়েছিলাম। বহু আন্তর্জাতিক সংস্থা, কেন্দ্রীয় সরকার এর মন্ত্রীরা, তারা আমাদের উপর ঝাঁপিয়ে পড়েছিলেন—এই সমবায় আন্দোলন হচ্ছে জনসাধারণের আন্দোলন এতে স্বাধীনতা থাকবে, এত কড়াকড়ি আইন কেন রচনা করতে গেলেন। তার উত্তরে আমরা বলেছিলাম যখন মানুষের অসুখ হয় তখন তাকে কড়া দাওয়াই দিতে হয়, পরে শিথিল করা যাবে এবং কিছু কিছু আইন পাঁচ বছর পরে শিথিল করেছিলাম এবং দেখা গেল তার সুফল পশ্চিমবাংলায় হয়েছে স্বল্প মেয়াদী ঋণের ক্ষেত্রে। ১৯৭২ সালে অনাদায়ী টাকা ছিল শতকরা ৮০ ভাগ অর্থাৎ যে টাকা চাষীরা স্বল্প মেয়াদী ঋণের ক্ষেত্রে চাষীরা নিয়েছিলেন তার ৮০ ভাগ চাষীরা ফেরত দিতেন না।

[4-10—4-20 P.M.]

তখন সারা পশ্চিমবাংলায় ঋণ দেওয়ার পরিমান স্বল্প মেয়াদী ঋণের ক্ষেত্রে ৪ কোটি টাকায় পৌঁছেছিল। তারপর এই সমস্ত আইন কানুন পরিবর্ত্তন করে কিছু কিছু স্ট্রং মেজার নেওয়ার পরে ক্রমশঃ বাড়তে বাড়তে ৪৫ থেকে ৫০ কোটি টাকায় পৌঁছেছিল। এটা ১৯৭৬ সালে শেষের দিকে। আমি যতদূর জানি, ৮০ কোটি টাকার পরিকল্পনা আছে কতখানি হয়েছে জানি না। আমি আশা করবো, আপনারা টাগেটে পৌঁছতে পারবেন। এটা আন্দোলন হিসাবে গড়ে তোলার প্রয়োজন আছে বলে মনে করছি। এবং সেইদিকে এই সরকার অগ্রসর হচ্ছেন বলে আমি মনে করতে পারছি না। আমি আর একটি অনুরোধ করবো যে, আপনারা সমবায় অন্দোলনকে রাজনীতির উর্দ্ধে রাখবার চেষ্টা করবেন কেননা এটাকে রাজনীতির উর্দ্ধে রাখাই উচিত। আপনার যেমন অন্যান্য বিষয়ে জনমত গড়ে তোলার চেষ্টা করেছেন ঠিক তেমনই সমবায় আন্দোলনকে রাজনীতির উর্দ্ধে গড়ে তুলুন। আমরা যখন ছিলাম তখন এটাকে যাতে রাজনীতির উর্দ্ধে রাখা যায় তারজন্য আমরা চেষ্টা করেছিলাম। আমি আশা করি আপনারা সেই রীতি বাঁচিয়ে রাখবেন এবং শুধু কংগ্রেসের একজন লোক কোন ব্যাঙ্কের চেয়ারম্যান হয়ে আছে বলে তাঁকে সুপারসীড করবেন না, একে রাজনীতির উর্দ্ধে রেখে এই আন্দোলনকে এগিয়ে নিয়ে যাবার জন্য চেষ্টা করবেন নতুবা সবুজ বিপ্লব করা সম্ভব নয় স্বল্প মেয়াদী ঋণের

ক্ষেত্রে কিংবা দীর্ঘ মেয়াদী ঋণের ক্ষেত্রে। এই কথা বলে এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীপান্নালাল মাঝি:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের সমবায় মন্ত্রী যে বিল এনেছেন তাকে সমর্থন করছি এবং এই প্রসঙ্গে কয়েকটি কথা বলছি। আজকে সব জায়গা থেকে শোনা যাচ্ছে যে, পশ্চিমবাংলার সমবায় খুব একটা সাফল্য লাভ করেনি এবং পিছিয়ে আছে, কার্যপোযোগী হয়নি। এটা কিন্তু বাস্তব ঘটনা। আমাদের আগে যে সরকার ছিলেন এবং সেই সরকারের যিনি মন্ত্রী ছিলেন তিনিও এই কথা স্বীকার করেছেন। আজকে এই কথা শুনছি যে, সমবায় আন্দোলনকে রাজনীতিব উর্দ্ধে রাখা উচিত এবং আরোও যেটা অতীশবাবু বললেন সেটা হচ্ছে যে গভীর নলকূপ ইত্যাদির ব্যাপারে কৃষকদের কোন রকম আগ্রহ দেখা যাচ্ছে না অতএব আগ্রহ যাতে সৃষ্টি হয় তারজন্য আমাদের কিছু করতে বললেন। আমরা নিশ্চয়ই এই বিষয়ে চেষ্টা করবো কেননা আমাদের বামফ্রন্ট সরকারের লক্ষ হচ্ছে নিচের তলার যে সমস্ত গরীব মানুষ আছেন তাঁরা যাতে মাথা তুলে দাঁড়াতে পারেন এবং মহাজনের শোষন ও অন্যান্য শোষন থেকে রেহাই পায় তার ব্যবস্থা করা এবং সেই ব্যবস্থা করতে গিয়ে সমবায় ব্যবস্থাকে কাজে লাগানো ও তাকে শক্তিশালী করা এটাই আমাদের লক্ষ্য। কিন্তু মুসকিল হয়ে দাঁড়াচ্ছে যে এটা করা খুবই শক্ত। কারন যে অবস্থার মধ্যে এরা রেখে গেছেন সমবায় অন্দোলনকে আজকে অবশ্য এরা বুঝতে পারছেন তাকে শক্তিশালী করা সত্যিই শক্ত। অতীশবাবু বললেন, কংগ্রেসের লোক ম্যানেজিং কমিটির চেয়ারম্যান হয়ে আছেন, তাঁকে পাল্টাবার চেষ্টা করবেন না। কিন্তু আমার কথা হচ্ছে, চেয়ারম্যান কে রহিল না রহিল সেটা বড় কথা নয়, বড় কথা হচ্ছে তাতে যদি কো-অপারেটিভের কোন রকম উন্নতি না হয়, সেটা যদি সাধারন মানুষের কাজে না লাগে তাহলে তো কিছু হবে না। যার ফলে আজকে সারা ভারতবর্ষের কাছে কো-অপারেটিভের ক্ষেত্রে পশ্চিমবাংলা পশ্চাদপদ অবস্থায় আছে। আপনারা ৩০ বছর ধরে রাজত্ব চালাবেন, সমবায় দপ্তরের দায়িত্ব নেবেন, আন্দোলনের প্রয়োজনীয়তা আছে এটা আপনারা অনুভব করবেন, লোকের আগ্রহ সৃষ্টি করতে হবে এইসব বলবেন অথচ বিরোধীতা করে যাবেন তা তো হবে না। কাজেই যে সমস্ত বাঁধা, বিশৃঙ্খলা রয়েছে তাকে অপসারন করে একটা সুষ্ঠু, একটা সচেতন, দুর্নীতিমুক্ত সমবায় আন্দোলন যাতে তৈরী করা যায় তার চেষ্টা করতে হবে।

সেইজন্য আজকে এই অসুবিধার সম্মুখীন হতে হয়েছে, এই সমবায় ব্যবস্থা

কতখানি যে মানুষের কাজে সাহায্য করে তা বুঝতে গেলে আজকে আমাদের বিভিন্ন গ্রামাঞ্চলে যেসমস্ত সোসাইটি আছে লংটার্ম, শর্টটার্ম রেজিষ্টারে এবং আরও যে সমস্ত ক্রেডিট সোসাইটি আছে তারা সে সম্পর্কে ব্যবস্থা করছেন। একে আরো জোরদার করতে হবে। জোরদার করতে গেলে আমাদের যে জিনিষগুলো বারে বারে বাঁধা সৃষ্টি করছে সেটা হচ্ছে এই ব্যবস্থাপনা, এই ব্যবস্থাপনা প্রতি পদে পদে বাঁধা হয়ে দাঁড়াচ্ছে সকলেই বললেন। অতীশবাবু বললেন যে ওঁরা আইনকানুন সংশোধন করেছেন, কঠোর করেছেন সব কিছুই করেছেন, কিন্তু সেই কঠোরতা সমবায় আন্দোলনকে কতখানি অগ্রগতির দিকে নিয়ে গেছে আমি জানিনা—মনে হয় তা সমবায়ের আন্দোলনের কণ্ঠরোধ করেছে। সাধারণ মানুষের স্বাধীনতা এবং গণতান্ত্রিক ব্যবস্থা তার মধ্যে ছিল না। তার প্রচুর উদাহরণ আছে এবং সেই পটভূমিকায় আমাদের বামফ্রন্ট সরকারকে ব্যবস্থা নিতে হয়েছে। অতীশবাবু বললেন ১৯৭২ সালে, কিন্তু বোধহয় ১৯৭৩ কিম্বা ১৯৭৪ সালে যে আইনটা হয়েছে এখন সেই আইন পরিবর্তনের জন্য বামফ্রন্ট সরকারকে একটা কমিটি করতে হবে। আইন সংশোধনী কমিটি। সেটা পশ্চিমবঙ্গে দরকার। বামফ্রন্ট সরকারের দৃষ্টিভঙ্গী জনগণের উপর কল্যাণের দৃষ্টিভঙ্গী, সেই আইনকানুন সম্পর্কে আলোচনা চলছে এবং কিভাবে সংশোধন করে জনগণের সঙ্গে যোগাযোগ করা যায়। যে সমস্ত প্রতিবন্ধকতা সৃষ্টি করে গেছেন যে সমস্ত অগণতান্ত্রিক ব্যবস্থা রেখে গেছেন এবং আপনাদেরই প্রশ্রয়ে যে সমস্ত দুর্নীতিবাজ, ঐ সমস্ত কায়েমীস্বার্থের লোকেরা সমবায়কে খঞ্জ করে গেছে। সেই আইনটা করে সমবায়ের ক্ষতি হয়েছে, উন্নতি হয়নি। সেজন্য আজকে পশ্চিমবঙ্গে বিশেষ করে বন্যার পরে যে ক্ষয় ক্ষতি হয়েছে সেই ক্ষয় ক্ষতি পূরণের জন্য এই ব্যবস্থাগুলি করছেন আমাদের বামফ্রন্ট সরকার। শুধু তাই নয়, প্রগতিশীল সংশোধনী আইন যা করবার আমরাই করেছি যখন আমরা যুক্তফ্রন্ট সরকারে ছিলাম তখন থেকে। আগে আইন ছিল চাষীরা লোন নেবেন ৯০ পারসেন্ট পরিশোধ করে দিতে হবে তা না হলে কোন মেম্বার আর লোন পাবে না। যে সমস্ত ডিফলটার মেম্বার তারা লোন শোধ না করলে লোন পাবে না। যার ফলে বহু সোসাইটির মেম্বার লোন পেতেন না। কয়েকজন মুষ্টিমেয় জোতদার হাজার হাজার টাকা কবজা করে রাখত। কিন্তু ১৯৬৯ সালে আমরা করেছিলাম যে লোন পরিশোধ করবে সেই লোন পাবে এবং সেই থেকেই এই জিনিষটা চালু হয়েছে। অতএব আজকে আরো ব্যবস্থা করা দরকার—আজকে লং টার্ম রেজিষ্ট্রেশনে যেটা আছে রেজিষ্ট্রেশনের কোয়েশচেন যেটা আছে যা ৬ মাস আগে ছিল তাকে আর ১ বছরে নেওয়া যাবে না।

[4-20—4-30 P.M.]

সেটাকে মিউটিসানে গোলমাল ছিলো এগুলি কমিয়ে আনার চেষ্টা করা হয়েছিল। কিন্তু আইনের জটিলতায় কার্য্যকরী হয়নি। সেজন্য আমরা চাচ্ছি যে আরো সহজ হোক। সুদের ব্যাপারে অনেক প্রতিবন্ধকতা আছে। আমাদের সরকার এবার বাজেটে কমারসিয়াল ব্যাঙ্ক থেকে এবং সঙ্গে সঙ্গে সমবায় ব্যাঙ্ক থেকে গরিব কৃশকরা যাতে লোনের ব্যাপারে সুদের সাবসিডি পায় তার ব্যবস্থা করা হয়েছে। মন্ত্রীমহাশয় বললেন যে সুদ সাড়ে এগারো টাকা করা উচিত। আমার মনে হয় এটা আরো কম করলে মাঝারি চাষীর সুবিধা হবে। বড় বড় জোতদার যারা অনেক টাকা নেয় তাদের ক্ষেত্রে কনসেশান করা ঠিক নয়। সেজন্য আইনের যে পরিবর্ত্তন মন্ত্রীমহাশয় করতে যাচ্ছেন সেটা খুবই প্রয়োজন। এগুলি অবশ্য মাধ্যমিক ব্যবস্থা। যে কমিটি হয়েছে তারা সবটা কনসিডার করছেন। ১৯৭৩-৭৪ সালে ডিসট্রিকট কো-অপরেটিভ ইউনিয়ান ও আরো যে সমস্ত ফেডারেশান আছে তারা এর অগনতান্ত্রিক ধারাগুলি সংশোধনী দেবার চেষ্টা করেছিলেন। কিন্তু তা গ্রহণ না করে রাতারাতি তারা সমস্ত পরিবর্ত্তন করেন যেটা তারা শ্রেণী স্বার্থে করেছেন। আমরা কিন্তু সারা পঃ বাংলার কাগজে বিজ্ঞাপন দিয়েছি ও রেডিওতে বলেছি যে যার যা সাজেসান আছে আমাদের কাছে পাঠান। যা হোক মন্ত্রী মহাশয় যে সংশোধনী এনেছেন তাকে সমর্থন করছি এবং এই বিল পাশ করবার জন্য সকলকে অনুরোধ করছি।

**শ্রীসরল দেব ঃ** স্যার আপনার মাধ্যমে আমি এই সংশোধনী বিল সমর্থন করছি। অতীশ বাবু বললেন যে কংগ্রেস পরিচালিত সমবায় সমিতিগুলিকে অপসারিত করবার জন্য এই বিল এসেছে। আমি বলতে চাই যে নির্বাচনের মেয়াদ উর্ত্তীর্ণ হবার পরও নির্বাচন হয় না। ষ্টেট কো-অপরেটিভ ব্যাঙ্কের সহ সভাপতি অজিত সাহা মুজিব ভ্রাতার ১৪ তারিখে মারা যাবার পর ২০ তারিখে তাদের নামে যে একাউন্ট ছিলো সেই টাকা তারা তুলে নিলেন। এই রকম বহু অভিযোগ আছে। সেজন্য বলছি বিলের উদ্দেশ্য মহৎ। আমাদের দেশ কেন সমবায় আন্দোলনে পাঞ্জাব ও হরিয়ানা থেকে পিছিয়ে আছে সেটা জানা দরকার। কংগ্রেস সরকার তো এতকাল ছিলো। তাঁদেরই এখন আত্ম সমালোচনা করা উচিত। এর আগে একটা সংশোধনী এনেছিলেন তাতে ছিলো যে সমবায় সমিতি ঋণ পরিশোধ করবে তারা ঋণ পাবে। আমরা বলছি বর্গাদার প্রান্তিক চাষী তারাও ঋণ পাবে। কিন্তু এই বিলের রূপ যাঁরা দেবেন সেই অফিসারদের প্রতি আমাদের সন্দেহ আছে।

আমরা দেখছি যে বনগাঁ সেন্ট্রাল ফিসারী কোঃ অপরেটিভ সোসাইটি সেখানে সরকার একজন নমিনি পাঠিয়েছিলেন। সেই একজিকিউটিভ অফিসার বিজয় ব্যানার্জি মাসের পর মাস কোন মিটিং ডাকেন না। কংগ্রেস পরিচালিত তন্তু বায় সমিতি অনেক টাকা আত্মসাৎ করেছে। সেখানে এডমিনিষ্টেটার নিয়োগ করা হলো কিন্তু সে কারখানার কি হলো? সেখানকার ৭০ জন শ্রমিক পরিবার অনাহারে মারা যাচ্ছে। সেজন্য আমি বলছি শুধু বিল সংশোধন করার মধ্য দিয়েই সমবায় আন্দোলনের অগ্রগতি হবে না যদি না আমরা প্রান্তিক চাষী মাঝারী চাষীদের উদ্বুদ্ধ করতে পারি। আমাদের সমবায় আন্দোলন এখানে মূলতঃ সীমাবদ্ধ ছিলো জোতদারদের মধ্যে। সেজন্য বলছি যে সমবায় আন্দোলনে উৎসাহ সৃষ্টি করার কাজ সরকারী অফিসারদের নিয়ে হবে না, সরকারী সদস্য যারা আছেন তাঁদেরই গ্রামে গিয়ে বর্গা চাষীদের উদ্বুদ্ধ করতে হবে। এই কাজ না করতে পারলে কিছু হবে না। নব-বারাকপুর সমবায় সমিতিতে বছরের পর বছর ধরে নির্বাচন হচ্ছে না। সেজন্য এই বিলের উদ্দেশ্য বলা আছে পশ্চিমবঙ্গে অনেকক্ষেত্রে সমবায় সমিতিগুলির পরিচালন কমিটি পুর্ণগঠন করিবার জন্য ঐ সমিতিগুলির সংবিধিবদ্ধ বাৎসরিক সাধারণ সভা, কখনও কখনও ইচ্ছাকৃতভাবে যথাসময়ে অনুষ্ঠিত করা হইতেছে না।

**শ্রীবীরেন মৈত্র ঃ** এটা কোন বিলের উপর আলোচনা হচ্ছে?

**শ্রীসরল দেব ঃ** সর্ট টার্ম ও লং টার্ম লোনের পরিমাণ এই সরকারের সময় বাড়ান হয়েছে। সুদের পরিমাণ সাড়ে এগার কম করা যায় কি না সেটা দেখবার জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। এই বলে বিলকে সমর্থন করে আমি শেষ করছি।

[4-30—4-40 P.M.]

**Srimati Renu Leena Subba :** मान्यवर अध्यक्ष महोदय, आज यहाँ पर जो विल संशोधित हो रहा है, वह संशोधन वास्तव में बहुत ही अच्छा है। लेकिन मुझे विश्वास नहीं होता है कि इस संशोधन के द्वारा सारे को-आपरेटिभ के कार्य सफल हो जाँयगे। हम ऐसा कहभी नहीं सकती। लेकिन को-आपरेटिभ सफल बनाने के संबंध में इस विल को संशोधित करना बहुत जरूरी था। देखा जाता है कि कागज में लिखा गया नियम वगैरह बहुत ही अच्छा है। देखने में ऐसा लगता है कि सचमुच गरीव जनता और गरीव किसान जो हमारे देश में है, उनकी उन्नती हो जायगी। पर वास्तव में को-आपरेटिभ में भ्रष्टाचार देखा जाता है। उसके जो नियम है, उनका उल्लंघन किया जाता है।

इस तरह के हमें अनके उदाहरण देखने को मिले है। कालिपोंग के संबंध में मैं कई उदाहरण दे सकती है और आशा करती है कि ऐसा सारे पश्चिम बंगाल में होता होगा।

जब कृषक सार्ट लोन—अल्प मियादी लोन लेता है खेती करने के लिए—कुछ फस्लें लगाने के लिए तो ड्राट वगैरह हो जाने के कारण वे किसान लोन अदा नहीं कर पादे है। हमारे इलाके कालिपोंग में तो बहुत से गरीव किसान है, और मैं तो कहुँगी कि सारे पश्चिम बंगाल में वहुत से गरीव किसान है। हमारें इलाके में तो गरीव किसान हैंही, साथही वहाँ लैण्डस्लाड भी होता है, जिससे आरेन्ज-जि-जार और कारडमम आदि की फस्लें नष्ट हो जाती है। इसलिए गरीव किसान खेती करने के लिए जो शार्ट लोन —अल्पमियादी लोन ८ मास के लिए लता है, वह चुकता नहीं कर सकता है।

पहले तो भूतपूर्व कांग्रेसी शासन काल में ऐसा होता था कि गरीव किसानों के लोन अदा न करने पर पुलिस की सहायता से उनकी फस्लें उठा ले जाते थे। इतना ही नहीं उनके घर के सामान और जिन्स-पत्र तथा पशुओं को भी ले जाते थे। कभी कभी तो ऐमा देखा गया है कि उनके घर के छप्परों को भी पुलिस की सहायता से वैंक के कर्मचारी उठवा ले जाते थे। अब नई सरकार का गठन हुंआ है, आशा करती हुँ कि यह सरकार पश्चिम बंगाल और विशेषकर हमारे इलाके पर अवश्य ध्यान देगी। साथ ही मेरा मंत्रीं महोदय से निवेदन है कि गरीब किसान लोगों के उपर जो लोन बकाया है, वे इतने कम समय में फस्लों के माध्यम से दे नहीं सकते है। इसलिए मेरा सुआव है कि उसका लोन—सूद माफ कर देना चाहिए। हमारे ही इलाके का नहीं वल्की सारे पश्चिम बंगाल में ऐसा होना चाहिए।

पश्चिम बंगाल के वहुत से इलाके में फ्लड हो जाता है, ड्राट हो जाता है, इसलिए गरीब किसान बैंक का लोद नहीं दे पाते है। हमारे इलाका कालिपोंग में लैण्डस्लाड हो जाता

है, इसलिए वहाँ आरेंज, जिन्जार और कारडमम की खेती नष्ट हो जाती है। इसलिए किसान विवश हो कर जब को-आपरेटिभ बैंक में लोन के लिए जाता है तो बैंक के कर्मचारी उनके साथ ठीक से व्यवहार नहीं करते है और लोन देने में उनको हैरान करते हैं। लाचार हो कर गरीब लोग और गरीब हो जाते हैं। बाइलाज में लिखा गया है कि कृषि फैसिलिटीज के लिए लोन दिया जायगा ताकि फस्लों को किसान उगा सके। फस्ले तैयार होने पर सिर्फ ५० परसेन्ट को-आपरेटिभ लोन उठा सकती है। लेकिन पुलिस की सहायता लेकर बैंक के कर्मचारी घर घर में जाते हैं और जोर-जुल्म लोन आदाय के लिए करते है। मैं अपने इलाके के वारे में डि० जि० और चेयरमैन को फोन पर

कहा कि हमारे इलाके से पुलिस को वियड्रा कर लीजिए हमारे इलाके में जव ऐसा होता है तो मैं समझती हुँ, पश्चिम बंगाल के और इलाकों मं भी ऐसा ही होता होगा। इसलिए मैं संश्लिष्ट मंत्री महोदय से निवेदन करती हुँ कि आगर आप सचमुच गरीब लोगों का उद्धार करना चाहते हैं—उनकी उन्नति करना चहते हैं तो यह सिस्टम बन्द कर दीजिए। ऐसी व्यवस्था कीजिए कि गरीब किसानो की उन्नति हो सके और वे सुविधा के मुताविक लोन भी आदा कर सकें।

लोन न देने पर को-आपरेटिभ से नोटिस आती है कि लैण्ड जव्त हो जायगा। ऐसी नोटिशें बहुत जगहों में आई हैं। इसलिए मेरा निवेदन है कि अगर आप सचमुच में गरीब लोगों की उन्ननि करना चाहते हैं तो इन्कुयारी कीजिए। जगह जगह जाइए—खोज खबर लिजिए। क्या क्या अव्यवस्थायें हैं, को-आपरेटिभ ठीक से काम कर रही है या नहीं उसको देखिए। मैं समझती हुँ कि इस तरह से अगर आप ध्यान दें तो गरीब लोगों का अवश्य उद्धार हो जायगा।

मैं बड़े साहस के साथ कहती हुँ कि गाँव गाँब में सी० पी० एम० के मेम्बर कहते हैं कि तुमलोग सी० पी० एम० के मेम्बर बन जाओ, तब तुमलोगों को आसानी से लोन मिलेगा। को-आपरेटिभ से लीन मिलने में कोई परेशानी नही होगी। उन लोगों से यह पार्टी चन्दा भी उठाती है। यह झूठी वात नहीं है। अगर इस घटना का पता लगाना चाहें तो हमारे कालिपोंग के इलाके में इन्कुयारी कर सकते हैं। इसकी सत्यता प्रभावित हो जायगी।

ऐसा लगता है कि की-आपरेटिभ से लोन देकर गरीबों को और गरीव वनाया जा रहा है। भ्रष्टाचार का साम्राज्य फैलाया जा रहा है। अगर भ्रष्टाचार को नहीं रोका गया तो कभी भी गरीबों की उन्नती नहीं हो सकेगी—उनका जीवन कभी भी आगे नहीं बढ़ सकेगा। को-आपरेटिभ के लोन का सूदभी वहुत ज्यादा है। क्यों कि रीजर्व बैंक से डाइरेक्ट लोन बैंक को नहीं मिलता है। इसलिए यह पद्धति चालू हीना चाहिए कि डाइरेक्ट लोन बैंक को मिले। इससे शायद लोन में किफायत होगी। इसलिए आज जो यह संशोधन लाया गया है, मैं आपनी पार्टी की तरफ से इसका समर्थन करती हुँ। और आशा करती हुं कि संशोधन करने के वाद को-आपरेटिभ की व्यवस्था में सुधार होगा और को-आपरेटिभ सुचारू रूपसे चलेगी। को-आपरेटिभ को प्रचार का माध्यम नहीं वनाना चाहिए। इसके लिए इन्कुैयारी करनी चाहिए। जगह जगह जाकर इन्कुयारी करनी चाहिए कि को-आपरेटिभ का काम कैसा चल रहा है ? को-आपरेटिभ से गरीब फायदा उठा रहे हैं या नहीं ? हमारे इलाके में तो ऐसा हुआ है, मैं आशा करती हूं कि बंगाल के

और इलाके में भी ऐसा हुआ होगा—गरीबों के नाम पर धनी लोग को-आपरेटिभ से लोग ले लेते हैं और अधिक धनी हो जाते हैं तथा गरीब और अधिक गरीब हो जाते है। इस तरह से को-आपरेटिड से धनी लोग फायदा उठा रहे हैं। गरीबों के लिए को-आपरेटिभ है किन्तु इनको लाभ के वदले नुकशान होता है।

पहले की गवर्नमेन्ट—कांग्रेस गवर्नमेन्ट के एक मंत्री ने को-आपरेटिभ से १२ लाख रुपया ले लिया था। इनका नाम गजेन्द्र गुरुंग है। इन्होंने ट्रक-वस-जीप-अम्वेसडर कार खरीदा है जिस पर उनके परिवार के लोग चरकर घूमते हैं। मैं को-आपरेटिभ मिनिस्टर से निवेदन करुंगी कि वे इसकी इन्कुयारी करें। जो पैसा गरीबों को मिलना चाहिए वह इनको कैसे मिला? अगर इसी तरह से को-आपरेटिभ धनिकों की स्वार्थसिद्धि में लागी रही तो समवाय समिति आन्दोलन फेल हो जायगा। ऐसा काम नहीं होना चाहिए।

इसलिए मैं माननीय मंत्रीं से अनुरोध करुँगी कि आप स्वयं इन्कुयारी कीजिए। आपको स्वयं जगह जगह जाकर देखना चाहिए—रिपोर्ट लेना चाहिए कि को-आपरेटिभ का काम कैसा चल रहा है? को-आपरेटिअ बैंक के द्वारा गरीबों में लोन ठीक से वितरण हो रहा है या नहीं—गरीबों को लोन मिला रहा है या नहीं। कहीं को-आपरेटिभ के माध्यम से धनी और अधिक पूँजिपति तो नहीं हो रहा है?

मैं एक वात के लिए और निवेदन करुँगी कि कांग्रेस के शासन में भूतपूर्व मंत्री श्रीगजेन्द्र गुरूंग नेजो को-आपरेटिभ का पैसा मिस यूज किया है, उसके वारे में जल्द से जल्द इन्कुयारी करने की व्यावस्था कीजिए। ऐसा सिर्फ मैं ही नही चाहती हूं—कालिंपोंग की सारी जनता ऐसा चाहती है। उन्होंने १२ लाख रुपया को-आपरेटिभ से लिया है। उससे वस-ट्रक-अम्वेसडर कार खरीदा है। दार्जिलिंग इलाके के सभी लोग इस बात जानते हैं। जव वामफ्रन्ट की सरकार यहाँ पर है, तो इसकी अवश्य इन्कुयारी करनी चाहिए। ताकि कोई भी आदमी पव्लिक का पैसा मिस-यूज न कर सके। अदर ऐसा होता रहेगा तो को-आपरेटिभ आन्दोलन फेल हो जायगा। गरीबों की उन्नति नहीं हो सकेगी।

इसलिए जो संशोधन विधेयक इस सदन के सम्मुख उपस्थित किया गया है, मैं आपनी पार्टी की तरफ से समर्थन करती हूं।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস:** মাননীয় স্পীকার মহাশয়, মন্ত্রীমহাশয় যে বিল উত্থাপন করেছেন সেটা আমি সমর্থন করছি কারণ সমবায় আন্দোলনের ক্ষেত্রে একটা পদক্ষেপ হিসেবেই এই বিলটা পরবর্তীকালে গৃহীত হবে। ভারতবর্ষে এবং

বিশেষকরে পশ্চিমবাংলায় সমবায় আন্দোলনের ক্ষেত্রে যে দুর্বলতা সে সম্পর্কে বিস্তারিতভাবে বলার কিছু নেই কারণ আমরা সেই সমস্ত কারণের কথা জানি। আমাদের সমবায় আন্দোলন বাধাপ্রাপ্ত হচ্ছে যে সমস্ত কারণে তার অন্যতম কারণ হল যে সমস্ত আইন রয়েছে সেই প্রগতি বিরোধী আইনের বেড়াজালে সমবায় আন্দোলনের গতি সঞ্চার হচ্ছে না।

[4-40—4-50 P.M.]

সমবায় আন্দোলনের মধ্যে প্রাণ পাওয়া যাচ্ছে না। এবং এই বিলের মধ্য দিয়ে অন্ততঃ একটা বাধার অপনোদন হচ্ছে, যার ফলে গ্রামের গরীব কৃষকদের গ্রামের ক্ষেতমজুরদের এবং নিম্ন মধ্যবিত্ত মানুষদের ঋণ পাবার ক্ষেত্রে একটু সুবিধা হবে। কিন্তু বিলে গেহান যে কথাটা উল্লেখ করা হয়েছে এটা কিন্তু সকলের কাছেই অপরিচিত। আমি সভার বিশিষ্ট সদস্যদের কাছে জিজ্ঞাসা করেছিলাম, সকলেই কিন্তু এই শব্দটিকে অপরিচিত বলে মনে করছেন। স্বভাবতঃ সভার সদস্যদের নিকট এইশব্দ বললে যদি তাঁরা চমকে উঠেন, তাহলে সাধারণ লোকের কাছে যে এই শব্দটি অপরিচিত হবে এটা ধরে নেওয়া যেতে পারে। তাহলে সাধারণ মানুষ যারা সমবায় ব্যাঙ্কের মাধ্যমে ঋণ নেবে তাদের কি যে অবস্থা হয়ে দাঁড়াবে সেটা একটু ভাবুন। সেজন্য আজকে যদি এর কোন প্রতি শব্দ থেকে থাকে, তাহলে তা ব্যবহার করা দরকার, যাতে মানুষের কাছে সহজে তা পৌছাতে পারে। শুধু তাই নয় এই যে আইনগুলি তৈরী হচ্ছে এগুলি যদি গ্রামের জনসাধারণের কাছে জনপ্রিয় করে তুলতে হয়, গ্রামের সাধারণ মানুষ, মধ্যবিত্ত মানুষের কাছে জনপ্রিয় করে তুলতে হয়, তাহলে এগুলির প্রচার এবং আন্দোলনের দরকার আছে। গ্রামে গ্রামে প্রচার এবং আন্দোলন করার জন্য সমবায় বিভাগের যে মাধ্যম আছে, সেই মাধ্যমটিকে আরও সক্রিয় করতে হবে। জেলা স্তরে ডিষ্ট্রিক্ট কো-অপারেটিভ ইউনিয়ন-এর কাজ হচ্ছে সেমিনারের মাধ্যমে এবং বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে সমবায় আন্দোলনের উপযোগিতা বুঝান এবং সমবায় আন্দোলনকে আরও জনপ্রিয় করে তোলা। কিন্তু এই ডিষ্ট্রিক্ট কো-অপারেটিভ ইউনিয়নের যে আর্থিক সঙ্গতি তা এত কম যে তার ফলে তারা গ্রামের মানুষের কাছে সমবায় সম্বন্ধে প্রয়োজনীয় প্রচার পৌছে দিতে পারে না। গ্রামে যখন কোন মন্ত্রী বা ভি আই পি যান, বিশিষ্ট অতিথি যান, তখন তাঁদের নিয়ে সভা করার দায়িত্ব বর্তায় এই ডিষ্ট্রিক্ট ইউনিয়নের উপর, কিন্তু তাদের অর্থসঙ্গতি এত সামান্য যে এই ধরণের ভি আই পি-দের নিয়ে শহরে বসে অনুষ্ঠান করতেই, তাদের সেই অর্থসঙ্গতী নিঃশেষ হয়ে যায়। সেই কারণে কো-অপারেটিভ সক্রান্ত যে সমস্ত

প্রগতিশীল আইন হয়, সেই আইনগুলি মানুষের কাছে পৌঁছে দেবার জন্য ডিষ্ট্রিক্ট কো-অপারেটিভ ইউনিয়নকে আরও বেশী টাকা বরাদ্দ করতে হবে। কেননা যে সমস্ত প্রগতিশীল সমবায় আইন তৈরি হয় সেগুলি দুর্গত মানুষের কাছে পৌঁছয় না। বিগত দিনে অতীশবাবুদের আমলে যেমন করে কো-অপারেটিভ আন্দোলন পরিচালিত হয়েছে, তাতে কো-অপারেটিভ বাস্তুঘুঘুর বাসায় দুর্নীতির আখড়ায় পরিণত হয়েছে। এই যে অবস্থা তার পরিবর্তন ঘটাতে হবে। ওঁরা একটা কথা বলতেন, কো-অপারেটিভের মধ্য দিয়ে সবুজ বিপ্লব-এর কথা। আমরা কো-অপারেটিভের মধ্য দিয়ে সবুজ বিপ্লব করতে চাই না। কেননা সবুজ বিপ্লবের যে অর্থনীতি কি তার অতীশবাবু বুঝেন। আমরা মার্কসবাদী, লেনিনবাদী অর্থনাতিতে বিশ্বাসী আমরা সবুজ বিপ্লবের মাধ্যমে অর্থনীতিকে পুজিবাদী অর্থনীতিতে রূপান্তরে বিশ্বাসী নই, এতে করে মূল ভুমি অর্থনীতির পরিবর্তন হবে না, তাই সবুজ বিপ্লবের কথা কংগ্রেসী শাসকবর্গরা বলতেন। সেজন্যই তাঁরা সবুজ বিপ্লবের দিকে লক্ষ্য রেখে আইন প্রণয়ন করতেন। অতীশবাবু যেকথা বললেন পাঞ্জাব হরিয়াণার কথা। সেখানে কি হচ্ছে দেখুন। সেখানকার পরিসংখ্যান কি তা আমার স্মরণ আছে। সেখানে আমার মনে পড়ছে, উৎপাদন এত বেশী হওয়া সত্ত্বেও, সমস্ত গম ভারতবর্ষব্যাপী সরবরাহ করা সত্ত্বেও হরিয়াণা এবং পাঞ্জাবে লোকেরা ৪০ পারসেন্ট দারিদ্র সীমার নীচে বাস করে। সবুজ বিপ্লবের যে কি পরিণতি সেটা আমাদের জানা আছে।

আপনারা সেটা চাইতে পারেন। যাহোক, এই বন্যার পরিপ্রেক্ষিতে বলছি যে, সমবায়কে আরও সক্রীয় ভূমিকা নিতে হবে। মাননীয় সদস্য অতীশবাবু বলেছেন, যেখানে কংগ্রেসী সভাপতি আছেন তাঁদের ক্ষেত্রে যেন বাধা সৃষ্টি করা না হয়। আমরা সেটা করছি না। তবে একটা জিনিস দেখেছি যেখানে কংগ্রেসীরা রয়েছে সেখানে দুর্নীতি রয়েছে। শুধু কংগ্রেসী বলে বাতিল করা হয়নি, দেখা গেছে তারা দুর্নীতিগ্রস্ত এবং তাদের পাহাড় প্রমাণ দুর্নীতির ফলে সমবায় সমিতিগুলি মরে গেছে। কাজেই এগুলি নিশ্চয়ই বাতিল করতে হবে এবং তাদের দিকে দৃষ্টি দিতে হবে। পরিশেষে বলতে চাই, আজকে সমবায় আন্দোলনকে প্রসারিত করতে হবে, গ্রামবাংলার মানুষের মধ্যে একে ছড়িয়ে দিতে হবে। গ্রামীণ অর্থনীতিকে সাবলম্বী করবার জন্য, স্বয়ম্ভর করবার জন্য সমবায় আন্দোলনকে প্রসারিত করতে হবে। তবে এই ব্যাপারে ছোটখাট আইনের পরিবর্তন করে আমরা লক্ষ্যে পৌঁছাতে পারব না। আমি মনে করি সমস্ত খোল নলচে পাল্টাতে হবে কারণ এর মধ্যে দুর্নীতি রয়েছে। এই কারণের জন্যই আজ ৩০ বছর পরও আমাদের সমবায় জনপ্রিয় হতে পারেনি। কাজেই ছোটখাট দু-একটি

আইন বদলালে কিছু হবে না, খোল নলচে সব পাল্টাতে হবে এবং যে সমস্ত বাধা রয়েছে তাকে দূর করতে হবে এই আশা রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion that the West Bengal Co-operative Societies (Amendment) Bill, 1978, be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1 to 7 and Preamble**

The question that clauses 1 to 7 and Preamble do atand part of the Bill, was then put and agreed to.

**Shri Bhakti Bhusan Mondal** : Sir, I beg to move that the West Bengal Co-operative Societies (Amendment) Bill, 1978, as settled in the Assembly be passed.

The motion was then put and agreed to.

**The West Bengal Co operative Societies (Second Amendment Bill. 1978**

**Shri Bhakti Bhusan Mandal** : Sir, I beg to introduce the West Bengal Co-operative Societies ( Second Amendment ) Bill, 1978,

( Secretary then read the title of the Bill )

**Shri Bhakti Bhusan Mandal** : Sir, I beg to move that the West Bengal Co-operative Societies ( Second Amendment ) Bill, 1978, be taken in to consideration.

[ 4-50 – 5-00 P.M. ]

মাননীয় অধ্যক্ষ মহোদয়,

আপনি এবং এই সভার সদস্যগণ সম্ভবতঃ অবগত আছেন যে পশ্চিমবঙ্গ সমবায় সমিতি আইন, ১৯৭৩-এর ২১(১) ধারা মতে প্রত্যেক সমবায় সমিতির বছরে অন্ততঃ একবার সাধারণ সভা অনুষ্ঠান করার ব্যবস্থা আছে। এই বার্ষিক সাধারণ সভায় অন্যান্য বিষয়ের মধ্যে পরিচালন কমিটির সভ্য নির্বাচন, আগামী বছরের আয়-ব্যয় ও কার্য্যাবলীর অনুমোদন ও অডিট রিপোর্টের বিবেচনা ইত্যাদি গুরুত্বপূর্ণ কাজ হওয়ার কথা।

সাধারণ সভাই একমাত্র ব্যবস্থা যেখানে সমিতির সাধারণ সভ্যরা সমিতির কাজকর্ম ও পরিচালন কমিটির সভ্যদের ভূমিকা, যোগ্যতা, অযোগ্যতা সম্পর্কিত বিষয়ে

আলোচনা ও মতামত গঠনের সুযোগ পান। পরিচালন কমিটি নির্বাচনের মাধ্যমে পুনর্গঠিত করে অবাঞ্ছিত সভ্যদের সরিয়ে দেন এবং যোগ্যদের নির্বাচিত করেন।

আমরা অভিজ্ঞতা থেকে দেখতে পাই অনেক সমবায় সমিতিতেই পরিচালন কমিটির সভ্যরা তাঁদের গোষ্ঠী ও কায়েমী স্বার্থ রক্ষা করার জন্য দুষ্ট চক্র গড়ে তোলেন। নানারকম কারসাজি করে বছরের পর বছর নির্বাচন না করিয়ে এঁরাই সমিতিকে নিজেদের কুক্ষিগত করে রাখেন। সরকার নির্বাচন করাবার বা দুর্নীতিগ্রস্থ পরিচালন কমিটিকে বাতিল করে প্রশাসক বসাবার চেষ্টা করলে এঁরা আদালত থেকে ইনজাংশন আদায় করে সে চেষ্টার বাধা সৃষ্টি করেন।

আমাদের সরকার ক্ষমতায় আসার পর থেকেই রাজ্যের অন্যান্য ক্ষেত্রের সঙ্গে সমবায় থেকেও দুর্নীতি, কায়েমী স্বার্থ ও গোষ্ঠী স্বার্থকে উচ্ছেদের সংকল্প নিয়েছেন। সমবায়ে গণতান্ত্রিক ব্যবস্থার মধ্য দিয়ে নির্বাচনের মাধ্যমে পরিচালন কমিটি গঠনের সুযোগকে অব্যাহত রাখতে ও সমবায়কে গোষ্ঠী-চক্র ও কায়েমী স্বার্থের হাত থেকে রক্ষা করার জন্য আমি পশ্চিমবঙ্গ সমবায় সমিতি আইন, ১৯৭৩ এ ২১ ধারার পরে ২১ (ক) ধারা সংযোজন করার জন্য প্রস্তাব করছি।

প্রস্তাবিত সংশোধনী আইন অনুসারে কোন শীর্ষ সমিতি, কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক, কেন্দ্রীয় ভূমি উন্নয়ন ব্যাঙ্ক, কেন্দ্রীয় সমিতি, সমবায় ভূমি উন্নয়ন ব্যাঙ্ক অথবা প্রাথমিক সমবায় ব্যাঙ্ক যদি পূর্ববর্তী নির্ব্বাচনের পনের মাসের মধ্যে নূতন পরিচালন কমিটির সভ্যদের নির্বাচন না করে, তা হলে পূর্ব নির্ব্বাচিত কমিটি উক্ত পনের মাস শেষ হবার পরদিন থেকে বাতিল হয়ে যাবে এবং সেই সভ্য-পদগুলি শূণ্য হয়েছে বলে ধরে নেওয়া হবে।

যেখানে সমবায় সমিতির পরিচালন কমিটি এইভাবে বাতিল হবে, সমবায় সমিতি সমূহের নিয়ামক সেই সমিতির কাজ পরিচালনা করার জন্য সরকারী ঘোষণাপত্রে প্রজ্ঞাপন-বলে একজন বিশেষ আধিকারিক নিয়োগ করবেন, যাঁর কাজ হবে পরিচালন কমিটি বাতিলের এক বছরের মধ্যেই নূতন পরিচালন কমিটি গঠন করা।

পশ্চিমবঙ্গে সমবায় আন্দোলনের পরিস্থিতি ও গুরুত্ব অনুযায়ী এই ব্যবস্থা বর্তমানে পূর্বোক্ত ছয় শ্রেণীর সমিতির ক্ষেত্রে নেওয়ার প্রস্তাব করা হয়েছে। প্রয়োজনবোধে অন্যান্য সমিতির ক্ষেত্রেও সেই ব্যবস্থা প্রয়োগ সম্প্রসারিত করা হবে।

আমার দৃঢ় বিশ্বাস, সমবায় আন্দোলনের স্বার্থে সমবায়কে দুর্নীতি, কায়েমী স্বার্থ ও

গোষ্ঠীচক্রের হাত থেকে বাঁচানোর উদ্দেশ্যে প্রস্তাবিত এই সংশোধনী আইনের প্রতি মাননীয় সদস্যগণ দৃঢ় সমর্থন জানাবেন।

আমি বাস্তবক্ষেত্রে ১৬ মাস ধরে দেখেছি সেইজন্য এই আইনটা আপনাদের কাছে আনছি যে এমন অবস্থার সৃষ্টি হয়েছে যে নিজেদের লোকদের ধরিয়ে একটা কেস করিয়ে নিলো বহুদিন ধরে যে কোন সমিতি চালাচ্ছে। আমি কোন রাজনৈতিক দলের কথা বলছি না? আমি এই জন্য বলছি যে এই ব্যাপারে কতগুলি স্বার্থন্বেষী লোক এর মধ্যে ঢুকেছে এবং তারা এই পরিচালক সমিতি থেকে চলে যেতে চায় না। যাতে সুষ্ঠুভাবে এর নির্বাচন পরিচালিত হয়, লোকে যাতে বহু দিন থাকতে না পারে ১৫ মাসের বেশী থাকতে না পারে তার জন্য গণতান্ত্রিক ভাবে এই আইন এনেছি ফর কনসিডারেসন।

**Shri Birendra Kumar Moitra** : Sir, I beg to move that the West Bengal Co-operative Societies (Second Amendment) Bill, 1978 be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th December, 1978.

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয় এই যে ওয়েষ্ট বেঙ্গল কো-অপারেটিভ সোসাইটির ( সেকেণ্ড এমেণ্ডমেন্ট ) বিল, ১৯৭৮ এনেছেন তাকে আমি জনমত সংগ্রহের জন্য যে সংশোধনী এনেছি সেটা আমি মুভ করছি। কারণ সম্বন্ধে বলতে চাচ্ছি এই বিলটি দেখতে খুব ছোট মাত্র দু পাতা মনে হবে কিছুই নয়। আমি নীতিগত ভাবে একমত হতে পারছি না, এর ভাইট্যাল ইস্যুর উপর আমার দ্বিমত আছে। মন্ত্রী মহাশয় এখানে বলেছেন ১৫ মাসের বেশী যাতে থাকতে না পারে তার জন্য তিনি নির্বাচনের ব্যবস্থা করেছেন। আমার বক্তব্য বামফ্রন্ট সরকারের নীতি কি? তাঁরা কি গণতন্ত্র চান না, আমলা তন্ত্র চান এটা পরিষ্কার করে মন্ত্রী মহাশয়কে বলতে হবে। তিনি বলেছেন ১৫ মাসের মধ্যেও ইলেকসন হয়নি এইজন্য তিনি এই বিল এনেছেন। নানা কারণে পশ্চিমবাংলায় কো-অপারেটিভ আন্দোলন পিছিয়ে আছে। আর মহারাষ্ট্রে কেন এমন হয়েছে? মহারাষ্ট্রে ১৯৬৬ সাল থেকে আমাদের কংগ্রেস গভর্ণমেন্ট তার জন্য সুষ্ঠু ব্যবস্থা করেছিল বলে আজকে মহারাষ্ট্রে কো-অপারেটিভ এতো উন্নত হয়েছে। জনসাধারণের নির্বাচিত প্রতিনিধির দ্বারা যাতে সেটা পরিচালিত হয় তার চেষ্টা সেখানে হয়েছে। খুব দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যত মন্ত্রী আমাদের এখানে এই দপ্তরে এসেছেন তাদের হয়তো এতে বিশ্বাস ছিল না কো-অপারেটিভকে শক্ত করার। ডাঃ রায়ের আমলে ইন্দিরা গান্ধী

তখন কংগ্রেস প্রেসিডেন্ট ছিলেন একটা মিটিং হোল আমি তিন মাস কো-অপারেটিভ সম্পর্কে ট্রেনিং নিলাম এবং মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করলাম। নাগপুরে রেজলিউসন নেওয়া হোল কো-অপারেটিভ ফার্মিং করতে হবে—আমি সেই ট্রেনিং নিলাম—ডাঃ রায়ের কাছে গিয়ে বার বার বল্লাম আমি ট্রেনিং নিয়ে এলাম আমি কি করবো? তিনি বল্লেন বাঙ্গালীকে কি কো-অপারেটিভ শিক্ষা দেওয়া যাবে? গ্রামে গিয়ে গ্রামের মানুষদের বোঝাও তোমরা সব আল কেটে দাও তাহলে অনেক জায়গা বেরুবে অনেক ফসল বাড়বে। তারপর আমি আবার এর অর্গানাইজারদের কাছে গেলাম এবং বল্লাম আমাদের মুখ্যমন্ত্রী আমার কথা শুনছে না—আপনারা অন্য একটা মন্ত্রীর কথা ওনাকে বলে দিন আমরা তো বলতে পারবো না। তারপর আর একজন মন্ত্রী হলেন—কিন্তু তাঁরও কো-অপারেটিভে বিশ্বাস ছিল কিনা তা আমি বলতে পারবো সেক্রেটারী নোট দিলেন মিনিষ্টারস ডিসিসন ওয়ানটেড। মিনিষ্টার সহি করে দিলেন এ্যাজ ডিজায়ার্ড। যদি মন্ত্রীর কো-অপারেটিভে বিশ্বাস না থাকে তাহলে জনসাধারণের বিশ্বাস আসবে কি করে? তাদের কো-অপারেটিভে কি করে আনা যাবে এবং তার সুফল হবে কি করে? আজকে এটাই আমাদের প্রথমে ভাবতে হবে। জনতা আন্দোলন করবে না সরকারী কর্মচারী আন্দোলন করবে? আমি জয়নাল সাহেবকে বলেছিলাম আপনি কো-অপারেটিভ হন্তা হবেন না—সমস্ত জিনিসটাকে গভর্ণমেন্টের হাতে নিয়ে আসছেন। জয়নাল সাহেবের ঘরে যখনই যেতাম তিনি বলতেন আপনাদের আমলে কি এমন কো-অপারেটিভ করেছেন আমি দেখুন কত কো-অপারেটিভ করেছি আমার আমলে কত কো-অপারেটিভ হয়েছে।

[ 5-00—5-10 P.M. ]

একেবারে লাফিয়ে লাফিয়ে উঠে গেল। দেখা যাচ্ছে সমস্ত ব্যাপারে কেবল পেপার ট্রানজাক্সান করে উপরে উঠে গেল। ভক্তিবাবু খুব ভদ্রলোক, তিনি আমাদের সকলের খুব প্রিয়, তাঁর কেউ শত্রু আছে বলে মনে হয় না। তিনি দেখছি একেবারে সরকারী কর্মচারীদের হাতে পড়ে গেছেন। তারা তাঁকে যা বোঝাচ্ছেন তিনি তাই বুঝছেন। ১৯৬৭ সালে প্রত্যেক মন্ত্রীর ঘরে গিয়ে আমি দেখেছি তারা বলেছেন খালি চোর ধরতে ধরতেই চলে যাচ্ছে। এর আগে একজন মন্ত্রী ছিলেন, তিনি মারা গেছেন, তাঁর নাম আমি করতে চাই না, তিনি বলেছিলেন রোজ ৫/৬টি করে চোর ধরছি। সমবায়ের সব জায়গায় গিয়ে বলছি চোর ধরতেই সময় চলে যাচ্ছে কিছু করতে পারছি না। এই রকম করলে কি সমবায়ের প্রসার হবে? আমি কো-অপারেটিভ করি, কিন্তু এ্যাকটিভ পার্টে যুক্ত নই। আমি সমবায়ে বিশ্বাস করি।

সমবায়ে সবাই কি চোর ? কাজেই এই চোর চোর কথাটা আমাদের শুনতে বড় লজ্জা লাগছে। জয়ন্তবাবু একটু আগে বললেন সবাই বাস্তু ঘুঘু, আমরা যারা কো-অপারেটিভ করি—এটা কি ঠিক, সকলেই চোর ? এই রকম ভাবে সবাই চুরি করে, সকলেই চোর মন্ত্রী থেকে আরম্ভ করে সকলেই যদি বলতে থাকেন তাহলে কি কো-অপারেটিভ বাড়বে ? কিছুতেই বাড়বে না। আজকে যে কো-অপারেটিভ বিলটি এনেছেন তাতে বলেছেন ১৫ মাসের মধ্যে কো-অপারেটিভ মিটিং যদি না হয় তাহলে এই আইনে বাস্তু ঘুঘুদের তাড়াব—এতে কি বলা হচ্ছে ? ইলেকসান অব মেম্বারস ইন দি ম্যানেজিং কমিটি—এ মেম্বার স্যাল সিজ টু হোল্ড অফিস ইফ হি রিজাইনস ইত্যাদি ইত্যাদি বলা আছে। এর সঙ্গে যদি একটি ধারা যোগ করে দেওয়া যেত যে ১৫ মাসের মধ্যে না হলে সে আর মেম্বার থাকতে পারবে না – এটাই কি যথেষ্ট হত না ? তার জন্য এই বিলটা আনতে হবে ? ওয়ান থার্ড মেম্বার অব দি ম্যানেজিং কমিটি রিটায়ার তো করেই যাচ্ছে। ওয়ান থার্ড মেম্বারস রিটায়ার করলে মিটিং তো হল না। তারা যা করলেন রামের দোষ শ্যামের ঘাড়ে চাপিয়ে দিলেন। বহু জায়গায় এই রকম হয়েছে। আপনি এই যে এটা করলেন, কেন করলেন ? আমার থাকার অধিকার আছে আমি থাকতে পারব না ? ১৫ মাসের মধ্যে যদি মিটিং না করে তাহলে রেজিষ্টারের মিটিং ডাকার ক্ষমতা আছে। কেন সেই ক্ষমতা ব্যবহার করবেন না ? অফিসার এক বছরে কতদিন মিটিং করবে ? ৩ মাসের মধ্যে রেজিষ্ট্রারারের পাওয়ার আছে মিটিং করতে পারে। ১ বছরে কটা মিটিং করে ? তার মানে আপনি সরকারী কর্মচারীদের হাতে যেতে চান। সরকারী কর্মচারীরা করলে ভাল চলবে ? ভাল চলছে ? অনেক কিছু উদাহরণ দিয়ে আমি দেখাতে পারি—মালদহ রাইস মিলে কি হয়েছে ? ম্যাংগো প্রসেসিং সোসাইটির অবস্থা এমন হল কেন ? ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট তো চেয়ারম্যান, সরকারী অফিসার, একজিকিউটিভ অফিসার সবই তো ছিল বিকিয়ে গেল কেন ? সরকারী কর্মচারীরা যদি সব কিছুই করতে পারে তাহলে এইগুলি বিকোচ্ছে কেন ? আমি এইভাবে আরো অনেক কিছু দেখাতে পারি যেগুলি ডুবে যাচ্ছে। সরকারী কর্মচারীদের একটা মিটিং করতে এক বছরের বেশী সময় লাগে। নানা রকম ফরম্যালিটিজ আছে মিটিং ডাকার। সেইসব করে তারপরে মিটিং করতে হয়। কাজেই মিটিং করতে সময় অনেক বেশী লাগে। তারপরে বলছেন কি প্রপার্টি অব দি কো-অপারেটিভ সোসাইটি স্যাল বি ভেষ্টেড উইথ দি রেজিষ্ট্রারার—হোয়াই ? তারপরে বলছেন রেমুনারেশন অব দি স্পেশাল অফিসার স্যাল বি পেড আউট অব দি ফাণ্ডস অব দি কো-অপারেটিভ সোসাইটি—হোয়াই ? সরকারী কর্মচারীদের তো একটা

বেতন থাকছেই, তারপরে আবার কেন দিতে হবে ? একবার বেতন পাবে সরকারের কাছ থেকে, আর একবার ওদের কাছ থেকে বেতন পাবে—এটা হবে কেন ? ১৮ কোটি টাকা দিচ্ছেন কো-অপারেটিভ চালাবার জন্য। তার মধ্যে এইভাবে টাকা চলে গেলে কতটুকু কাজে লাগানো যাবে। আমরা ভেবেছিলাম আপনি একটি কমপ্রিহেনসিভ বিল আনবেন নতুন আউটলুক নিয়ে এবং গেহান বিল এনেছেন সমর্থন করছি, নিশ্চয় করব।

এই বিলের মাধ্যমে কো-অপারেটিভের মূলে কুঠারাঘাত করা হচ্ছে বলেই আমাদের বিশ্বাস। আপনাদের যদি উদ্দেশ্য হয় যে পুরানো যারা আছেন তাদের কাউকে কো-অপারেটিভ করতে দেবেন না বা জনসাধারণকে কো-অপারেটিভ থেকে তাড়াবেন তাহলে অন্য কথা কিন্তু আমি আপনাদের বলব, এই মুভমেন্ট একটা দলকে দিয়ে হবে না এজন্য সমস্ত লোকদের প্রয়োজন। একটা দলকে নিয়ে বিধানসভা চালানো যায় কিন্তু একটা গ্রামের কিছু লোককে কো-অপারেটিভে নেবেন, কিছু লোককে বাদ দেবেন তা করলে কো-অপারেটিভ চলবে না। তারপর ওয়ান থার্ডের জন্য সমস্ত ম্যানেজিং কমিটিগুলি যাবে কেন ? এখানে আইনে আছে—৭৪-এর এ্যামেণ্ডমেন্ট আছে। "Provided further that no such step towards immediate dissolution of the State Co-operative Bank, the Central Cooperavive Land Development Bank, any Central Co-operative Bank or such other Co-operative Bank as comes within the purview of part of the Banking Regulation Act, 1949, shall be taken by the State Government without consultation with the bank."

এখানে প্রভিসান অনেকটা করাই আছে। দ্বিতীয়তঃ আপনারা বলছেন যে গেজেট নোটিফিকেশান করবেন রেজিষ্ট্রার। ১৮ মাসের মধ্যে যেখানে নমিনি ঠিক করতে পারছেন না সেখানে এটা কি করে করবেন ভেবে দেখুন। ষ্টেট কো-অপারেটিভ ব্যাংক নিয়েছেন, সেখানে মামলা হয়েছে, সেই মামলাটাই তুলতে পারছেন না। এই যেখানে অবস্থা সেখানে বলছেন সমস্তটা করবেন রেজিষ্ট্রার। রেজিষ্ট্রার পারছেন কি করতে ? তা যদি তিনি না পারেন তাহলে গ্রামের একটা সোসাইটিকে এখান থেকে কেমন করে রেগুলেট করবেন, কিভাবে চালাবেন বুঝতে পারছি না। তারপর বেসিক কথা যেটা সেটা হচ্ছে, এই রেজিষ্ট্রারের পাওয়ারটা ব্যবহার করবে কে ? ধরুন একটা লোক মামলা করলো এবং তার ফলে মিটিং হল না তাহলে কি সমস্তটা বাতিল হয়ে যাবে ? তারপর রেজিষ্ট্রারের ক্ষমতা এ্যাসিসটেন্ট রেজিষ্টার—আমি মালদহজেলার

একটি সোসাইটি সম্পর্কে লিখেছিলাম, তাদের সেন্ট পারসেন্ট কালেকসান, ম্যানেজার ভাল কাজ করছে, কেউ এসে বলছে না সেটা খারাপ, সেটাকে বাতিল করতে হবে, সেখানে প্রথম নোটিশ দিলেন এ্যাসিসটেন্ট রেজিষ্ট্রার, এ্যাসিস্টেন্ট রেজিষ্ট্রার কোন প্রাইমারী সোসাইটিকে বা ম্যানেজারকে নোটিশ দিতে পারেন না। আমি বললাম রেজিষ্ট্রারকে যে আপনি একটা মিটিং করিয়ে দিন, উনি বলে এলেন কিন্তু মিটিং হল না। তারপর যিনি ইন্সপেক্টার হয়ে এসেছেন তিনি নোটিশ দিলেন। সেই সোসাইটির নাম হচ্ছে "গঙ্গাদেবী সমবায় কৃষি উন্নয়ন সমিতি।" সেখানে রেজিষ্ট্রারকে বললাম জেনারেল মিটিং-এর কথা কিন্তু তা হল না এবং তা না হয়ে সেখানে ইন্সপেক্টার মেমো নং ওয়ানে তাকে ডিসচার্জ করলেন। কাজেই এই অবস্থায় আজকে আমরা এই বিল পাশ করে সমস্ত ক্ষমতা সরকারী কর্মচারীদের হাতে তুলে দেব এটা হতে পারে না। আমি সেইজন্য নীতিগত কারণে এর বিরোধিতা করছি এবং অনুরোধ করছি এই বিলটি জনমত সংগ্রহের জন্য পাঠানো হোক। আজকে বাস্তুঘুঘুরা দূর হোক এটা আমরাও চাই কিন্তু আপনি তা করতে পারবেন না। সেখানে ২২৬ হবে এবং তা হতে কোন বাধা নেই। তারপর বড় বড় সোসাইটিগুলি হয়ত পারবে কিন্তু ছোট ছোট সোসাইটিগুলিকে যদি সরকারী কর্মচারীদের বেতন দিতে হয় তাহলে তাদের যেটুকু সঞ্চয় আছে তা শেষ হয়ে যাবে। এইসব কথা চিন্তা করে আমি এটাকে সার্কুলেশানে দেবার জন্য অনুরোধ করছি। সকলকে নিয়ে বসে আলাপ আলোচনা করে কিভাবে ভালভাবে বিল আনা যায় সেটাকে চিন্তা করতে বলছি। আপনারা সংখ্যায় বেশী আছেন, সংখ্যাগরিষ্ঠের জোরে যদি আপনারা পাশ করাতে চান তাহলে পাশ করিয়ে নিন আমাদের বলার কিছু নেই কিন্তু আমরা কখনও বলতে পারবো না যে এটাকে আমরা আমলাতন্ত্রের হাতে তুলে দিলাম। পরিশেষে আমি বলব, যদি আপনারা একান্তই পাশ করাতে চান তাহলে এখানে এক বছরের বেশী টাইমটা রাখবেন না কারণ তা হলে জনসাধারণ কো-অপারেটিভ থেকে বিচ্ছিন্ন হয়ে যাবেন এবং সেখানে একজনের মর্জির উপর সব কিছু নির্ভর করবে। তারপর আপনাদের এত অফিসার নেই যে সব জায়গায় অফিসার দিতে পারবেন। এইসব কথা চিন্তা করে কিভাবে সমস্যার সমাধান করা যায় সেগুলি চিন্তা করার জন্য আপনাকে অনুরোধ করছি এবং এই বিলটাকে সার্কুলেশানে দেবার জন্য অনুরোধ করছি। আমি আমার সার্কুলেশান মোশান মুভ করছি।

[ 5-10—5-20 P. M. ]

**শ্রীভোলানাথ সেন:** অন এ পয়েন্ট অব পার্সন্যাল এক্সপ্ল্যানেশন, স্যার, আমি আজকে কাগজে দেখলাম—

**শ্রীআব্দুল হাসিম হালিম ঃ** অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, উনি এইভাবে বিল চলা কালীন বলতে পারেন না বিলটা শেষ হলে বলবেন।

**শ্রীভোলানাথ সেন ঃ** স্পীকার আমাকে বলতে এ্যালাও করেছেন।

**মিঃ স্পীকার ঃ** আপনি বিলটা শেষ হলে বলবেন।

**শ্রীভোলানাথ সেন ঃ** আপনি প্রথমে আমাকে পার্সন্যাল এক্সপ্ল্যানেশনের উপর বলতে এ্যালাও করলেন তারপর জুডিশিয়্যাল মিনিষ্টার পয়েন্ট অব অর্ডার তোলার পর আমি আর বলতে পারবো না? জুডিশিয়্যাল মিনিস্টার এই ভাবে যদি আইন ভাঙ্গেন তাহলে দেশের কি অবস্থা হবে?

( গোলমাল

**শ্রীআব্দুল হাসিম হালিম ঃ** আইন আমি ভাঙ্গিনি, আপনি ভুল করতে যাচ্ছিলেন, সেটা আমি ঠিক করে দিয়েছি।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** অন এ পয়েন্ট অব প্রিভিলেজ, চেয়ার থেকে আপনি রুলিং দিলেন, তারপর যদি বিচারমন্ত্রী বলার পর আপনার ঐ রুলিং চেঞ্জ হয়ে যায় তাহলে রেসপেক্ট টুওয়ার্ডস দি চেয়ার কতক্ষণ আমরা মেনটেন করবো? হাউ লং উই উইল মেনটেন দি সেন্স অব প্রেষ্টিজ এ্যাণ্ড ডিগনিটি টু দি চেয়ার? এই রুলিং আপনি চেঞ্জ করবেন না। দ্যাট রুলিং মাষ্ট বি মেনটেণ্ড ফার্স্ট। আপনি আমাদের প্রটেক্সন না দিয়ে—ইন্সটিড অব গিভিং আস এনি প্রটেক্সন, মিনিস্টারের কথায় আপনি আপনার রুলিং চেঞ্জ করছেন।

**মিঃ স্পীকার ঃ** উনি আমার দৃষ্টি আকর্ষণ করে বলেছেন যে একটা বিল নিয়ে আলোচনা যখন চলছে তখন সেটা বাঁধা দেওয়া উচিত নয় এবং আমি তার কথাকে এ্যাকসেপ্ট করেছি।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** আপনি মিঃ সেনকে বলার পারমিসান দিলেন কেন?

**মিঃ স্পীকার ঃ** হ্যাঁ, আমি পারমিসান দিয়েছিলাম কিন্তু সেটা কি সংশোধন করা যাবে না? ভুল তো হতেই পারে।

**শ্রীসুনীতি চট্টোরাজ ঃ** স্যার দি ওয়েষ্ট বেঙ্গল কো-অপারেটিভ সোসাইটিস ( সেকেণ্ড এ্যামেণ্ডমেন্ট ) বিল, ১৯৭৮ যেটা মাননীয় মন্ত্রী মহাশয় এনেছেন সেটাকে আমি সমর্থন করতে পারছি না এবং বীরেনবাবু যে রেজোলিউসন এনেছেন সেটাকে

সমর্থন করছি। এ্যামেণ্ডমেন্টটা কেন সমর্থন করতে পারছি না—মাননীয় মন্ত্রী মহাশয় একজন আইনজ্ঞ—তাঁকে বোঝাবার চেষ্টা করছি এবং আমার মনে হয় তিনি বুঝতে পারলে উইথড্র করে নেবেন। এই বিলটা কমপ্লিট অগণতান্ত্রিক হয়েছে কি হয়নি— আমি সেই কথায় আসছি। আপনি বলেছেন সেক্সন ২৬ এ্যামেণ্ডমেন্ট করতে চাইছেন—সেখানে অটোমেটিক সুপারসেসন, অটোমেটিক ডিসোলিউসন এটা আপনি ইনডাইরেক্টলি করতে চাচ্ছেন, এটা অগণতান্ত্রিক হচ্ছে কিনা? আফটার ১৫ মান্থস্ য়্যানোয়্যল জেনারাল মিটিং না হলেও তাহলে অটোমেটিক্যালি ডিজল্ভ হয়ে যাবে— সেটা আপনি এ্যামেণ্ড করছেন। মাননীয় মন্ত্রী মহাশয়, আমি একটি অনুরোধ করছি—ওয়েষ্ট বেঙ্গল কো-অপারেটিভ সোসাইটিস য়্যাক্টের সেক্সন ২১ এর ক্লজ ৩ যদি দেখেন তাহলে দেখবেন, আফটার ১৫ মান্থস সেখানে স্পেসিফিক বলা আছে যে On the failure of the Managin Committee of the societies to call the general meeting within the aforesaid period of fifteen months the Registrar shall coll on authorise any of his offlcers to call the general meetins within the specified period. এখানে সেকসন ২১ এর ক্লজ ৩ তে স্পেসিফিক প্রতিকারের ব্যবস্থা আছে। ১৫ মান্থসের মধ্যে যদি মিটিং না ডাকেন তাহলে ১৯৭৩ অ্যাক্টে এর প্রতিকারের ব্যবস্থা আছে। কিন্তু মাননীয় মন্ত্রীমহাশয় তা চাইছেন না কেন? আমার এখানে প্রশ্ন, তাহলে কি রেজিষ্টারের উপর মন্ত্রী মহাশয়ের আস্থা নেই? রেজিষ্টারকে যেখানে সেকসন ২১ এ স্পেসিফিক অথরিটি দেওয়া আছে যে, ১৫ মান্থসের মধ্যে জেনারাল মিটিং না হলে রেজিষ্টার তার প্রতিকারের ব্যবস্থা করবে। তাহলে কি ধরে নেবো যে, রেজিষ্টারের সঙ্গে কোন মিল হচ্ছে না বা রেজিষ্টাররা মন্ত্রী মহাশয়ের কথা শুনছেন না যার জন্য তাদের অধিকারকে খর্ব করার জন্য এবং সেকসন ২১ থাকা সত্ত্বেও একটা অগণতান্ত্রিক বিল নিয়ে এলেন। সেকসন ২৬-এ যেটা অটোমেটিক সুপারসেসনের কথা বলেছেন। যেখানে প্রতিকারের ব্যবস্থার কথা বলা আছে কেন আপনি এ্যমেণ্ড করবেন? আপনি বলেছেন চোর ধরবার জন্য আনোয়াল জেনারেল মিটিং আপনি করছেন—সেক্সন ২৬ এ্যমেণ্ড করতে চাইছেন। আমি অত্যন্ত বিনয়ের সঙ্গে অনুরোধ করছি এবং আমি লক্ষ্য করছি এই কয়েক মাসের মধ্যে চোর সরাতে গিয়ে আপনারা ডাকাত বসাচ্ছেন। তাড়াতাড়ি করবেন না, অগণতান্ত্রিক এ্যমেণ্ডমেন্ট করতে গিয়ে ডাকাত বসাবেন না, এখানে বেশী বলার স্কোপ নেই – আপনি চিন্তা করুন—এ্যামেণ্ডমেন্টের এক জায়গায় বলেছেন, লাষ্ট ক্লজে দেখুন— দি স্পেশাল অফিসার…এখানে লিমিট রেখেছেন - আপনারা পার্টির মনমত লোক বসাবেন? আপনি স্পেসিফিক পিরিওড মেনস্যান করুন। সেকসান ২১ এর প্রভিসনে

যেটা আছে সেটা এ্যামেণ্ডমেণ্ট করার চেষ্টা করবেন না। অটোমেটিক্যালি সুপারসিডস্ অনেক জায়গায় করেছেন—বিশ্ববিদ্যালয় ভেঙ্গেছেন, এখানে ভেঙ্গেছেন, ওখানে ভেঙ্গেছেন, অনেক জায়গায় ভেঙ্গেছেন।

[ 5-20—5-30 P. M. ]

এই অগণতান্ত্রিক কাজ করবেন না। আপনারা ভোটে পাশ করিয়ে নিতে পারবেন, আমরা কয়েকজন মুষ্টিমেয় সভ্য আছি যারা এগেনষ্টে ভোট দোব, পশ্চিমবঙ্গের কতকগুলি মানুষকে আমাদের প্রতিনিধিত্ব করতে হয়। জনগণের এই কো-অপারেটিভ মুভমেণ্টকে আইনের নিষ্ঠুর কষাঘাতে প্রতিহত করে দেবেন না, আপনি ভদ্রলোক, বিনয়ের সঙ্গে এ প্রশ্ন আমি আপনার বিবেকের কাছে করছি এ মুভমেণ্টটা অফিসার, মন্ত্রী বা আমলাদের মুভমেণ্ট নয়। ফিফ্‌থ সিডিউলে কতকগুলি মেনসেন করেছেন—এ্যাপেক্স সোসাইটি, সেণ্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক, সেণ্ট্রাল কো-অপারেটিভ ল্যাণ্ড ডেভালাপমেণ্ট ব্যাঙ্ক এগুলির উল্লেখ কেন হল না? ফিফ্‌থ সিডিউলে মার্কেটিং সোসাইটি, কনজিউমারস সোসাইটি প্রাইমারী কো-অপারেটিভ ব্যাঙ্ক এগুলি বাদ গেল কেন? তাই বলছি এই অগণতান্ত্রিক বিল উইথড্র করুন, উইথড্র করে নতুন বিল আনুন। আপনি একে একে অটোমেটিক সুপারসেন্স করে দিচ্ছেন, এইভাবে অগণতান্ত্রিক পদ্ধতিতে করবেন না, আমি খুবই বিনয়ের সঙ্গে আপনাকে বোঝাবার চেষ্টা করলাম বুঝতে না পারলে আমি অত্যন্ত দুঃখিত। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ—বন্দেমাতরম্।

**শ্রীহাজারী বিশ্বাস:** মাননীয় অধ্যক মহাশয়, আপনার মাধ্যমে আমি বামফ্রণ্ট সরকারের সমবায় দপ্তরের মন্ত্রী শ্রীভক্তিভূষণ মণ্ডল যে বিল এনেছেন তাকে পূর্ণাঙ্গ ভাবে সমর্থন করছি এবং সঙ্গে সঙ্গে মাননীয় সদস্য শ্রীবীরেণ মৈত্র যে প্রস্তাব এনেছেন তার বিরোধিতা করছি। এই বিলকে সমর্থন করতে গিয়ে কয়েকটি কথা এই সভার কাছে রাখতে চাই সেটা হচ্ছে এই—আপনি জানেন বামফ্রণ্ট এবং তার সরকার জনসাধাণের কাছে প্রতিশ্রুতিবদ্ধ যে সাধারণ মানুষের জীবনে একটা নতুন জিনিষ সৃষ্টি করবে এবং তারই পরিপ্রেক্ষিতে বামফ্রণ্ট সরকারের সমবায় বিভাগের মন্ত্রী আজকে এই বিলটা এনেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন যার পরিপ্রেক্ষিতে এই বিল আনা হচ্ছে তার থেকে সমবায় সমিতিগুলি এতদিন যাবত অত্যন্ত অব্যবস্থার মধ্যে ছিল এবং বুকে একটি জগদ্দল পাথর চেপে ছিল এতদিনে তা অপসারিত হল। এর আগে যাঁরা ছিলেন তাঁরা এই সমিতিগুলির বুকের উপর জগদ্দল পাথর চাপিয়ে রেখে দিয়েছিলেন। বিগত সরকারের দৃষ্টিভঙ্গী থেকে তাদের পরিচালনা ক্ষেত্র থেকে এই সমিতিগুলির

ম্যানেজিং কমিটি দিনের পর দিন সাধারণ মানুষের স্বার্থকে লুণ্ঠন করেছে এবং তার নাভিশ্বাস তুলে দিয়েছে এবং তাই থেকে মাননীয় অধ্যক্ষ মহাশয় পশ্চিমবঙ্গের দিকে দিগন্তরে যে সমস্ত সমিতিগুলি আছে তাদের নিরাশায় ভরে দিয়েছেন। বামফ্রন্ট সরকার যে প্রতিশ্রুতি দিয়েছিলেন জনসাধারণের কাছে তাঁরা তা পালন করতে চলেছেন তাতে তাঁরা জনগণের আশীর্বাদ পাবেন বলে আমি মনে করি

বীরেন বাবু বললেন এটা একটা অগণতান্ত্রিক ব্যবস্থা। যারা সাধারণ সভ্যের দ্বারা নির্বাচিত সেই কমিটি যদি সাধারণ সভ্যের স্বার্থ না দেখে তাহলে এই সমবায়ের স্বার্থকতা কি? সমবায় সমদৃষ্টি ভঙ্গী, সমবন্টন ও সহযোগিতা এই তিনটা জিনিষ নিয়ে চলা উচিত। কিন্তু বিগত সরকার এই দিকে কোন দৃষ্টি দেন নি। কারণ তারা যে শ্রেণীর প্রতিনিধিত্ব করতেন তাদের স্বার্থ সিদ্ধ করার জন্যই সমবায়কে সেই ভাবে পরিচালিত করতেন এবং সাধারণ মানুষের স্বার্থে এই আন্দোলনকে প্রসারিত করে নি। এর ফলে সারা পশ্চিম বাংলার সমবায়গুলি আজকে ধুঁকছে। সেইজন্য এই বিল সাধারণ মানুষ ও সমবায় আন্দোলনে অনেক কাজ করবে। আমরা জানি এই রাষ্ট্রীয় কাঠামোর মধ্যে দিয়ে সাধারণ মানুষের কোন সার্বিক উন্নতি করা যাবে না, তবুও রাজ্য সরকার সাধারণ মানুষের মান উন্নয়ণের জন্য প্রতিশ্রুতি মাফিক চেষ্টা করছে। সুনীতি বাবু বললেন এটা অগণতান্ত্রিক। কিন্তু তিনি কি জানেন না এই কমিটির মধ্যে বাস্তু ঘুঘু যারা আছে তারা সাধারণ মানুষের রক্ত শোষণ করছেন এবং হাইকোর্টের কাছে মামলা ঝুলিয়ে দিয়ে কো-অপরেটিভগুলিকে যথেচ্ছ ভাবে ব্যবহার করছে। এর ফলে আইনের কশাঘাতে সাধারণ মানুষের স্বার্থ বিঘ্নিত হচ্ছে। সুতরাং এই কমিটিগুলির মূল্য কি আছে? সেইজন্যই সুষ্ঠুভাবে গণতান্ত্রিক ব্যবস্থার মাধ্যমে সাধারণ মানুষকে উদ্বুদ্ধ করে যাতে এই সমিতিগুলির উন্নয়ন করা যায় সে প্রচেষ্টায় এই বিল এসেছে। মৎসজীবি সমিতির মধ্যে ৯০ পারসেন্ট মৎসজীবী এবং অ-মৎসজীবী ১০ ভাগ আছে যারা ডায়রেকটার বোর্ডের মেম্বার হয়ে আছেন। বিগত সরকার কো-অপারেটিভের উদ্দেশ্য ও লক্ষ্য যদি উপলব্ধি করতেন তাহলে এই ১০ পারসেন্ট অ-মৎসজীবী থেকে সেখানে শোষণ করতে পারতেন না, হাইকোর্টে যেতে পারতেন না। সেইজন্য বাম সরকারকে আবেদন করবো এই আইন করার সঙ্গে সঙ্গে প্রচার আন্দোলনের মধ্য দিয়ে সাধারণ সভ্যদের যাতে উদ্বুদ্ধ করা যায় সে দিকে আমাদের এগিয়ে যেতে হবে। পরিশেষে এই বিলকে সমর্থন করছি ও বীরেন বাবুর প্রস্তাবের বিরোধীতা করছি।

[ 5-30-5-40 P. M. ]

**শ্রীঅনিল মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী সদস্যদের ও জনতা দলের

সদস্যদের বক্তৃতা শুনে মনে হলো যে মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চই একটা প্রগতিশীল আইন প্রবর্ত্তনের চেষ্টা করছেন না। আগের দুটি বিলে তারা কোন বিরোধীতা করেন নি। কিন্তু এখানে তাঁরা বলছেন জনমত সংগ্রহের জন্য তাঁরা সংশোধন চান। যে সংশোধনী এসেছে আমার মনে হয় তাঁরা বোঝেন নি। আইনে বলা হয়েছে যে ১৫ মাস সভা ডাকা না হলে তাহলেই সে ক্ষেত্রে এ্যাপ্লিকেবল হবে। জনসাধারণের দ্বারা নির্বাচিত তাঁরা যদি এ্যানুয়াল জেনারেল মিটিং না ডাকে তাহলে আইন এ্যাপ্লিকেবল হচ্ছে। ডিসেলিউসান কেন হচ্ছে সেটা এখানে ইনকরপোরেট করা হচ্ছে। যখন এ্যানুয়াল জেনারেল মিটিং ডাকা হচ্ছে না তখনই এটা এ্যাপ্লিকেবল হবে। তাঁরা বললেন জনমত একটা ভাইটাল ইস্যু ইত্যাদি। বীরেন বাবু ডাঃ রায়ের কথাও বললেন। তিনি বললেন কো-অপারেটিভ মুভমেণ্ট চাইতেন না, কংগ্রেসে থাকা কালীন তিনি এই সব জিনিষ দেখেছেন। সুনীতি বাবু বললেন যে আমরা নাকি রেজিষ্টারকে ভয় খাচ্ছি। তিনি নিশ্চই আইনটা পড়েন নি। এখানে আছে all properties of the Co-operatives Society shall vest in the Registrars. যদি মন্ত্রী মহাশয়ের কো-অপরেটিভের উপর আস্থা না থাকতো তাহলে এই প্রভিসান এখানে ইনকরপোরেট করতেন না। অল প্রপার্টিস অফ দি কো-অপারেটিভ সোসাইটি শ্যাল ভেস্ট ইন দি রেজিষ্টার। তারপরে প্রভিসানে আছে Subject to the control and direction of the Registrars, the highest executive of the Society. সুতরাং রেজিষ্টারের উপর আস্থা আছে সেটা এই প্রভিসানের মধ্যে ইনকরপোরেট করা আছে, পাওয়ার ভেস্ট করা আছে। তাঁরা বলেছেন যে সেকসান ২১ সেখানে যে প্রভিসান আছে তাতে সেখানে তার বক্তব্যের মধ্যে এটা সেল্‌ভ-ডেসিলিউসান হয়ে যাচ্ছে। প্রভিসানে আছে রেজিষ্টার ক্যান্‌ কনভিন্‌। আপনি হাইকোর্টে গেলে জানতে পারবেন যে কত মামলা কো-অপরেটিভ নিয়ে চলেছে। এ্যানুয়াল জেনারেল মিটিং না ডেকে কিভাবে দিনের পর দিন কো-অপরেটিভ চালাচ্ছেন। বীরেন বাবু বললেন যে যতই করুন মামলা আমরা করবো।

আর্টিকেল ২২৬ আছে, আপনারা আটকাতে পারবেন না। আইন যখন আছে তখন মামলা হবে। যারা গণতন্ত্রকে উপেক্ষা করছে, ১৫ মাস মিটিং না ডেকে অবৈধ-ভাবে যে কমিটি দিনের পর দিন আছে, ভেস্‌টেড ইণ্টারেস্টে দিনের পর দিন যেসব বাস্তুঘুঘুরা আছে সেই বাস্তুঘুঘুদের বাসা যখন ভাঙ্গতে যাচ্ছে তখনই গোখরো সাপের লেজে পা দিতেই ফোঁস করে উঠছে। এতক্ষণ আগের বিলে আমি চিৎকার শুনিনি, কিন্তু যেই স্বার্থে আঘাত লেগেছে তখনই গর্ত থেকে ফোঁস করে উঠছে।

জেনারেল কমিটির সভা হচ্ছে না, সেই জেনারেল কমিটির অটোমেটিক ডিসসলিউসানের প্রভিসান যদি ইন্‌কর্পোরেট করা হয় তাহলে সেটা নাকি অগণতান্ত্রিক হয়ে যায়, আর গণতান্ত্রিক হয় এ্যানুয়েল জেনারেল মিটিং না ডেকে পার্মানেন্টলি যদি ওদের রাখতে দেওয়া হয়। এই না হলে বিয়োধিতা ? এই না হলে ৩০ বছর ধরে দেশের এই অবস্থা এসেছে ? আপনারা যদি বিরোধিতা না করতেন তাহলে বুঝতে পারতাম ভক্তিবাবু ঠিক সংশোধন করতে পারেননি। আপনারা যখন বিরোধিতা করছেন তখন বুঝতে পারছি ভক্তিবাবুর সংশোধন ঠিকই হয়েছে। এই যে প্রভিসান অব দি এ্যাক্ট ২১, সেখানে এদের এতই দরদ যে এরা এখনই বললেন বক্তৃতার মধ্যে ভক্তিবাবু চোর সরাতে একজন ডাকাতকে এনেছেন, অর্থাৎ আমলাদের মধ্যে ডাকাত আছে। ৩০ বছর ধরে এঁদের তো ওরা দিয়েছেন, আমরা দেড় বছরে তো এঁদের নিয়োগ করিনি। আই. এ. এস অফিসার, ডব্‌লু. বি. সি. এসদের নিয়োগের জন্য সার্ভিস কমিশন আছে, কেন্দ্রীয় সরকার এঁদের নিয়োগ দেন, এঁদের নিয়োগ বামফ্রন্ট সরকার দেয়নি। আমলাদের মধ্যে চোর ডাকাত যাই থাকুক না কেন কংগ্রেস ৩০ বছর ধরে তাদের তৈরী করেছে। সুতরাং একজন আই. এ. এস অফিসারকে এদিক ওদিক করলে সে যদি ডাকাত হয় তাহলে আমরা কি করব ? আপনারা রেখে গেছেন লায়েবিলিটি, আমাদের নিতে হচ্ছে, আমরা তাঁদের শোধরাবার চেষ্টা করছি। তারপর তিনি বলেছেন কো-অপারেটিভের মূলে নাকি কুঠারাঘাত হল। কো-অপারেটিভের মূলে ছিল ভেস্‌টেড ইন্টারেস্ট, ভক্তিবাবু সেখানে কুঠারাঘাত করেছেন, কুঠারাঘাত করে সেখানে প্রগতিশীলের নতুন বীজ বপন করেছেন। উনি বলেছেন আমলাদের হাতে সব ক্ষমতা তুলে দেবেন, কিন্তু এই প্রভিসানের মধ্যে যেখানে ইলেকশানের কথা বলা আছে সেকথা তিনি বললেন না। আপনারা পড়ে দেখুন—The special officers appointed under clause (c) shall hold office until then Managing Committee is re-constituted এটা কেন করেছেন মাননীয় মন্ত্রীমহাশয় তার কারণ আছে। তার কারণ হচ্ছে পশ্চিমবঙ্গে আজকে যত ডিরেক্টর, মেম্বারসিপ আছে তারা যদি রিজাইন করে তাহলে ইউনিভার্সাল মেম্বারসিপ আছে, সি আই ১ টাকার মেম্বারসিপ দিতে পারবেন। তাতে বহু সাধারণ মানুষ কো-অপারেটিভের সদস্য হতে পারবেন। আমরা দেখেছি বহু আইন কংগ্রেসীরা করেছেন, কিন্তু কোনদিন তা কার্যকরী করতেন না এবং ভবিষ্যতেও করবেন না। আপনারা সেই সমস্ত আইন করে একটা আই-ওয়াশ করতেন মাত্র। ইন্দিরা গান্ধীর গণতন্ত্র সেটা আই-ওয়াশ, আসলে সেটা ফ্যাসিজমের নামান্তর। আপনারা বলেন গণতন্ত্র, আসলে সেটা স্বৈরাচারতন্ত্র।

[ 5-40 – 5-50 P. M. ]

এটাই আপনাদের বৈশিষ্ট্য—আপনাদের উপরে থাকে একটাকভার কিন্তু কাজ করেন আর এক রকম। আপনারা মানুষকে গণতন্ত্রের কথা বলেন কিন্তু যখন বাস্তবে রূপ দেন তখন সেটা স্বৈরতন্ত্রে গিয়ে পৌঁছায়। বর্গাদার আইনে বহু প্রগতিশীল ধারা ছিল কিন্তু আপনারা সেগুলি কার্যকরী করেননি। এখন সেগুলি কার্যকরী করা হচ্ছে। তারপর, কো-অপারেটিভ আইনে বহু প্রগতিশীল ধারা ছিল, কিন্তু আপনারা সেগুলিও কার্যকরী করেননি। এখন সেগুলি কার্যকরী করতে গিয়ে দেখা যাচ্ছে তার সংশোধন করা দরকার। একটা সাধারণ সভা না ডেকে, স্ট্যাটুটরি অবলিগেসন না করে, সেখানে অটমেটিক ডিসলিউসন-এর প্রভিসন না করে বডি করার এই যে বৈপ্লবিক এবং ঐতিহাসিক সিদ্ধান্ত মন্ত্রীমহাশয় এনেছেন আমি তাকে সমর্থন করছি।

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা পার্সন্যাল এক্সপ্লানেসন দিচ্ছি। আমি দেখলাম আমার বক্তব্যকে বিকৃত করে এখানে বলা হয়েছে এবং তার মধ্যে একটা ভাইট্যাল কথা আছে। আমি নাকি বলেছি ডাঃ রায় কো-অপারেটিভে বিশ্বাস করতেন না। স্যার, আমি সেকথা বলিনি। আমি বলেছি, ডাঃ রায় বলেছিলেন, সমস্ত বাঙ্গালী এক হলে একটা বিরাট কাজ হোত। কো-অপারেটিভে তাঁর বিশ্বাস ছিল না একথা আমি বলিনি।

The motion that the Bill be circulated for the purpose of diciting opinion thereon was then put and lost.

The motion of Shri Bhakti Bhusan Mandal that the West Bengal Co-operative Societies (Second Amendment) Bill, 1978 be taken into consideration was then' put and a division taken with the following result :—

AYES

Abdul Bari, Shri Md.
Abdul Quiyom Molla, Shri
Abul Hasan, Shri
Bagdi, Shri Lakhan
Banerji, Shri Radhika Ranjan
Basu, Shri Jyoti
Bauri, Shri Gobinda
Bera, Shri Pulak
Bhaduri, Shri Timir Baran
Biswas, Shri Hazari
Biswas, Shri Jayanta Kumar
Biswas, Shri Kumud Ranjan

Bora, Shri Badan
Bose, Shri Ashoke Kumar
Chatterjee, Shri Ram
Chattopadhyay, Shri Santasri
Chowdhury, Shri Sibendranarayan
Chowdhury, Shri Subhendu Kumar
Deb, Shri Saral
Ghosal, Shri Aurobindo
Habib Mustafa, Shri
Hashim Abdul Halim, Shri
Hazra, Shri Sundar
Hira, Shri Sumanta Kumar
Jana, Shri Manindra Nath
Kalimuddin Shams, Shri
Kisku, Shri Upendra
Kundu, Shri Gour Chandra
M. Ansar-Uddin, Shri
Majee, Shri Surendra Nath
Majhi, Shri Dinabandhu
Majhi, Shri Raicharan
Majumdar, Shri Sunil Kumar
Mal, Shri Trilochan
Malik, Shri Purna Chandra
Mandal, Shri Bhakti Bhusan
Mandal, Shri Sudhangshu
Mandal, Shri Suvendu
Mazumder, Shri Dinesh
Mitra, Dr, Ashok
Mohanta, Shri Madhabendu
Mondal, Shri Raj Kumar
Mondal, Shri Sahabuddin
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Narayan
Mukhopadhyay, Dr. Ambarish
Murmu, Shri Sufal
Oraon, shri Mohan Lal
Pal, Shri Bijoy
Pathak, Shri Patit Paban
Phodikar, Shri Prabhas Chandra
Pramanik, Shri Abinash
Pramanik, Shri Sudhir
Raj, Shri Aswini Kumar
Ray, Shri Birendra Narayan
Ray, Shri Matish
Roy, Shri Banamali
Roy, Shri Dhirendra Nath
Roy, Shri Hemanta Kumar
Roy, Shri Pravas Chandra
Roy, Shri Sada Kanta
Saha, Shri Kripa Sindhu
Saha, Shri Lakshi Narayan
Sarkar, Shri Sailen
Sen, Shri Sachin
Sing, Shri Buddhadeb
Singh, Shri Chhedilal
Sinha Roy, Shri Guru Prasad
Soren, Shri Suchand
Sur, Shri Prasanta Kumar
Tah, Shri Dwarka Nath
Tudu, Shri Bikram

**NOES**

Abul Barkat Atawal Ghani Khan Chowdhury Shri,
Bapuli, Shri Satya Ranjan
Bharati, Shri Haripada
Chattaraj, Shri Suniti
Maitra, Shri Birendra Kumar
Ojha, Shri Janmejay
Paik, Shri Sunirmal
Pal, Shri Ras Behari
Sarkar, Shri Dhirendra Nath
Sinha, Shri Atish Chandra
Sinha, Shri Prabodh Chandra

**Absent :** 1) Bauri, Shri Bijoy 2) Bauri Nabani 3) Halder Shri Renupada 4) Sarkar, Shri Deba prasad.

[ 5-50—6-00 P.M. ]

**মিঃ স্পিকার ঃ** এই বিলের আলোচনার সময়সূচী ৫-৫০ মিঃ সময়ে শেষ হওয়ার কথা, কিন্তু আলোচনা শেষ না হওয়ায় পশ্চিমবাংলা বিধানসভার কার্য্য প্রণালী নিয়মাবলী অনুযায়ী এই আলোচনা আরও আধ ঘণ্টা বাড়ানো প্রয়োজন আমি আশা করি সভার পক্ষ থেকে এতে সম্মতি আছে। অতএব আলোচনার সময় আধ ঘণ্টা বাড়ান হল। এখন ক্লজের উপরে আলোচনা হবে।

**Clauses 1 to 3**

The question that clauses 1 to 3 do stand part of the Bill, was then put and agreed to.

**Clause 4**

**Shri Dinesh Mazumdar :** Mr. Speaker, Sir, I beg to move that in clause 4, in the proposed "Fifth Schedule", the words "Names of" be omitted.

**Shri Bhakti Bhusan Mandal :** আমি এটা গ্রহণ করে নিচ্ছি।

The motion of Shri Dinesh Mazumdar that in clause 4, in the proposed "Fifth Schedule" in the words "Names of" be omitted, was then put and agreed to.

The question that clause 4, as amended, was then put and agreed to.

**Preamble**

The question that Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Bhakti Bhusan Mandal:** Sir, I beg to move that the West Bengal Co-operative Societies ( Second Amendment ) Bill, 1978, as settled in the Assembly, be passed.

The motion was then put and a division taken with the following result.

AYES

Abdul Bari, Shri Md.
Abdul Quiyom Molla, Shri
Abul Hasan, Shri
Atahar Rahaman, Shri
Bagdi, Shri Lakhan
Banerji, Shri Radhika Ranjan
Basu, Shri Jyoti
Bauri, Shri Gobinda
Bera, Shri Pulak
Bhaduri, Shri Timir Baran
Biswas, Shri Jayanta Kumar
Biswas, Shri Kumud Ranjan
Bora, Shri Badan
Bose, Shri Ashoke Kumar
Bouri, Shri Nabani
Chowdhury, Shri Sibendranarayan
Chowdhury, Shri Subhendukumar
Deb, Shri Saral
Ghosal, Shri Aurobindo
Ghosh, Shri Malin
Guha, Shri Nalini Kanta
Habib Mustafa, Shri
Hashim Abdul Halim, Shri
Hazra, Shri Sundar
Hira, Shri Sumanta Kumar
Jana, Shri Manindra Nath
Kalimuddin Shams, Shri
Kisku, Shri Upendra
Kundu, Shri Gour Chandra
M. Ansar-Uddin, Shri
Majee, Shri Surendra Nath
Majhi, Shri Dinabandhu
Majhi, Shri Raicharan
Majumdar, Shri Sunil Kumar
Mal, Shri Trilochan
Malik, Shri Purna Chandra
Mandal, Shri Bhakti Bhusan
Mandal, Shri Sudhangshu
Mandal, Shri Suvendu
Mazumder, Shri Dinesh
Mitra, Dr. Ashok
Mohanta, Shri Madhabendu

Mondal, Shri Raj Kumar
Mondal, Shri Sahabuddin
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Mahadeb
Mukhopadhyay, Dr. Ambarish
Murmu, Shri Sufal
Oraon, Shri Mohan Lal
Pathak, Shri Patit Paban
Phodikar, Shri Prabhas Chandra
Pramanik, Shri Abinash
Pramanik, Shri Sudhir
Raj, Shri Aswini Kumar
Ray, Shri Birendra Narayan
Ray, Shri Matish
Roy, Shri Banamali
Roy, Shri Dhirendra Nath
Roy, Shri Hemanta Kumar
Roy, Shri Sada Kanta
Saha, Shri Kripa Sindhu
Saha, Shri Lakshi Narayan
Sarkar, Shri Sailen
Sen, Shri Lakshmi Charan
Sen, Shri Sachin
Sing, Shri Buddhadeb
Singh, Shri Khudiram
Sinha, Shri Khagendra Nath
Sinha Roy, Shri Guru Prasad
Soren, Shri Suchand
Tudu, Shri Bikram

**NOES**

Bapuli, Shri Satya Ranjan
Bera, Shri Sasabindu
Chattaraj, Shri Suniti
Jana, Shri Hari Pada (Pingla)
Md Soharab, Shri
Nanda, Shri Kiranmay
Paik, Shri Sunirmal
Pal, Shri Ras Behari
Sarkar, Shri Dhirendranath
Sinha, Shri Atish Chandra

Absts :—1) Bauri, Shri Bijoy 2) Halder, Shri Renupada 3) Sarkar, Shri Debaprasad

[ 6-00—6-05 P.M. ]

**শ্রীভোলানাথ সেন:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কালকে আমি কলকাতায় ছিলাম না। এবং আজকে এসে খবরের কাগজে দেখলাম সেই পূর্বেকার গল্প আবার লেখা হয়েছে আমার সম্বন্ধে। ৬ই অক্টোবর আমি কলকাতায় ফিরে আসি এবং অসুস্থ্য হয়ে পড়ি। ৬ই থেকে ২১শে অক্টোবর পর্য্যন্ত আমি বাড়ীতে চিকিৎসাধীন হয়ে

শয্যাশায়ী হয়ে থাকি। ২১শে অক্টোবর আমি প্রথমে দেখলাম প্রমোদবাবু একটু আমোদ করে ফেলেছেন মিথ্যা কথা বলে। তিনি কি বলেছেন? তিনি বলেছেন ত্রাণ ব্যবস্থার কাপড় নাকি আমার হাতে দেওয়া হয়েছিল আর আমি নাকি তাতে আমার ছবি দিয়েছি। প্রমোদবাবু আমাকে চেনেন না। আমি ১৯৭৬ এবং তার আগের আগের বছরে ৩ হাজার চার হাজার কাপড় বিলি করেছি। আমি আমার কনষ্টিটিয়েন্সির প্রত্যেকটি লোককে চিনি সে সাঁওতাল হোক, সিডিউল্ড কাষ্ট হোক আর সিডিউল ট্রাইবই হোক আর আমাকে প্রত্যেকটি লোক চেনে আমার সেখানে এ্যাডভার্টাইজমেন্টের দরকার নেই প্রমোদবাবুর সুশ্রী চেহারা সুন্দর কান্তির দরকার হতে পারে আমার কোন দরকার নেই। আমি সেখানে জিতেছি সেখানকার মানুষের কাছে আমার এ্যাডভারটাইজমেন্ট এর দরকার নেই, পাবলিসিটির দরকার নেই। কিন্তু হরমোহনবাবু কি করে সেখানে যে কাপড় আমি নিজে বিলি করেছি নিজের হাতে সেই কাপড় কি করে ওঁর হাতে রয়ে গেল। আজ দু মাস বাদে সেই কাপড় ওঁর হাতে আজও রয়ে গেল? এবং সেটা কি করে এলো সেটা আমি বুঝতে পারছি না। এবং ২১শে অক্টোবর খবরের কাগজে প্রমোদবাবুর ঐ অসত্য খবর ছাপা হয়। বসুমতি কালান্তর ছাড়া অন্য কোন নামী কাগজে ছাপা হয় নি। আমি সেই খবরকে কণ্ট্রাডিক্ট করে সংবাদ দিই এবং পরিষ্কারভাবে বলেছি যে প্রমোদবাবু অসত্য বলেছেন এবং কি করে বললেন এবং সেই খবর ছাপা হয় ২৩ তারিখে। এবং ছাপাবার পর প্রমোদবাবুর সাহস হয় নি অসত্য নয় বলার আর যদি বলতেন তাহলে আমি তাঁকে ধরে নিয়ে আসতাম। হরমোহন সিং মার খেয়েছে কাজ না করার জন্য এবং নন্দনকোর্টে আমাদের লোককে ঢুকতে দেওয়া হয়নি এক এক সময় এক এক দিন। সেখানে হরমোহন সিং তাঁর নিজের জায়গায় কাজ করতে পারে নি মার খেয়েছে। আর ন্যাকার মত দু মাস বাদে এখানে এসে বলছে এই যে ভোলানাথবাবুর ছবি। কখনকার ছবি? যখন যখন আমি মন্ত্রী ছিলাম যখন ওনার টাকে চুল ছিল সেই সময়কার ছবি আজকের ছবি নয়। আমার এলাকায় এই ছবি অন্তত আমার ছবি একথা কেউ বিশ্বাস করবে না। আমি ফিরে আসার পর যে সমস্ত সংস্থা ছিল তাদের বলেছিলাম তোমরা রুটি দাও, খাবার দাও গ্রামে গ্রামে মানুষ যেখানে দুস্থ হয়ে রয়েছে। সাতটা গ্রামে ৬৯ জন মারা যায় এক একটা অঞ্চলে ৪টি ৩টি ২টি লোক মারা যায়। সেখানে গিয়ে বলে এসেছি যেখানে ফায়ার ব্রিগেড ১১টি ডেড বডিকে কবর দেয় সেখানে বি ডি ও ২টি ডেড বডির হিসাব রাখে যার খবর ডি. এম-এর কাছেও পর্যন্ত যায় না। আমার কোনও কাপড় ত্রাণ বিলির জন্য দেওয়া হয়নি। কোন চাল নয়, কোন জিনিস নয়। আমার নিজের

ক্ষমতা আছে নিজের চেষ্টায় এবং রোজগার করে মানুষের কাছে ভিক্ষা করে মানুষকে দেওয়ার এবং অন্তত একমাস আমি তাদের ব্যবস্থা করেছি সরকার সেটা বন্ধ করে দিয়েছেন। সি. পি. এম. পারেনি প্রমোদবাবু পারেননি একথা তিনি জানেন। তাই যে লোকটা পেরেছে বর্ধমান জেলায় তার গায়ে কালি দিতে হবে বৈকি। প্রমোদবাবু আমি আপনাকে বলছি প্রমেদে ভরিয়া দিনু মত এই গান আর গাইবেন না। আমাদের দেশে একটা কথা ছিল এক শিয়াল করলে ঘেউ সব শিয়াল করে ঘেউ ঘেউ—তো এটা আর করবেন না। এই একবার হয়েছে যথেষ্ট—এই মিথ্যা সংবাদ আর পরিবেশন করবেন না।

**মিঃ স্পীকার ঃ** আগামীকাল বেলা ১টা পর্যন্ত সভার কাজ মুলতুবী রইল।

**Adjournment**

The House was accordingly adjourned till 6.06 p. m. till 1 p. m. on Friday the 29th November, 1978 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Assembly House, Calcutta, on Friday, the 24th November 1978, at 1 P.M.

**PRESENT**

Mr. Speaker ( Shri Syed Abul Mansur Habibullah ) in the Chair, 16 Ministers, 4 Ministers of State and 145 Members.

## STARRED QUESTIONS TO WHICH ORAL ANSWERS WERE GIVEN

### লালগোলা-জঙ্গীপুর রাস্তার কাজ

*৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *১২।) **শ্রীআতাহার রহমান, শ্রীআবুল হাসনাৎ খান, শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় এবং শ্রীদীনবন্ধু মাঝি** ঃ পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সাম্প্রতিক বন্যার ফলে মুর্শিদাবাদ জেলার লালগোলা-জঙ্গীপুর রাস্তায় যে ভাঙ্গন হইয়াছে তাহার মেরামতির কাজ শুরু হইয়াছে কি ; এবং

(খ হইয়া থাকিলে, ইহা এখন কি পর্যায়ে আছে ?

**শ্রীযতীন চক্রবর্তী** ঃ (ক) ও (খ) ঃ—ভাঙ্গন মেরামতির কাজ শুরু করা যায় নাই কারণ ভাঙ্গনের মধ্যে গভীর খাদে এখনও এলাকাটি সম্পূর্ণ জলমগ্ন হইয়া আছে। তবে ইহার পাশ দিয়া একটি নূতন অস্থায়ী রাস্তা ডাইভারসান তৈয়ারী করা হইতেছে। জল সরিয়া গেলে মূল ভাঙ্গনের পূর্ণনির্মানের কাজ আরম্ভ হইবে।

[ 1-00—1-10 P.M. ]

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়** ঃ আপনি বললেন যে জল জমে আছে বলে রাস্তার কাজটা শুরু করা যাচ্ছে না। জল তো অনেক জায়গায় জমে আছে এবং তা সত্বেও রাস্তার কাজ হচ্ছে। আমার প্রশ্ন, এখানে কাজটা আরম্ভ করছেন না কেন ?

**শ্রীযতীন চক্রবর্তী** ঃ ৩/৪টি জায়গাতে ভাঙ্গনের ফলে সেখানে প্রায় ২০ ফুট জল এখনও পর্য্যন্ত রয়েছে। এটা মাটি দিয়ে ভরাট করার আমরা চেষ্টা করেছিলাম অন্য জায়গা থেকে মাটি এনে কিন্তু মাটি পাবার ব্যাপারে কিছু অসুবিধার সৃষ্টি হচ্ছে কাজেই

কাজটির দেরি হচ্ছে। তবে ইতিমধ্যে একটি ডাইভারসান রোড় করে দিচ্ছি। এটা একটু দেরি হবে সেইজন্য এই ডাইভারসান রোডের প্রয়োজনীয়তা দেখা দিচ্ছে।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** আমার মনে হয় আপনার ডিপার্টমেন্ট থেকে ঠিক সংবাদ দেয়নি। সেখানে মাটি পাওয়া যাবে, মাটি পাবার ব্যাপারে কোন অসুবিধা নেই। আমার জিজ্ঞাস্য, যদি মাটি পাওয়া যায় তাহলে তাড়াতাড়ি কাজটা শুরু করবেন কি?

**শ্রীযতীন চক্রবর্ত্তীঃ** মাননীয় সদস্য বোধহয় জানেন না যে আমি নিজে ওখানে দুবার গিয়েছি এবং দেখে এসেছি। ইতিমধ্যেই আমরা কাজটা সুরু করেছি, আপনি যদি আমাকে মাটি যোগাড় করে দেন আমি তাড়াতাড়ি করে দেব।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** আপনি দুবার ওখানে গেছেন, কিন্তু ওটা আমার জন্ম স্থান, ওখানে অনেক মাটি পাওয়া যায়, মাটি পাওয়া গেলে কি কাজ আরম্ভ করবেন?

**শ্রীযতীন চক্রবর্ত্তীঃ** আপনার জন্ম স্থান হলে কি হবে, আপনি তো মারলিন পার্কে মাঝে মাঝে থাকেন। আমি সেখানে গেছি, যদি মাটি জোগাড় করে দিতে পারেন তাহলে আমরা এই ডাইভারশন রোডের সঙ্গেই কাজ করে দেব।

### বিদ্যুৎ ঘাটতি

*৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *১০।) **শ্রীআব্দুল হাসনাৎ খান, শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়, শ্রীআতাহার রহমান এবং শ্রীদীনবন্ধু মাঝিঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে কি পরিমাণ বিদ্যুৎ ঘাটতি আছে; এবং

(খ) ইহা কি সত্য যে, কিছু সংখ্যক বিদ্যুৎকর্মীর অসহযোগিতা এবং অন্তর্ঘাত-মূলক কাজ বিদ্যুৎ ঘাটতির কারণ?

**শ্রীজ্যোতি বসুঃ** (ক) বর্তমানে দামোদর উপত্যকা অঞ্চল বাদে পশ্চিমবঙ্গে মোট চাহিদার পরিপ্রেক্ষিতে প্রায় ২৮০ মেগাওয়াট ঘাটতি আছে।

(খ) যদিও কোন কোন জায়গায় সামান্য কিছু কর্মীর অসহযোগিতা বর্তমান তবুও এই সমস্যা বিদ্যুৎ ঘাটতির কোন কারণ নয়।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** আমি স্পেসিফিক্যালি জিজ্ঞাসা করছি, আপনি বলেছেন যে কিছু কিছু বিদ্যুৎ কর্মী স্যাবট্যাজ করছে, তার মধ্যে এন. এল. সি. সি. এবং নকশাল ইউনিয়ন, এই দুটো ইউনিয়ন কি স্যাবট্যাজ করছে?

**শ্রীজ্যোতি বসু ঃ** আপনি জানেন এর আগেও আমি বলেছিলাম কতকগুলো স্যাবটেজ ঘটেছিল, বর্তমানে সেই সব ঠিক হয়ে গেছে। উত্তরবঙ্গে একটা দুটো ঘটনা ঘটেছিল। জলপাইগুড়িতে কিছু কর্মী গ্রেপ্তার হয়েছে, কারণ তারা ইঞ্জিনিয়ারকে মারধোর করেছিল।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় ঃ** আমি আবার স্পেসিফিক্যালি জিজ্ঞাসা করছি, আপনি বললেন কিছু কিছু লোক, তারা কি এন. এল. সি. সি. এবং নকশাল ইউনিয়নের সঙ্গে যুক্ত ?

**শ্রীজ্যোতি বসু ঃ** সানতালডিতে নকশাল ইউনিয়ন, তারা এই সমস্ত করেছে। আর এন. এল. সি. সি. সম্বন্ধে আমি ঠিক সেই ভাবে বলছি না। কংগ্রেসের যে দু তিনটি অংশ আছে, তাদের কেউ কেউ জড়িত ছিল উত্তরবঙ্গে এবং সানতালডিতে।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** মন্ত্রীমহাশয় বললেন যে নকশাল ইউনিয়ন এবং কংগ্রেসের কিছু আছে। মন্ত্রীমহাশয় কি জানাবেন যে সমস্ত লোক এই কাজ করেছে তার মধ্যে কত পার্সেণ্ট নকশাল এবং কত কংগ্রেস ছিল, তার তালিকা আপনার কাছে আছে কি ?

**শ্রীজ্যোতি বসু ঃ** এই রকম তালিকা নেই, সংখ্যাও নেই।

**শ্রীঅতীশচন্দ্র সিনহা ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, ওখানে এখন সি. আর. পি. মোতায়েন আছে কি না ?

**শ্রীজ্যোতি বসু ঃ** সি. আর. পি. কোনওদিন ছিল না, এখন নেই।

**শ্রীসন্দীপ দাস ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি যে বিশেষ কোন একটি ইউনিয়নকে ওখানে প্রতিষ্ঠা করার জন্যই কি এই অসহযোগিতা আরম্ভ হয়েছে ?

**শ্রীজ্যোতি বসু ঃ** এই প্রশ্ন থেকে এটা আসে কি ? তবে এই কথা যদি বলতে বলেন তাহলে আমি বলতে পারি, আমাদের কোন ইউনিয়নকে প্রতিষ্ঠিত করতে হবে না, ওখানে যে ইউনিয়নের ক্ষমতা আছে, তারা তাদের নিজেদের ক্ষমতাতেই প্রতিষ্ঠিত হবে।

**শ্রীসুনীতি চট্টোরাজ ঃ** স্যাবট্যাজের কথা বললেন, স্যাবট্যাজের কোন স্পেসিফিক কেস পেয়েছেন কি ? এন. এল. সি. সি.'র কর্মীরা সিটুর নাশকতামূলক কাজের বিরুদ্ধে আপনার কাছে কোন কমপ্লেন করেছে কি ?

**শ্রীজ্যোতি বসু ঃ** আমার কাছে এই রকম কোন কমপ্লেন আসেনি।

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র ঃ** সাধারণ ভাবে নিচের তলার কর্মী যারা আছেন, তারা কাজ না করার জন্য গ্রামে ইলেকট্রিক লাইট যাচ্ছে না এই কথা কি ঠিক ?

**শ্রীজ্যোতি বসু ঃ** আপনারা স্পেসিফিক প্রশ্ন করুন। কোন নির্দিষ্ট জায়গার নাম করে যদি বলেন তাহলে আমি তার উত্তর দিতে পারি, তা নাহলে আমি কি করে উত্তর দেব।

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র ঃ** এই রকম কোন রিপোর্ট আপনার ইঞ্জিনিয়াররা দিয়েছেন কি ?

**শ্রীজ্যোতি বসু ঃ** এই রকম ধরণের সাধারণ কোন রিপোর্ট নেই।

[ 1-10—1-20 P.M. ]

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, ঐ সাঁওতালডি বিদ্যুৎ প্রকল্প কেন্দ্রে যে ২২০০ পুলিশ মোতায়েন করা হয়েছিল তা কি এখনো আছে ?

**শ্রীজ্যোতি বসু ঃ** বিশেষ কিছু নেই, পুলিশ স্টেশন আছে এবং সেখানে আলাদা করে কিছু পাঠানো হয়েছে সাবোটাজের বিরুদ্ধে, অন্য কোন কাজের বিরুদ্ধে নয়।

**শ্রীগোবিন্দ বাউরি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, সাঁওতালডিতে পুলিশ মোতায়েনের পরে সাবোটাজের ঘটনা অনেক কমে গেছে ?

**শ্রীজ্যোতি বসু ঃ** সেইসব ঘটনা এখন আর নেই।

**শ্রীসুনীতি চট্টোরাজ ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, আগে যে সমস্ত এক্সপেরিয়েন্সড হ্যাণ্ড ছিল তাদেরকে সরিয়ে কতকগুলি নোভিস সি. পি. এম ম্যানকে মেসিন হ্যাণ্ডেল করতে দেওয়া হয়েছিল বলেই কি বিদ্যুৎ ঘাটতি হয়েছে ?

**শ্রীজ্যোতি বসু ঃ** এই রকম কোন ঘটনা আমার জানা নেই। তবে সি. পি. এম কাদেরকে বলা হচ্ছে তা আমি জানি না।

**শ্রীসুনীতি চট্টোরাজ ঃ** সি. পি. এম মানে সিটু।

**শ্রীজ্যোতি বসু ঃ** সিটুর লক্ষ লক্ষ সদস্য আছেন কিন্তু তাদের মধ্যে অনেকেই সি. পি. এমের লোক নন।

**শ্রীদীনবন্ধু মাঝি ঃ** আমার একটি পয়েন্ট অফ অর্ডার আছে। প্রশ্নের বহির্ভূত যে সমস্ত প্রশ্ন হচ্ছে এই রকম প্রসিডিওর চলা উচিৎ কি ?

**শ্রীসুনীতি চট্টোরাজ ঃ** পয়েন্ট ফফ অর্ডার স্যার, আমার ধারণা মাননীয় স্পীকার মহাশয় অনেকের চেয়ে জ্ঞানীগুণী ব্যক্তি। সুতরাং আপনাকে ডিক্টেট করার অধিকার সদস্যদের আছে কিনা আমি জানি না।

**শ্রীহাজারী বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় একটু আগে বললেন যে কিছু শ্রমিক অসহযোগিতা করেছে। আমার প্রশ্ন হচ্ছে, তাঁদের বিরুদ্ধে কি ব্যবস্থা নেওয়া হয়েছে ?

**শ্রীজ্যোতি বসু ঃ** এই ধরনের শ্রমিকদের ট্রান্সফার করেছি বিভিন্ন জায়গায়।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন--তিনি নিজেই বলেছেন যে অসহযোগিতা মূল কারণ নয়, সাবোটাজের ব্যাপার খুবই সামান্য, তা সত্বেও ২২০০ পুলিশ মোতায়েন করার প্রয়োজন দেখা দিল কেন ? এটা কি সাবোটাজ বন্ধ করার জন্য না গণ-আন্দোলন দমন করার জন্য ?

**মিঃ স্পীকার ঃ** এটা তো আপনার ইনফরমেশান।

**শ্রীজয়নাল আবেদিন ঃ** মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আমার জিজ্ঞাস্য, এখন তো শীতকাল এলো, এই সময়ে ছেলে-মেয়েদের পরীক্ষা এসে গেছে—কাগজে দেখলাম, ডি. ভি. সি রেকর্ড পরিমাণ বিদ্যুৎ উৎপন্ন করেছে কিন্তু তবুও এখনো লোড্‌-শেডিং চলছে। এই লোড-শেডিং কমানো যায় কিনা সেই সম্বন্ধে আপনার বক্তব্য কি ?

**শ্রীজ্যোতি বসু ঃ** শীতকাল এখনো আসেনি। তবে লোড-শেডিং কমবে বলে আমি আশা করছি।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি বলবেন যে, কয়লার মধ্যে একটি রড পাওয়া গেছে বলে এটাকেই কি সাবোটাজ বোঝাচ্ছে ?

**শ্রীজ্যোতি বসু ঃ** সাবোটাজ মানে হচ্ছে নাশকতামূলক কাজ।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** আমি বলতে চাইছি যে, কয়লার মধ্যে লোহার রডের ঘটনাই কি সাবোটাজ ?

( নো রিপ্লাই )

**শ্রীসুনীতি চট্টোরাজ ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি যে সাঁওতালডি'র একজন বিদ্যুৎ কর্মীকে উইদাউট এনকোয়ারী, উইদাউট ট্রায়ালে ডিসমিস করে দেওয়া হয়েছে কিনা ?

**শ্রীজ্যোতি বসু ঃ** আমি বলতে পারি, এমন কিছু হয়নি, তার বিরুদ্ধে চার্জসীট আনা হয়েছে, যা যা নিয়ম আছে সমস্ত নিয়ম মেনে তবে তাকে বরখাস্ত করা হয়েছে।

## সিঙ্গিমারী নদীর উপর সেতু নির্মাণ

*৩৭। ( অনুমোদিত প্রশ্ন নং *১০২। ) **শ্রীদীপক সেনগুপ্ত ঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, কোচবিহার জেলার দিনহাটা মহকুমায় সিঙ্গিমারী নদীর উপর সেতু নির্মাণ করিয়া সিতাই থানাকে দিনহাটা মহকুমা ও জেলা শহরের সাথে সংযুক্ত করিয়া যোগাযোগ ব্যবস্থার উন্নতি করার কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

**শ্রীযতীন চক্রবর্তী ঃ** আপাততঃ নাই।

## ষ্টেডিয়াম নির্মাণ

*৩৮। ( অনুমোদিত প্রশ্ন নং *৩২। ) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** শিক্ষা ( ক্রীড়া ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জেলা শহরগুলিতে স্টেডিয়াম নির্মাণের কোন পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি ;

(খ) থাকিলে, মুর্শিদাবাদ জেলার বহরমপুর শহরে একটি স্টেডিয়াম নির্মাণ ইহার অন্তর্ভুক্ত কিনা ঃ এবং

(গ) 'খ' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে কবে নাগাত ঐ স্টেডিয়াম নির্মাণের কাজ শুরু হইবে বলিয়া আশা করা যায় ?

**শ্রীজ্যোতি বসু ঃ** ক) বিভিন্ন জেলা ও মহকুমা শহরে স্টেডিয়াম নির্মাণের পরিকল্পনা সরকারের আছে।

খ) হ্যাঁ।

গ) এ সম্পর্কে একটি কমিটি শীঘ্রই গঠিত হইবে। উক্ত কমিটিই ষ্টেডিয়াম নির্মাণের কাজ শুরু করিবার দিন এবং অন্যান্য প্রাসংগিক বিষয় সিদ্ধান্ত গ্রহণ করিবে।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাসঃ** বহরমপুর শহরে যে ষ্টেডিয়াম নির্মাণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে—ষ্টেডিয়ামে কি ইনডোর, আউটডোর সব রকমের খেলাধূলার ব্যবস্থা থাকবে ?

**শ্রীজ্যোতি বসু:** বিশেষ বিশেষ কোন ষ্টেডিয়াম নিয়ে প্রশ্ন করলে আমি জবাব দিতে পারি।

**ডাঃ জয়নাল আবেদিনঃ** ষ্টেডিয়াম নির্মাণের সিদ্ধান্ত কোন সময় নেওয়া হয়েছে ?

**শ্রীজ্যোতি বসুঃ** কিছু কিছু আপনারা যখন মন্ত্রী ছিলেন তখন নেওয়া হয়েছে, কিছু কিছু এখন নেওয়া হচ্ছে।

**মেদিনীপুর জেলায় ত্রাণের কাজে বাধাদান**

*৪০। ( অনুমোদিত প্রশ্ন নং *৮৩। ) **শ্রীসন্দীপ দাসঃ** স্বরাষ্ট্র ( পুলিস ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলায় রামকৃষ্ণ সারদা সংঘের কয়েকজন সন্ন্যাসিনী ত্রাণের কাজে গিয়ে প্রচণ্ড বাধার সম্মুখীন হন ; এবং

(খ) সত্য হ'লে—

(১) উক্ত বাধাদানকারী কারা, ও

(২) তাদের বিরুদ্ধে সরকার কোন ব্যবস্থা নিয়েছেন কি ?

**শ্রীজ্যোতি বসুঃ** (ক) না ;

(খ) (১) এবং (২) এ প্রশ্ন ওঠে না।

**শ্রীসন্দীপ দাসঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি যে রামকৃষ্ণ সারদা সংঘের যে খবর সংবাদপত্রে বেরিয়েছে সেটা কি সত্য ?

**শ্রীজ্যোতি বসুঃ** সম্পূর্ণ অসত্য।

**শ্রীসন্দীপ দাসঃ** যদি অসত্য হয় তাহলে মুখ্যমন্ত্রীর তরফ থেকে কোন প্রতিবাদ পাঠান হয়েছে কি ?

**শ্রীজ্যোতি বসুঃ** আমাদের একটা ডিপার্টমেন্ট খোলা হচ্ছে প্রতিবাদ পাঠাবার জন্য—সেটা খোলা হলে পাঠাব।

**শ্রীদেবপ্রসাদ সরকারঃ** রেডক্রস জানাচ্ছেন যে সাম্প্রতিক বন্যার সময় রিলিফের মালপত্র তাদের ঠিকমত বিলি বন্টন করতে দেওয়া হয়নি ?

**শ্রীজ্যোতি বসুঃ** ও প্রশ্নটা এর সংগে ওঠে না, তবে বলছি যে রেডক্রসের যিনি প্রধান তিনি দিল্লী থেকে ঘুরে এসে বলেছেন যে এরকম কোন ঘটনা ঘটেনি।

## মহানগর উন্নয়ন সংস্থার জন্য উপদেষ্টা কমিটি

*৪১। ( অনুমোদিত প্রশ্ন নং *১১৮। ) **শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** পূর্ত ( মহানগর উন্নয়ন ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কলিকাতা মহানগরের উন্নয়ন সংস্থার ( সি এম ডি এ ) কার্য পর্যালোচনার জন্য একটি উপদেষ্টা কমিটি আছে ; এবং

(খ) সত্য হইলে—

(১) এই সমিতির কর্তব্য এবং দায়িত্ব কি কি,

(২) ইহার বর্তমান সদস্যদের নাম কি, ও

(৩) বর্তমান বৎসরে ( ৩১এ অক্টোবর পর্যন্ত ) ইহার কতগুলি সভা হইয়াছে ?

**শ্রীজ্যোতি বসু ঃ** ক) হ্যাঁ।

খ) (১) সি. এম. ডি. এ. আইনের ১৩ নং ধারা অনুযায়ী গঠিত এই পরামর্শ দাতা পর্ষদের কাজ হচ্ছে কলিকাতা মহানগর এলাকা উন্নয়নের জন্য যে সব পরিকল্পনা আছে সেগুলির প্রণয়ন এবং সমন্বয়ের ব্যাপারে সি. এম. ডি. এ.-কে পরামর্শ দেওয়া।

খ) (২)ঃ একটি তালিকা পেশ করা হইল।

খ) (৩): এই পরামর্শদাতা পর্ষৎ ৬.৫.৭৮ তারিখে সি. এম. ডি. এ. বোর্ড কর্তৃক অনুমোদিত হয়।

৩১শে অক্টোবর, ১৯৭৮ পর্য্যন্ত এই পর্ষদের কোন বৈঠক হয় নাই।

### (খ) এর (২) সম্পর্কিত তালিকা বর্তমান সদস্যদের নাম

১। শ্রীজ্যোতি বসু, চেয়ারম্যান, সি. এম. ডি. এ ... (সভাপতি)

২। শ্রীপ্রশান্ত শূর, ভাইশ চেয়ারম্যান, সি. এম. ডি. এ ... (সদস্য)

৩। শ্রী এম. কুশারী, চেয়ারম্যান, সি. আই. টি ... (সদস্য)

৪। শ্রী পি. সি চ্যাটার্জি, ও. এস. ডি., এইচ. আই. টি ... (সদস্য)

৫। শ্রী জে. কে. কোহলি, কমিশনার, কলকাতা কর্পোরেশান .... (সদস্য)

৬। ডাঃ ভবেশ চন্দ্র চট্টোপাধ্যায়, প্রফেসার অব প্ল্যানিং আই. আই. টি. খড়্গপুর ... (সদস্য)

৭। শ্রী অবনী দে, বি. ই. কলেজ শিবপুরের টাউন প্ল্যানিং এবং আর্কিটেকচার ডিপার্টমেন্টের প্রধান .... (সদস্য

| | | | |
|---|---|---|---|
| ৮। | শ্রী এ. সেন, স্বাস্থ্য এবং পরিবার কল্যাণ দপ্তরের সেক্রেটারী | .... | (সদস্য) |
| ৯। | শ্রীবিদ্যুৎ গাঙ্গুলী, চেয়ারম্যান, ভাটপাড়া মিউনিসিপ্যালিটি | ... | (সদস্য) |
| ১০। | শ্রীদেবগোপাল চক্রবর্তী, চেয়ারম্যান ভদ্রেশ্বর মিউনিসিপ্যালিটি | ... | সদস্য) |
| ১১। | শ্রীচিত্তরঞ্জন বসু, চেয়ারম্যান নর্থ দমদম মিউনিসিপ্যালিটি | ... | (সদস্য) |
| ১২। | শ্রী এ. কে. মিত্র ডেপুটি ম্যানেজিং ডিরেক্টার—ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশান | ... | (সদস্য) |
| ১৩। | শ্রী এস. কে. সিং. এ্যাডমিনিষ্ট্রেটর কলকাতা ট্রাম কোম্পানী | ... | (সদস্য) |
| ১৪। | শ্রীনিরঞ্জন মুখার্জি, এম. এল. এ | ... | (সদস্য) |
| ১৫। | শ্রীসন্দীপ দাস, এম. এল. এ | ... | (সদস্য) |
| ১৬। | শ্রী এ. কে. চক্রবর্তী, জেনারেল ম্যানেজার—এম. টি. পি | .... | (সদস্য) |
| ১৭। | শ্রীশান্তি গাঙ্গুলী | ... | (সদস্য) |
| ১৮। | শ্রীনিলরতন সিংহ | ... | (সদস্য) |
| ১৯। | শ্রী স্বদেশ চক্রবর্তী | .... | (সদস্য) |
| ২০। | শ্রীসোমনাথ চ্যাটার্জি এম. পি. | ... | (সদস্য) |

[ 1-20 — 1-30 ]

**শ্রীসন্দীপ দাস ঃ** এক বছরের অধিক কাল এই কমিটির কোন সভা হয়নি কেন ?

**শ্রীজ্যোতি বসু ঃ** এখনও এক বছর হয়নি—বন্যা হওয়ার জন্য আমরা করতে পারিনি বলে আমরা দুঃখিত—তবে এখন হবে।

**শ্রীসন্দীপ দাস ঃ** আপনি কি জানেন উপদেষ্টা কমিটির সভ্যরা সি. এম. ডি. এর কাছ থেকে কোন অর্থ ও সহযোগিতা পায় না ?

**শ্রীজ্যোতি বসু ঃ** জানা নেই।

**শ্রীসন্দীপ দাস ঃ** আপনার দৃষ্টিতে আনলে ব্যবস্থা গ্রহণ করবেন কি ?

**শ্রীজ্যোতি বসু ঃ** নিশ্চই।

**শ্রীসন্দীপ দাস ঃ** সি, এম ডি এর ভাইসচেয়ারম্যানের কাছে আমি জানিয়েছি।

**শ্রীজ্যোতি বসু ঃ** আপনি তো ঐ কমিটির সভ্য ?

## লক্ষীডাঙ্গা মালপাড়া গ্রামে মানুষ পুড়িয়ে মারার ঘটনা

*৪১। ( অনুমোদিত প্রশ্ন নং *১২৫। ) **শ্রীসুনীতি চট্টরাজ ঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৮ সালের অক্টোবর মাসে মুরারই থানার অন্তর্গত লক্ষীডাঙ্গা মালপাড়া গ্রামে কোন মানুষ পুড়িয়ে মারার ঘটনা ঘটিয়াছে কি ; এবং

(খ) ঘটিয়া থাকিলে—

(১) কোন্ ব্যক্তি এইভাবে নিহত হইয়াছে,

(২) কোন কোন্ ব্যক্তি এই ঘটনার সঙ্গে জড়িত, ও

(৩) এই বিষয়ে মামলাটি বর্তমানে কি অবস্থা আছে ?

**শ্রীজ্যোতি বসু ঃ** (ক) এবং (খ) (১) বাসস্থানে অগ্নিসংযোগের ফলে জাফর সেখ নামে এক ব্যক্তি মারা যান।

(খ) (২) ৩০০।৩৫০ লোকের এক জনতা বাড়ীটি আক্রমণ করে ও ঘরে আগুন লাগিয়ে দেয় বলে জানা গিয়েছে।

(৩) মামলাটি বর্তমানে তদন্তাধীনে আছে।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** ঘটনা যখন হয় সেই সময় সেখানে একজন পুলিস পিকেটিং ছিলো কিনা ?

**শ্রীজ্যোতি বসু ঃ** আমি রিপোর্টে দেখছি। পুলিস পিকেটিং ছিলো না, কিন্তু একজন অফিসার যার নাম বলতে পাচ্ছি না সেই সময় তিনি সেখানে উপস্থিত ছিলেন।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** এ পর্যন্ত এফ আই আর এ কত জন আসামী এ্যারেষ্ট হয়েছে ?

**শ্রীজ্যোতি বসু ঃ** আজ পর্যন্ত কত হয়েছে তা বলতে পারবো না, তবে ৩ জনের নাম এফ আই আর এ ছিলো এবং ৬৯ জন কোর্টের কাছে আত্মসমর্পণ করেছে।

**শ্রীসুনীতি চট্টরাজ :** আপনি কি জানাবেন লোকাল থানায় মাস ডেপুটেসান দিয়ে বলা হয়েছিলো যে সেখানকার লোকাল সি. পি. এম বলছে আমাদের বাড়ীতে এফ আই আর এর আসামী আছে। তাকে গ্রেপ্তার করা হচ্ছে না কেন এবং তার কারণ কি ?

**শ্রীজ্যোতি বসু :** এটা সত্য নয়। তবে ৬৯ জন কোর্টে স্যারেণ্ডার করেছে।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** ঐ নেতার বাড়ীতে এফ আই আর এর আসামী আত্মগোপন করে আছে সে খবর পুলিসকে জানান সত্ত্বেও পুলিশ এ্যারেষ্ট করছে না এইটা কি সত্য ?

**শ্রীজ্যোতি বসু ঃ** সত্য নয়।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** ৩৫০ জন লোকের মধ্যে সি. পি. এম. ক্যাডার ভুক্ত কতজন ছিলেন—এটা পুলিশ রিপোর্টে আছে ?

**শ্রীজ্যোতি বসু ঃ** আমার কাছে এরূপ নেই।

**শ্রীসুনীল মজুমদার ঃ** মৃত ব্যক্তি অসামাজিক কাজের জন্য তার নাম থানায় ছিলো কি না ?

**শ্রীজ্যোতি বসু ঃ** ক্রিমিনাল কেসে এরূপ অনেকের নাম ছিলো।

**শ্রীসুনীল মজুমদার ঃ** ৬৯ জনের সম্পত্তি এ্যটাচ করবার পর তাদের ধরা হয়েছে এবং এই কাজে সেখানকার স্থানীয় নেতা বজলে আমেদ চাপ দিয়েছিলেন কি না ?

**শ্রীজ্যোতি বসু ঃ** জানা নেই।

## সিতাই ব্লকে বিদ্যুৎ সরবরাহ

*৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *১১৩।) **শ্রীদীপক সেনগুপ্ত ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, কোচবিহার জেলার সিতাই ব্লকে বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা চালু করার কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

**শ্রীজ্যোতি বসু ঃ** হ্যাঁ।

## নদীয়া জেলায় প্রশাসনিক সুবিধার্থে সদর মহকুমা বিভাজন

*৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৬।) **শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** স্বরাষ্ট্র (সাধারণ প্রশাসন) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

ক) নদীয়া জেলায় প্রশাসনিক সুবিধার জন্য সদর মহকুমা (কৃষ্ণনগর)-কে ভাগ ক'রে নতুন মহকুমা স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

খ) যদি (ক) প্রশ্নের উড়র "হ্যাঁ" হয়, তা হ'লে নতুন মহকুমার জন্য কোন্ স্থান নির্বাচন করা হয়েছে ?

**শ্রীজ্যোতি বসু ঃ** (ক) হ্যাঁ, বিভিন্ন মহল থেকে প্রস্তাবিত নদীয়া জেলার সদর (কৃষ্ণনগর) মহকুমাকে ভাগ করে নতুন মহকুমা স্থাপনের একটি পরিকল্পনা সরকারের বিবেচনাধীন রয়েছে।

খ) না। নতুন মহকুমার জন্য কোন স্থান এখনও নির্বাচন করা হয় নাই।

মাননীয় মন্ত্রী মহোদয় কর্তৃক অনুমোদিত।

**শ্রীজয়ন্ত বিশ্বাসঃ** বিভিন্ন মহল থেকে যে দাবী আছে সেটা কার্য্যকরি করবেন কি?

**শ্রীজ্যোতি বসুঃ** বিবেচনা করবো।

**শ্রীসুনীতি চট্টরাজঃ** এই নুতন সাবডিভিসান করার জন্য ফাইনানসিয়াল ইনফলমেণ্ট কত লাগবে?

**শ্রীজ্যোতি বসুঃ** সেটা এখন বিবেচনা আছে।

## কাশীপুর উদ্বাস্তু শিবিরে পুলিশের গুলি-চালনা

*৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *৮৯।) **শ্রীসন্দীপ দাসঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

ক) কাশীপুর উদ্বাস্তু শিবিরে পুলিশের গুলি-চালনা সম্পর্কে সরকার কোন তদন্ত করিয়াছেন কি; এবং

খ) করিয়া থাকিলে, তাহার বিবরণ জানাইবেন কি?

**শ্রীজ্যোতি বসুঃ** (ক) এবং (খ) পি. আর. বি-র ১৫ নং বিধিঅনুসারে বর্দ্ধমানের বিভাগীয় কমিশনার বিভাগীয় তদন্ত (Executive enquiry) করছেন।

**শ্রীসন্দিপ দাসঃ** কোন বিচার বিভাগীয় তদন্ত করবেন কি?

**শ্রীজ্যোতি বসুঃ** না।

**শ্রীদেবনারায়ণ চক্রবর্ত্তীঃ** কাশীপুর এর ঘটনা সংবাদ পত্রে ফলাও করে প্রচার করা হয়েছিলো সেটা জানেন কি?

**শ্রীজ্যোতি বসুঃ** না।

**শ্রীসন্দিপ দাসঃ** এই সম্পর্কে তথ্য অনুসন্ধানের জন্য জনতা পার্টির একটা অনুসন্ধান কমিটি গিয়েছিলো যাতে এম এল এ ছিলো। কিন্তু পুলিশ তাদের প্রতিরোধ করে বলে যে, পাবলিক থরো ফেয়ার বলে কাশিপুর ক্যাম্প থেকে অনেক দূরে আটকান হয়েছিলো জানেন কি?

শ্রীজ্যোতি বসু ঃ বোধ হয় ১৪৪ ধারা ছিলো।

শ্রীসন্দিপ দাস ঃ ১৪৪ ধারার অনেক আগে গাড়ি আটকান হয়েছিলো জানেন কি ?

শ্রীজ্যোতি বসু ঃ না।

শ্রীসন্দিপ দাস ঃ যদি পুলিশ এরূপ ঘটনা করে থাকে যেটা বে-আইনী বলে প্রতিপন্ন হয় তাহলে কি ব্যবস্থা নেবেন ?

মিঃ স্পীকার ঃ এটা হাই পথটিকাল কোশ্চেন।

শ্রীসুনীতি চট্টরাজ ঃ সংবাদ পত্রের খবর অসত্য বললেন কিন্তু আপনি কি সত্য ভাষন দেবেন ?

শ্রীজ্যোতি বসু ঃ আমি বলছি সংবাদ পত্রে অনেক কিছু লেখা থাকে যা নিয়ে আমরা মাথা ঘামাই না।

[1-30—1-40 P.M.]

শ্রীসুনীতি চট্টোরাজ ঃ এই ঘটনায় কতজন মারা গিয়েছিল ?

শ্রীজ্যোতি বসু ঃ দু'জন।

শ্রীসুনীতি চট্টোরাজ ঃ আহত কতজন হয়েছিল ?

শ্রীজ্যোতি বসু ঃ আপনি যদি প্রশ্ন করেন আমি জবাব দেব। একজন তৎক্ষণাত মৃত্যু ঘটে, আর একজন যাকে ওরা লুকিয়ে রেখেছিল পরে তাঁকে হাসপাতালে দেওয়া হয়, ভোলা সেন মহাশয় সেখানে গিয়েছিলেন, তারপর তার মৃত্যু ঘটে হাসপাতালে।

শ্রীসুনীতি চট্টোরাজ ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন ভোলা সেন মহাশয় অন দি স্পট গিয়েছিলেন, তিনি গিয়ে জেনে এসেছিলেন ১১ জনের মৃত্যু ঘটেছে ?

শ্রীজ্যোতি বসু ঃ তিনি এখানে নেই, তবে তিনি বোধ হয় ভুল সংবাদ পেয়েছিলেন।

শ্রীহাজারি বিশ্বাস ঃ উদ্বাস্তুরা যে উদ্‌বুদ্ধ হয়েছিল এর পিছনে কোন চক্রান্তকারীর হাত ছিল কি না ?

**শ্রীজ্যোতি বসু :** চক্রান্তকারী কাকে বলে জানি না, তবে কিছু ওখানে ছিল যারা চেষ্টা করছিলেন দণ্ডকারণ্যে আমরা এবং কেন্দ্রীয় সরকার যে ব্যবস্থা করেছিল সেখানে যাতে ফিরে না যায়। তবে সৌভাগ্যবশতঃ যারা বিরোধিতা করেছেন তাদের যাবার তাদের কথা বাস্তুহারারা শোনেননি। তারা জানতে পেরেছিলেন যে তাদের বিভ্রান্তিকর পথে নিয়ে যাচ্ছে। এখন তারা চলে গেছেন।

**শ্রীসুনীতি চট্টোরাজ :** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি জুডিসিয়াল এনকোয়ারী করতে অসুবিধা কোথায় ?

**শ্রীজ্যোতি বসু :** এটা মতের ব্যাপার। আপনি মনে করছেন জুডিসিয়াল এনকোয়ারী উচিত, আমি মনে করি ক্রিমিন্যাল কেস হওয়া উচিত, কারণ পুলিশ অফিসার ওখানে একজন মারা গিয়েছেন।

### কৃষিকার্যে ব্যবহৃত বিদ্যুতের সর্বনিম্ন হার

*৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *১১৪।) **শ্রীদীপক সেনগুপ্ত :** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ? অনিয়মিত বিদ্যুৎ সরবরাহের পরিপ্রেক্ষিতে, বিশেষভাবে কৃষিকাজে ব্যবহৃত বিদ্যুতের ক্ষেত্রে সর্বনিম্ন হার (মিনিমাম চার্জ) প্রথার অবসান ঘটানোর কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

**শ্রীজ্যোতি বসু :** কৃষিকাজে ব্যবহৃত পাম্প সেটের ক্ষেত্রে বিদ্যুতেয় সর্বনিম্ন হার প্রথা অবসানের জন্য একটী প্রস্তাব রাজ্য বিদ্যুৎ পর্ষদ পরীক্ষা করিয়া দেখিতেছেন।

**শ্রীবিমলকান্তি বসু :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি কি ধরণের ব্যবস্থার কথা ভাবা হচ্ছে—মিটার ব্যবস্থা চালু করা, না, এ্যাকচুয়াল কনজামসান তার ভিত্তিতে করা হবে ?

**শ্রীজ্যোতি বসু :** সমস্ত বিষয় নিয়ে আলোচনা করছি, শুধু মিটার ব্যবস্থার কথা বলতে পারছি না, কারণ, এই রকম একটা দাবি আছে যে জল নেব তার উপর ট্যাক্স হওয়া উচিত সেটা কিভাবে কি করা যায় স্থির করা হচ্ছে।

**শ্রীদেবরঞ্জন সেন :** মন্ত্রী মহাশয় জানাবেন কি এটা কি কর জল হবে, না, জল কর হবে ?

**শ্রীজ্যোতি বসু :** সেটাই আলোচনার ব্যাপার।

**মিঃ স্পীকার ঃ** কোশ্চেন্ আওয়ার ইজ ওভার।

**শ্রীসরল দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, দু'জন ছাটাই শ্রমিক আজকে আমার সঙ্গে আসছিলেন শ্রম মন্ত্রীর সঙ্গে দেখা করবার জন্য, হঠাৎ দেখলাম একজন সামান্য কর্মচারী আমাদের বাধা দিলেন, আসতে দিলেন না। এটা তো স্যার, কোশ্চেন অব প্রিভিলেজ হয়ে যায়। আগে থেকে বললে আমি কাউকে সাথে নিয়ে আসতাম না।

**শ্রীসন্দীপ দাস ঃ** মাননীয় সদস্য সরল দেব যেটা বলেছেন সেটা প্রিভিলেজের প্রশ্ন। আমি যদি এই সম্বন্ধে অনুসন্ধান করে দেখেন যে সত্যই সেই রকম ঘটনা কেন ঘটল তাহলে ভাল হয়।

**মিঃ স্পীকার ঃ** তিনি লবিতে যখন এনেছেন তখন লবির পাশ সিস্টেম আছে, সেই পাশ দিতে পারতেন। কিভাবে কি হয়েছে সেটা অফিসে লিখিতভাবে দিলে আমি এনকোয়ারী করে বলতে পারি। আপনি গভর্নমেন্ট পার্টির লোক, আপনি আমার কাছে গিয়ে বলতে পারতেন, তা না করে আপনি হাউসে বলছেন। আপনি লিখিতভাবে আমাকে দেবেন।

**মিঃ স্পীকার ঃ** বিড়লা কলেজ অব সায়েন্স এ্যাণ্ড এডুকেসন এটা কিকরে মুলতুবী প্রস্তাবের মধ্যে আসে আমি বুঝতে পারছিনা। তারপর, দ্বিতীয়টি হচ্ছে, সরকারী নীতির ফলে—আপনারা এখানে "সরকারী নীতির ফলে" কথাটা লক্ষ্য করুন। কোন নির্দিষ্ট ঘটনার পরিপ্রেক্ষিতে এটা রাখা হয়নি, সরকারী নীতির জন্য রাখা হয়েছে। সরকারী নীতি কখনও মূলতুবী প্রস্তাবের বিষয় বস্তু হতে পারে না। কাজেই উক্ত দুটি মূলতুবী প্রস্তাবেই আমি আমার অসম্মতি জ্ঞাপন করছি।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** স্যার, আমরা খুনের ঘটনা দিচ্ছি, নারী ধর্ষণের ঘটনা দিচ্ছি, নীতির ঘটনা দিচ্ছি। এগুলি যদি এ্যাডজোর্ণমেন্ট মোসন হিসেবে এ্যালাউ না করেন তাহলে কোনটা গ্রহণ করবেন সেটা আমাদের বলে দিন।

**মিঃ স্পীকার ঃ** মিঃ বাগ, আপনি আপনার এ্যাডজোর্নমেন্ট মোসন পড়ুন।

**ডঃ শাশ্বতী প্রসাদ বাগ ঃ** বিড়লা কলেজ অব সায়েন্স এ্যাণ্ড এ্যাডুকেসন কি অধিগ্রহণ করা হয়েছে? সংবাদপত্রে প্রকাশ, গত ৩রা জুলাই, ১৯৭৮ সকাল সাড়ে দশটায় ক্যাবিনেট মিটিং—এ পশ্চিমবঙ্গ সরকার একটা অর্ডিনান্স জারি

করে ওই কলেজ অধিগ্রহণ করবার সিদ্ধান্ত গ্রহণ করেন। ওইদিনই বেলা ১টায় এল এল বিড়লা স্বেচ্ছায় ওই কলেজ সরকারের হাতে তুলে দিতে চায় এই মর্মে একটা চিঠি দিয়ে কলেজটি অধিগ্রহণ না করতে বলেন। ১৭ই জুলাই মিঃ বিড়লার সহিত মুখ্যমন্ত্রী এবং শিক্ষা মন্ত্রীর সাক্ষাতের পর ডি পি আই কলেজটি হস্তান্তরের পদ্ধতি ঠিক করবার জন্য আদিষ্ট হন। ৩০. ৮. ৭৮—এর জি. ও. নং এম ৮ / ৮৯ মাধ্যমে ওই কলেজের জন্য একটি এ্যাড হক গভর্নিং বডি ঘোষণা করা হয় এবং কলেজটিকে গভর্ণমেন্ট স্পনসর্ড কলেজ হিসেবে ১১. ৯. ৭৮ থেকে গণ্য করা হয়। ৩১. ৮. ৭৮ এর অনুষ্ঠান মাধ্যমে উচ্চ শিক্ষামন্ত্রী মিঃ এল এন বিড়লার নিকট হতে ৮০ হাজার টাকার একটা চেক গ্রহণ করেন। পশ্চিমবঙ্গ কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক একটি বিবৃতিতে ওই কলেজ টেকওভারের জন্য সরকারকে ধন্যবাদ জানান। কিন্তু প্রকাশ, কলেজের ১,৫০০০০ টাকার ফিক্স্‌ড ডিপজিট—এর থেকে ৭০ হাজার টাকা লিগ্যাল এক্সপেন্স—এর জন্য কেটে নিয়ে বিড়লা সরকারকে ৮০ হাজার টাকা দেন। কলেজের ফাণ্ডে মাত্র ১৩ টাকা ওপেনিং ব্যালেন্স থাকে। রাতারাতি কলেজটি একটা ভাঙ্গা জীর্ণ বাড়ীতে স্থানান্তরিত করা হয়। আরও প্রকাশ জি বি—র চেয়ারম্যান ওই কলেজ—এর দায়িত্ব নিতে সক্ষম হন নাই। মাত্র ২০ দিনের মধ্যে পশ্চিমবঙ্গ সরকার ১৯. ৯. ৭৮ তারিখে ওই কলেজের জন্য একজন এ্যাডমিনিষ্ট্রেটর নিয়োগ করেন। এ্যাডহক জি. বি. বাতিল করা হয়। তিনিও কাজ করতে পারছেন না। এদিকে কলেজের শিক্ষক এবং অশিক্ষক কর্মচারীবৃন্দ তাদের মাইনে সেপ্টেম্বর থেকে পাচ্ছে না। কলেজে ছাত্রভর্তির সমস্যা দেখা দিয়েছে। এবং অনিশ্চয়তা দেখা দিয়েছে। সুতরাং এই পরিপ্রেক্ষিতে পূর্ণাঙ্গ আলোচনার জন্য সভার কাজ মুলতুবী রাখার ব্যবস্থা করা হোক।

**শ্রীজ্যোতি বসুঃ** ব্যাপারটা জরুরী। শিক্ষামন্ত্রী এখানে নেই, তাঁর বাড়ীতে অসুখ-বিসুখ হয়েছে। আমি তাঁকে ব্যাপারটা বলল। তবে কোথায় বাধা আছে সেটা আমি এখনই বলতে পারছি না। কতগুলি লিগ্যাল ডিফিকাল্‌টি ছিল এবং জায়গার ব্যাপারেও কতগুলি অসুবিধা ছিল। আমরা মনে করেছিলাম এ্যাসেম্বলী খোলার আগেই এটাকে অধিগ্রহণ করা হবে। যাহোক, আমি এ সম্বন্ধে খোঁজ নিচ্ছি এবং একটা স্টেটমেন্ট দেবার ব্যবস্থা করছি।

**ডঃ শাশ্বতি প্রসাদ বাগঃ** আমাদের হাতে তথ্য রয়েছে বলেই আমরা আলোচনা চেয়েছিলাম। গভর্ণমেণ্টের হাতেও যখন তথ্য রয়েছে তখন এই নিয়ে আলোচনার একটা ব্যবস্থা করুন।

**মিঃ স্পীকারঃ** সেদিন কাশীবাবু আমাকে বলার পরই আমি চিফ মিনিস্টারকে ব্যাপারটা বলি এবং তিনি রাজি হয়েছেন।

[1-40—1-50 P.M.]

**শ্রীসুনীতি চট্টরাজঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ পশ্চিমবঙ্গে আইনের শাসন বলে কিছু নাই। জনজীবনে এসেছে এক দারুন আতঙ্ক। গ্রাম বাংলার গরীব, মধ্যবিত্ত এবং নিম্ন মধ্যবিত্ত যাদের শুধু সম্বল কয়েক বিঘা জমি আজ তারা বে-আইনি শাসনের ফলে পথে বসেছে। বিগত বন্যার পর যে সমস্ত মধ্যবিত্ত, নিম্নমধ্যবিত্ত ঘর-বাড়ি, গরু, ছাগল এমনকি চাষের লাঙ্গল পর্যন্ত হারিয়ে বসে আছে, পশ্চিমবঙ্গ সরকারের জঘন্য দলবাজীর ফলে এরা সরকারী কোন সাহায্য ভালভাবে এ পর্যন্ত পেল না, এক রকম রাস্তায় এসে তারা দাঁড়িয়েছে, এই সমস্ত মানুষদের আশা ছিল নতুন ধানের পয়সায় আবার তারা আস্তে আস্তে মাথা তুলে দাঁড়াতে পারবে। কিন্তু স্যার, আজ রাজনৈতিক মস্তান অর্থাৎ সি পি এম পার্টির কর্মী ও নেতাদের চাপে প্রসাশন ও পুলিশ একদম অকেজো, তাই গান্ধিজীর আদর্শে আজ এতদিন যে মানুষগুলো শান্তিপূর্ণ পথে আদর্শ গ্রাম গড়ে তুলেছিলেন—তারা আজ লাঠি, বল্লম-এর সঙ্গে পাল্লা দিতে পারছে না। মাঠের উন্নত ফসল পুলিশের চোখের সামনে গুণ্ডা এবং মস্তান বাহিনী লাল পতাকা দিয়ে লুঠ করে নিয়ে যাচ্ছে। সারা বছরের মত মধ্যবিত্ত, নিম্নমধ্যবিত্ত মানুষদের পথের ভিখারী করে ছাড়ব এই যাদের আদর্শ তাদের কাছ থেকে সুবিচারের আশা করিনা, কিন্তু আজ আলোচনা হওয়া উচিত এই ব্যবস্থা চলতে দেওয়া হবে কি হবে না?

তাই আজ সভা ১ ঘণ্টা মুলতুবী রেখে মাননীয় স্যার, এই প্রস্তাবটি আলোচনার সুযোগ দিলে বাধিত হবো।

**শ্রীযতীন চক্রবর্তীঃ** স্যার, আপনি যেভাবে এডিইট করেছেন উনি সেইভাবে পড়েননি অন্যটা পড়েছেন।

**মিঃ স্পীকারঃ** আচ্ছা আমি দেখবো।

**মিঃ স্পীকারঃ** আমি নিম্নলিখিত বিষয়ের উপর দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি যথা—

(১) স্বরূপ নগর ব্লকে ১৫·১১·৭৮ তারিখে এম এল এ শ্রীআনিসুর রহমান সহ কয়েকজনের দুস্কৃতকারীদের দ্বারা আহত হওয়ার ঘটনা—শ্রীনীরোদ রায়চৌধুরী এবং শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়।

(২) কলিকাতায় নারী খুনের ঘটনা কিনারা করিতে না পারা শ্রীসুনীতি চট্টরাজ।

(৩) পশ্চিমবঙ্গে ব্যাপকভাবে বিদ্যুৎ উৎপাদনের ব্যর্থতা রুখতে প্রসাশনিক ব্যর্থতা—শ্রীসুনীতি চট্টরাজ।

(৪) বীরভূম জেলার জমির মালিক ন্যায্য বরর্গাদারদের উপযুক্ত সাহায্যে প্রসাশনিক ব্যর্থতা—শ্রীসুনীতি চট্টরাজ।

(৫) এল আই জি স্কীম এ নির্মিত হাউসিং এস্টেটের বাড়ীর অত্যাধিক ভাড়া—শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস।

(৬) সাপ্লাই অব ওয়াটার ফ্রম কংসাবতী ড্যাম—শ্রীঅনিল মুখার্জী।

আমি স্বরূপ নগর ব্লকে ১৫· ১১· ৭৮ তারিখে এম এল এ শ্রীআনিসুর রহমানসহ কয়েকজন দুষ্কৃতকারীদের দ্বারা আহত হওয়ার ঘটনা বিষয়ের উপর শ্রীনীরোদ রায়চৌধুরী এবং শ্রীবীজেন্দ্র নারায়ণ রায় কর্ত্তৃক আনিত নোটিশ মনোনীত করেছি। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যদি সম্ভব হয় আজকে এ বিষয়ের উপর একটি বিবৃতি দিতে পারেন অথবা বিবৃতি দেবার জন্য একটি দিন দিতে পারেন।

**শ্রীজ্যোতি বসুঃ** ২৭ তারিখে সোমবার দিতে পারি।

**শ্রীযতীন চক্রবর্তীঃ** আমি যে কথা মাননীয় সদস্য সুনীতি বাবু সম্পর্কে তুলতে চাই, আপনি দেখবেন টেপ রেকর্ডারের সঙ্গে মিলিয়ে, যেটা এডিট করা হয়েছে সেটা উনি পড়ছেন কিনা, আমি খবর নিয়ে জানলাম উনি সেই এডিট করাটা পড়েননি, উনি যেটা পড়েছেন সেটা হচ্ছে আনএডিটেড ভার্‌শন, নিজের ভার্‌শন, এটা একজন সদস্যের পক্ষে য়্যাব্‌সোলিউট-ডিজঅনেস্‌টি। আমরা জানতে চাই, আপনি ইন্‌কুইয়ারী করে হাউসকে একটু জানান।

**শ্রীসুনীতি চট্টরাজঃ** য়্যাবসোলিউট ডিজঅনেস্টি এসব বড় বড় ইংরেজী কথা, স্পীকার মহাশয়, আপনি ন্যায় ধর্ম বিচার করুন, এটা চাইছি আপনার কাছ থেকে। এটা যেটা হয়েছিল তা হচ্ছে ওরিজিন্যালটা আমি স্পীকারের টেবিল থেকে নিয়ে এসেছি। এখানে বড় বড় ইংরেজী বললে হবে না।

**শ্রীযতীন চক্রবর্তীঃ** আমি বলেছি উনি যদি আনএডিটেড ভার্‌শন পড়ে থাকেন, সেটা য়্যাবসোলিউট ডিজঅনেস্‌টি, সেটা ভেরিফাই করে জানান।

**শ্রীদীনেশ মজুমদারঃ** অধ্যক্ষ মহাশয়, এটা আশা করা যায় বিরোধী সদস্যরা যাঁরা য়্যাড্‌জোর্ণমেন্ট মোশান পড়বেন, আপনি এডিট করে যে অংশটা দিয়েছেন, সেটা পড়বেন, এক্ষেত্রে তার ব্যতিক্রম হয়েছে কি না আমাদের জানাবেন। তাই

আপনার কাছে সাবমিশন হচ্ছে —এ জিনিষটা বলতে পারেনা। আপনি বিবেচনা করবেন, নইলে আপনিই পড়ে দেবেন, অন্য কোন মেম্বারকে তার জন্য এলাউ করবেন না।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** য়্যাডজোর্ণমেন্ট মোশন সম্বন্ধে বার বার আপনার কাছে সাবমিট করেছি আমাদের একটা অন্ততঃ সুযোগ দেবেন। হাউস বোধ হয় ১৮ মাস অতিক্রম করে যেতে চলল, আমরা একটাও সুযোগ পাইনি, আমাদের বক্তব্য যেভাবে এডিট করে দেন, সেটা পড়ার অধিকারও যদি কেড়ে নেওয়া হয়, সরকার পক্ষের চীফ হুইপ যে কথা বলেছেন, তাহলে তো বিরোধী পক্ষের হাতে আর কোন ক্ষমতাই রইল না এই সরকারের সমালোচনা করার। য়্যাডজোর্ণমেন্ট মোশন ইজ এসেন্শিয়েলি এ সেন্সার মোশন। সেজন্য আপনার কাছে অনুরোধ, সরকার পক্ষের পরামর্শ সত্বেও বিরোধী দলের অধিকার সম্বন্ধে আপনি একটু বিবেচনা করবেন।

**মিঃ স্পীকার ঃ** এখন স্বরাষ্ট্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীকে বাসন্তী থানার কাঠালবেরিয়াতে ফসল কেটে নেওয়া ঘটনা সম্পর্কে বিবৃতি দিতে অনুরোধ করছি। এ বিষয়ে জনাব মহঃ সোরাব, শ্রীনবকুমার রায় ২৩শে নভেম্বর (১৯৭৮ সালের) তারিখে দৃষ্টি আকর্ষণী প্রস্তাব দিয়েছিলেন।

**Shri Jyoti Basu :** Hon'ble Mr. Speaker, Sir in response to the calling Attention Notice given by Sarbashree Md. Sohorab and Nabakumar Roy, Member, West Bengal Legislative Assembly, regarding the alleged atrocities by police and CPI(M) workers at Kanthalbaria village in the Basanti Police station area in the south 24-Parganas, I beg to make the following statement :

Shri Bhupal Chandra Saw is a local political leader of the village Kanthalberia. An information was received on 19.11.78 at Basanti P. S. that he and some others including outsiders indulged in for cible harvesting on a plot of land in this village. The land in question was cultivated by 22 bargadars and the owner of the land was one Shri Nirmal Mondal of Sonarpur. On reaching the spot the O/C found that 5 persons three of them outsiders were detained by the local villagers. He also received a complaint from one of the bargadars that at about 05.30 hrs, Shri Bhupal Chandra Saw along with several other persons forcibly harvested the paddy from the barga

land of the complainant and 21 others after threatening them with deadly weapons. The five persons who were detained by the local villagers were amongst the outsiders led by Shri Bhupal Chandra Saw. On receipt of the complaint O/C took cognizance of the case and arrested 12 persons including Shri Bhupal Chandra Sau.

Two of the accused, both outsiders from Sonarpur, stated before the Police that they, along with some other outsiders, were hired by Shri Bhupal Chandra Saw on payment for carrying out the forcible harvesting. In the meantime, the wife of Shri Saw, Sm. Sankari Saw lodged a complaint at Basanti P. S. that at 08.30 hrs, onc Nazrul Naskar, Anchal Pradhan of Kanthalberia and some 200 persons looted cash, utensils and caused some damage to her conch-shell bangles. On this complaint, a casc was registered on the same day. O. C. also took cogaizance of this case and visited the house of Shri Bhupal Chandra Saw for investigation.

The two incidents took place between 05.30 hrs. and 08.30 hrs. Police arrived at the spot at about 11.00 hrs. Subsequently, Senior Police Officer have also visited the spot and enquired into the two incidents. It appears from their reports that incidents primarily arose over attempted forcible harxesting of paddy by Shri Bhupal Chandra Saw and his hired men.

মিঃ স্পীকার ঃ এখন ৩৫১ ধারায় উল্লেখ। প্রথমে শ্রীদেবনারায়ণ চক্রবর্ত্তী।

## MENTION CASES

শ্রীদেবনারায়ণ চক্রবর্ত্তী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, সম্প্রতি কয়েকদিন ধরে দেখা যাচ্ছে ট্রেন চলাচলে নানা প্রকার গোলোযোগ সৃষ্টি করা হচ্ছে। কোথাও ট্রেন চালক প্রহৃত, কোথাও বা গার্ড সাহেব প্রহৃত হয়েছেন এবং ট্রেনে যাতে গোলোযোগ করিয়ে দেওয়া যায় এরজন্য সংবাদপত্রে নানা রকম বিভ্রান্তি সৃষ্টি করা হচ্ছে। জনসাধারণ মনে করছেন চিকমাগালুর পরে কিছু কিছু মানুষ দূরভিসন্ধিপূর্ণ হয়ে আর রেলওয়ের লয়াল ওয়ারকার যারা সেই ২০ দিন ধর্মঘটের সময়ে কাজ করেছিল তার সঙ্গে যোগাযোগে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারকে যাতে ডুবিয়ে দেওয়া যায় সেইজন্য সেই শক্তি মাথাচাড়া দিচ্ছে। কাজেই এই অবস্থায় আমি মনে করি

কেন্দ্রীয় রেলমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করা হোক যাতে তারা রেলওয়ের বিষয়ে একটু যত্নবান হন।

[1-50—2-00 P.M.]

**ডাঃ বিনোদ বিহারী মাঝি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাঁকুড়া জেলার আমাদের কেন্দ্রের একটি রাস্তা যে রাস্তটি তৈরী হয়েছিল বাঁকুড়া ডিসট্রিক্ট বোর্ড কর্তৃক এবং সেই রাস্তাটি পুরুলিয়া-বাঁকুড়ার সংযোগ রক্ষাকারী এবং অল্প খরচ করলেই অনেক লোকের যাতায়াতের সুবিধা হয়। সেই রাস্তাটি তাড়াতাড়ি যাতে পিচ হয় সেইজন্য পুরুলিয়া-বাঁকুড়ার প্রায় ১০ হাজার সাধারণ লোক পূর্তমন্ত্রীর কাছে একটা আবেদন পাঠিয়েছেন। সেই রাস্তাটি যাতে পীচ হয় সেইজন্য আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীপঞ্চানন দিকপতি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয় আপনার সামনে উত্থাপিত করছি। বিগত বন্যায় আমার খানাকুল যেভাবে ক্ষতিগ্রস্থ হয়েছে তাতে মনে হয় পশ্চিমবাংলায় বিভিন্ন স্থানে যে ক্ষতি হয়েছে সে তুলনায় খানাকুল প্রথম স্থান অধিকার করেছে। বর্তমান সময়ে দেশে বোরো চাষ এসে গিয়েছে। অনেকগুলো বোরো বাঁধ দেবার জন্য সরকার চেষ্টা করছেন। কিন্তু নদীর যে সমস্ত বাঁধ ভেঙ্গে গিয়েছে তা না সারানো হলে বোরো জল আটকাবে না। সেইজন্য আমি অনুরোধ করবো এই সমস্ত বাঁধগুলো সারাতে অবিলম্বে। যেমন, বন্দিপুর-তেলিপাড়া, বন্দিপুর কালিতলা, বন্দিপুর ধারাপাড়া। এইগুলো দারকেশ্বর নদীর। তাছাড়া দারকেশ্বর নদীর সমস্ত পশ্চিমপাড় সারাতে হবে। মুণ্ডেশ্বরী নদীর কানা দারকেশ্বর উভয় পাড়, রঞ্জিতবাটী গ্রাম ও উদয়পুর গ্রাম পর্যন্ত। মুণ্ডেশ্বরী নদীর কাণা দারকেশ্বর হইতে বাঁকানগর পশ্চিমপাড়। মুণ্ডেশ্বরী নদীর পূর্ব পাড়ে বালিপুর হইতে চিংড়া। এইগুলো অচিরে যদি বাঁধ না হয় তাহলে সমস্ত বোরো জল বাইরে বেরিয়ে চলে যাবে এবং বোরো চাষ বর্তমান বছরে ফেল করবে।

সেইজন্য আমি আপনার মাধ্যমে ইরিগেসন মিনিষ্টার মহাশয়কে জানাচ্ছি যে তিনি যেন অবিলম্বে হুগলী ডিভিসনের একজিকিউটিভ ইঞ্জিনীয়ারকে জানিয়ে দেন যাতে তিনি বিশেষ যত্নসহকারে এসব বাঁধগুলি বাঁধেন। তা না হলে বোরো ধান হবে না এবং তা না হলে দেশের মানুষ মরে যাবে এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস**ঃ মাননীয় স্পীকার মহাশয়, ২ মাসের বেশী হোল বন্যা হয়েছে। কিন্তু এখনও শিয়ালদা লালগোলা লাইনের ট্রেন নিয়মিত চলাচল করছে না। এবং এর ফলে হাজার হাজার যাত্রী ভীষণ দুর্ভোগের মধ্যে পড়েছে। এই দুর্ভোগ এমন পর্যায় গিয়ে দাঁড়িয়েছে যে কোন সময়ে সেখানে বিস্ফোরণ ঘটতে পারে। সেখানে প্রচণ্ড বিক্ষোভের সৃষ্টি হচ্ছে। এমন অবস্থা চলতে থাকলে এই বিস্ফোরণ আর এড়ানো যাবে না। তাই আমি মুখ্যমন্ত্রীর কাছে আবেদন রাখছি যে দুর্ভোগ রহিত করার ব্যাপারে তিনি যে কেন্দ্রীয় সরকারকে এই বিষয়ে জানান এবং অতি দ্রুত যাতে শিয়ালদা লালগোলা ট্রেন নিয়মিত চলাচল করে তার জন্য যেন ব্যবস্থা নেন—এই বক্তব্য আমি এখানে রাখছি।

**শ্রীসন্দীপ দাস**ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। তিনি বন্যা পরিস্থিতি আলোচনার সময় বলেছিলেন কোথাও কোন পক্ষ পাতিত্বের ঘটনা ঘটলে স্পেসিফিক ইন্সট্যান্স তাঁকে দিতে। আমি একটি ঘটনার প্রতি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কোন বেসরকারী রিলিফ নয়, কোন সেবা প্রতিষ্ঠানের রিলিফ নয়। উচ্চ শিক্ষা মন্ত্রীর অনুরোধে ন্যাশন্যাল সার্ভিস কোর রিলিফ দিতে সম্মত হয়। এবং এই ব্যাপারে কোথায় ক্যাম্প হবে তা নিয়ে উলুবেড়িয়া কলেজে মিটিং হোল। সেই মিটিংয়ে ন্যাশন্যাল সার্ভিস কোরের অফিসার ছিলেন পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নেতৃবৃন্দ ছিলেন যার মধ্যে মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির লোকও ছিলেন। এই সবাই মিলে বসে ঠিক হোল যে বাগনানের মুনতিরহাটে ক্যাম্প হবে। সেই সভায় অধ্যাপক নেতাও ছিলেন। তার পর সেখানে প্রমোধবাবু মিটিংও করেছিলেন। কিন্তু হঠাৎ দেখা গেল প্রীতিবাবু আমি শুনেছি তিনি নাকি জেলা পরিষদের একজন সভ্য তিনি বললেন এখানে কাজ করতে হলে তিনি যেভাবে নির্দেশ দেবেন সেইভাবে কাজ করতে হবে। ক্রমাগত সেখানে বাধা সৃষ্টি হতে লাগলো, নানা রকম অসুবিধার সৃষ্টি হতে লাগলো। এই দেখে ন্যাশন্যাল সার্ভিস কোর সেখান থেকে ক্যাম্প উঠিয়ে নিয়ে চলে এলো। এবং এর ফলে সরকারের প্রচুর টাকা অপব্যয় হয়েছে।

[2-00—2-10 P.M.]

**শ্রীরাজকুমার মণ্ডল**ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রম মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই এবং আশা করি তিনি এই বিষয়টির

প্রতিকার করবেন। গত ৩০ বছর কংগ্রেসী রাজত্বে ফ্যাক্ট্রি ইন্সপেক্টরের ফ্যাক্ট্রি ইন্‌সপেক্‌সন, পরিদর্শন করার ব্যাপারে যে প্রহসন সৃষ্টি করেছেন বর্তমানেও সেই ভাবে চলে যাচ্ছে। ফোর্ট গ্লস্টারে ৪টি ইন্‌সপেক্টর আছে। দুটি জুট মিলে, একটি ইঞ্জিনিয়ারিং-এ, একটি কটনে। আমি জুট মিলের বিষয়টি আপনার মাধ্যমে শ্রম মন্ত্রীর কাছে রাখতে চাই। দুটি জুট মিলে ফ্যাক্ট্রি ইন্‌সপেক্টর ইনসপেকসনে যান। আমরা দেখেছি ম্যানেজারিয়াল ষ্টাফের সঙ্গে কথাবার্তা বলেন এবং কোম্পানীরই গাড়ীতে যাতায়াত করেন, সেখানকার কোন শ্রমিকের সঙ্গে সাক্ষাত করেন না, বা কথা বলেন না। তার ফলে আমরা দেখতে পাচ্ছি মেশিনে যে সেফটি ডিভাইস থাকে—সেই সেফটি ডিভাইস নেই, জুট গোডাউন নেই। লক্ষ লক্ষ টাকার গানি জুট রয়েছে, ব জুট রয়েছে, অথচ গোডাউনের কোন ভাল ব্যবস্থা নেই। ফ্যাক্ট্রি এ্যাক্ট অনুযায়ী ছিটে ফোঁটা যেসব সুযোগ সুবিধা আমরা পেতে পারি সেইগুলি থেকে বঞ্চিত হচ্ছি। তাই আমি মনে করি এই ফ্যাক্ট্রি ইন্‌সপেক্টরের ফ্যাক্ট্রি পরিদর্শন করার ব্যাপারে যে প্রহসন চলেছে তা শীঘ্রই বন্ধ হওয়া দরকার।

শ্রীকমলাক্ষী বিশ্বাস: মাননীয় স্পীকার, স্যার, পিছিয়ে পড়া পশ্চিমবাংলার বিভিন্ন কলেজে লাইব্রেরিয়ান নেই। আমি উল্লেখ করতে চাই যে বারাসাত কলেজে দীর্ঘদিন ধরে লাইব্রেরিয়ান না থাকার জন্য ছাত্রদের বিশেষ অসুবিধা হচ্ছে। এই বারাসাত কলেজ গভর্ণমেন্ট কলেজ। সেখানে যত তাড়াতাড়ি সম্ভব একজন লাইব্রেরিয়ান নিযুক্ত করে ছাত্রদের শিক্ষার সুব্যবস্থা করবেন।

শ্রীঅনিল মুখার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি বোধ হয় কাগজে দেখেছেন গতকাল হাওড়া ষ্টেশনে যেভাবে যাত্রী সাধারণ এবং রেলওয়ে এমপ্লয়িজদের মধ্যে কি মারাত্মক ধরণের গোলমাল হয়েছে—যার ফলে হাজার হাজার যাত্রী সাধারণ যারা রোজ কলকাতায় আসেন তাদের বাড়ীতে ফেরা একেবারে অসম্ভব হয়ে দাঁড়িয়েছে এবং এটা নিত্য নৈমিত্তিক ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। যারা রোজ কলকাতায় আসেন এবং আবার বাড়ী ফিরে যান, ডেলি প্যাসেঞ্জারী করেন তাদের এক অবর্ণনীয় দুর্ভোগের মধ্যে পড়তে হয়েছে। তাই আমি আপনার মাধ্যমে পশ্চিমবাংলা সরকারকে অনুরোধ করতে চাই, তারা যেন রেলওয়ে কর্তৃপক্ষের নিকট বা কেন্দ্রীয় সরকারের নিকট এই বিষয়টি নিয়ে আলোচনা করেন। এবং এই ব্যাপারে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করেন। কেন না এটা পশ্চিমবাংলার প্রশাসনের উপর প্রতিফলন দেখা দেবে। কেন না দূর থেকে যেসব কর্মী আসেন তারা যদি

নিয়মিত আসতে না পারেন তাহলে টাইমলি অফিসে প্রেজেন্ট হয়ে কাজ করা তাদের পক্ষে সম্ভব হবে না। এতে পশ্চিমবঙ্গ সরকারের অনেক ক্ষতি হবে। শিল্প কারখানায় যারা কাজ করেন তারাও ঠিক সময় মত আসতে পারছেন না নিয়মিত ভাবে এটাও দেখা যাবে।

এবং তাদের অবর্ণনীয় দুর্গতি দিনের পর দিন বেড়েই চলেছে। তাদের দিকে লক্ষ্য রেখে আমাদের সরকার যেন কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করেন যাতে এই ব্যাপারে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করা হয়। আমি মনে করি কেন্দ্রীয় সরকারকেও আজ সতর্ক থাকতে হবে কারণ যে স্বৈরাচারী শক্তি একদিন ভারতবর্ষে ছিল আজকে দেশে গণতান্ত্রিক শাসন প্রতিষ্ঠিত হবার পর তারা সেই গণতান্ত্রিক শাসনকে বিপর্যস্ত করার জন্য চেষ্টা করছে। ওই প্রতিক্রিয়াশীল শক্তি এইসব অবস্থার সৃষ্টি করছে কি না, এই ব্যাপারে উস্কানি দিচ্ছে কি না, ট্রেন-এর ব্যাপারে গোলমাল করছে কি না সেটা কেন্দ্রীয় সরকারকে অনুধাবন করতে হবে এবং যাতে করে ট্রেন নিয়মিত চলে, প্যাসেঞ্জারদের দুর্গতি না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে। ওই স্বৈরাচারী শক্তি মাথাচাড়া দিয়ে গোলমাল করছে কি না, এই অশুভ শক্তি ট্রেনে এই যে গোলমাল হচ্ছে তার পেছনে রয়েছে কি না সেটা দেখার জন্য আমি অনুরোধ করছি।

**শ্রীহাজারি বিশ্বাস:** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টী আকর্ষণ করছি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে। মুর্শিদাবাদ জেলার সাগরদিহি থানার হাজিপুর গ্রামের মোস্তাকিন হোসেন এবং মদেশ্বর হোসেন ক্ষেত-মজুরদের উপরগুলি বর্ষণ করে। ক্ষেতমজুররা যখন তাদের মজুরী চাইতে যায় তখন বিনা প্ররোচনায় তাদের উপর এরা গুলিবর্ষণ করে এবং তার ফলে ১৫ জন শ্রমিক গুলিবদ্ধ হয়। তারা হাসপাতালে ভর্তি হয়েছিল, এখন ছাড়া পেয়েছে। আমি স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে অনুরোধ রাখছি এই সমস্ত অসামাজিক লোকের হাতে যেন আগ্নেয়াস্ত্র না থাকে এবং তাদের বন্দুকের লাইসেন্স যেন সিজ করা হয়। আমি ওই এলাকায় শান্তি শৃঙ্খলা ফিরিয়ে আনার জন্য অনুরোধ করছি।

**শ্রীসুমন্ত কুমার হীরা:** মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি বিশেষ ঘটনার প্রতি এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের এই সভায় এস ইউ সি দল আছে এবং তাদের ৪ জন প্রতিনিধি এখানে আছেন। তাঁরা নিজেদের বামপন্থী দল বলে প্রমান করবার চেষ্টা করেন এবং গনতন্ত্রের কথাও বলেন এখানে। কিন্তু বিধানসভার বাইরে দেখছি তাঁরা বিশেষকরে আমার কনসটিটিউএনসীতে নানা রকম অরাজকতার

সৃষ্টি করবার চেষ্টা করছেন। আমি দেখেছি তাঁরা স্কুলের পরীক্ষায় বাধা দেবার চেষ্টা করছেন এবং সমাজবিরোধী কাজ করে আমার সভা ভাঙ্গবার চেষ্টা করেছেন। আমি সরকারের কাছে অনুরোধ করছি এই সমস্ত সমাজবিরোধী কাজ বন্ধ করবার জন্য পুলিশের সাহায্য নিন এবং এস ইউ সি-র সদস্যদের ডেকে তাঁদের দলকে সাবধান করবার ব্যবস্থা করুন।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একটা কাহিনী আমি আপনার কাছে রাখতে চাই। সি পি এম-এর গুণ্ডাবাজীর অনেক কাহিনী আমি আপনার কাছে ইতিপূর্বে দিয়েছি এবং এবারে নজির দিচ্ছি তারা কিভাবে ভাগ-চাষীদের উচ্ছেদ করছে। মুরারীমোহন পাণ্ডা, গনেশপুর, কাকদ্বীপ—৪/৪½ । বিঘার ভাগচাষী, তার নামে জমি রেকর্ড হয়েছে এবং জে এল আর ও পুলিশের কাছ থেকে প্রোটেকশন নিয়েছে। কিন্তু দেখা গেল প্রচুর সি পি এম-এর কর্মী তাদের লাল ফ্ল্যাগ তুলে দিয়ে সেই জমিতে হানা দিল।

[2-10—2-20 P.M.]

যখন তারা ধান কাটছিল তখন বাড়ির লোক যাতে বেরিয়ে না আসতে পারেন সেই জন্য তার বাড়ির চারিদিকে প্রায় ৪০/৫০ জন লোক লাঠি বল্লম নিয়ে ঘেরাও করেছিল। এই লোকটা থানায় দরখাস্ত করেছে, এস. ডি. ও. কোর্টে গেছে, পুলিশ প্রটেকশনের অর্ডার হয়েছে, জে. এল. আর. ও. এই লোকটির পক্ষে রিপোর্ট দিয়েছে, হাইকোর্ট থেকে ইনজাংশন পেয়েছে। সমস্ত পাওয়া সত্বেও, রেকর্ডেড ভাগচাষী হওয়া সত্বেও তার জমির ধান লুঠ করে কেটে নিয়ে যাওয়া হচ্ছে। থানায় গেলো প্রটেকশনের জন্য, তারপর দারোগা বাবু এলেন, যখন দারোগা বাবু এলেন, তখন কিন্তু তারা চলে গেল। রেকর্ডেড ভাগচাষী হওয়া সত্বেও তার সমস্ত ধান কেটে নিয়ে তাকে সর্বশান্ত করে দিয়েছে। মুখ্যমন্ত্রীর কাছে জানালে উনি বলে উনি চিঠির উত্তর দেন—হাইকোর্টের ইনজাংশন অমান্য করে, গরীব রেকর্ডেড ভাগচাষীর ইনজাংশন অমান্য করে সমস্ত ধান তারা কেটে নিয়েছে এবং সেখানকার স্থানীয় এম. এল. এ'র প্রতিনিধি এই কাজে সাহায্য করেছে, আমি মুখ্যমন্ত্রীকে একটা দরখাস্ত দিয়েছি—এতে কিছু কিছু কপি আছে আমি আপনার কাছে দিচ্ছি, আপনি দয়া করে মুখ্যমন্ত্রীর কাছে পাঠিয়ে দিন যাতে অবিলম্বে এই রেকর্ডেড ভাগচাষীর স্বার্থ রক্ষিত হয়।

**শ্রীধীরেন্দ্রনাথ সরকার:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার পরিষদীয় গণতন্ত্রের সংবাদপত্রের স্বাধীনতার উল্লেখ আছে। আপনি জানেন সংবাদপত্র গণ চেতনা জাগ্রত করার একটা মাধ্যম। আপনি দেখেছেন গতকাল ফরওয়ার্ড ব্লকের দীপক সেনগুপ্ত বসুমতী, সত্যযুগ, গাজী পত্রিকার বিরুদ্ধে অধিকার ভঙ্গের অভিযোগ এনেছেন। আমার কাছে খবর আছে তিনি সেখানেই ক্ষান্ত নেই ফরওয়ার্ড ব্লকের তরফ থেকে হুমকী দেখানো হয়েছে যে তারা পার্টির কাছে ক্ষমতা না চাইলে তাদের বিরুদ্ধে শাস্তিমুলক ব্যবস্থা নেওয়া হবে। এই রকম একটা খবরের জন্য সাংবাদিকদের উপর এই রকম অভিযোগ আনা ঠিক নয়। এই বিষয়টি যদিও প্রিভিলেজ কমিটিতে টেবল হতে যাচ্ছে—আমার এখানে আবেদন, প্রিভিজেল কমিটির চেয়ারম্যান হচ্ছে ডেপুটি স্পীকার নিজে এবং তার বিরুদ্ধেই অভিযোগ সুতরাং তাঁর পরিবর্ত্তে অন্য কাউকে দিয়ে এটা প্রিসাইড করানো হোক যাতে ভালোভাবে জাজমেণ্ট বেরোতে পারে।

**শ্রীসুনীতি চট্টোরাজ:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বামফ্রন্ট সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। পুর্ত্ত বিভাগের ৫০০ কর্মচারী যারা সার্কেল ৬ ছিলেন তাদেরকে তাদের ইচ্ছার বিরুদ্ধে সি. এম. ডি-এ দপ্তরে পাঠিয়ে দেওয়া হয়েছে এবং পাঠিয়ে দেওয়ার পরেও তাদের সার্ভিস বুক মেনটেন্ করা হচ্ছে না, ডেপুটেশন অ্যালাউন্স দেওয়া হচ্ছে না এবং সরকারী কর্ম্মচারীদের যে সমস্ত সুযোগ-সুবিধা দেওয়া হয় তা থেকে তাদের বঞ্চিত করা হচ্ছে। আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যেন এদের প্রতি সুবিচার করা হয়। এরা হাইকোর্ট করেছে। মন্ত্রীর কাছে ডেপুটিশনে যাওয়া সত্বেও বিচার পাচ্ছে না।

**শ্রীঅজয় কুমার দে:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কৃষি মন্ত্রী মহাশয়ের একটি বিশেষ ব্যাপারের দিকে দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গে এই যে বন্যার ধংস লীলা ঘটলো তারফলে চাষের প্রচর ক্ষতি হয়েছে এবং এই ব্যাপারে মাননীয় কৃষি মন্ত্রীমহাশয় অবহিত আছেন। আলু চাষীরা অনেক কষ্ট করে আলু চাষে ব্রতী হয়েছে। কিন্তু আলু চাষের ব্যাপক সংকট দেখা দিয়েছে এবং এই সংকটটা হচ্ছে সারের অভাব। কৃষিমন্ত্রী মহাশয় ২২ তারিখে এই সম্পার্কে কিছু বক্তব্য রেখেছেন। আমি অবশ্য তার বক্তব্যের সাথে একমত যে ইণ্ডিয়ান পটাশ লিমিটেড এদের কনট্রোল করে সেনট্রাল গভর্নমেণ্ট। কেন তাঁরা সারা দিচ্ছে না এবং আনছে না তারজন্য কোন কমপ্লেন করেছেন কি না আমি জানতে চাইছি

এবং এরজন্য যদি আমাদের সহযোগিতা চান আমরা সহযোগিতা করবো। কিন্তু এই যে ডি. এফ. ই. সারের জাহাজ পোর্টে এসেছিল সেই সমস্ত জাহাজের মাল বাহিরে চলে যাচ্ছে অথচ এখানে এক ছটাকও পটাশ পাওয়া যাচ্ছে না। কেন পশ্চিমবঙ্গ সরকার এই সমস্ত জাহাজগুলিকে সীজ করলেন না? হুগলী জেলায় যেখানে ৬ হাজার টন পটাশের দরকার—হুগলী জেলা শাসকের কাছ থেকে জেনেছি, জেলা শাসক অবশ্য আপ্রাণ চেষ্টা করছেন, কৃষিমন্ত্রী মহাশয়ও করছেন—কিন্তু কৃষি মন্ত্রী বক্তব্য রেখেছেন যে চাষীদের সর্বপ্রকার সুবিধা নিশ্চয়ই দেবেন—আমি জানিনা তিনি কতখানি মুখে বলছেন আর কতখানি কার্য্যে পরিণত করবেন—তিনি যদি দেখেন তাহলে দেখতে পাবেন যে চাষীরা কি অবস্থায় মাটি তৈরী করে মাথায় হাত দিয়ে বসে আছেন এই সারের জন্য। নাইট্রোজেন সার সেটাও পাওয়া যাচ্ছে না। ফসফেট সেটাও নেই পটাশ নেই এই রকম অবস্থায় কিভাবে পশ্চিমবঙ্গের আলু চাষীরা কাজ করবে তা আমি জানি না। আমি একটি পরিসংখ্যান দিচ্ছি। আরামবাগ ব্লকে ৯ হাজার একর জমিতে চাষ হয় সেখানে ১২০ একরের মতন জমিতে মিনিকীট দিতে পেরেছেন। গম যেখানে ৬ হাজার একরে হয় সেখানে ৬০০ একরের মতন দিতে পেরেছেন আর সরষে যেখানে ২ হাজার একরে হয় সেখানে ৪০০ একরের মতন দিতে পেরেছেন। আমি মাননীয় কৃষিমন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি যে, তিনি যেন কাল-বিলম্ব না করে অতি শীঘ্র ব্যবস্থা নেন এবং এই ব্যাপার নিয়ে কেন্দ্রের সঙ্গে বোঝা-পড়া করুন। যদি আমাদের সহযোগিতার দরকার হয় আমরা সহযোগিতার করবো। ইণ্ডিয়ান পটাশ লিমিটেড এবং ডি. এফ. ই. সারের জাহাজ যেন সীজ করা হয়। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীকমলকান্তি গুহ:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সদস্যদের অবগতি জন্য এই ব্যাপারে একটি স্টেটমেণ্ট দেবো। উনি বলছেন যে, ডি. এফ. ই-র যে সারের জাহাজ এসেছে সেটা বাহিরে কেন চলে গেছে? ডি. এফ. ইর জাহাজ কলকাতা পোর্টে পাঠানো হয়েছে এবং এইগুলিকে পাঞ্জাব, হরিয়ানা এবং ইউ. পি তে যেতে বাধ্য করা হচ্ছে। কেন্দ্রীয় সরকার জোর করে নিয়ে যাচ্ছেন পাঞ্জাব, হরিয়ানায়। আর পাঞ্জাব ও হরিয়ানার ৪ বছরের মজুত করা পচা, গলা যে সার আছে—গুনগত দিক দিয়ে কতটা ভাল জিনিষ হবে তা আমি জানি না—আমাদের ফোর্স করা হচ্ছে সেই সারগুলি নিতে।

[2-20—2-30 P.M.]

**শ্রীঅজয় কুমার দে ঃ** যা করলে ভাল হয় তাই করুন, দরকার হলে আপনারা জাহাজগুলি সীজ করুন, ডি. এ. পি. সীজ করুন। প্রয়োজন বোধ করলে আপনারা দিল্লী যান, আমরা আপনাদের সর্বরকমে সহযোগিতা করতে রাজী আছি। আসল কথা চাষীর পক্ষে যে কোন উপায়ে সারটা পাওয়া দরকার।

**শ্রীহরিপদ জানা (পিংলা) ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে চাচ্ছি। মেদিনীপুর জেলায় আমার পিংলা কেন্দ্রে পাঁচমুখী মৌজায় একটি বেসরকারী হোমিওপ্যাথ দাতব্য চিকিৎসালয় কেন্দ্রটী আজ প্রায় ২১৩ বৎসর যাবৎ জনসাধারণের সাহায্যে চলে আসছে। সেই দাতব্য চিকিৎসা কেন্দ্রটিতে ২ জন ডি. এম. এস. ২ জন কমপাউণ্ডার, ও ১ জন নার্স ও দুইজন কেরানী সহ মোট ৬১৭ জন বিনা পারিশ্রমিকে সার্ভিশ দিয়ে আসছে। সরকার বাহাদুরের নিকট আবেদন করা সত্বেও কোনরূপ সাহায্য এতাবৎ পাওয়া যায় নাই, বর্ত্তমান বৎসর ১লা সেপ্টেম্বর থেকে এই যে বিধ্বংসী সর্বনাশা বন্যার সময় থেকে হোমিও দাতব্য ইউনিটটি বিভিন্ন বন্যাপ্লাবিত অঞ্চলে অঞ্চলে গিয়ে চিকিৎসার ব্যবস্থা করে আসছে। কিন্তু দুঃখের বিষয় যে পিংলা ব্লকের বি. ডি. ও. তাদের প্রথমে ঔষধ পত্রের জন্য টাকা কিছু দেবেন বলে আশ্বাস দেন, পরে বললেন যে আপনারা ঔষধ যাহা লাগবে লিষ্ট করে দেন আমরা সরকার থেকে ঔষধ এনে দোব, মেদিনীপুর এস. ডি. ও. (সাউথ) ঐ কথা বললেন, পরে আবার বি. ডি. ও. বললেন যে দাতব্য হোমিও মেডিকেল ইউনিট এর জন্য কোন টাকা বা ঔষধ সরকার থেকে দেওয়ার ব্যবস্থা নেই। দেওয়া যাবে না, আরও আশ্চর্য্যের বিষয় যে ঐ ইউনিটটি ভিন্ন ভিন্ন জায়গায় গিয়ে চিকিৎসার জন্য কেন্দ্র করায় এ ব্যাপারে আমি নিজে বি. ডি. ও. কে বলে ও একটি ত্রিপল পর্য্যন্তও তাদের দিতে পারিনি, আমি এ ভাবের কথা বলেছিলাম ফিল্ড ওয়াক হয়েগেল—সরকারী ভাণ্ডারে ত্রিপল ফেরত দিবে, এই ত স্থানীয় সরকারী অফিসারদের মহৎ ও মহান উদ্দেশ্য থাক, এখন ত্রাণকার্য্য শেষ। তবে বর্ত্তমান অসুখ বিসুখ বাড়ছে অতএব যাহাতে ঐ হোমিও দাতব্য চিকিৎসা কেন্দ্রটী জনসাধারণের হিতার্থে চলতে পারে তার জন্য স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**ডাঃ জয়নাল আবেদীন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা একটি বিষয়ে একটু অসুবিধা বোধ করছি, গভর্ণমেন্টের কতগুলি গুরুত্বপূর্ণ পাবলিকেশন-ট্রেজারী

বেঞ্চের কে শুনছেন জানিনা, কমলবাবু যদি একটু দেখেন—আপনাদের কিছু কিছু ইম্পর্টট্যান্ট পাবলিকেশন, এই পাবলিকেসনগুলি আমরা পাচ্ছি না। আমরা আশা করেছিলাম যে এ্যাসেম্বলীর পাবলিকেসন কাউন্টারে পাব। কিন্তু পেলাম না, অথচ রাজনৈতিক অন্যান্য দলের কাছে এই কাগজগুলি দেখছি। এই পাবলিকেসন গুলি—যেমন সেণ্টার ষ্টেট রিলেসন, ওয়ান ইয়ার অফ লেফট ফ্রন্ট, এই গুরুত্বপূর্ণ পাবলিকেসনগুলি এই হাউসের সদস্য হিসাবে পাব বলে মনে করি। তা না হলে আমাদের নীতি ফরমুলেসন করতে পারছি না।

মিঃ স্পীকার: ওগুলো আমাদের বুলেটিনের মধ্যে দেওয়া আছে।

শ্রীহরিপদ জানা (ভগবানপুর) মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কাছে আমার কেন্দ্র ভগবানপুর থেকে এইমাত্র একটা টেলিগ্রাম এসেছে—একজন ভদ্রমহিলা এই টেলিগ্রামটি পাঠিয়েছেন My husband Santosh Prodhan and others of Bhadrapur, Bhagabanpur injured by Local C. P. M. workers Pray rescue and safety.

মিঃ স্পীকার: আমাকে টেলিগ্রামটা দিন, আমি চীফ মিনিষ্টারকে জানিয়ে দোব।

## LEGISLATION.

মিঃ স্পীকার: আমি মাননীয় মন্ত্রী শ্রীকমলকান্তি গুহ মহাশয়কে পশ্চিমবঙ্গ হিমঘর (লাইসেন্স প্রদান ও প্রণিয়-এন সংশোধন বিধেয়ক ১৯৭৮ বিলটি উত্থাপন করতে অনুরোধ করছি।

The West Bengal Cold Storage (Licensing and Regulation) Amendment Bill, 1978.

শ্রীকমলকান্তি গুহ: আমি পশ্চিমবঙ্গ হিমঘর (লাইসেন্স প্রদান ও প্রনিয়-এন সংশোধন বিধেয়ক ১৯৭৮ উত্থাপন করছি।

(Secretary then read the Title of the Bill).

শ্রীকমলকান্তি গুহ: মাননীয় স্পীকার মহাশয়, আমি পঃ বঙ্গ হিমঘর (লাইসেন্স প্রদান ও প্রনিয়-এন) সংশোধন বিধেয়ক ১৯৭৮ উত্থাপিত করছি সভার বিবেচনার জন্য। পশ্চিম বাংলায় ১৭২টি হিমঘর আছে এর মধ্যে কিছু সমবায় সমিতি পরিচালিত করেন কয়েকটি এগ্রো ইণ্ডাসট্রিসের অধীনে আছে এবং বেশীর ভাগ হিমঘর বেসরকারী মালিকদের দ্বারা পরিচালিত হয়। পঃ বঙ্গে

আলুর চাষ দিনের পর দিন বেড়ে যাচ্ছে, আলু চাষীদের স্বচ্ছলতা নির্ভর করে হিমঘরের উপরে। কিন্তু বর্ত্তমানে যে আইন চালু আছে তার দ্বারা অসাধু মালিকরা আইনকে উপেক্ষা করে কৃষকদের স্বার্থকে লঙ্ঘিত করছেন। সেইজন্য আজকে এই সংশোধনী বিল আনা হয়েছে। যে কটা জেনারেটার রাখা দরকার তা তারা রাখে না ফলে বিদ্যুৎ সরবরাহে ঘাটতির সময় মজুত পণ্য নষ্ট হয়ে যায় এবং তারজন্য কৃষকদের কোন ক্ষতিপূরণের ব্যবস্থা করা হয় না। অনেক ক্ষেত্রে দেখা গেছে আলু উৎপাদনকারীরা হিমঘরে জায়গা পায় না। হিমঘরে বেনামীতে অন্য ব্যবসায়ীরা আলু রাখে। এর ফলে উৎপাদকরা মার খায় এবং আলু ব্যবসায়ীরা আলু মজুত রেখে আলুর দাম নিয়ন্ত্রণ করে মুনাফা লুঠ করেন। ষ্টাম্প বিমা শুল্ক ইত্যাদি আর্থিক বোঝা জনসাধারণের উপরে এসে পড়ছে। এটা কি করে কমান যায় তার ব্যবস্থা করছি। যারা উৎপাদক তাদের স্বার্থ যদি ক্ষুন্ন করা হয় তাদের ক্ষতিপূরণের ব্যবস্থা না করেন এবং যে সমস্ত ব্যবস্থা থাকলে সেই সমস্ত আইন মেনে চললে হিমঘরের মালিকরা লাইসেন্স পেতে পারে সেই সমস্ত ব্যবস্থা লঙ্ঘন করলে হিমঘর যাতে সরকারী পরিচালনায় আনতে পারি তারই ব্যবস্থা করা হচ্ছে। অনেক সময় মালিকরা অজুহাত দেখিয়ে নিজেদের ক্ষতিপূরণ দেবার যে দায়িত্ব তা থেকে অব্যাহতি পেতে চান, অনেক সময় খুব বেশী ভাড়াও নেন। এই ভাড়া যুক্তি সঙ্গত কিনা সেটা দেখতে হবে। তারা যে ক্ষতির কথা বলছে তার পেছনে যুক্তি আছে কিনা এগুলি দেখার জন্য একটা ট্রাইবুনাল গঠনের কথা বলা হয়েছে। হিমঘরগুলি নিয়ন্ত্রণ করার কোন ব্যবস্থা আগে ছিলো না। এটা একটা জমিদারিতে পরিণত হয়েছিলো। সেজন্য বাম ফ্রন্ট সরকার কৃষকদের স্বার্থ পুরোপুরি বজায় রাখার জন্য হিমঘরগুলিকে নিয়ন্ত্রণ করে সরকারী অধীনে আনতে চাইছেন। তানাহলে পশ্চিমবঙ্গের আলু কৃষকরা মার খাবে। এই হিসাবে এই সংশোধনী বিল উপস্থিত করা হয়েছে এবং আশা করছি মাননীয় সদস্যরা এই বিলকে সমর্থন করে আমার সঙ্গে সহযোগীতা করবেন এবং পঃ বাংলার বঞ্চিত আলু চাষীদের বাঁচার পথে তারা সহায়ক হবেন। এই কথা বলে শেষ করছি।

[2-30—2-40 P.M.]

**Shri Sasabindu Bera :** Sir, I beg to move that the West Bengal Cold Storage ( Licensing and Regulation ) Amendment Bill, 1978, be

circulated for the purpose of eliciting opinion thereon by the 28th February, 1979.

মন্ত্রী মহাশয় বিল মুভ করতে গিয়ে যে কথাগুলি বলেছেন সেগুলি খুব ভাল কথা। হিমঘর মালিকদের স্বৈরাচারী আচরণে অনেক দরিদ্র কৃষক মারা যায়। তাদের কৃষিজাত দ্রব্য রাখতে পারে না। অনেক সময় ক্ষতিপূরণের ক্ষেত্র অনেক জিনিস অন্তরায় সৃষ্টি হয়। এই সব অসুবিধাগুলি দূর করার জন্য এই বিল আনা হয়েছে। কিন্তু এ ক্ষেত্রে হিমঘর মালিকদের নিয়ন্ত্রন করবার জন্য যে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে সেটা কিছুটা অগণতান্ত্রিক বলে মনে হয়। হিমঘরে মালিকদের বক্তব্য শোনার কিছু অবকাশ রাখা হচ্ছে না। সম্পূর্ণ ভাবে সরকারী নির্দেশ বা ইচ্ছার উপর নির্ভর করে তাদের দণ্ডিত করার ব্যবস্থা করা হচ্ছে। যখন ক্লজ ওয়াইজ এ্যামেডমেন্ট নিয়ে আলোচনা হবে তখন আমি বলবো। এই কথা বলে আমি আমার মোসান মুভ করছি।

**মিঃ স্পীকার ঃ** আর কারো কিছু বলার না থাকলে মন্ত্রী মহাশয় উত্তর দিতে পারেন।

**শ্রীকমল কান্তি গুহ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি শশবিন্দু বেরা মহাশয়ের প্রস্তাব গ্রহণ করতে পারছি না।

The motion that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon was then put and lost.

**শ্রীবীরেন্দ্র কুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমারা আশা করে ছিলাম যে মাননীয় কৃষীমন্ত্রী বামফ্রন্ট সরকারের প্রতিনিধি হিসাবে হিমঘর সম্বন্ধে একটা যুগান্তকারী বিল আনবেন, কিন্তু বিল পড়ে দেখলাম এতে এমন বিশেষ কথা নেই। আমরা অনেক দিন থেকে শুনছিলাম যখন খাদ্য আন্দোলন হয়েছিল, যখন ১৯৬৬ সালে এই বিল প্রথম ইনট্রোডিউস হয়েছিল তখন এই বিধানসভায় আমার থাকার সৌভাগ্য হয়েছিল, তখন ওঁরা বলেছিলেন যে এতে সমস্ত ব্যবসায়ীদের সুযোগ দেওয়া হবে। আজকে আমরা ভেবেছিলাম যে ওঁরা সমস্ত হিমঘরগুলিকে রাষ্ট্রায়ত্ব করার একটা প্রস্তাব আনবেন। কিন্তু সেই প্রস্তাব আনেননি। আমরা এই বিলের বিরোধিতা করছি না, বিলকে সমর্থন করছি, কিন্তু একটা বলতে চাই হিমঘরগুলিকে ন্যাশনালাইজ করে যদি একটা কমপ্রিহেনসিভ বিল আনতেন তাহলে বুঝতাম যে তিনি সত্যই কিছু করতে চাইছেন। কিন্তু তা না করে পিস মিল

লেজিসলেশান করে একজন আমলার হাতে সমস্ত ক্ষমতা তুলে দিচ্ছেন। মন্ত্রী মহাশয় গ্রামের মানুষ, তাঁর অভিজ্ঞতা আছে যে সরকারী কর্মচারীর হাতে ক্ষমতা দিলে তার কন্‌ট্রোল কতখানি তিনি রাখতে পারবেন। তিনি আলু চাষীর কথা বললেন, কিন্তু তাদের ভাগ্য বিধাতা হল একজন কর্মচারী এ্যাপয়েন্টেড বাই দি গভর্নমেন্ট, তাঁর হাতে দায়িত্ব বেশী থাকল, তিনি বিচার করবেন, তাঁকে যে প্রভাবিত করতে পারবে না হিমঘরের মালিকরা তার প্রমাণ কি আছে, কোন ক্যাটিগোরির অফিসার থাকবে সেকথা এখানে বললেন না কিন্তু একটা কথা বললেন যার বিচার হবে ট্রাইব্যুনালে তার এ্যাপিল হবে না, তাঁর কেস কোর্টে যাবে না এইটুকু স্বান্তনা। কিন্তু এর মধ্যে কোন ফসল কোন জিনিস কতদিন রাখা যাবে তার কোন ব্যবস্থা নেই। আজকে কেউ পচা ফল রাখলেন, কেউ মাছ রাখলেন, কে রাখবে, প্রকৃত প্রোডিউসার রাখবে, না, ব্যবসায়ী রাখবে, ব্যবসায়ীরা যদি আগে থেকে দখল করে নেয় তার কন্‌ট্রোল সরকারী কর্মচারী করবে, বেনামে এই সমস্ত জিনিস হতে পারে, হয়েছেও এবং হচ্ছে, এই সমস্ত জিনিসের কি ব্যবস্থা করলেন জানি না। একটা কথা আমি বলতে পারি এখন প্রচলিত আইন অনুযায়ী সমস্ত হিমঘরগুলিকে রাষ্ট্রায়ত্ব করা সম্ভব নয়, কারণ, কম্পেন্সেসানের প্রশ্ন আছে। তিনি যদি বলতেন এখন থেকে যে হিমঘরগুলি তৈরী হবে সেগুলি রাষ্ট্রায়ত্ব বা কো-অপারেটিভ সেক্টারে হবে তাহলে ভাল হত, কিন্তু সেকথা তিনি বলতে পারেননি। সুতরাং এই বিলের মধ্যে যুগান্তকারী কিছু আনতে পারেননি। আমি একটা কথা বলছি সেটা হচ্ছে একটা জিনিস করা দরকার, এটা ভেবে দেখবেন, জিনিস মজুত করে বাজারে চাষী দাম পাক এটা আমরা চাই, কিন্তু চাষীর হাত থেকে মিডিল ম্যানরা জিনিস নিয়ে কৃত্রিম অভাব বাজারে সৃষ্টি করে জিনিসের দাম বাড়াচ্ছে তার ব্যবস্থা কি করবেন? মাননীয় মন্ত্রী মহাশয় উত্তর বঙ্গের লোক, তিনি জানেন উত্তর বঙ্গের শিলিগুড়িতে একটা হিমঘর আছে, আর কোথাও নেই। দার্জিলিং, দূর দূরান্ত অঞ্চলের যারা লোক তারা কি হিমঘরের সুযোগ পায়, না, মিডিলম্যানরা সুযোগ পায়?

[2-40—2-50 P.M.]

কিন্তু তার জন্য কোন ব্যবস্থা আপনারা করতে পারেননি। মালদহের আম পশ্চিমবঙ্গে কেন, সারা ভারতবর্ষে বিখ্যাত। কিন্তু সেই আমের প্রোডিউসররা কখনও তাদের মূল্য পায় না এবং তারজন্য আপনারা কোন ব্যবস্থাও করতে পারেননি। যেখানে বড় ব্যবসায়ী রয়েছেন তারা সুযোগ পাবেন, কিন্তু যে সমস্ত

গ্রামাঞ্চলে এই সুবিধা যায় না সেখানে কিভাবে এই সুযোগ যেতে পারে, গভর্নমেণ্ট এই ব্যাপারে কি পলিসি নেবেন, কি সাহায্য তাদের দেবেন তার কোন ইঙ্গিত মন্ত্রীমহাশয় আমাদের দিতে পারেননি। নীতিগতভাবে এই বিল আমি সমর্থন করি কিন্তু এর মধ্যে নুতনত্ব কিছু দেখলাম না এবং এতে চাষীরাও উৎসাহিত হবে বলে মনে হয় না। তারপর, কমিটি যদি একটা করতেন তাহলে ভাল হোত, সে তাদের দলের লোক দিয়েই হোক বা তাদের মনোনীত লোক দিয়েই হোক এবং তাতে আমাদের কোন আপত্তি ছিল না। রিপ্রেজেনটেটিভ অব দি কাল্‌টিভেটর্স, রিপ্রেজেনটেটিভ অব দি গভর্ণমেণ্ট এবং তার সঙ্গে হিমঘরের লোক যদি রাখতেন তাহলে ভাল হোত। কিন্তু সেখানে দেখলাম তিনি শুধু মালিক এবং সরকার রেখে দিয়েছেন। তারপর, উদ্দেশ্যের মধ্যে বলেছেন, "কৃষিজ দ্রব্যের উৎপাদকগণ যাহাতে সহজে হিমঘরে স্থান ভাড়া করিতে পারেন ততসম্পর্কে," । এতে আমি উদ্দেশ্য কিছু দেখতে পাচ্ছি না। এতে কোথাও লেখা নেই যে, এর বেশী মাল কোন ব্যবসায়ী রাখতে পারবেন না। স্যার, আজকাল হিমঘরের সবচেয়ে বড় সমস্যা হচ্ছে সমস্ত জায়গায় ইলেকট্রিসিটি ফেইল করছে এবং তার ফলে অনেক জিনিস নষ্ট হচ্ছে। বীমা করে কতটুকু করা যাবে আমি জানিনা। কাজেই এই ইলেকট্রিসিটি সম্বন্ধে সরকার কি করবেন সেটা জানা দরকার এবং কিছু করা যায় কিনা সেটা আপনারা দেখুন। এই হিমঘর যখন তৈরী হয়েছিল তখন ওয়েষ্ট বেঙ্গল ফাইনানসিয়াল কর্পোরেসনের কাছ থেকে টাকা নিয়ে করা হয়েছিল। মালদহে, আলু চাষী রয়েছে, কুচবিহারে রয়েছে এবং কালিংপং—এও রয়েছে, কিন্তু তাদের জন্য কোন ব্যবস্থা করা হয়নি। যদি বলা হোত হিমঘর ভবিষ্যতে সরকার করবেন বা কো-অপারেটিভ করবে তাহলে বুঝতাম। কিন্তু দেখলাম সেই সমস্ত কিছু নেই। তারপর, কালটিভেটর-দের কথা বলার জন্য যদি কিছু ব্যবস্থা করতেন তাহলে ভাল হোত। কিন্তু সেক্ষেত্রে দেখছি একবার বলছেন কমিটি করব, আবার বলছেন সেটা ভেঙ্গে দিতে পারি।

যে রাজ্য সরকার বিবেচনা করলে বিশেষজ্ঞ কমিটি ভাঙ্গিয়া দেওয়ার কথা বিবেচনা করতে পারবেন। বিশেষজ্ঞ কমিটিতো আপনারা বেছে বেছে করলেন—সরকার তো বিশেষজ্ঞ বেছে বেছেই করবে, হঠাৎ তাকে ভেঙ্গে দেওয়ার কথা চিন্তা করছেন কেন? আমি তো ঠিক বুঝতে পারলাম না। এর মধ্যে রাজনীতি কিছু আছে বলে আমার সন্দেহ হচ্ছে। আমার আর একটি কথা আপনার কাছে নিবেদন করতে চাই মন্ত্রী মহাশয় বলেছেন গুণগত অবনতি ঘটার

সম্বন্ধে নিষ্পত্তি করবে। এই যে গুণগত অবনতি বিধানটা কিসে করবেন বাই ল করবেন না বাই রেগুলেশান করবেন, কিভাবে কতটা খারাপ হলে কে তার মালিক হবে। এস্ক অফিসার সে কিভাবে এই গুণগত সম্বন্ধে নির্দেশ করবে ? এটা সম্বন্ধে একটি পরিস্কার কথা মন্ত্রী মহাশয় নিশ্চয় বলবেন সেটা আমি বিশ্বাস করি। সমস্ত বিলটির মধ্যে আমরা দেখছি আপনারা আগে যেসব কথা বলতেন, আগে যেসব বক্তৃতা করতেন সেসব ভুলে গেছেন। আপনারা বলতেন সরকারী কর্মচারীদের উপর সমস্ত ভার দেওয়া হবে না। অথচ এই বিলে সমস্ত ক্ষমতা সরকারী কর্মচারীদের হাতে দিয়েছেন। এখানে আমাদের পক্ষ থেকে শরবিন্দু বাবু এ্যামেডমেণ্ট দিয়েছেন সেগুলি তিনি ক্লজ-এর সময়ে বলবেন। আমি বলবো মাননীয় মন্ত্রী মহাশয় তিনি যেন বিশেষভাবে বিবেচনা করে আবার নতুন করে সমস্তটা দেখেন। কারণ আমরা দেখছি উত্তরবঙ্গ এবং অন্যান্য জায়গায় ব্যবসায়ীরা বিশেষ ইণ্টারেসটেড হচ্ছে না সেইসব জায়গায় কিভাবে কি করা যায় সরকার কি করতে পারেন সেটা এখানে বললে আমি খুশি হতাম। যাই হোক এই বিলটি আমি সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

ডাঃ জয়নাল আবেদিন: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় কৃষিমন্ত্রী আজকে হিমঘর নিয়ন্ত্রণ এবং লাইসেন্স সম্বন্ধে যে সংশোধনী এনেছেন এতে মিশ্র ফল হবে বলে মনে হচ্ছে। তিনি নিজে বলেছেন ১৭২টি হিমঘর আছে এবং এর মধ্যে কতকগুলি আন-ফিনিসড আছে—আমাদের সময় পর্যন্ত জানতাম ১৬ লক্ষ মেট্রিক টন আলুর চাষ হয়। এই ১৭২টির মধ্যে ১৬টির মতন আউট অব অর্ডার ছিল, এখন কয়টি আছে আমি জানি না। চার লক্ষ মেট্রিক টনের বেশী স্টোরেজের ক্যাপাসিটি নেই, তার মানে ১২ লক্ষ মেট্রিক টন আলু আউট সাইড Cold storage রাখতে হচ্ছে। আর আর এগ্রিক্যালচারাল প্রডুউস যেমন ওনিয়ন জিঞ্জার এর কথা ওঠে না কোল্ড স্টোরেজে রাখার। আবার ডিসটিবুউসান অব দি ক্লোড স্টোরেজএমনি পশ্চিমবাংলায় হুগলী, ২৪ পরগণা, মেদিনীপুরের গরবেতায় শুধু অর্থাৎ রেস্ট অব ওয়েস্ট বেঙ্গলে ক্লোড স্টোরেজ নেই। যাই হোক মাননীয় মন্ত্রী কমলবাবু বেশ উৎসাহ নিয়ে তাঁর দপ্তর পরিচালনা করছেন আমরা সাগ্রহে তা লক্ষ্য করছি। এই নিয়ন্ত্রণের যেখানে যেখানে দুর্ব্বল সুতরাং ডের্ফিসিট প্রমোশন ফর ক্লোড স্টোরেজ যেন আপলিট হয়। এণ্টার পেন্নুয়ার-রা যাতে নতুন নতুন কোল্ড স্টোরেজ, নতুন নতুন লোকেশানে যেখানে যেখানে প্রয়োজন আছে সেসব জায়গায়

করার চেষ্টা করে। কিংবা আধা সরকারী সংস্থা যেমন' অ্যাগ্রেরো ইনড্রাস্ট্রি করপোরেশান-এর কথা উনি বলেছেন কিন্তু এই অ্যাগ্রেরো ইণ্ডাষ্ট্রী করপোরেশান নিজেরা উদ্যোগী হয়ে সর্বত্র পরিকল্পনা করতে পারছেন না। সেন্ট্রাল Ware Housing Corporation, State ware Housing Corporation-এর যৌথ উদ্যোগে কোল্ড স্টোরেজ স্থাপনের উত্তরবঙ্গে কিছু পরিকল্পনা নেওয়া হয়েছিল। তাও দেখছি পেছিয়ে যাচ্ছে, এখনও কিছু দেখতে পাচ্ছি না। এই ১৮ মাসের মধ্যেও কোথাও কোন উদ্যোগ নেওয়া হচ্ছে না।

[2-50—3-00 P.M.]

আমার মূল বক্তব্য হচ্ছে আমাদের স্টোরেজ ক্যাপাসিটি কম, প্রডাক্শন বেশী, এগ্রিকালচারাল প্রডিউস বেশী, সেখানে প্রথম যেটা উদ্যোগ নেওয়া প্রয়োজন ছিল সেটা হচ্ছে প্রমোট ফর মোর কোল্ড স্টোরেজ বাই পাবলিক সেক্টার, আধা পাবলিক সেক্টার, এটা যদি করা যেত তো ভাল হত কিন্তু গভর্ণমেণ্টের একার ক্ষমতা হচ্ছে না। আমি এ বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি ২০ খ এর ডু নম্বরে যেটা বলেছেন—তাতে স্পেসিফিক করে দিয়ে বলেছেন, এক্সপার্ট কমিটি করবেন, তাঁরা যে সুপারিশ করবেন সেই অনুযায়ী এনট্রাপ্রেনিওরদের চলতে হবে। এর সায়েন্টিফিক য়্যানালাইসিসের বোধ হয় দরকার আছে, ড়ুটি সিস্টেম কোল্ড স্টোরেজে চলে। একটি হচ্ছে খরচ কম কুলিং ক্যাপাসিটিও কম, আর একটি হচ্ছে কুলিং ক্যাপাসিটি কম খরচ বেশী উইদাউট য়্যামোনিয়া, এটা মন্ত্রীমহাশয়ের বোধ হয় জানা আছে। এ-তো বিশেষজ্ঞের ব্যাপার, আমার নিজের আইডিয়াতে আসে না, বিশেষজ্ঞ ছাড়া বোধ হয় আলোকপাত করতে পারবেন না, এটা যাই হোক্ আগে ছিল, এখনতো শীতকালে ব্যাপক লোডশেডিং হচ্ছে এবং এ সম্বন্ধে এখন পর্য্যন্ত রাজ্যসরকারের কাছ থেকে কি কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আশ্বাস পাইনি যে লোডশেডিং-এর দুঃসহ জ্বালা দূর হবে। এই লোডশেডিং-এর অভিশাপ এবং অত্যাচার যে কবে শেষ হবে, আমরা এখনও জানি না।

(জনৈক্য সদস্য, সরকারী পক্ষের: ডিসেম্বরের মাঝামাঝি) আপনি যা বললেন তাতে আমি ধরে নিচ্ছি যে আপনি একজন বিশেষজ্ঞ। আমি বলছি যে এই লোডশেডিং কোল্ড স্টোরেজের ব্যাপারে মারাত্মক ক্ষতি করছে। আপনি ইলেক্ট্রিক এ্যাশিওর করতে পারছেন না, অন্য দিকে আবার দেখছি বন্যায় কোন দিন যেখানে জল যায়নি সেখানে এবার বন্যায় ডুবিয়ে দিয়েছে। বন্যায় যাতে

ক্ষতি না করতে পারে সেই ব্যাপারে আপনি এ্যাশিওর করতে পারবেন না অথচ সঙ্গে সঙ্গে একটা পেনাল ক্লজ রেখেছেন আই য়্যাম নট অপোজিং ইট্ টোটালি, এতে মিশ্র প্রতিক্রিয়া দেখা দেবে এবং তার ফলে প্রস্পেক্টিভ এনট্রাপ্রেনিওরা উইথড্র করবে ফ্রম দি ফিল্ড অব সেটিং আপ অব নিউ কোল্ড স্টোরেজ, গভর্ণমেন্টের একার পক্ষে সম্ভব হচ্ছে না, ১৭২টি কোল্ড স্টোরেজে সাড়ে চার লক্ষ মেট্রিক টন রাখা যায়, ১৬ লক্ষ মেট্রিক টন প্রডাকশন হলে কিম্বা কৃষিমন্ত্রী আমাদের উৎসাহী বন্ধু কমলবাবু যেরকম কৃষিদপ্তর পরিচালনা করছেন, তাঁর আমলে আলুর চাষ বাড়বে এখন ২০ লক্ষ মেট্রিক টন হবে ধরলে ফাইফ টাইম্স ৬/৭ শত দরকার কিম্বা ৮ শত দরকার, এখানে কিন্তু ক্যাপিটেল শাই হয়ে যাবে, এটা বিবেচনা করবেন। আর ব্যাঙ্কগুলি আমরা যা দেখলাম কোল্ড স্টোরেজ সেট আপ করার ব্যাপারে লিবারেলি এগিয়ে আসবে না, আগেই বলেছি উইদাউট য়্যামোনিয়া সেট আপ হবে, ব্যাঙ্কগুলির পক্ষ থেকে লিবারেল ফিনান্স য়্যাডভান্স টু দি প্রস্পেকটিভ এনট্রা-প্রেনিওরস্ হবে না, ব্যাঙ্কের টেক্নোলজিস্ট নাই তাই ব্যাঙ্কের টাকা পয়সা আসবে না, কোল্ড স্টোরেজ হতে অসুবিধা দেখা দেবে, এটা আপনি বিবেচনা করবেন। আর ৬ নম্বর ধারাতে রেখেছেন বাই অফিশিয়াল নোটিফিকেশন ম্যানেজমেণ্ট নিতে পারবেন। আপনারা স্কুল ম্যানেজমেণ্ট বিল আনছেন, কলেজ ম্যানেজমেণ্ট বিল আনছেন, কিন্তু এই ফ্লেট নোটিশ দিলেন, কোল্ড স্টোরেজ ম্যানেজমেণ্ট নিয়ে নেবেন বলছেন, এটা প্রত্যাহার করে নিন, নইলে কোল্ড স্টোরেজ ক্যাপাসিটি বাড়াবার চেষ্টা ব্যাহত হবে, এনট্রাপ্রেনিওরশিপ ব্যাহত হবে কিনা সেটা খতিয়ে দেখবার জন্য অনুরোধ করছি। আর একটা বিষয় বলছেন লাইসেন্স দেবেন, কণ্ডিশন এবং টাইম টু টাইম ইনস্পেকশনের ব্যবস্থা কি ? আপনার মেশিনারি কি ? লাইসেন্সের কণ্ডিশন দিয়েছেন সেটা মানছে কি না, কোল্ড স্টোরেজ প্রপ্রাইটার্সরা মানছে কি না কিম্বা পাবলিক সেক্টার সেটা মেনে নিয়ে চলেছে কি না ইন্ দি ইণ্টারেস্ট অব দি প্রডিউসার্স এটা সম্বন্ধে দেখার যে আপনার মেশিনারি সেটা একটু দুর্বল। যেমন তখনও আমরা দেখেছি এই যে কমপ্লেন এসেছে প্রডিউস রেখেছেন, অথচ সেই প্রডিউস পচে গিয়েছে কিম্বা কোনকারণে নষ্ট হয়ে গিয়েছে। এই মেসিনারীটা বোধ হয় একটু ষ্ট্রেংদেন করা দরকার। আপনি যে বলছেন আইনটা প্রডিউসারসের ইনটারেসটের জন্য এটা খুব ভাল কথা, We are not oppose to it. এটা আগেই বলে নেওয়া ভাল। কিন্তু আমার মনে হচ্ছে এর মিশ্র প্রতিক্রিয়া হবে কি না যে ক্যাপিটাল সাই হয়ে যাবে ও এ্যাণ্টারপ্রেনারশিপ কমে যাবে যদি সরকার এই আইনটা এইভাবে করেন। আবার অন্যদিকে

আনসক্রুপুলাস প্রপ্রাইটর আছে যারা আগে থেকে একটা ষ্টেটমেণ্ট রেখে দিলো আর মানুষের কাছে সেইটা দেখালো। ইউনিফরমিটি অফ ষ্টোরেজ—এইটা এ্যানফোরস করার কি ব্যবস্থা করছেন? ইউনিফরমিটি তো থাকবে একটা। আমি আলু রাখবো এই সিজনে আমি এই রেট দেবো। সেই ইউনিফরমিটি বোধ হয় এখানে নেখ—এইটা আপনার দেখার দরকার রয়েছে। নেকসট, এক সময়ে হয়েছিল' এখন হয় কি না জানি না, কোলাপস করে যায়, যে বড় বড় র‍্যাক থাকে, অল অন এ্যা সাডেন। দেখেছি বড় বড় প্রাইভেট সেকটার ম্যানেজড এ র‍্যাকগুলো কোলাপস করে যায়। এটা কেন ঘটে? এর সঙ্গে কি ষড়যন্ত্র আছে। যেমন চটকলের মালিক আগুন লাগিয়ে দেয়, আর গোডাউন ধ্বংস করে দেয়—আর এইসব করে ইনসিওরেন্সের কমপেনসেসান দাবী করে। ( শ্রীহাসিম আব্দুল হালিম—এতো দিনে বুঝলেন ? ) আর হালিম সাহেবরা কোর্টে গিয়ে তাদের প্রোটেকসান দেন। এই যে ইনট্যারন্যাল ফেবরিকেসান, এইটা বোধ হয় আপনারা স্পেসিফিকেসান করে দেবার প্রয়োজন রয়েছে। আমি একটা নিবেদন করি—সংবিধানের আরটিকেল ৩১ এ রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকারকে একটা ফ্লাট হুকুম দেওয়া হয়েছে যে আপনারা যে কোন পার্টি অন এ্যান এ্যামাউন্ট আপনাদের মারকেট ভ্যালু দিতে হবে না উইদাউট কমপেনসেসানে দিতে পারেন। সেক্ষেত্রে আপনি এখন কেন শুধু ম্যানেজমেণ্ট নেবার কথা চিন্তা করছেন? গোটাটাকে ন্যাশনালাইজড করার কথা চিন্তা করছেন না কেন? এই রকম একটা বড় ইনডাসট্রি এ্যাসেনসিয়াল কমাডিটি তো আলু তাকে ন্যাশনালাইজড করার কথা চিন্তা করছেন না কেন? বামফ্রণ্টের একটা বৈপ্লবিক পদক্ষেপ হোক না কেন আমরা একটু দেখি। We are not speaking in the interest of the proprietor of the cold storage. তা বলছি না। আমরা বলছি যখন প্রভিসান আছে, আর আরটিকেল ৩১ যখন বিরাট কুশন দিয়েছে, মারকেট রেখে কমপেনসেসান দিতে হবে না এবং বাস্তবিকপক্ষে প্রাইভেট সেকটার কোল্ড ষ্টোরেজ ভালভাবে হচ্ছে না, প্রতি ক্ষেত্রে এগ্রিক্যালচারিষ্টরা মার খাচ্ছে সেখানে আপনি এই লাইনের কথা চিন্তা করছেন না কেন? যদিও আপনি প্রাইভেট ক্যাপিটল সাই করে দেবেন বলে চিন্তা করছেন সেক্ষেত্রে একমাত্র অলটারনেটিভ, Government should come forward in a massive way for setting up cold storage. এবং গভর্ণমেণ্ট জয়েণ্ট কম্পানীগুলো যেমন এস. ডবলুউ, সি, State Warehousing Corporation, Central Warehousing Corporation, Agro—Industries Corporation. যেখানে ফিফটি ফিফটি গভর্ণমেণ্ট অফ ইণ্ডিয়ার

সঙ্গে আপনার শেয়ার আছে সেখানে এগুলো করবার ব্যবস্থা করুন। সেইজন্য এটা আপনাকে ভেবে দেখতে অনুরোধ করছি। সমাজে এমন অবস্থা হয়েছে যে কিছু কারচুপি হয়। এই যে কমপেনসেসানের ট্রাইবুন্যাল সেট আপ করতে চেয়েছেন, ভাল কথা, তাতে কোন আপত্তি নেই। কিন্তু কোন টাইপ অফ অফিসার, পারসন্যেল থাকবে ? ট্রাইবুন্যালে জুডিসিয়ারী থেকে, না, একজিকিউটিভ থেকে, না, সায়েনটিফিক নলেজ যার আছে তাদের থেকে হবে। এইটা ডিসপিউট থাকতে পারে। যান্ত্রিক গোলোযোগের জন্য আলু, কিম্বা পেঁয়াজ, কিম্বা এই জাতীয় জিনিষের ক্ষতি হতে পারে, কিম্বা প্রপাইটারের অবহেলার জন্য ক্ষতি হতে পারে, কিম্বা লোডশেডিংয়ের জন্য ক্ষতি হতে পারে। এইটা ডেটারমিনেসানের জন্য যে ট্রাইবুন্যাল আপনি ঠিক করতে যাচ্ছেন কি টাইপ অফ ট্রাইবুন্যাল হবে এবং কি প্যারসন্যেল বা ম্যান দিয়ে এটা হবে—সে সম্বন্ধে আপনি কিছু বলেন নি।

[3-00—3-40 P.M. Including adjournment]

আমার নিজের ধারণা Executive, Judicial and scientific personnel are necessary to set up the tribunal. আমার নিজের মনে হয় প্রপাইটাররা অজুহাত দেবে লোডসেডিং হয়েছিল বন্যা হয়েছে এবং সেইজন্য মেসিনারী ঠিক ছিল না। আপনারা বলবেন যে সবগুলি বিলে আসে না একজিকিউটিভ অর্ডারে এগুলি হয়। কিন্তু এটা বোধ হয় একটু চিন্তা করে দেখা দরকার। Tribunal and inspecting personnel বাস্তব জ্ঞান থাকা দরকার যারা এটা নির্ধারিত করবে। আমি আপনার কাছে আর একটা জিনিস অনুরোধ করবো এটা শুধু আলু রাখার জন্য চিন্তা করবেন না অনেকগুলি উত্তোগ নিন। কোথায়ও আলু নাই গার্লিক' জিনজার কিম্বা মাছ। মাছের কথা এখানে একটু আছে। এটা ফিসারী ডিপার্টমেন্ট ইনভলবড হলেও কোল্ড ষ্টোরেজের ফিল্ডটা খুব বড় হওয়া দরকার। ভ্যাকসিনের কথা আছে—এটা অবশ্য হেল্‌থ ডিপার্টমেন্টের ব্যাপার। আলু ছাড়া ক্যাস ক্রপ ফলমুল অনেক কিছু হয় তার ষ্টোরেজের নেসেসিটি আছে। এ সম্বন্ধে একটু চিন্তা করবেন। ষ্টোরেজের অবস্থা কেমন হবে তার টাইপ এণ্ড ডিজাইন থাকা দরকার কোথায় কোল্ড ষ্টোরেজ সেট আপ হওয়া দরকার—আপনি তো নিশ্চয় জানেন কোথায় কি প্রডিউস হয় আর একটা কথা যেসব আন ফিনিষড কিছু কিছু কোল্ড ষ্টোরেজ আছে সেগুলি যারই হোক প্রপ্রাইটরের হোক আর যারই হোক না কেন সেগুলি যাতে চালু করে আনতে পারা যায় তার চেষ্টা করবেন। কোনটি হয়তো পারসোন্যাল প্রোপ্রাইটরের

কোনটি হয়তো এগ্রো ইনডষ্ট্রি করপোরেসনের কোনটি হয়তো ষ্টেট অয়ার হাউসিং করপোরেসনের—এই যেসব ষ্টোরেজ ক্যাপাসিটি ওয়েষ্টেজ হচ্ছে এটাকে কি করে তাড়াতাড়ি ফিরিয়ে আনতে পারেন যাতে ষ্টোরিং করতে পারেন কমপ্লিট করতে পারেন এগুলি ভেবে দেখা অবশ্যই দরকার। আমাদের অবশ্য কিছু পরিকল্পনা ছিল এ্যাডিসন্যাল কোল্ড ষ্টোরেজ করার জন্য। আমরা করেছি বলে না, এগুলি পুর্ণবিন্যাস দরকার। আজকে এ্যাডিসন্যাল কোল্ড ষ্টোরেজ ক্যাপাসিটি বাড়াতে হবে প্রোডাকসন বাড়াবার সঙ্গে সঙ্গে এটা একটু দেখবেন। আর একটি কথা ক্রপ ইনসিওরেন্সের ব্যাপার এবং এর সঙ্গে এটা লিংক করা যায় কি না এটা একটু দেখবেন। কারণ আমরা দেখেছি একটা ডিসপিউট কনটিনিউয়াসলি থেকে যায়। সেখানে সবাই ক্রপ ইনসিওরেন্স করে না। এটা Compulsory insurance with certain minimum fee of the producer and of the entreprencur. এটাকে ইনক্লুড করা যায় কি না দেখবেন। এইঅনুরোধ করে আপনি যে বিল এনেছেন কটা অংশত সমর্থন করে আপনার ঐ কথায় আমি একমত In the interest of the producer. এটা কনটিনিউয়াসলি গার্ড করতে হবে। এই অনুরোধ রেখে আমার বক্তব্য শেষ করছি।

( বিরতি )

[3-40—3-50 P.M.]

**( After Adjournment )**

**Mr. Speaker :** Yesterday Shri Amal Roy raised a question of privilege against Shri Kashi Kanta Maitra for making certain allegedly inaccurate statement on the floor of the House on the 22nd November, 1978, regarding the quantum of assistance given by the Centre to the State for flood relief.

If any statement is made on the flood of the House by a Member which another Member believes to be untrue, incomplete or incorrect it does not constitute a breach of privilege. If any incorrect statement is made there are other remedies by which the issue can be decided. A breach of privilege can arise only when a Member makes false statement or incorrect statement wilfully, deliberately and knowingly.

The alleged incorrect statement of Shri Kashi Kanta Maitra cannot be said to have been made wilfully, deliberately and knowingly to mislead the

House. There are othes sources from which the accuracy or otherwise of of his statement can be verified. House generally does not take it upon itself to verify the validity of such statement by collecting information from authentic sources. It is a business of the House to see whether the false statement was deliberately made to mislead the Housh. Only in very exceptional eases false ststement made by a Member with a view to deliberately misleading the House may constitute a breach of privilege of the House. The untrue statement deliberately made by Mr. John Profume, the Secretary of State for war on the floor of the House of Commons cannot be compared with the present case.

Accordingly I cannot give my consent to the Motion of Shri Amal Roy.

Day before yesterday Dr. Zainal Abedin gave notice of a question of privilege against Shri Prasanta Kumar Sur, Minister, alleging that Shri Sur committed a breach of privilege on 21. 11. 78 of the House by his derogatory behaviour and utterences. The present notice of privilege given by Shri Kiranmay Nanda on 22. 11. 78 raises substantially the same question. I gave my ruling in this regard and I repeat the same ; I could not personally hear Shri Sur saying anything as has been alleged. Our recording on the tape also does not corotorate the allegations made by the member. It might be that due to disturbances prevailing at the time I failed to hear the alleged utterences and that the machine also for the same reason failed to record it. Approaching the Chair or shouting "Get out" as has been alleged does not constitute any breach of privilege of the House. At best it can be said to be not in keeping with parliamentary convention or etiquette.

I also refuse my consent to this notice.

As regards the question raised by Shri Jatin Chakrabarty regarding reading of the Adjournment Motion by Shri Suniti Chattaraj to-day I have gone into the matter. I also asked Shri Chattarj to read the edited portion but I think there was some misunderstanding in the matter. Mr. Chattaraj brought to my notice that the edited portion did not convey the full meaning.

He wanted to add something which I might allow to read. But according to Mr. Chattaraj this was not so. He said that I allowed the whole thing. Now I want to make it clear that henceforth all members should stick to the edited portion and not read out any portion other than the edited portion, and I think all members will cooperate with me in this matter.

**শ্রীঅনিল মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি পয়েণ্ট অব অর্ডার তুলেছিলাম এবং আপনি আমাকে সেটা বলতে এ্যালাউ করেছিলেন। এখন স্যার, ওয়ার্কিং অব দি এ্যাসেম্বলী প্রসিডিংসে এটা আছে—সেখানে সেটা এ্যাকেসেপ্ট হল বা রিজেক্ট হল সে সম্বন্ধে আপনার একটা অর্ডার থাকলে ভাল হয় এবং বোঝা যায় পয়েণ্ট অব অর্ডারের যা হোক কিছু একটা হল।

**মিঃ স্পীকার ঃ** ৩২৫ এ আছে দেখুন।

**শ্রীঅনিল মুখার্জী ঃ** আমি স্যার, একটা পয়েণ্ট অব অর্ডার তুলেছিলাম। এখন আগামীদিনের ওয়ার্কিং অব দি এ্যাসেম্বলীতে যদি দেখা যায় আমি পয়েণ্ট অব অর্ডার তুলেছিলাম অথচ তার উপর কোন ডিসিসান নেই তাহলে সেটা ব্যাড প্রিসিডেণ্ট হয়ে থাকবে।

**মিঃ স্পীকার ঃ** এটা ৩২৫ এ আছে।

**শ্রীনবকুমার রায় ঃ** আমি স্যার, এম. এল. এ হোষ্টেল সম্বন্ধে কয়েকটি কথা বলতে চাই।

**Mr. Speaker :** This matter is absolutely with my administrative jurisdiction. If you have got any grievance you can come to me and discuss and I can see what steps I can take. এম. এল. এ. হোষ্টেল নিয়ে আমরাও চেয়েছিলাম এখানে আলাদাভাবে আলোচনা করতে। আমার অফিসাররাও চায়, তাদেরও অনেক ডিফিকালটিস আছে। কিন্তু আমি অনুরোধ করব যে, they also want a discussion on the floor of the House so that some consensus may be arrived at যে বিষয়গুলি administrative jurisdiction of the Speaker. সেগুলি চটকরে হাউসে তুলবেন না। আমার কাছে জানাবেন আমি দেখবো।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** স্যার, আপনি যে কথা বললেন যে আপনি এডিট করে দেবেন আমাদের এডজর্ণমেণ্ট মোশান সে সম্পর্কে আমার কিছু বলার আছে।

স্যার, এ্যাট বেষ্ট ইউ ক্যান এ্যামেণ্ড। এই দুটোতে কনফিউসান থেকে যাচ্ছে। আপনি যদি মনে করেন এডজর্ণমেণ্ট মোশানে এমন কিছু কথা আছে—ওয়ার্ড, ফ্রেজ, সেনটেন্স আছে—যেটা আপনি এ্যালাউ করতে পারেন না সেখানে You con amend it but not that you can edit it. এখানে রুল ৬৩(১) এ্যাণ্ড প্রোভাইসো তে পরিষ্কার করে বলছে, আপনি এ্যামেণ্ড করতে পারেন, বাদ দিতে পারেন কিন্তু আপনি বলছেন, আপনি এডিট করে দেবেন। এই দুটো স্যার, আকাশ-পাতাল তফাত। আমি স্যার, আপনার কাছে আবার নিবেদন করতে চাই যে, Certainly you have tne right to amend but have you the right to edit ?

আপনি কি এই দুটোকে একই পর্যায়ে নিয়ে যেতে চান ? আপনি যদি এটা ক্লিয়ার করে বলেন তাহলে ভাল হয়। আমি স্যার, রুল ৬৫(১) এ্যাণ্ড প্রোভাইসো-এর প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এখানে কোন প্রভিসান নেই এডিট করার You have no power to edit but you can certainly amend. আপনি যদি আমাদের কনফিউসানটা ক্লিয়ার করে দেন তাহলে ভাল হয়।

**শ্রীযতীন চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনিও দীর্ঘদিন ধরে আছেন এই বিধানসভায় এবং আমিও অনেকদিন ছিলাম এবং এখনও আছি। সেই সময় আমার মনে আছে এডজর্নমেণ্ট মোশান যদি এ্যাডমিটেড না হ'ত তাহলে পড়তে দেওয়া হ'ত না, কিন্তু পরে স্পীকারের অনুমতি নিয়ে পড়তে দেওয়া হ'ত। তার কারণ এখানে আমরা সাবজেক্টস অব দি এডজর্নমেণ্ট মোশানটা বলতে চাইতাম। এই যে কনসেসানটুকু স্পীকার মহাশয়রা দিয়েছিলেন এখন আমরা দেখছি যে সেটা এ্যাবিউসড হচ্ছে।

(**ডাঃ জয়নাল আবেদিন ঃ** কোয়েশ্চেন।) এই এডজর্নমেণ্ট মোশানের ভেতরে এমনভাবে এ্যাবিউস করছে—যে সমস্ত কথা পার্লামেণ্টারি রীতিনীতিতে এ্যাডমিটেড হওয়া উচিত নয় সেই সমস্ত কথা, কটুক্তি ইত্যাদি করা হচ্ছে। পরে ঠিক হয়, এই হাউসের স্পীকার বলেন এটা এডিট করে দেব।

আজকে যে কথা উঠেছে সেটা কিন্তু আমাদের এখানকার সেকরেটারিয়েট থেকে এডিট করে দেওয়া হয়েছে। সুতরাং এডিট করে যদি দেওয়া হয় তাহলে কনস্ট্রাকশনে ভুল থাকতে পার, সাবস্ট্যান্সের মধ্যে কিছু কিছু ভুল থাকতে পারে বা সেটা ঠিক এ্যাডমিটেড না হবার মত, সেই জায়গায় তাকেই এডিটিং বলে, কিন্তু এডিটিং মানে এটা নয় যে সমস্ত সাবস্ট্যান্সটাই পাল্টে দিচ্ছে। সুতরাং এটা

সম্পর্কে আমি স্ট্রংলি ফিল করি, এই ভাবে যদি এ্যাবিউজ করে এবং এই রকম ভাবে আপনি একটা এডিট করে দেবার পর আপনাকে বলে গেলো যে আপনি এডিট করে যে ভারশন আপনি দিয়েছেন সেটাই পড়বো তারপর গিয়ে—এটা এ্যাকচুয়্যালি ডিসঅনেষ্টি এবং আমি যে কথা বলেছি এবং চিফ মিনিষ্টারের অংশটা, এই সব এডিটিং এর বাইরে, এই বিষয়ে কি করে বলতে পারে ?

**মিঃ স্পীকার ঃ** তা ছাড়া তিনি বলতে চেয়েছিলেন একটা পোরশন। ওঁদের মিসআণ্ডারস্ট্যাডিং এই জন্য হয়েছিল, কারণ সুনীতিবাবু মনে করেছিলেন যে আমি এখানে সবটা এ্যালাও করেছি। কিন্তু আমি যেটা ধারণা করেছিলাম, তিনি এডিটেড পোরশনটুকু পড়বেন। কিন্তু তার সঙ্গে আর একটা পোরশনও পড়লেন। আমি আপনার পয়েন্ট অব অর্ডারের আলোচনার মধ্যে যেতে চাই না, সমস্ত বিষয়টা দেখুন, যদি করতে হয় তাহলে আপনাকে আলোচনা করে দেখাবো এবং অন্যান্য রুলিং দেখাবো, আমি সমস্ত বিষয়টা দেখেছি, আমি আগে দেখিনি। এই হচ্ছে পজিশন। তাহলে আপনারা এ্যাডজোর্ণমেণ্ট মোশন যে ভাবে আনছেন, সেই ভাবে আনা যাবে না, কারণ আপনাদের মোশন আনতে হবে এবং উনারা লাঠি, বোমা, হেনতেন যে ফ্যাক্ট তা আলাদা ভাবে দিতে হবে। তা দিলে আমার কাজ অনেক সহজ হয়ে যাবে। তাহলে শুধু ঐ মোশনটা পড়তে দেব। হাউজ মে এ্যাডজোর্ণ ফর দিস পারপাস পড়ার রীতি যেটা আছে দেখেছি পার্লামেন্টারী প্রাকটিশে, শুধু টেক্সট অব দি মোশন, কিন্তু এখানে টেক্সট অব দি মোশনে স্টেটমেন্ট আছে, ফ্যাক্ট আলাদা ভাবে দেওয়া হয় না। আমাদের এখানে যা রীতি চলে আসছে একটার মধ্যেই স্টেটমেন্ট, ফ্যাক্ট, সমস্ত কিছু মিশিয়ে দেওয়া হয়। সুতরাং অবস্থা এখানে স্বতন্ত্র রয়েছে। এই রকম জিনিস চালু হয়ে রয়েছে, আমি কিছুই করছি না। যার ফলে এই প্রশ্ন উঠেছে, কারণ এখানে এমন একটা প্রশ্ন এসেছে—আপনারা বললেন, যেমন সাতজনকে পড়তে দেওয়া হয়েছে' আমি হিসাব নিয়ে দেখেছি যে পড়তে দেওয়া হয়েছে, এমন নয় যে পড়তে দেওয়া হয়নি। কিন্তু এখন আমরা একটা বিধিবদ্ধ নিয়মে আসবার চেষ্টা করছি। আমার মনে হয় এখন পর্য্যন্ত স্পীকারকে একটা স্কোপ দেওয়া দরকার, স্পীকার হিসাবে খানিকটা রাস টানতে, আস্তে আস্তে গোটা জিনিসটাকে একটা নিয়মের মধ্যে আনবার চেষ্টা করবো।

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই হাউসে মাননীয় মন্ত্রী মহাশয় যেটা বললেন, আপনি যদি একটু সময় দেন তাহলে আপনাকে আমি দেখাতে

পারি যে ১৯৬৬-৬৭ সালে যে কাজ উনারা করেছেন এ্যাডজোর্নমেন্ট মোশনে, তার থেকে খুব কমই পড়েছি। দ্বিতীয় কথা হচ্ছে, আমাদের একটা রাইট আছে এবং আপনি নিশ্চয়ই আমাদের প্রটেক্সন দেবার চেষ্টা করেন, এই বিষয়ে আমরা আগেও বলেছি, এখনও বলছি এবং তার জন্য হয়তো সরকার পক্ষের বিরাগ ভাজন আপনি হয়েছেন, সেটা আমরা লক্ষ্য করেছি, কিন্তু একটা জিনিস বলতে চাই, আপনি বলেদিন যে দু মিনিট, তিন মিনিট কি চার মিনিট বলবে বা এত লাইন বলবে, কিন্তু এডিট করার নাম যদি আসল কথাটা বাদ পড়ে যায় তাহলে উদ্দেশ্যটা নষ্ট হয়ে যাবে। আপনি বলুন যে এত লাইন পড়বে, আপনার হুকুম মানছি, আপনি যা বলবেন তাই শুনবো। কিন্তু এডিট করতে গিয়ে যদি আসল পোরশনটা বাদ পড়ে যায় তাহলে আমাদের আসল উদ্দেশ্যটা নষ্ট হয়ে যাবে।

**শ্রীকমলকান্তি গুহ ঃ** উনি বলেছেন ১৯৬৬ সনে যা আমরা করেছি উনি বলছেন, সেটা চাইছেন। তাহলে আমাকে তো এক মাসের জন্য সাসপেণ্ড করা হয়েছিল, বীরেনবাবু কি সেই শাস্তিটা নিতে রাজী আছেন ?

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র ঃ** আমি যদি কমলবাবুর মত কীর্তি করে থাকি তাহলে আমাকে সাসপেণ্ড করে দেওয়া হোক, আমি তা মাথা পেতে নিয়ে বেরিয়ে যাবো।

[ 3-50—4-00 P. M. ]

**শ্রীহেমন্তকুমার রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কোল্ড স্টোরেজের উপর যে বিল মন্ত্রী মহাশয় এনেছেন সেই বিলটাকে সমর্থন করছি। দীর্ঘদিন ধরে এই কোল্ড স্টোরেজের উপর কোন সরকারী নিয়ন্ত্রণ ছিল না। এখন কিছুটা নিয়ন্ত্রণ আনবার জন্য যে প্রচেষ্টা হয়েছে সেই প্রচেষ্টা খুবই ন্যায়সঙ্গত এবং সময়োপযোগী হয়েছে। আমি দেখেছি, মেমারী ইত্যাদি জায়গায় অনেক কোল্ডস্টোরেজ আছে এবং নতুন নতুন হচ্ছে। এই কোল্ডস্টোরেজগুলি কোন বিধি-ব্যবস্থা মেনে চলতেন না। যেমন আলু খরাপ হয়ে গেলে তার কম্পেনসেসন দেওয়া বা চাষীর বীজের জন্য যে আলু রাখতে পারবে তার অগ্রাধিকার দিতেন না। ফোড়েরা আলু নিতেন এবং ফোড়েদের মাধ্যমে চাষীদের দিতে হতো যার ফলে চাষীরা তাদের আলু পায় না - এই রকম বহু ঘটনা উল্লেখ করা যায়। আলু যখন নষ্ট হয়ে যায় তখন এই নষ্ট হওয়ার জন্য চাষীদের কোন কম্পেনসেসন দেওয়া হয় না। কোন অভিযোগ করার জায়গা ছিল না এবং অভিযোগ করলেও তার কোন প্রতিকার হতো না। পারহাটি কোল্ডস্টোরেজ যেটা কো-অপারেটিভ থেকে তৈরী করা হয়েছিল এবং যার চেয়ারম্যান ছিলেন মেমারীর তদানীন্তন এম. এল. এ শ্রীনবকুমার

চ্যাটার্জী—সেই কোল্ডস্টোরেজটা এমনভাবে তৈরী করা হয়েছিল যে আলু ভর্ত্তি করার পরে এই স্টোরেজটা পুরোপুরি কোলাপ্স হয়ে ভেঙ্গে পড়ে গেলো। এটা কিন্তু বন্যার জন্য নয়, বন্যার অনেক আগেই ভেঙ্গে গিয়েছিল এবং তার ফলে চাষীদের কয়েক লক্ষ মন আলু নষ্ট হয়ে গেলো। তারা ব্রীজ চাইলেও তা পাচ্ছে না এবং কম্পেনসেনের কোন ব্যবস্থা নেই। কোল্ডস্টোরেজে আলুর ভাড়া দিনের পর দিন বেড়ে যাচ্ছে। আগে কুইন্টাল প্রতি ৮।৯ টাকা ছিল এখন সেটা ১৫।১৬ টাকা করা হয়েছে এইং ইন্সিওর করতে হচ্ছে এবং এই ইন্সিওরের ফি বাবদ চাষীদের উপর চাপিয়ে চাষীদের কাছ থেকে আদায় করা হচ্ছে। কিন্তু এই টাকা নিয়েও অনেক কোল্ডস্টোরেজের মালিকরা ইন্সিওর করে না যায় ফলে চাষীরা ক্ষতিপুরণ পায় না। অনেক জায়গায় মালিকরা জেনারেটর রাখে না কারণ তারা জানেন আলুর ক্ষতি হলে আমাদের ক্ষতি পুরণ দিতে হবে না। কাজেই যে সমস্ত আলুর ক্ষতি হয় সেইগুলিকে চাষীদের নিতে বাধ্য করা হয়। স্টোরেজের যা ক্যাপাসিটি তার চেয়েও বেশী আলু রাখা হয় এবং যেখানে সেখানে, বাহিরে ফেলে রাখে যার ফলে আলু অনেক নষ্ট হয়। এইসব ক'রে বেশী পয়সা পাওয়ার জন্য। আপনারা জানেন, বৈঁচিতে গত বছর বহু হাঙ্গামা হয়েছিল। সেখানে মুরুলী কোল্ডস্টোরেজ আছে। সেখানে চাষীরা আলু রাখেন। যখন চাবীরা আলু নিতে যায় তখন তাদেরকে বলা হয় বেলতোড় থেকে নিয়ে আসুন। এখান থেকে আমরা দিতে পারবো না। অপরদিকে স্টোরেজের মালিক আলু বিক্রি করে দেয় যখন আলুর বাজার দর বেশী থাকে। বিক্রি করে দিয়ে বলে অমুক বিক্রি করে দিয়েছে, তমুক বিক্রি করে দিয়েছে। অনেক ধরা-ধরি করার পর সেই দামে কোন কোন মালিক টাকা দেন আবার অনেক সময়ে দেন না। সুতরাং এর উপর একটা সরকারী নিয়ন্ত্রণ ব্যবস্থা আনা উচিত তা না-হলে চাষীরা হয়রান হচ্ছে। ছোট ছোট চাষীরা বীজ সংগ্রহের জন্য কোল্ডস্টোরেজে জায়গা পায় না।

এইসমস্ত বিধিব্যবস্থা এই বিলে আছে, এবং এই বিধিব্যবস্থা আছে বলে এই বিলকে আমি সমর্থন করছি। আরেকটা কথা কেউ কেউ বলেছেন যেমন বীরেনবাবু বললেন কোল্ডস্টোরেজ অধিগ্রহণের কথা, আবার বলেছেন কতখানি নিয়ন্ত্রণ ব্যবস্থা সরকারী কর্মচারীদের উপর আরোপ হচ্ছে। তিনি তার সম্পর্কে আপত্তি প্রকাশ করলেন। সরকার অধিগ্রহণ করলে দায়িত্ব তো সরকারী কর্মচারীদের উপর পড়বে, আমি এই জিনিষটা বুঝতে পারছি না সরকার যদি পরিচালন ব্যবস্থা কর্মচারীদের উপর দেন তাতে কি হেরফের হল? কেউ কেউ নূতন নূতন কোল্ডস্টোরেজ করার দাবী তুলেছেন, মেমারীতে ৫টি নূতন কোল্ডস্টোরেজ হচ্ছে কিন্তু যেগুলি আছে তাদের নিয়ন্ত্রণ

ব্যবস্থা ভাল না করে নূতন কোল্ডস্টোরেজ করলে সমস্যা সমাধান হবে না। আমি দীর্ঘ কিছু বলতে চাই না। যে নীতি ওনারা নিয়েছেন তাতে এতকাল দীর্ঘদিন ধরে আলু চাষীরা যে একটা অব্যবস্থার মধ্যে ছিল তা দূর হবে। সরকারী ব্যবস্থায় একটা নূতন পদক্ষেপ দ্বারা যে সুষ্ঠ ব্যবস্থা করা হচ্ছে তারজন্য তারা সরকারকে অভিনন্দন জানাবে। এই বলে এই বিলকে সমর্থন করে আমি আমায় বক্তব্য শেষ করছি।

**শ্রীঅনিল মুখার্জী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এতক্ষণ ধরে বিরোধী সদস্যদের কক্তব্য শুনছিলাম, মাননীয় সদস্যদের বক্তব্যের ভিতরে যেসব কথা বলা হয়েছে হয়েছে তার মধ্যে আমার মনে হল এই আইনটিতে কি কি আনা হচ্ছে সেটা দেখেননি পুরোটা পড়েননি বা পড়বার সময় পাননি। জয়নাল সাহেব ব্যস্তবাগীশ মানুষ, কিছু কিছু অবশ্য উনি—জয়নাল সাহেব বিলের মধ্যে টাচ দেবার চেষ্টা করেছেন এবং তিনি বলেছেন—তাঁর প্রথম বক্তব্য কোল্ডষ্টোরেজে প্রোডাক্সান কম হবে, বেশী প্রোডাক্সান হলে ষ্টোরে জায়গা কোথায়, কম জায়গা আছে এইসব কথা। কিন্তু যেটা আমাদের এ্যামেণ্ডমেণ্ট আছে সেটাই আলোচ্য বিষয়। এই বিলের মধ্যে কি বলতে চেয়েছেন, কি দরকার এইটেই আমাদের আলোচ্য বিষয়। কিন্তু সেই আলোচ্য বিষয়ের বহু জায়গায় উনি সমাজের অবস্থা কারচুপি ইত্যাদি বলেছেন। কেবলমাত্র ২টি জায়গায় দেখলাম যেখানে পয়েণ্ট টাচ করেছেন—ট্রাইবুনালের কথা, আর একটা জায়গায় টেকিং ওভার দি ম্যানেজমেণ্ট, এবং তিনি বললেন আংশিকভাবে সমর্থন করছেন, আমি জানিনা এর রিএ্যাক্সনটা একটা মিক্স ইকনমির মত হয়ে গেল। এটা একটা মিক্স রিএ্যাক্সন, কখনও উনি সরকার আবার কখনও বেসরকার। ব্যাপারটা আংশিক, কিন্তু কোন অংশ কিছু বোঝা গেল না। উনি যেসব বক্তব্য বলেছেন একটা কথা টাইপ অফ ইকনমি—টাইপ অফ ইকনমির কথা ট্রাইবুনালে আছে—সেখানে তিনজন অফিসার দিয়ে গঠিত হবে এবং তার মধ্যে একজন সেণ্ট্রাল গভর্ণমেণ্টের এবং দুজন ষ্টেট গভর্ণমেণ্টের অফিসার থাকবে। ট্রাইবুনালের কম্পোজিসানে একথা বলা আছে। তিনি বলেছেন ট্রাইবুনাল কি ধরণের হবে? কি কি পার্সোনেল তা বলেই দিয়েছে কি করে পরিচালিত হবে তা বলা হয়নি। যাইহোক দুজন ষ্টেট এবং একজন সেণ্ট্রাল গভর্ণমেণ্টের অফিসার এই তিনজনের কম্পোজিসানের কথা উল্লেখ আছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে যেটা নিবেদন করতে চাই জয়নাল সাহেবরা বহুদিন ক্ষমতায় ছিলেন, তিনি নিজে মন্ত্রী ছিলেন, ১৯৬৬ সালের আইনটি ভাল করেই জানেন, সমাজের অবস্থা কি আজকে জানছেন? উনি সমাজের কারচুপির

কথাটা হয়ত বোঝেননি আজকে মন্ত্রীত্ব যাওয়ার পর বুঝেছেন, যাইহোক ১৯৬৬ সালে যে আইন হয়েছিল এবং যেটা মাত্র কার্যকরী তার মধ্যে প্রভিসনগুলো যদি দেখি অদ্ভুত অদ্ভুত প্রভিসন এর মধ্যে আছে এবং ওনারা সেটা দেখার সময় পাননি।

[ 4-00 – 4-10 P.M. ]

কংগ্রেস আমলে ৬৬ সালে যে আইন হয়েছিলো তাতে সব অদ্ভুত কথা ছিলো বলেই এই এ্যামেণ্ডমেন্ট হচ্ছে। অরিজিনাল সেকসানে হায়ারারের ডেফিনেসানে বলা হয়েছিলো যে হায়ারার মিন্স অর্থাৎ শেষের লাইন এমন হলো যে হায়ারারের ব্যাখ্যা দিতে গিয়ে পরে একটা এ্যামেণ্ডমেন্ট ক্লজ অর্থাৎ সেই হায়ারারের ক্লজ উড়িয়ে দেওয় হলো। সেজন্য এখানে হায়ারারের ডেভিনেসান দেবার ব্যবস্থা করা হয়েছে। লাইসেনসিং অফিসার বলতে তাঁরা আগেকার এ্যক্টে ডেফিনেসান দিয়েছিলেন Director of Agriculture means, the Director of Agriculture, West Bengal, and includes any other officer not below the rank of Superintendent of Agriculture Marketing empowered by the director of Agriculture in this behalf সাধারণ ভাবে জেলাতে আমরা দেখছি যে ডি, এম কে যদি ক্ষমতা দেওয়া হয় তাহলে অনেক এ্যডমিনিষ্ট্রেটার ল্যাকুনা থাকে না। সেজন্য লাইসেনসিং অফিসারের ডেফিনেসান পরিবর্ত্তন করতে গিয়ে এখানে এই প্রভিসানটা এনএ্যক্ট করতে হয়েছে এবং ডি, এমকে ইনকরপোরেট করা হয়েছে। এর মধ্যে মাত্র ২৯টি সেকসান ছিলো যারদ্বারা পশ্চিম বাংলায় কোল্ড ষ্টোরেজ চলবে এবং মালিকরা যা ইচ্ছা করলেও সরকারের নিয়ন্ত্রন করার ক্ষমতা ছিলো না। শুধু তাই নয় এখানে একটি রিসিট দেবার প্রভিসান ছিলো। কিন্তু সেই রিসিটের মধ্যে ষ্ট্যাম্প এর প্রভিসান নেই। রিসিট যে সমস্ত লোককে দিতো তার ডেফিনেসানও উল্টো পাল্টা ছিলো। গ্রামের মানুষ কোল্ডষ্টোরেজে মাল রেখে একটা রসিদ পাবে। তারজন্য এগ্রিমেণ্ট করে না যারজন্য তারা কমপেনসেসান ক্লেম করতে পারে না। প্রভিসানে যে এ্যপ্লায়ার প্রভাইসো আছে বা যতটা স্কোপ আছে তারমধ্যে তারা কমপেনসেসান পেত না। এমন ভাবে এই ডিফেকটিভ আইন করা হয়েছিলো যেটা তারা দেখেন নি। লোড শেডিং এর কথা বলা হচ্ছে। এটা তো তাঁদেরই পরিকল্পনার ফলে ন্যাচারাল হয়ে গেছে। তবে এই জিনিষ শুধু পশ্চিম বাংলায় নয় দিল্লী, পাঞ্জাব, রাজস্থান সর্বত্র হচ্ছে। এই লোড শেডিং তারাই ক্রিয়েট করেছেন। এই আইনের মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজ হচ্ছে নতুন কতকগুলি সেকসান এখানে দেওয়া হয়েছে। এই আইনে দুটো ভাগ আছে। কতকগুলি এগ্রিমেণ্ট করা আছে এবং কতকগুলি নূতন সেকসান ইনকর-

পোরেট করা হয়েছে এবং এই নূতন সেকসান ইনসারসান মধ্যে টেকিং ওভার অফ দি ম্যানেজমেণ্ট আছে এবং কতকগুলি স্পেসিফিক কেস এর কথাও বলা আছে। মন্ত্রী মহাশয় যদি এই সেকসানগুলির বিষয় একটু সজাগ থাকেন তাহলে ভাল হয়। কারণ অনেক দুর্নীতিগ্রস্থ ব্যবসায়ী আছে যারা মেসিন পার্টস বিক্রি করে দিয়ে সরকারের হাতে তিন বছরের জন্য একটেনসন পিরিয়াডের জন্য তুলে দিলো। সরকার নিশ্চই তখন ভাল মেসিন দিয়ে চালাবার চেষ্টা করবেন। সুতরাং এ বিষয় আমাদের সতর্ক থাকতে হবে এবং পরবর্ত্তী সময়ে যদি প্রয়োজন মনে করেন তাহলে এ বিষয়ে একটা সংশোধনী আনবার চেষ্টা করবেন। তারপর ট্রাম কোম্পানী বা অন্যান্য ম্যানেজমেণ্ট নেবার পর এই সবগুলি দেখা যাচ্ছে। বন্যার পর যখন সরকারের একটা দুর্দ্দশাগ্রস্থ অবস্থা তখন আমরা দেখলাম যে কিছু অসাধু ব্যবসায়ী তারা আলুর দাম বাড়িয়ে দিলো। এইগুলি নিয়ন্ত্রন করার ক্ষেত্রে কোল্ডষ্টোরেজগুলি নিয়ন্ত্রন করার দরকার আছে। সেইজন্য বলছি ম্যানেজমেণ্টের ব্যাপারে এইগুলি চিন্তা করতে হবে। আর একটা গুরুত্বপূর্ণ এ্যামেণ্ডমেণ্ট হচ্ছে দি রিসিট শ্যাল বিয়ার এ ষ্ট্যাম্প ভ্যালু। ষ্ট্যাম্প একটা অদ্ভুত ব্যাপার। যেখানে একটা কয়েক শো মাল রাখলে একটা রসিদ দিচ্ছে সেখানে গভঃ রেভিনিউ ফাঁকি দিচ্ছে। কোল্ড ষ্টোরেজে রসিদের যে প্রভিসান ছিলো চ্যাপ্টার ৩ সেকসান ৬-এ সেখানে একটা নূতন সেকসান ইনকরপোরেট করা হচ্ছে অর্থাৎ ষ্ট্যাম্প এ্যক্ট অনুসারে পয়সা দিতে হবে। কংগ্রেস সরকার এতদিন মালিকের স্বার্থই দেখে আসছিলেন। কারণ আমরা দেখছি যে সেকসান ৬ এ ষ্ট্যাম্প এর প্রভিসান সেখানে ছিলো না যেটা আমরা করলাম। আর একটা গুরুত্বপূর্ণ সেকসান নেওয়া হয়েছে সেটা হচ্ছে ২ (এ)। এতদিন আমরা দেখেছি যে উইদাউট পারমিসানে হাসকিং মেসিনের মত এই সব জিনিষ করা হচ্ছিল। কিন্তু এখন ২ (এ) অনুযায়ী কনসট্রাকসান করবার আগে সরকারের অনুমতি নিতে হবে এবং সরকার অথরিটি দিয়ে বিচার করবেন সেই জায়গায় ঠিক মতন বিজ্ঞান সম্মত ভাবে এটা করা হচ্ছে কিনা? সেইজন্য নূতন প্রভিসান ইনকরপোরেট করা হয়েছে No person shall for the purpose of carrying on business of storing agricultural produce construct a cold storage without the permission in writing of the licencing officer in this behalf.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কন্সট্রাকসান অব কোল্ড ষ্টোরেজ, সেকসান ২-এ, ইনকর্পোরেশান অব দিস নিউ সেক্সান, এটা একটা গুরুত্বপূর্ণ পদক্ষেপ বামফ্রণ্ট সরকার বা মাননীয় মন্ত্রী নিয়েছেন কোল্ড ষ্টোরেজ আইনের দিক দিয়ে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে গরীব কৃষকরা তাদের আলু জমা রাখছে, তাদের টাকার দরকার আছে,

সেই টাকা গরীব কৃষকরা সংগে সংগে পাবে কি করে, যখন আলুর চড়া দাম হবে তখন সেই আলু বিক্রি করে সে টাকা শোধ করতে পারবে, সেজন্য বামফ্রন্ট সরকার একটা নতুন পদক্ষেপ নিয়েছেন, সেখানে ৭-এ তে বলছেন—A Lieenses may advance many to hirer storing agricultural produce up to five quintals on pledges of cold storage recipt. তার যে কোল্ড ষ্টোরেজের রসিদ আছে সেই রসিদ বন্ধকে দিয়ে সে সহজে সেখান থেকে টাকা ধার নিতে পারবে। অবশ্য এখানে একটা কথা আছে এ লাইসেনসী মে এ্যাডভান্স মানি—মে এ্যাডভান্স অর্থাৎ দিতে পারে, আবার নাও দিতে পারে, সেটা অবশ্য মালিকের দয়ার উপর নির্ভর করবে। তবে এ্যাডভান্সের একটা প্রভিসান রয়েছে, সেম এ্যাডভান্সের জন্য সে সেখানে একটা ইন্টারেষ্ট দেবে, দি সেম এ্যাডভান্স স্যাল বিয়ার সাচ ইন্টারেষ্ট এ্যাজ মে বি প্রেসক্রাইবড। হয়ত বলতে চেয়েছেন প্রেসক্রাইবড বাই দি স্টেট অর প্রেসক্রাইবড বাই দি লাইসেনসিং অথরিটি, যাইহোক এই রকম একটা প্রভিসান রয়েছে, কিছু কিছু রিলিফ দেওয়ার ব্যবস্থা রয়েছে। তারপর সেকসান ৯-এ আমরা দেখছি একটা নতুন সবে-সেকসান (২) এবং তার সংগে কতকগুলি প্রোভাইসো আছে কতকগুলি জায়গাতে। মাননীয় মন্ত্রী মহাশয় দেখবেন যে ডিসপিউট সেটেলের অনেকগুলি প্রভিসান ইনকর্পোরেট করা হয়েছে। একদিকে আমরা দেখছি ট্রাইব্যুনাল রয়েছে, ট্রাইব্যুনাল বিচার করছে। আবার কতকগুলি স্পেসিফিক মামলার জন্য রয়েছে মার্কেটিং অফিসার। একটা প্রোভাইসো আছে তাতে বলা হচ্ছে—Any dispute arising in this respect may forthwith be referred to the District Agricultural Marketing Officer or the Sub-Divisional Agricultural Officer having jurisdiction over the area where the cold storage is located. এখানে সাব-ডিভিসন্যাল এগ্রিকালচারাল অফিসার অর দি ডিষ্ট্রিক্ট এগ্রিকালচারাল মার্কেটিং অফিসারের হাতে ক্ষমতা ভেষ্ট করা হল এনি ডিসপিউটের। আর একটা জায়গায় রয়েছে ইন কেস অব কন্ট্রোভারসি দি লাইসেন্সিং অফিসার অর দি ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট ডিসপিউট সেটেল করতে পারবেন। সুতরাং ডিসপিউট সেটেল করার জন্য অনেকগুলি অথরিটি করা হয়েছে। তারপর এ্যাপিলের প্রভিসান আছে। এই আইনের মধ্যে আর একটা গুরুত্বপূর্ণ প্রভিসান আছে সেটা হচ্ছে ইন্সিওরেন্স অব এগ্রিকালচারাল প্রোডিউস ইন কোল্ডস্টোরেজ। এটা সেক্সান ১৫-এর পরিবর্তে একটা নতুন সেক্সান দেওয়া হয়েছে। এছাড়া আর একটা গুরুত্বপূর্ণ পদক্ষেপ নেওয়া হয়েছে সেটা হচ্ছে লাইসেন্সীকে রিটার্ণ দিতে হবে। এতদিন পর্যন্ত এই রকম কোন প্রভিসান ছিল না। রিটার্ণ না দিলে সরকার কিছু করতে

পারতেন না আইন মাফিক। এখন থেকে প্রত্যেক মালিককে রিটার্ণ সাবমিট করতে হবে—every licensee shall submit to Licensing Officer such fortnightly returns as the Licensing Officer may require in such form and in such manner as may be prescribed, in respect of each class of agricultural produce stored by him or his hirer সুতরাং এখন থেকে দেখা যাচ্ছে যে সমস্ত পশ্চিমবাংলায় এই রিটার্ণ দেবার পর কার কত আলু আছে এই খবর সরকার জানতে পারবেন। আর একটা গুরুত্বপূর্ণ পদক্ষেপ সরকার নিয়েছেন এই কোল্ডস্টোরেজ আইন করে। এখানে এক্সপার্ট কমিটির কথা বলা হয়েছে এবং এক্সপার্ট কমিটি একটা নতুন জিনিস। সবচেয়ে বড় কথা হচ্ছে আমরা দেখেছি ফ্লাডের সময় বিভিন্ন অঞ্চলে যেসমস্ত গরীব কৃষক, সাধারণ মধ্যবিত্ত মানুষ সামান্য আলু রেখেছিল তাদের সেই আলু নষ্ট হয়ে গেছে। ওল্ডএ্যাক্টে কম্পেনসেসানের প্রভিসানটা এতই ভেগ যে কম্পেনসেসান পাওয়া তাদের ভাগ্যে জুটবে না।

[4-10—4-20 P.M.]

এই এ্যাক্টের যে ডেফিনেসান তাতে প্রুফ করা যাবে না, অতএব সেখানে দেখা যাচ্ছে কম্পেনসেসান পাওয়া তাদের ভাগ্যে জুটবে না। এখন সেখানে এই ক্ষতিপূরণ পাবার জন্য যে আইন দরকার সেই আইন করা হচ্ছে। তারপর No order made in exercise of any power conferred by or under this Act shall be called in question in any court· এই প্রভিসানটা আমরা জানি যে এটা দেওয়া হয়েছে মামলা এখানে যা হবে কোর্টে চ্যালেঞ্জ করা যাবে না। পরিশেষে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলব, জয়নাল সাহেবরা গত ৩০ বছর ধরে পশ্চিমবাংলায় এই রকম একটা পদক্ষেপ নিতে পারেননি, আজকে এই সরকার এই পদক্ষেপ নিয়েছেন সেইজন্য আমি এটাকে সমর্থন করছি। এই বলে এই বিলকে সমর্থন করে আমি শেষ করলাম।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস**ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, দীর্ঘ সময় ধরে আজকে পশ্চিমবঙ্গ হিমঘর সংশোধনী বিধেয়কটি আলোচিত হচ্ছে। এই বিলের মধ্যে যে দুটি বিষয় সবচেয়ে উল্লেখ্য তা মাননীয় মন্ত্রীমহাশয় উদ্দেশ্য এবং হেতুর বিবরণের মধ্যে বলেছেন "আইন ও তদধীনে প্রণীত নিয়মাবলী অমান্য করিয়া যে সকল হিমঘর অযোগ্যভাবে পরিচালিত হইতেছে সেই সকল হিমঘরের পরিচালন ভার গ্রহণ করা।" তারপর আরো একটা আছে, "সমবায় সমিতিগুলি এবং ক্ষুদ্র উৎপাদকগণ যাহাতে হিমঘরে কৃষিজ দ্রব্য মজুত রাখিবার জন্য স্থান পাইতে পারেন তাহা সুনিশ্চিত করা।"

এর সঙ্গে অন্যান্য গুরুত্বপূর্ণ যেগুলি থেকে গিয়েছে—আমরা এই হিমঘরের যে ব্যবস্থা দেখে এসেছি তা হচ্ছে এগুলি অধিকাংশই ব্যক্তিগত মালিকানাধীনে আছে এবং মুনাফা অর্জনই এগুলির মূল লক্ষ্য। এই সমস্ত ব্যক্তিগত মালিকানাধীনে হবার ফলে যা হয় তাই চলছে, সেখানে হিমঘরের মালিকরা অসাধু উপায়ে চলছে এবং সাধারণ যারা উৎপাদক—গরিব কৃষক—তারা মার খাচ্ছে। সেখানে উৎপাদকরা তাদের আলু বা অন্যান্য পন্য হিমঘরে রাখতে পারবে এমন ব্যবস্থা ছিল না এবং তার ফলে তাদের ডিসট্রেস সেল করতে হত বা তা করতে তারা বাধ্য হত। আমরা দেখেছি আলু এবং অন্যান্য পন্যের যখন দর চড়তো আগের ডিসট্রেস সেলের সময় কেনা মাল ব্যবসায়ীরা পরে তা বিক্রি করে অধিক মুনাফা অর্জন করতো। এই বিল পাশ হবার পর গরিব কৃষক যারা, গরিব উৎপাদক যারা তাদের কাছে একটা নিশ্চয়তা আসবে যে তারা তাদের উৎপন্ন ফসল বিশেষ করে আলু তারা রাখতে পারবে। এটা একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ সংযোজন বলেই আমরা মনে করি এই হিমঘর বিলের মধ্যে। আমি মাননীয় কৃষিমন্ত্রীকে অভিনন্দন জানাচ্ছি এই জন্য যে একটা অতি প্রয়োজনীয় সংশোধন তিনি করেছেন এই আইনের। এর ফলে বিশেষ করে বর্ধমান, হুগলী, মুর্শিদাবাদের বিবিধ অঞ্চল এবং এ ছাড়াও আরো বিস্তৃত অঞ্চলের উৎপাদকরা উপকৃত হবেন। দ্বিতীয়তঃ মন্ত্রীমহাশয় বলেছেন যে হিমঘরের মালিক, তাদের অসাধুতা এমনই পাহাড় প্রমাণ যে সেগুলিকে নিয়ন্ত্রন করার প্রয়োজনীয়তা ছিল। সেখানে তাদের অবাধে মুনাফা লোটার যে ব্যবস্থা ছিল তাকে নিয়ন্ত্রন করার প্রয়োজনীয়তা ছিল। সেদিক থেকে এটা একটা উল্লেখযোগ্য সংযোজন হয়েছে এই বিলের মধ্যে দিয়ে। এই প্রসঙ্গে মাননীয় মন্ত্রী-মহাশয়কে বলব যে যাদের নুন আনতে পান্তা ফুরোয় এই ধরনের যাদের অবস্থা সেই গরিব চাষীরা হিমঘরে মাল রাখলে তাদের ক্ষেত্রে যাতে রেটটা কম করা হয় সে ব্যবস্থা করতে হবে।

[ 4-20—4 30 P. M. ]

এবং সঙ্গে সঙ্গে যারা ব্যবসায়ী, যারা হিমঘরে তাদের মাল মজুত রাখে সেই ব্যবসায়ীদের ক্ষেত্রে রেট বাড়াতে হতে পারে। কারণ আমরা যে সমাজ ব্যবস্থাতে বাস করি তাতে আমরা দেখছি যে যারা বড় বড় ব্যবসাদার তারা আমাদের সমাজকে কিভাবে শোষণ করছে, সেই সব কথা আমাদের সকল মানুষদের জানা আছে। সঙ্গে সঙ্গে আজকে যে কথা বলা দরকার বীরেনবাবু বলছিলেন ন্যাশানালাইসড করার কথা সেটি করতে পারলে খুব ভাল হয়, কিন্তু ন্যাশানালাইসড করার পক্ষে যদি বাঁধা থেকে থাকে

তাহলে অন্তত পরবর্তি সময়ে মাননীয় মন্ত্রী যে সমস্ত হিমঘরের অনুমোদন দেবেন সেক্ষেত্রে অত্যন্ত দেখতে হবে যাতে সমবায় ভিত্তিক, সমবায়ের মাধ্যমে যাতে হিমঘরের লাইসেন্স প্রদান করা হয় সেদিকে দৃষ্টি রাখতে হবে। এতদিন ধরে ঐ কংগ্রেসী অপশাসনে সেই ব্যবস্থাটি চলে এসেছে, যারা কংগ্রেসের অর্থ ভাণ্ডারকে পুষ্ট করতো তারাই ঐ সমস্ত লাইসেন্স, পারমিট ইত্যাদি পেত। সেই ব্যবস্থা বন্ধ করবার জন্য অন্ততঃপক্ষে ব্যক্তিগত মালিকানায় না দিয়ে সমবায় ভিত্তিক লাইসেন্স প্রদান করার দিকে দৃষ্টি দিতে হবে এবং সঙ্গে সঙ্গে আর একটি প্রস্তাব আছে সেটি হচ্ছে এই পশ্চিমবাংলায় বামফ্রন্টের নেতৃত্বে যেভাবে ক্ষমতা বিকেন্দ্রীকরণ হতে চলেছে পঞ্চায়েতের মাধ্যমে ব্যাপক ক্ষমতার বিকেন্দ্রীকরণ করে গ্রাম বাংলার অর্থনীতিতে নতুন প্রাণের জোয়ার আনার যে ব্যবস্থা হচ্ছে, গ্রামের মানুষের স্বাধিকার প্রতিষ্ঠা করবার যে ব্যবস্থা হচ্ছে পঞ্চায়েতের হাতে ক্ষমতা দিয়ে—আমি বলবো যে আজকে এই সমস্ত জেলা পরিষদগুলি যে নতুন করে গঠিত হলো এবং পঞ্চায়েত সমিতি গঠিত হলো তাদের অধিনে হিমঘর প্রতিষ্ঠা করতে হবে সরকারী উদ্যোগে এবং সেই সরকারী উদ্যোগে পঞ্চায়েত কমিটি অথবা জেলা পরিষদের অধিনে থাকবে এবং সরকারী পরিকল্পনায়। যদি জেলায় জেলায় হিমঘর প্রতিষ্ঠা করা যায় তাহলে গরীব চাষীরা উপকৃত হবে। যাদের মহাজনের শোষণে এবং শাসনে মেরুদণ্ড ভেঙ্গে গিয়েছে। সেই চাষীরা অন্তত তাদের যে পণ্য তার ন্যায্য দাম পাওয়ার ব্যবস্থা সেখানে হতে পারে। আমি আর একটি বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রী মহাশঃকে নজর দিতে বলি কলকাতা এবং শহরতলিতে যেসমস্ত হিমঘরের মালিকরা রয়েছে তারা যেভাবে পণ্য নিয়ন্ত্রণ করছে তাদের মুনাফার দিকে দৃষ্টি রেখে—এই সমস্ত ব্যক্তিগত মালিকানায় যে সমস্ত হিমঘর আছে সেগুলিকে নিয়ন্ত্রণ করতে হবে এবং প্রয়োজন বোধে বাতিল করতে হবে। আমার বক্তব্য শেষ করার আগে আমি মাননীয় কৃষি মন্ত্রী মহাশয়কে অভিনন্দন জানাই যে তিনি আজকে এই বিল উত্থাপনের মধ্যে দিয়ে গরীব চাষীর ক্ষেত্রে তাদের পণ্যের ন্যায্য মূল্য যাতে তারা পায় সেই দিকে লক্ষ্য রেখে তিনি একটি প্রয়োজনীয় কাজ করেছেন। আমরা জানি এই বিল কার্যকরী হলে বাংলার ক্ষুদ্র এবং মধ্য চাষী তাঁকে আশির্বাদ করবে এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীকমলকান্তি গুহ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় ডঃ জয়নাল আবেদিন আবেদিন সাহেব এই বিলটাকে আংশিক সমর্থন করেছেন, উনার কাছে যদি পুরো সমর্থন পেতাম তাহলে পলিটিক্যাল সায়ান্স চেঞ্জ হয়ে যেত, কাজেই আমরা তাঁর কাছ থেকে আংশিক সমর্থন পাব, তার বেশী নয়। আর একটা কথা হল আমরা এখানে সরকারে

এসেছি, শ্রেণী শত্রুকে খতম করার জন্য বন্দুকতো তুলতে পারব না, তাই এই আইনের এবং সংবিধানের ভিতর দিয়ে এগুতে হচ্ছে। সংবিধানের ভিতর দিয়ে আইনের ভিতর দিয়ে যতটুকু মালিক পক্ষকে নিমন্ত্রণ করা যায়, তার জন্য সচেষ্ট হয়েছি। তারা পিছলিয়ে যাবে আর তাদের মদত দেবে হয় ইন্দিরা কংগ্রেস, রেড্ডি কংগ্রেস এবং জনতার কিছু কিছু লোক, আর আমরা আবার সেই পিছলিয়ে যাওয়া মালিকদের নিয়ন্ত্রন করার অন্য আইন আনার চেষ্টা করব, এই পার্লামেণ্টারী খেলা চলছে। আজকে আইনে যদি ত্রুটি থেকে থাকে, আমাদের অভিজ্ঞতায় দেখি আমাদের উদ্দেশ্যকে ব্যাহত করছে, দরকার হলে আগামী দিনে আবার আইন করব। সরকারের উদ্দেশ্য হচ্ছে মালিককে নিয়ন্ত্রনে এনে শোষণের পথ যতটা বন্ধ করা যায়। আমরা বারে বারে এগুবো, ওরা বারে বারে প্রতিরোধ করবে, আবার আমরা এগুবো এবং এর মধ্য দিয়ে আগামী দিনে সংঘর্ষের নতুন ছবি হতে পারে। আমি যে কথা বলছিলাম আজকে এই পদক্ষেপই শেষ পদক্ষেপ এটা বলছিনা। আমাদের উদ্দেশ্য আরও অনেক দূর যেতে হবে। কাজেই আশ্বাস দিতে পারি সেইসব সদস্যদের যাঁরা এর মধ্যে ত্রুটি খুঁজে পেয়েছেন, যাঁরা মনে করছেন পুরোপুরি কৃষকসমাজকে আমরা রক্ষা করতে পারিনি এবং এই আশ্বাস দিতে পারি যে এই বিল হবার পরে যদি বাস্তব ক্ষেত্রে দেখি অসুবিধা হচ্ছে, তাহলে আবার আসব, আমরা বারে বারে আসব। এর জন্য লজ্জা নাই, কুণ্ঠা নাই কোন এটাই আমাদের কাজ। এখন মাননীয় জয়নাল সাহেব বলেছেন ৪ লক্ষ টন আলু রাখা যায়, এটা ঠিক নয়। এখন ৬ লক্ষ টন আলু রাখা যায়। শীতকালে হিমঘরে পিয়াজ এবং অন্যান্য জিনিষের কথা যা তিনি বলেছেন তাতে কমলালেবু ইত্যাদিতে ৭ লক্ষ টন জিনিষ রাখতে পারি। আমরা এবার আরও ৬৫টি হিমঘরের অনুমতি দিয়েছি, কাজেই আরও বাড়ছে এবং সম্প্রসারণ করার অনুমতি দিয়েছি ১৮টির, আশা করি এগুলি হয়ে গেলে প্রায় ১০ লক্ষ টনের কাছাকাছি যেতে পারব আশা করছি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** রিকুইয়ারমেণ্ট কত ?

**শ্রীকমলকান্তি গুহ ঃ** অনেক বেশী। আপনি একটা কথা বলেছেন কেন প্রাইভেট সেক্টারে যাচ্ছেন, এখন আপনি যখন ভাল ভাল কথাগুলি বলছেন, তখন সন্ধ্যায় যারা রং চং মেখে সেজে বসে থাকে, তাদের কথা আমার মনে হয়। কেন এসব কথা বলেন ? আপনার মুখে এসব কথা শোভা পায় ? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় সদস্যদের আশ্বস্থ করছি যে সমবায় ভিত্তিতে পশ্চিম বঙ্গে ১০০টি কোল্ডষ্টোরেজ

যাতে নতুন করে হয়, তার জন্য ব্যবস্থা নেওয়া হয়েছে। কেন্দ্রীয় সরকারের সাথে আমাদের লেখালেখি হচ্ছে, এবং যে সব জেলায় নেই সেখানে আস্তে আস্তে যাতে করতে পারি তার চেষ্টা হচ্ছে। আমাদের মাননীয় সদস্যদের জানাতে পারি যে পশ্চিমবঙ্গের দিনাজপুরের রায়গঞ্জে ইতিমধ্যে স্থান ঠিক হয়ে গেছে।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** আমরাই করেছি ইলেক্সনের আগে।

**শ্রীকমলকান্তি গুহ ঃ** ইলেক্সনের আগে আপনারা লোককে বলেছেন, আমরা শেষ করে দিয়ে লোকদের দেখাব যে আমরা কাজ করেছি। নদীয়াতেও হবে এবং পুরুলিয়ার মত অনুন্নত জায়গাতেও যেখানে আমাদের আশংকা হচ্ছে যে মাল পুরো রাখা যাবে ঠিক নাই, সেখানেও হবে, যতটাই হোক, সেখানকার কৃষকদের উৎসাহিত করবার জন্য, যদি সরকার থেকে ভরতুকিও দিতে হয়, তা দিয়েও সেখানে কোল্ডস্টোরেজ করার জন্য সরকার থেকে চিন্তা করছি। এভাবে পুরুলিয়ায় হবে, মালদহে হবে, আমি বলছি আমরা ১০০টি করব নতুন নতুন জায়গায়।

[ 4-30—4-40 P.M. ]

তা আপনাদের কাছে এইটুকু বলতে চাই আমাদের উদ্দেশ্যই হচ্ছে কৃষকদের বাঁচানো। যদি ঠিকমতো না হয়, আপনাদের সঙ্গে পরামর্শ করেই কাজ করবো। একদিকে বলছেন পুরোপুরি রাষ্ট্রায়ত্ত করার কথা আর একদিকে বলছেন মালিকরা ভয় পাবে কিনা। একথা জানেন জয়নাল সাহেব, মালিকরা এই সংবিধানের ভিতর থেকে কখনও ভয় পায় না। মালিকরা ব্যবসা বন্ধ করে যখন তাদের আথিক মুনাফা থাকে না। আর যখন বেশি করে লাভ থাকে তখন তারা আমার জুতোর তলা চেটেও ব্যবসা করবে। তারা কখনও ভয় পায় না টেক ওভারের জন্য। এইটা রাষ্ট্রায়ত্ত করার ব্যাপারে রাষ্ট্রপতির অনুমতি নিতে হয়েছে। রাষ্ট্রপতির অনুমতি আসে কেন্দ্রীয় সরকারের সুপারিশ নিয়ে। বারেবারে এই বিলে বাধা দেওয়া হয়েছে। এইটা জনতা সদস্যরা জেনে রাখুন। এতে বাধা দেওয়া হয়েছে, এই আইনটা কতভাবে পঙ্গু করার চেষ্টা হয়েছে। ( ডাঃ জয়নাল আবেদীন ঃ— জনতার সঙ্গে পীরিতি ভেঙ্গে দিন। ) আমাদের পীরিতি নেই। জনতার সাথে আমরা একসাথে চলছি কারণ ওই যে ডাকিনী যোগিনীকে আপনারা নিয়ে আসছেন তাকে যাতে আমরা ধুনো দিয়ে তাড়াতে পারি সেইজন্য। ওদের সঙ্গে চলবে না, এটা ভুল করেই জানি। মাননীয় সদস্য শ্রীঅনিল কুমার মুখার্জি বললেন আমরা টেক-ওভার করবো. তারপর ভাল করে চালাবো, শেষে সাজানো-বাগান মালিকদের হাতে তুলে দেবো। এই সীমাবদ্ধ অবস্থায় ওই

৩ বছর কি ৬ বছর যতদিন পারা যায় কৃষকদের সুবিধা দেবো এই টেক ওভার করে। এই সীমাবদ্ধ অবস্থায় এর বেশি তো করা যায় না। মালিকরা অনেক বেশি সচেতন। এদের মোটা তহবিলকে এই বিধানসভার ঠাণ্ডা ঘরে বসে বেশি কিছু করা যাবে না। যাদের জন্য জয়নাল সাহেবরা এসেছেন এখানে তাদের স্বার্থ দেখবেন। আর একটা কথা বুঝি জয়নাল সাহেব, আজকে মালিকরা রামকৃষ্ণ মিশন খোলে না বা ভারত সেবাশ্রম সংঘ খোলে না। এই ক্যাপিটালিষ্ট সিস্টেমের মধ্যে মালিকেরা ওই মুনাফার জন্য এসেছে। আর মুনাফা ছাড়া চলবে না। আমার কথা শুনে তারা সাধু হয়ে যাবে না. তা কখনই হয় না। মালিকের মুনাফা কতটা কমানো যায় সেইটারই ট্যাগ অফ ওয়ার চলবে। ওদের মুনাফা যে থাকবে তাতে হাত দিতে পারবো না। তবে কৃষকের কতটা সুবিধা দেওয়া যায় সেইটা এই সীমাবদ্ধ অবস্থায় এই বিলের মধ্যে করেছি। কতটুকু দেওয়া হয়েছে আর কতটুকু টেনে নেওয়া হয়েছে এইটাই এই বিলের মধ্যে রয়েছে। আমি আশা করি আপনারা মত পরিবর্তন করে আপনারা সবাই বলবেন আমরা পুরো সমর্থন করলাম। এইটাই আশা করি, কিন্তু তা হবে না।

The motion of Shri Kamal Kanti Guha that The West Bengal Cold Storage (Licensing and Regulation) Amendment Bill. 1978, be taken into consideration, was then dut and agreed to.

**Clauses 1 to 3**

The question that Clauses 1 to 3 do stand part of the Bill was then put and agreed to.

**Clause 4**

**Shri Sasabindu Bera :** Sir, I to move that in clause 4, in the proposed section 3 of the Act, line 3, for the words "being a hirer store", the words "being a hirer, store" be substituted.

Sir, I also beg to move that in clause 4, in the proposed section 3 line 3, for the words "any such", the words "shall any" be substituted.

আমার ৪নং ক্লজে দুটি সংশোধনী আছে। ২নং এবং ৩নং। এটা নীতিগত প্রশ্ন নয়। এই প্রপোজড সেক্সনের তিনের লাইনে সাচ এনি কথা বদলে স্যাল এনি কথাটা বসাতে বলছি। আর একটা হচ্ছে বিইং এ হায়ার ষ্টোর পাশে যে

যাতে নতুন করে হয়, তার জন্য ব্যবস্থা নেওয়া হয়েছে। কেন্দ্রীয় সরকারের সাথে আমাদের লেখালেখি হচ্ছে, এবং যে সব জেলায় নেই সেখানে আস্তে আস্তে যাতে করতে পারি তার চেষ্টা হচ্ছে। আমাদের মাননীয় সদস্যদের জানাতে পারি যে পশ্চিমবঙ্গের দিনাজপুরের রায়গঞ্জে ইতিমধ্যে স্থান ঠিক হয়ে গেছে।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** আমরাই করেছি ইলেকশনের আগে।

**শ্রীকমলকান্তি গুহ ঃ** ইলেকশনের আগে আপনারা লোককে বলেছেন, আমরা শেষ করে দিয়ে লোকদের দেখাব যে আমরা কাজ করেছি। নদীয়াতেও হবে এবং পুরুলিয়ার মত অনুন্নত জায়গাতেও যেখানে আমাদের আশংকা হচ্ছে যে মাল পুরো রাখা যাবে ঠিক নাই, সেখানেও হবে, যতটাই হোক, সেখানকার কৃষকদের উৎসাহিত করবার জন্য, যদি সরকার থেকে ভরতুকিও দিতে হয়, তা দিয়েও সেখানে কোল্ডস্টোরেজ করার জন্য সরকার থেকে চিন্তা করছি। এভাবে পুরুলিয়ায় হবে, মালদহে হবে, আমি বলছি আমরা ১০০টি করব নতুন নতুন জায়গায়।

[ 4-30—4-40 P.M. ]

তা আপনাদের কাছে এইটুকু বলতে চাই আমাদের উদ্দেশ্যই হচ্ছে কৃষকদের বাঁচানো। যদি ঠিকমতো না হয়, আপনাদের সঙ্গে পরামর্শ করেই কাজ করবো। একদিকে বলছেন পুরোপুরি রাষ্ট্রায়ত্ত করার কথা আর একদিকে বলছেন মালিকরা ভয় পাবে কিনা। একথা জানেন জয়নাল সাহেব, মালিকরা এই সংবিধানের ভিতর থেকে কখনও ভয় পায় না। মালিকরা ব্যবসা বন্ধ করে যখন তাদের আর্থিক মুনাফা থাকে না। আর যখন বেশি করে লাভ থাকে তখন তারা আমার জুতোর তলা চেটেও ব্যবসা করবে। তারা কখনও ভয় পায় না টেক ওভারের জন্য। এইটা রাষ্ট্রায়ত্ত করার ব্যাপারে রাষ্ট্রপতির অনুমতি নিতে হয়েছে। রাষ্ট্রপতির অনুমতি আসে কেন্দ্রীয় সরকারের সুপারিশ নিয়ে। বারেবারে এই বিলে বাধা দেওয়া হয়েছে। এইটা জনতা সদস্যরা জেনে রাখুন। এতে বাধা দেওয়া হয়েছে, এই আইনটা কতভাবে পঙ্গু করার চেষ্টা হয়েছে। (ডাঃ জয়নাল আবেদীন ঃ— জনতার সঙ্গে পীরিতি ভেঙ্গে দিন।) আমাদের পীরিতি নেই। জনতার সাথে আমরা একসাথে চলছি কারণ ওই যে ডাকিনী যোগিনীকে আপনারা নিয়ে আসছেন তাকে যাতে আমরা ধুনো দিয়ে তাড়াতে পারি সেইজন্য। ওদের সঙ্গে চলবে না, এটা ভুল করেই জানি। মাননীয় সদস্য শ্রীঅনিল কুমার মুখার্জি বললেন আমরা টেক-ওভার করবো. তারপর ভাল করে চালাবো, শেষে সাজানো-বাগান মালিকদের হাতে তুলে দেবো। এই সীমাবদ্ধ অবস্থায় ওই

[ 4-40—4-50 P. M. ]

এখানে বলা হচ্ছে যখন কোল্ডস্টোরেজ ইজ নট বিয়িং ম্যানেজড্ ইন এ্যাকর্ডেন্স উইথ দি প্রভিসন অব দি এ্যাক্ট সেই সময় সরকার ৩ বছরের জন্য কোল্ডস্টোরেজ অধিগ্রহণ করতে পারবেন যদি অন দি রিপোর্ট অব দি লাইসেনসিং অফিসার দি ষ্টেট গভর্ণমেন্ট ইজ স্যাটিসফায়েড ঘ্যাট দি কোল্ড ষ্টোরেজ ইজ নট বিয়িং ম্যানেজড্ ওয়েল লাইসেনসিং অফিসার হচ্ছেন ডাইরেক্টর অব এগ্রিকালচার বা এ্যাডিসন্যাল ডাইরেক্টর বা ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট/এদের রিপোর্টের উপর নির্ভর করে যখন ষ্টেট গভর্ণমেন্ট দেখবেন যে কোন কোল্ডষ্টোরেজ এই আইন অনুসরণ করে ঠিক চালানো যাচ্ছে না তখন তারা ৩ বছরের জন্য এবং প্রয়োজন বাড়লে আরো ১ বছরের জন্য অধিগ্রহণ করবেন স্যাটিসফ্যাক্সান কামিং ফ্রম দি গভর্ণমেন্ট অন দি বেসিস অব দি রিপোর্ট—অধিগ্রহনে আমাদের আপত্তি নেই। আমাদের পক্ষ থেকে বলা হয়েছে সমস্ত কোল্ডষ্টোরেজগুলিই অধিগ্রহন করুন। আমাদের দেশে পুঁজিবাদী অর্থনীতির এটা একটা মুনাফাস্তর। কিন্তু সেই ভাবে অধিগ্রহণ না করে সাময়িকভাবে অধিগ্রহণ করতে গিয়ে সম্পূর্ণ এক তরফা ভাবে যাদের কোল্ডষ্টোরেজ অধিগ্রহণ করা হচ্ছে সেই লাইসেন্সিদের কোন বক্তব্য রাখবার অবকাশ না দিয়ে অধিগ্রহন গনতান্ত্রিক রীতি বিরুদ্ধ বলে আমার মনে হয়। কারণ এখানে দেখা যাচ্ছে স্যাটিসফ্যাক্সান কামিং ফ্রম দি গভর্ণমেন্ট অন দি বেসিস অব দি রিপোর্ট। কেন না এখানে ঐসব অফিসাররা রিপোর্ট দিচ্ছেন। ন্যাচারালি সেই রিপোর্টের বিপক্ষে কিছু বলবার থাকবে না। গভর্ণমেন্টকে যে রিপোর্ট দেবেন তারই উপর সাধারণতঃ চোখ বুজে এক তরফা ভাবে নির্ভর করে অধিগ্রহণ করা হবে। কাজেই এই ক্ষেত্রে অনেক বেশী এক তরফা ভাবে ক্ষমতার অপপ্রয়োগ হতে পারে, যেহেতু তাদের কোল্ড ষ্টোরেজ তাদেরই থাকছে—কেন না ৩ বছরই হোক আর ৬ বছরই হোক তারপরে তাদের ফিরিয়ে দেবার প্রশ্ন আছে। তাদের ব্যক্তিগত মালিকানা তো অস্বীকার করা হচ্ছে না। কাজেই তাদের একটা বক্তব্য রাখবার অবকাশ দেওয়া উচিত। তাই আমার প্রস্তাবিত সেকেণ্ড প্রোভাইসোতে বলা হচ্ছে, "Provided further that before the taking over of the management of any cold storage on the extension of the period of such taking over the Licensee shall be given an apportunity of being heard" Was then put and lost. কোল্ড ষ্টোরেজ যখন কো-অপারেটিভ সোসাইটি দ্বারা ম্যানেজড্ হচ্ছে। তখন অধিগ্রহণের পূর্বে কোল্ডষ্টোরেজের রেজিষ্ট্রার-এর সঙ্গে কনসাল্ট করবেন। প্রাকটিক্যালি রেজিষ্ট্রাররাই কো-অপারেটিভ অথরিটি তাকে

কনসাল্ট করা হচ্ছে' যখন সাবমিটিং রিপোর্ট কিন্তু ইণ্ডিভিজুয়্যাল লাইসেন্সির ক্ষেত্রে যখন অধিগ্রহণের প্রশ্ন আসবে, তার বিরুদ্ধে যখন রিপোর্ট দেওয়া হচ্ছে সেই রিপোর্ট দেবার পূর্বে তার সঙ্গে কোন কনসাল্ট করা হচ্ছে না, বা রিপোর্ট পাবার পরে তার সঙ্গে কোন আলোচনা করা হচ্ছে না এবং তাকে কোন বক্তব্য রাখবার অবকাশ দেওয়া হচ্ছে না। সরকার উচ্চতর অফিসারের রিপোর্টের উপর ভিত্তি করে প্রাকটিক্যালি অধিগ্রহণ করছেন। এটা গনতান্ত্রিক রীতি নীতি বিরুদ্ধ বলে আমি মনে করি। সেই জন্য আমার বক্তব্য হচ্ছে যার কোল্ডষ্টোরেজ অধিগ্রহণ করা হবে-- কো-অপারেটিভ সোসাইটির ক্ষেত্রেও এটা ইনক্লুডেড হয়ে যাবে। সেই জন্য সেকেণ্ড প্রোভাইসোতে আমি বলতে চেয়েছি, "Provided further that before the taking over of the management of any cold storage on the extension of the period of each taking over the Licensee shall be given an opportunity of being heard" was then put and lost.

এটা হলে ন্যায়বিচার হবে বলে আমি মনে করি। আমি আশা করি মাননীয় মন্ত্রীমহাশয় এটা বিবেচনা করে দেখবেন।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এ ব্যাপারে একটু বলতে চাই। আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের স্বদিচ্ছায় কোন সন্দেহ প্রকাশ করছি না কিন্তু এটা কি আবার ঐ "সোনার পাথর বাটির" মতন এমন আইন করছেন যেটা ধোপে টিঁকবে না? কন্সটিটিউসানে টিঁকবে তো যদি চালেঞ্জড হয়? আপনি কি এ সম্পর্কে পরামর্শ করেছেন? আপনি আইন করছেন, মানুষকে বোঝাচ্ছেন তাদের ভাল করতে যাচ্ছেন কিন্তু হাইকোর্টে গিয়ে আলট্রা ভাইরেস হয়ে গেল—আপনি এ দিকেরও খেলেন ও দিকেরও খেলেন এরকম কোন মতলব আছে কি? তা যদি না থাকে তাহলে আপনি এটা দেখুন কারণ আমার মনে হচ্ছে এটা বোধহয় ন্যাচারাল জাস্টিসকে হিট করছে। আপনি এ ব্যাপারে একটু সতর্ক হয়ে নিন।

**মিঃ স্পীকার ঃ** ডাঃ আবেদিন যা বলছেন সেটা তো রুলসে ফ্রেম করা যেতে পারে। একটা শো কস করার নোটিশ দিলে উনি যেটা বলছেন সেটা তো আপনি করতে পারেন।

**শ্রীকমলকান্তি গুহ ঃ** স্যার, আপনি যে কথা বলছেন আমি সেটা বিবেচনা করে দেখবো।

The motion of Shri Sasabindu Bera that in clause 6, in proposed section 4A, for the second proviso to sub-section (1), the following proviso be substituted, namely :—

"Provided further that before the taking of the management of any cold storage or the extension of the period of such taking over the licensee shall be given an opportunity of being heard.", was then put and lost.

The question that clause 6 do stand part of the Bill, was then put and agreed to.

### Clause 7

**Shri Sasabindu Bera** : Sir, I beg to move that in clausd 7, in line 5, for the words "such stamp duty shall be paid", the words "and the value of such stamp shall have been paid" be substituted.

রিসিটটা তার সংগে এ্যাফিক্স করা হয়েছে কাজেই আর শ্যাল বি পেড নয় শ্যাল হ্যাভ বিন পেড এটা জুড়ে হচ্ছে and the receipt shall bear a stamp of the value as required under the provisions of the Indian Stamp Act, 1899 and such stamp duty shall have been paid by the licensec এটাই হওয়া উচিত এই হচ্ছে আমার বক্তব্য।

**Shri Kamalkanti Guha :** আমি গ্রহণ করতে পারছি না।

The motion of Shri Sasabindu Bera that in clause 7, in line 5, for the words "such stamp duty shall be paid", the words "and the value of such stamp shall have been paid" be substituted, was then put and lost.

The question that clause 7 do stand part of the Bill was then put and agreed to.

### Clause 8

**Shri Sasabindu Bera** : Sir, I beg to move that in clause 8, in the proposed section 7A, lines 3 and 4, the words "up to five quintals" be omitted.

[4-50—5-00 P.M.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ৮ নং ক্লজে নূতন সেকশন, সেকশন সেভেন এ মূল আইনের সঙ্গে সংযোজিত করবার ব্যবস্থা করা হয়েছে। এতে লাইসেন্সি হায়ারারকে টাকা এ্যাডভান্স করতে পারবেন সেই ব্যবস্থা করা হয়েছে। A Licence may advance

money to hirer storing agricultural produce up to five quentals on pledges of cold storage receipt. এই আপটু ফাইভ কুইণ্টল কেন থাকবে ? কারণ লাইসেন্স উইল এ্যাডভান্স মানি—এ্যাডভান্স করবেন টু দি হায়ারার। এখানে আপ টু ফাইভ কুইণ্টল, এটার যৌক্তিকতা খুঁজে পাই না। কাজেই আপ টু ফাইভ কুইণ্টল এই কথাটা বাদ দিতে বলেছি, কারণ এটার প্রয়োজনীয়তা নেই।

**শ্রীকমলকান্তি গুহ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপ টু ফাইভ কুইণ্টল বলা হয়েছে, কারণ কোল্ড ষ্টোরেজে গরীব কৃষকরা অল্প অল্প আলু রাখে। ধনী জোতদার, যারা বেনামে হাজার হাজার কুইণ্টল আলু রাখে, তারা যাতে না রাখতে পারে —এটা বন্ধ করার জন্য এই আপ টু ফাইভ কুইণ্টল কথাটা রাখছি। এতে প্রান্তিক চাষী, ক্ষুদ্র চাষীরা বিশেষ সুবিধা পাবে। আমি শশবিন্দু বেরা মহাশয়ের সংশোধনী প্রস্তাব গ্রহণ করতে পারছি না।

The motion of Shri Sasabindu Bera that in clause 8, in the proposed Section 7A, lines 3 and 4, the words "upto five quintals" be omitted was then put and lost.

The question that clause 8 do stand part of the Bill was then put and agreed to.

**মিঃ স্পীকার ঃ** নির্দিষ্ট সময় অনুযায়ী এই বিলের উপর আলোচনা ৪-৫৫ মিনিটে শেষ হওয়ার কথা। কিন্তু আমার মনে হচ্ছে এই নির্দিষ্ট সময়ে আলোচনা সমাপ্ত হবে না। সেইজন্য আমি আপনাদের অনুমতিক্রমে, পশ্চিমবঙ্গ বিভানসভার কার্য্য প্রকল্পের নিয়মাবলীর ২৯০ ধারা অনুযায়ী আরোও আধ ঘণ্টা বাড়াবার জন্য অনুমতি চাইছি। আশা করি এই সভা সম্মতি দেবেন। ( ভয়েজেস—হ্যা )। সুতরাং আলোচনার সময় আধ ঘণ্টা বাড়িয়ে দেওয়া হলো।

## Clause 9

**Shri Sasabindu Bera :** I beg to move that in clause 9, in the proviso to the proposed sub-section (2), in line 7, after the words "Such officer", the words "shall maintained a record of the contention of the parties and evidences adduced by them and" be inserted.

I also move that in clause 9, in the proposed sub-section (2), lines 3 to 6, for the words begining with "space to a hirer" and ending with "quintals"

the words "to admit any person as a hirer and when so admitted refuse space to him for the purpose of storing agricultural produce" be substituted.

আমার কথা হচ্ছে, কি উনি করতে চাচ্ছেন তা আমি ঠিক বুঝতে পারছি না। হায়ারারের ডেফিনেসন্স অনুযায়ী hirer means a person who hires on payment of the prescribed changes space in cold storage etc. হায়ারার যখন হচ্ছে, হায়ারার কথাটা যখন ব্যবহার করছি তখন He has made payment of the prescribed charges for the space in the cold storage. এবং অলরেডি এনটার্ড ইনটু দি কনট্রাক্ট—তিনি এই কি বোঝাতে চাইছেন। একজন হায়ারার হওয়ার পরেও বাই মেকিং নেসেসারি পেমেন্ট, বাই এনটারিং ইনটু দি নেসেসারি কনট্রাক্ট—হায়ারার হয়ে যাওয়ার পরেও হি মে বি রিফিউজড স্পেস—এইটা কি মিন করতে চাচ্ছেন। এক্ষেত্রে হয়,—অনেক সময়ে যারা প্রডিউসার, এগ্রিক্যালচারিষ্ট তাদেরকে হায়ারার হওয়ার স্কোপ দেওয়া হয় না—এটাই হচ্ছে মূল আইন। আপনি নতুন সংশোধনী আইনে যা বলছেন তাতে এমন কোন ব্যবস্থা নেই যে কোন প্রডিউসার এসে হায়ারার হতে চেষ্টা করলে তাকে হায়ারার করা যাবে। বাধ্যতামূলক এই রকম কোন ব্যবস্থা নেই। এখানে বাধ্যতামূলক ব্যবস্থা যে হায়ারারকে রিফিউজড করা যাবে না। আমার কাছে এখনো অস্পষ্ট যে তিনি কি বলতে চাইছেন। এই ব্যবস্থা থাকা উচিত কোন এগ্রিক্যালচারিষ্ট তার প্রডিউজড যদি কোল্ড স্টোরেজ রাখবার ইচ্ছা নেয়, উদ্দেশ্য নেয় তাহলে তাকে হায়ারার হতে দিতে হবে, হায়ারার হয়ে গেলে স্পেস দিতে হবে। এই প্রভিসন থাকা উচিৎ তা নাহলে যে কথা বলছিলাম যে এখানে আইন অস্পষ্ট হয়ে যাচ্ছে এবং বোধ হয় অনেক এগ্রিক্যালচারিষ্ট—কোল্ড স্টোরেজের যারা মালিক তাদের খামখেয়ালীর জন্য সুযোগ পাবেন না উৎপন্ন পণ্য রাখবার। সেইজন্য আমি এই এ্যামেণ্ডমেন্টগুলি এনেছি।

[5-00—5-10 P. M.]

স্পেস হায়ার করতে পাচ্ছে না, এর সুযোগও পাবে না—এই রকম অবস্থার মধ্যে অনেক চাষীর পড়ার সম্ভাবনা আছে। কো-অপারেটিভ সোসাইটি আমি রাখি নি কারণ এগুলি এর মধ্যে ইনক্লুডেড হয়ে যাবে। আর এটা হচ্ছে এখানে মূল কথা হচ্ছে প্রভাইসোতে আছে Provided that any disputes arising in this respect. হায়ারারকে বা প্রডিউসারকে স্পেস দেওয়া হচ্ছে কি হচ্ছে না সেই প্রশ্নের যদি কোন ডিসপিউট আসে তাহলে সাবডিভিসানাল এগ্রিকালচারাল অফিসার বা অন্য কোন

মনোনীত অফিসার তার ডিসপোজ অফ করবেন। এই যে ডিসপোজ অফ করবেন ডিসপিউটগুলি সেগুলি কার ফেভারে যাবে জানি না। কিন্তু দু পার্টির পক্ষে যে কনটেনসন বা তারা যে সাক্ষি দিচ্ছে তার একটা রেকর্ড মেনটেণ্ড করা উচিত বলে মনে করি। সেজন্য বলছি Such officer shall as far as possible given his award in respect of the dispute within seven days.

তার সঙ্গে দিয়ে দিচ্ছি Such officer shall maintain a record of the contention of the parties and evidences adduced by them and shall as far as possible give his award etc. etc. অতএব আমার ৭ নং সংশোধনীটি মন্ত্রী মহাশয়কে গ্রহণ করবার জন্য অনুরোধ করছি।

**শ্রীকমলকান্তি গুহঃ** স্পেস নিয়ে যে আপত্তির কথা বললেন সেটা কলকাতার কোল্ড ষ্টোরেজ সম্বন্ধে। কলকাতার কোল্ড ষ্টোরেজগুলি ব্যবসায়িক ভিত্তিতে পরিচালিত হয়। এই কথা মনে রেখে আমরা এটা করেছি, কৃষি এলাকার কোল্ড ষ্টোরেজগুলি সম্পর্কে নয়। কাজেই আমি গ্রহণ করতে পাচ্ছি না।

শ্রীশশবিন্দু বেরা কর্তৃক আনীত ৯ নং ক্লজে ৭, ৮ নং সংশোধনী প্রস্তাবটি ধ্বনি ভোটে অগ্রাহ্য হয়।

The motions of Shri Sasabindu Bera that—

in clause 9, in the proviso to the proposed sub-section (2), in line 7, after the words "Such officer", the words "shall maintain a record of the contention of the parties and evidences adduces by them and" be inserted., and that

in clause 9, in the proposed sub-section (2), lines 3 to 6, for the words beginning with "space to a hirer" and ending with quintals" the words "to admit any person as a hirer and when so admitted refuse space to him for the purpose of storing agricultural produce" be substituted.

Were then put and lost.

The question that Clause 9 do stand part of the Bill was then put and agreed to.

**Clauses 10 to 19 and Preamble**

**The question that clauses 10 to 19 and preamble do stand part of the Bill, was then put and agreed to.**

**ডাঃ জয়নাল আবেদিনঃ** স্যার, আমি যে কথা আগে বলেছিলাম সেই কথাই

আবার বলছি। আপনি বললেন ট্রাইবুনাল অফিসার দিয়ে করবেন। ধরুন কমপেনসেসানের জন্য একটা হিউজ ক্লেম আছে। সেখানে কি টাইপ অফ অফিসার দেবেন? জুডিসিয়াল টেকনোলজিষ্ট একজন সাইনটিষ্ট, একজন একজিকিউটিভ এই তিনজন অফিসার দিলেন। কারা বিচার করবে? এটা একটা ম্যানি ভ্যালু-বিগ ডিসপিউট। কিন্তু এটা একটা ভাগচাষ বোর্ড হয়ে গেল। সেজন্য বলছি কমপিটেণ্ট অফিসার টু ট্রাই দি কেস করুন। এখানে Science involved technology inscolived, Judicial view point involvcd, Executive know cadge involved, কি টাইপ অফ অফিসার সেটা কে ঠিক করবে? ট্রাইবুনাল কোথায় থাকবে? অর্থাৎ জুরিডিকসান এবং সিট অফ দি ট্রাইবুনাল কোথায় হবে? হুগলী বা গড়বেতার কোল্ড ষ্টোরেজের ট্রাইবুনাল কলকাতায় হবে না মেদিনীপুরে হবে? আপনি হয়তো বলবেন রুলস এ দেবেন, কিন্তু এ সম্বন্ধে এখানে কিছু বললে ভাল হয়। আর একটা কথা ১০ (এ সম্বন্ধে। আপনি বলেছেন No License shall effect any inprovement, renovation on addition to a Cold Storage without the previous permission of the Licensing officer in such manner as may be prescribed. এক্সপ্লানসান দিয়ে দিচ্ছেন The expression 'improvement' means any major work involving a basic change in the refrigeration system, but does not include minor functional adjustment".

The question that Clauses 10 to 19 and Preamble do stand part of the Bill, was then put and agreed to. এখানে কি ট্রাকচারাল এ্যডজাসমেণ্টে আপোস করবেন? মাইনর ফাংসনাল আর ট্রাকচারাল্ এ্যডজাসমেণ্ট দুটো কি রকম হচ্ছে। ইম্প্রুভমেণ্টের জন্য যখন এ্যাপ্লাই করবে তখন সেখানে পারমিসানের প্রভিসান লিলিয়েণ্ট হওয়া দরকার। আমি ইমপ্রুভ করবো সেটা ওয়েলকাম হওয়া দরকার। সেখানে আপনি বলছেন উইদাউট প্রিভিয়াস পারমিসান ভাল করবার জন্য পারমিসান চাইতে গেলে যদি ইজি না হয় যদি লিলিয়েণ্টলি লিবারেল ডিল না হয় তাহলে কিছুই হবে না। যদি কারো কোন ফিকির থাকে তাহলে সেখানে ষ্ট্রীনজেন মেজার নিয়ে জোর করুন কোন আপত্তি নেই। কিন্তু আমি ইমপ্রুভমেণ্ট করতে চাচ্ছি সেখানে গভঃ-এর লাইসেন্সসিং অথরিটির এ্যটিচুড লিবারাল হওয়া উচিত। এটা কি হবে তা আপনার কাছ থেকে জানতে চাচ্ছি।

বিলে ১০ থেকে ১৯ খণ্ড বা ক্লজ এবং প্রিয়ম্বল গ্রহণ করার জন্য সভায় পেশ করা হলে তাহা গৃহীত হয়।

[5-10—5-20 P.M.]

**শ্রীকমলকান্তি গুহ:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি পশ্চিমবঙ্গ হিমঘর লাইসেন্স প্রদান এবং নিয়ন্ত্রণ সংশোধন বিধেয়ক ১৯৭৮, সভায় যে ভাবে স্থিরীকৃত হল তা উত্তরণের জন্য সভায় পেশ করছি।

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এখানে এই বিলটিকে প্রথমে সমর্থন করছি, আমাদের পক্ষ থেকে যে এ্যামেণ্ডমেন্ট দেওয়া হয়েছে তাতে বিলটিকে সমৃদ্ধ করার জন্য দেওয়া হয়েছে। একটি কথা মন্ত্রী মহাশয় বলেছেন— অর্থাৎ আমাদের বক্তব্যের উপর তিনি একটু রং চং মাখিয়ে কুৎসিত করে দিয়েছেন—

**শ্রীকমলকান্তি গুহ:** আপনাকে বলিনি, জয়নাল সাহেবকে বলেছি।

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র:** মাননীয় মন্ত্রী মহাশয়, যখন বলেছিলাম প্রথম অংশে আমি ছিলাম না, পরে কথাটা শুনলাম। যে উদ্দেশ্যে বিলটা আমি জনতা পার্টির তরফ থেকে বলছি—আমরা বলেছিলাম ন্যাশানালাইজেসনের কথা ন্যাশানালাই-জেসন করলে ভাল হবে। সরকারী কর্মচারীদের কথা বলেছি, কো-অপারেটিভের মাধ্যমে কিছু করা যায় কিনা। এ কথাটা অনেক দিন আগেই উঠেছিল তখন ওঁরা এদিকে ছিলেন, তখন ওঁরাই বলেছিলেন যে এতে ব্যবসায়ীদের সুবিধা করা হচ্ছে। এ সব ১৯৬৩ সালের কথা। এত বছর পরে ওঁরাই সেই বিল আনলেন। তবে ওঁরা যেমন হুগলী প্রভৃতি জায়গায় করছেন তেমনি মালদা, দার্জিলিং, জলপাইগুড়ি প্রভৃতি জায়গায় করার কথা তো বললেন না। সরকারী কর্মচারীরা কি হিসাবে ক্ষমতা পাবে, এতগুলো টাকা, এতগুলো চাষীর ভাগ্যনির্ণয় করবে এইসব জিনিষগুলো একটু চিন্তা করে করা উচিত বলে আমি মনে করি, এবং এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ জয়নাল আবেদিন:** আমি আমার বক্তব্য শেষ করছি। আমরা একমত হলেও যে পদ্ধতিতে লিপিবদ্ধ হয়েছে তার অনেকগুলির সঙ্গে একমত নই। কার্য কারণে এই বিলকে অংশত সমর্থন করলেও পুরোটা সমর্থন করতে পারছি না। একটা সন্দেহ দেখা দিচ্ছে যে মাননীয় বামফ্রন্ট সরকারের মন্ত্রী মহাশয়রা গোপনে আইনজীবিদের সঙ্গে পরামর্শ করে ল্যাণ্ড রিফর্মসের মত যাতে এটা হাইকোর্টে না টেকে সেইভাবে করেছেন এবং জনমানসে একটা বিভ্রান্তির সৃষ্টি করছেন। এটা কি হাইকোর্টে টিকবে? সেইজন্য মনে হয় আইনজীবিদের সঙ্গে পরামর্শ করে নতুন কিছু সংযোজন করেছেন।

আলট্রা ভাইরিজ হবে না? আইন এখানে প্রনয়ণ করলেন, পাশ করলেন, তারপর হাইকোর্টে গিয়ে ল্যাণ্ড রিফর্ম'স আইন এই বিলও আটকে গেল। আমরা তখন বলেছিলাম এটা করবেন না। আপনারা যেটা রিলিফ দিতে চাইছেন সেটা শুরুতেই আটতে যাচ্ছে। সুতরাং আপনারা দু'মুখো নীতি নেবেন না। সেজন্য অনুরোধ করব রুল ফ্রেম যখন করবেন তখন প্র্যাকৃটিক্যাল সাইডটা ভাববেন, এই রকম হাফ হার্টেডলি কিছু করবেন না। এখন আইন পাশ করিয়ে দিলেন, যেমন ল্যাণ্ড রিফর্ম'স বিল পাশ করিয়েছিলেন, এখন শুনছি হাইকোর্টে এখনও ফয়সালা হয়নি, তারপর হাইকোর্টে গিয়ে এটাকে হিট করবে, আপনারা মানুষকে বিভ্রান্ত পথে পরিচালিত করে বললেন, দেখ, তোমাদের জন্য আমরা করতে গিয়েছিলাম, কিন্তু হাইকোর্ট আটকে দিল, হাইকোর্ট তুলে দাও। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আইনজীবী হিসাবে আপনি পরামর্শ দিয়েছেন, মন্ত্রী মহাশয় বিবেচনা করবেন আশ্বাস দিয়েছেন। কিন্তু আমাদের মনে হচ্ছে বামফ্রন্ট সরকারের মন্ত্রীরা আইনজ্ঞদের ডেকে তাঁদের সংগে পরামর্শ করে এমন কোন অনুসন্ধান করছেন কিনা যে কোন্ কোন্ ব্যবস্থা নিলে সেগুলি হাইকোর্টে গিয়ে আটকে যাবে, আর এখানে রংচং চাপিয়ে সাধু সাজছেন। আপনাদের বাইরে সাধু, আর ভেতরে বজ্জাতি এই জাতীয় জিনিষ হয়ে যাচ্ছে। এই ভণ্ডামিটাকে বর্জন করবার জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীকমলকান্তি গুহ** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বীরেন বাবু আমার বক্তৃতা শোনেনি। উনি বলছেন সমবায় ভিত্তিতে কোল্ড স্টোরেজ করা উচিত। আমি আমার বক্তৃতায় বলেছিলাম যে আমরা ১০০ টা কোল্ড স্টোরেজ সমবায় ভিত্তিতে করবার জন্য চেষ্টা চালিয়ে যাচ্ছি, আশা করছি পারব। উনি বলেছেন যে আমরা যখন প্রথম আসি কংগ্রেস আমলে আমরা তখন ও পক্ষেতে বসেছিলাম, তখন আমরা বিরোধিতা করেছি। স্যার, একটা জিনিস আপনি জানেন একটা চাকু যদি একজন সার্জেনের হাতে থাকে তাহলে অপারেশান করে তিনি রোগীকে ভাল করে দেন, সমাজে সুস্থ লোকের সংখ্যা বাড়ে। কিন্তু একটা চাকু যদি জয়নাল আবেদিন সাহেবের মত লোকের হাতে থাকে তাহলে কি হয় সেটা ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত আমরা দেখেছি। সুতরাং চাকু কাদের উপর থাকবে তার উপর নির্ভর করে ঘটনা। আমলারা তাদের জন্ম থেকে বা তাদের শিক্ষার মধ্য দিয়ে একটা প্রতিক্রিয়াশীল মনোভাব নিয়ে চাকরিতে আসেনি, গত ৩০ বছর ধরে আমলারা যেভাবে পরিচালিত হয়েছে, তাদের সংস্কৃতি, তাদের চেতনার মধ্যে

যে নীতিগুলি ঢুকিয়ে দিয়েছিলেন জয়নাল সাহেবরা ৩০ বছর ধরে সেইভাবে কর্মচারীরা তৈরী হয়ে গেছে। শুধু আমলাদের দোষ দিলে চলবে না। আমরা এখন ক্ষমতায় এসেছি, আমরা এদের কিভাবে নিয়ন্ত্রণ করব, কিভাবে সেক্রেটারী, ডাইরেক্টর, ডি. এম., এস. পি.-দের চালাব সেটা আমরা ঠিব করব এবং সেটা চালান হবে আমাদের নীতির দ্বারা। কাজেই আমি মনে করি এখানে অফিসারদের কোন স্কোপ নেই যেরকম সুযোগ-সুবিধা ওদের আমলে পেয়েছিলেন সেই সুযোগ সুবিধা পাওয়ার। আর উনি বলেছেন হাফহার্টেড আমরা আইন করছি এইভাবে। স্যার, আপনার মনে আছে ৮.১০ পয়সার আইন করে সিদ্ধার্থবাবু বললেন যে বাংলাদেশের ক্ষেতমজুররা ৮.১০ পয়সা পাবে। সবাই বললেন বাহ্বা, বাহ্বা, বাহ্বা নন্দলাল। সিদ্ধার্থবাবু খুব খুশী হলেন। হাইকোর্টে গেল, জোতদাররা ইনজাংসান দিতে ওটা চাপা পড়ে গেল।

[ 5-20—5-30 P.M. ]

কিন্তু আপনারা দেখেছেন সেই ৮ টাকা ১০ পয়সা হাইকোর্টে অটকে পড়ে থাকা সত্ত্বেও আমরা জন সংগঠনের মাধ্যমে লড়াই করে করে পশ্চিমবাংলার শোষিত, বঞ্চিত ক্ষেতমজুরদের সেই দিকে নিয়ে যাচ্ছি। এই আইনও যদি হাইকোর্টে আটকে যায় তাহলে আমরা চিন্তিত নই কারণ আমাদের গণ সংগঠন রয়েছে। আমরা দেখেছি তারা কোল্ড স্টোরেজের মালিকদের বিরুদ্ধে আন্দোলন করেছে। ২৪ পরগণায়, বীরভূমে, বর্ধমানে তারা লড়াই করেছে। আমরা দেখেছি মাননীয় সদস্য সরল দেব শত শত কৃষককে জমায়েত করেছিলেন এই হিমঘরের মালিকদের বিরুদ্ধে আন্দোলন করবার জন্য। আমরা আইনে না পারি আন্দোলনের মারফত আদায় করে নেব। কাজেই হাফ হার্টেড-এর ভাব আমাদের নেই। আমরা জানি রাইটার্স বিল্ডিংস্ বা এ্যাসেম্বলী থেকে কোটি কোটি মানুষকে মুক্তি দেওয়া যায় না। আপনারা যেভাবে পুলিশকে তৈরী করেছিলেন, অগণতান্ত্রিকভাবে তৈরী করেছিলেন, ফ্যাসিজম-এর বাক্স তৈরী করেছিলেন সেটা আমরা সরিয়ে নিচ্ছি। আমরা জানি আগামীদিনে আপনাদের সঙ্গে মাঠে ময়দানে লড়াই হবে এবং শ্রেণী সংগ্রামের মধ্য দিয়ে সেটা হবে। কাজেই আমাদের হাফ হার্টেডের কোন চিন্তাধরা নেই। আমাদের পরিষ্কার চিন্তা রয়েছে বলেই ৩০ বছর ধরে আপনাদের সঙ্গে আমরা লড়াই চালিয়ে গেছি এবং সেটা চলবে যতদিন না সমস্ত ভারতবর্ষে ক্ষমতা দখল করতে পারি। ডাঃ আবেদিন বলেছেন, আমরা সাধু সেজে বজ্জাতি করছি। আমরা সাধু, অসাধু বা মৌলবী বুঝি না, আমরা বুঝি সাধারণ মানুষ এবং সেই

সাধারণ মানুষের কথাই আমরা বলব। কিন্তু উনি যদি বলেন সাধারণ মানুষ বজ্জাত তাহলে আমরা বজ্জাত। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Kamal Kanti Guha that the West Bengal Cold Storage (Licensing and Regulation) Amendment Bill, 1978, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

**The West Bengal Homoepathic System of Medicine (Second Amendment) Bill, 1978**

**Shri Nani Bhattacharjee :** Sir, I beg to introduce the West Bengal Homoeopathic System of Medicine (Second Amendment) Bill, 1978.

(Secretary then read the title of the Bill)

**Shri Nani Bhattacharjee :** Sir, I beg to move that the West Bengal Homoeopathic System of Medicine (Second Amendment) Bill, 1978, be taken into consideration.

**শ্রীননী ভট্টাচার্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্য খুব সংক্ষিপ্ত। আমরা এই অ্যাডহক কমিটি এই আইনের ১৯।৯ যেটা গঠিত হয়েছে তার মেয়াদ আরো এক বছর বাড়িয়ে দিতে চাইছি। বাড়িয়ে দেবার কারণ হিসাবে বলতে চাই যে নির্বাচন করার কথা ছিল আমরা সেগুলি করে উঠতে পারি নি। ঠিক হোমিওপ্যাথি শিক্ষার ক্ষেত্রে এবং চিকিৎসার ক্ষেত্রে এবং হোমিওপ্যাথিক কাউন্সিল চলার ক্ষেত্রে যে অরাজক অবস্থা ছিল সেগুলি কিছু গিয়েছে তবে এখনও সবটা সামলানো গিয়েছে বলে মনে করি না। সেইজন্য একটু সময় লেগেছে এবং লাগছে। এর পর যখন আমরা নির্বাচনের জন্য প্রস্তুত হলাম তারপর এই বিধ্বংসী প্রলয়ঙ্কারী বন্যা পশ্চিমবাংলা দেখা দেয় তাতেও আমাদের যথেষ্ট সময় দিতে হয়েছে। তখন একমাত্র চিন্তা বন্যা বিধ্বস্থ এলাকায় কি করে বন্যা পীড়িতদের মেডিক্যাল রিলিফ হোক বা অন্যান্য রিলিফই হোক তা দেওয়াটাই বেশী প্রাধান্য ছিল। এই সব কারণে আমরা ২৮শে নভেম্বরের মধ্যে নির্বাচনের কাজ সম্পূর্ণ করতে পারি নি। সেই জন্য আরও এক বছরের সময় চাচ্ছি—যে এমনও হতে পারে যে এক বছরও পুরো লাগবে না, কিন্তু আপনারা জানেন একসঙ্গে তিন মাস করে আমরা এর আয়ু বাড়াতে পারি তবুও কিছুটা সময় নিয়ে রাখার জন্য মাননীয় সভ্যদের কাছে এই প্রস্তাব বিবেচনার জন্য রাখছি যে সংশোধনী বিলটি আরও

এক বছরের সময় বাড়িয়ে দেওয়া হোক। আমি আশা করি মাননীয় সভ্যরা সব দিক বিবেচনা করে আমার এই বিলটি বিবেচনা করে পাশ করে দেবেন।

**শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্য মন্ত্রী এখানে সংক্ষিপ্ত ভাষণ রেখেছেন আমিও সংক্ষেপে দু-একটি কথা বলতে চাই। মাননীয় মন্ত্রী মহাশয় এখানে বলেছেন আমরা এক বছর সময় নেবো, কিন্তু আশা করি সেটা ৬ মাসের মধ্যেই করতে পারবেন। আজকে তাঁকে দুটো কথা স্মরণ করিয়ে দিতে চাই। আমরা এটি সমর্থন করতে পারলে খুব খুশি হতাম কিন্তু নীতিগতভাবে সমর্থন করা যাচ্ছে না কারণ এ্যাডহক কমিটি যেটা তৈরী করা হয়েছে তার সময় সীমা বাড়াতে চাইছেন। আমাদের মনে হচ্ছে ঐ এ্যাডহক কমিটি তাকেই রাখতে চান, নির্বাচন করতে চান না। আমার স্মরণ আছে উনি বলেছিলেন এই বিল যখন ইন্ট্রোডিউস করা হয়েছে ১ লা মার্চ ১৯৭৮ সালে তখন বলেছিলেন আইন তৈরী হয়েছিল ৬৪ সালে এবং এর ফলে একটা জটিল অবস্থার সৃষ্টি হয়েছিল কেবল হোমিওপ্যাথিক শিক্ষার ক্ষেত্রে নয় চিকিৎসার ক্ষেত্রেও। সেইজন্য আমরা এ্যাডহক কমিটি করে কাজকর্ম চালু করে দিয়েছি এবং বলেছিলেন শিক্ষার ক্ষেত্রে এবং চিকিৎসার ক্ষেত্রে যে অরাজক অবস্থা চলছিল, যে অচল অবস্থা ছিল তাকে ভাঙ্গতে চাই। আমার বক্তব্য হচ্ছে আগে অর্ডিন্যান্স করেছিলেন, অর্ডিন্যান্স করে সময় চেয়েছিলেন—বন্যা তো সেদিন এসেছে, আমার মনে হয় উনি যাকে দিয়ে করাতে চাইছেন তারা যদি করতে না চান তাহলে এক বছরে হবে না। আমার বক্তব্য হচ্ছে যে তার কাজ চালানোর জন্য সময় বাড়াতে হবে নিশ্চয় তবে উনি বলেছিলেন একটা কথা যে হোমিওপ্যাথিক চিকিৎসাই বলুন তাকে সংগঠিত করতে পারি সেদিকে দৃষ্টি রেখেই সামনে এগিয়ে যেতে চাই। সেইজন্যই আগের বিলটি তিনি এনেছিলেন, তিনি আজকে আবার বলছেন যে এই কাজের জন্য আমরা এক বছর সময় চাই, সময় আমরা দিতে বাধ্য এবং তার উদ্দেশ্য সম্বন্ধেও কোন কথা বলছি না কারণ তাঁর হয়তো সাধু চিন্তাধারা আছে। কিন্তু ঐখানে যারা বসে আছেন কিংবা যারা একবার ঢুকতে পেরেছেন তারা নির্বাচন সঠিক করবেন কিনা সে বিষয়ে অনেক ডাক্তারদের কাছে শুনেছি কারণ অনেক হোমিওপ্যাথিক ডাক্তাররা এখানে ঢুকতে পারছেন না এবং ঢোকার সুযোগ পাচ্ছেন না এবং ভোট দেবার সুযোগ পাবেন না এবং নাম রেজিস্ট্রি করার সুযোগও পাবেন না এ বিষয়ে তাদের সন্দেহ আছে। এটি কে দেখাশুনা করবে জানি না। কার তত্ত্বাবধানে করা হচ্ছে তাও জানি না। মাননীয় মন্ত্রী মহাশয়কে একটু দৃষ্টি দিতে অনুরোধ করবো যে আমরা আগে

দেখতাম পাড়াগাঁয়ের ছেলেরা এ্যালোপ্যাথিক ডাক্তারীতে ঢুকতে পারে না, শহরের ছেলেরাই সাধারণতঃ সুযোগ পায়। গ্রামের বেকার ছেলেরা অল্প কমপিটিশানে হোমিওপ্যাথিক শিক্ষার জন্য ঢুকতে পারতেন।

[5-30—5-40 P.M.]

এই এ্যাডহক কমিটি যেদিন থেকে হয়েছে তারপর থেকে তার দাম বেড়েছে, কোথাও ৫ হাজার টাকা, কোথাও ৬ হাজার টাকা, কোথাও সাত হাজার টাকা ডোনেশন না দিলে আজকাল ঢোকা যাচ্ছে না। এ্যাডহক কমিটি আসার পরে এইটা উন্নতি হয়েছে। কাউন্সিল হওয়ায় গ্রামের ছেলেরা হোমিওপ্যাথি শিক্ষা থেকে বঞ্চিত হল। এই এ্যাডহক কমিটি কাজ চালাতে গেলে তাদের সময়সীমা তা শেষ হয়ে যাচ্ছে, সময় নিশ্চয়ই তাই বাড়াতে হবে কিন্তু আমি এটা নীতিগতভাবে সমর্থণ করতে পারি না। এজন্য আমি এ্যাডহক কমিটির লাইফ বাড়ানো উচিত হবে বলে মনে করি না। তাই উনি যেখানে এই সময় এক বছরের কথা বলেছেন সেখানে ৬ মাস করলে আমি খুশী হতাম। এ্যাড কমিটির কাজ সুপারভাইজ করার জন্য সরকারের কতটুকু ক্ষমতা আছে এবং কিভাবে সদস্যরা মনোনীত এবং পরিচালিত হচ্ছে, সে বিষয়ে দৃষ্টি রাখতে বলছি, এই বলে আমি নীতিগতভাবে বিরোধিতা করছি এবং আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীনিখিল দাস**ঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, বীরেনবাবুরা বলে গেলেন তাতে তিনি আইনটা পড়েন নি, হোমিওপ্যাথি আইন জানেন না, পড়েন নি। এই হল এক নম্বর কথা। দু নম্বর কথা হচ্ছে হোমিওপ্যাথি এডুকেশন কিভাবে চলছে তিনি তা জানেন না। এক নম্বর কথা হোমিওপ্যাথি যে আইন তাতে নির্বাচিত হয়ে আসবেন ৮ জন ডাক্তার ভোটে। এই ভোট দেবেন কারা? যারা রেজিস্টার্ড ডাক্তার তাঁরা সবাই ভোট দেবেন। এই রেজিস্টার্ড ডাক্তর যাঁরা তাঁরা ও আবার দুই পার্টের, এ পার্ট এবং বি পার্ট। এই আট জন নির্বাচিত হবেন তাঁদের মধ্যে কমপক্ষে হবেন এ পার্টের, আট জনও হতে পারেন কিন্তু কমপক্ষে ৪ জন হবেন। এর মধ্যে কোন কারচুপির ব্যাপার নাই। যাদেরই রেজিস্ট্রেশন আছে, তাঁরাই ভোটার। আর দু নম্বর উনি জানেন না হোমিওপ্যাথি এডুকেশন দুভাগে বিভক্ত, একটা ডিগ্রী, আর একটা ডিপ্লোমা। ডিগ্রীতে যে এ্যাডমিশন সেটা দেন ওয়েস্ট বেঙ্গল গভর্ণমেণ্ট, আর ডিপ্লোমা কলেজগুলিতে ডি. এম. এস. বলে কলেজগুলি, সেই কলেজগুলির উপর কাউন্সিল বা সরকারের কোন নিয়ন্ত্রণ নাই।

কতকগুলি প্রাইভেট কলেজ আছে যেগুলি নিয়ন্ত্রণের ভয়ে টাকা নিতে চায় না, কারণ সেই কলেজগুলির যে আইন আছে, বিধি আছে তাতে সেখানে এ্যাডমিশনের ব্যাপারে কিভাবে ভর্তি করবে এবং কাকে করবে, সেই ব্যাপারে নিয়ন্ত্রণের কাউন্সিলের কোন ক্ষমতা নাই, এটা তাঁরাই করবেন। বীরেণবাবু কংগ্রেস পক্ষে ছিলেন, ভুলে গেছেন। ন্যাশনাল মেডিকেল কলেজ যখন ছিল ব্যক্তিগত মালিকানায়, তখন সেখানে ছাত্র ভর্তি হলে ক্যাপিটেশন ফি লাগত, তারপর যখন সরকার সেই ন্যাশনাল মেডিকেল কলেজ ন্যাশনেলাইজ করলেন, ধীরে ধীরে ক্যাপিটেশনের প্রশ্ন উঠে গেল, ফি উঠে গেল। এখানে কিছু কিছু কলেজ এই ক্যাপিটেশন ফি নিচ্ছে জানি, কোথাও দু হাজার নিচ্ছে, কোথাও এক হাজার নিচ্ছে, কোথাও নিচ্ছে না। এবার কাউন্সিল থেকে রিকুয়েস্ট করা হয়েছিল যে আপনাদের এ্যাডমিশন কমিটিতে কাউন্সিলের একজন প্রতিনিধি, সরকারের একজন প্রতিনিধি রাখতে কিন্তু কলেজগুলি মানেনি, করার কোন ক্ষমতাও নাই, ডিস্‌য়্যাফিলিয়েশন করা যায় না, বর্ত্তমানে যে আইন আছে, যে রুলস্ আছে তা কংগ্রেস আমলে পাশ হয়েছিল, এই রুলসের পরিবর্ত্তন করতে হবে, এই রুলসের পরিবর্ত্তন না করে এটা করা যায় না। একটা জিনিষ নীতিগতভাকে আমি মানি এ্যাড কমিটি দিয়ে রুলস্ পরিবর্ত্তন করা উচিত নয়, ইলেক্টেড কমিটি আসুন, তাঁরাই করবেন, এ্যাড্ কমিটির সুপারিশে রুলস্ পরিবর্ত্তন হোক এটা আমরা চাই না। সুপারিশ যাবার আগে চলে যাব, রুলসের পরিবর্ত্তন দরকার, য়্যাফিলিয়েশন কণ্ডিশনের পরিবর্ত্তন দরকার। হোমিওপ্যাথি ডিপ্লোমা কলেজগুলি ব্যক্তিগত মালিকানায় ব্যবসাক্ষেত্রে পরিণত হয়েছে এটা কে না জানে? পুরানো কাউন্সিল নানা কাজকর্ম করেছে এবং তার মধ্য দিয়ে কলেজগুলি ডেভেলপ করেছে, এবং কলেজগুলির কর্মকর্ত্তা যাঁরা ছিলেন তাঁরাই কাউন্সিলে ছিলেন, আজকে কলেজের কর্মকর্ত্তারা কাউন্সিলের বিরোধী মনোভাব নিচ্ছেন, তাঁরা ভাবছেন যে ক্যাপিটেশন ফি নেওয়া যাবে না। যে পদ্ধতির সৃষ্টি হয়েছিল দুটো কলেজের মধ্যে এ্যাড্‌মিশনের ব্যাপারে তাতে কাউন্সিলের নমিনি থাকলে এবং সরকারেরর নমিনি থাকলে, তাঁরা ক্যাপিটেশন ফি নিতে পারে না, বাকী কলেজগুলি নিচ্ছে, এটা বন্ধ করতে হবে, য়্যাফিলিয়েশন কণ্ডিশন বন্ধ করতে হবে, বীরেনবাবুর আরও জানা আছে তিনি যখন কংগ্রেস সদস্য ছিলেন হোমিওপ্যাথি ব্যাপারে কি অচল অবস্থার সৃষ্টি হয়েছিল, যাবার আগে ডিগ্রী কলেজে ইনট্রোডিউস করে দিয়ে চলে গেলেন।

চারটে ডিগ্রী কলেজ হয়ে গেলো। চারটে হোমিওপ্যাথিক ডিগ্রী কলেজের

এখন নাভিশ্বাস। কোন টাকা নেই, কলেজগুলো চলতে পারে না, তাই নাভিশ্বাস। চারটে ডিগ্রী কলেজ চালাতে প্রচুর টাকার প্রয়োজন হয়। হোমিওপ্যাথিক ডিগ্রীতে যা কোর্স তাতে এ্যালোপ্যাথিক থেকে বেশী টাকা লাগবে। অ্যালোপ্যাথিতে যেকটা সাবজেক্ট আছে সেগুলো এতে তো আছেই এতে আরও বেশী সাবজেক্ট। অ্যালোপ্যাথির সারজারি এবং এ্যানাটমিসহ সব সাবজেক্ট তো আছেই, তার উপর আরও দুটো আছে—অর্গান এবং মেটিরিয়া মেডিকা। তার মানে এ্যালোপ্যাথিক একটা কলেজ চালাতে যা খরচ হয়, একটা হোমিওপ্যাথির ডিগ্রী কলেজ চালাতে তার খরচ বেশী। চারটে কলেজ করে দিয়ে দরজা খুলে দিয়ে চলে গিয়েছেন, এখন ছাত্র বিক্ষোভ পড়ানো হয় না, প্রফেসার নেই, মাষ্টার নেই, ল্যাবরেটরি নেই, ইনস্ট্রুমেন্ট নেই। নিত্যদিন বিক্ষোভ কাউন্সিলের কাছে, সরকারের কাছে এবং সরকার আজকে এই কলেজগুলো নিয়ে কি করবেন তা ভাবতে হচ্ছে। সুতরাং আমি ওঁনাকে বিনীতভাবে নিবেদন করবো উনি যদি জেনে বলতেন তাহলে আমি খুশী হতাম যে এ্যাডহক কমিটি আসার পর ক্যাপিটেশান পেয়েছে। এ্যাডহক কমিটির ভর্তির ব্যাপারে কোন হাত নেই। এইসব কথা উনি জানেন না বলেই বলেছেন। শেষ কথা আমি যেকথা বলতে চাই, হ্যাঁ, এক বছরের মধ্যে নির্বাচন করা প্রয়োজন ছিল। নির্বাচন করতে এক লক্ষ থেকে সওয়া লক্ষ টাকা লাগবে। আমাদের ২০ হাজার ডাক্তার। তাদের প্রত্যেকের কাছে রেজিষ্ট্রি করে ব্যালট পেপার পাঠাতে হবে। রেজিষ্ট্রির খরচ তিন টাকা করে। ভোটার লিষ্ট ছাপাতে ২০ হাজার লোকের টাকা লাগবে। সওয়া লক্ষ থেকে দেড় লক্ষ টাকা খরচ হবে। কাউন্সিল সরকারের কোন অনুদান ব্যতীত চলে। সরকারের কাছ থেকে এক পয়সাও কাউন্সিল আজ পর্যন্ত নেয় নি। সরকারী অনুদান ব্যতীত চলে। আমরা সরকারের কাছে লিখেছিলাম যে নির্বাচন করতে হলে দেড় লক্ষ টাকা সরকারকে স্যাংশন করতে হবে তবে নির্বাচন করা যাবে। এইবার আমরা লিখেছি লাইফটা এক্সটেন্ট করার ব্যাপারে কাউন্সিল থেকে, আমি কউন্সিলের একজন মেম্বার হিসাবে, সভাপতি হিসাবে বলবো, জয়কেশবাবু এখানে আছেন, তিনিও মেম্বার, এই টাকা দিন, আমরা নির্বাচন করে দেবো। নির্বাচন করতে আমাদের এতটুকু ভয় নেই। কারণ ডাক্তাররা তো নির্বাচিত করবেন। কারচুপির কোন প্রশ্ন নেই। ভোটটা বাই ব্যালট হবে। কোন প্রশ্ন নেই, ২০ হাজার ডাক্তার তারা ভোট দেবেন, কি কারচুপি হতে পারে ভোটার লিষ্টে। আইনটা যা করেছেন সেটা বুঝে নেবেন। আইনটা যখন করেছেন, আইনটা জানবেন, বুঝবেন, আইনটা কোথায় দাঁড়িয়ে আছে। এই

হচ্ছে অবস্থা। সুতরাং এই ব্যাপারে আমি যেটুকু বলতে চাই লাইফটা এক্সটেন্ট করার কথা বলতে লজ্জা লাগে। যে কাজের জন্য করা হয়েছিল সে কাজ নির্দিষ্ট সময় সীমার মধ্যে না করতে পারলে লজ্জা নিশ্চয় হয় সে লজ্জা বোধ আমাদের আছে। কিন্তু এইসব কারণে করা যায় নি এবং চেষ্টা করা হবে যাতে এটা করা যায়। কিন্তু যে কথা বীরেনবাবু বলেছেন, তাঁর একটা কথা সত্যি নয়। তিনি জানেন না বলেই এইসব কথা বলেছেন। আমি এই বিলটা সমর্থন করছি। আমার বলার কোন ইচ্ছা ছিল না, উনি ভুল তথ্য দিয়েছেন বলে আমি বললাম।

**শ্রীধীরেন্দ্রনাথ সরকার:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এখানে The West Bengal Homoepathic System of Medicins (Second Amendment) Bill, 1978 উত্থাপন করা হয়েছে। স্যার, বিলটা আকারে খুবই ছোট। এতো ছোট বিল যে মনেই হয় না যে এটা একটা বিল। কিন্তু তবু এটা একটা বিল। এই ছোট বিলের ভিতরে কি যে গোপনীয়তা রয়েছে, এর যে একটা ভয়াবহ রূপ রয়ে গিয়েছে, সেটা আমি প্রকাশ করে দিতে চাই। স্যার, আপনি জানেন যে, এই বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার আগে জনসাধারণকে অনেকগুলো প্রতিশ্রুতি দিয়েছিল, বিশেষ করে ৩৬ দফা প্রতিশ্রুতি তাদের ছিল। যখন এটা ১৯৭৭ সালে এ্যামেণ্ডমেন্ট বিল হিসাবে উত্থাপন করেন এবং বিল আনেন তখন তারা নানা রকম বিবৃতি দিয়েছিলেন, এই কাউন্সিল একটা বাস্তুঘুঘুর আড্ডাখানা, ইত্যাদি ইত্যাদি।

[5-40—5-50 P.M.]

ক্ষমতায় আসার পর এ্যাডহক কমিটি গঠন করার জন্য বিল নিয়ে এসেছেন। ছয় মাসের মধ্যে নির্বাচন হবে এই ধরণের প্রতিশ্রুতি দিয়েছিলেন। এই ধরণের প্রতিশ্রুতি ছাড়া আপনারা অনেকবার অনেক প্রতিশ্রুতি দিয়েছেন। এই সরকারের প্রথম বাজেট অধিবেশনে স্বাস্থ্য মন্ত্রী একটি গুরুত্বপূর্ণ প্রতিশ্রুতির কথা উল্লেখ করেছিলেন এবং গত বাজেট অধিবেশনেও তিনি সেই প্রতিশ্রুতির কথা বলেছেন যে অতি শীঘ্র খুব অল্প সময়ের মধ্যে এল. এম. এফ. কোর্স চালু করবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি দেখতে পাচ্ছি দেড় বছর দু বছর হতে চলেছে সেই গুরুত্বপূর্ণ প্রতিশ্রুতি এল. এম. এফ. কোর্স চালু করবেন যে বলেছিলেন তার কোন পাত্তাই নেই আজ পর্যন্ত। আপনারা ছয় মাসের মধ্যে ইলেকস্ন করতে পারলেন না এবং তার সংগত কারণ দেখিয়েছেন যে নির্দিষ্ট সময়ের মধ্যে

নির্বাচন করতে পারেন নি। এই কমিটি সংগত কারণেই নির্দিষ্ট সময়ের মধ্যে পরিষদীয় নির্বাচন অনুষ্ঠিত করিবার দায়িত্ব পালন করিতে পারেন নাই। ঐ সকল অ্যাডহক কমিটি ভবিষ্যতেও অনুরূপ পরিস্থিতির সম্মুখীন হতে পারেন এবং সেই কারণে অ্যাডহক কমিটির আয়ুষ্কাল মোট দুই বৎসর সময়সীমা পর্যন্ত বর্ধিত করিবার উদ্দেশ্যে ঐ আইনের প্রয়োজনীয় সংশোধন সাধন করিবার সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে। একটা গণতান্ত্রিক সরকার তার প্রতিশ্রুতি যদি ঠিকভাবে পালন না করে এবং এই প্রতিশ্রুতি যদি বার বার দেওয়া হয় যে করা হবে হবে এই ভাঁওতাবাজীর মধ্যে জনসাধারণকে ফেলে দেওয়া হয় তাহলে জনসাধারণের মধ্যে বিক্ষোভ সৃষ্টি হবে। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় অথচ এইভাবে বিলটি আরও একটু পিছিয়ে দেওয়া হোল। দু বছর ধরে এ্যাডহক কমিটি চলছে। আমার ধারণা এবং বিশ্বাস হয়েছে যে এর পিছনে নিশ্চয় একটা দলীয় ষড়যন্ত্র একটা দলীয় চাপ সৃষ্টি হয়েছে। আমাদের স্বাস্থ্য মন্ত্রী যে দলের লোক নন এমন কোন বৃহত্তর দলের এ্যাডহক কমিটির মেম্বার সি. পি. এম. সমর্থিত তিনি হয়তো মন্ত্রী মহাশয়কে বাধ্য করেছেন। নানা অজুহাত দেখিয়েছেন সেইজন্য এটা গ্রহণ করতে তিনি হয়তো বাধ্য হয়েছেন এবং ছোট আকারে বিল হিসাবে এখানে এনেছেন। আমি এর সম্পূর্ণ বিরোধিতা করছি কারণ এই বিল গ্রহণযোগ্য নয়। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীননী ভট্টাচার্য:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিল সম্পর্কে বিরোধী পক্ষের দুজন মাননীয় আলোচনা করেছেন এবং তার উত্তর মাননীয় সদস্য নিখিলবাবু খুব ভালভাবে দিয়ে দিয়েছেন নতুন কিছু বলার নেই। ওপক্ষের একজন মাননীয় সদস্য বললেন বিলটি খুব ছোট কিন্তু তার ভিতর একটা প্রচণ্ড গোপনীয়তা রয়ে গিয়েছে। কি গোপনীয়তা রয়ে গিয়েছে তা আমি বুঝতে পারলাম না। আবার তিনি বললেন এর মধ্যে নাকি একটা ষড়যন্ত্র একটা চক্রান্ত রয়েছে এবং মন্ত্রীকেও দায়ী করতে চান না—মন্ত্রী নাকি একটা চাপে পড়ে এই বিল আনতে বাধ্য হয়েছেন। কায়দা কারণ এইসবের কোন প্রশ্ন নয়, প্রশ্ন হচ্ছে দু বছর আজ থেকে আয়ুষ্কাল, এই বিলের মেয়াদ ২ বছর নাকি বেড়ে যাচ্ছে।

আজকে না—মোট ২ বছর হল এই এ্যাডহক কমিটির পরমায়ু। যদি আরো এক বছর বাড়িয়ে দেওয়া হয় তাহলে ২৮শে নভেম্বর শেষ হচ্ছে—তারপর থেকে ১ বছর এই পরমায়ু বাড়ুক বলে বিলে বলা হচ্ছে। আইন অনুসারে ৬ মাস এ্যাডহক কমিটির ব্যাপার—তারপর ষ্টেট গভর্নমেণ্ট ইচ্ছা করলে আরো

৬ মাস বাড়াতে পারে, ৩ মাস করে এক এক খেপে। সেইজন্য ঐ সামনের এক বছর অর্থাৎ ১৯৭৮ সালের নভেম্বর থেকে ১৯৭৯ সালের নভেম্বর পর্যন্ত এই এ্যাডহক কমিটির পরমায়ু বাড়াবার সুপারিশ করা হয়েছে। আমি আশা করি মাননীয় সদস্যরা এটা সংশোধন করে নেবেন। নিখিলবাবু এই ব্যাপারে বিস্তৃতভাবে বলেছেন, অতএব আমার আর বেশী কিছু বলার দরকার পড়বে না। আমি খুব সংক্ষেপে হলেও বলেছি যে আমরা এসে যখন এ্যাডহক কমিটি তৈরী করি তখন খুব অরাজক অবস্থা চলছিল যেমন শিক্ষা ক্ষেত্রে তেমনি চিকিৎসার ক্ষেত্রেও—হোমিওপ্যাথির মধ্যে বহু ভূত ঢুকেছিল। সেইজন্য একেবারে এ্যাডহক কমিটি করতে হয়েছে এবং নির্বাচনে খুব দেরী হয়েছে। আমরা নিশ্চয় প্রতিশ্রুতির কথা বলেছিলাম, সেই প্রতিশ্রুতি রক্ষা করে উঠতে পারি নি। কেন করে উঠতে পারি নি সেটা এই হাউসে ইঙ্গিত করা হয়েছে। তার মধ্যে এক নম্বর হল এর ভিতর যে জঙ্গল ছিল, অরাজকতা ছিল সেগুলিকে আমরা সাফ করতে পেরেছি। আমাদের আগে যেমন ঠাট্টা করে বলা হত, "যার নেই কোন গতি তার ভাগ্যে হোমিওপ্যাথি"—সেই রকম একটা জায়গা থেকে এই হোমিওপ্যাথি চিকিৎসাকে একটু একটু করে উঠিয়ে তার মর্যাদাকে আজকে আমরা এতখানি বাড়াতে পেরেছি এবং এই কথা আজকে অস্বীকার করার কোন উপায় নেই যে ইতিমধ্যেই এই হোমিওপ্যাথি চিকিৎসকদের মর্যাদা বেশ কিছুটা পরিমাণে বেড়েছে এবং এ্যালোপ্যাথি চিকিৎসকদের মর্যাদার সমান জায়গায় চলে গেলে। সুতরাং একেবারে কিছুই করা হয়নি, সব ফাঁকা, এই কথা বলে যারা চিৎকার করছেন সেটা ঠিক নয় এবং এই এ্যাডহক কমিটি চিরকাল চালিয়ে যাবার মতলব আছে, এই কথা যে বলা হচ্ছে এটাও ঠিক নয়। আজকে ধারণাটা একটু বদলাতে হবে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আর বেশী সময় নিতে চাই না, আমার আর মাত্র কয়েক মিনিট বাকি আছে—এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি এবং আমি আবার অনুরোধ করছি যে মাননীয় সদস্যরা বিবেচনা করে দেখুন।

The motion of Shri Nani Bhattacharyya that the West Bengal Homoeopathic System of Medicine (Second Amendment) Bill, 1978, be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1 and 2 and preamble**

The question that clauses 1 and 2 and preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Nani Bhattacharyya :** Sir, I beg to move that the West Bengal Homoeopathic System of Medicine (Second Amendment) Bill, 1978, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

[5-50—6-00 P.M.]

**শ্রীবিজয় পাল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি যে মোশানটি এই হাউসে উত্থাপন করছি সেটি নানান দিক থেকে গুরুত্বপূর্ণ। আমি প্রথমেই সেটি পড়ে দিচ্ছি। "যেহেতু বর্ধমান-আসানসোল রেলপথ এলাকায় সুবার্বন রেল না চলার ফলে ঐ ঘন বসতিপূর্ণ তথা শিল্পাঞ্চল এলাকার লক্ষ লক্ষ জনসাধারণের যাতায়াত, ব্যবসা-বানিজ্যের উন্নয়ন এবং কলিকাতার সহিত যোগাযোগের ক্ষেত্রে সম্প্রতি নানান দুর্ভোগ হচ্ছে; অতএব এই সভা অবিলম্বে উক্ত রেলপথকে সবার্বন রেলপথরূপে গণ্য করে প্রয়োজনীয় সংখ্যক বৈদ্যুতিক ট্রেনের চলাচলের ব্যবস্থা করতে রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানাচ্ছে।" স্যার, যদিও মনে হবে এই প্রস্তাবটি অতি সাধারণ কিন্তু আমি মনে করি নানান দিক থেকে এর বিশেষ গুরুত্ব রয়েছে। যে অঞ্চলের সুবার্বন রেলের কথা আমি বলছি সেই অঞ্চলটিকে বলা হয় আপনারা সকলেই জানেন ভারতবর্ষের রূঢ় অঞ্চল। এই অঞ্চলে—দুর্গাপুর এবং আসানসোল অঞ্চলে শত শত কারখানা রয়েছে। সেখানে হেভি ইনডাষট্রিজ থেকে আরম্ভ করে নানান কারখানা এবং ১৬০ টি কয়লাখনি রয়েছে। এই রকম একটি গুরুত্বপূর্ণ অঞ্চলে সুবার্বন ট্রেন বহু পূর্বেই হওয়া উচিত ছিল। আমি মনে করি এটা ওভার ডিউ। কাজেই আজকে ইনডাষট্রিয়ালাইজেসানের কথা মনে রেখে আমি বলতে চাই, এই প্রস্তাবটি এখান থেকে ইউন্যানিমাসলি পাশ হওয়া দরকার। স্যার, ঐ অঞ্চলের আশে পাশে ১০।১২ লক্ষ লোক রয়েছেন এবং তাদের কারখানাতে ডিউটি করতে যাবার জন্য যাতায়াতের ব্যাপারে খুবই অসুবিধা রয়েছে। সেখানে আমরা দেখেছি বাসের মাথায় চেপে শ্রমিক কর্মচারীদের যাতায়াত করতে হয়। সেখানে ৩০ পারসেণ্ট শ্রমিক কর্মচারী মাত্র কোয়ার্টার পেয়েছেন, বাকি সমস্ত শ্রমিক কর্মচারীদের আশপাশ অঞ্চল থেকে যাতায়াত করতে হয়। এইসব দিক বিবেচনা ক লে ওখানে সুবার্বন রেলের একান্ত প্রয়োজন রয়েছে বলেই আমাদের মনে হয়। এ ব্যাপারে জোনাল Railwas users committee বার বার প্রস্তাব পাশ করেছে যাতে এটাকে সুবার্বন রেল পথ হিসাবে গন্য করা হয়। কিন্তু এই প্রস্তাব রেলওয়ে

কর্তৃপক্ষ বা রেলওয়ে বোর্ড রিজেক্ট করে। কারণ হিসাবে তারা বলছে এটা আনইকনমিক হবে। কিন্তু আমি বলছি এটা আনইকনমিক হওয়ার প্রশ্নই আসছে না। শ্রমিক কর্মচারীদের সুবিধার জন্য, দেশের মঙ্গলের জন্য, সেখানে শিল্পের উন্নয়নের ব্যাপারে সাহায্যের জন্য এর একান্তই প্রয়োজনয়ীতা রয়েছে। সেখানে সেটা যদি আনইকনমিক হয় তাহলেও করা উচিত যদিও আমি জানতে চাই যে সেটা মোটেই আনইকনমিক হবে না। কারণ সেখানে হাজার হাজার মানুষ এখনও মান্থলি টিকিট কাটতে পারছে না। সেখানে সেই সুযোগ পেলে বা সুবার্বন টিকিট কাটার সুযোগ হলে আনইকনমিক হবে না। এটা হলে যারা বাসে যাচ্ছে তারা ট্রেনে যাবে। এইসব দিক থেকে বিচার করলে দেখা যাবে এটা আনইকনমিক হবে না। আমি রেলওয়ে বোর্ডের কাছে জানতে চাই দেখবেন ৬ মাসের মধ্যে এটা ভ্যায়াবল হয়ে যাবে। এ ছাড়াও আরো একটি গুরুত্বপূর্ণ ব্যাপার রয়েছে সেটা বোধহয় মাননীয় সদস্যরা জানেন। দূর্গাপুর এবং আসানসোলকে কেন্দ্র করে একটা উন্নয়নের প্রস্তাব এই সেশানেই আসছে বলে আমরা শুনেছি। কাজেই সেখানকার উন্নয়নকে তরান্বিত করার জন্য এই সুবার্বন রেলের অত্যন্ত প্রয়োজন রয়েছে। পরিশেষে মাননীয় সদস্যদের কাছে সবিনয়ে বলতে চাই, আসুন আমরা আজকে এই প্রস্তাব সর্বসম্মতিক্রমে পাশ করে কেন্দ্রীয় সরকারের কাছে বক্তব্য রাখি যে অবিলম্বে এই প্রস্তাবটি গ্রহণ করে ঐ অঞ্চলের উন্নয়নের সাহায্য করুন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীবিষ্ণুকান্ত শাস্ত্রী**ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সভ্য শ্রীবিজয় পাল মহাশয় যে প্রস্তাব উত্থাপন করেছেন, তাতে আমার সহানুভূতি রয়েছে। আমি বিশ্বাস করি জনগণের মঙ্গলের জন্য তিনি এই প্রস্তাব এনেছেন। কিন্তু আমি উনাকে ভেবে দেখতে বলছি যে সুবার্বন অর্থটা যে ভাবে আমরা বুঝি, সেটা হচ্ছে সবচেয়ে বড় লাভ হবে যে ১৩টি সিঙ্গল ফেয়ার দিয়ে আমরা মান্থলি টিকিট কাটতে পারি। কিন্তু রেলওয়ে বোর্ড একটা সিদ্ধান্ত গ্রহণ করেছেন সারা ভারতের সুবার্বনের জন্য এই যে ফেসিলিটি—১৩টা সিঙ্গল ফেয়ার দিয়ে পুরো মাসের জন্য যাতায়াৎ করা চলবে, সেটা নতুন ক্ষেত্রে এক্সটেণ্ড করা হবে না। এটা শুধু পশ্চিমবাংলার জন্য নয়, সারা ভারতের জন্য তারা পাশ করে রেখেছে। তাতে সুবার্বন হলেই যে আমাদের এই সুবিধা হবে এটা যেন আমাদের পরিষ্কার থাকে, এটা নাও হতে পারে। হবেনা বলেই আশংকা করা যায়। কারণ তারা এই রকম একটা প্রস্তাব করে রেখেছেন যে সুবার্বনের এই সুবিধা নুতন করে আব এক্সটেণ্ড করা হবে না, সেটা সারা ভারতবর্ষের জন্য প্রযোজ্য এবং পশ্চিমবাংলার জন্যও প্রযোজ্য। যদি আমরা চাই যে সামান্য

জনগণের সুবিধার জন্য এটা করা উচিত, এটা সব ক্ষেত্রেই দেখবেন আনইকনমিক। শুধু ভারতবর্ষেই নয়, সারা বিশ্বে যে সুবার্বন ট্রেনগুলো চলছে, একটা ফ্রাকশনও তাদের খরচায় চলে না। সুতরাং কেন্দ্রের উপর কত আমরা চাপ দিতে পারি, সেটা বিচার করার প্রয়োজন আছে। আর একটা দিকে বিজয় পাল মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করিছি যে বৈদ্যুতিক রেলের কথা তিনি বলেছেন, বৈদ্যুতিক রেল তো আছেই, শুধু ই. এম. ইউ. কোচ, যেগুলো সুবার্বনে চলে, সেই কমপার্টমেণ্টগুলো সেখানে চলে না। আসানসোল পর্য্যন্ত যদি ওটা করা হয় তাহলে সমস্ত প্ল্যাটফর্মগুলো রিমডেল করতে হবে, সমস্ত কিছু চেঞ্জ করতে হবে, তাতে যে কোটি কোটি টাকা খরচ হবে তার রিটার্ণ পাওয়া যাবে না। কারণ আমাকে ওঁরা জানিয়েছেন, উপস্থিত যে পাঁচ পেয়ার এবং তিন পেয়ার গাড়ি চলছে, এখানে মাত্র শতকরা ৬০ ভাগ যাত্রী হয় এবং তাতে পাঁচ থেকে দশটা বগী রয়েছে। এক একটা ট্রেনে ১৮ থেকে ২০ টার বেশী লাগানো যায়। তাঁরা বলছেন যদি সত্য সত্যই এই চাপ হয় তাহলে আমরা বগী-গুলো তিন গুন বাড়িয়ে দিতে পারি। তাতে নুতন ট্রেনের প্রয়োজন হবে না। অর্থাৎ অফিশিয়্যাল যে ডাটা আছে সেটা যদি ভেরিফাই করা যায়, সেটা সত্য কি মিথ্যা জানি না, কিন্তু তাঁদের বক্তব্য হচ্ছে, এই আট পেয়ার ট্রেনে পাঁচ থেকে ১০টা বগী লাগানো হয়, তাতে আমরা ১৮ থেকে ২০টা বগী লাগাতে পারি। সুতরাং নুতন বৈদ্যুতিক ট্রেনের প্রয়োজন নেই, এতেই কাজ হয়ে যাবে। শুধু ই. এম. ইউ. দিতে ওদের আপত্তি। ই. এম. ইউ. দিতে হলে কয়েক কোটি টাকা খরচ করে প্ল্যাট-ফর্মগুলো রিমডেল করতে হবে। এটার প্রয়োজন আছে কি না, সেটা আমরা ভাবতে পারি। সুবার্বন রেলে যদি ১৩টা সিঙ্গল ফেয়ারে এক মাসের মান্থলি টিকিট হয়, সেটা সবচেয়ে বড় লাভ, আমাদের যারা শ্রমিক বন্ধুরা আছেন, তাদের পক্ষে হলে সকলে খুবই আনন্দিত হবো, তার জন্য আমি এর সমর্থন করছি। কিন্তু যে একটা ফ্যাঁকড়া রয়ে গেছে, সেটা আমি স্মরণ করিয়ে দিতে চাই যে একটা এই রকম ডিসিশন সারা ভারতের জন্য নেওয়া হয়েছে সেটা ভেবে, সেই প্রত্যাশা রেখে কাজ করতে হবে। এটা নাও হতে পারে, ২০ থেকে ২৫টি টিকিটে একটি মান্থলি টিকিট, সেটা এখানে চলতে পারে। যাই হোক, এর পিছনে যে উদ্দেশ্য আছে সেটা আমি সমর্থন করি এবং এতে যদি সমস্ত শ্রমিক বন্ধুদের সুবিধা হয়, সেটা আমাদের খুব আনন্দের কথা হবে। আমি বিশ্বাস করি, জনতা সরকার এর মন্ত্রী মধু দণ্ডবতে, তিনি সামান্য মানুষের জন্য অনেক কাজ করছেন, তিনি হিমগিরি ট্রেন চালিয়েছেন, সেকেণ্ড ক্লাসের ভাড়া নিয়ে ফাষ্ট ক্লাসের মত সুবিধা দেওয়া হচ্ছে। এই রকম ভাবে তিনি এটাকেও

বিবেচনা করবেন। কিন্তু ই. এম. ইউ. এর বিষয়ে যদি চাপ দিই, সেটা হয়তো সুবিধা হবে না। এই কথা রেখে আমি এই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

ডঃ জয়নাল আবেদিনঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীবিজয় পাল মহাশয় ১৮৫ ধারার যে মোসান এনেছেন তার বিরোধিতা করছি না। আমার বক্তব্য এই যে, পশ্চিমবঙ্গে পরিবহন ব্যবস্থার উন্নতি দরকার। সুবার্বন এক্সটেনসনের প্রস্তাব এনেছেন কিন্তু আমি বলতে চাই, সাধারণতঃ পশ্চিবঙ্গে রেলওয়ের নেট্ ওয়ার্ক খুবই কম। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের সহিত জনতা নেতৃবৃন্দের দহরম-মহরম আছে, আমি আশা করবো তিনি যেন পশ্চিমবঙ্গে রেলওয়ের নট-ওয়ার্ক এবং রেলওয়ের যোগাযোগ ব্যাবস্থা সম্প্রসারিত করার জন্য আলোচনা করবেন এবং পশ্চিমবঙ্গে যেখানে রেলওয়ের যোগাযোগ ব্যবস্থা নেই সেখানেও যাতে হয় তারজন্য সচেষ্ট হবেন। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় হয়তো প্রসঙ্গক্রমে বলতে পারেন যে আপনারা গত ৩০ বছর ধরে কি করেছিলেন ? আমি অনুরোধ করবো তিনি যেন সেটা কৈফিয়ত হিসাবে না ধরেন। আপনাদের উপর এখন দায়িত্ব বর্তেছে, আপনারা যেন পাশ কাটিয়ে যাবার চেষ্টা করবেন না। আমার জেলা বালুরঘাটে—সেখানে রেলওয়ের যোগাযোগ ব্যবস্থা নেই। আমি এই ব্যাপারে চেষ্টা করেছি এবং আমার সরকারও চেষ্টা করেছেন। নথিপত্র একাধিক পেশ করা হয়েছে এবং এই ব্যাপারটা নিয়ে একাধিক সার্ভেও হয়ে গেছে কিন্তু এখনো কিছু হয়নি। এটা যেন আন-ইকনোমিক গ্রাউণ্ডে বিচার করা না হয় এবং এইটাই যেন ক্রাইটেরিয়ান হয়ে না দাঁড়ায়। আমি জানি না এই সমস্ত জায়গায় ইকনোমিকের প্রশ্ন আসে কি করে ? যতগুলি প্রস্তাব দিয়েছি সেগুলোই ইকনোমিক এবং আন ইকনোমিক প্রস্তাব তুলে নস্যাৎ করে দিয়েছে। আমি আশা করবো, বিজয়বাবুর প্রস্তাব শুধু যেন চাম্পিয়ন না হয়, পশ্চিমবঙ্গের যেসব জায়গা অনগ্রসর সেইসব জায়গা আন-ইকনোমিক প্রশ্ন তুলে যেন নস্যাৎ না হয়। একটা জায়গার উন্নতির জন্য পরিবহনের উন্নতি দরকার। জনতা দলের মাননীয় সদস্য বক্তব্য রাখলেন। তিনি যেটুকু বললেন তাতে আমার মনে হলো সহানুভূতি মানে সমর্থন করলেন এবং এটাই আপনাদের গার্ডেড ওয়ে আর কংগ্রেসের সমর্থন মানেই পিঞ্চ অফ সল্ট। আমি অনুরোধ করবো এই প্রস্তাবে ইন-এ্যাডিশন আমার প্রস্তাবটুকু যেন বাদ না যায় এবং আমি অনুরোধক রবো, কোন অজুহাতেই আন-ইকনোমিক প্রশ্নটা যেন না দেখা হয়। কেন্দ্রের হাজার হাজার কোটি টাকা পরিকল্পনার বর্হিভূত কাজ আছে অথচ আমাদের ছোট্ট সামান্য দাবিটা

আন-ইকনোমিতে চলে যায়। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের সাথে জনতা নেতৃবৃন্দের প্রত্যক্ষ সম্প্রীতি আছে। তিনি যেন এইগুলি দেখেন। এই কথা বলে এই প্রস্তাবকে সঙ্গত সমর্থন জানিয়ে আমরা বক্তব্য শেষ করছি।

[6-00—6-10 P.M.]

**শ্রীজ্যোতি বসু :** যখন ওখানে ইন্দিরা ছিলেন তখন আপনাদের সঙ্গে খাতির ছিল না?

**ডাঃ জয়নাল আবেদিন :** আগেও যেমন ছিল, এখনও তেমনি আছে—এ্যাজ মাচ, এ্যাজ ইট ইজ।

**শ্রীদেবরঞ্জন সেন :** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় সদস্য বিজয়-বাবু যে প্রস্তাব রেখেছেন সেই প্রস্তাবের সমর্থনে আমার বক্তব্য রাখছি। বর্ধমান থেকে আসানসোল এই ৭১ মাইল রাস্তা তার দুপাশে পানাগড় থেকে আরম্ভ করে দুর্গাপুর, ওয়ারিয়া, অণ্ডাল, রাণীগঞ্জ এই বিস্তীর্ণ এলাকায় শিল্পাঞ্চল এবং কয়লাখনি অঞ্চল। এখানে লক্ষ লক্ষ লোক কাজ করেন এবং এই লোকেরা যাঁরা দুর্গাপুর কোয়াটারে থাকবার সুযোগ পান না এ্যাকোমোডেশান পান না তাদের গ্রাম, সহরের বিভিন্ন জায়গা থেকে যেতে হয়। আমরা দেখেছি বর্ধমান থেকে আসানসোল যাবার জন্য যে কয়েকটা ট্রেন আছে সে কয়েকটা ট্রেনই হাওড়া থেকে ছাড়ে এবং প্রায় সেখান থেকেই ভর্ত্তি হয়ে যায়। বর্ধমান থেকে যে ২/১টা প্যাসেঞ্জার আছেন তাদের তাতেই যেতে হয় এবং অন্য ব্যবস্থা না থাকার জন্য মানথলি টিকিটের চার্জ বেশী দিতে হয়। সেটা তাদের পক্ষে সামের্থ্যের বাইরে চলে যায়। আজকে এই সভা থেকে যে প্রস্তাব করা হোল সেই প্রস্তাবকে কার্য্যকরী করবার জন্য কেন্দ্রীয় সরকারের রেলকর্তৃপক্ষকে যদি সম্মত করাতে পারি তাহলে আজকে হাজার হাজার রেল যাত্রী ডেলী প্যাসেঞ্জার যাঁরা এই সুযোগ সুবিধা পাবেন তাঁরা বিভিন্ন জায়গা থেকে শিল্পাঞ্চলে চাকরি করতে যেতে পারবেন। আসানসোল, রাণীগঞ্জ কয়লাখনির কেন্দ্রের নিকট কষ্টকরে বাসা ভাড়া দিয়ে যাঁরা থাকবার চেষ্টা করছেন তাঁরা তা পরিত্যাগ করে গ্রামাঞ্চল থেকে যাবার চেষ্টা করবেন। এখানে জনতাপার্টির ১জন মাননীয় সদস্য বলে গেলেন একটি মান্থলী টিকিটে ১৩টি ভাড়া দিতে হয় কিন্তু সেটা ঠিক নয়, হাওড়া থেকে বর্ধমান পর্য্যন্ত মানথলিটিকিটে লাগে ২৬.২৭ পয়সা এবং ডেলি টিকিটে প্যাসেঞ্জারের লাগে যাতায়াতে ৪ টাকা করে ৮ টাকা। কাজেই মাত্র সাড়ে তিন দিনের ভাড়াতে সারা মাস যাতায়াত করা যায়। ইলেকট্রিক কোচ হবার

পর থেকে ই. এম. ইউ. কোচে প্যাসেঞ্জার ক্যারি করার ক্ষমতা বৃদ্ধি পেয়েছে। কাজেই ইকনমিক—আন-ইকনমিক প্রশ্ন বাদ দিয়ে সর্বারবান লাইন এক্সটেণ্ড করার চেষ্টা করতে হবে বর্ধমান আসানসোল সর্বারবান লাইনকে যদি এক্সটেণ্ড করা যায় তাহলে অনতিবিলম্বে ইকনমি হয়ে যাবে কারণ ঐ এলাকায় কষ্ট করে যাঁরাই আছেন তাঁরা নিজেদের জায়গা থেকে যাবার সুবিধা পাবেন, এবং সেই সুবিধা তাঁদের সামর্থ্যের মধ্যেই আসবে। তাই আমি বলছি প্ল্যাটফর্ম বাড়াবার দরকার নেই অলরেডি ইলেকট্রি লাইন হবার সময় অনেক বেড়েছে, কাজেই কিছু ই. এম. ইউ কোচ বাড়লেই যথেষ্ট বিশেষ কিছু খরচার প্রয়োজন নেই, কাজেই আমরা সকলে একসাথে বিজয়বাবু যে প্রস্তাব এনেছেন তাকে সমর্থন করে কেন্দ্রীয় সরকারের কাছে দাবী রাখব যাতে এটা হয় এবং বিজয়বাবুর প্রস্তাবকে সম্পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-10—6-21 P.M.]

**শ্রীসতীশ রায়ঃ** মাঃ ডেপুটী স্পীকার মহাশয়, বিজয় পাল মহাশয় যে প্রস্তাব এনেছেন তাকে সমর্থন করতে গিয়ে কয়েকটি কথা বলতে চাই। জনতা পার্টির সদস্য কথা বলেছেন সেটা তথ্যের ভিত্তিতে সত্য নয়। কারণ আমরা জানি ১৯৭৪ সালে কেন্দ্রীয় সরকার রেল যাত্রীদের শতকরা ২০ থেকে ২৫ ভাগ ভাড়া বাড়িয়েছেন। সুর্বারবান রেলের যে ষ্টেশানগুলো আছে সেখানে প্রতিটা ষ্টেশানে গড়ে গত ৪ বছরে প্রতি মাসে ৮।১০ হাজার টাকা আয় বেড়ে গেছে। কিন্তু অসুবিধা হচ্ছে যে হারে যাত্রী সংখ্যা বেড়েছে সেই অনুপাতে কেন্দ্রীয় সরকার ট্রেনের সংখ্যা বাড়াননি। তাঁর যুক্তি দেখিয়েছেন সুবারবন ট্রেনের সংখ্যা বাড়াতে গেলে গুর্ডন ট্রেন, এক্সপ্রেস ট্রেনের গতি বিলম্বিত হয়ে যাবে। ১২ বছর আগে রেলওয়ে বোর্ডের একটা সিদ্ধান্ত আছে কর্ড লাইনে যাতে একটা ৩য় লাইন তৈরী হয়। কিন্তু কংগ্রেস সরকার সেদিকে কোন গুরুত্ব দেননি। সুতরাং এই প্রস্তাব সমর্থন করতে গিয়ে বলতে চাই যে হাওড় থেকে কর্ড লাইন পর্যন্ত যে কর্ড লাইন আছে সেখানে যেন অবিলম্বে ৩য় লাইন হয় যাতে মেল ট্রেন, একপ্রেস ট্রেনগুলি সময়মত যাত্রী নিয়ে এসে ঠিক জায়গায় পৌঁছে দিতে পারে। আর একটা কথা বলবো ট্রেনের সংখা যদি লাইন অনুপাতে বাড়া হয় তাহলে পঃ বাংলায় যেভাবে যাত্রীর সংখ্যা বাড়ছে তাতে এটা অত্যন্ত প্রয়োজনীয়। ইকনমিক কনডিসান বিচার করে কেন্দ্রীয় সরকার বলছেন যে, এটা লাভজনক নয়—এটা বাস্তব সত্য নয়। এর অন্যতম কারণ হচ্ছে রেল প্রশাসনে

এত বেশী দুর্নীতি আছে সেটা বন্ধ করতে পারলে আমি মনে করি যে কেন্দ্রীয় বাজেটে প্রতি বছর এ ২০০।৩০০ কোটি টাকা উৎবৃত হতে পারে। রেল দপ্তরে দুর্নীতির জন্যই এটা আন ইকনমিক হয়ে যাচ্ছে। সুতরাং জনসাধারণের স্বার্থ রক্ষা করতে গেলে এটা বন্ধ করতে হবে। পশ্চিমবাংলার আসানসোল দুর্গাপুর হচ্ছে পূর্ব ভারতের রূঢ় অঞ্চল। আমাকে দুর্গাপুর যেতে হয় কিন্তু আমি যদি ব্লাক ডায়মণ্ড ধরতে না পারি তাহলে তার পরের ট্রেনে সেখানে যাওয়া সম্ভবপর হয় না। সেজন্য বলছি আসানসোল পর্যন্ত সুবারবান ট্রেনের উন্নতি করা অত্যন্ত দরকার এবং ৩য় লাইন যাতে হয় তারজন্য মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ রেখে এই প্রস্তাব সমর্থন করছি।

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ মাননীয় ডেপুটী স্পীকার মহাশয় মাননীয় সদস্য বিজয় পাল যে মোসান এনেছেন সেটা আমি সমর্থন করছি। ঐ এলাকা সমন্ধে আমার অভিজ্ঞতা দীর্ঘ দিনের। দুর্গপুর আসানসোল ধানবাদ এলাকা ভারতবর্ষের মানচিত্র দেখলে দেখবেন একমাত্র বোম্বে ছাড়া এই রকম কনসেনট্রেটেড ইণ্ডাস্ট্রিয়াল আর কোথাও নেই। প্রতিদিন হাজার হাজার শ্রমিক কর্মচারী ও ছাত্র যাতায়াত করে এবং তাদের জন্য মানথলি টিকিট অত্যন্ত জরুরী। এটা না হলে প্রতিদিন টিকিট কেটে যাতায়াত করতে হলে কম মাহিনা যারা পান তাদের মাইনার বড় একটা অংশ রেল টিকিটে চলে যায়। দ্বিতীয়ত বলা হচ্ছে অর্থনীতির দিক থেকে এটা ভায়েবল হবে না এটা কোন যুক্তি নেই। আজকাল বাসের ভাড়া অত্যন্ত বেশী। এক্সপ্রেস ছাড়া আর কোন বাস নেই সুতরাং সস্তা হলে আরো ওয়াইডলি ইউস হবে। এমনিতে যে মুহূর্তে সুবারবান ট্রেন হবে মানথলির সুযোগ থাকবে তখনই বহু প্যাসেনজার হবে এবং ৪।৫ টাকা বাসের ভাড়া না দিয়ে তারা ট্রেনে যাতায়াত করবে। সুতরাং অর্থনীতির দিক থেকে কোন অসুবিধা নেই। প্লাটফ্রম এর কোন অসুবিধা নেই বর্ধমান থেকে আসানসোলের দিকে প্যাসেনজারের সংখ্যা অনেক। টাইমটেবল নিয়ে দেখবেন বর্ধমান থেকে সুবারবান প্যাসেনজার ট্রেন হাওড়া কর্ড ও মেল লাইন দিয়ে যা যায় তার সংখ্যা অনেক কম—একটা সকালে আর একটা বিকালবেলা। প্যাসেনজার ট্রেনগুলি এমন হওয়া উচিত যাতে তারা ঠিক সময়ে গিয়ে ডিউটি করতে পারে দুর্গাপুর আসানসোল রানিগঞ্জ ইত্যাদি এলাকার লোকেরা। এত বড় একটা ইণ্ডাস্ট্রিয়াল বেল্টের জন্য এটা অত্যন্ত প্রয়োজনীয়। অনেকে ডিউটির জন্য আগের রাতে গিয়ে সেখানে থাকে। এদিক থেকে এটাকে রিজিট মনোভাব নিয়ে দেখা উচিত নয়। ভারতবর্ষে আর কোথাও দেবো না এর কোন যুক্তি নেই। প্রথম দিকে ই-এম-ইউ চালু করার অসুবিধা হতে পারে। কিন্তু তাহলেও এই ব্যবস্থা এক্ষুনি

করা উচিত। সেখানকার যে প্যাসেনজার এসোসিয়েসান আছে তাদের সঙ্গে আলোচনা করে এটা ঠিক করা যেতে পারে। সেজন্য সকলে একমত হয়ে এই প্রস্তাব গ্রহণ করতে পারলে ভাল হয়।

**শ্রীবিজয় পাল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, উত্তর দেবার কিছু নেই, কারণ, সমস্ত দলের নেতৃবৃন্দ বা মাননীয় সদস্যবৃন্দ এই প্রস্তাবকে সমর্থন জানিয়েছেন। যদিও সেই সমর্থনের মধ্যে কোন কোন জায়গায় সেই সুর সেইভাবে জোরদার ছিল না, তবুও সকলেই সমর্থন জানিয়েছেন। সেজন্য যাঁরা সমর্থন জানিয়েছেন তাঁদের সকলকে ধন্যবাদ জানিয়ে এখানে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Bijoy Pal that "যেহেতু বর্ধমান-আসানসোল রেলপথ এলাকায় সুবারবান রেল না চলার ফলে ঐ ঘন বসতপূর্ণ তথা শিল্পাঞ্চল এলাকার লক্ষ্য লক্ষ্য জনসাধারণের যাতায়াত, ব্যবসা-বাণিজ্যের উন্নয়ন এবং কলিকাতার সহিত যোগাযোগের ক্ষেত্রে সম্প্রীতি নানান দুর্ভোগ হচ্ছে, অতএব এই সভা অবিলম্বে উক্ত রেলপথকে সুবারবান রেলপথ রূপে গণ্য করে প্রয়োজনীয় সংখ্যক বৈদ্যুতিক ট্রেনের চলাচলের ব্যবস্থা করতে রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানাচ্ছে।" was then put and agreed to.

**Adjournment**

The Housc was then adjourned at 6-21 P.M. till 1 P.M. on Monday the 27th November, 1978, at Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.**

The Assembly met in the Assembly House, Calcutta, on Monday, the 27th November, 1978, at 1 P.M.

**Present**

Mr. Speaker (Shri Syed Abdul Mansur Habibullah) in the Chair, 14 Ministers, 1 Ministers of State and 131 Members.

## HELD OVER STARRED QUESTIONS
**( to which oral answers were given )**

### ইণ্ডিয়ান ইনস্টিটিউট অফ সোশ্যাল ওয়েলফেয়ার অ্যাণ্ড বিজনেস ম্যানেজমেণ্ট

*১। (অনুমোদিত প্রশ্ন নং *৭।) শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়, শ্রীআতাহার রহমান, শ্রীআবুল হাসনাৎ খান ও শ্রীদীনবন্ধু মাঝি ঃ শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কলিকাতার কলেজ স্কোয়ার অঞ্চলে ইণ্ডিয়ান ইনষ্টিটিউট অফ সোস্যাল ওয়েলফেয়ার অ্যাণ্ড বিজনেস ম্যানেজমেণ্ট নামক একটি শিক্ষা প্রতিষ্ঠান আছে ;

(খ) থাকিলে,

(১) ঐ শিক্ষা প্রতিষ্ঠানে কি কি বিষয়ে শিক্ষা দেওয়া হয়,

(২) ঐ শিক্ষা প্রতিষ্ঠানের বর্তমান গভর্নিং বডির সদস্যদের নাম ও পরিচয় কি, ও

(৩) কোন্ সালে ঐ গভর্নিং বডি গঠিত হয় ;

(গ) উক্ত প্রতিষ্ঠানে ম্যানেজমেণ্ট অফ বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন বলিয়া কোন বিভাগ আছে কি ;

(ঘ) থাকিলে,

(১) গত তিন বৎসরে কোন্ কোন্ ব্যক্তি ঐ বিভাগের প্রধানের পদে নিযুক্ত ছিলেন/আছেন,

(২) উক্ত ব্যক্তিদের শিক্ষাগত যোগ্যতা এবং পূর্ব অভিজ্ঞতা কি ;

(ঙ) এই প্রতিষ্ঠানের গভর্নিং বডি বা তাঁহাদের মনোনীত কোনও সংস্থা সম্প্রতি এই প্রতিষ্ঠানের জন্য কিছু প্রফেসার এবং অ্যাসিস্ট্যাণ্ট প্রফেসার নিয়োগ করিয়াছেন কি ; এবং

(চ) 'ঙ' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, তাঁহাদের শিক্ষাগত যোগ্যতা কি ?

[1-00—1-10 P.M.]

**শ্রীশম্ভুচরণ ঘোষ ঃ** (ক) হ্যাঁ।

(খ) (১) ঐ শিক্ষা প্রতিষ্ঠানে নিম্নোক্ত বিষয়গুলিতে শিক্ষা দেওয়া হয়ে থাকে—

1. Diploma in Social Work (Labour Welfare)
2. Diploma in Business Management
3. Diploma in Advanced Conoral Social Welfare
4. Diploma in Urban (Municipal) Administration
5. Master Degree in Business Administration.

(২) সদস্যদের নাম সংযোজিত তালিকায় দেওয়া হল।

(খ) উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের নিয়মানুযায়ী প্রতি বৎসরেই নির্বাচন হয়ে থাকে। শেষ নির্বাচন ১৮।৪।৭৮ তারিখে হয়েছিল।

(গ) হ্যাঁ, আছে।

(ঘ) (১) ও (২) ১৯৭৮ সালের সেপ্টেম্বর মাসে উক্ত শিক্ষাক্রম প্রবর্তিত হওয়া থেকে ঐ শিক্ষা প্রতিষ্ঠানের ডিরেকটার ডঃ ডি. কে. দত্ত ঐ বিভাগের প্রধানের পদে আসীন আছেন।

ডিরেকটর ডঃ দত্তের শিক্ষাগত যোগ্যতা ও পূর্ব অভিজ্ঞতা সংযোজিত করা হল।

(ঙ) ও (চ) সম্প্রতি নিয়োজিত অধ্যাপকদের নাম নীচে দেওয়া হইল :

অধ্যাপক অশোক বন্দ্যোপাধ্যায়, ডঃ সাহীদ সিদ্দিকি, অধ্যাপক মিহির কুমার বসু, উপরোক্ত অধ্যাপকদের শিক্ষাগত যোগ্যতা ও পূর্ব অভিজ্ঞতা সংযোজিত তালিকায় দেওয়া হইল।

**Statement referred to in reply to Clause (Caha) 1 and 2 of Held over Starred Question No. 1.**

Indian institute of social Welfare and Business Management Board of Governors.

| | |
|---|---|
| Shri Prafulla Chandra Sen, M.P. | Elected by members of Board of Governors. |
| Smt. Renuka Ray (Reputed Social Scientist)<br>Dr. D. M. Sen ( Previously, Education Secratary Govt. of West Bengal ) ( Also Member, Board of Trustess) | Elected by Founder Members. |

* Dr. S. K. Mukherjee,
Vice Chancellor,
Calcutta University.

* Shri Arun Ray,
Pro-Vice-Chancellor for Business Affairs & Finance, Calcutta University.

* Shri P. C. Banerji,
Secretary to the Government of West Bengal
Department of Education.

* Dr. N. S. Deodhar,
Director,
All India Institute of Hygiene & Public
Health.

* Shri S. N. Chokraborty, M. S. (Tech.),
Assistant Fducational Adviser (Tech.),
Ministry of Education and Social Welfare,
Government of India.

* Prof. D. Banerjee,
Director,
Technical Education,
Government of West Bengal.

Elected by Orninary Members.

Shri T. D. Chatterjee,
Chairman,
Continental Commercial Co. (P) Ltd.

Shri Ashoke Kumar Sarkar,
Fditor,
Ananda Bazar Patrika Pvt. Ltd.

Shri Bhupendra Nath Dey,
Managing Director,
Dey's Medical Stores Pvt. Ltd.

Shri Ires Chandra Ghosh,
Honorary Treasurer
(Also Member, Board of Trustees)

** As per Rule.

* Shri R. Bhiwaniwalla
(Representative—Federation of Indian Chamber
of Commerce & Industry)

* Shri Kanailall Dey,
(Rapresentative—Bharat Chamber of Commerce)

* Shri M. Ghosh,
Secretary,
Bengal Chamber of Commerce & Industry
(Representative—Associated Chamber of
Commerce)

* Shri M. B. Wohi,
Managing Director,
Meneil & Megor Ltd.,
Representative—Bengal Chamber of Commerce &
Industry).

* Shri Sudhir Jalan
(Representative—Indian Chamber of Commerce)

* Shri G. Saha,
Chartered Accountant,
(Representative—Bengal National Chamber of
Commerce & Industry)

Shri B. P. Poddar
Previously, President, Federation of Indian Chamber of Commerce & Industry) — President's nomினces

Dr. (Mrs.) Phulranu Guha
(Reputed Social Scientist)

* Shri S. K. Chatterjee,
Chief Adviser,
Industrial Relations,
Indian Jute Mills Association
(Representative—I. J. M. A.)

Dr. D. K. Dutt—Director—Member—Secretary.

* As per Rule

## BIO-DATA

**Dr. Shahid Siddiqi, PGLM. Ph. D.**
**Assistant Professer—Marketing Management**
**Present Consuitency Projects.**

1) Dr. Shahid Siddiqui.

2) Education — Doctor of Philosophy in business and Applied Economics : The Wherton University of Pensylvanis.

Master in business administration : Indian Institute of Management, Calcutta.

Bachelor of Science—Ashutosh College : Mathamatics, Physics and Chemistry (1961-1965).

Senior Cambridge Certificates. St. Xavier' School, Calcutta (1951-1960)

3) Research Accomplishment :

| | |
|---|---|
| Projects : Linear Programming | Determined optimum media allocation of advertising budget ( in terms of maximizing number of prospects reached ) for a brand of a cigarette company by applying linear programming. |
| Export Marketing Planning. | Developed a etrategic export plan for Behrain, with exphasis on the marketing mix, for a battery manufacturer, taking into account the environmental constraints. |
| Capital Budgeting. | Derived performance variances and .contro points for Soda ash Industry, utilising capital budgeting. |

| | |
|---|---|
| Foreign-Investment decision market. | Prepared a fensibility study of market entry in instant too in U. S. A. using bot payback period and ROI criteria for Investment decision. |

**BIO-DATA—M. K. Basu**

Prof. Personel Management.

1. Name : Mihir Kumar Basu

2. Address (Residence) : Flat No. 2B.
   107, Southern Avenue,
   Calcutta-700029.

3. Date of birth : 24th November, 1924.

4. Education : M. A. in English Literature (Calcutta Univ.)

5. Experience

   After short spelle in advertising, journalism, tecahing (in under-Graduate classes of a degree College) and Markets administration, Joined Burmah Shell Oil Storage & Distributing Co. of India Ltd., in 1957 in their Management Staff Cadre).

   Joined Indian Airlines in May, 1967, as their Industrial Relations Mannger.

   Joined Hindustan Copper Ltd., on 1st August, 1972, as a full-time Functional Director (at the Board level) with over-all responsibility for all matters relating to Personnel Management—Industrial Relations functions in the Company, in respect of all categories of employoes, numbering 23000 (including 600 members of Managerial staff ), based in 12 different stations the country.

6. Professional Training in India :

   i) Government of India's Certificate in T. W. I. (Traning within Industry)

ii) Attend the following Traning Courses of Burmah-Shell (India Traning Centre, Bombay.)

— Industrial Relations Course.

— Training Techniques Course.

— Special Training Techniques Course.

— Productivity Course.

iii) Attend the following in-Company top-Management Programmes :

— Selection & Interviewing Techniques
(Conducted by National Productivity Council, Madras'.

— Managerial Performance Appraisal.
(Conducted by Pass Services, Bombay).

— Organisation Development
(Conducted by Indian Institute of Management, Calcutta)

iv) Attend the following external programmes :

— Management by Objectives : (Administrative Staff College of India, Hyderabad, India)

— Motivation and Managerial Performance : (Behavicurnal Science Centre, Delhi)

— Participative Management and Quality of Working life :
(National Labour Institute, Delhi)

— Finance for Non-Finance Executives (Administrative Staff College of India, Hyderabad)

— Issues in Organisation Behaviour (Administrative Staff College of India, Hyderabad)

Abroad

1968 — Attend a 1-week Royal Butch/Shall Training Executives' contres, as a nominee of Burmah-Shall (India), at London and the Negue.

1970 — was deputed by Indian Airlines on a 1-week attachment to British European Airways at London to study their Personnel policies and practices.

1971 — Attended a 2 week International Symponium on Training & Development, organised by the Amarican Society for Training & Development, at New york and Chicago.

**BIO-DATA—Ashoke Banerjee**

Prof.—Financial Management

| | | |
|---|---|---|
| Name | : | Ashoke Banerjee |
| Address | : | 11A, Allenby Road, Calcutta-20, Telephone-48-2884 |
| Age | : | 52 years |

Professional & educational Cualification

a) B. A. (Honours in Economics) Presidency College, Calcutta.

b) B. Com (University of London) (evening Classes of London School of Economics)

c) * E. C. A. (England & Wales)

* This is considerod to be the highest professional qualification in Finance & Accountancy everywhere and there are, amongst the Academic Faculties of the University of London, Birmingham, Manchester & Loyds, many F. C. As teaching & guiding Post Graduate students.

d) F. S. A. A. (Fellow of the Society of Incorporated Accountants & Auditors in England-since merged with the Inst. of C. A. in England.

e) F. C. A. (India)

f) A. I. B. (England) Associate of the Institute of Bankers.

Commercial Experience : a) From 1955 to June 1969—Chief Accountant and Secretary of the Indian Tube Company Ltd. (a Tata Stewarts & Loyds Enterprise)

b) July 1969 to March 1975—Chief Executive Finance & Administration Lipton (India) Ltd. & Directar of Associated Companies.

c) April 1975 to date—Chief Executive Finance of the Tinplace Company of India Ltd.

Other details : a) Have been on the faculty of the Indian Institute of Social Welfare & Business Management for nearly a decade—on Management Accounting.

**Bio-data—Dr. B. K. Dutta**

1) Academic Qualification : B. A. (Hons.) Economics, Calcutta Univ. M. A. (Econ.) Calcutta University. Ph. D. (Econ.), Calcutta University. (Thesis on Industrial Management in India)

2) Academic Experience : i) Lecturar—Economics, Banking & Currency —Surendranath College of Commerce from 1946-1952.

ii) Has been sonsistently diracting/addresssing professional courses on Business Management for the last 28 years or se-Courses organised by Calcutta Management Association, India Institute of Personal Management etc.

iii) Guest Lecturer for "Industrial Administration" in Calcutta University for Post—Graduats Faculting of (a) Radio Physics & Electronics, as well as (b) Applied phynice.

3) Field Experience : Conducted fiald resoarch and investigation into various problems of Management in Indian Industrics, under the joint euspicss of Calcutta University and Bengal Chamber of Commerce & Industry.

4) Positions Held : i) Assistent, Bengal Chamber of Commerce & Industry (from Nov. 1951 to Sept. 1955).

ii) I. T. C. Limited (from October, 1955 to October, 1975) in vorious positions like parsonnal Manager. Labour Relations Co-ordinetor, Industrial Ruletions Adviser, etc.

iii) Member, Contral Committes of Indian Council of social Seience Ressarch, Government of India.

iv) Member, Executive Committes, Calcutta Management Association.

v) Member, Governing Body. Calcutta Productivity Council.

5) Publications : Books i) Sciontific Management and Industrial Efficiency — published in 1950.

ii) Industrial Management in India-A stud of Management in Indian Industries published in 1955.

iii) A Trentise on the Urban Complexition of the present Times—Edited by Dr. D. K. Dutt and published in 1977 and varioun erticlun published in the journal "Capital".

Extra recegnition : On invitetion from the British Council he visited the workings of various Management Courses in Universities and Regional Management Cantres in Great Britain.

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** এই যে দেখছি বোর্ড অব ডিরেক্টার্সদের মধ্যে প্রাতঃ স্মরণীয় ব্যক্তিরা আছেন, যেমন ডি এম সেন, পি সি সেন ইত্যাদি আছে। এই যে আপনি বললেন (ঘ) প্রশ্নতে যে ১৯৭৬ সাল থেকে ডঃ দত্ত ঐ বিভাগের প্রধান আছেন, কিন্তু আমি দায়িত্ব নিয়ে বলছি উনি হচ্ছেন ডিরেক্টার। প্রত্যেকটি বিভাগে ইনচার্জ আছে একজন করে, আপনাকে ফাঁকি দেওয়ার জন্য এই কথা বলা হয়েছে, কিন্তু আপনি জানেন এই বিভাগের ইনচার্জ ছিলেন মিসেস এল মিটার, এটা কি আপনি খোঁজ নেবেন?

**শ্রীশম্ভুচরণ ঘোষঃ** পরে অনুসন্ধান করে জানাবো।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** আপনি কি জানেন একজন অধ্যাপক এ্যাপোয়েণ্টেড হয়েছে এম কে বাসু তিনি ডঃ দত্তের ফ্রেণ্ড। তাঁর এক্সপেরিয়েন্স হচ্ছে বার্মাশেল, ইণ্ডিয়ান ওয়েল ইত্যাদিতে কিন্তু তাঁর কোন টিচিং এক্সপেরিয়েন্স নাই। তাঁর সর্ট স্পেল অফ টিচিং এক্সপেরিয়েন্স।

**শ্রীশম্ভুচরণ ঘোষঃ** শ্রী এম কে বাসু তাঁর এডুকেশন কোয়ালিফিকেশান হচ্ছে এম এ ইন ইংলিশ লিটারেচার (ক্যালকাটা ইউনিভার্সিটি)। এবং তাঁর এক্সপিরিয়েন্স হচ্ছে হিন্দুস্থান কপার এ্যাডভারটাইসিং, জারনালিজিম, টিচিং এবং মার্কেটিং এবং বার্মাশেল, ইত্যাদিতেও তাঁর কয়েক বছরের অভিজ্ঞতা আছে।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** তাঁর এক্সপেরিয়েন্স হচ্ছে ম্যানেজমেণ্ট ইন বিজনেস এ্যাডমিনেশট্রেশান কিন্তু তাঁর কোন টিচিং এক্সপেরিয়েন্স নেই এটা কি আপনি জানেন? তাঁর বার্মাশেল, ইণ্ডিয়ান এয়ারলাইন্সে এবং হিন্দুস্থান কপারে এক্সপেরিয়েন্স থাকতে পারে সেকথা আমি বলছি না কিন্তু টিচিং এক্সপেরিয়েন্স নেই।

**শ্রীশম্ভুচরণ ঘোষ ঃ** এর উত্তর আমি আগেই দিয়েছি।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় ঃ** না আমি যেটা জানতে চাচ্ছি ম্যানেজমেণ্ট অব বিজনেস এ্যাডমিনিশট্রেশান-এ তার এক্সপেবিয়েন্স থাকতে পারে, তিনি বার্মাশেল, ইণ্ডিয়ান এয়ার লাইন্সে, হিন্দুস্থান কপারে ইত্যাদিতে ম্যানেজমেণ্ট অব বিজনেস এ্যাডমিনিশট্রেশানে এক্সপেরিয়েন্স-এর কথা বলছি না কিন্তু টিচিং এক্সপেরিয়েন্স নেই এটা কি আপনি জানেন।

**শ্রীশম্ভুচরণ ঘোষ ঃ** আমি তো আগেই বলেছি বার্মাশেল-এ তিনি ম্যানেজমেণ্টে ছিল ৫৭ থেকে ৬৭ সাল পর্যন্ত সিনিয়ার ম্যানেজমেণ্ট স্টাফ হিসাবে এবং তাঁর টিচিং এক্সপেরিয়েন্স ইন এম এ-তেও আছে।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় ঃ** ডঃ দত্ত আপনি বলেছেন যে তিনি ইনচার্জ ছিলেন কিন্তু আমি জানি তিনি ইনচার্জ ছিলেন না ডিরেকটার ছিলেন।

**শ্রীশম্ভুচরণ ঘোষ ঃ** আমি বুঝতে পারছি না এই প্রশ্ন থেকে আপনি কি তথ্য জানতে চাচ্ছেন আমি বুঝতে পারছি না। আপনি যদি ডিটেলস জানতে চান তাহলে আলাদা প্রশ্ন করবেন আমি উত্তর দেওয়ার চেষ্টা করবো।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় ঃ** সোসাল ওয়েলফেয়ার এবং বিজনেস ম্যানেজমেণ্টে সরকার কত টাকা দেন।

**শ্রীশম্ভুচরণ ঘোষ ঃ** নোটিশ দেবেন উত্তর দেব।

### কোচবিহারে ল কলেজ খোলার পরিকল্পনা

*৬। ( অনুমোদিত প্রশ্ন নং *১০৭। ) **শ্রীদীপক সেনগুপ্ত ঃ** শিক্ষা ( উচ্চতর ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোচবিহারে একটি 'ল কলেজ' খোলার কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে, ইহার অগ্রগতি কতদূর ?

**শ্রীশম্ভুচরণ ঘোষ ঃ** (ক) বর্তমানে নাই।

(খ) প্রশ্নটি উঠে না।

[1-10—1-20 P.M.]

**শ্রীসরল দেব:** মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি যে যখন বামফ্রন্ট সরকারের উদ্দেশ্য হচ্ছে যে দেশের নিপীড়িত অঞ্চলের জন্য সুবিধা ও সুযোগ করে দেওয়া তখন সুদূর উত্তরবঙ্গ থেকে কলকাতা বা বর্ধমান এসে পড়াশোনা করা ব্যয় সাপেক্ষ কি না এবং যদি তা হয়ে থাকে তবে উত্তরবঙ্গে একটি ল কলেজ খুলবেন কি না ?

**শ্রীশম্ভুচরণ ঘোষ:** আপাততঃ ওই ধরণের কোন পরিকল্পনা নেই। কোথায় কোথায় ল কলেজ করা যাবে এইটা সম্বন্ধে বিবেচনা করা হচ্ছে এবং আলোচনা করা হচ্ছে এবং পরে আমরা সদস্যদের কাছে তা উপস্থিত করতে পারবো।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী:** মন্ত্রী মহাশয় কি জানাবেন যখন রুল অফ ল উঠে যাচ্ছে, তখন আর ল কলেজ করার দরকার আছে বলে কি মনে করছেন ?

( নো রিপ্লাই )

**শ্রীধীরেন্দ্রনাথ সরকার:** মন্ত্রীমহাশয় কি জানাবেন বর্তমানে ল কলেজগুলিতে যে রেগুলার সিসটেমে পরীক্ষা দেওয়ার ব্যবস্থা আছে তার সঙ্গে প্রাইভেটে পরীক্ষা দেওয়ার ব্যবস্থার কথা সরকার চিন্তা করছেন কি না ?

**শ্রীশম্ভুচরণ ঘোষ:** এ থেকে এই প্রশ্ন ওঠে না।

## জুনিয়ার স্কুলের শিক্ষকদের ব্যাঙ্কের মাধ্যমে বেতন

*৪৯। ( অনুমোদিত প্রশ্ন নং *২১। ) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস:** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার ) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, "দুই ক্লাস" এবং "চার ক্লাস" জুনিয়ার হাইস্কুলের শিক্ষকশিক্ষিকারা ব্যাঙ্ক-এর মাধ্যমে মাসিক বেতন পাওয়ার সুযোগ হইতে বঞ্চিত হইতেছেন ; এবং

(খ) সত্য হইলে, জুনিয়ার হাইস্কুলগুলির শিক্ষকদের ক্ষেত্রে এই বৈষম্যের কারণ কি ;

**শ্রীপার্থ দে:** (ক) আপাততঃ, হাঁ।

(খ) প্রাথমিক পর্য্যায়ে ঘাটতি ভিত্তিক উচ্চবিদ্যালয়ে এই পদ্ধতির ফলাফল লক্ষ্য করা হচ্ছে। অভিজ্ঞতার ভিত্তিতে পরবর্ত্তী পর্য্যায়ে এই পদ্ধতি জুনিয়ার হাইস্কুলে সম্প্রসারিত করা হবে।

**শ্রীজয়ন্ত বিশ্বাস:** জুনিয়ার হাইস্কুলের ক্ষেত্রে ব্যাঙ্কের মাধ্যমে বেতন দেবার সিদ্ধান্ত কত দিনের মধ্যে কার্য্যকরী হবে এই সম্পর্কে একটা ধারণা দিতে পারেন কি ?

**শ্রীপার্থ দে:** আমরা দেখছি যেগুলো ঘাটতি ভিত্তিক অনুদানের মধ্যে আছে তাদের ক্ষেত্রে এই পদ্ধতি কি রকম ফল দেয়। এটা যদি ভালভাবে কার্য্যকরী হয় তাহলে পরের বছর থেকে এটা করা যাবে।

## ডানকুনির কেন্দ্রীয় ডেয়ারীর পরিচালনভার অধিগ্রহণ

*৫০। (অনুমোদিত প্রশ্ন নং *২০০।) **শ্রীরজনীকান্ত দোলই:** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, আই ডি সি ডানকুনির কেন্দ্রীয় ডেয়ারীর পরিচালনভার অধিগ্রহণ করছেন ;

(খ) সত্য হ'লে, উক্ত অধিগ্রহণের শর্ত কি কি ; এবং

(গ) রাজ্য সরকার কেন ঐ ডেয়ারীর পরিচালনার দায়িত্ব ছাড়ছেন ?

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী:** (ক) হ্যাঁ, তবে আই. ডি. পি. নহে, এন. ডি. ডি. বি. (ন্যাশন্যাল ডেয়ারী ডেভোলপমেন্ট বোর্ড) কে পরিচালন ভার দেওয়া হইয়াছে ;

(খ) এন. ডি. ডি. বি. কে ডানকুনি মাদার ডেয়ারীর পরিচালনভার দেওয়ার প্রধান প্রধান সর্ত হচ্ছে—

(১) এই ডেয়ারী পরিচালনারভার উক্ত সংস্থায় উপর ১৬ মাসকাল পর্য্যন্ত বহাল থাকিবে ;

(২) এই ডেয়ারী পরিচালনা কালে সমস্ত ক্ষয়-ক্ষতি উক্ত সংস্থা বহন করিবেন। পাঠান্তরে, এই সময়ের মধ্যে কোন লাভ হইলে, তাহা রাজ্য সরকারকে দেওয়া হইবে ;

(৩) এই ডেয়ারী পরিচালনার জন্য উক্ত সংস্থা কয়েকটি উচ্চ ও কারীগরী পদ ছাড়া, অন্যান্য পদে এই রাজ্যের সেবক নিয়োগ করিবেন ;

(৪) উক্ত সংস্থা এই ডেয়ারী পরিচালনায় সরকারী বিধিবদ্ধ নিয়মগুলির ব্যাপারে রাজ্য সরকারের সঙ্গে পরামর্শ করবেন।

(গ) রাজ্য সরকারের দোহ-উ-বয়ন অন্তত ইতিমধ্যেই বেলগাছিয়া কেন্দ্রীয় ডেয়ারী হরিনঘাটা ডেয়ারী ও দুর্গাপুর ডেয়ারী পরিচালনায় বিশেষভাবে ভাবাক্রান্ত। সেইহেতু, নির্দ্দিষ্ট সময় যার জন্য পরীক্ষামূলকভাবে ডানকুনি মাদার ডেয়ারীর পরিচালনভার এন. ডি. ডি. বি-র উপর দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে। এই সিদ্ধান্তের ফলে রাজ্য সরকারের কোন ক্ষতি বহন করিতে হইবে না। ভবিষ্যতে লাভ হতে পারে।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী :** রাজ্য সরকার এই যে পরিচালনা ছেড়ে দেবেন এই ডিসিসন কবে নিয়েছেন ?

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী :** ছেড়ে দেওয়া হয়নি। মাননীয় সদস্য ঠিকমত শোনেননি। ১৮ মাস আগে পরিচালনাভার ছেড়ে দেওয়া হয়েছে।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী :** এই ডিসিসন কবে নেওয়া হয়েছে ?

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী :** এটা ক্যাবিনেট ডিসিসন ক্যাবিনেট থেকে সর্বসম্মতভাবে এই ডিসিসন নেওয়া হয়।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী :** এই ক্যাবিনেট ডিসেসন নেয় সেটা কবে নিয়েছে।

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী :** পাঁচ মাস আগে এই ডিসিসন ক্যাবিনেট নেয়।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী :** এই যে টার্মস এণ্ড কনডিসন এর জন্য এ্যাডভোকেট জেনারেল বা এল আর-এর এ্যাপ্রুভ্যাল নেওয়া হয়েছিল কি ?

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী :** যথাযোগ্য পদ্ধতি অনুযায়ী কাজ করা হয়েছে।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী :** যথাযোগ্য বিধি বলতে মন্ত্রীমহাশয় আমাদের কি বোঝাতে চাইছেন ?

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী :** আপনি নিজে আইনজীবী আপনি নিশ্চয় জানেন যথাযোগ্যবিধি বলতে ষ্ট্যাটুটারী রুলস।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী** ঃ What do you mean by statutory rules? What are those rules?

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী** ঃ আইনানুগ যা করা দরকার তা করা হয়েছে।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী** ঃ আপনি স্পেসিফিক্যালি বলুন whether Advocate-General or L. R. were consulted or not.

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী** ঃ মাননীয় সদস্যকে জানাতে চাইছি যে লেজিসলেটিভ ডিপার্টমেন্টের ভেটিং নেওয়া হয়েছিল।

**শ্রীকমল সরকার** ঃ ( মাননীয় মন্ত্রীমহাশয় দয়া করে জানাবেন কি আমূল যে দুগ্ধ প্রকল্প এই ব্যাপারে তিনি ডি ডাঃ কুরিন যে রয়েছেন এই পরিকল্পনা রয়েছেন তাঁর সঙ্গে তিনি আলোচনা করেছেন গ্রামের কৃষকদের সঙ্গে সহযোগিতা করার জন্য এবং আমূলকে আত্মনির্ভরশীল করার জন্য ? )

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী** ঃ ( এন. ডি. ডি. বি আমূল পরিচালনা করেন এবং পশ্চিমবাংলায় একটা বিরাট পরিকল্পনা আছে ন্যাশন্যাল ডেয়ারী ডেভেলপমেণ্ট বোর্ডের। এ সম্পর্কে উত্তর দিতে অনেক সময় লেগে যাবে। অপারেসন পার্ট টু-তে এটা হবে। এ সম্পর্কে বলতে গেলে যদি নোটিশ পাই এবং এই আইনসভায় অধ্যক্ষ মহাশয়ের অনুমতি পেলে আমি তা বলে দিতে পারবো। )

**শ্রীকমল সরকার** ঃ ডানকুনি দুগ্ধ প্রকল্প কার্য্যকরী হলে গ্রামের কৃষক এবং বিশেষ করে গরীব লোক যারা দুধের ব্যবসা করে থাকেন তারা কতখানি উপকৃত হবেন সে সম্পর্কে আপনি কি আমাদের কিছু আলোকপাত করতে পারেন ?

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী** ঃ সংক্ষেপে এটা বলতে পারি অপারেসন পার্ট টু কার্যকরী হলে প্রডিউসারস কো-অপারেটিভ ইউনিয়ন করা হবে এবং সেখানে গ্রামের কৃষক, ক্ষেতমজুর, গরীব দুগ্ধ ব্যবসায়ী এই সব লোক সেই কো-অপারেটিভে থাকবেন এবং অপারেসন পার্ট টু থেকে তাদের সাহায্য দেওয়া হবে এবং যে দুধ হবে কো-অপারেটিভ তা কিনে নেবে। তাতে শহরের ক্রেতা সম্প্রদায় উপকৃত হবেন এবং ঐ গরীব দুগ্ধ ব্যবসায়ীও সরাসরি উপকৃত হবেন।

**শ্রীকমল সরকার** ঃ এই পরিকল্পনায় জনসাধারণ জল ছাড়া দুধ কবে থেকে পাবেন ?

**শ্রীঅমৃতেন্দু মুখার্জীঃ** জনসাধারণকে জল ছাড়া দুধ দেবার জন্যই এই পরিকল্পনা। এই প্রসঙ্গে আমি বলতে পারি মাননীয় অধ্যক্ষ মহাশয়ের অনুমতি নিয়ে যে ১৯৭৮ সালের ডিসেম্বর মাসের প্রথম সপ্তাহ থেকে ডানকুনি ডেয়ারী চালু হবে। এবং প্লাসটিক ব্যাগে করে দুধ সরবরাহ করা হবে যা এর আগে হয়নি। স্বাস্থ্য সম্মতভাবে বিশুদ্ধ দুধ সরবরাহ করা হবে।

[1-20—1-30 P.M.]

**শ্রীঅমৃতেন্দু মুখার্জীঃ** এবং কিছু কিছু ব্লাক হ্যাণ্ডলিং মেশিন থাকবে শহরের অনেকগুলি জায়গায়—বিশেষ করে শ্রমজীবী এলাকায় থাকবে। দিল্লীতে যেমন মিল্ক সাপ্লাই স্কীম আছে নির্দিষ্ট দামের টোকন ফেলে বোতাম টিপলেই কে কত লিটার দুধ চান সেই রকম দুধ বেরিয়ে আসে এবং সেই রকম এখানেও বোতাম টিপলেই দুধ বেরিয়ে আসবে, সেই ভাবেই স্কীম করা হচ্ছে এবং ডিসেম্বর মাসের প্রথম সপ্তাহ থেকেই বোতাম টিপে দুধ পাওয়া যাবে।

**শ্রীশশাঙ্কশেখর মণ্ডলঃ** মাংসের সঙ্গে রক্তের যেমন সম্পর্ক সেই রকম দুধের সঙ্গে কি জলের সম্পর্ক?

**শ্রীঅমৃতেন্দু মুখার্জীঃ** এই প্রশ্ন ওঠে না—আপনি নিজেই এটা ভাল করে জানেন।

**শ্রীসুনীতি চট্টরাজঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন—জনসাধারণের ধারণা হয়েছে আগে দুধের সঙ্গে জল মেশানো হত, বামফ্রণ্ট সরকার আসার পরে মন্ত্রী-মহাশয়ের স্বাস্থ্য দেখে জলের সঙ্গে দুধ মেশানো হচ্ছে—এটা কি ঠিক?

**শ্রীঅমৃতেন্দু মুখার্জীঃ** আপনার এই ধারণা সম্পূর্ণ ভুল। জনসাধারণ উল্টো কথা বলে। কংগ্রেস আমলে জল মিশিয়ে দুধ দেওয়া হত, বামফ্রণ্ট সরকার আসার পরে এখন খাঁটি দুধ দেওয়ায় তারা ধন্য হচ্ছে।

**শ্রীসত্যরঞ্জন বাপুলীঃ** আপনি কি জল ছাড়া দুধ খেতে পাচ্ছেন?

( নো রিপ্লাই )

## বে-আইনী মদের ব্যবসা

*৫২। ( অনুমোদিত প্রশ্ন নং *১৪৪। ) **শ্রীদেবনারায়ণ চক্রবর্তীঃ** আবগারী বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় বে-আইনী চোলাই মদের কারবার চলে ; এবং

(খ) সত্য হইলে, এইসব বে-আইনী কারবার প্রতিরোধের জন্য সরকার নূতন কি কোন ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**ডঃ অশোক মিত্র ঃ** (ক) হ্যাঁ।

(খ) এই চোলাই প্রতিরোধকল্পে বিভিন্ন চোলাই মদের ভাটিখানা ও চোলাই মদ বিক্রয় কেন্দ্রে আবগারী কর্মীবৃন্দ প্রতিনিয়ত হানা দেন এবং যাতে নতুন চোলাই ভাটিখানা ও বিক্রয়কেন্দ্র গড়ে না ওঠে সেজন্য যথাবিহিত প্রতিরোধ ব্যবস্থাদি অবলম্বন করেন। আমি এই লিখিত উত্তরের সঙ্গে আর একটি কথা সংযোজিত করতে চাই। সেটা হচ্ছে এই, আবগারী আইনকে একটু সংশোধন করে শাস্তিমূলক ব্যবস্থাকে আরো বাড়াতে পারি কি না, সেই ব্যাপারে আমরা চিন্তা করছি।

**শ্রীশচীন সেন ঃ** আমাদের অভিজ্ঞতায় দেখছি এই বে-আইনী চোলাই মদের কারবার সমাজ বিরোধী ব্যবসায়ীরা সংগঠিত করে থাকে। আমাদের খবর আছে এই সমাজ বিরোধী ব্যবসায়ীদের নিয়ে কংগ্রেস তাদের সংগঠন পরিচালনা করে, বিশৃঙ্খলা করে—সেই বিষয়ে মন্ত্রীমহাশয় কিছু বলবেন কি ?

**ডঃ অশোক মিত্র ঃ** এটা হচ্ছে অভিমতের ব্যাপার।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** মন্ত্রীমহাশয় কি জানাবেন, বামফ্রন্ট সরকার আসার পরে আজ পর্যন্ত চোলাই মদের কারবার বন্ধ করবার জন্য কি কি ব্যবস্থা নেওয়া হয়েছে ?

**ডঃ অশোক মিত্র ঃ** আবগারী বিভাগের কার্য পরিচালনাকে আরো সুষ্ঠু করবার চেষ্টা করেছি, এতে কিছু কিছু ফল পাওয়া গেছে। আমি একটি উদাহরণ দিচ্ছি। ১৯৭৬/৭৭ সালে যেখানে ৩ লক্ষ ৪৫ হাজার লিটার চোলাই মদ ধরতে পেরেছিলাম, সেটা এখন বেড়ে ৫ লক্ষ লিটারের উপর চলে গেছে। পুরো ব্যবস্থাকে আমরা আরো একটু পাকা পোক্ত করবার জন্য চেষ্টা করছি।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** আমার প্রশ্নটা কিন্তু তা নয়। আমার স্পেসিফিক প্রশ্ন হচ্ছে এই যে, মন্ত্রীমহাশয় কি কি ব্যবস্থা দিয়েছেন সেটা জানাবেন কি ?

**ডঃ অশোক মিত্র ঃ** আমরা প্রত্যেকটি অঞ্চলে—যে সব অঞ্চলে এই ধরণের চোলাই-এর আশংকা আছে—অতীত থেকে যা মনে হয় এবং আমাদের কাছে গুপ্ত খবর যা পাওয়া যায় তা থেকে—সেই সমস্ত জায়গায় আমরা সতর্কতামুলক ব্যবস্থা নিয়েছি। আমরা অনেক পাহারা বাড়িয়েছি এবং যাতে আবগারী বিভাগের কর্মীরা এক জায়গা থেকে আর এক জায়গায় যেতে পারেন তারজন্য আমরা গাড়ী এবং সরঞ্জাম বাড়িয়েছি। এই বিভাগের কাজ যাতে সুচারু ভাবে করা যায় তারজন্য আমরা নানান প্রশাসনিক ব্যবস্থা নিয়েছি। আপনি যদি ডিটেলসে জানতে চান তাহলে আমাকে পরে আলাদা প্রশ্ন করবেন আমি সমস্ত জানিয়ে দিতে পারবো।

**শ্রীসুমন্ত হীরা ঃ** কোলকাতার উপকণ্ঠে বিভিন্ন ধরণের চোলাই মদের সংগঠন রয়েছে এবং সেগুলি বহাল তবিয়তে চলছে। এই সমস্ত চোলাই মদের সংগঠন সম্পর্কে আপনার একসাইজ ডিপার্টমেণ্ট অবগত হওয়া সত্বেও যেহেতু এইসব সংগঠনের পেছনে কংগ্রেস ( আই ) যুক্ত আছে সেইহেতু তারা রাজনৈতিক হস্তক্ষেপের ভয়ে কোন কিছু করছেন না -এটা কি আপনি জানেন ?

**ডঃ অশোক মিত্র ঃ** আবগারী বিভাগের কাজকর্মের উন্নতির চেষ্টা চলছে। এর কাজকর্ম স্বয়ংসম্পূর্ণ এবং খুব সুষ্ঠুতম হয়েছে সেটা আমি নিজেও স্বীকার করবো না। তবে প্রতিনিয়ত এর উন্নতিবিধানের চেষ্টা করে যাচ্ছি।

**শ্রীবিনয় কোঙার ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি মনে করেন—এটা একটি আইনগত সমস্যা শুধু নয়, এটা একটি সামাজিক অর্থ নৈতিক সমস্যাও বটে ?

**ডঃ অশোক মিত্র ঃ** আমি সেটা পুরোপুরি মেনে নিচ্ছি। এটা শুধু আইনগত সমস্যা নয়—সামাজিক ব্যবস্থার পরিবর্তন না হলে, সমাজের কাঠামোর পরিবর্তন না হলে হয়ত পুরোপুরি এই জিনিষটা বন্ধ করা যাবে না।

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীবিনয় কোঙার মহাশয় যে গুরুত্বপূর্ণ প্রশ্নটি করেছেন আমি সেই প্রশ্নের পরিপ্রেক্ষিতেই একটি প্রশ্ন করতে চাই। এই জঘন্য মনোবৃত্তি এবং অপরাধ দূর করার জন্য সরকার বিভিন্ন পদক্ষেপ নিয়েছেন বলছেন। আমার জিজ্ঞাস্য, এটা কি সত্য, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় এই দপ্তরের দায়িত্ব নেবার পর বিভিন্ন জেলাতে একসাইজ সুপারেইনটেনডেণ্টরা ঢালোয়াভাবে দেশী ও বিলিতি মদ, গাঁজা, আফিমের দোকানের লাইসেন্স দেবার জন্য দরখাস্ত আহ্বান করেছেন ? সেখানে এই রকম সার্কুলার

গিয়েছে, নোটিশ গিয়েছে, আপনি যদি চান আমি সেই নোটিশ পড়ে শুনিয়ে দিতে পারি। শিলিগুড়ির মতন শহরে যেখানে ১৬টি দেশী এবং বিলিতি মদের দোকান রয়েছে সেখানে একটা নোটিশ দেওয়া হয়েছে একসাইজ সুপারেনটেনডেন্টের পক্ষ থেকে যে, যে যত পারেন দরখাস্ত করুন দেশী, বিলিতি, গাঁজার জন্য। আমার জিজ্ঞাসা, এটা কি চোলাই মদ বন্ধ করার একটা উপায় বা পথ ?

ডঃ অশোক মিত্র ঃ অনেক সময় যেখানে দেখছি খুব বেশী রকম চোলাই হচ্ছে সেখানে সুশৃঙ্খলার সঙ্গে একটি/দুটি লাইসেন্সের দোকান খুললে চোলাই বন্ধ হয়ে যাবে এইরকম একটা সিদ্ধান্তে পৌঁছাতে পারা যায়। তবে আপনি যে ব্যাপারটি বলছেন বা যে তথ্যের কথা বলছেন সেটা ঠিক নয় চিরাচরিত প্রথা যা চলে আসছিল তার সামান্যতম পরিবর্তনও আমরা করিনি।

শ্রীকাশীকান্ত মৈত্র ঃ চিরাচরিত প্রথা অনুযায়ী যে ভুলটা করে আসা হচ্ছিল সেই ভুলটারই কি জের টেনে যাওয়া হচ্ছে ? যেহেতু চিরাচরিত প্রথায় এই রকম ভাবে মদের দোকানের লাইসেন্স দেবার ব্যবস্থা ছিল সেইহেতু এই সরকারও কি তাই করছেন ?

ডঃ অশোক মিত্র ঃ মাননীয় সদস্য হয়ত উপস্থিত ছিলেন না, আমি আগেই উত্তর দেবার সময় বলেছি যে আমরা কতকগুলি আইন সংশোধনের চেষ্টা করছি এবং যথাসময়েই তা আপনাদের জানাবো।

শ্রীকাশীকান্ত মৈত্র ঃ আমি শ্রীবিনয় কোঙ্গার মহাশয়ের প্রশ্নের জের টেনে আবার বলছি যে আপনারাও মনে করেন এবং আমরাও মনে করি, দেশের অপসংস্কৃতিকে রোখবার একটা বড় মাধ্যম হল বা পথ হল এই ধরণের অপরাধ প্রবণতাকে রোখবার চেষ্টা করা এবং যথেষ্টভাবে সেই চেষ্টায় ব্রতী হওয়া। সেটা করতে গেলে এটা নিশ্চয় পথ হতে পারে না যে আরো ব্যাপকভাবে দেশী এবং বিলিতি মদের লাইসেন্স দেওয়া, মানুষকে আরো মাদকতার দিকে টেনে নিয়ে যাওয়া। আমার জিজ্ঞাস্য, এটা কি অপসংস্কৃতির সহায়ক হচ্ছে, না, এটা অপসংস্কৃতিকে রোখবার পদক্ষেপ হচ্ছে ?

ডঃ অশোক মিত্র ঃ আপনাদের অবগতির জন্য জানাচ্ছি ১৯৭২-৭৩ সাল থেকে গড়পড়তা চোলাই মদের লাইসেন্স দেওয়ার যে হার, সেটা গত এক বছরে শতকরা ৯০ ভাগ নেমে এসেছে।

**শ্রীসুনীতি চট্টরাজঃ** মন্ত্রীমহাশয় কি জানাবেন—আপনি বললেন যে বে-আইনী চোলাই মদ বন্ধ করার জন্য স্টেপ নিচ্ছেন, আপনি কি জানাবেন এই পর্য্যন্ত স্পেসিফিক কটা কেস হয়েছে, ক্রিমিন্যাল বা একসাইজ কেস ?

**ডঃ অশোক মিত্রঃ** নোটিশ দিলে বলতে পারবো।

**শ্রীসত্যরঞ্জন বাপুলিঃ** মন্ত্রীমহাশয় জবাদ দেবার সময় উত্তেজিত ভাবে বললেন শতকরা ৯০ ভাগ কমে গেছে, এই যে পার্সেণ্টেজ দিলেন, এটা কিসের ভিত্তিতে বললেন ?

**ডঃ অশোক মিত্রঃ** আমার জ্ঞানের ভিত্তিতে বললাম।

**শ্রীমলিন ঘোষঃ** মন্ত্রীমহাশয় বলবেন কি, ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সালের মধ্যে কত মদের দোকান খুলেছিলেন ?

**মিঃ স্পীকারঃ** এই প্রশ্ন আসে না।

**শ্রীদেবপ্রসাদ সরকারঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে চোলাই মদের কারবার বন্ধ করার জন্য আইন সম্মত মদের দোকান করার কথা বলছেন, এর দ্বারা কি চোলাই মদের দোকানগুলোকে আইনসম্মত করবার চেষ্টা করলেন ? এর দ্বারা কার্য্যতঃ চোলাই মদের কারবার আইনসম্মত করা হলো না কি ?

**ডঃ অশোক মিত্রঃ** আপনি যা বললেন, আমি তা বলিনি।

**শ্রীসুনীতি চট্টরাজঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, বর্তমান ভারত সরকারের প্রধান মন্ত্রী মোরারজী দেশাই মাদক দ্রব্য রেস্ট্রিকশন করার জন্য একটা রিকোয়েস্টিং লেটার মন্ত্রীমহাশয়ের কাছে পাঠিয়েছেন কি না ?

**মিঃ স্পীকারঃ** এটা কি করে আসে ? দি কোশ্চেন ডাজ নট এ্যারাইজ।

## পশ্চিমবঙ্গ অর্গানাইজার টিচার্স এসোসিয়েশনের দাবিপত্র

*৫৩। ( অনুমোদিত প্রশ্ন নং *৮৬। ) **শ্রীসন্দীপ দাসঃ** শিক্ষা ( প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার ) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিগত ৭ই সেপ্টেম্বর পশ্চিমবঙ্গ অর্গানাইজার টিচার্স এসোসিয়েশন সরকারের নিকট কোন দাবিপত্র পেশ করিয়াছেন ; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, ঐ দাবিগুলি পূরণের জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন ?

শ্রীপার্থ দে ঃ

(ক) যতদূর জানা যাচ্ছে ঐ তারিখে ঐরকম কোন দাবী পত্র পাওয়া গেছে বলে মনে হয় না।

(খ) এ প্রশ্ন উঠে না।

শ্রীসন্দীপ দাস ঃ বিগত ৭ই সেপ্টেম্বর পশ্চিমবঙ্গ অর্গানাইজার টিচার এ্যাসোসিয়েশন একটা রিপ্রেজেনটেশন দিয়েছিল এবং এই বিধানসভায় এসেছিল, মন্ত্রী মহাশয় কি এই বিষয়ে অবহিত আছেন ?

শ্রীপার্থ দে ঃ না, অবহিত নই।

শ্রীসন্দীপ দাস ঃ গণ ডেপুটেশন-এ এসেছিল এবং এই হাউসে রেফার হয়েছিল, এই বিষয়ে কি তিনি কিছু জানেন ?

[1-30—1-40 P.M.]

শ্রীপার্থ দে ঃ না, এই বিষয়ে আমি অবহিত নই।

শ্রীসন্দীপ দাস ঃ এই বিষয়ে তো আপনি এখন অবহিত হলেন, এখন আপনি এই বিষয়ে কিছু বলবেন ?

শ্রীপার্থ দে ঃ আপনার প্রশ্ন থেকে আমি এখন অবহিত হলাম।

শ্রীকাশীকান্ত মৈত্র ঃ মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করাতে উনি ডেপুটেশনের কথা অস্বীকার করলেন, রিপ্রেজেনটেশনের কথা অস্বীকার করলেন, মন্ত্রী মহাশয় কি অবগত আছেন অর্গানাইজার টিচাররা এই সরকারের আচরণ বিধির প্রতিবাদে হাইকোর্টে প্রতিবাদ জানিয়েছেন এবং মামলা করেছেন। হাইকোর্টের বিচারপতি রুল জারী করে ইনজাংশন দিয়েছেন, এই বিষয়ে মন্ত্রী মহাশয় কি আলোকপাত করবেন ?

শ্রীপার্থ দে ঃ স্যার, হাইকোর্ট সম্পর্কে এখানে কোনও প্রশ্ন ছিল না, সে বিষয়ে প্রশ্ন থাকলে, উত্তর দিতাম। তবুও বলছি, হ্যাঁ, হাইকোর্টে মামলা আছে।

শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে, অর্গানাইজার টিচার্স এসোসিয়েশন-এর যে দাবী সেই দাবীকে অগ্রাহ্য করে আপনারা কি

আপনাদের সব ক্যাডারদের ঢোকাবার চেষ্টা করছেন, এই অভিযোগ কি তারা করছে ?

**শ্রীপার্থ দে :** কংগ্রেস বা অন্য কোনও দলের ক্যাডারদের ঢোকাবার কোনও পরিকল্পনা বামফ্রন্ট সরকারের নেই। শিক্ষক নিয়োগ সম্পর্কে আমরা একটা সাধারণ নিয়োগ নীতি ঠিক করেছি। ঐ নীতিতে বলা হয়েছে সমস্ত যোগ্য প্রার্থীদের চাকুরী দেওয়া হবে। কিন্তু আমি যদি ঠিক বুঝে থাকি তাহলে, তাদের দাবী হচ্ছে তাদের সরাসরি নিতে হবে, পরীক্ষা করা চলবে না। আমাদের বরাবরই বক্তব্য ছিল যে, যারা সাধারণ নিয়োগ নীতির মাধ্যমে নির্বাচিত হবে তাদের নেওয়া হবে। এই হচ্ছে বিরোধের মূল বিষয়বস্তু।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী :** মাননীয় মন্ত্রী মহাশয় জবাব দেবার সময় বললেন কংগ্রেসী ছেলে হলে হবে না এবং বললেন পরীক্ষা করে দেওয়া হবে। তাহলে কি কংগ্রেসী ছেলে বলে পরিচিত কোন ছেলের চাকুরী হবে না ?

**শ্রীপার্থ দে :** কংগ্রেস কেন, যে কোনও দলের ছেলে নির্বাচিত হলেই সে চাকুরী পাবে।

**শ্রীসন্দীপ দাস :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে, অর্গানাইজার টিচার্স এসোসিয়েশন-এর সদস্য ভুক্ত কারা এই ধরণের শিক্ষক যারা স্কুল রিকগনাইজড করেছে, তাদেরও আবার স্বীকৃতি দেওয়া হচ্ছে, এই ধরণের ঘটনার কথা জানেন কি ?

**শ্রীপার্থ দে :** বিগত দিনে হয়েছে।

**শ্রীসন্দীপ দাস :** ১৯৭৭ সালের ২৫শে সেপ্টেম্বর, কাকদ্বীপ থানার চণ্ডিপুর গ্রামে এই রকম একটা স্কুল স্বীকৃতি লাভ করেছে, এটা কি আপনি জানেন ?

**শ্রীপার্থ দে :** না জানিনা। এই রকম ঘটনা মাননীয় সদস্যর জানা থাকলে বলবেন, আমি জেলা স্কুল কর্তৃপক্ষের সঙ্গে কথা বলে জেনে নেব।

**শ্রীসুনীতি চট্টরাজ :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যে, ২৭ বছর ধরে এই অর্গানাইজার টিচাররা স্কুল করার ব্যাপারে কোটার ব্যবস্থা করেছেন এবং বর্তমানে বামফ্রন্ট সরকার আসার পর তাদের উপর অবিচার করা হচ্ছে ? সেই অবিচার দূর করার জন্য মন্ত্রী মহাশয় কি চেষ্টা করবেন ?

**শ্রীপার্থ দেঃ** স্যার, আমি এই প্রশ্নের উত্তরে সভার অবগতির জন্য একটা কথা বলতে চাই, বিগত কয়েক বছর ধরে, বিশেষ করে '৭২ সালের পর থেকে সমস্ত জায়গায় গ্রামের ছেলেদের ভাঁওতা দেওয়া হয়—যাঁরা শাসক দলে ছিলেন, সেই কংগ্রেসী দলের থেকে তাঁরা বললেন যে, তোমরা স্কুল করো, আমরা সমস্ত স্কুলকে রিকগনাইজেসন দেব। আমাদের কাছে বহু অভিযোগ আছে, বহু মামলা হয়েছে যে, দলের পাণ্ডা বা নেতাগোছের লোকরা এই সব বহু যুবকের কাছ থেকে বহু অর্থ সংগ্রহ করেছিল। মানুষকে তারা প্রতিশ্রুতি দিয়েছিল এবং অর্থ সংগ্রহ করেছিল। তখনকার দিনে পশ্চিমবঙ্গ সরকারের এত ক্ষমতা ছিল না, যে এতগুলি স্কুল করবে। সেইজন্য বিভিন্ন জেলায় প্রাইমারী স্কুল করার কোটা নির্দিষ্ট করা হয়েছিল এবং সেই কোটা অনুযায়ী অর্থ বরাদ্দ আছে। কিন্তু তারা সেই কোটা ইউটিলাইস করতে পারেননি, স্কুল সংস্থাপন করতে পারেননি। তাদের দলের মধ্যে অনেক ছোট ছোট দল সৃষ্টি হয়েছিল এবং তাদের মধ্যে অনেক ধরণের ঝগড়া, বিরোধ, মামলা, মারামারি হয়েছিল। তাদের বেশীরভাগ ক্ষেত্রেই কোনও স্কুল ছিল না, লোকের নাম লেখা ছিল যে, স্কুল করছি, অমুক করছি। একটা সমিতি টমিতি হয়ত করেছিল। আমরা এসে দেখলাম যে, এইভাবে বিদ্যালয় ব্যবস্থা চলতে পারে না। সেই জন্য আমরা ঠিক করেছি যে গ্রামে স্কুল নেই সেই গ্রামে স্কুল স্থাপন করা হবে এবং সেখানকার যোগ্য ছেলে-মেয়েরা, যারা কাজ করতে চান, এবং যোগ্যতার ভিত্তিতে নির্বাচিত হবেন তাঁরা চাকুরী পাবেন। এই হচ্ছে ব্যাপার এই হচ্ছে কংগ্রেসের আপত্তির কারণ।

**শ্রীসুনীতি চট্টোরাজঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, দয়া করে বলবেন কি, কোন গভর্ণমেন্ট অর্ডার অনুযায়ী কংগ্রেস সরকার বলেছিল তাদের ঢালাও স্কুল করতে, দয়া করে আপনি গভর্ণমেন্ট অর্ডার নং এবং ফাইল নং জানাবেন কি ?

[ 1-40—1-50 P. M. ]

**শ্রীপার্থ দেঃ** আমি গভর্ণমেন্ট ফাইল থেকে কোট করছি না।

**শ্রীসুনীতি চট্টোরাজঃ** বর্তমানে এই চাকুরী দেওয়ার নাম করে যে ইন্টারভিউ করা হচ্ছে তা ফার্সে পরিণত হচ্ছে এবং অনেক ক্যানডিডেটের কাছ থেকে অর্থ সংগ্রহ করা হচ্ছে—এর বিরুদ্ধে কি বিচার করবেন ?

**শ্রীপার্থ দেঃ** এই ব্যাপারে আমার কাছে একটা অভিযোগও আসেনি ?

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** কংগ্রেস আমলে যে সমস্ত অর্গানাইজড স্কুল হয়েছিল আমরা দেখেছি কোন গ্রামে স্কুল হয়েছে আবার কোন গ্রামে স্কুল হয়নি—যেখানে হয়েছে সেখানে ৩।৪টি স্কুল আছে আবার যেখানে হয়নি সেখানে একটিও নেই—সুতরাং এই যে অর্গানাইজ স্কুলগুলি তৈরী হয়েছে তা কি প্রয়োজন ভিত্তিক হয়নি।

**শ্রীপার্থ দে ঃ** তা তো নিশ্চয়ই হয়নি। আমাদের পশ্চিমবাংলায় ৩৭ হাজার গ্রাম আছে এবং প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা হচ্ছে ৪৩ হাজার। সুতরাং যদি তারা প্রত্যেক গ্রামে একটি করে বিদ্যালয় করে দিতেন তাহলে স্কুলহীন গ্রাম থাকতো না।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** সেই কারণে স্কুলহীন ভিলেজে যেখানে তপশিলী এবং অনুন্নত সম্প্রদায়ের মানুষ বাস করেন সেখানে অগ্রাধিকার দেওয়ার সিদ্ধান্ত সরকার গ্রহণ করেছেন কি ?

**শ্রীপার্থ দে ঃ** হ্যাঁ, আমরা তা করেছি।

**শ্রীমহঃ নিজামুদ্দিন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি—বিগত সরকার একটি সার্কুলার দিয়েছিলেন কি যে, আপনাদের সমস্ত অর্গানাজাইড স্কুলগুলিকে রেকগনাইজড করবো না ?

**শ্রীপার্থ দে ঃ** হ্যাঁ, এটা সত্যি ?

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে অধিকাংশ ক্ষেত্রেই তদন্ত করে দেখা গেছে যে এই অর্গানাইজারস টিচারস যারা স্কুল অর্গানাইজড করছিলেন তা অধিকাংশই নন-একজিসটেন্স—আমি জিজ্ঞাসা করছি তাহলে কি স্বীকার করে নেওয়া হচ্ছে না যে অন্ততঃ কিছু ক্ষেত্রে অর্গানাইজার টিচারসরা যে স্কুল করেছিলেন সেগুলি জেনুইন—এগুলি কনসিডার করবেন কি ?

**শ্রীপার্থ দে ঃ** আমি আগেও বলেছি এবং আবার বলছি কেউ কেউ হয়তো প্রচেষ্টা করেছেন, এটা সত্যি কিন্তু ঐভাবে চাকুরী দেওয়া যায় না। অনেক ছেলে-মেয়ে চাকুরীর জন্য অপেক্ষা করছেন তাদের চাকুরী দিতে হবে। আমাদের সমাজে এখন পর্যন্ত ব্যক্তিগত উদযোগ নিতে পারেন তারাই যারা সমৃদ্ধশালী, বিত্তশালী এবং প্রভাবশালী ব্যক্তি। তাদের যদি আমরা নিই তাহলে তাদের স্বীকার করা হবে এবং তাদের সরাসরি চাকুরী দেওয়া হবে। কোনদিনও অনুন্নত এলাকা এবং তপশিলী এলাকার কথা বলা হবে না। এরং চাঁদা তুলতে

পারবে না, চ্যারিটি সো করতে পারবে না এবং নাম এনলিষ্ট করার জন্য ঘোরাফেরা করতে পারবে না, বিভিন্নভাবে, বিভিন্ন পক্ষকে এবং বিভিন্ন অংশকে যারা ক্ষমতাশালী লোক আছেন তাদের সন্তুষ্ট করতে পারবে না, গ্রাটিফাই করতে পারবে না এবং এটা গণতান্ত্রিক পথ হবে না। সেইজন্য আমরা ঠিক করেছি যেখানে স্কুল নেই সেখানে প্রাওরিটির ভিত্তিতে স্কুল স্থাপন করতে হবে এবং যোগ্যতার ভিত্তিতে চাকুরী দেওয়া হবে উদ্যোগের ভিত্তিতে নয় যারা বিজনেজ করবেন বলে আশা করছেন। সুতরাং কাউকে পেনালাইজ করার জন্য এটা হচ্ছে না। এটাই গণতান্ত্রিক পথ।

**শ্রীশৈলেন সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে বিগত সরকারের আমলে যে সমস্ত অর্গানাইজড টিচার ঢোকান হয়েছিল তাদের কোন ইণ্টারভিউ নেওয়া হয়নি জাল সার্টিফিকেট ধরে ঢোকান হয়েছিল, এখন পর্য্যন্ত সে ব্যাপারে কোন এনকোয়ারী হয়েছে কি ?

**শ্রীপার্থ দে ঃ** বিভিন্ন জায়গায় জাল সার্টিফিকেটের কথা শোনা গেছে, কিছু কিছু তদন্ত হয়েছে, কিছু কিছু হচ্ছে।

## ভাষা প্রশ্নে সরাকরী সিদ্ধান্ত

*৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩৪।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, ভাষার প্রশ্নে সরকারী সিদ্ধান্ত গ্রহণের পূর্বে সরকার সব কটি শিক্ষক সংগঠন, অভিভাবক সমিতি, বিশিষ্ট শিক্ষাবিদ ও বিভিন্ন ছাত্র সংগঠনের মতামত চেয়েছিলেন ?

**শ্রীপার্থ দে ঃ** না।

পঃ বঃ মধ্যশিক্ষা পর্ষদ সম্ভাব্য সকলের সাথে পরামর্শ করার পর সরকারের নিকট সুপারিশ করেছেন।

## বীরভুম জেলার মাধ্যমিক বিদ্যালয়সমূহে প্রয়োজনীয় শিক্ষক নিয়োগ

*৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৬।) **শ্রীশশাঙ্কশেখর মণ্ডল ঃ** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বীরভুম জেলার বহু মাধ্যমিক বিদ্যালয়ে ছাত্র সংখ্যা তথা শ্রেণী ও বিভাগ সংখ্যার অনুপাতে শিক্ষক সংখ্যা কম ;

(খ) সত্য হইলে, প্রয়োজন অনুপাতে শিক্ষক নিয়োগের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন ; এবং

(গ) কবে নাগাদ এই ব্যবস্থা গ্রহণ করা হইবে বলিয়া আশা করা যায় ?

**শ্রীপার্থ দেঃ** (ক) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে জানা গিয়াছে কিছু সংখ্যক বিদ্যালয়ে অতিরিক্ত শিক্ষকের প্রয়োজন।

(খ) এবং (গ) বিষয়টি বিবেচনাধীন নহে।

**শ্রীশশাঙ্কশেখর মণ্ডলঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে কয়টি বাকী আছে এই কয়টি কবে নাগাদ সম্পন্ন হবে ?

**শ্রীপার্থ দেঃ** সময় কিছু দেওয়া যাচ্ছে না, বিগত বহু বছর ধরে মাধ্যমিক শিক্ষা পর্ষদ যে পরিমাণ দরকার বলে বেঁধে দিয়েছেন সে পরিমাণ শিক্ষক পাওয়া যাচ্ছে না। বহু বছর ধরে অনেক বিদ্যালয়ের শিক্ষক-অশিক্ষক কর্মচারীর পদ খালি আছে, অনেক সমস্যা জমে আছে, সে সব পূরণ করতে হলে অনেক অর্থ বরাদ্দের প্রয়োজন, আমরা একের তিন অংশ পূরণ করেছি বাকীগুলি পূরণ করতে হবে। এ বছর আবার আমরা হিসাব করে দেখব কতটা পূরণ করতে পারি সেই অনুযায়ী দেওয়া হবে।

**শ্রীশশাঙ্কশেখর মণ্ডলঃ** এখন পর্যন্ত কোন ফাইনাল তালিকা মন্ত্রী মহাশয়ের ডিপার্টমেন্টে দেওয়া হয়েছে কি ?

**শ্রীপার্থ দেঃ** না। ফাইনাল তালিকা ডাইরেক্টরেটের কাছে আছে, শিক্ষকের তালিকাটা সমস্যা নয়, সমস্যা হচ্ছে শূন্য পদগুলি বহু বছর ধরে শূন্য থেকে গেছে, একসঙ্গে সেগুলি পূরণ করার জন্য যে অর্থের প্রয়োজন রাজ্য সরকারের শিক্ষা বিভাগের পক্ষে সম্ভব হবে না, ধাপে ধাপে করা হবে।

[ 1-50—2-00 P.M. ]

**শ্রীবিমল ঘোষঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে একের তিন অংশ পূরণ করা হবে এরজন্য জেলা ভিত্তিক ব্রেক আপ করা হয়েছে কি ?

**শ্রীপার্থ দেঃ** ব্রেক আপ নিশ্চই আছে তবে এরজন্য নোটিশ চাই।

**শ্রীসুনীতি চট্টরাজঃ** প্রাইমারি ও মাধ্যমিক স্কুলে শিক্ষক শূন্য পদে কিভাবে নিয়োগ করা হবে ?

**শ্রীপার্থ দেঃ** পরের প্রশ্নে এর উত্তর পাবেন।

**একাদশ-দ্বাদশ শ্রেণীর জন্য শিক্ষক নিয়োগ**

*৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৪০।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস:** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, নূতন নিয়ম অনুযায়ী একাদশ-দ্বাদশ শ্রেণীর বিদ্যালয়গুলিতে অতিরিক্ত দুজন ক'রে শিক্ষক নিয়োগের নির্দেশ সরকার দিয়েছেন ;

(খ) সত্য হ'লে, শিক্ষক নিয়োগের ব্যাপারে "ডি আই এফ স্কুল"-এর এক্তিয়ার কতখানি ; এবং

(গ) ঐরূপ বিদ্যালয়গুলিতে প্রয়োজনভিত্তিক শিক্ষক নিয়োগের ব্যাপারটি সরকার কি নূতন ক'রে বিবেচনা করছেন ?

**শ্রীপার্থ দে:** (ক) হ্যাঁ।

(খ) শিক্ষক নিয়োগ স্কুলের ম্যানেজিং কমিটি করিয়া থাকেন, তবে এই নিয়োগ মাধ্যমিক শিক্ষা অধিকর্তা বা ডি. আই. অব স্কুল এর অনুমোদন সাপেক্ষ।

(গ) বিষয়টি সরকারের বিবেচনাধীন, তবে সাময়িক ব্যবস্থা হিসাবে প্রয়োজনমত পার্ট টাইম শিক্ষক নিয়োগের ব্যবস্থা করা হইয়াছে।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস:** একাদশ ও দ্বাদশ স্কুলে পার্ট টাইম নিয়োগের ক্ষেত্রে অনাবশ্যক দেরীর কারণ কি ?

**শ্রীপার্থ দে:** অনাবশ্যক কিনা জানিনা তবে পরীক্ষা করে দেখতে হবে।

**শ্রীজয়ন্ত বিশ্বাস:** আপনি কি ডি. আই.-দের নির্দেশ দেবেন যাতে এটা তরান্বিত হতে পারে।

**শ্রীপার্থ দে:** নিশ্চয়ই দেবো তবে আমি বলে দিয়েছি ২ জন করে পুরা সময়ের শিক্ষক ও যে যে বিষয়ের শিক্ষক নেই সেখানে পার্ট টাইম শিক্ষক নিয়োগ করবেন। দেরী হবার কারণ হচ্ছে বহু স্কুলে কিছু শিক্ষক অতিরিক্ত যাদের শূন্য পদে নেওয়া যায় কিনা সেটা হিসাব করতে হবে।

**শ্রীজয়ন্ত বিশ্বাস:** ২ জন করে যে শিক্ষক নিয়োগ করা হবে তাদের কি স্থায়ী ভাবে নিয়োগ করা হবে ?

**শ্রীপার্থ দে:** প্রথম নিয়োগ কখনও স্থায়ীভাবে হয় না।

**শ্রীজয়ন্ত বিশ্বাস :** পার্ট টাইম যাদের নিয়োগ করা হচ্ছে তাদের চাকরির গ্যারান্টি কি থাকবে ?

**শ্রীপার্থ দে :** সমস্ত মাধ্যমিক ও উচ্চতর শিক্ষা ব্যবস্থার কোন পরিকল্পনা ছিলো না যা এখন করা হচ্ছে। তবে বর্তমানে ও ভবিষ্যতে যারা নিযুক্ত হবেন তাদের চাকরীর নিরাপত্তা নিশ্চয়ই দেখতে হবে ?

**শ্রীসুমন্তকুমার হিরা :** একাদশ শ্রেণীর শিক্ষকদের বেতনের হার কি হবে ?

**শ্রীপার্থ দে :** মাধ্যমিক শিক্ষকদের মত হবে।

**শ্রীসন্তোষকুমার দাস :** পার্ট টাইম শিক্ষক যাদের নেবেন তাদের সর্বোচ্চ সংখ্যা কত হবে ?

**শ্রীপার্থ দে :** এখন বলতে পারবো না।

**শ্রীঅতীশ সিংহ :** একাদশ দ্বাদশ শ্রেণী হওয়ার জন্য করনীকদের কাজ কিছু বেড়েছে সে হিসাবে তাদের কিছু বেশী এ্যলাউন্স দেওয়া বা নতুন করনীক দেওয়ার কথা চিন্তা করছেন কি ?

**শ্রীপার্থ দে :** আংশিক সময়ের করনীকের ব্যবস্থা করা হচ্ছে।

**(Unstarred Questions to which written Answers were laid on the Table)**

## পশ্চিমবঙ্গের নূতন মিউনিসিপ্যালিটি গঠন

১। (অনুমোদিত প্রশ্ন নং ২৩।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস :** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আগামী বছরে পশ্চিম বাংলায় নতুন কিছু মিউনিসিপ্যালিটি গঠন করার পরিকল্পনা সরকারের আছে কিনা ;

(খ) থাকিলে, কয়টি এবং কোথায় কোথায় ; এবং

(গ) নদিয়া জেলার করিমপুরে নতুন মিউনিসিপ্যালিটি গঠনের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ?

**স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) হ্যাঁ।

(খ) বর্তমানে চব্বিশপরগণা জেলার যাদবপুর, ডায়মণ্ডহারবার ও হাবড়ায়, নদিয়া জেলার বেথুয়াডোহরী ও রানাঘাট কুপার্স ক্যাম্প এলাকায়, মুর্শিদাবাদ জেলার ঔরঙ্গাবাদ ও বেলডাঙ্গায়, হাওড়া জেলার উলুবেড়িয়া, মেদিনীপুর জেলার ঝাড়গ্রামে এবং পশ্চিম দিনাজপুর জেলার ইসলামপুর ও কালিয়াগঞ্জে মোট ১১টি মিউনিসিপ্যালিটি গঠন করার প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে। যাদবপুর ও বেলডাঙ্গায় এই বছরে এবং হাবড়ায় আগামী বছরে পৌরসভা গঠন করার সম্ভাবনা আছে। নদিয়া জেলার গয়েশপুর এবং সন্নিহিত কয়েকটি অঞ্চল নিয়ে একটি নোটিফায়েড এরিয়া অথরিটি গঠন করা হয়েছে। কোচবিহার জেলার চারিটি টাউন কমিটিকে মিউনিসিপ্যালিটিতে রূপান্তরের প্রশ্নও বিবেচনাধীন আছে।

গ) এরূপ কোন প্রস্তাব সরকারের বিবেচনাধীন নাই।

## লিকুইডেটেড সমবায় সমিতি

২। (অনুমোদিত প্রশ্ন নং ৩৯।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস**ঃ সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে লিকুইডেটেড সমবায় সমিতিগুলির সংখ্যা কত;

(খ) উক্ত সোসাইটির অনাদায়ী ঋণের পরিমান কত; এবং

(গ) ঐ সব ঋণ আদায়ের জন্য সরকার কি ব্যবস্থা নিচ্ছেন বা নিয়েছেন?

**সমবায় বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) ৬৯৩৩টি (১৯৭৬-৭৭ সালের পরিসংখ্যান অনুযায়ী)।

(খ) ২ কোটি ৪৮ হাজার টাকা।

(গ) লিকুইডেশন আদেশপ্রাপ্ত সমিতিগুলিতে লিকুইডেশন সংক্রান্ত যাবতীয় কাজ নির্বাহ করার জন্য নিযুক্ত লিকুইডেটররা সমবায় নিয়মাবলী অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছেন। এই কাজে তদারকি করার জন্য জেলা স্তরে একজন ক'রে সমবায় উন্নয়ন আধিকারিক নিযুক্ত আছেন। ১৯৭৬-৭৭ সালের হিসেব অনুযায়ী এই সমিতিগুলি থেকে অনাদায়ী ঋণ ও অন্যান্য পরিসম্পদ খাতে মোট ৪ লক্ষ ৭ হাজার টাকা আদায় করা সম্ভব হয়েছে।

## রুগ্ন শিল্প

৩। ( অনুমোদিত প্রশ্ন নং ৪১। ) **শ্রীজন্মেজয় ওঝাঃ** বন্ধ ও রুগ্ন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকার ৩০এ অক্টোবর, ১৯৭৮ তারিখ পর্যন্ত কতগুলি রুগ্ন শিল্পের দায়িত্ব গ্রহণ করেছেন ;

(খ) সেইসব শিল্পে কত টাকা অনুদান ও ঋণ হিসাবে দিয়াছেন ; এবং

(গ) পশ্চিমবঙ্গে এরূপ আর কতগুলি রুগ্ন শিল্প আছে ?

**বন্ধ ও রুগ্ন শিল্প বিভাগের মন্ত্রীমহাশয়ঃ** (ক৷ ১১টি।

(খ) ৭৫৪·৮৭ লক্ষ টাকা।

(গ) জানা নাই।

## মেদিনীপুর জেলায় ত্রাণসামগ্রী প্রেরণ

৪। ( অনুমোদিত প্রশ্ন নং ৪৯। ) **শ্রীকিরন্ময় নন্দঃ** ত্রাণ ও কল্যাণ ( ত্রাণ ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত মেদিনীপুর জেলার কোন্ কোন্ ব্লকে কি পরিমাণ অর্থ ও ত্রাণসামগ্রী এপর্যন্ত পাঠান হইয়াছে ?

**ত্রাণ ও কল্যাণ ( ত্রাণ ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** এতৎসম্পর্কে একটি বিবরণী লাইব্রেরী হলের টেবিলে রাখা হইল।

## পটাশপুর ব্লকে ফুড ফর ওয়ার্ক স্কীমের কাজ

৫। ( অনুমোদিত প্রশ্ন নং ৬৭। ) **শ্রীজন্মেজয় ওঝাঃ** ত্রাণ ও কল্যাণ ( ত্রাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, ১লা আগষ্ট, ১৯৭৮ হইতে ৩১শে অক্টোবর, ১৯৭৮ পর্যন্ত মেদিনীপুর জেলার পটাশপুর ব্লকের কোন্ কোন্ অঞ্চলে ফুড ফর ওয়ার্ক স্কীমে কয়টি কাজ হয়েছে ?

**ত্রাণ ও কল্যাণ ( ত্রাণ ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** ১লা অগাস্ট, ১৯৭৮ হইতে ৩১এ অক্টোবর, ১৯৭৮ পর্যন্ত মেদিনীপুর জেলার পটাশপুর ব্লকে বিভিন্ন অঞ্চলে ফুড ফর ওয়ার্ক স্কীমে যে কয়টি কাজ হয়েছে তার অঞ্চলওয়ারী হিসাব নিম্নরূপ ঃ

| অঞ্চলের নাম | | স্কীমের সংখ্যা |
|---|---|---|
| অঞ্চল-১ গোকুলপুর | ... | ৫ |
| অঞ্চল-২ নয়পুর | ... | ৫ |
| অঞ্চল-৬ গোপালপুর | ... | ৫ |
| অঞ্চল-৭ অমর্ষি | ... | ১০ |
| অঞ্চল-৮ চিষ্টিপুর | ... | ৬ |
| অঞ্চল-৯ বরহাল | ... | ৬ |

## মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিল

৬। (অনুমোদিত প্রশ্ন নং ৭৪।) **শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়, শ্রীআতাহার রহমান, শ্রীআবুল হাসনাৎ খান ও শ্রীদীনবন্ধু মাঝিঃ** মুখ্যমন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জনাইবেন কি—

(ক) মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে ৩১শে অক্টোবর, ১৯৭৮, পর্যন্ত কত টাকা জমা পড়িয়াছে ; এবং

(খ) ইতিপূর্বে ঐ তহবিলে সর্বাধিক জমা টাকার পরিমাণ কত এবং তাহা কোন্ বৎসরের ?

**মুখ্যমন্ত্রী মহাশয়ঃ** (ক) মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে ২৮শে আগস্ট, ১৯৭৮ হইতে ৩১এ অক্টোবর, ১৯৭৮ পর্য্যন্ত সংগ্রহের পরিমাণ—টাঃ—১,৪০,৭৯,৯৩২·১৫।

(খ) ইতিপূর্বে এই তহবিলের সর্বোচ্চ সংগ্রহের পরিমাণ টাঃ ১৬,২০,৫০৮·০৩ এবং উহা ডিসেম্বর, ১৯৭৭ হইতে আগস্ট, ১৯৭৮-এর মধ্যে অন্ধ্র ও তামিলনাড়ুর বন্যার্তদের সাহায্যার্থে সংগৃহীত হইয়াছিল।

## বন্যাবিধ্বস্ত মুর্শিদাবাদ জেলায় খয়রাতী সাহায্য

৭। (অনুমোদিত প্রশ্ন নং ৭৫।) **শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়, শ্রীআতাহার রহমান, শ্রীআবুল হাসনাৎ খান এবং শ্রীদীনবন্ধু মাঝি**: ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সাম্প্রতিক বন্যবিধ্বস্ত মুর্শিদাবাদ জেলার জন্য ব্লকওয়ারী কি প্রকারের খয়রাতী সাহায্য অদ্যাবধি দেওয়া হইয়াছে; এবং

(খ) ব্লকওয়ারী উক্ত প্রত্যেক প্রকার দ্রব্যগুলির পরিমাণ কত?

**ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয়**: (ক) ও (খ) সাম্প্রতিক বন্যাবিধ্বস্ত মুর্শিদাবাদ জেলায় প্রদত্ত ব্লকওয়ারী খয়রাতী সাহায্যের প্রকার ও পরিমাণ-সম্বলিত বিবরণী পেশ করা হইল।

Statement referred to in reply to clasue 'ka' and 'kha' of unstarred question No. 7 (Admitted question No. 75)

**Relief measures undertaken**

| Name of sub-divission | Name of Block | Relief measures undertaken up to 9.11.1978 | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | Wheat in qtls. | Atta in qtls. | Rice in qtls. | Chira in qtls. | Gur in Tins. |
| | | (17a) | (17b) | (17c) | (17d) | (17e) |
| Sadar | Berhampore (including municipality). | 2,432·00 | 24·82 | 520·00 | 65·32 | 65 |
| | Beldanga-I | 3,930·00 | 200·00 | 1,700·00 | 43·00 | 54 |
| | Beldanga-II | 3,740·00 | 50·00 | 1,520·00 | 103·84 | 120 |
| | Hariharpara | 450·00 | .... | .... | 8·00 | 10 |
| | Nowda | 2,000·00 | 204·00 | 650·00 | 13·00 | 15 |
| | Domkal | 900·00 | .... | .... | 15·00 | 16 |
| | Jalangi | 2,400·00 | .... | 100·00 | 35·00 | 41 |
| | Total | 15,852·00 | 478·82 | 4,490·00 | 283·16 | 321 |

| Name of sub-divission | Name of Block | Relief measures undertaken up to 9-11-1978 | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | Wheat in qtls. | Atta in qtls. | Rice in qtls. | Chira in qtls. | Gur in Tins. |
| | | (17a) | (17b) | (17c) | (17d) | (17e) |
| Lalbagh | Bhagwangola-I | 5,745·00 | .. | 125·00 | 118·70 | 97 |
| | Bhagwangola II | 6,135·00 | . | 125·00 | 235·00 | 276 |
| | Raninagar-I | 4,575·00 | .... | 75·00 | 144·64 | 127 |
| | Raninagar-II | 6,815·00 | .... | 125·00 | 181·00 | 225 |
| | Murshidabad-Jiaganj | 7,230·00 | .... | 16·00 | 5·00 | 5 |
| | Lalgola | 2,530·00 | . | 150·00 | 264·50 | 331 |
| | Nabagram | 1,810·00 | .... | 280·00 | 91·34 | 185 |
| | Total | 34,840·00 | .... | 896·00 | 1,040·18 | 1,246 |
| Kandi | Kandi | 3,699·00 | 424·25 | 1,546·00 | 245·25 | 143 |
| | Khargram | 2,635·69 | 46·80 | 810·69 | 53·08 | 38 |
| | Burdwan | 3,876·50 | 371·69 | 984·50 | 122·31 | 85 |
| | Bharatpur-I | 2,721·79 | 417·50 | 823·79 | 300·40 | 274 |
| | Bharatpur-II | 1,712·00 | 164·90 | 597·00 | 124·22 | 119 |
| | Total | 14,644·98 | 1,425·14 | 4,761·98 | 845·26 | 659 |
| Jangipur | Raghunathganj-I | 740·00 | .... | .... | 11·78 | 19 |
| | Raghunathganj II | 6,000·00 | .... | .... | 109·52 | 133 |
| | Sagardighi | 2,100·00 | ... | ... | 22·41 | 21 |
| | Suti-I | 5,195·00 | .... | .... | 151·58 | 193 |
| | Suti-II | 5,830·00 | .... | .... | 112·02 | 137 |
| | Samserganj | 5,410·00 | .... | .... | 95·00 | 120 |
| | Farakka | 5,845 00 | .... | .... | 92·32 | 122 |
| | Total | 31,120·00 | .... | .... | 594·63 | 745 |
| | **Grand Total** | **96,456·98** | **1,903·96** | **10,147·98** | **2,763·23** | **2,971** |

Statement referred to in reply to clause 'ka' and 'kha' of unstarred question No. 7 (Admitted question No. 75)

| Name of sub-division | Name of Block | Relief measures undertaken up to 9.11.1978 | | | |
|---|---|---|---|---|---|
| | | Bread in pieces | Muri and Murki in bags | Milk Powder in bags | Emergency Ration in cartons. |
| | | (17f) | (17g) | (17h) | (17i) |
| Sadar | Berhampore | 35,100 | .... | ... | .... |
| | Beldanga-I | 100,000 | 22 | 15 | .. |
| | Beldanga-II | 62,316 | 30 | 22 | .... |
| | Hariharpara | .... | .... | .... | .... |
| | Nowda | 25,810 | .... | 10 | .. |
| | Domkal | .... | .... | 5 | .... |
| | Jalangi | .... | .... | 8 | .... |
| | Total | 223,226 | 52 | 60 | ... |
| Lalbagh | Bhagwangola-I | .... | .... | 5 | .. . |
| | Bhagwangola-II | 19,492 | .... | 17 | .... |
| | Raninagar-I | | | 5 | .... |
| | Raninagar-II | .... | .... | 5 | ... |
| | Murshidabad-Jiaganj | 597 | .... | .... | .. . |
| | Lalgola | 23,935 | .... | 10 | 5 |
| | Nabagram | 78,940 | 10 | 30 | .... |
| | Total | 122,964 | 10 | 72 | 5 |
| Kandi | Kandi | 95,508 | 27 | 121 | .... |
| | Khargram | 3,400 | 21 | 109 | . |
| | Burwan | 2,400 | 24 | 88 | .... |
| | Bharatpur-I | 23,695 | 104 | 145 | .... |
| | Bharatpur-II | 4,800 | 24 | 62 | .... |
| | Total | 129,803 | 200 | 525 | .... |

| Name of sub-division | Name of Block | Relief measures undertaken up to 9-11-1978 | | | |
|---|---|---|---|---|---|
| | | Bread in pieces | Muri and Murki in bags | Milk Powder in bags | Emergency Ration in cartons. |
| | | (17f) | (17g) | (17h) | (17i) |
| Jangipur | Ranganathganj-I | .... | .... | 1 | .... |
| | Ranganathganj-II | ... | .. . | 9 | 7 |
| | Sagadighi | .... | .... | 1 | .. |
| | Suti-I | .... | .... | 8 | .... |
| | Suti-II | .... | .... | 6 | .... |
| | Samserganj | .... | .... | 4 | 5 |
| | Farakka | .. . | .... | 8 | .... |
| | Total | .... | .... | 37 | 12 |
| | Grand Total | 475,993 | 262 | 694 | 17 |

## হুগলী জেলায় আদিবাসী উন্নয়ন প্রকল্প

৮। (অনুমোদিত প্রশ্ন নং ৯৩।) **শ্রীদেবনারায়ণ চক্রবর্তী ঃ** তফসিলী জাতি ও আদিবাসী কল্যাণ এবং উন্নয়ন পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলী জেলায় আদিবাসী উন্নয়নের জন্য কি কি পরিকল্পনা পশ্চিমবঙ্গ সরকার গ্রহণ করিয়াছেন :

(খ) ঐ সমস্ত পরিকল্পনাগুলির মধ্যে বেকার যুবকদের কর্মসংস্থানের কোন উদ্যোগ লওয়া হইয়াছে কিনা, এবং

(গ) যদি (ক) ও (খ) প্রশ্নের উত্তর হ্যাঁ হয় তবে ঐ পরিকল্পনাগুলির কাজ কতদূর অগ্রসর হইয়াছে।

**তপসিলী জাতি ও আদিবাসী কল্যাণ এবং উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় ঃ**

(ক) অন্যান্য জেলার মত হুগলী জেলায়ও আদিবাসীদের শিক্ষা, অর্থ নৈতিক ও সাংস্কৃতিক উন্নয়নমূলক বিবিধ কর্মসূচী রূপায়িত হইতেছে। ইহা ছাড়া, উপ-পরিকল্পনার

অধীনে সুসংবদ্ধ আদিবাসী উন্নয়ন প্রকল্পটিও পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক উক্ত জেলাস্থিত আদিবাসীদের উন্নয়নকল্পে গৃহীত হইয়াছে ও রূপায়িত হইতেছে।

(খ) হ্যাঁ, লওয়া হইয়াছে।

(গ) উপরোক্ত উপ-প্রকল্প এলাকায় কর্মসংস্থানের ও উৎপাদনমুখী কার্য্যের জন্য চারিটি পরীক্ষামূলক সমবায় সমিতি স্থাপিত হইয়াছে। এতদ্ব্যতীত, আটটি সমবায় সমিতির মাধ্যমে আটটি আদিবাসী শাখা স্থাপিত করিয়া আদিবাসীদের অর্থকরী কর্মসূচী লওয়া হইয়াছে। প্রশিক্ষণ তথা উৎপাদন কেন্দ্র পরিচালনা, জমির সেচ ব্যবস্থা, গবাদি পশুপালন প্রভৃতি উন্নয়নমূলক কর্মসূচীও গ্রহণ করা হইয়াছে।

## ইলেকট্রনিক ফ্যাক্টরী স্থাপন পরিকল্পনা

৯। ( অনুমোদিত প্রশ্ন নং ৯৬ )। **শ্রীমহম্মদ নিজামুদ্দিন**ঃ শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গ সরকারের ইলেকট্রনিক ডেভেলপমেণ্ট করপোরেশন এবং ফিলিপ্‌স্‌ ইণ্ডিয়া লিমিটেড কোম্পানীর কলিকাতাস্থিত টেলিকমিউ-নিকেশন ফ্যাক্টরীর সহিত যৌথ উদ্যোগে পশ্চিমবঙ্গে একটি নতুন ইলেকট্রনিক ফ্যাক্টরী স্থাপন করার পরিকল্পনা করিয়াছেন ;

(খ) সত্য হইলে, উক্ত পরিকল্পনা বর্তমানে কতদূর অগ্রসর হইয়াছে ;

(গ) উক্ত পরিকল্পনার যৌথ উদ্যোগ সম্পর্কিত চুক্তির শর্তাবলী কি কি ; এবং

(ঘ) উক্ত কারখানা চালু হওয়ার ফলে বর্তমানে ফিলিপ্‌স্‌ ইণ্ডিয়া লিমিটেড এ কর্মরত সকল শ্রমিক কর্মচারীর স্বার্থ কোনভাবে ক্ষুণ্ণ হওয়ার সম্ভাবনা আছে কিনা ?

**শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয়**ঃ (ক) হ্যাঁ।

(খ) প্রকল্পটি রূপায়ণের জন্য কেন্দ্রীয় সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষসমূহের নিকট হইতে এম আর টি পি অ্যাক্ট, ফরেন এক্সচেঞ্জ রেগুলেশন অ্যাক্ট এবং কোম্পানীজ অ্যাক্ট অনুযায়ী প্রয়োজনীয় সকল অনুমতি পাওয়া গিয়াছে এবং ওরেবেল টেলিকমিউ-নিকেশন ইণ্ডাষ্ট্রিজ নামে একটি নতুন কোম্পানী গঠনের ব্যবস্থা করা হইতেছে।

(গ) ফিলিপ্‌স্‌ ইণ্ডিয়া লিমিটেড-এর সহিত চুক্তি অনুযায়ী নতুন কোম্পানী ইকুইটি শেয়ারের ৬০ শতাংশের অধিকারী হইবেন ওয়েস্ট বেঙ্গল ইলেকট্রনিক ডেভেলপ্‌মেণ্ট করপোরেশন এবং বাকি ৪০ শতাংশের অধিকারী হইবেন ফিলিপ্‌স্‌

ইণ্ডিয়া লিমিটেড। কলিকাতাস্থ ফিলিপ্‌স্‌ কোম্পানীর টেলিকম ফ্যাকটরীর সমুদয় সম্পত্তি নতুন কোম্পানীতে হস্তান্তর করা হইবে এবং ঐ সম্পত্তির মোট মূল্য ফিলিপ্‌স্‌ কোম্পানীর দেয় ইকুইটি শেয়ার খাতে রূপান্তরিত করা হইবে।

(ঘ) না।

### শিলিগুড়িতে মহিলা কলেজ স্থাপন পরিকল্পনা

১০। ( অনুমোদিত প্রশ্ন নং ১০৫। ) **শ্রীদীপক সেনগুপ্ত ঃ** শিক্ষা ( উচ্চতর ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) শিলিগুড়িতে একটি মহিলা কলেজ খোলার জন্য সরকার স্থানীয় শিক্ষানুরাগীদের তরফ হইতে কোন প্রস্তাব বা পরিকল্পনা পাইয়াছেন কি ; এবং

(খ) পাইয়া থাকিলে—

(১) উক্ত পরিকল্পনা কি কার্যকরী করা হইবে ; এবং

(২) কবে নাগাত উক্ত কলেজ স্থাপন হইবে বলিয়া মনে হয় ?

**শিক্ষা ( উচ্চতর ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ।

(খ) (১) ও (২) উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের নিকট এই সম্পর্কে একটি রিপোর্ট চাওয়া হইয়াছে। রিপোর্টটি পাওয়া গেলে এবং প্রস্তাবিত কলেজের সংগঠন কমিটি নূতন কলেজ স্থাপনের প্রয়োজনীয় শর্তাদি পূরণ করিলে বিষয়টি সরকার বিবেচনা করিয়া দেখিবেন।

### ত্রাণ সামগ্রী প্রেরণ

১১। ( অনুমোদিত প্রশ্ন নং ১২৭। ) **শ্রীসুনীতি চট্টরাজ ঃ** ত্রাণ ও কল্যাণ ( ত্রাণ ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের সাম্প্রতিক বন্যার পর বামফ্রন্ট সরকার কোন্‌ জেলায় কত পরিমাণ ত্রাণ সামগ্রী পাঠিয়েছেন ; এবং

(খ) উক্ত সামগ্রীর মধ্যে—

(১) টাকার পরিমাণ কত,

(২) গমের পরিমাণ কত,

(৩) চালের পরিমাণ কত, এবং

(৪) কাপড়, কম্বল ও ত্রিপলের সংখ্যা কত ?

**ত্রাণ ও কল্যাণ ( ত্রাণ ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ও (খ) তিনটি বিবরণী পরপৃষ্ঠায় দেওয়া হইল ( বিবরণী—১, বিবরণী—২ ও বিবরণী—৩ )।

Statement referred to in reply to clause (ka) of unstarred question No. 11
( Admitted question No. 127 )

## STATEMENT I

**Statement showing allotment sanctioned by Relief and Welfare Department to different flood-affected districts under various relief heads up to 15th November 1978 since the beginning of the floods.**

| | (In lakhs of rupees) |
|---|---|
| Midnapore | 345·89 |
| Hooghly | 185·18 |
| Howrah | 269·40 |
| Burdwan | 200·31 |
| Birbhum | 113·91 |
| Nadia | 102·72 |
| Murshidabad | 131·17 |
| Bankura | 54·08 |
| 24-Parganas | 70·07 |
| Malda | 28·26 |
| Jalpaiguri | 3·35 |
| Purulia | 16·20 |
| West Dinajpore | 5·50 |
| Darjeeling | 3·00 |
| Director of Relief | 20·76 |
| | 1,549·80 |

Besides following allotments have been sanctioned—

(1) Director of Relief—

| | Rs. |
|---|---|
| (a) For purchase of Clothings | 143·00 lakhs |
| (b) For purchase of Tarpaulins | 155·00 „ |
| (c) For purchase of Coal | 1·10 „ |

(2) Forest Department—

| | |
|---|---|
| For purchase of Bamboos | 3·00 „ |
| For purchase of Salballah | 1·00 „ |
| For purchase of Bamboo-mat | 0·50 „ |

Statement referred to in reply to clause (kha) of unstarred question No. 11 (Admitted question No. 127)

## STATEMENT II

**Statement showing despatches of relief materials to different flood-affected districts of West Bengal from Government Relief Stores under the Relief and Welfare Department up to 14th November, 1978 since the occurence of floods.**

| District | Rice | Dal | Atta | Balahar | Bulgar wheat | Chira and Gur | Bread | Milk Powder | Rapeseed oil | Palmoline oil | Coal |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | MT | MT | MT | MT | MT | MT | Pcs | MT | Kgs | Tin | MT |
| Midnapore | 497·68 | 116·70 | 470·17 | 180·00 | 300·00 | 731·62 | 96,800 | 126·88 | — | 1,250 | 402·70 |
| Hooghly | 64·80 | 145·85 | 50·36 | — | — | 19·34 | 27,704 | 36·78 | 32 | 1,250 | — |
| Howrah | 121·00 | 124·00 | 99·94 | 20·00 | — | 83·63 | 78,698 | 36.69 | 432 | 1,250 | — |
| Burdwan | 18·20 | 101·00 | — | 22·00 | 50·00 | 0·56 | 7,650 | 30·25 | — | 1,250 | — |
| Nadia | 234·40 | 137·80 | 17·70 | 20·00 | — | 13·10 | 10,612 | 35·87 | 258 | 987 | 109·15 |
| Birbhum | — | 19·25 | 5·90 | — | 50·00 | — | 1,400 | 22·90 | — | 1,200 | 175·00 |
| 24-Parganas | 14·00 | 5.00 | — | — | — | 25·30 | 17,169 | 15·90 | — | — | — |
| Murshidabad | — | 71·71 | — | — | — | — | — | 57·29 | — | 860 | 132·40 |
| Bankura | — | — | — | — | — | — | — | 17·80 | — | — | — |
| Malda | — | — | — | — | — | 6·14 | — | 6·73 | — | — | — |
| Jalpaiguri | — | — | — | — | — | — | — | 2·25 | — | — | — |
| Total | 950·08 | 721·31 | 644·07 | 242·00 | 400·00 | 879·69 | 240,033 | 389·34 | 722 | 8,067 | 819·25 |

| District | | Tarpaulins Pcs. | Dhuty Pcs. | Saree Pcs. | Garments Pcs. | Blankets Pcs. | Chaddar Pcs. | Lungi Pcs. | Quilts Bale | Remarks |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| Midnapore | .... | 77,491 | 1,11,479 | 84,453 | 1,69,835 | 24,610 | 45,605 | — | — | Blouse 1,032 Pieces |
| Hooghly | .... | 26,598 | 84,871 | 60,611 | 1,21,530 | 21,570 | 26,550 | 25 | 143 | |
| Howrah | .... | 26,515 | 59,092 | 68,262 | 1,24,352 | 23,800 | 28,852 | 260 | 142 | |
| Burdwan | .... | 17,350 | 73,873 | 67,751 | 1,46,220 | 27,760 | 21,600 | 200 | — | |
| Nadia | .... | 19,308 | 77,522 | 74,845 | 1,68,412 | 30,700 | 28,430 | — | — | |
| Birbhum | .... | 8,415 | 83,911 | 67,214 | 1,46,996 | 28,859 | 22,449 | — | — | |
| 24-Parganas | .... | 3,054 | 48,826 | 52,665 | 1,28,340 | 11,640 | 13,628 | — | — | |
| Murshidabad | .... | 39,229 | 77,853 | 90,478 | 1,56,200 | 33,440 | 33,776 | 600 | — | |
| Bankura | .... | 2,453 | 38,080 | 34,736 | 68,550 | 20,240 | 13,000 | 400 | — | |
| Malda | .... | 3,800 | 9,100 | 38,432 | 54,956 | 5,920 | — | 600 | — | |
| Jalpaiguri | .... | 2,500 | 18,100 | 19,504 | 62,647 | 1,000 | — | 600 | — | |
| Purulia | .... | 750 | 2,200 | 2,200 | — | — | — | — | — | |
| Total | .... | 2,27,473 | 6,85,707 | 6,61,151 | 13,48,038 | 2,29,539 | 2,33,890 | 2,685 | 285 | |

Statement referred to in reply to clause (kha) of unstarred question No. 11 (Admitted question No. 127)

**STATEMENT-III**

**Statement showing allotment of wheat and rice sanctioned to flood affected districts**

| District | Wheat FFW Programme M. T. | Wheat G. R. M. T. | Rice G. R. M. T. |
|---|---|---|---|
| 1. Midnapore .. .... | 7,000 | 11.435 | 10,895 |
| 2. Hooghly .... .... | 2,400 | 5,760 | 4,923 |
| 3. Howrah .... .... | 2,100 | 4,730 | 4,960 |
| 5. Burdwan .... ... | 3,000 | 4,490 | 5,130 |
| 4. Biruhum ... .... | 1,600 | 2,800 | 3,180 |
| 6. Nadia ... .... | 1,000 | 4,700 | 5,180 |
| 7. Murshidabad ... .... | 2,200 | 9,915 | 3,980 |
| 8. Bankura .. .... | 2,800 | 2,530 | 910 |
| 9. 24-Parganas .... .... | 1,200 | 2,810 | 2,570 |
| 10. Malda .... .... | 1,000 | 2,800 | 1,227 |
| 11. Jalpaiguri ... ... | 585 | 800 | 200 |
| 12. Purulia ... .... | 2,000 | 500 | 200 |
| | 26,885 | 53,270 | 43,355 |

## বীরভূম জেলায় চিলিং প্ল্যাণ্ট স্থাপন

১২। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৩। **ডাঃ মোতাহার হোসেন**ঃ পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বীরভূম জেলায় মুরারাই-এ একটা চিলিং প্ল্যাণ্ট বসানোর সরকারী সিদ্ধান্ত নেওয়া হয়েছে; এবং

(খ) সত্য হ'লে, উহা বর্তমানে কি অবস্থায় আছে?

**পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয়**ঃ (ক) মুরারাইতে চিলিং প্ল্যাণ্ট বসানোর কোন সরকারী সিদ্ধান্ত হয় নি।

(খ) প্রশ্ন ওঠে না।

**বীরভূম জেলায় বন্যায় ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের অনুদান ও ঋণ প্রদান**

১৩। ( অনুমোদিত প্রশ্ন নং ৯৭৭ )। **ডাঃ মোতাহার হোসেন ঃ** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বীবভূম জেলায় গত ৭ই নভেম্বর, ১৯৭৮, পর্যন্ত বন্যায় ক্ষতিগ্রস্ত কত জনকে কত টাকা গবাদি পশু ক্রয়ের জন্য অনুদান ও ঋণ হিসাবে দেওয়া হয়েছে ?

**পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** বন্যায় ক্ষতিগ্রস্ত খামারীদের গবাদি পশু ক্রয়ের জন্য পশুপালন ও পশুচিকিৎসা বিভাগ থেকে কোন প্রকার অনুদান অথবা ঋণ দেওয়া হয় নি।

**গো-খাদ্য সঙ্কট**

১৪। ( অনুমোদিত প্রশ্ন নং ২২৯। ) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সাম্প্রতিক বন্যার ফলে পশ্চিমবঙ্গে গো-খাদ্যের সঙ্কট দেখা দিয়েছে ; এবং

(খ) সত্য হলে এই সঙ্কট দূর করার জন্য সরকার কি ব্যবস্থা নিয়েছেন ?

**পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রীমহাশয় ঃ** (ক) সাময়িক ঘাটতি হয়েছিল।

(খ) বন্যাপ্লাবিত জেলায় গো-খাদ্যের সাময়িক ঘাটতি পূরণে সরকার এ রাজ্যের বিভিন্ন জেলা এবং পার্শ্ববর্তী রাজ্য যথা উড়িষ্যা, অন্ধ্র ও পাঞ্জাব থেকে গো-খাদ্য সংগ্রহ করার ব্যবস্থা করেছেন এবং বিনামূল্যে বন্যাদুর্গত গবাদি পশুর জন্য বণ্টন করা হয়েছে।

## ADJOURNMENT MOTIONS

আমি মাননীয় সদস্য শ্রীসন্দীপ দাসের কাছ থেকে একটি মুলতুবী প্রস্তাবের নোটিশ পেয়েছি।

এই নোটিশে শ্রী দাস কলিকাতা বন্দরে ধর্মঘটরত শ্রমিকদের উপর পুলিসের লাঠি চালনা বিষয়ে আলোচনা করতে চেয়ে মুলতুবী প্রস্তাব এনেছেন। বিষয়টি আইন-শৃংখলা রক্ষার জন্য গৃহীত প্রশাসনিক ব্যবস্থার পর্য্যায়ে পড়ে। রীতি অনুযায়ী

এটি মুলতুবী প্রস্তাবের উপযোগী নয়। আমি এই মুলতুবী প্রস্তাবের নোটিশে আমার অসম্মতি জ্ঞাপন করছি। করণ বিষয়টি কেন্দ্রীয় সরকারের।

**Mr. Speaker :** I request the Chief Minister that if he so pleased he may give a reply to the question of police lathi charge ; otherwise I disallow the motion.

সন্দীপবাবু অনুপস্থিত থাকায় আমি এটা পড়ে দিচ্ছি :

এগারো দিন ধরে বন্দর শ্রমিকদের ধর্মঘট এবং ধর্মঘটী শ্রমিকদের উপর পুলিশের লাঠি-চালনা—

সংক্ষিপ্ত বিবরণ

আজ এগারো দিন ধরে সারা ভারত পোর্ট ও ডক শ্রমিক ফেডারেশনের ডাকে বন্দর শ্রমিকদের ধর্মঘট চলায় কলকাতা সমেত দেশের প্রধান বন্দরগুলি কার্যত অচল হয়ে পড়ায় দেশের অর্থনীতির উপর গুরুতর প্রতিক্রিয়া দেখা দেওয়ার আশংকা সৃষ্টি হয়েছে। কেন্দ্রীয় সরকারের জেদ এবং আই. এন. টি. ইউ. সি., এ. আই. টি. ইউ. সি. ও সিটু পরিচালিত ইউনিয়নগুলির বিসদৃশ ভূমিকার ফলে সমস্যা সমাধানে আরো জটিলতা দেখা দিয়েছে। কলকাতা বন্দরে ধর্মঘটী শ্রমিকদের উপর রাজ্যের পুলিশের লাঠি চালনায় এই সভা উদ্বেগ প্রকাশ করেছে এবং মনে করছে নির্দিষ্ট আলোচনা স্থগিত রেখে এই বিষয়ে আলোচিত হোক।

## Calling Attention to Matter of Urgent Public Importance.

### দৃষ্টি আকর্ষণ

**মিঃ স্পীকার :** আমি সর্বসমেত ৬টি দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি। নোটিশগুলি এইরূপ :

১। বালিগঞ্জে ম্যাকেণ্টোস বার্ন কারখানায় লক-আউ—

শ্রীশচীন সেন, এম. এল. এ.

২। সাম্প্রতিক বন্যা ও অতিবর্ষণের ফলে পশ্চিমবঙ্গের গৃহহীন মানুষের বসতবাটী নির্মাণ ও মেরামত কল্পে সরকারের ব্যবস্থা—শ্রীসুভাষ গোস্বামী, এম, এল, এ,

৩। পশ্চিমবঙ্গে এনকেফেলাইটিস্ রোগের বিস্তৃতি ও ভয়াবহতা সম্পর্কে জনসাধারণের মধ্যে ভীতি—শ্রীজয়ন্ত বিশ্বাস, শ্রীমতী অপরাজিতা গোপ্পি, এম. এল. এ.

৪। Severe Scarcity of Kendu leaves—Shri Sumanta Kumar Hira

৫। সি-এম-ডি-এর চারজন প্রবীন ইঞ্জিনীয়ারের পদত্যাগ—

শ্রীসরল দেব, এম, এল, এ

৬। Alleged lathi charge by police on students and public between Mahatma Gandhi Road and College Street on 24. 11. 78—

Shri Saral Deb, M. L. A.

আমি এর মধ্যে পশ্চিমবঙ্গে এনকেফ্যালাইটিস্ রোগের বিস্তৃতি ও ভয়াবহতা সম্পর্কে জনসাধারণের মধ্যে ভীতি—শ্রীজয়ন্ত বিশ্বাস ও শ্রীমতী অপরাজিতা গোপ্পি এম, এল, এ, কর্তৃক আনীত নোটিশ মনোনীত করেছি।

সংশ্লিষ্ট মন্ত্রীমহোদয়, যদি সম্ভব হয়, ঐ বিষয়ের উপর একটি বিবৃতি দিতে পারেন অথবা বিবৃতি দেবার জন্য একটি দিন দিতে পারেন।

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায়ঃ** স্বাস্থ্যমন্ত্রী মহাশয় আমাকে জানিয়েছেন যে, এনকেফ্যালাইটিস্ সম্বন্ধে তিনি আগামীকাল একটি বিবৃতি দেবেন।

[2-00—2-10 P.M.]

**মিঃ স্পীকারঃ** এবার স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়কে ২৪ পরগণা জেলার স্বরূপনগরে ১৫-১১-৭৮ তারিখে স্থানীয় এম, এল, এ, এবং অপর কয়েকজনের উপর কিছু দুষ্কৃতকারীর আক্রমণের ঘটনা সম্পর্কে একটি বিবৃতি দিতে অনুরোধ জানাচ্ছি। শ্রীনিরোদ রায় চৌধুরী এবং বীরেন্দ্র নারায়ণ রায় ২৪শে নভেম্বর তারিখে উক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেন।

**ডঃ অশোক মিত্রঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধান সভার সদস্য সর্বশ্রী নিরোদ রায়চৌধুরী এবং বীরেন্দ্র নারায়ণ রায়ের আনীত ২৪-পরগাণর স্বরূপনগর ব্লকের এম-এল-এ শ্রীআনিসুর রহমানের উপর আক্রমণের ঘটনার বিষয়ে দৃষ্টি আকর্ষণী বিজ্ঞপ্তির উত্তরে আমি নিম্নলিখিত বক্তব্য পেশ করতে চাই—

বিলবল্লী অঞ্চলে নিকাশী খাল কাটা নিয়ে ঘটনাটির সূত্রপাত হয়। বিলবল্লীর নিকাশী খাল কাটার বিষয়টি আগেও বিবেচিত হয়েছে কিন্তু হাইকোর্টের ইনজাংকসান থাকায় কাজ বিশেষ এগোয়নি। যে জমির উপর দিয়ে খাল কাটার কথা ছিল সেই জমির মালিক হাইকোর্টে আবেদন করে ইনজাংকসান নেন। বর্তমান সরকার খালটি কাটার সিদ্ধান্ত নতুন করে নেয় এবং এইজন্য ভিন্ন একটি পথ (এ্যালাইনমেণ্ট)

ঠিক করেন। পরিবর্তিত পরিকল্পনা অনুযায়ী খালটি ছোট বাকড়া এবং বড় বাকড়া গ্রাম দুটির মধ্যবর্তী কিছু বাস্তু জমি, পুকুর এবং কবরখানার মধ্য দিয়ে যাবে।

১৩-১১-৭৮ তারিখে সেই বিভাগের কর্মীরা ঐ সংস্থানের মাটি পরীক্ষা করতে গেলে যাদের জমির উপর দিয়ে খাল কাটা হওয়ার কথা সেই স্থানীয় গ্রামবাসীরা বাধা দেন। সেচ বিভাগের কর্মীরা ফিরে এসে স্থানীয় বিধান সভার সদস্য শ্রীআনিসুর রহমানকে ব্যাপারটি জানান। শ্রীরহমান স্থানীয় নেতাদের সংগে কথা বলে ১৭/১১ তারিখে একটি জনসভা করে গ্রামবাসীদের সব বুঝিয়ে বলবেন বলে স্থির করেন। তিনি সেচ কর্মীদের ঐদিন মাটি পরীক্ষার বন্দোবস্ত করতে বলেন।

১৭/১১ তারিখে প্রায় ১ হাজার লোক ছোট বাকড়ার স্কুল মাঠে সভার জন্য জমায়েত হয়। সভা আরম্ভ হওয়ার আগে শ্রীরহমান বিখারী হাই স্কুলের প্রধান শিক্ষক শ্রীগোপাল গোস্বামী সহ সেচ দপ্তরের কর্মীরা লোকজন নিয়ে জমি পরীক্ষার জন্য খাল কাটার জমিতে যান। যখন তাঁরা কাজ শুরু করেন তখন রমজান ঢালি, আকতার খাঁ ( সি পি আই ), অর্ধাংশু চ্যাটার্জী (সি পি আই), বিনয় মণ্ডল, শ্যাম মণ্ডল, প্রমুখ ব্যক্তিরা প্রধান শিক্ষক গোপাল গোস্বামীকে অনুরোধ করেন যাতে আলোচনা করে মীমাংসার পর কাজ শুরু হয়। শ্রী গোস্বামী তাঁদের বলেন জমি পরীক্ষাটা হয়ে গেলে আলোচনা করা যাবে। তিনি তাঁদেরকে মাত্র আধ ঘণ্টা অপেক্ষা করতে বলেন। এই শুনে আকতার খাঁ এবং তার লোকজন উত্তেজিত হয়ে পড়ে। কথা কাটাকাটি থেকে মারপিট শুরু হয়ে যায়। কয়েকজন সেচ কর্মী আহত হন। আনিসুর রহমান এবং সি পি এম'র কয়েকজন কর্মী মারামারি থামাতে গেলে তাঁরাও লাঠির আঘাতে আহত হন। গোলমাল শুরু হতেই থানায় খবর পাঠিয়ে দেওয়া হয় এবং আধ ঘণ্টা পরে থানা থেকে পুলিশ এসে পরিস্থিতি আয়ত্বে আনে। ৪ জনকে গ্রেপ্তার করা হয়। ঘটনার সময় আসামীরা সেচ বিভাগের সাব-এ্যাসিসট্যান্ট ইঞ্জিনিয়ারের কাছ থেকে সরকারী কাগজপত্র এবং ৩১০ টাকা ছিনিয়ে নেয় বলে জানা গেছে। সেচ বিভাগের এস-ডি-ও-র অভিযোগক্রমে একটি মামলা করা হয়েছে। মামলাটি তদন্তাধীন।

পরিস্থিতির উপর সজাগ দৃষ্টি রাখা হয়েছে।

## MENTION CASES

**শ্রীসুনীতি চট্টরাজ :** মিঃ স্পীকার, স্যার, আপনার মাধ্যমে একটা বিশেষ ব্যাপারে আমি মাননীয় মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি যে একটা জঘন্য ঘটনা ২৫শে নভেম্বর

রাত্রিবেলায় শিউড়ি শহরের বুকে ঘটে গেছে। ঘটনাটি হচ্ছে এস. ডি. ও. টেলিফোনের দারোয়ান নাইট গার্ড দিচ্ছিলেন যেমন কংগ্রেস আমলে দিয়েছেন। কয়েকদিন নেওয়ার পর হঠাত সেদিন কতকগুলি দুর্বৃত্ত থানার সামনে তার গলাটাকে দেহ থেকে আলাদা করে চলে গেল। পুলিশের সামনে দিয়ে আসামীরা চলে গেল। ওখানকার লোক আতংকগ্রস্ত হয়ে থানায় চেঁচামেচি করতে তারপর বাবুরা এলেন। আজ পর্যন্ত জানিনা আসামীরা ধরা পড়েছে কিনা। আমি আপনার মাধ্যমে আজকে যিনি সহকর্মী হয়ে মুখ্যমন্ত্রীর ষ্টেটমেন্ট দিলেন সেই অশোক মিত্র মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে তিনি যেন মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলেন এই রকম ঘটনার যাতে পুনরাবৃত্তি না হয়। থানার ১০/১২ হাত দূরে এই রকম একটা ঘটনা ঘটল, এটা যেন লাইট করে না দেখা হয়, এর যেন একটা বিহিত ব্যবস্থা করেন। এটা একটা সিরিয়াস কোয়েশ্চেন, এই সম্বন্ধে একটা ষ্টেটমেন্ট দেবার জন্য অনুরোধ করছি।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা জানেন বন্যার পর সারা রাজ্য ব্যাপী কয়লা নিয়ে যে চুড়ান্ত কালোবাজারী চলছে সেটা একটা মারাত্মক ঘটনা। আমাদের খাদ্যমন্ত্রী সুধীনকুমার বলেছিলেন ১০ টাকার উর্ধে কয়লা বিক্রি করা চলবে না এবং এই নির্দেশ তিনি দিয়েছিলেন। কিন্তু তা সত্বেও দেখছি কোলকাতায় ১২ টাকা দরে কয়লা বিক্রি হচ্ছে। এবং অন্যান্য জায়গায় ১৪ টাকা দরে কয়লা বিক্রি হচ্ছে। কোলকাতা পুলিশের এনফোর্সমেন্ট বিভাগের ফুয়েল সেকসন বলে একটা সেকসন আছে এবং তাদের কাছে এই ধরনের অভিযোগ অসংখ্য আসছে। কাজেই এই ব্যাপারে একট সুব্যবস্থা যাতে হয় তারজন্য আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলায় মায়াপুরের কাছে কঞ্জুডাঙ্গা গ্রামে গৌর ঘোষ নামে একজন লোক বাস করে। গত ২৪শে নভেম্বর তার জামাই, যে একজন পুরান দুষ্কৃতকারী এবং গুণ্ডা সে গৌর ঘোষের বাড়ীতে আসে এবং টাকা চায়। এই নিয়ে অনেক কথা কাটাকাটি হয় এবং শেষে সে গুলি চালিয়ে তার শ্বশুরকে হত্যা করে। এই গোলমাল শুনে গ্রামের লোকজন ছুটে আসে এবং তখন সেই লোকটি তাদের উপরও গুলি চালায় এবং তাতে আরও লোক নিহত হয়। এই ঘটনার পর গৌর ঘোষের নাতি থানায় গিয়ে এজাহার দিয়েছে। আমি

লক্ষ্য করছি আজকাল কিছু কিছু স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তি এইসব ব্যাপারে খুব সক্রিয় হয়ে উঠেছে এবং সেটা মন্ত্রীমহাশয়ের দৃষ্টিতে আনছি।

**শ্রীবনমালি দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের বীরভূম জেলায় নানুর থানায় অজয় নদীর উপর ৩টি সেচ প্রকল্প আছে এবং তার নাম হচ্ছে, হোসেনপুর, মঙ্গলপুর, বামুনিয়া এবং লাভপুর থানায় কুইয়ে নদীর উপর তুলাসাহাপুর নামে একটা প্রকল্প রয়েছে। এগুলি গত বন্যার পর নষ্ট হয়ে গেছে এবং এর ম্যাসিনারিও খারাপ হয়ে গেছে এবং পাইপ লাইন ভেঙ্গেচুরে গেছে। এর ফলে সেখানকার সেচব্যবস্থা খুবই ক্ষতিগ্রস্ত হয়েছে। আমি অনুরোধ করছি অবিলম্বে সেখানে যাতে সেচ ব্যবস্থা হয় তার ব্যবস্থা করুন এবং মেসিনগুলি সারাবার ব্যবস্থা করুন।

**শ্রীসুনীল বসু রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আইনমন্ত্রী এবং স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি আসানসোলে যে প্রাইভেট কলিয়ারী চলছে সেই সম্পর্কে। এরা সমস্ত আইন কানুন এবং প্রশাসনের উদ্যোগ ব্যর্থ করে দিয়ে বেআইনীভাবে কয়লা তুলছে। এরা শ্রমিকদের খুব কম মজুরী দেয়—মাত্র ৩/৪ টাকা করে দিচ্ছে এবং এরা সেখানকার সমস্ত জমিজমা নষ্ট করে দিচ্ছে। আমি বুঝতে পারছি না এঁদের বিরুদ্ধে কেন ব্যবস্থা অবলম্বন করা যাচ্ছে না। সাধারণ মানুষ এই ব্যাপারে অভিযোগ করছে এবং তারা দাবী করছে অবিলম্বে সরকারের তরফ থেকে যেন পাহারগড়া গোরাণ্ডিতে বেআইনীভাবে প্রাইভেট মালিকানার অধীনে যে কলিয়ারী চলেছে সেগুলো রাষ্ট্রায়ত্ব করা হয়।

[2-10—2-20 P.M.]

**শ্রীশৈলেন সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের একটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাই। গত ২৩ তারিখে মালদহ জেলায় মাণিকচক থানার গোপালপুর অঞ্চলে সহবউপুর গ্রামে জে. এল. আর. ও. অফিসের ষ্টাফ এবং কৃষক আন্দোলনের নেতারা যখন একটা জমির মীমাংসা করবার জন্য এনকোয়ারী করতে গিয়েছিলেন তখন সেখানকার কুখ্যাত জোরদার কংগ্রেস আই অথবা কংগ্রেসের দলের খুরসেদ আলী তিনি সেখানে তাদের উপর আক্রমণ করেন। পরের দিন এই ঘটনার প্রতিবাদে যখন মিছিল বের হয়, সেই মিছিলের উপরও খুরসেদ আলী আক্রমণ করে এবং গুলী চালায়। এইরকম ভাবে মালদহ জেলায় বিভিন্ন জায়গায় কংগ্রেস আই দলের লোকেরা হামলা করছে।

মানিকচক থানার নুরপুর অঞ্চলে পঞ্চায়েতের প্রধান জগজ্যোতি মজুমদার তাকেও কংগ্রেস আই দলের কর্মীরা আক্রমণ করেছে। তারপর হরিশ্চন্দ্রপুর থানার আমাদের জেলা পরিষদের সভাপতি সামসুল হক তাকে বর্গা অপারেশনের সময় কংগ্রেস আই দলের লোকেরা সংগঠিত ভাবে আক্রমণ করেছে। এই বিষয়ে আমি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছে চাই।

**শ্রীসন্তোষকুমার দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গ্রাম বাংলায় সিমেন্ট ডিলাররা তারা যেন সঠিক হিসাব দেন তার জন্য মাননীয় মন্ত্রী মহাশয় যেন বিশেষ দৃষ্টি দেন তা নাহলে চোরা বাজারীদের স্বর্গরাজ্য প্রতিষ্ঠিত হবে। গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে যেন তদারকির ভার দেওয়া হয়, তারজন্য আমি মন্ত্রীমহাশয়কে অনুরোধ করব।

**শ্রীঅহীন্দ্র সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমাদের জেলায় ধানের বাজারদর সম্পর্কে আমি খাদ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমাদের জেলায় এইসবে ধান উঠেছে গরীব কৃষকেরা ধান বিক্রি করতে পারছে না। এখন ধানের দর ৫৫ টাকা কুইন্টাল দরে বিক্রি হচ্ছে। গ্রামের বাজারে ধান কেনার লোক নেই। মিল মালিকদের বক্তব্য হচ্ছে ধানের দর বেড়ে গেছে এবং চালের দর সেই অনুপাতে বাড়েনি। রেসিও নাকি শতকরা ৬২ সেইজন্য তারা বলছে তারা লাভ করতে পারবে না এবং বলছে যে ৭ হাজার মেট্রিক টন লেভি তারা দিতে পারবে না। এর পরিপ্রেক্ষিতে তারা ধান কিনতে চাইছে না। সরকারের পক্ষ থেকে ডি. পি. এজেন্টরাও ধান কিনছে না, কারণ ব্যাঙ্ক থেকে টাকা দেওয়া হচ্ছে না। সুতরাং কৃষকরাও তাদের ডিসট্রেস সেল তারা বিক্রি করতে পরছে না। সেইজন্য আমাদের জেলায় জলের দরে ধান বিক্রি হচ্ছে, কোন কোন জায়গায় ৫ টাকা দরে ধান কেনার লোকও পাওয়া যাচ্ছে না। সেইজন্য আমি মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি এদিকে আকর্ষণ করছি বিশেষভাবে।

**শ্রীসত্য বাপুলী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, 'পুলিশ আর সি. পি. এম. ভাই ভাই জনগণ তায় রুখতে চায়' একটা ছোট্ট নোটীশ আমার কাছে এসে পড়েছে তাতে মথুরাপুর পাথরপ্রতিমা, কাকদ্বীপ, নামখানা এবং মগরাহাট থানাতে ৪৫৬ জন ভাগচাষীর ধান কেটে নিয়ে গেছে—এবং এর ফলে কয়েকটা থানায় মৃত্যুর সংখ্যা হচ্ছে ৪ এবং জখমের সংখ্যা হচ্ছে ৫৭।* স্যার প্রত্যেকটি ক্ষেত্রে পুলিশের সহযোগিতায় সি. পি. এম. করছে। অন্য পার্টি ফরোয়ার্ড ব্লক, আর. এস. পি. বা কংগ্রেস কিছু করলে পুলিশ পরিষ্কার জবাব দেয় সরকারের নিষেধ আছে। আমি কাল নিজে গিয়েছিলাম একটি জায়গায় সেখানে ভাগচাষীর ধান কেটে নিয়ে যাওয়া

হচ্ছে আমি বললাম থানাকে যে এটা বন্ধ করুন, পুলিশ বলল যে সরকারে নির্দেশ আছে আমরা সেখানে যেতে পারব না। যতক্ষণ জে. এল. আর. ও. না বলবে আমরা সেখানে যেতে পারব না। স্যার, সেখানে মারামারি হচ্ছে, খুন হচ্ছে, ফলে একটি ত্রাসের রাজনীতি চলছে।

পুলিশ বাধা দিচ্ছে না। জঙ্গলের রাজত্বে পরিণত হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আইন-শৃঙ্খলা বলে বস্তু কিছু নেই বর্তমানে। তার ফলে সাধারণ মানুষের জনজীবন বিপন্ন হয়ে গিয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কথাটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। যেহেতু মুখ্যমন্ত্রী নেই তাহলে মুখ্যমন্ত্রীকে বলতাম। তাদের ভালো আমাদের কিছু নয়। আমরা যেহেতু বিধান সভার সেহেতু বলছি, আপনাদের কবর আপনারা নিজেরাই খুঁড়ছেন। কারণ সি· পি· এমের তাণ্ডব নৃত্যে সি· পি. এমের অত্যাচারে পশ্চিমবঙ্গ জর্জরিত। সেইজন্য মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীসরল দেব ঃ** মিঃ স্পীকার স্যার, আমি আপনার মারফত মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। অত্যন্ত দুঃখের ঘটনা বামফ্রন্ট সরকার গঠিত হওয়ার পর আমি কয়েকবার আমার এলাকার মিউনিসিপ্যালিটির প্রতিনিধি নিয়ে পরিবহণ মন্ত্রীর সঙ্গে দেখা করেছি, অল পারটিস ডেপুটেসান দিয়েছি, এই হাউসে কয়েকবার মেনশান করেছি। বারাসাত উত্তর .৪-পরগণার হেড কোয়ার্টারস সেখানে ষ্টেট বাস চালু হোক। এই দাবী নিয়ে বারবার তাঁর কাছে যাচ্ছি। কিন্তু প্রতিবারই দেখছি একটা নীরবতা। আমি আপনার মারফত ওই অঞ্চলের জনসাধারণের অশেষ দুঃখ দুর্গতির প্রতিকারে দাবী জানাচ্ছি। আপনি এই ব্যাপারটা মাননীয় পরিবহনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করুন।

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে বিষয়টার প্রতি মাননীয় মুখ্যমন্ত্রী এবং স্বরাষ্ট্র দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি সেটা হল এই যে গত ২৫শে অক্টোবর গভীর রাত্রিতে এক দল দুষ্কৃতকারী, সমাজ বিরোধী পুরুলিরার শিল্পাশ্রমের উপর হামলা চালায়। বিষয়টা অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে আমি আপনার কাছে বিশেষভাবে অনুমতি চেয়েছি এবং আপনি অনুমতি দিয়েছেন। পুরুলিয়ার লোক শিল্পাশ্রম এবং সেখানকার প্রধানা অশীতিপর সঙ্ঘের পরিচালিকা শ্রীমতী লাবণ্যপ্রভা দেবী তার উপর আক্রমণ চলে। তাঁর সম্বন্ধে পশ্চিমবাংলার মানুষ সবাই জানেন, স্বাধীনতার আন্দোলনের বেদীমূলে উৎসর্গীকৃতা এই মহিলা তাঁর উপর শুধু আক্রমণ হয় নি, তার উপর এমন মারধর শেষ পর্যন্ত হয়েছে যে তাঁর হাতের আঙ্গুল হাসপাতালে গিয়ে কেটে বাদ দিতে হয়। তাঁর মেয়ে উর্ম্মিলা দেবী, তাঁর উপর প্রচণ্ড আক্রমণ হয়।

তাঁর ভ্রাতুষ্পুত্রী শ্রীমতী স্নেহলতা দেবী তাঁর তলপেটে এমন লাথি মারা হয় যে তাঁর পাকস্থলী ফেটে যায়, তাকে হাসপাতালে নিয়ে যেতে হয়। শ্রীতরুণ ঘোষ তিনি একজন খ্যাতনামা ব্যক্তি এবং গান্ধীবাদি নেতা তাঁর উপর আক্রমণে মাথা ফেটে যায়, হাসপাতালে যেতে হয়। সমস্ত ঘটনা একটা ডাকাতির মামলা বলে চালানো হয়। কিন্তু যারা আসে আমি শুনেছি, কোন কিছু সোনা-দানা, টাকা-পয়সা তারা চুরি করে নি। লক্ষ্যই ছিল আশ্রমের পরিচালিকা এবং নেতাদের উপ আক্রমণ চালানো। এই সম্বন্ধে পুলিশ কোন ব্যবস্থা নেন নি। এটাকে একটা ডাকাতির মামলা বলে চালানো হয়েছে। এত বড়ো একটা অপরাধ যার জন্য সর্বদলীয় মানুষের মাথা হেঁট হয়ে যাবে সেটাকে চাপা দেওয়ার চেষ্টা হচ্ছে। সেই সঙ্গে আপনাকে জানাতে চাই এবং মুখ্যমন্ত্রীকেও লিখেছি দক্ষিণ ২৪-পরগণার চাঁতরা, সেখানকার শ্রীঅরবিন্দ গীতাভবন মন্দির তার উপর আক্রমণ চালিয়েছে সমাজ বিরোধীরা এবং সেখানটা দখল করবার চেষ্টা হচ্ছে। এইভাবে যদি প্রতিষ্ঠানগুলোর আক্রমণ চলে তাহলে সেটা খুবই দুর্ভাগ্যজনক হবে। এই সম্বন্ধে মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ কঠোর হাতে ব্যবস্থা করুন। মাননীয় বীরেণ রায় মশাই বোধ হয় এখন হাউসে নেই, তিনি যে ঘটনার কথা বললেন, তার আগের দিন আমি কৃষ্ণনগরে গিয়েছি, ওই এলকার কাছে আমি শুনেছি, একই দিনে দুটি গ্রামে ডাকাতি হয় এবং গঞ্জডাঙ্গা গ্রামের ডাকাতিতে ডাকাতদের দুটি গুলিতে একই দিনে·········( শ্রীবীরেন্দ্র নারায়ণ রায় :—আমি যেটা বলেছি সেটা বলছেন কেন ? ) আমি তো আপনার বলার ঘটনার উল্লেখ করছি। আপনি করেছেন বলেই আপনার মনোপলি আছে একথা মনে করবেন না। আপনার মনোপলি কিছু নেই। ডিসটারবেন্স ক্রিয়েট করবার জন্যই যেন উনি এখানে এসেছেন। এই ঘটনায় ডাকাতের গুলিতে সেখানে ৬ জন লোক মারা গিয়েছেন। ৭/৮ জন লোক গুলিতে হাসপাতলে রয়েছে। অবস্থা অত্যন্ত জটিল হয়ে যাচ্ছে, আইন-শৃঙ্খলা পরিস্থিতিও। এইজন্য মাননীয় মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ আমি দাবী করছি।

**শ্রীহরিপদ জানা ( পিংলা ) ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যকে আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের নিকট একটি গুরুত্বপূর্ণ বিষয় নিবেদন করতে চাই। মেদিনীপুর জেলার পিংলা থানার ৯ নং অঞ্চল বড়িবা গ্রামে বি. ডি. ও. সহ বি. সি. মেম্বার বাবুয়া সাহা ১৪৭৮টি ইউনিটের বন্যা সম্বলিত তালিকাটির ত্রাণ সামগ্রী পীড়িত ব্যক্তিদের বিতরণের জন্য মঞ্জুর করেছিলেন এবং সেই মত ঐ গ্রামের ডিলার নগেন্দ্রনাথ পাছারী সরকারী ভাণ্ডার থেকে বিতরণের জন্য নিয়ে আসে। গত ১।১১।৭৮ তারিখ থেকে ৮।১১।৭৮ তারিখ পর্যন্ত বিতরণের সব তালিকাটিতে দেখা ৫০টি ইউনিট কিছু

কিছু ভূয়া দোবরা এবং বাবার নাম পরিবর্ত্তন এবং তাছাড়া এমন না আছে যে ঐ গ্রামে বা গ্রাম সভাতে ঐসব লোকেরা বাসিন্দা নয়। এই যে ত্রাণ সামগ্রী নিয়ে কারচুপি হচ্ছে ঐ বড়িষা গ্রামসভায় নির্বাচিত সদস্যদ্বয় যেমন কার্তিক চন্দ্র দাস ও শ্রীগৌরহরি ঘড়া নিজ নিজ হাতে টিপ সহি দিয়া দুস্থ ব্যক্তিদের মাল না দিয়া আত্মসাৎ করিতেছে। সরকার থেকে চাষের জন্য মিনিকিট গম ধান কলাই সরষে চাষের জন্য যা দিয়েছেন তাহা পর্যন্ত ঐ নির্বাচিত সদস্যগণ যাদের জমি বাস্তু ছাড়া আর কিছু নেই এবং অতি অল্প জমি আছে তাদেরই মাল ওরাই করে দিচ্ছে। এই সমস্ত দুর্নীতিগ্রস্থ ব্যক্তিদের শাস্তি বিধান করার জন্য এবং সুষ্ঠুভাবে যাতে ন্যায্য প্রাপক ব্যক্তিরা পান তার জন্য মাননীয় মন্ত্রী মহোদয়ের নিকট অনুরোধ রাখছি। এবং ঐ এলাকার অভিযোগকারীগণের স্বাক্ষরিত আবেদনপত্রটি মাননীয় অধ্যক্ষ মহোদয়কে মন্ত্রী মহাশয়কে দেবার জন্য পেশ করছি। ( মাননীয় সভ্য আবেদনপত্রটি অধ্যক্ষের নিকট পেশ করিলেন )।

[ 2-20—2-30 P.M. ]

**শ্রীসন্দীপ দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ মাধ্যমিক শিক্ষা পর্যদ গত ৪ঠা অক্টোবর তারিখে একটা সার্কুলার বিভিন্ন স্কুলে পাঠিয়েছেন। তাতে দেখা যাচ্ছে ক্লাস সেভেন টু ক্লাস এইট পর্যন্ত সংস্কৃত আবশ্যিক পাঠ হিসাবে থাকবে এবং নবম ও দশম ক্লাসে সংস্কৃত ঐচ্ছিক হয়ে যাচ্ছে। একজন শিক্ষক হিসাবে আমি ভাবতে পারছি না দু বছরে সংস্কৃতের মত একটা ভাষা কি করে ছাত্ররা শিক্ষা করতে পারে। ক্লাস সেভেন এইটে সংস্কৃত বাধ্যতামুলক হয়ে রইল তারপর সেটা ঐচ্ছিক করে দেওয়া হোল। এতে এই মাত্র দু বছরে ছাত্রদের কোন জ্ঞানই হবে না এবং সংস্কৃতে জ্ঞান না হলে মাতৃভাষা বা অন্যান্য ভাষায় পূর্ণ জ্ঞান হতে পারে না। আমি অনুরোধ করবো এই ব্যাপারে তিনি প্রশাসনের সঙ্গে আবার আলোচনা করুন এবং এই সার্কুলার পরিবর্তন করার ব্যবস্থা করুন। দু বছর সংস্কৃত শিক্ষাকে আবশ্যিক রেখে তার আবার সেটা ঐচ্ছিক করা এই রকম একটা আজগুবি ব্যাপার একটা অদ্ভুত ব্যাপার এটা যে তাঁরা পরিবর্তন করতে প্রবৃত হন।

**শ্রীধীরেন্দ্রনাথ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সংশিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গোটা রাস্তা জুরে কৃষক সম্প্রদায়ের উপর একটা অদ্ভুত অত্যাচার সুরু হয়ে গিয়েছে। এই অত্যাচার শুনলে আপনি শিউরে উঠবেন। কৃষক সম্প্রদায়ের উপর সি. পি. এম-এর দল থেকে এমন ব্যবস্থা করা হয়েছে যে সেখানে শ্রমিক সেল তৈরী করা হয়েছে। তারা

পারমিটের ব্যবস্থা করেছে এবং সেই পারমিট সিস্টেম হচ্ছে এক গ্রামের শ্রমিক অন্য গ্রামে গিয়ে কাজ করতে পারবে না।

স্যার, আপনি জানেন সাধারণ কৃষকরা অত্যন্ত দরিদ্র এবং সর্বহারা। তারা একই গ্রামের মধ্যে থেকে সব রকম উপার্জন করতে পারেন না, সেইজন্য তাদের বিভিন্ন গ্রামে যাবার প্রয়োজন হয় এবং এক জেলা থেকে আর এক জেলায় গিয়ে তাদের জীবিকা উপার্জন করতে হয়। এটা যাতে বন্ধ হয় সেই জন্য আমি বিভাগীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি এবং এই বিষয়ে তিনি যাতে তথ্য সংগ্রহ করে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করেন সেদিকে তার দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার নারায়ণগড় এলাকায় এটা ব্যাপকভাবে হচ্ছে। এই রকম আরো অনেক প্রমাণ আমার কাছে আছে।

**Presentation of the Report of the Committee on the Welfare of Scheduled Castes and Scheduled Triebs, 1977-79.**

**মিঃ স্পীকার ঃ** শ্রীকান্তিচন্দ্র বিশ্বাস মহাশয়কে কমিটি অন দি ওয়েলফেয়ার অব সিডিউল্ড কাষ্ট এণ্ড সিডিউল্ড ট্রাইবস্ ৫ম প্রতিবেদন প্রতিস্থাপন করতে অনুরোধ করছি।

**Shri Kanti Chandra Biswas :** Sir, I beg to present the Fifth Report of the Committee on the Welfare of Scheduled Castes and Scheduled Tribes, 1977-79.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই রিপোর্ট উপস্থাপিত করতে গিয়ে আমি শুধু একটি কথা বলতে চাই—West Bengal Scheduled Castes and Scheduled Tribes (Reservation of services and posts) Act, 1976. আমাদের এই কমিটি রিপোর্ট তৈরী করেছেন এবং আমাদের কমিটি রিপোর্ট তৈরী করবার সময় অনুসন্ধান করে দেখেছেন ১৯৭৬ সালের এ্যাক্টে তফসিলী জাতি, উপজাতির জন্য যে সংরক্ষণের ব্যবস্থা ছিল সেই ব্যবস্থার ফলাফল অত্যন্ত নৈরাশ্যজনক। এই নৈরাশ্যজনকের কারণ অনুসন্ধান করতে গিয়ে আমরা দেখেছি ১৯৭৬ সালের আইন অসম্পুর্ণ, অসংগঠিতে ভরপুর এবং এই আইন চালু করতে গেলে যে প্রশাসনিক বিধি ব্যবস্থা রুলসের মধ্যে থাকা উচিত ছিল তা খুব দুর্বল। সেই জন্য ভারতবর্ষের বিভিন্ন রাজ্য সরকারের কাছ থেকে আইন এনে পশ্চিমবঙ্গে আইনের সঙ্গে পর্যবেক্ষণ

করে এই রিপোর্ট তৈরী করেছি এবং এই রিপোর্টটি আপনাদের বিবেচনার জন্য উপস্থিত করছি।

## Presentation of the Report of the Committee on Petitions, 1977-79

**মিঃ স্পীকার :** শ্রীঅনিল মুখার্জীকে কমিটি অন পিটিশন্-এর প্রথম প্রতিবেদন প্রতিস্থাপন করতে অনুরোধ করছি।

**Shri Anil Mukehrjee :** Sir, I beg to present the First Report of the Committee on Petitions, 1977-79.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পিটিশন্ কমিটি বিগত এক বছর ধরে এই রিপোর্ট তৈরী করেছেন—On the question of suitably amending the existing eaws relating to the Corneal grafting in the State. ১৯৬৫ সালের কর্ণিয়া গ্রাফটিং আইনকে সংশোধন করার জন্য আমাদের হাউসের স্বর্গত সদস্য শ্রীসুধীর ভাণ্ডারী মহাশয় একটি আবেদন এই হাউসে উপস্থাপিত করেন এবং রিপোর্টে ডাঃ এস. পি. রায়চৌধুরী, ডাঃ বিমান দাসগুপ্ত, এরাও রিপোর্ট পাঠিয়ে দিয়েছেন এবং তারই পরিপ্রেক্ষিতে আমরা ১১টি সভা অনুষ্ঠিত করি এবং পশ্চিমবাংলার বিভিন্ন চক্ষু বিশেষজ্ঞকে আমরা আহ্বান করি এবং তারা সাক্ষ্য দান করেন। তাছাড়া আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন যে সমস্ত চক্ষু বিশারদ আছেন তাদেরও এই কমিটিতে ডাকা হয় এবং আইনজ্ঞ ব্যক্তি সোমনাথ চ্যাটার্জি, গভর্ণমেন্ট প্লিডার, ষ্ট্যানডিং কাউনসিল ইত্যাদি এদেরকেও ডাকা হয়। আমরা একটি কর্ণিয়া গ্রাফটিং এ্যাক্টের এ্যামেণ্ডমেন্ট-এর প্রোপোজাল এর মধ্যে দিয়েছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর গুরুত্ব পশ্চিমবঙ্গে অত্যন্ত বেশী। সারা ভারতবর্ষে আমরা দেখেছি ৯৫/৯৬ লক্ষ লোক অন্ধ এবং এর ভিতর ৩০ লক্ষ হচ্ছে পশ্চিমবঙ্গের এবং মৃত আন-ক্লেমড্ বডি থেকে কর্ণিয়া রিমুভ হয় না, আগের আইনে আমরা দেখেছি। তাই এই সব বিচার বিবেচনা করে সেই সমস্যার সমাধানের জন্য আমাদের এই পিটিশন্ কমিটির সদস্যগণ এই রিপোর্টটি তৈরী করেছেন এবং এই রিপোর্টটি হাউসে গ্রহণ করার জন্য আমি সদস্যদের কাছে আবেদন করছি।

**Mr. Speaker :** Members are hereby in formed that in order to facilitate their journey from Howrah Station to the High Court tram terminous during the session of the Assembly a tram car will be placed at the Howrah Station

at 12-25 p. m. and start for High Court at 12-40 p. m. The first compartment will be reserved for the MLAs.

This is now current.

**শ্রীসন্দীপ দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করেছিলাম এটা ১২-৩০ মিঃ-এরসময় করার জন্য এবং তিনিও রাজি হয়েছিলেন।

**মিঃ স্পীকার :** এটা আপনারা আলোচনা করে নেবেন।

**Legistation**

**The West Bengal Cattle Licensing (Amendment) Bill, 1978**

**Shri Amritendu Mukherjee :** Sir, I beg to introduce the West Bengal Cattle Licensing (Amendment) Bill, 1978.

(Secretary then read the title of the Bill)

**Shri Amritendu Mukherjee :** Sir, I beg to move that the West Bengal Cattle Licensing (Amendment) Bill, 1978, be taken into consideration.

[2-30—2-40 P.M.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওয়েষ্ট বেঙ্গল ক্যাটেল লাইসেনসিং এ্যাক্টটি ১৯৫৯ সালে গৃহীত হয়েছিল এই বিধানসভাতে। এই এ্যাক্টের উদ্দেশ্য ছিল শহরের জনস্বাস্থ্য ঠিক রাখা এবং শহরকে পরিচ্ছন্ন রাখার জন্য গবাদি পশু শহরাঞ্চলে যা আছে তার উপর কিছু নিয়ন্ত্রণ জারি করা। পরবর্তীকালে বাইরে থেকে আমদানী করা পশু কোলকাতা এবং অন্যান্য মিউনিসিপ্যাল শহরে আসা বন্ধ করতে—শহরের জনস্বাস্থ্য এবং পরিচ্ছন্নতা তাতে নষ্ট হত—আমদানী করা পশুর উপর একটি নিয়ন্ত্রণ জারি করা হয় পরবর্তী সংশোধনীতে। এখন আমি যে সংশোধনী আনতে চাইছি তা হল এই যে এ আইনের এক নং ধারায় দু নং উপধারা অনুসারে এই আইন শুধু আরবান এলাকাতে বলবত করা যেতে পারে কিন্তু উক্ত আইনের দু নং ধারার অধিনস্থ এক নং ক্লজ তিন নং সাব-ক্লজ অনুযায়ী রাজ্যসরকার নোটিফিকেসান দ্বারা নতুন নতুন স্থানকে আরবান এরিয়া ঘোষণা করতে পারেন। কিন্তু এখানে প্রশ্ন উঠেছে এই যে কোন নতুন স্থান এই আইনের আওতায় আনতে হলে আগে তাকে আরবান এরিয়া ঘোষণা করতে হবে।

কিন্তু আইনে এমন কোন বিধান নেই যাতে নতুন স্থানকে আরবান এরিয়া বলে ঘোষণা করা যায়। এই জন্য আইনের মধ্যে একটা ল্যাকুনা থেকে গেছে। সেটাকে সংশোধন করে আইনটাকে সুষ্ঠু করার উদ্দেশ্যে আমি এই আইনের ১নং ধারার অন্তর্গত ২নং উপধারায় একটি অনুবিধি প্রভাইসো যুক্ত করার প্রস্তাব করছি। যার দ্বারা রাজ্য সরকার এই আইনের শর্তাবলী নোটিফিকেশন প্রজ্ঞাপন দ্বারা যে কোন এলাকাকে এক্সটেণ্ড করতে পারবেন। এই আইন প্রজ্ঞাপন জারী করার দিন হইতে সেই স্থানে বলবৎ করা হইবে। এই আইনটি কোন স্থানে প্রযোজ্য হবার পর তাকে আরবান এরিয়া হিসাবে ঘোষণা করার জন্য এই আইনের ২নং ধারার অন্তর্গত তিন নং উপ-ধারার কিছু পরিবর্তন করেছি যাতে করে নতুন এরিয়াতে এই আইন প্রয়োগ করা যায়। একটা দৃষ্টান্ত দিচ্ছি, সল্টলেকে এত গবাদি পশুর ভীড় হয়েছে। অনেকে আবার বলছেন যে এনকেফ্যালাইটিজ রোগটা নাকি ঐ গরু, মোষ, শুয়োর থেকে আসে। যাইহোক, এত গবাদি পশুর ভীড় হচ্ছে যার ফলে সেখানে জনস্বাস্থ্য, পরিচ্ছন্নতা খুব নষ্ট হচ্ছে। অথচ আমরা সল্টলেক এলাকার এরিয়াতে ক্যাটেল লাইসেন্সিং এ্যাক্টে ল্যাকুনা থাকার জন্য এই আইন চালু করতে পারি নি। আইনে এই ল্যাকুনা রয়ে গেছে। সেই জন্য আমি এই প্রস্তাব করছি। এই এ্যাক্টের এক নং ধারার ২নং উপধারায় যেটা আছে সেখানে প্রভাইসো যুক্ত করা হোক যে অনুবিধির দ্বারা রাজ্য সরকারকে ক্ষমতা দেব, যাতে রাজ্য সরকার সেই রকম এলাকায় যাতে এটা চালু করতে পারে। তা করতে গেলে একটা অসুবিধা দেখা যাচ্ছে, যদি এই আইনের ২নং ধারার যে সাবক্লজ আছে, সেটা যদি সংশোধন না করা হয়, সেই জন্য ৩নং ধারার প্রস্তাব সংশোধন করার প্রস্তাব দিচ্ছি। আপনারা অনুগ্রহ করে দেখবেন, যেখানে ২নং ক্লজে আরবান এরিয়া মিন্স বলে ব্যাখ্যা দেওয়া আছে, তার ৩নং সাব ক্লজে এই এরিয়া **Any area which the State Govt. in view of its development and growing population declares to be urban.** এখানে আমি যে সংশোধনটা আনছি, **the area within any municipality as defined in the Bengal Municipal Act of 1932 or within Chandernagore as defined in the Chandernagore Municipal Act, 1935 or any part or parts of such area and includes such other area to which the provisions of this Act may be extended under the proviso to sub-section (2) of Section 1.** বিলের ২নং ধারার সংশোধনের বলে ৩নং আইনে যা আছে তাতে আমি বলছি যে, "উক্ত আইনের ২ ধারার (1) প্রকরণের স্থলে, নিম্নলিখিত প্রকরণ প্রতিস্থাপিত হইবে:

(1) "শহরাঞ্চল" বলিতে—

(ক) কলিকাতা পৌর আইন, ১৯৫১-তে সংজ্ঞিত কলিকাতাস্থ অঞ্চল অথবা ঐরূপ অঞ্চলের কোন অংশ বা অংশসমূহ অথবা,

"খ"-তে যা বলা হচ্ছে সেটা পুরোনো আইনেও আছে—

"(খ) বঙ্গীয় পৌর আইন, ১৯৩২-এ সংজ্ঞিত কোন পৌরসংঘস্থিত অঞ্চল অথবা চন্দননগর পৌর আইন,

১৫৫-তে সংজ্ঞিত চন্দননগরস্থ অঞ্চল অথবা ঐরূপ কোন অঞ্চলের কোন অংশ বা অংশসমূহ বুঝাইবে; এবং উহা, ১ ধারার (২) উপ-ধারার অনুবিধি অনুযায়ী এই আইনের বিধানাবলী যেরূপ অন্য অঞ্চলে প্রসারিত হইবে সেরূপ অন্য অঞ্চল অন্তর্ভাবিত করিবে।"

যেটা আমরা এ্যামেণ্ড করছি, সেখানে এটাই যোগ করে দিয়েছি, ইট উইল বি ইনক্লুডেড। এটা খুবই ছোট এ্যামেণ্ডমেন্ট।

**শ্রীভোলানাথ সেন :** কিন্তু সল্টলেক টাউনসিপ অথরিটি বলে একটা আলাদা সংস্থা আছে। ক্যালকাটা মিউনিসিপ্যাল য়্যাক্ট এবং বেঙ্গল মিউনিসিপ্যাল য়্যাক্ট আমাদের আছে। কিন্তু ওটা নেই।

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী :** সেটা ইনক্লুড করা যাচ্ছে না। কারণ কোর্ট থেকে ইনজাংসন আছে। যেমন কল্যাণীর ক্ষেত্রে হচ্ছে। কল্যাণীতে সমস্ত গরু মোষ চলে যাচ্ছে। আবার কল্যাণীকে জুড়ে দিলে সল্টলেকে চলে আসছে। সেই জন্য যেগুলিকে আর্বান এরিয়া বলে গভর্নমেন্ট ডিক্লেয়ার করতে পারছে না সেগুলিকে যাতে আর্বান এরিয়া বলে ডিক্লেয়ার করতে পারে তার জন্য আইনের যে সামান্য ল্যাকুনা আছে সেটা আমরা দূর করতে চাইছি। আমি আশা করব আপনারা সকলে এটাকে সমর্থন করবেন।

[ 2-40—2-50 P.M. ]

**শ্রীনবকুমার রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে "পশ্চিমবঙ্গ গবাদি পশুর লাইসেন্স প্রদান ( সংশোধন ) বিধেয়ক, ১৯৭৮; "যে বিল মাননীয় মন্ত্রী মহাশয় আমাদের সামনে উপস্থাপন করলেন সেই বিলকে আমি সমর্থন করি। স্যার, এই বিল এনে উনি আর্বান এরিয়া এক্সটেনসন করতে চাইছেন। কিন্তু তার কোন ডেফিনিসন

তিনি দেননি। ধরুন ক্যালকাটা আর্বান এরিয়া যে পজিসনে রয়েছে সেটা রুরাল এরিয়াব ক্ষেত্রে নেই। সুতরাং এটার একটা ডেফিনিসন থাকা উচিত সন্টলেকে কেউ গরুর খাটাল করলে আপনারা হয়ত এই আইনের বলে সেই খাটালকে অধিগ্রহণ করতে পারবেন। কিন্তু সেটা যদি মেদিনীপুরে চলে যায় বা পশ্চিম দিনাজপুরে চলে যায়; তাহলে কি করবেন? তাহলে একটা ডেফিনিসন থাকা উচিত ছিল এবং সেই অনুযায়ী আমরা আর্বান এরিয়া বাড়াতে পারতাম। আর একটা কথা হচ্ছে, '৭৭ সালের নির্বাচনের পর পশ্চিমবাংলায় অনেক গরুর আমদানী হয়েছে, কিন্তু তার হিসাব আমরা পাচ্ছি না। আর একটা উল্লেখযোগ্য জিনিষ হচ্ছে এইসব গরু মোষ বিভিন্ন জায়গায় ঘোরাফেরা করে, যার ফলে রাস্তাঘাটে মানুষেব চলা-ফেরার অসুবিধা হচ্ছে। অপর দিকে এনকেফালাইটিস রোগ সম্পর্কে আমাদের মনে সর্বদা একটা আতঙ্করয়েছে সুতরাং আর্বান এরিয়া সম্পর্কে মন্ত্রী মহাশয় একটা পার্টিকুলার ডেফিনিসন দিয়ে আর্বান এরিয়া এক্সটেনসনের কাজে সুবিধা হত এবং সেটাই সব চেয়ে ভাল হত। যাই হোক এই কয়টি কথা বলে এই বিলকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Ramjan Ali : माननीय स्पीकर सर, मैं इस बिलका समर्थन करता हुँ। इस बिल को किया जा रहा है, यह बड़ी खुशी की बात है। अगर बिलका या एमेण्डमेण्ट करके जो एरिया इसमें दाखिल नहीं है। उसको इसमें दाखिल दिया जाना चाहिए, एकि उन एरिया लों में भी सहत लो सफाई को उछेनसर रखा जाय। इस बिल को समर्थन करते.में.मुले.कोई मापत्ति नहीं है।

The motion of Shri Amritendu Mukherjee that the West Bengal Cattle Licensing (Amendment) Bill, 1978, be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1 to 3 and Preamble**

The question that Clauses 1 to 3 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Amritendu Mukherjee : Sir, I beg to move that the West Bengal Cattle Licensing (Amendment) Bill, 1978, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

The West Bengal Taxation Laws (Second Amendment) Bill, 1978

Dr. Ashok Mitra : Sir, I beg to introduce the West Bengal Taxation Laws (Second Amendment) Bill, 1978.

(Secretory then read the title of the Bill)

Dr. Ashok Mitra : Sir, I beg to move that the West Bengal Taxation Laws (Second Amendment) Bill, 1978, be taken into consideration.

[ 2-50—3-30 P. M. ]

**ডঃ অশোক মিত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ২/১টি কথা বলব, বেশী বলার প্রয়োজন নেই, রাজস্বের ক্ষেত্রে প্রায় আমাদের 'সবেধন নীলমণি' ক্রয় এবং বিক্রয় কর এবং সেই ক্রয় এবং বিক্রয় কর যাতে যথাযথভাবে গৃহীত হয় এবং সংগ্রহের পরিমাণ বেড়ে যায় এদিকে যেমন আমাদের নজর দেওয়া প্রয়োজন অন্যদিকে ঐ কর সংগ্রহ করতে গিয়ে যারা কর দেবে তাদের উপর যাতে অন্যায় করা না হয় তাদের যাতে অসুবিধার মধ্যে পড়তে না হয় সেজন্য আমাদের সমান দৃষ্টি দেওয়া উচিত। এই দুই উদ্দেশ্য মনে রেখে এ ব্যাপারে সংশোধনী বিলটি আপনাদের সামনে উপস্থিত করছি। কতকগুলি ব্যাপার দেখা দিচ্ছে এবং সেই কতকগুলি ব্যাপার সম্বন্ধে আপনাদের অনুমতি নিয়ে যে সংশোধনের প্রয়োজন হয়েছে তা বলছি। আমাদের বিক্রয় করের ক্ষেত্রে আলাদা আইন আছে একটা ১৯৪১ সালের আইন, আর একটা ১৯৫৪ সালের আইন। এই দুইটি আইনের কিছু কিছু সংশোধন করতে চাই এবং আমি একটা একটা করে কোন কোন জায়গায় সংশোধন আনছি সেগুলি আমি আপনাদের সামনে পেশ করছি। প্রথম হল একটা সমস্যা দেখা দিয়েছে চায়ের ক্ষেত্রে দুটো আলাদা ধরণের চা কেনা হয়, কিনে তারপর চা প্রস্তুতকারকরা চা গুলি মেশায়, মেশানোর পদ্ধতিটাকে বলে ব্লেনডিং। এখন চা কিনে চা তৈরী করার জন্য মেশান হয় বা ব্যবহার করা হয় তার জন্য আমাদের একটা যে কেনার জন্য কর ধার্য্য করা হয়েছে সেটার হার হয়েছে শতকরা ২০ ভাগ, তারপর একটা আছে সারচার্জ ১০ পারসেন্ট যেখানে সব মিলিয়ে খরচা দাঁড়াচ্ছে ৬.৩। অনেক প্রস্তুতকারক বলেছেন ব্লেনডিংটা ঠিক তৈরী

করা নয়, সুতরাং এই একটা নজির নিয়ে অনেকেই সাধারণ হারে এ ধরণের প্রস্তুতি নেন। তার ভিতরে আমরা আর গেলাম না, শুধু কিনলাম আর বিক্রী করলাম এ ধরণের যুক্তির উপর দিয়ে তাঁরা বলতে চাইছেন শতকরা এক ভাগ এবং তার উপর সারচার্জ আরও ১০% এই ১'১ ওঁরা ট্যাক্স দেবেন। যেখানে আমাদের উচিত প্রাপ্য শতকরা ৩'০ সেখানে ওঁরা দিতে চাইছেন ১'১। এই নিয়ে একটু গোলযোগ দেখা দেওয়াতে আমরা একেবারে আমাদের আইনের ভিতরে পরিষ্কার ঢুকিয়ে দিতে চাই যে ম্যানুফ্যাকচারিং মানে ব্লেনডিং—এবং রাজস্বের যাতে ক্ষতি না হয় সেজন্য এই বিধান আমরা নিচ্ছি। এটা হচ্ছে বিলের ২/১ ধারা তাতে এই সংশোধনী প্রস্তাব করা হয়েছে। এখন একটা ব্যাপার, ধরুণ কোন একজন ব্যবসায়ী জিনিষ কেনেন, বিক্রী করেন, তিনি এমন একটা জিনিষ কেনেন এবং বিক্রি করেন যার উপর আমাদের রাজ্য সরকারের কোন অধিকার নেই কর চাপাবার। উদাহরণ স্বরূপ বলতে পারা যায়—জামা কাপড়, টেক্সটাইল, তামাক, সিগারেট কিংবা চিনি। এমন হতে পারে এই ভদ্রলোক মাত্র এই জিনিষটাই কেনাবেচা করেন। আমাদের কোন অধিকার নেই এই কাপড়, তামাক কিংবা চিনির উপর ট্যাক্স বসাবার। কিন্তু এখন আমাদের যে নিয়ম আছে যে আমি ট্যাক্স দিই বা না দিই আমি যদি ব্যবসায়ী হই আমাকে নামটা রেজিষ্ট্রী করতে হবে, কিন্তু এখন আমরা যে সংশোধনী আনছি তাতে এ রকম করতে হবে না বা কোন রকম ট্যাক্স দিতে হবে না, এ রকম জিনিষ যদি কেনাবেচা করেন তাহলে এই রকম রেজিষ্ট্রারী করবার দরকার নেই—তাতে আমাদের দপ্তরের কাজকর্মের অনেকটা আসান হবে এবং এর জন্য যাঁরা হয়রাণ হচ্ছিলেন তাঁদের হয়রাণিটাও কমবে। তারপর আমি আসছি সংশোধনী বিলের ২/৫ ধারায়—এখানে আমরা দেখছি যে কোন কারণে কারও কাছ থেকে বেশী ট্যাক্স নেওয়া হয় বা বেশী ট্যাক্স ধার্য্য করা হয় এ্যাসেসমেন্ট করে দেখা গেল বেশী টাকা দিচ্ছে পরে বেশী টাকাটা যাতে ফেরত পেতে পারেন, বার বার করে যেতে না হয় আমরা সেই পদ্ধতিটা সহজ করে নিতে চাই। আমরা বলছি যে এ্যাসেসমেন্ট অর্ডারে বলা আছে যে বেশী কর আদায় করা হয়েছে—কর ফেরত দিতে হবে। আমরা সেই এ্যাসেসমেন্ট অর্ডারের ভিতরে রেখে দেব সেই এ্যাসেসমেন্ট অর্ডারে এক সঙ্গে থাকবে রিফাণ্ডের কথা। রিফাণ্ড অর্ডারে ঐ কথাটা পরিষ্কার থাকবে। আলাদা করে অর্ডার বার করবার দরকার হবে না এবং তাতে অনেক সময় এবং পরিশ্রম বেঁচে যাবে। তারপর আমি আসছি সংশোধনী বিলের ২-৬ ধারায় এখানে যা করা হয়েছে তাতে আমরা একটু মুস্কিলে পড়েছি, আমাদের এখানে এতদিন পর্য্যন্ত যে কমারশিয়াল ট্যাক্স—তার যারা অফিসার

এদের ক্ষমতা ডেলিগেট করে দেওয়া হোত। কমিশনাররা গিয়ে হিসেবের বই পত্র তাঁরা সীজ করতে পারতেন, দখল করতে পারতেন। সম্প্রতি ক্যালক্যাটা হাইকোর্ট থেকে বিধি প্রনয়ণ করেছেন, করে আইনের যে রূপ দিয়েছেন তাতে কমিশনাররা হিসাবপত্র ক্ষমতা ডেলিগেট করতে পারেন না।

সুতরাং আমরা রেটসটিভলি আইনটার পরিবর্তন করছি যাতে এই সমস্ত বই পত্র যা দাখিল করা হয়েছিলো সেগুলি যেন আমরা সরকারী দখলে রাখতে পারি। এবার ১৯৫৪ সালের যে ধরনের পরিবর্তনগুলি হয়েছিলো সেগুলি এখন করা উচিত বলে মনে হচ্ছে। গত দুটা বাজেটে নূতন নূতন নিয়ম পরিবর্তন করেছি। তাতে বেশীর ভাগই ক্রয় বিক্রয় ১৯৪১ সালের ধারার আইন থেকে '৫৪ সালের আইনে ৪৪ সালের আইনের গুরুত্ব অনেক বেশী . প্রথম পয়েণ্টে কর আরোপ করার কথা ঘোষণা করেছি। ৪১ সালের আইনের দ্বারা অনেক জায়গায় অনুসন্ধান করছি। সে জন্য বুরো অফ ইনভেষ্টিকেসান যেটা আমরা নিযুক্ত করি ৪১ সালের কিছু ধারা অনুসারে। কিন্তু ৫৪ সালের আইনের ধারা অনুসারে বুরো অফ ইনভেষ্টিকেসানকে যদি স্বীকৃতি না দিই তাহলে অনুসন্ধান করার কিছু অসুবিধা হচ্ছে। সেজন্য ২(১) (ক) ধারা এবং ৩(২) ধারা অনুযায়ী বলেছি ৫৪ সালের আইনের ধারাতে এই বুরো অফ ইনভেষ্টিকেসান কাজ করতে পারবে এবং ৫১ সালের আইনে যে যে ক্ষমতা আছে ৫৪ সালের অনুবর্তী আইনেও ঠিক সেই ক্ষমতা থাকবে। সেজন্য তার কাছাকাছি একটা সংশোধনী করছি সেটা হচ্ছে কমারশিয়াল ট্যাক্স যে ট্রাইবুনাল আছে সেই ট্যাইবুনাল যে সমস্ত এ্যাপেলেট অর্ডার নির্ধারন করেন সে কর ঠিক হয়েছে কিনা কিম্বা পেনাল্টি ঠিক হলো কিনা এগুলি সমন্ধে একটা এ্যাপিল করার সুযোগ এ্যাপিলেট ট্রাইবুনালে আছে। ৪১ সালের আইন অনুযায়ী যে যে অধিকারগুলি টাইবুনালে আছে ৫৪ সালের আইনে সেই সেই অধিকারগুলি এই টাইবুনালের উপর আরোপ করা হচ্ছে। সেজন্য আমরা এটা উত্থাপন করছি। সর্বশেষে আমি দৃষ্টি আকর্ষণ করছি ৩(৬) এবং ৩(৭) ধারার প্রতি। এই দুই ধারা অনুযায়ী আমরা বলেছি কর্মারশিয়াল ট্যাক্স ডায়রেকটেরেটে কর্মচারীদের অধিকার থাকবে যে সমস্ত জায়গায় জিনিষ পত্র গুদাম জাত করে রাখা হয়েছে সেই সমস্ত জায়গায় গিয়ে জিনিষগুলি দেখা এবং এই ক্ষমতা ১৯৪১ সালের আইনেও ছিলো যেটা আমরা ১৯৫৪ সালের আইনে আনতে চাই। এ ছাড়া কিছু কিছু এখানে ওখানে পরিবর্তন করতে হয়েছে। কাশাকরি পশ্চিমবাংলার রাজস্ব ব্যবস্থা যাতে ভালভাবে চালনা করা যায় সেদিকে লক্ষ্য রেখে আপনারা বিলটা অনুমোদন করবেন।

মিঃ স্পীকার—এখন সভার কাজ ৩.৩০ অবধি বিরতি রইলো।

( After Adjournment

[ 3-00—3-40 P.M. ]

**শ্রীবিষ্ণুকান্ত শাস্ত্রী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যের রাজস্বের স্বার্থে এবং উন্নততর প্রশাসনের জন্য বিক্রয় কর ফাঁকি রোধ করবার জন্য বিক্রয় কর আইনের দ্বিতীয় সংশোধনী পেশ করেছেন। আমি তাঁর উদ্দেশ্যের প্রশংসা করি কিন্তু দুঃখের সঙ্গে বলছি যে তিনি যে সংশোধনীগুলি এনেছেন তাতে এই উদ্দেশ্য সিদ্ধি হবে বলে মনে করি না। আমার মনে হচ্ছে এই রকম খাপছাড়াভাবে সংশোধন করলে ক্ষতি হবে। আসলে পুরো বিক্রয় কর আইনের কমপ্রিহেনসিভ পরিবর্তন দরকার আছে ৫০ বার এই আইনের পরিবর্তন করা হয়েছে, বামফ্রন্ট সরকার দ্বিতীয় বার সংশোধন করতে যাচ্ছেন। কিন্তু কাজ হচ্ছে না। বিক্রয় কর ফাঁকি বাড়ছে এবং প্রশাসনে দুর্নীতি বাড়ছে এবং রাজস্বের রাজস্ব অসৎ ব্যবসায়ীরা কুক্ষিগত করে চলেছে। বিক্রয় করের পরিমান যেভাবে বাড়ছে, যেভাবে জটিলতর আইনের রচনা করা হচ্ছে ততই ফাঁকি এবং দুর্নীতি বেড়ে যাচ্ছে। আমার প্রাপ্ত সংবাদ যদি ঠিক হয় তাহলে ২২৭ কোটী টাকা বিক্রয় কর গত বছর আমরা পেয়েছি। এর চেয়ে অনেক বেশী বিক্রয় কর পাবার কথা। ৬০০ কোটী টাকা মহারাষ্ট্রে পাওয়া যায়। সেখানে পশ্চিমবাংলায় ২১৭ কোটী টাকা কেন পাওয়া যাবে? নিশ্চই বিক্রয় কর ফাঁকি হচ্ছে। কিভাবে এই ফাঁকি বন্ধ করা যায় সেটা গভীরভাবে চিন্তা করার প্রয়োজন আছে। এই সংশোধন করতে গিয়ে আমলাতন্ত্রকে আরো বেশী অধিকার দেওয়া হচ্ছে এবং চিন্তা করা হচ্ছে এইভাবে রাজস্ব বাড়বে। আসলে দুর্নীতি বাড়বে এবং যৎ কিঞ্চিত রাজস্ব বাড়বে তার তুলনায় পশ্চিম বাংলায় শিল্প ব্যবসায় ক্ষতি হবে বেশী। শিল্প ব্যবসা বাড়লে রাজস্ব বাড়বে এবং তাতে ছেলেরা কাজ পাবে এবং পশ্চিম বাংলা সমৃদ্ধিশালী হবে। ভারত সরকার ইনকাম ট্যাক্সের ৯৭.৭৫ থেকে সর্বোচ্য নামিয়ে শতকরা ৬৯ করে এনেছেন। এবং তাতে তাদের কর্পোরেট ট্যাক্স এবং নন-কর্পোরেট ট্যাক্স দুক্ষেত্রেই লাভ হয়েছে, রাজস্ব বেড়েছে, ডিক্লারেশান করে আরো আমদানি হয়েছে। আমরা সেই রকম একটা সামগ্রিক চিন্তা-ভাবনা করে কত সেলস ট্যাক্স করলে বেশী রাজস্ব পেতে পারব তার কোন পরিকল্পনা করছি না। আর একটা বিচারের প্রয়োজন আছে, তা দু'ক্ষেত্রে হয়, যারা শিল্পপতি, ব্যবসায়ী তারা অসাধু কর্মচারীদের ঘুষ দিয়ে যে দুর্নীতি করে

এটা অবশ্য নিন্দনীয়। কিন্তু প্রশাসনিক ক্ষেত্রে আইনের ফাঁক দিয়ে দুর্নীতি বেড়ে চলেছে সেটা রোধ করার দিকে মাননীয় অর্থমন্ত্রীকে নজর দিতে অনুরোধ জানাচ্ছি। আমি ২-৩টি উদাহরণ দিচ্ছি যেখানে এটা পরিবর্তনীয়। সম্প্রতি রেজিষ্টার্ড ডিলারদের ডিক্লারেশানের জন্য ২৪নং ফর্ম পেতে হয়। সি টি ও তাঁর ইচ্ছা মত সেই ২৪ নং ফর্ম দিয়ে থাকেন। ফর্মগুলি বেশী সংখ্যক পাওয়ার জন্য বেশীর ভাগ সি টিওদের ঘুষ দিতে হয় এটা সকলের জানা আছে। সেলস ট্যাক্সের মত এত দুর্নীতিগ্রস্ত বিভাগ সারা ভারতে বিভিন্ন ক্ষেত্রে আর নেই। তাই আমি প্রস্তাব করছি ইনকাম ট্যাক্সের ফর্ম যেমন সাধারণভাবে পাওয়া যায় ঠিক সেইভাবে যাতে রেজিষ্টেশানের জন্য ২৪নং ফর্ম প্রাপ্য হয় সেই দিকে লক্ষ্য রাখতে হবে। সি টি ও যদি না করে দেন তাহলে রিভিসান ছাড়া আর কোন পথ নেই। রিভিসান করতে দেড় বছর লাগে। তাই এই দুর্নীতি রোধ করার জন্য সি টি ও-র উপর যিনি আধিকারীক আছেন তিনি যাতে এই ফর্ম দিতে পারেন এই রকম ক্ষমতা তাঁদের দেওয়া উচিত। সি টি ও ফর্ম না পেয়ে যদি কারোর ডেট বয়ে যায় তাহলে ডেট নেবার জন্য আবার ঘুষ দিতে হয়। সুতরাং সত্যসত্যই যদি সি টি ও ফর্ম না পাওয়া গিয়ে থাকে তাহলে এই রকম ক্ষেত্রে বিশেষ সুবিধা দেওয়া উচিত। আর একটা বিষয়ে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। নতুন ১০ হাজার রেজিষ্ট্রেসানের জন্য মহারাষ্ট্রে ২-৩ দিনের মধ্যে কাজ হয়ে যায়, পশ্চিমবঙ্গে সেখানে ২/৩ মাস লাগে। কেন এত দেরী হবে ? যত দেরী হয় ততই দুর্নীতির সম্ভাবনা বাড়ে। সুতরাং প্রশাসনিক ক্ষেত্রে দুর্নীতি রোধ করার যে কয়টি প্রস্তাব আমি ওনার সামনে তুলে ধরছি তা উনি বিবেচনা করবেন বলে আমি বিশ্বাস করি। এই সংশোধনীগুলির উপর বিচার করতে গিয়ে আপনারা লক্ষ্য করবেন সব চেয়ে বেশী আপত্তিকর কথা হচ্ছে ম্যানু-ফ্যাকচারিং এর যে পরিভাষা উনি প্রবর্তিত করেছেন তা ইচ্ছা মত। তাতে আমার বিবেচনায় পশ্চিমবঙ্গ ক্ষতিগ্রস্ত হবে। কয়েকটি উচ্চ ন্যায়ালয়ে যে রায় দেওয়া হয়েছে তাতে দুটো জিনিস মিলিয়ে যদি একটা নতুন জিনিস তৈরী করা হয় তাহলে ম্যানুফ্যাকচারিং হবে। যেমন, কলকাতা হাইকোর্ট রায় দিয়েছেন যে ফেমে কাঁচ বসালেই চশমা ম্যানুফ্যাকচারিং করা হল না। যেমন, বোম্বে হাইকোর্ট রায় দিয়েছেন নীলগিরি সেলোন টী সাপ্লাই কোম্পানীর মামলায় যে চায়ের ব্লেনডিং করলেই ম্যানুফ্যাক্চারিং করা হয় না, তিনি নিজেও তা স্বীকার করেছেন। কিন্তু চা-কে দৃষ্টিভঙ্গীতে রেখে তিনি ব্লেনডিং কথাটা যোগ করেছেন, তার সঙ্গে যোগ করেছেন অলংকরণ, পরিমার্জন, অন্যথা প্রক্রিয়ান্বিত করুন ইত্যাদি ইত্যাদি। এর উপর বিচার

করুন। কথা হচ্ছে পশ্চিমবঙ্গে তিনটি প্রধান শিল্পের মধ্যে জুট আর কয়লার পরে চায়ের সবচেয়ে বড় উৎপাদন এখানে হয়। আপনারা নিশ্চয়ই এটা জানেন যে প: বঙ্গে যে চা প্রস্তুত করা হয় তার সবচেয়ে বড় বাজার হচ্ছে আন্তর্জাতিক ক্ষেত্র। আন্তর্জাতিক বাজারে প: বঙ্গের চায়ের সবচেয়ে বড় স্পর্দ্ধাপ্রতিস্পর্দ্ধা করে সিলোন। শ্রীলঙ্কা টি কোম্পানী নীলগিরি সিলোন টি কোম্পানীর নাম দিয়ে বিদেশের কনজিউমারদের আকর্ষণ করেন। আপনারা নিশ্চয়ই অবগত আছেন যে ভারত সরকার এক্সাইজ ডিউটি কমিয়ে দিয়ে পশ্চিম বঙ্গের চা-কে সংরক্ষণ দিয়েছেন, তাই আমরা মার খাইনি। এখন যদি অর্থমন্ত্রী মহাশয় ১'১ এর জায়গায় ৩'৩ করাধান করেন চায়ের উপর তাহলে কি সত্যসত্যই আন্তর্জাতিক বাজারে আমাদের চা বিক্রি হতে পারবে?

[ 3-40—3-50 P. M. ]

আমরা সিলনে মার খেয়ে ওখান থেকে বাজার যে হারিয়ে ফেলেছি তাতে কি পশ্চিম বাংলার মঙ্গল হবে? আপনারা এটা কি ভেবে দেখেছেন? তারপর একটা অদ্ভুত কথা ফিনিসিং। অর্নামেটিং, ফিনিসিং অর আদারওয়াইস্ প্রসেসিং—এতে আপনারা কি মিন করছেন আমি বুঝতে পারছিনা। কেন্দ্রীয় সরকার যে সমস্ত এ্যামেণ্ডমেন্ট করেন তার সঙ্গে একটা স্পষ্টিকরণ যোগ করেন কাজেই আপনারাও যদি সেই রকম করতেন তাহলে ভাল হোত। ধরুণ, কোন একজন লোক একটা জিনিস ম্যানুফ্যাকচার করল এবং তারপর কারুর কাছ থেকে সেটা সে পলিশ করাল এবং তখন সেটা ফিনিসিং হল। আপনারা বলুন এখানে কি তাকে সেলস ট্যাক্স দিতে হবে? শান্তিপুরে যে ধুতি, শাড়ী তৈরী হয় তার উপরে মাড় দেওয়া তো ফিনিসিং। কাজেই উনি এখানে যে পরিভাষা দিয়েছেন সেটা অত্যন্ত অস্পষ্ট পরিভাষা এবং আমার মনে হয় এতে অনেক ক্ষেত্রে আমাদের শিল্প এবং ব্যবসা ক্ষতিগ্রস্ত হবে। আমি মনে করি আপনার তরফ থেকে এগুলি পরিস্কার করে দেওয়া উচিত। তারপর উনি বলেছেন, ম্যানুফ্যাকচারিং প্রসেসেস্ এ্যাস মে বি প্রেসক্রাইব্‌ড। এ্যাস মে বি প্রেসক্রাইব একথার মানে কি? আপনি যখন সংশোধনী এনেছেন তখন আপনার পরিস্কার করে বলা উচিত আপনি কি কি প্রেসক্রাইব করেছেন। আপনার সংশোধন যদি অস্পষ্ট হয় তাহলে যাঁরা এগুলি বিক্রি করবেন তাঁরা কি করে বুঝবেন যে তাঁর উপরে এই সেলস্ ট্যাক্স বসবে কি বসবেনা। এই জিনিস করে উনি অনেক জটিল ব্যবস্থা করেছেন এবং এতে শিল্প ক্ষতিগ্রস্ত হবে এবং তার ফলে সামগ্রিকভাবে পশ্চিম বাংলা ক্ষতিগ্রস্ত হবে বলে আমার বিশ্বাস। তারপর, উনি বলেছেন যে সমস্ত টেক্সটাইল

আছে তার উপর ট্যাক্স লাগবে না অর্থাৎ তিনি এটা ক্যানসেল করবার ব্যবস্থা করেছেন। আমি এসে স্বাগত জানাচ্ছি। তারপর, আমাদের প্যাকিং মেটেরিয়ালস্‌ —এর জন্য চাহিদা আছে সেটা দেখিয়ে যেন ক্যানসেল করা না হয় এবং বর্তমান নিয়মে প্যাকিং জিনিসের উপরে যে সেলস্‌ ট্যাক্স লাগে সেগুলি যাতে ক্যানসেল না হয় সেই দিকে আপনি দৃষ্টি দেবেন। তারপর, ২ ধারায় আপনি বলেছেন, ইফ দি ষ্টেট অথরিটি ইজ স্যাটিসফাইড দ্যাট দি এ্যাপলিকেসন আণ্ডার সেকসন ইত্যাদি, ইত্যাদি। আমার বক্তব্য হচ্ছে যদি স্যাটিসফায়েড না হন তাহলে উচ্চতর ক্ষেত্রে রিভিসনের অধিকার দেওয়া উচিত। ফাইভ (ওয়ান)—এ রিফাণ্ড করবার কথা যেটা বলেছেন আমি তাকে স্বাগত জানাচ্ছি। তবে রিফাণ্ড করবার ব্যবস্থা ঠিক যেমন ইনকাম ট্যাক্সে হয় সেই রকম হওয়া উচিত। আপনারা জানেন ইনকাম ট্যাক্সে যদি কেউ বেশী টাকা পে করেন তাহলে সেটা রিফাণ্ড পাবার জন্য তাঁকে এ্যাপ্লিকেসন করতে হয় না। সে শুধু ইনকাম ট্যাক্স অফিসারকে একটা ভাউচার স্লিপ লিখে দেবেন যে এত টাকা রিফাণ্ড দিতে হবে। কিন্তু এখানে দেখছি যদি কেউ বেশী টাকা দিয়ে থাকে তাহলে সেলস্‌ ট্যাক্স অফিসার সেটা রিফাণ্ড করতে পারবে না। আমি নিজে জানি ৫/৭ বছর ধরে রিফাণ্ডের কেস হচ্ছে অথচ রিফাণ্ড করা হচ্ছেনা। কাজেই আমি এই ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। তারপর, ৬(১) যেটা করেছেন আমি তাকে স্বাগত জানাচ্ছি। কমিশনারের এ্যাপয়েণ্টেড লোক সেখানে গিয়ে তদন্ত করবেন এটা ভাল জিনিস করেছেন। তবে এই প্রসঙ্গে আমি একটা সতর্কবাণী উচ্চারণ করছি যে, অনেক সময় দেখা যায় দুর্নীতিগ্রস্ত সরকারী কর্মচারী যারা রয়েছে তারা যে কোন দোকানে ঢুকে গিয়ে জিনিসপত্র ঘাটে এবং ৪০-৫০ টাকা ঘুস নিয়ে চলে যায়। সুতরাং এখানে দেওয়া আছে যে দি কমিশনার অর এনি পারসেন এ্যাপোয়েণ্টটেড সাব-সেকশান (১) অফ সেকশান ৩ ওতে এটা পরিস্কার করে দেওয়া উচিত যে ওরা কমিশনারের ওয়ারেন্ট নিয়ে যাবে, ওরা যে কমিশনারের দ্বারা এ্যাপোয়েণ্টটেড আছেন যে কমিশনারের ওয়ারেন্ট নিয়ে যাবেন ওখানে এটা পরিস্কার হওয়া উচিত। কারণ, আমলাতন্ত্র-এর যে দুর্নীতি আছে, আর সেল-ট্যাক্স ডিপার্টমেন্টে অত্যন্ত বেশি আছে তাতে কমবে না বলে আমার বিশ্বাস। এরা স্যার, বুরোক্রেসিকে চিরদিন গাল দিয়ে এসেছে, এখন তারাই আবার এত বেশি ক্ষমতা দিচ্ছেন—এটা তাৎপর্য বাহক ব্যাপার। বুরোক্রেসির ওপর যাদের কাল পর্যন্ত সুনজর ছিল না, এই বুরোক্রেসি আজ তাদের এত প্রিয়ভাজন হয়েছে—এটা আশ্চর্য্য ব্যাপার। আপনারা এটা লক্ষ্য করবেন তদন্ত বুরো যেটা আপনারা করেছেন এতে আপনারা

বুরোকেই অধিকার দিয়েছেন যে প: বাংলা সরকার যদি নিদে'শ দেন, ওরা যদি মনে করেন কিংবা এ্যালিগেশান পান তা হলে সেটা তদন্ত করবেন। এখানে আছে ইন এনি কেস অফ এ্যালিগেশান অর সাসপিশান অব ইভেসান অফ ট্যাক্স— শুধু সাসপিশানের উপরে কোন বুরোক্র্যাট লোকের উপর অত্যাচার চালাতে পারে এটা ন্যায্য কিনা সেটা স্যার, আপনি বিবেচনা করবেন। বুরোক্রেসিকে আর কত শক্ত করবেন। এটা ভেবেই আপনারা জনগণের সেবা করতে চান এতে ১৯৫৪ সালের ২ (সি) যে আইটেম আছে সেটা আমি স্বাগত জানাচ্ছি। আমি মনে করছি এটা ঠিক। তদন্ত বুরো যখন তদন্ত করবেন তখন তিনি এ্যাসেসমেন্ট করতে পারেন এ্যাসেসমেন্ট করার অধিকার দিলে তার সুবিধা হবে। একটা তদন্ত হয়ে গেলে এ্যাসেসমেন্ট করে দিলাম নইলে ওটা আবার রিপিটেশান হবে। আমি শুধু যোগ করতে চাই ১৯৪১ সালের যে আইন সংশোধন আছে তাতেও এই অধিকার দেওয়া উচিত যে তদন্ত বুরো তার সাথে তদন্ত চালাতে পারে। ঠিক তেমনি আমি মনে করি যে সর্বশেষে এখানে উনি বলেছেন ৬ (১)(এ)-তে যে সমস্ত কমোডিটিগুলিকে দেখার জন্য লোকেরা যেতে পারে সেখানে আমি আবার যোগ করতে চাই যে কমিশনারের ওয়ারেন্ট নিতে হবে। আপনারা এমনভাবে বুরোক্রেসিকে এত অধিকার দেবেন না, তারা সেই অধিকারকে দুর্ব্যবহার করবেন। সুতরাং কমিশনারের ওয়ারেন্ট ছাড়া কিছু করা এটা কাম্য নয়। সুতরাং আমি মনে করি এ বিষয়ে নজর দেওয়া উচিত, কিন্তু আপনারা নজর দেন নি। ঠিক তেমনি আর একটি দিক আপনার সামনে রাখতে চাচ্ছি যে, আমাদের পশ্চিমবাংলায় যে সমস্ত জিনিস তৈরি হচ্ছে সেটা ভারতবর্ষের অন্যত্র কম দামে, কমপিটিটিভ রেটে বিক্রি হতে পারে তার জন্য আপনারা ইনসেনটিভ দেবেন। সেই জন্য আপনারা সেল ট্যাক্স-এর দিক থেকে একটু বিচার করবেন। আপনার জ্ঞাতার্থে বলছি রাজস্থান সরকার একটা যোজনা করেছেন যে রাজস্থানের নির্মিত যে সমস্ত জিনিসগুলি ভারতবর্ষের অন্য রাজ্যে বিক্রি হবে তাতে শতকরা একভাগ সেলট্যাক্স নেবেন। আমাদের পশ্চিমবাংলায় যে সমস্ত জিনিসগুলি তৈরি হচ্ছে সেটাতে শতকরা ১০ ভাগ বিক্রি করের উপর ধার্য হয়। তাহলে কি করে পশ্চিমবাংলায় নির্মিত বস্তুগুলি ভারতবর্ষের অন্যান্য রাজ্যে কমপিটিভ রেটে বিক্রি হবে ? সুতরাং যাদের উপর পশ্চিম বাংলার সমগ্র মঙ্গলের দায়িত্ব ন্যস্ত হয়েছে তারা শুধু ঐ সংকীর্ণ দৃষ্টিতে যে আমাদের রাজস্ব কত বাড়ল এই দিক দিয়ে বিচার করবেন না।

[ 3-50—4-00 P. M. ]

যে রকম কালকে আমরা বলেছিলাম ইকনমি কি নন-ইকনমি এইটা ভেবে সুবারবন ট্রেন করা চলবে না, আমাদের প্রয়োজন আছে কিনা এইটাই দেখতে হবে। পশ্চিম বাংলার যে সমস্ত ব্যবসা আছে, পশ্চিম বাংলার যে সমস্ত শিল্প আছে সেটা যদি কমপিটিটিভট রেটে বিক্রি হয় তাতে পশ্চিম বাংলা সমৃদ্ধি হবে, পশ্চিম বাংলার ছেলেরা কাজ পাবে সেদিকে নজর দিতে হবে। শুধু সেলস ট্যাক্স বাড়িয়ে দিলেন আর কণ্ঠরোধ করে দিলেন শিল্পের তাতে চলবে না। একটু লক্ষ্য দিয়ে দেখবেন না? আজকাল দোকানগুলো যে খোলা হচ্ছে তা প্রধানতঃ টেক্সটাইলস এবং তামাকের। যেহেতু কেন্দ্রীয় সরকার টেক্সটাইলস এবং তামাকের উপর কর তুলে দিয়েছেন সেইহেতু এইসব দোকান বেশি করে খোলা হচ্ছে। আমাদের সত্যিকার সমৃদ্ধি হবে যদি আমরা শিল্পের দিকে ঝোঁক দেবো। আমরা শিল্পে ৩·৩ শতাংশ আর ব্যবসায়ে ২·২ শতাংশ যদি কর ধার্য্য করি তাহলে আমাদের স্বাভাবিকের চেয়ে শিল্প সম্প্রসারণ হবে না, ব্যবসায়ের সম্প্রসারণ হবে। সুতরাং আমরা পশ্চিম বাংলার মঙ্গলের দিক থেকে বিচার করে একটা কমপ্রিহেনসিভ সামগ্রিকভাবে সেলস ট্যাক্সের নূতন রূপ দিয়ে উপস্থিত করতে হবে। আমরা তাঁর সঙ্গে একমত যে পশ্চিম বঙ্গের রাজস্ব বাড়ানো উচিত। পশ্চিম বঙ্গে যে বিক্রয় কর ফাঁকি দিচ্ছে সেটা রোধ করা উচিত। কিন্তু যে পন্থা রেখেছেন তাতে তাঁর উদ্দেশ্য সফল হবে না। তাতে তাঁর বুরোক্রেসীর দুর্নীতি বাড়বে। কারণ বুরোক্রেসীর দুর্নীতি দূর করার দিকে তিনি কোন উপায় বা পথ রাখেন নি। অপেক্ষা করে থাকবো তিনি যেন পশ্চিম বাংলার জন্য সেলস্ ট্যাক্সের একটা কম্প্রিহেনসিভ বিল রাখেন। এই বলে এই বিলকে আংশিক সমর্থন করছি, পুরোপুরি সমর্থন করতে পারছি না।

**শ্রীঅতীশচন্দ্র সিংহ:**—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার ষ্টেটমেন্ট অফ অবজেক্টস এ্যাণ্ড রিজিন্স পড়তে পড়তে মনে হচ্ছিল মাননীয় অর্থমন্ত্রী যেন মনে হচ্ছে সেল্স্ ট্যাক্সের ক্যালেকসান কমে যাচ্ছে এবং সেইটা বৃদ্ধি করার জন্য কতকগুলো কড়া কড়া আইন আনতে চাইছেন। সেল্স্ ট্যাক্স ক্যালেকসানের পরিমাণ পশ্চিমবঙ্গে বাড়ুক, পশ্চিমবঙ্গের উন্নতির জন্য এটা নিশ্চয় আমরা সকলেই চাইবো। কিন্তু এই বিলের যে কলেবর আমরা দেখতে পাচ্ছি এই কলেবর অনুপাতে যদি সেল্স্ ট্যাক্স ক্যালেকসান-এর পরিমাণ বৃদ্ধি পায় তাতে নিশ্চয় আনন্দিত হবো। কিন্তু পড়ে মনে হচ্ছে না, ভবিষ্যতে নিশ্চয় অর্থমন্ত্রীর কাছে দাবী করবো এই রকম কড়া কড়া আইন এনে,

বুরোক্রেসীকে নানা রকম অধিকার দিয়ে, নানা ইনভেসটিগেসান্স করে সেল্স ট্যাক্সের ফাঁকি বন্ধ করতে পারছেন কি না এবং তার ফলে সেল্স্ ট্যাক্সের পরিমাণ বছরে বছরে বৃদ্ধি পাচ্ছে কি না এটাও জবাবী ভাষণে জানাবেন। অর্থমন্ত্রী যদি জানান গত ছ বছরে এবং তাঁদের এক বছরে সেলস্ বাড়ার পরিমাণের হার কি তাহলে খুশী হবো। আমার একটা ধারণা এবং শাস্ত্রী মহাশয় যে ভাষণ দিয়েছেন তার সঙ্গে আমি এক মত যে আপনি ২ নম্বর ধারায় ৪১ নম্বর আইনে যে সমস্ত ম্যানুফ্যাকচারিং আছে তাতে আরও সন্নিবেশ করা উচিত মনে করেছেন। ব্লেণ্ডিং বলছেন ম্যানুফ্যাকচারিং এবং আরও অনেক কিছু ঢুকিয়েছেন। তাতে মনে হয় পশ্চিমবাংলায় শিল্প সম্প্রসারণ হবে না। আমরা আজকে সবচেয়ে বেশি চাই পশ্চিমবাংলায় শিল্প সম্প্রসারণ হোক। চায়ের ক্ষেত্রে আপনি বলছেন, যাতে এক পারসেণ্টের বদলে ৩.৩ শতাংশ সেল্সট্যাক্স দেওয়া হয় বা তা দিতে বাধ্য করা হয় সেইজন্য ব্লেণ্ডিংকে ২ নম্বর ধারায় আনতে চাইছেন। আমি জানি না এতে সেলস্ ট্যাক্স কালেকসন-এর পরিমাণ কতখানি বাড়বে। অর্থমন্ত্রী মহাশয় জানেন যে চা সাধারণ মানুষ ব্যবহার করে—এটা লাকসারি আইটেম নয়, শুধু বড় লোকরা খায় না গ্রাম থেকে গ্রামান্তরের গরীব মানুষরাও খায়। এই ব্লেণ্ডিংটা যদি ম্যানুফ্যাকচারিং আইটেমের মধ্যে না আনেন তাহলে ভাল হয়। কারণ এর ফলে এই ৩.৩ শতাংশ সেলসট্যাক্স যদি দিতে হয় তাহলে চায়ের দাম আরও বাড়বে এবং আপনারা জানেন গত ১ বছরের মধ্যে কিভাবে চায়ের দাম অন্যান্য অনেক কারণে বেড়ে গিয়েছে। এর পরে যদি আরও বেড়ে যায় তাহলে গ্রাম বাংলার মানুষ কষ্ট পাবে এবং শুধু গ্রাম বাংলার মানুষ নয়, পশ্চিমবাংলার সমস্ত মানুষের অনেকখানি কষ্ট বাড়বে। সেদিকে লক্ষ্য রেখে কতখানি এটার পরিবর্তন করা যায় সেদিকে আপনি একটু দেখুন এবং সবটা যদি না করেন অন্তত ব্লেণ্ডিংটা যদি না ধরেন তাহলে ভাল হতে পারে। আর একটি প্রশ্ন রেখে আমার বক্তব্য শেষ করবো তিনি এই যে বিল এনেছেন রাজস্ব বাড়াবার জন্য —কিন্তু এটার সঙ্গে সঙ্গে আমি মনে করছি যে এতে ইভেসন বাড়ছে। কেবলমাত্র ৬/৭ পাতার একটা বিল নিয়ে এলেই ট্যাক্স ইভেসন কমানো যাবে না। এই সমস্ত সরকারী কর্মচারী রয়েছেন তাদের প্রথমে সৎ হতে হবে। তারা যদি অসৎ হয় তাহলে আইন করে ট্যাক্স ইভেসন-এর কথা যে আপনি বলেছেন সেই ট্যাক্স ইভেসন আপনি কোনদিনই বন্ধ করতে পারবেন না। আপনি যদি বলতেন গত এক বছরে আপনি এর জন্য কতজনকে শাস্তি দিয়েছেন, কি ধরনের শাস্তি দিয়েছেন, কি পানিসমেণ্ট ধার্য করেছেন তাহলে আমরা কিছুটা বুঝতে পারতাম এবং এর সঙ্গে তুলনামূলকভাবে যদি হিসাব দিতেন যে ১৯৬৫ সালে ট্যাক্স ইভেন্সের কতগুলি কেস হয়েছিল এবং এই বামফ্রণ্ট-

সরকার আসার পর ট্যাক্স ইভেজন বন্ধ করার জন্য কি তৎপরতা নিয়েছেন তাহলে বুঝতে পারতাম। ১৯৬৭ সালে এতো কেস হয়েছিল ১৯৭৭ সালে ৫০০ কেস হয়েছিল এবং আপনারা আসার পর এটা বন্ধ করার জন্য আপনারা কি তৎপর হয়েছেন সেটা আমরা বুঝতে পারতাম যদি আপনি আমাদের সামনে একটা তুলনামূলক হিসাব রাখতেন। আমার ধারণা হিসাব উল্টো হবে এবং পশ্চিমবাংলার মানুষ জানবে ট্যাক্স-ইভেসন বন্ধ করার জন্য তৎপর নয়, কি সরকার কি কাজ করেছেন তার কয়টা কেন করেছেন যদি তিনি তাঁর জবাবী ভাষণে এটা রাখেন আমরা বাধিত হব। আর একটি কথা আছে সেটা হচ্ছে আমার একটা সাজেসন ছিল যা সমবায় দপ্তর নিয়ে যখন আলোচনা হয়েছিল তখন আমি বলেছিলাম। এই যে ক্রেতা সমবায় সমিতিগুলি আছে তারা যে জিনিস বিক্রি করে এবং তার জন্য তাদের যে সেলসট্যাক্স দিতে হয় সে সম্বন্ধে। ট্যাক্স ইভেসনের ব্যাপারটা পশ্চিমবাংলায় একটা ভাল রকমের সমস্যা এবং এই সমস্যাকে কমাতে হলে যেসব ক্রেতা সমবায় সমিতিগুলি রয়েছে যে সব ক্রেতা সমবায় বিপনিগুলি রয়েছে তাদের দিয়ে জিনিসপত্র কেনাবেচা করাতে পারেন তাহলে ইভেসনের প্রশ্নটা আনুপাতিক হারে কমে যাবে। আমাদের সময়ে সুগঠিত সমবায় আন্দোলনকে গড়বার জন্য কিছু কিছু ইনসেনটিভের কথা আমরা বিশেষভাবে অনুভব করেছিলাম। এবং সেখানে সেলস ট্যাক্স ইভেসনের কোন প্রশ্নই থাকে না সেলস ট্যাক্স শতকরা ১০০ ভাগই সরকারী ট্রেজারীতে পড়বে। বছরে তারা কয়েক কোটি টাকার ব্যবসা করে এবং এই ক্রেতা সমবায় বিপনি থেকে কয়েক কোটি টাকা সরকার সেলস-ট্যাক্স পাচ্ছে। আমি মনে করি এই আন্দোলনকে জোরদার করার জন্য এই বিপনি যে সেলট ট্যাক্স দিচ্ছে আপনি সেই টাকার কিছু অংশ ভক্তিবাবুকে ফিরিয়ে দিন তাহলে ক্রেতা সমবায় বিপনি আন্দোলন আরও বড়বে এবং গ্রামে গঞ্জে আরও ক্রেতা সমবায় বিপনি গড়ে উঠবে যেখান থেকে সেলস ট্যাক্স ইভেসনের কোন প্রশ্ন নাই সরকার ১০০% সেলস ট্যাক্স সেখানের থেকে পাবেন।

[ 4-00 4-10 P. M. ]

তার জন্য আপনাদের বুরোক্রাসি এনগেজ করতে হবে না, পুলিশ পাঠাতে হবে না, ট্রাইবুনাল করতে হবে না, বুরো অফ ইনভেষ্টি-গেশন করতে হবে, তারা অটোমেটিক্যালি করবে, কেন না এটা করে থাকে। কাজেই এই ব্যাপারে তারা যে সেলস ট্যাক্স দিচ্ছে সেই সেলস ট্যাক্স আবার কিছুটা প্লাউ ব্যাক করে আপনা-দেরই মন্ত্রীসভার আর একটি দপ্তরকে দিতে পারেন কিনা সেই আন্দোলন জোরদার করবার জন্য, এটা বিশেষ ভাবে চিন্তা করে দেখুন। সেই রকমই একটা প্রোপোজাল

আমরা দিয়েছিলাম, তারপর সেটা কোথায় আছে আমি জানি না। এই বিলকে আমি এখনই সমর্থন করতে পারছি না এই জন্য যে যতক্ষণ পর্যন্ত আমরা বুঝতে না পারছি এই বিলে আপনারা যা করতে চাইছেন তার কতখানি সাফল্যমণ্ডিত করতে পার'ছন —আমরা আশা করব আপনারা সাফল্যমণ্ডিত হবেন—কিন্তু যতক্ষণ পর্যন্ত আমরা না দেখতে পাচ্ছি আপনারা সাফল্যমণ্ডিত হতে পারছেন ততক্ষন পর্যন্ত এই বিলকে সমর্থন করতে পারছি না।

**শ্রীরবীন মুখার্জি :**—মিঃ স্পীকার, স্যার, মাননীয় মন্ত্রী মহাশয়ই যে বিল এনেছেন তাকে সমর্থন করছি এবং আমার বলার বিশেষ ইচ্ছা ছিল না, কিন্তু অতীশ সিংহ মহাশয়-এর বক্তৃতার পরে আমি দু-চারটি কথা অবগতির জন্য রাখছি। অতীশচন্দ্র সিংহ মহাশয়ের প্রথম বক্তব্য হচ্ছে যে সমস্ত সরকারী কর্মচারীই অসৎ।

**শ্রীঅতীশচন্দ্র সিংহ :**—না, আমি তা বলিনি।

**শ্রীরবীন মুখার্জি :**—অসৎ বলেছেন। আমি এই কথা মানি যে কর ফাঁকি হয়, এবং এটা বন্ধ করার জন্য যা কিছু ব্যবস্থা অবলম্বন করার দরকার তা করা উচিত। কিন্তু যখনই আপনারা কোন সময় বক্তৃতা করতে ওঠেন তখনই দেখা যায় আপনাদের প্রথম বক্তব্যই হচ্ছে সরকারী কর্মচারী—এটা ঠিক কথা যে সরকারী কর্মচারীরা সবাই যদি সৎ হতেন এবং ঠিকমত কাজ করতেন তাহলে অনেক কিছু উন্নতি যে সাধিত হত সে বিষয়ে কোন সন্দেহ নেই। দ্বিতীয় প্রশ্ন হচ্ছে, উনি একটি নতুন ভাবে প্রস্তাব রাখবার চেষ্টা করলেন যে পশ্চিমবাংলার গ্রামাঞ্চলের গরীব মানুষেরা চা খায়, সুতরাং চায়ের উপর যদি কর ধার্য করা হয় তাহলে গরীব মানুষের উপর পীড়ন বাড়বে। তিনি বললেন ব্লেনডিং ম্যানুফ্যাকচারারদের এর আওতা থেকে মুক্ত করে দেওয়া উচিত। আমি অতীশ সিংহ মহাশয়ের অবগতির জন্য জানাচ্ছি যে পশ্চিমবাংলায় দুটি বড় ব্লেনডিং-এর কারখানা আছে, যারা কোটি কোটি টাকার চা অকসান মার্কেট থেকে কিনে থাকে। এই কারখানা দুটি হল লিপটন, ব্রুকবণ্ড এবং শুধু ভারতবর্ষেই নয়, ভারতবর্ষের বাহিরেও তাদের বানিজ্য আছে এবং এরা হল মাল্টি ন্যাশন্যাল কোম্পানী, পৃথিবী ব্যাপী এদের বানিজ্য আছে। দুর্ভাগ্যক্রমে আমি এক সময় মোহন ধারিয়া মহাশয়ের বক্তৃতা পড়লাম যে তিনি এদের শায়েস্তা করবেন বলে বলেছিলেন। কিন্তু তারপর দেখা গেল ডিউটি ৫ টাকা থেকে বাড়িয়ে ২ টাকায় দাঁড় করিয়ে দিলেন—কমিয়ে দিলেন ইন্টারন্যাশন্যাল

মার্কেটে—দার্জিলিং বা আসাম, যে কোন চায়ের কথাই বলুন অন্যান্য জায়গার যে ব্লেনডেড চা বিক্রী করেন তার দাম প্রচুর পরিমানে কমিয়ে দিলেন। সেদিক থেকে কর রেহাই আমরা দেখলাম বড় বড় মাল্টি ন্যাশন্যাল কোম্পানিগুলি পেয়ে গেল। এটা জানা দরকার যে প্রধাম লাভটা ওদের কোথা থেকে হয়—ওরা কলকাতার অকসান মার্কেট থেকে সস্তায় চা কেনে এবং কোন কোন সময় একটু বেশী দামও হয় নানা কারণে। তারপরে ওদের ব্লেনডেড টি-র দাম বেড়ে যায়। মাঝখানে একটু দামী চা সাধারণভাবে ভাল হয় বলে ৩০/৩৫/৪০ টাকা পর্যন্ত কেজি হয়েছিল এবং বাজারে এটা হট কেকের মত বিক্রী হয়েছিল এবং এর থেকে তারা প্রচুর মুনাফা অর্জন করে নিয়েছে। এরাই ভারতবর্ষের ১২ আনা মার্কেট দখল করে রেখেছে। এই দুটি কোম্পানীর পৃথিবী ব্যাপী মার্কেট আছে এবং এই ক্ষেত্রে কিছু বিবেচনা করে দেখা দরকার। পশ্চিমবাংলার অকসান মার্কেট থেকে চা কিনলাম, পশ্চিমবাংলার কারখানাতেই ব্লেণ্ড করলাম, বিক্রী করলাম সারা ভারতবর্ষ এবং পৃথিবী ব্যাপী, আর পশ্চিমবাংলায় ১ শতাংশ কর দেবার নামে তারা হৈচৈ করে বেড়ালেন যে পশ্চিমবাংলার স্বার্থ বামফ্রন্ট গভর্নমেন্ট বিসর্জন দিলেন, এর ফলে এখন আর চা বিক্রী হবে না।

পরবর্তীকালে দেখা গেল সবটা সত্য নয়, মিথ্যা। কাজেই প্রধানতঃ আমাদের লক্ষ্য করতে হবে যে আমাদের পশ্চিমবাংলার স্বার্থ রক্ষা করার জন্য যে সমস্ত ব্লেণ্ডিং কম্পানী আছে—প্রধানত: ২/৩টি কম্পানী আছে লিপটন, ব্রুকবণ্ড—তারা ট্যাক্স দেবার ব্যাপারে কি করছে। আজকে এক বা দু পারসেন্টের ব্যাপার নয়, এখানে অনেক ব্যাপার আছে সেটা আপনারাও জানেন। এখানে ১০ বা ১১টাকাতে কিম্বা সর্বাপেক্ষা ভাল যে চা সে ৷ ১৪/১৫ ৷কাতে কেনা হ'ল এবং তা কিনে সেটা ব্লেণ্ড করে ৩০/৩৫/৪০ টাকায় বিক্রি করা হচ্ছে। এখানে গ্যাপটা আপনারা লক্ষ্য করুন। স্যার, এরা বলছেন এরা ম্যানুফাকচারার নয়, আমি বলি, আইনের মধ্যে যদি গণ্ডগোল থাকে তাহলে সেটা শুধরে নেওয়া উচিত। স্যার, এরা কিনলেন, ব্লেণ্ড করলেন নানান কায়দায় এবং তারপর বিক্রি করলেন আর বললেন আমরা ম্যানুফাকচারার নই, কেন আমরা দেব? এইসব বাহানা তুলে তারা পশ্চিমবঙ্গের স্বার্থকে ডুবিয়ে দিচ্ছেন। তারপর এখানে বলা হয়েছে যে গৌহাটি ইত্যাদি অঞ্চল চায়ের প্রধান কেন্দ্র হয়ে উঠছে কিন্তু পরবর্তীকালে দেখা গেছে সেটা সত্য নয়। এখানে যারা চা ব্লেণ্ড করে—ঐ কোম্পানীগুলি তাদের আর ক্ষমতা নেই, সেখানে আরো দুটি ব্লেনণ্ডিং-র জন্য ফ্যাক্টরি তারা করতে চাইছেন; এরা যা চা ব্লেণ্ড করে তাই বিক্রি হয়ে যায়—বাজারে সব সময় চাহিদা—এরা কোন

সময়ই সবটা সাপ্লাই দিয়ে উঠতে পারে না অথচ আমাদের পশ্চিমবাংলাকে তার থেকে যে সামান্য পরিমান কর সেটাও তারা দিতে চাইছে না, ফাঁকি দেবার চেষ্টা করছে। এরা এমন কি দিল্লীতে পর্য্যন্ত দরবার করছে, চায়ের দাম বাড়াচ্ছে—এইসব করছে। এরা এক্সপোর্ট ডিউটি কমিয়ে নিয়েছেন মোহন ধারিয়া মহাশয়ের কাছে দরবার করে। কাজেই আমি বলব, এইসব দিকে লক্ষ্য রেখে আমাদের পশ্চিমবাংলার যে স্বার্থ, ট্যাক্সের ব্যাপারে যেটুকু আমাদের প্রাপ্য সেটা যাতে তারা ফাঁকি দিতে না পারে সেটা নিশ্চয় পশ্চিমবাংলার সকলের স্বার্থে দেখা উচিত। তারপর আমাদের এখানে শাস্ত্রীমহাশয় বললেন যে তিনি কিছুটা সমর্থন করতে পারছেন, কিছুটা পারছেন না। আমি তাঁর কথাটা বোঝবার চেষ্টা করছিলাম। তাহলে কি তিনি শ্রীমোহন ধারিয়া মহাশয় যেটা করেছেন সেটাকে সমর্থন করতে পারছেন? তিনি মালটি-ন্যাশান্যাল কোম্পানীর পক্ষে যে কাজ করেছেন সেটাকে কি সমর্থন করতে পারছেন? সেটাকে তো সমর্থন করতে পারেন না। স্যার এখানে কিনছে, এখানেই ব্লেণ্ড করছে, এখানেই সেই চা বিক্রি করছে কাজেই তারা যাতে বাদ না যায় সেটা আমাদের দেখতে হবে। তারপর স্যার আরো মজার কথা শুনুন, এত বড় বড় সব কম্পানী তারা ই এস আই-এর এক্তিয়ার থেকে বাদ চলে গিয়েছে তার কারণ তারা সিজিন্যাল ফ্যাক্টরি। যেখানে পশ্চিমবঙ্গের এই বড় বড় ফ্যাক্টরিগুলির এক ঘণ্টার জন্যও কাজ বন্ধ যায়না সেখানে তারা বলছে তারা সিজিন্যাল ফ্যাক্টরি এবং তা চলেও যাচ্ছে। ব্রুকবণ্ড, লিপটন কি সিজিন্যাল ফ্যাক্টরি? কোনদিন কি শুনেছেন কোন সময় এই কারখানা বন্ধ? কিন্তু সিজিন্যাল ফ্যাক্টরি হিসাবে তারা চিরকাল রেহাই পেয়ে যাচ্ছে। কোর্টে মামলা হয়, তারা রেহাই পায় এই অবস্থা চলেছে। কাজেই এইভাবে ঐ সমস্ত ম্যালটি-ন্যাশান্যাল কম্পানীগুলি যে সুযোগ নিচ্ছে, যে ভাবে কর ফাঁকি দিচ্ছে তা বন্ধ করা দরকার এবং তা করলে আমি মনে করি সেটা পশ্চিমবঙ্গবাসীর পক্ষে মঙ্গলই হবে। তারপর স্যার, একটা দোকান থেকে অনেক রোজগার হতে পারে। কমন এক্সপিরিয়েন্স অব দি কমন ম্যানহল যে কি ভাবে তারা বিক্রয় কর ফাঁকি দেয়। এই ব্যাপারে বিধিব্যাবস্থা গ্রহণ করা হোক পশ্চিমবঙ্গবাসীর স্বার্থে এই অনুরোধ জানিয়ে এই বিলের স্বপক্ষে মত প্রকাশ করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

[ 4-10—4-20 P. M. ]

**শ্রী অরবিন্দ ঘোষাল**—মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে বিক্রয় কর সম্পর্কে সংশোধনী বিল এনেছেন, সেটা সমর্থন করে আমি তাঁর দৃষ্টি কতকগুলো

সমস্যার প্রতি আকর্ষণ করবো। আমরা আইনজীবী হিসাবে কতকগুলো বাস্তব সম এই বিক্রয়কর সম্পর্কে সম্মুখীন হয়েছি। প্রথমতঃ ম্যানুফ্যাকচার কথাটা এটা ি ঠিক করেছেন, এই জন্য তাঁকে অভিনন্দন জানাই। ম্যানুফ্যাকচার কথাটা তি ডিফাইন করে দিয়েছেন। কেন না এই ম্যানুফ্যাকচার কথাটার মধ্যে দিয়ে ইভেশ প্রচুর স্কোপ ছিল এবং বহু ইভেশন করা হয়েছে। এই ম্যানুফ্যাকচারিং কথাটা তি ডিফাইন করে দিয়েছেন। এটা খুব উপকার হয়েছে এবং ট্যাক্স ইভেশনের লুপহো বন্ধ করা হয়েছে। শাস্ত্রী মহাশয় যে আশঙ্কা করছেন ক্ষতি হবে, এতে ক্ষতি হবে ন কেন না তিনি যদি ডেফিনেশনটা পড়েন---ওটা বলেও শেষকালে তিনি আবার যে সাচ ম্যানুফ্যাকচারিং প্রসেস কথাটা বলেছেন। অতএব এই কথাগুলো থাকার ত তাঁর যে আশঙ্কা, সেই আশঙ্কার কোন কারণ নেই এবং যে ক্ষতির কথা ভাবছেন সে ক্ষতি হবে না দ্বিতীয়তঃ রিফাণ্ড সম্পর্কে আমার বক্তব্য হচ্ছে, এটা তো বে ট্যাক্স সেল্স ট্যাক্স অফিসাররা নিয়েছেন, সেই সেল্স রিফাণ্ড করার ক্ষেত্রে ইনক ট্যাক্সের যে নীতি যে সুয়োমোটো বলে দেয় যে নিয়ে নাও, সেইভাবে ফের দেওয়া যায় কি না এবং এইভাবে সরকারকে ফেরত দেওয়া যায় কি না ফেরত দেওয়া ব্যাপারে সরকার প্রতিশ্রুতি দিয়েছেন এবং তার জন্য একটা সময় সীমা বেঁ দিয়েছেন। এটা হচ্ছে, আমাদের টাকা নিচ্ছি, আমাদের অফিসাররা ভুল করার জ আমাকে ফেরত দিতে হচ্ছে। যদি ঠিকভাবে তিনি এ্যাসেস করতেন তাহলে হয়ে আমাদের ফেরত দিতে হতো না। সেই জন্য তার সময় সীমা না বেঁধে ঐ আয়করের পদ্ধতি সেই অনুযায়ী যদি আমরা দপ্তর থেকে দিয়ে দিতে পারতাম তাহলে আমার ম হয় আরও তাড়াতাড়ি কাজ শেষ হতো। ঘুষ, দুর্নীতির যে ব্যাপারটা, সেটা আমর এড়িয়ে যেতে পারতাম। তৃতীয়তঃ ব্যুরো অব ইনভেসটিগেশন সম্পর্কে বলেছেন, ব্যুরে অব ইনভেসটিগেশন, এটা থাকা দরকার। ব্যুরো অব ইনভেসটিগেশন অনেক কাজ করেছে। কিন্তু কিছু ক্ষেত্রে আমরা এও দেখেছি, এই ব্যুরো অব ইনভেস্টিগেশন এর মাধ্যমে অনেক দুর্নীতি হয়েছে। কিছুদিন আগে-অর্থমন্ত্রী জানেন, যে ব্যুরো অব ইনভেসটিগেশন যেন হ্যারাশমেন্ট না করেন, আমি চাই ট্যাক্স ইভেশন অনুসন্ধান হোক, ট্যাক্স ইভেশন যারা করেন, তাদের শাস্তি হোক, কিন্তু এই ট্যাক্স ইভেশনের নামে ছোট ছোট যারা এ্যাসেসি, তাদের উপর যেন হ্যারাশমেন্ট না করা হয়। বহু বক্তা বলে গেছেন, শুধু এ্যাসেসির উপর নয়, যারা ব্যবহারজীবী, তাদের উপরও খারাপ ব্যবহার করা হচ্ছে সেই ক্ষেত্রে একটা ভালভাবে স্ট্রীম লাইনিং এ্যাডমিনি- স্ট্রেশন করা দরকার। কেননা তিনি বলেছেন যে এই বিলটি এনেছেন, সেটা বেটার

এ্যাডমিনিষ্ট্রেশানের জন্য। তৃতীয়তঃ হচ্ছে অপনি যে আপিলের ব্যবস্থা করেছেন, আপিলের ব্যবস্থা এতদিন যা ছিল আপনি আপিল করলে ট্রাইবুন্যালে এলো, হাইকোর্টে আপিল করলেন, হাইকোর্টে এসে রায় হলো। আপনি এবারে যা করছেন, একবার এ্যাসেসিকে আসতে হচ্ছে সেলস ট্যাক্স ট্রাইবুন্যালে, আর একবার যাচ্ছে হাইকোর্টে, হাইকোর্ট থেকে আবার যাচ্ছে ট্রাইবুন্যালে, ট্রাইবুন্যাল থেকে আবার আসছে হাইকোর্টে —শেষ কালে যাচ্ছে ট্রাইবুন্যালে। এই যে ব্যবস্থা করেছেন, একে তো হাইকোর্টে এক একটা সেলস ট্যাক্সের কেসের রায় হতে পাঁচ থেকে ছয় বছর লেগে যায়। তারপর এই ব্যবস্থার মাধ্যমে এই ট্যাক্স যেটা আমরা পাবো সেটা পাঁচ ছয় মাসের মধ্যে ফয়সালা হয়ে যেত। কিন্তু এই ট্যাক্সটা ঝুলানো থাকবে, আর এ্যাসেসি তিন চার বার একবার হাইকোর্ট, একবার টাইবুন্যাল করবে, এই ব্যবস্থাটা কি আমাদের আদায়ের পক্ষে সুবিধা হবে? না, ছোট ছোট যারা এ্যাসেসি, তাদের পক্ষে সুবিধা হবে। যেটা আগে ছিল তাতে মনে করি তাড়াতাড়ি যে ট্যাক্স আদায়, সেই ট্যাক্স আদায় করা সম্ভব হতো হাইকোর্টের রায়ের পরে। তারপর আমার বক্তব্য হচ্ছে যে. আমরা জানি বহু ছোট ব্যবসায়ী ইনকাম ট্যাক্স-এর রেজিষ্ট্রেসন করেন না এবং তাদের একটা ভয় সব সময় থাকে যে ধরলে পরে ট্যাক্স আদায় করে নেবে। ইন্সপেক্টররা সব জানে এবং জেনেও ট্যাক্স আদায় করে না কারণ বহু ব্যবসায়ীর সঙ্গে তাদের একটা বন্দোবস্ত থাকে। এইভাবে দুর্নীতি চলছে এ বিষয়গুলির প্রতি আমি অর্থমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এগুলি লক্ষ করা দরকার। কারণ এই জিনিষ সেলস ট্যাক্সের ক্ষেত্রেও ঘটছে। ইনকাম ট্যাক্সের মত সেলস ট্যাক্স ডিসপোসাল স্কীম দিন যে, অমুক তারিখের মধ্যে যদি তুমি রেজিষ্ট্রেশন করে নাও তাহলে তোমার বকেয়ার জন্য আর টাক্স দিতে হবে না। এটা করলে আমার মনে হয় বহু ছোট ছোট ব্যবসায়ী রেজিষ্ট্রেসন করবেন। বড় ব্যবসায়ী যারা তারা ঘুষ দিয়ে অথবা যে কোনও রকমে অব্যাহতি পাবে। কিন্তু ছোট ব্যবসায়ীরা দুর্নীতিমূলক অফিসারদের টাকা দিচ্ছে, অথচ সেই টাকা সরকারের কাছে আসছে না। এটা করলে বহু ব্যবসায়ী রেজিষ্ট্রেশন করবে, এতে সরকারের লাভ ছাড়া ক্ষতি হবে না এর ফলে বহু টাকা আদায় হবে। তৃতীয় কথা হচ্ছে এ বিষয়ে আমরা যারা আইনজীবী আছি, আমরা যতটা জানি বাইরের লোকের পক্ষে ততটা জানা সম্ভব নয়। আমরা হাইকোর্ট এবং সুপ্রিম কোর্টের জজ্ সাহেব শুধু হায়ার জুডিসিয়াল সার্ভিস থেকেই নিই না, আমরা আইনজীবীদের ভিতর থেকেও নিচ্ছি। সুতরাং এক্ষেত্রেও যদি আপনি কয়েক জন

নামকরা আইনজীবীকে সেলস ট্যাক্স ট্রাইবুনালে রেখে দেন তাহলে হয়ত ইভেসনের ব্যাপারে আমরা খানিকটা অন্য ধরণের ব্যবস্থা নিতে পারি। সেদিক থেকেও আমি অর্থমন্ত্রী মহাশয়কে চিন্তা করতে বলছি। আর শেষ কথা হচ্ছে ট্যাক্স ট্যাক্স সোর্সেসই হোক আর ডাইরেক্ট ট্যাক্সই হোক, দুটোই কনজিউমারের ঘাড়ে চলে যাচ্ছে। আমরা যারা বামপন্থী দৃষ্টিভঙ্গিতে বিশ্বাস করি তারা নিশ্চয়ই ট্যাক্স ট্যাক্স সোর্সের দিকে তাকিয়েই কথা বলি। কিন্তু আমরা দেখতে পাচ্ছি সেলস ট্যাক্স যেটা হচ্ছে সেটা ডাইরেক্ট ট্যাক্সই হচ্ছে এবং তাতে কনজিউমারদের কোনও উপকার আজ পর্য্যন্ত হচ্ছে না এবং সরকারও লস্ করছে। সেলস ট্যাক্সের বহু টাকা বড় বড় ব্যবসায়ী, ম্যানুফ্যাকচারাররা ফাঁকি দিচ্ছে প্রডাকসন কমিয়ে দিচ্ছে বা প্রডাকসন কম করে বলছে। এসব ক্ষেত্রে কিভাবে সেগুলিকে ধরা যায় সে সম্পর্কে একটা সর্বাঙ্গীন বিল আনা দরকার, এই অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস** :—মাননীয় স্পীকার মহোদয়, আজকে "দি ওয়েষ্ট বেঙ্গল টেকসেসন 'লস ( সেকেণ্ড ডে এ্যামেণ্ডমেণ্ট ) বিল, ১৯৭৮" বিলটির উদ্দেশ্য এবং হেতুর বিবরণের পর মাননীয় অর্থমন্ত্রী তাঁর যে প্রারম্ভিক ভাষণ রেখেছেন সেটা অত্যন্ত মনোযোগ দিয়ে আমি শুনেছি এবং সংগে সংগে বিরোধী পক্ষের যে দু'জন বক্তা বক্তব্য রাখলেন শ্রীবিষ্ণু কান্ত শাস্ত্রী ও শ্রীঅতীশ সিংহ মহাশয়, তাঁদের কথাও শুনেছি। প্রথমতঃ যেকথা সকলের মুখ থেকে বেরিয়েছে বিক্রয় কর ফাঁকির কারণ হচ্ছে প্রশাসনিক ক্ষেত্রে দুর্নীতি। তার পর দ্বিতীয় কথা হচ্ছে আইনে যে সব ত্রুটি-বিচ্যুতি আছে সেগুলি প্রশাসনিক ত্রুটি বিচ্যুতির সঙ্গে যুক্ত হয়ে বিক্রয় কর ফাঁকি দেওয়ার ক্ষেত্র সৃষ্টি হয়েছে। আমরা যদিও জানি যে, একটা সংশোধনী বিল এনে যে দুর্নীতিমূলক ব্যবস্থা সমাজের সামনে থেকে গিয়েছে তাকে দূর করা যাবে না। তবুও মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যতটুকু সম্ভব প্রশাসনকে পরিচালন করার চেষ্টা এই বিলের মাধ্যমে করছেন। তাঁর বক্তব্যের মধ্যে ছিল যে, রাজ্য সরকারের আওতা মুক্ত যে সমস্ত প্রতিষ্ঠানগুলিকে রাজ্য সরকারের আওতায় রেজিষ্ট্রেসনের বাইরে রাখা হচ্ছে।

[ 4-20—4-30 P.M. ]

এর ফলে প্রশাসনের কলেবর অনেক কমে যাবে এবং পরিচ্ছন্ন প্রশাসনিক ব্যবস্থা গড়ে ওঠার সহায়ক পদক্ষেপ হিসাবে আমি এই বিলটিকে সমর্থন জানাচ্ছি। দ্বিতীয়তঃ

আর একটি কথা বলছি, যে, অ্যাসেসমেন্টের সঙ্গে রিফাণ্ডের যে অর্ডারের কথা বলেছেন এটা নিশ্চয়ই প্রগতির পথের পদক্ষেপ এটা স্বীকার করেছেন বিষ্ণু কান্ত শাস্ত্রী মহাশয় এবং এই রকম প্রগতির পথের সিদ্ধান্তকে সমর্থন করতে গিয়ে কিন্তু, যেহেতু, এবং তবু কথাগুলি নিয়ে এসেছেন এবং নিয়ে এসে যে পদক্ষেপগুলি রাজ্যসরকারের রাজস্বের ক্ষেত্রে কল্যাণকর হবে সেগুলিকে লঘু করে দেখাবার চেষ্টা করেছেন। রাজস্ব প্রসঙ্গে তিনি বলেছেন—সেখানে সরকার ইনসেনটিভ দেবার ব্যবস্থা করেছেন—পশ্চিমবাংলাতে যে সমস্ত শিল্পগুলি চায়ের কথা বলেছেন, পাটের কথা বলেছেন—পশ্চিমবাংলায় সমস্ত শিল্পগুলি হচ্ছে মালটিনাশন্যাল বা বহুজাতিক কর্পোরেসন এবং বাহিরের লোকের হাতে পুঁজি কুক্ষিগত এবং বাঙালীরা—আমি শুধু বাঙালীর কথাই বলছি না—তারা নিজ ভূমে পরবাসীর মতন থাকছেন। কোন প্রাদেশিকতার প্রশ্ন আমি তুলছি না। এই সমস্ত বহুজাতিক কর্পোরেশন তারা পশ্চিমবাংলা থেকে মুনাফা অবাধে লুটছেন, তাদের কাছ থেকে রাজস্ব আদায়ের ব্যবস্থা পশ্চিমবাংলার সরকার করছেন এবং এই রাজস্ব আদায়ের মধ্য দিয়ে পশ্চিমবাংলার পুনর্গঠনের পক্ষে সহায়ক হবে। ইনসেনটিভের প্রশ্ন তখনই আসতো যদি দেখা যেত পশ্চিমবাংলার স্থানীয় বাসিন্দারা— আমি শুধু বাঙালীর কথাই বলছি না—চাকুরীর ক্ষেত্রে অগ্রাধিকারের প্রশ্ন রাখা হতো এবং এটা কতখানি কার্যকরী হয়েছে তা আমি জানি না। বিষ্ণু কান্ত শাস্ত্রী মহাশয় শিল্পগোষ্ঠীদের ইনসেনটিভ-এর সুবিধা দেবার কথা বলতে গিয়ে নিজস্ব যে রাজনীতি আছে, জনতা পার্টির যে শ্রেণী গত রাজনৈতিক স্বার্থের যে প্রতিনিধিত্ব করেন তাদের কথাই স্পষ্ট করে বলেছেন। এ ছাড়া অতীশবাবু চায়ের প্রসঙ্গে বলতে গিয়ে পশ্চিমবাংলায় যারা চা-পানে অভ্যস্থ তারা অসুবিধায় পড়বেন—এইসব কথা বলে বিভ্রান্ত করার চেষ্টা করেছেন আমাদের বেঞ্চের পক্ষ থেকে রবীন মুখার্জী তার উপযুক্ত জবাব দিয়েছেন এই প্রসঙ্গে আমি আর কোন কথা বলতে চাই না। কিন্তু এখানে যেটা বড় প্রশ্ন সেটা হচ্ছে এই যে কর ফাঁকি রদ করার ক্ষেত্রে যে সমস্ত সমস্যার সৃষ্টি হয় সেগুলি সম্পর্কে দৃষ্টি দিতে হবে। সেলস্ ট্যাক্স রেজিষ্ট্রেশন রেখে সেল ট্যাক্স আদায়ের যে পদ্ধতি চলছে সেই পদ্ধতিতে অসাধু ব্যবসায়ীদের কর ফাঁকি দেবার যথেষ্ট সুযোগ সৃষ্টি করে দেয় এবং এই প্রসঙ্গে আমি একটি কথা উল্লেখ করছি, কেন্দ্রীয় সরকারের রচিত উৎপাদিত দ্রব্যের সেল ট্যাক্স আদায়ের ক্ষেত্রে যে পদ্ধতি চালু আছে, বকেয়া কর আদায়ের ক্ষেত্রে যে পদ্ধতি গ্রহণ করা হয় সেই পদ্ধতি যদি গ্রহণ করা হয় তাহলে রাজ্য সরকারের রাজস্ব আদায় বাড়তে পারে। এ ছাড়া শ্রীঅরবিন্দবাবু বললেন যে, যে সমস্ত ইন্সপেক্টররা দায়িত্বে আছেন এই সমস্ত কর ফাঁকির ক্ষেত্রে তাদের ভূমিকা থাকে এবং তাদের সাথে

অসাধু ব্যবসায়ীদের লেন-দেনের সম্পর্ক থাকে। কিন্তু এই কথা স্বীকার করতে হবে যে, এই সমস্ত নিয়ন্ত্রণ করে যারা তারা যাতে দুর্নীতির পথে পা বাড়াতে না পারেন সেইদিকে ভিজিলেন্স রাখার ব্যবস্থা করতে হবে কিন্তু সঙ্গে সঙ্গে একথাও মনে রাখতে হবে যে, ইন্সপেকটরদের এমন কোন ক্ষমতা নেই যাতে তাঁরা অনাদায়ী কর আদায় করতে পারেন।

যদি কোন মালিক তাঁর ব্যবসা গুটিয়ে ফেলেন তাহলে তাঁর অনাদায়ী কর আদায় করবেন এমন কোন ক্ষমতা ইন্সপেক্টরদের হাতে থাকে না। কাজেই ভবিষ্যতে বিক্রয় কর আদায়ের ক্ষেত্রে যে সমস্ত ত্রুটি বা দুর্বলতাগুলি থেকে গিয়েছে পরবর্তী সময়ে মাননীয় অর্থমন্ত্রী আরও নূতন নূতন আইন সংযোজন করে সে গুলিকে ত্রুটিমুক্ত করবেন। যতখানি সম্ভব করা যায় --একটা ধনবাদী রাষ্ট্র কাঠামোর মধ্যে আমরা আছি, বাস্তব অবস্থাকে মনে রেখে এই ব্যবস্থার মধ্যে এই প্রশাসনকে যতখানি পরিচ্ছন্ন করা যায়—এই প্রগতিবাদী দৃষ্টিভংগী রেখে আরও পদক্ষেপ গ্রহণ করবেন এই আশা রেখে অর্থমন্ত্রী মহাশয়ের আনীত এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**ডঃ অশোক মিত্র ঃ** পাঁচজন মাননীয় সদস্য এই বিল প্রসঙ্গে আলোচনা করলেন, প্রত্যেকের কাছে আমার কৃতজ্ঞতা জানাচ্ছি। বিশেষ কিছু আমার তরফ থেকে বলবার নেই, তবে ৩টি আলাদা প্রসঙ্গ নিয়ে যেটা আলোচনা হয়েছে, একটা হচ্ছে ব্লেনডিং ম্যানুফ্যাকচারিং বিষয়ে আমি একটু যোগ করতে চাই, মাননীয় সদস্য শ্রীরবীন মুখার্জী কিছুটা বলেছেন, সেই সঙ্গে আমি একটা ছুটো জিনিষ যোগ করতে চাই, যোগ করা প্রয়োজন—পশ্চিম বাংলার রাজস্বের স্বার্থে, সাধারণ মানুষের স্বার্থে পশ্চিম বাংলার অগ্রগতির স্বার্থে। আমাদের ধরুন ৩টি প্রধান শিল্প আছে, একটি হচ্ছে বস্ত্র শিল্প, একটি হচ্ছে পাট শিল্প, এবং একটি হচ্ছে চায়ের শিল্প। এখন বস্ত্রের উপর কর আরোপ আমরা করতে পারি না। তার পুরো অধিকার কেন্দ্রীয় সরকারের। পাট, যে পাটের অংশটা বিদেশে বিক্রি হচ্ছে তারপর আমরা কর আরোপ করতে পারি না। সংবিধানের বিধান দেওয়া আছে। চায়ের একটা বেশির ভাগ অংশ বিদেশে বিক্রি হয়, আমরা তার উপর কোন কর আরোপ করতে পারি না, সুতরাং আমাদের যে ৩টি প্রধান শিল্প তাতে আমাদের কোন উপার্জন নেই। আমরা চেষ্টা করেছিলাম চায়ের ব্যাপারে। গত ৫ বছরে চায়ের বাজার খুব মন্দা যাচ্ছে, দাম খুব বেড়েছে মুনাফা বেড়েছে প্রচুর। চায়ের উৎপাদক এবং রপ্তানীকারকদের আমি একটা হিসাব দেখিয়েছি যে গত ৫ বছরে

পশ্চিম বাংলা থেকে চায়ের উৎপাদকেরা এবং রপ্তানীকারকরা ৪৫০ কোটি থেকে ৫০০ কোটি টাকার মত মুনাফা লুটেছে। মুনাফার সামান্যতম অংশও পশ্চিম বাংলার স্বার্থে পশ্চিম বাংলায় ব্যয় করা হয়নি, সেইজন্য আমি গত বছর সামান্য একটা আইন করেছিলাম যে ঐ এখন ২টো চা কেনা হয়, অক্সন থেকে কেনা হয় এবং মেলান হয় ২টো চা কিনে সংমিশ্রন করে বিক্রি করা হয় তার উপর শতকরা ৫ হারে কর দিতে হবে এবং তার উপর একটা সারচার্জ থাকবে যেটা এমনিতেই আছে। অন্যান্য ক্ষেত্রে আমরা দেখেছি যে হারটি শতকরা ১ ভাগ যে ব্যাপারটি রবীনবাবু বলেছেন। আমি প্রতিদিন খবরের কাগজে দেখি যে চায়ের নীলামের হার কত ? সব চাইতে বেশী হার কিলোপ্রতি খুব বেশী হার ১৫ টাকা, খুব কম ১০ টাকা, সুতরাং যারা মেলাচ্ছে ১৫ টাকার সঙ্গে ১০ টাকা আমি যদি ধরে নিই পুরোটা ১৫ টাকার সঙ্গে ১৫ টাকা মেলান তাহলে খুববেশী হলে ১৫ কি ১৬ টাকা উৎপাদনের খরচ হওয়া উচিত। অথচ তাঁরা বাজারে বিক্রি করেন ৩০, ৩৫, ৪০, ৫৫ টাকা থেকে আরম্ভ করে ৬০, ৬৫ টাকা। তার মানে ১ জন প্রতি কিলোয় মুনাফা লুটছে ২০ থেকে সুরু করে ৪০/৪৫ টাকা। কারও তাতে টুঁ শব্দটি শুনি না। আমাদের যারা সমালোচনা করেন সেই বিরোধী পক্ষের কাছ থেকে কোন প্রতিবাদ শুনি না। ২৫/৩০ টাকা দাম বাড়িয়ে দিয়ে লাভ করছে। তাতে দাম বাড়ে না অথচ পশ্চিমবঙ্গ সরকার পশ্চিম বাংলার স্বার্থে ২০ পয়সা দাবী করে মহা অপরাধ হল। আপনারা জিনিষপত্রের দাম বাড়িয়ে যাচ্ছেন, এটা হচ্ছে পরিণত জ্ঞানের অভাব। যাঁরা এসব কথাবার্তা বলেন। এ ব্যাপারে কিছু বলতে চাই না। এটা আমাদের নিজেদের স্বার্থে অন্তত এটুকু জ্ঞান হওয়া উচিত কিসে দাম বাড়ে—কিসে বাড়ে না। ১ ভাগ ৩ ভাগ কত হবে—১৫ টাকার উপর ৪৫ পয়সা, খুব বেশী হলে এক ভাগ কত হবে ১৫ পয়সা, ১০ টাকা হলে ১ ভাগ ১০ পয়সা ৩ ভাগ ৩০ পয়সা। দুর্নীতির কথা হয়েছে ১৯৬৬ সাল থেকে ১৯৭৭ পর্য্যন্ত ইন্দিরা গান্ধীর জমানায় ভারতের সর্বত্র, সব স্তরের জিনিষের দাম বেড়েছে কারণ এটা সর্বোচ্চ রাজনৈতিক নেতা যাঁরা তাঁরা বলে ছিলেন দুর্নীতি শেখ, জোচ্চর হও—দেশের মানুষদের কোথায় নিয়ে গেছেন, সর্বস্তরে দুর্নীতি ছড়িয়ে পড়ে, আমরা এটা মানতে বাধ্য হচ্ছি কমার্শিয়াল ট্যাক্সের মধ্যে নিশ্চয় দুর্নীতি আছে।

[4-30—4-40 P.M. ]

রাতারাতি আমরা এর পরিবর্তন করতে পারবো না তবে চেষ্টা করবো। সৌভাগ্যের

বিষয় যে এই সরকার গঠিত হবার পর সে তার আদর্শের ভিত্তিতে দুর্নীতি কমাবার চেষ্টা করছে। আমরা ইতিমধ্যে দুর্নীতি কমাবার জন্য কিছু কিছু কাজ করেছি এবং সেই হিসাবে একটা বিভাগীয় কমিটি গঠন করেছি। এই কমিটি পরীক্ষা করে দেখছেন কি ভাবে আইন কানুন পরিবর্তন করে আমরা বিভাগীয় দুর্নীতি কমাতে পারি। এই কমিটি যে ধরনের কথা বার্তা বলবেন তার উপর বিচার করে আমরা নূতন ভাবে আইন প্রনয়ণের কথা চিন্তা করবো এবং সে বিষয় আপনাদের জানাবো এই বিলের সঙ্গে খুব প্রাসঙ্গিক না হলেও বিষ্ণু কান্ত শাস্ত্রী মহাশয় ২৪ নং ফরম দেওয়া হচ্ছে না। ২৪ নং ফরম কেন দেওয়া হয় না? যদি প্রাপ্য কর সরকার এর কাছে না দেওয়া হয় তাহলে এই কর দেওয়া হয় কেন? সাধারণ মানুষের কাছ থেকে এই কর আদায় করা হচ্ছে সরকারের অছি হিসাবে। কিন্তু সেটা সরকারকে না দিয়ে অসাধু ব্যবসায়ীরা আত্মসাৎ করে। আমরা তাদের জন্য ২৪ নং ফরম ছাপতে রাজি নই। এ ছাড়া উনি বললেন কমিশনের লোকেরা যে যাবে তাদের ক্ষমতা ডেলিগেট করা হলো সেটা কি আইন মাফিক? নিশ্চই তাঁরা আইন মাফিক যাবেন। এবং সেই ভাবে কাজ করবেন। যাই হোক আমি আশা করবো পশ্চিম বাংলার স্বার্থে মাননীয় সদস্যরা এই আইনটি অনুমোদন করবেন।

The motion of Dr. Ashok Mitra that the West Bengal Taxation Laws (Second Amendment) Bill, 1978, be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1 to 3 and Preamble**

The question that Clauses 1 to 3 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Dr. Ashok Mitra :** Sir, I beg to move that the West Bengal Taxation Laws (Second Amendment) Bill, 1978, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**The West Bengal Town and Country (Plannind and Development) Bill, 1978.**

**Dr. Ashok Mitra :** Mr. Speaker, Sir, I beg to introduce the West Bengal Town and Country (Planning and Development) Bill, 1978.

(Secretary then read the title of the Bill)

**Dr. Ashok Mitra** : Mr. Speaker, Sir, I beg to move that the West Bengal Town and Country (Planning and Development) Bill, 1978, be referred to a Select Committee of the House consisting of the following members, namely :

(1) Dr. Ashok Mitra, Minister-in-charge of Finance and Development and Planning Departments

(2) Shri Sunil Basu Ray,

(3) Shri Gopal Basu

(4) Shri Santosh Kumar Das,

(5) Shri Biswanath Choudhuri,

(6) Shri Patit Paban Pathak,

(7) Shri Asoke Kumar Bose,

(8) Shri Sailen Sarker,

(9) Shri Rabindra Nath Mandal,

(10) Shri Niranjan Mukherjee,

(11) Shri Achintya Krishna Ray,

(12) Shri Suhrid Mullick Chowdhury,

(13) Shri Sandip Das,

(14) Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury,

(15) Shri Md. Sohorab,

(16) Shri Prabodh Purkait and

(17) Shri A.K.M. Hassan Uzzaman,

That in order to constitute a sitting of the Committee the quorum shall be one-third of the total number of members of the Committee, and that the Committee shall make a report to this House by end of the second week of the next Session.

শ্রীবিষ্ণুকান্ত শাস্ত্রী—মা: অধ্যক্ষ মহাশয়, যে বিলটি সিলেক্ট কমিটির জন্য রেকার করা হলো তার উপর বিস্তৃত আলোচনা পরেই করা উচিত বলে মনে করি। তবে সামান্য কয়েকটা মন্তব্য সিলেক্ট কমিটির জন্য রাখছি. আমি বিশ্বাস করি পশ্চিমবাংলার উন্নয়ন অবরুদ্ধ হচ্ছে কলকাতার প্রতি অরিরিক্ত দৃষ্টি দেবার জন্য। কলকাতা বিস্তার হচ্ছে—কলকাতায় পশ্চিমবাংলার সমস্ত মনীষা ও ক্ষমতা যে কেন্দ্রীভূত হচ্ছে তা বিকেন্দ্রীকরণ করা উচিত। এখানে সি, এম ডি এ বলে একটা প্রতিষ্ঠান আছে কিন্তু গ্রামবাংলাকে যদি সম্প্রসারিত না করা যায় তার উন্নয়ন যদি না করা হয় তাহলে কলকাতার উন্নয়ন হবে না। সুতরাং কলকাতার নিজস্ব স্বার্থে একটা নর্থ বেঙ্গল ডেভালাপমেণ্ট অথরিটি, শিলিগুড়ি বা জলপাইগুড়িকে কেন্দ্র করে গঠ করা হোক এবং আর একটা সাউথ বেঙ্গল ডেভালাপমেণ্ট অথরিটি - মেদিনীপুর বা সিউড়িকে কেন্দ্র করে করা হোক। আমরা এখন দেখছি কলকাতাতেই ভাল ভাল ডাক্তার অধ্যাপক পাওয়া যাচ্ছে। সমস্ত কোম্পানীর হেড কোয়াটার কলকাতাতেই আছে। কিন্তু এতে বাংলাদেশ বাঁচবে না। অন্যান্য রাজ্যে কি হচ্ছে দেখুন। উত্তর প্রদেশে লক্ষৌ, আগ্রা, কানপুর বেনারস, এলাহাবাদ ইত্যাদি ছাড়াও অন্যান্য অনেক ছোট সহর আছে।

[ 4-40—4-50 P.M. ]

কিন্তু আমাদের পশ্চিমবাংলায় এক কলকাতা ছাড়া আর কোন কথা নেই। এই একটা প্রস্তাব বিবেচনা করার প্রযোজন আছে যে সমগ্র পশ্চিমবাংলার উন্নয়ন সাধনের জন্য এবং কলকাতাকে রক্ষা করার জন্য আমাদের উন্নয়ন পরিকল্পনা এই রকম করতে হবে যাতে কলকাতার বাইরের অঞ্চলের উন্নয়নের বিষয়ে দৃষ্টি ন্যস্ত করা যেতে পারে। আমরা আরো একটা বিবেচনা করতে পারি। এবারে আমি রাজস্থান সরকারের একটা উদাহরণ দিতে চাই। রাজস্থান সরকারের মুখ্যমন্ত্রী একটা প্রস্তাব করেছেন যে প্রত্যেকটি

জেলায় এই রকম এই রকম একটা শিল্পপত্তন করবেন যে শিল্পের জন্য সেই জেলার সমস্ত র-মেটিরিয়াল তিনি ব্যবহার করবেন অর্থাৎ নাকি প্রতিটি জেলায় বিশেষভাবে জেলার র-মেটিরিয়াল নিয়ে শিল্পপত্তন করার প্রস্তাব তিনি করেছেন। আমাদের পশ্চিমবঙ্গে এই রকম শিল্পপত্তন করার বিষয়ে যাতে আমরা প্রত্যেকটি জেলায় যেসমস্ত ট্যালেন্ট আছে, র-মেটিরিয়াল আছে তার ম্যাক্সিমাম ব্যবহার করতে পারি সেদিকে আমাদের নজর রাখতে হবে আমি আর একটি কথা বলতে চাই যে এই সমস্ত ডেভেলপমেণ্ট অথরিটিগুলি শুধু ব্যুরোক্র্যাটিক হয়ে যাচ্ছে, এটাকে আরো গণতান্ত্রিক করণের আহ্বান জানাচ্ছি। এম. পি., এম. এল. এ. এবং জনপ্রতিনিধিদের নিয়ে এই সমস্ত ডেভেলপমেণ্ট অথরিটি গঠন করা হোক এবং তাঁদের যে সমস্ত পরামর্শ আছে সেটা গ্রহণ করার জন্য তাঁদের এর সাথে যুক্ত করা হোক। আমি এই কয়েকটি কথা বিবেচনার জন্য রেখে আজকে আমার বক্তব্য শেষ করছি এবং সিলেক্ট কমিটির উপর এর উপর সামগ্রিকভাবে আলোচনা হতে পারে বলে আমি বিশ্বাস করি।

শ্রী ভোলানাথ সেন: মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিলটিকে সিলেক্ট কমিটিতে পাঠানোর যে প্রস্তাব সেটা সত্যই সুচিন্তিত প্রস্তাব। কেননা এত বড় একটা বিল যেটা জাতির ভবিষ্যতকে এ্যাফেক্ট করবে সেই বিল খুব ভাল করে খুঁটিয়ে দেখতে হবে। তবে সাধারণভাবে যে জিনিস আমার মনে হচ্ছে সেটা হল এই অনেক প্ল্যানিং অথরিটি তৈরী হয়েছে—আসানসোল প্ল্যানিং অথরিটি, দুর্গাপুর ডেভেলপমেণ্ট অথরিটি, দুর্গাপুর প্ল্যানিং অথরিটি, শিলিগুড়ি প্ল্যানিং অর্গানাইজেসান, ক্যালকাটা মেট্রোপলিটন ডেভেলপমেণ্ট অথরিটি, এবং এদের নানা কাজ চলছে। এছাড়াও পাবলিক ওয়ার্কস ডিপার্টমেণ্ট, রোডস ডিপার্টমেণ্ট প্ল্যান করে, ইরিগেশান ডিপার্টমেণ্ট প্ল্যান করে, হেল্থ ডিপার্টমেণ্ট প্ল্যান করে, সমস্ত ডিপার্টমেণ্ট যাঁরা কাজ করেন তাঁরা সবাই প্ল্যান করেন। কিন্তু এখানে একটা বড় যৌথ তৈরী করা হচ্ছে যাতে দেখা যাবে প্ল্যানিং অর্গানাইজেসান, সুপ্রীম অথরিটি এবং প্ল্যানিং অর্গানাইজেসানের অনুমতি না নিয়ে এই আইন মতাবেক কোন কাজ করা যাবে না অর্থাৎ কিনা যা কিছু করতে চান টাউন এণ্ড কান্ট্রি প্ল্যানিং অথরিটির পার্মিসান চাই, তাঁরা বলে দেবেন কোথায় হাসপাতাল হবে, কোথায় রাস্তা হবে, তাঁরা বলে দেবেন কোথায় ইরিগেশান চ্যানেল হবে, তা না হলে ডুপ্লিকেশান হবে। এটাও মনে রাখতে হবে যে টোয়েন্টি ইয়ার রোড প্ল্যান যেটা গভর্নমেণ্ট অব ইণ্ডিয়ার চীফ ইঞ্জিনিয়ার্স কনফারেন্সে হয়েছিল সেই টোয়েন্টি ইয়ার রোড প্ল্যানে ইরিগেশানের

কতকগুলি প্ল্যান আছে, হেলথ কতকগুলি প্ল্যান আছে, সমস্ত ডিপার্টমেন্ট যাঁরা কাজ করেন, এগজিকিউসান করেন, তাঁদের প্ল্যান আছে, তাঁদের প্ল্যানগুলির কি হবে। তাঁদের ছিল প্ল্যানিং অথরিটি, প্ল্যানিং ডিপার্টমেন্ট তাঁরা কোথায় যাবেন এই বিলে সেকথা নেই। আর একটা জিনিস অদ্ভুত লাগছে সেটা হল এই আইন আসার সঙ্গে সঙ্গে সমস্ত কাজ যদি করতে হয় এবং এই প্ল্যানিং অথরিটির পার্মিসান যদি নিতে হয় তাহলে সেটার ইনভেস্টিগেশান হবে। তার কারণ ল্যাণ্ড ইউজ প্ল্যান করতে হবে অর্থাৎ ল্যাণ্ড ইউজ এখন যেভাবে হচ্ছে তার ম্যাপ করতে হবে, এরিয়াল সার্ভে করতে হবে, সেগুলির পয়েন্ট করতে হবে যে কোথায় কোন শিল্প, স্কুল, কলেজ, রাস্তা সব তৈরী করতে হবে। এবং তারপরে তাদের পার্মিসন দেওয়া সম্ভব হবে। এই যে ইন্টারেশনাম পিরিয়ড সেটা ৫ বা ১০ বছর হতে পারে বা তার বেশীও হতে পারে। কিন্তু এই ইন্টারিম পিরিয়ডে কি হবে সেটা আমার এই ক্ষুদ্র সময়ে নজরে পড়েনি। তারপর এই যে অথরিটি তৈরী করা হচ্ছে সেক্সন ফোর—এ সেখানে আছে—ক্লজ বার দেখুন—non-officials to be nominated by the State Government who, in its opinion, have special knowledge or practical experience in matters relating to town and country planning, engineering, transport, industry, agriculture and economics.

এটা কতদুর সম্ভব হবে জানিনা। এটা যদি আমাদের আইনসভার মত বড় হয় তাহলে তো কোন কাজই হবেনা। আমার মনে হয় এঁতে ৫০ জনের মত হবে। কিন্তু এই ৫০ জন মিলে টাউন এ্যাণ্ড কানট্রি প্ল্যানিং কি করবে? এটা তো মিউনিসিপ্যালিটি নয়। এতো দেখছি প্ল্যানের ব্যাপারে সমস্ত ডিপার্টমেন্টকে তাদের পার্মিসন নিতে হবে। যদি ৫০ জন লোক মিলে সভা করে তাহলে এটা কি করে সম্ভব? আমি এই বোর্ডকে এতবড় করার কোন যৌক্তিকতা খুঁজে পাচ্ছিনা। আমি মনে করি এটা একটা ইম্প্রক্টিক্যাল কাজ হবে। তারপর, ডেভলপমেন্ট ফি, ডেভলপমেন্টচার্জ এটা শুনতে খুব ভাল শোনায়, কিন্তু সেই ডেভলপমেন্ট চার্জ কি রেটে হবে সেটা আমার চোখে পড়েনি। হয়ত কোথাও রয়েছে, তবে আমার চোখে পড়েনি। আপনারা নিশ্চয়ই স্বীকার করবেন সুন্দরবনে যে ডেভলপমেন্ট চার্জ সেটা সল্টলেকে বা দুর্গাপুরে হতে পারেনা। তাহলে সুন্দরবনের লোকিকে অপেক্ষা করতে হবে কবে তাদের কারখানা চলবে এবং সেই অপেক্ষা করতে হবে কতদিন, না যতদিন প্ল্যান হচ্ছে। প্ল্যান করতে

হবে এক বছরের মধ্যে অর সাস্ আদার টাইম। আই ডু নট নো সাস্ আদার টাইম মানে কি ? প্ল্যান যদি প্ল্যানিং অথরিটি না করতে পারেন তাহলে স্টেট গভর্ণমেণ্টের অফিসারদের দিয়ে সেটা করাতে হবে। অর্থাৎ স্টেট গভর্ণমেণ্টের অফিসারদের রিজার্ভ ফোর্স হিসেবে রাখতে হবে। তারপর, প্রশ্ন হচ্ছে ডেভলপমেণ্ট যদি ডিষ্ট্রিক্ট ওয়াইজ বা রিজিয়ন ওয়াইজ হয় তাহলে এর মধ্যে সেণ্টাল অথরিটির কি সম্পর্ক থাকবে ? হয়ত এটা কোথাও আছে, তবে আমি দেখিনি। ধরুন, বিহার—বেঙ্গল বর্ডারে বা উড়িষ্যা / বেঙ্গল বর্ডারে একটা স্কীমের দরকার হতে পারে এবং সেক্ষেত্রে আমাদের ইঞ্জিনিয়ারদের সঙ্গে ওখানকার ইঞ্জিনিয়ারদের একটা সম্পর্ক থাকতে পারে এবং সেটা থাকবেই। এখানে জমি রয়েছে, ওখানেও জমি রয়েছে এবং তারা সেটা চাষ করে। কিন্তু এই রিজিওন্যাল ডেভলপমেণ্টের কোন স্কোপ আমি দেখছিনা। তবে আমি স্বাগত না জানিয়ে পারছিনা যে এটাকে সিলেক্ট কমিটিতে পাঠান হচ্ছে। এটা নিশ্চয়ই হওয়া উচিত। তবে একটা অনুরোধ করব অনেক অর্গানাইজেসন রয়েছে কাজেই তাদের যেন কাজ বন্ধ না হয়। আমাদের মনে রাখতে হবে ডিপার্টমেণ্টের নানা রকম প্ল্যান রয়েছে, ফাইভ ইয়ার প্ল্যান রয়েছে। তবে একটা জিনিস দেখে আমি অবাক হচ্ছি, এখানে দেখছি কমিটিতে আই এ এস অফিসার রয়েছেন। তাঁরা ডেভলপমেণ্টের কি বলতে পারেন ? তাঁরা কিছু বলতে পারেননা। তাঁরা কতটুকু বলতে পারেন সেটা আমি নিজে ভাল জানি। কেন এখানে থাকবেনা চিফ ইঞ্জিনিয়ার, ইঞ্জিনিয়ার ইন চিফ, প্ল্যানিং অর্গানাইজেসনের ডিরেক্টর ? আমি তাঁদের একজনকেও তো এখানে দেখছিনা। এখানে দেখছি, হয় মন্ত্রীমহাশয় বা আই এ এস্ অফিসার বা নন অফিসিয়াল মেম্বার। এটা কি হচ্ছে ? কাজেই যাঁরা যারা সিলেক্ট কমিটিতে থাকবেন তাঁরা যেন এই পার্সোনেলদের সম্বন্ধে চিন্তা করেন। বেশী আই এ এস্ অফিসারদের নিয়ে এটা করবেন না। আই এ এস্-রা কোঅর্ডিনেট করে, ম্যানেজ করে—কিন্তু নিউ ডিজাইন, নিউ আইডিয়াল, নিউ থটস্ সেটা তাঁদের দিয়ে হয়না এবং কোনদিনই সেটা হবেনা। কারণ তাঁরা সেইভাবে ট্রেণ্ড নন। ধরুন, আমাদের কোলকাতায় প্ল্যান হয়, সি. এম ডি এ-তে প্ল্যান হয় এবং তার একটা আলাদা সত্তা আছে।

[ 4-50—5-00 P. M. ]

কিন্তু সি. এম. ডি-এর অনেক সময় কাজের অসুবিধা হয়। এখানে আমি কোন

সেণ্টাল গর্ভমেণ্টের কোন রিপ্রেজেন্‌টেটিভ দেখতে পাচ্ছি না। আমরা জানি সি. এম. ডি. এর কাজ করতে গিয়ে টেলিফোন কোম্পানীকে ডাকতে হয়েছে, ইলেকটিসিটির লোককে ডাকতে হয়েছে, রেলওয়েকে ডাকতে হয়েছে। এই যে, Central Government will be bounds by the decision of the Planning outhority. এট্রা কোথায় আছে। আমরা জানি সেনট্রাল গর্ভমেণ্ট যে কোন জায়গা নিতে পারে, রেলওয়ের জন্য, যে কোন জায়গায় ডিফেন্স এস্ট্যাবলিষ্টমেণ্ট করতে পারে, যে কোন জায়গায় ফ্যাক্টারি করতে পারে—তাতে আমাদের বলবার কি আছে? আমরা কিছুই করতে পারব না। সুতরাং আমাদের প্ল্যানিং অরগানাইজেশান সেই ভাবে কাজ করা উচিত। কারণ ডিফেন্স ডিপার্টমেন্ট থেকে আমরা দেখেছি বালিগঞ্জ সারকুলার রোডে যেখানে সাধারণ মানুষ বসবাস করে সেখানে ওরা ডিফেন্স এ্যস্টাবলিশমেণ্ট করেছে। সুতরাং যেখানে সেখানে হচ্ছে, স্পোরাডিক ডেভালাপমেণ্ট হচ্ছে, ইনডিপেণ্ডেণ্ট ডেভালাপমেণ্ট হলে দেশের ক্ষতি হয়। আরেকটা জিনিষ আমি বলতে চাই পাবলিক ওয়ার্কস দিয়ে হবেনা। সেদিন চলে গেছে। বৃটিশ আমলে হত। সুতরাং পাবলিক ওয়ার্কস স্যুড বি উইথ সোসাল কনটেন্ট—মানুষের যাতে উন্নতি হয় তা করতে হবে। তারপর কলকাতায় অল অন এ সাডেন—যেটা আর কোথাও হলনা, এখানে এমন একটা আইন তৈরী করে দেওয়া যার ফলে মালটিষ্টোরিড বিল্ডিং করা অসম্ভব বললেই চলে। প্রাকটিক্যাল ব্যান অন ফ্লোর এরিয়া—এটা শুনতে ভাল শুনায়, কিন্তু করা উচিত ছিল টেম্পোরারি ব্যান—যেটা করা উচিত ছিল জল পরিস্কার করার ব্যবস্থা, প্লাজ পরিস্কার করার ব্যবস্থা, ড্রেন পরিস্কার করার ব্যবস্থা তারপরে মালটি-ষ্টোরিড বিল্ডিং হউক ক্ষতিটা কি? দিল্লীতে হয়েছিল টেম্পরারি ব্যান, বম্বেতে হয়েছিল টেম্পরারি ব্যান—তারপর সারভিসগুলি করে তারপরে মালটিষ্টোরিড বিল্ডিং হউক। কলকাতায় আজকে কি হচ্ছে সাধারণ মানুষের মাহিনার বেশী টাকা বাড়ী ভাড়া দিতে চলে যাচ্ছে, কারণ বড় বড় বাড়ী হবে বলে আর কোন সম্ভাবনা নাই। আজকে বাড়ী কেউ করতে পারবেনা, সাধারণ লোককে ফ্লাটই কিনতে হবে। কিন্তু যে আইন তাতে ৬ তলার বেশী কেউ করতে পারবে না। সেজন্য আজকে পয়সাওয়ালা লোক এতে সুবিধা পেতে পারে কিন্তু সাধারণ মধ্যবিত্ত লোক তারা সুবিধা পাবে না। সেজন্য সাধারণ লোক তারা সহর থেকে দূরে সরে যাচ্ছে, প্রথমে যাদবপুর তারপর আরও দূরে সরে যেতে হবে, প্রথমে

ব্যারাকপুর তারপর আরও দূরে সরে যেতে হবে। সাধারণ লোক মধ্যবিত্ত লোক আজকে তাদের অফিস করতে, কোন ছোট ব্যবসা করতে তাদের যে কত সময় নষ্ট এবং পয়সা খরচ হচ্ছে তার হিসাব কে রাখছে ? তারপর আরও অনেক ব্যাপার আছে—এই যারা কমিটিতে থাকবেন—আমি বলি যে কোন আইনই হউক প্রগতি যেন বন্ধ না হয়, দেশ যেন পিছিয়ে না যায়, আজকে বম্বে, দিল্লী এগিয়ে যাচ্ছে--মনে রাখতে হবে ১৯৭৮ সাল পর্যন্ত এই ইঞ্জিনীয়াররাই কাজ করে গেছেন, কো-ওরডিনেট করতেন আই. এ. এস. অফিসাররা। এ্যফিসিয়েন্টলি কো-অর্ডিনেট না করলে ইঞ্জিনীয়াররা বা টেক্‌নোক্র্যাটরাই কাজ করতে পারেন না। কিন্তু এখানে ইঞ্জিনীয়াররা বাদ পড়ে গেছে টেকনোক্রাটরা বাদ পড়ে গেছে - এখানে শুধু বুরোক্রাটরা থাকবে এরা কি কাজ করবে কিছুই হবেনা কাজ। এদের দিকে আপনারা একটু নজর রাখবেন। আমি বলব যখন বিলটা আসবে তখন যেন একটু বেশী সময় দেওয়া হয় এবং আগে যেন নোটীশ দেওয়া হয় আমরা যেন আলোচনা করার জন্য সময় পাই। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীকাশীকান্ত মৈত্র**: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে ঠিক করেছিলাম বলবো না। কিন্তু এই রকম একটা গুরুত্বপূর্ণ বিল হাউসে এসেছে, এবং এই বিলটা সিলেক্ট কমিটিতে পাঠাবার যে সিদ্ধান্ত নিয়েছেন সেটাকে আমি স্বাগতো জানাচ্ছি। আমি নীতিগত কয়েকটা প্রশ্ন করার প্রয়োজন মনে করছি যাতে মাননীয় মন্ত্রী সেটা বিবেচনায় রাখেন এবং সিলেক্ট কমিটির মাননীয় সদস্যরা সেদিকে দৃষ্টি দেন এবং আমি তাতে খুসী হবো। এই রকম একটা বিল অনেক দিন আগেই আসা উচিত ছিল এবং সরকার যে এই বিল এনেছেন সেজন্য আমি তাদের সাধুবাদ জানাচ্ছি। বিলের প্রথমেই বলা হয়েছে, Whereas it is expedient in the public interest to provide for the planned development of rural and urban areas in West Bengal and for matters connected therewith or incidental thereto ·····তাহলে Planned development of rural and urban areas এইটা হল প্রথম কথা বা মূল কথা। আমরা দেখেছি, মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা দেশের প্রগতির সাথে সাথে সংঘর্ষের চেহারাও পাল্টে যায়। আমরা দেখেছি দেশ যখন পিছিয়ে থাকে তখন এক রকম সংঘাত দেখা যায়, শ্রেণী সংঘাতের এক রকম রূপ দেখা যায়, ধনী-দরিদ্রের এক রকম সংঘাত আমরা দেখি। আবার সমাজ যখন এগিয়ে যায়, সমাজ যখন এ্যাফলুয়েন্ট হয়, শহরের কিছু কিছু এলাকায় যখন উন্নতির লক্ষণ ফুটে ওঠে, আবার নূতন ধরণের সংঘর্ষ বা

সংঘাত দেখা যায়। আমরা দেখি সেখানে টাউন ভারসাস কানট্রি, গ্রাম ও শহরের মধ্যে সংঘাত দেখা দেয়। আমরা দেখি গ্রাম এবং শহরে সংঘাত। শুধু গ্রাম এবং শহরের অর্থনৈতিক সংঘাতে সীমাবদ্ধ হয় তা নয় সেখানে দেখা যায় গ্রামের অর্থনীতির সঙ্গে জড়িত যারা কৃষক সাধারণ মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত শ্রেণীর মানুষ তাদের যে সমস্যা সে সমস্যার সঙ্গে উন্নত শহর এলাকার আরবান এলাকার শ্রমিক কর্মচারী, মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত শ্রেণীর অর্থনৈতিক সমস্যার বৈপরীত্যের সংঘাত, সংকট দেখা দেয়। আমরা দেখি গ্রামাঞ্চলের মানুষ যারা শিল্পক্ষেত্রে চলে গিয়েছে তাদের এক ধরনের বেতন কাঠামো হয়, আবার আমরা দেখেছি সেই শিল্প শ্রেণীর মানুষ তারা যখন শহরে কাজ করছে তাদের বেতনের কাঠামো আর এক রকম হয়। আমরা দেখছি মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত শ্রেণীর মানুষের গ্রামাঞ্চলে যে উন্নতি হচ্ছে, তারা সেখানে এক রকম সুযোগ-সুবিধা পান, তার চাইতে অনেক বেশি সুযোগ-সুবিধা পাচ্ছেন উন্নত শহর এলাকার লোক। এই যে সংঘাত হচ্ছে, এই সংঘাতগুলো এড়িয়ে চলতে হবে বা এই বৈপরীত্য বা ধনী-দরিদ্রের ব্যবধান কমিয়ে আনতে হবে। এইটা একেবারে টলারেব্যল লিমিটে আনতে হবে, সহনীয় এবং ভব্য সীমার মধ্যে আনতে হবে এবং সেই দিকে টাউন এ্যাণ্ড কানট্রি ডেভোলাপমেন্ট এ্যাণ্ড প্ল্যানিং এই নূতন বিল-এর ভিত্তিতে যারা সিলেক্ট কমিটিতে গেলেন তাঁরা এইটা বিচারে রাখবেন। উন্নয়ন এমনভাবে যেন হয় যাতে এই ব্যবধান না বাড়ে। ধনী-দরিদ্রের ব্যবধান না বাড়ে। শহর এবং গ্রামের মধ্যে সংঘাত যেন তীব্র না হয়, সুসমঞ্জস উন্নতি বিধান হয় সেদিকে লক্ষ্য রাখা দরকার। আজকে আমরা দেখছি সমগ্র পশ্চিমবাংলায় কলকাতা যেন একটা সিটি ষ্টেট হয়ে দাঁড়াচ্ছে ; কলকাতা যেন একটা রাজ্য। ভারতবর্ষের যে কোন অংশ রাজ্যের দিকে চাইলে দেখবো কয়েক ডজন বড় বড় শহর গড়ে উঠেছে। আমরা এখানে কল্যাণী শহর গড়ে তুলতে পারলাম না। পশ্চিমবাংলায় কুচবিহার, বর্ধমান, জলপাইগুড়ি কৃষ্ণনগর, বহরমপুর, বাঁকুড়া—এইসব শহরগুলো আমরা গড়ে তুলতে পারি নি। অথচ উত্তরপ্রদেশ, বিহার, মধ্যপ্রদেশ, বোম্বাইয়ের বিভিন্ন জায়গায়—বড় বড় শহর গড়ে উঠছে। কেন হচ্ছে এই দিকে লক্ষ্য রাখতে হবে। এই যে সীমারেখা বেঁধে দিয়েছেন এই সীমারেখার বাইরে পশ্চিমবাংলার যে এলাকা রয়ে গেলো সে এলাকার উন্নতির দিকে বিশেষ দৃষ্টি রাখা দরকার। তা যদি না হয় তাহলে কিন্তু এই ডেভোলাপমেণ্টের মাধ্যমে ব্যালেন্সড ডেভোলাপমেণ্ট হবে না, সুসমঞ্জস ডেভোলাপমেণ্ট হবে না; আর একটা ইমব্যালান্স দেখা দেবে। সি, এম, ডি, এর অধীন যে সমস্ত এলাকা, তার সঙ্গে সি, এম, ডি, এর বাইরের যে এলাকা পড়ে তার মধ্যে। এই দিকে বিশেষ দৃষ্টি

রাখবার জন্য আমি অনুরোধ রাখছি এবং সেই হিসাবে আমি বলতে চাই যে পশ্চিমবাংলার মফস্বলে যে জেলা শহরগুলো আছে সেই শহরগুলোর উন্নতি করবার জন্য বিশেষ দৃষ্টি দেওয়া দরকার। অর্থমন্ত্রী তিনি দপ্তর পাওয়ার পর আমি তাঁকে বার বার এই সম্বন্ধে অনুরোধ করেছিলাম। মহাকরণে গিয়ে তাঁর সঙ্গে দেখা করেছি। তিনি অবশ্য, আমি স্বীকার করবো, তিনি বোধ হয় এক মাত্র মন্ত্রী আমাকে চিঠি লিখে জানিয়ে ছিলেন, আপনি আসবেন, আপনার সঙ্গে আলোচনা করবো। আলোচনা করেছিলাম।

[ 5 00 5-10 P. M ]

তিনি আলোচনা করেছিলেন এবং বলেছিলেন যে ২০/২৫টি সহরের উন্নতির কথা তিনি ভাবছেন এবং উন্নতি করার দরকারও আছে। কিন্তু সরকার মুখে বল্লেন তার জন্য কোন পদক্ষেপ আজ পর্যন্ত তাঁরা নেন নি। এখনও সময় উত্তীর্ণ হয়ে যায় নি, আমি অনুরোধ করবো ভারাক্রান্ত মন্ত্রী মহোদয়কে যে তিনি যে প্রতিশ্রুতি আমাদের রেখেছিলেন তার পদক্ষেপ তিনি যাতে নেন। আমি সিলেক্ট কমিটির সদস্যদের কাছে অনুরোধ রাখবো তাঁরা যে একটা সর্বাঙ্গীন একটা সার্বিক উন্নতির দিকে একটু লক্ষ্য রাখেন। এই যে সাউথ বেঙ্গল—পশ্চিম বাংলার পাশে সেই যে বিরাট এলাকা পিছিয়ে পড়ে রয়েছে—বাঁকুড়ায় সেখানে বিরাট সম্ভাবনা রয়েছে পুরুলিয়া, বাঁকুড়া এবং তার পাশে বীরভূম পিছিয়ে রয়েছে তাদের কি করে তুলে নেওয়া যায় সেদিকে তাঁরা যেন দৃষ্টি দেন। আমি যে জায়গা থেকে এসেছি সেই নদীয়া জেলা জনসংখ্যা ছিল ৭ লক্ষ আজকে সেখানে ২৯ লক্ষ জনসংখ্যা। নদীয়ার এক তৃতীয়াংশ পাটিসনে চলে গেছে—কিন্তু জনসংখ্যা ৭ লক্ষ থেকে ২৯ লক্ষে দাঁড়িয়েছে। সেখানে কোন উন্নতি নেই, কোন কোন প্ল্যাণ্ড ডেভেলপমেন্ট হচ্ছে না। দিনের পর দিন বেকারের সংখ্যা বেড়ে যাচ্ছে। আমি আশা করবো পশ্চিমবঙ্গ সরকার বিভিন্ন অঞ্চলের দিকে দৃষ্টি রাখবেন। ৪ নং সুন্দরবনের উন্নতির জন্য সুন্দরবন ডেভেলপমেন্ট বোর্ড একটা হয়েছিল। মন্ত্রী পুরানো ফাইল পড়ে দেখবেন সেখানে কি কি কাজ হয়েছে? আজকে দার্জিলিং উন্নয়ন পর্ষদ হয়েছে। সেখানে একটা ষ্ট্যাটুটারী ষ্টাটাস দিতে হচ্ছে সেই সুন্দরবন ডেভেলপমেণ্ট বোর্ড সম্বন্ধেও চিন্তা করতে হবে তাকে সেই রকম মর্যাদা দিতে হবে। যদি সুন্দরবন অঞ্চল গড়ে তোলা যায় তাহলে সেই অঞ্চল থেকে আমরা অনেক কিছু পেতে পারবো। আমর মাছ সম্পদের উন্নতি করতে পারবো। সেখানে একটা শিল্পাঞ্চল গড়ে তুলতে পারবো। আজকে সেখানে সমুদ্রের জল ঢুকে সব কিছু ধ্বংস করে দিচ্ছে। এক দিকে দার্জিলিংয়ের

উন্নতির সঙ্গে সঙ্গে এদিকেও দৃষ্টি দিতে হবে। আজকে দার্জিলিংয়ের উন্নতি হলে সেখানে টুরিজিমের ডেভেলপমেন্ট হবে এবং Tourism itself would become a source of revenue. আজকে জলপাইগুড়িতে বিপুল সম্ভাবনা আছে সেখানে তরাই অঞ্চলে চা বাগান যেসব রয়েছে সেগুলির ডেভেলপমেন্ট দরকার। কারণ এই চা বাগানগুলি হচ্ছে মনি আরনার, এবং টুরিজিম বাড়াতে পারলে অর্থনৈতিক ডেভেলপমেন্ট অবশ্যম্ভাবী। শুধু কি জলপাইগুড়ি কুচবিহার আরও অন্যান্য জায়গা রয়েছে সেই দিকে যদি দৃষ্টি দেন, সেগুলির ডেভেলপমেন্টের দিকে যদি দৃষ্টি দেন তাহলে ভাল হয়। মাননীয় সদস্য ভোলানাথ সেন মহাশয় যে কথা বলেছেন সেটা একটা গুরুত্বপূর্ণ কথা। সব যে আই এ এস অরিয়েন্টেড হচ্ছে আ, এ এস অফিসাররা সব করবে তাদের ভূমিকা সবচেয়ে বেশী। কিন্তু এটা আজকে ভুলে গেলে চলবে না যে আজকের দিন হচ্ছে এজ অব ডেভেলপমেন্টাল সায়েন্স, এজ অব টেকনোলজিক্যাল সায়েন্স। সেখানে আজকে যদি বিজ্ঞানীরা, টেকনোক্রাটরা যদি সমধিক গুরুত্ব, সমধিক মর্যাদা না পান তাহলে খুব দুঃখের কথা হয়ে যাবে। আজকে একথা বলতে বাধা নেই জেলায় জেলায় খালি অফিসাররাই সর্বময় কর্তা হয়ে বসে আছে। ডিষ্ট্রীক ম্যাজিষ্ট্রেট তিনি আই এ এস অফিসার তিনিই সব আর ঐ যে একজিকিউটিভ ইঞ্জিনীয়ার, সুপারিনটেণ্ডিং অফিসার রয়েছে তাদের সে রকম কোন মর্যাদা দেওয়া হয় না এই যে আই এ এস এণ্ড টেকনোক্রাটস অর্থাৎ বুরোক্রাটস এণ্ড টেকনোক্রাটস সংঘর্ষ চলছে একে আপনারা বাধা দিন। অন্যান্য রাজ্য পারছে না এই পথে যেতে। আপনারা এই অবস্থার পরিবর্তন করুন। আপনারা এই দ্বন্দ্ব সরিয়ে দিন। দেশের কাজে বিজ্ঞানী এবং সমাজ বিজ্ঞানীদের একটা গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। পরিশেষে সোস্যাল অর্গানাইজে অর্গানাইজেসনের মধ্যে বহু সংকট রয়েছে সে সম্বন্ধে আমি বলবো। এই যে ভয়াবহ বন্যা হয়ে গেল তাতে যেভাবে সাধারণ মানুষ এগিয়ে এসেছে সরকারের বাইরের কর্মীরা শতপ্রণোদিত হয়ে যেভাবে কাজ করেছে তার তুলনা হয় না। মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে এতো অর্থ অযাচিতভাবে আর কখনও আসে নি। এবং অতীতে কোন বেসরকারী সংস্থা, সেবা প্রতিষ্ঠান এই ভাবে দেশ সেবার জন্য নিজেদের উৎসর্গ করেন নি, ওদের সহযোগিতা নেওয়া উচিত। এটা একটা নতুন সম্ভাবনা আমাদের সামনে এসেছে। অতএব গ্রাম, সহরের উন্নয়নের জন্য তাদের সহযোগিতা নিতে হবে। রামকৃষ্ণ মিশন, ভারত সেবাশ্রম সংঘ, আনজুমান সংস্থা, মাড়োয়ারী রিলিফ সোসাইটি, কাশী বিশ্বনাথ সেবা সমিতি, পশ্চিম বাংলার ক্যাথলিক চার্চ, রেড ক্রস ইত্যাদি বিভিন্ন সেবা প্রতিষ্ঠানের সহযোগিতা নিয়ে তাদের পুনর্বাসনের দায়িত্ব দেওয়া হোক যাতে করে তারা সরকারের সঙ্গে সহযোগিতা করতে পাবেন।

এক একটি এলাকা বেছে নিয়ে প্ল্যান, স্কীম জানিয়ে উন্নয়নের কাজ হাতে নিন যাতে করে পশ্চিম বাংলার সর্বাঙ্গীন উন্নয়ন করতে পারা যায়। সিলেক্ট কমিটিতে পাঠানোর জন্য আমি সরকারকে ধন্যবাদ জানাচ্ছি। আমরা যেন দলীয় সংকীর্ণতা, গোঁড়ামী, দলীয় রাজনীতিতে লিপ্ত না থাকি, এটা যেন পশ্চিম বাংলায় একটা মডেল বিল হয়--শেষকালে আমি বলতে চাই একজন বিদেশী কবি অনুপম ভঙ্গীতে পুঁজিবাদীদের একটি কথা বলেছিলেন ডেজার্টেড ভিলেজে--তিনি ক্যাপিটালিজমের ব্যাখ্যা খুব সুন্দরভাবে করেছিলেন—Where wealth aceumulates men decays. এর চেয়ে মর্মস্পর্শী ব্যাখ্যা আর কেউ করেছেন বলে আমি জানি না। এই পুঁজিবাদী ব্যবস্থায় যেখানে পুঁজি সঞ্চয় হচ্ছে সেখানে এই বিল হবার পরে আমরা দেখতে চাই মানুষের অবক্ষয় বিলুপ্তি ঘটুক এবং সার্বিক মানুষ গড়ে উঠুক, পশ্চিম বাংলার সার্বিক উন্নতি হোক, বৈষম্য দূরীভূত হোক, সুন্দর বাংলা গড়ে উঠুক, এই আশা রেখে মাননীয় সকল সদস্য যারা নির্বাচিত হয়েছেন তাদের আমি অভিনন্দন জানাচ্ছি।

শ্রীঅনিল মুখার্জি--মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই বিল যে সিলেক্ট কমিটিতে দেওয়া হবে সেটা সমর্থন করে আমি কিছু বক্তব্য রাখতে চাই। বিরোধী পক্ষের মাননীয় সদস্য শ্রীকাশীকান্ত মৈত্র মহাশয় তিনি একটু অস্পষ্টভাবে স্বীকার করেছেন যে এই রকম একটি বিল বহু আগেই আনা উচিত ছিল এবং সেই বিল আজকে এল বলে সেই জন্য এই সরকারকে সাধুবাদ জানাচ্ছেন। শুধু তিনি নন, পশ্চিমবাংলার সমস্ত মানুষ এই রকম একটি পূর্ণাঙ্গ আইন করার জন্য এই সরকারকে সাধুবাদ জানাবেন এবং এই ধরনের আইন না করে এতদিন পর্য্যন্ত কিভাবে সহর বা কলকাতার আশপাশ অঞ্চলের উন্নয়ন হচ্ছিল সেটা আমরা বুঝতে পারি না। আমরা জানি ভারতবর্ষে প্রথম নেতাজী সুভাষ চন্দ্র বসু পরিকল্পিত অর্থনীতি গ্রহণ করেছিলেন এবং সেই পরিকল্পিত অর্থনীতিতে গ্রাম এবং সহরের উন্নয়ন করার জন্য একটি পূর্ণাঙ্গ আইন করার প্রচেষ্টা আজকে বামফ্রন্ট করছেন। আমাদের মাননীয় সদস্য শ্রী ভোলানাথ সেন মহাশয় তিনি কিছু কিছু কথা বলেছেন। অবশ্য তিনি বলেছেন সমস্ত বিলটির ভিতর ভাল করে দেখেন নি এবং তিনি বলেছেন আমি দেখি নি, হয়ত থাকলেও থাকতে পারে। সেখানে প্রথমেই সিলেক্ট কমিটিতে দেবার প্রভিসন লেখা আছে এবং কম্পোজিসন অব টাউন এণ্ড কান্ট্রিপ্ল্যানিং-এর এ্যাডভাইসারি বোর্ড—তার সেকসান ৪,সাব সেকসান (১১)-তে বলা হচ্ছে Representatives of the Central Government dealing with Railways Civil aviation and Transport and Communications.

[ 5-10—5-20 P. M. ]

এখানে রয়েছে। তিনি দেখলে দেখবেন বহু এক্সপার্ট এই এডভাইসারী বোর্ডের মধ্যে রয়েছে। সেখানে শুধু আই. এ. এস অফিসার নয়, সঙ্গে সঙ্গে সেখানে কিছু এক্সপার্টও রয়েছেন। যেমন যিনি ইঞ্জিনিয়ার-ইন-চিফ, পাবলিক ওয়াকর্স ডিপার্টমেন্ট, তিনি এক্সপার্ট, তিনি নিশ্চয় আই. এ এস অফিসার নন। তারপর চেয়ারম্যান অব দি ষ্টেট ইলেকট্রিসিটি বোড, তিনিও এক্সপার্ট। তারপর চিফ কনজারভেটার অব ফরেষ্ট এ্যাণ্ড ওয়াল্ড লাইফ, তিনিও একজন এক্সপার্ট। এক্সপার্টদের ছাড়া কোন এ্যাডভাইসারী বোর্ড হওয়া উচিত নয়। যারা সিলেক্ট কমিটিতে যাচ্ছেন তাদের কাছে আমার অনুরোধ যে তারা যখন সিলেক্ট কমিটিতে এই বিলটির ধারা-ভিত্তিক আলোচনা করবেন তখন এক্সপার্টদের ওপিনিয়ান নেবেন এবং পৃথিবীতে যে সমস্ত সোস্যালিষ্ট কানট্রি রয়েছে তারা ষ্টেট এবং কানট্রি প্লানিং কিভাবে করেছেন সেটা দেখবেন। পৃথিবীর বিভিন্ন দেশ যেভাবে করেছে সেটা দেখে এবং তাদের লিখিত বা অলিখিত ওপিনিয়ান নিয়ে অথবা তাদের ডেকে তাদের ওপিনিয়ান নিয়ে একটা কমপ্রিহেনসিভ লেজিসলেসান আনবেন এটাই আমরা আশা করছি। তারপর কাশীবাবু বলেছেন, ধনী এবং দরিদ্রের মধ্যে ব্যবধান লেজিসলেসান করে এমন করা উচিত যেন ধনী এবং দরিদ্রের মধ্যে ব্যবধান না বাড়ে। স্যার, পশ্চিমবঙ্গ তথা সমস্ত ভারতবর্ষের সমাজ ব্যবস্থার পরিবর্তন না করে শুধু দু/একটি আইন করেই ধনী এবং দরিদ্রের মধ্যে ব্যবধান যে কিভাবে কমবে সেটা আমরা বুঝতে পারছি না। শুধু একটি/দুটি আইন করেই যদি ধনী এবং দরিদ্রের মধ্যে ব্যবধান কমিয়ে দেওয়া যেত তাহলে তো কোন চিন্তাই ছিল না। আমরা এই পশ্চিমবাংলায় দেখছি অনেক রাষ্ট্রায়ত্ব সংস্থা আছে—বহু ন্যাশানালাইজড ফ্যাকটরি, ইনডাস্ট্রিজ আছে—কিন্তু সেগুলি ফাংসান করতে পারছে না, সেগুলিতে প্রফিট হচ্ছে না, কারণ পাবলিক সেকটারের পাশেই রয়েছে অকজিলারি বা প্রাইভেট সেকটার যারা পাবলিক সেকটারকে খেয়ে ফেলছে। এটাই স্বাভাবিক। মিক্সড ইকনমির আশীর্বাদ হচ্ছে এই যে পাবলিকের পাশে যে প্রাইভেট ফ্যাকটরি বা অকজিলারি ইনডাষ্ট্রীজ গড়ে ওঠে তারা তাকে খেয়ে ফেলে, শেষ করে দেয়। প্রডাকসান এ্যাণ্ড ডিসট্রিবিউসানে ষ্টেট কনট্রোল না থাকলে ধনী এবং দরিদ্রের মধ্যে যে ব্যবধান কমানো যায় না এটা আমরা নিশ্চিন্ত-ভাবে জানি। এখানে মিঃ সেন যেভাবে বলে গেলেন আমিও সেইভাবেই বলছি যে শুধু আই. এ এস. দিয়ে নয় এর মধ্যে একসপার্টদেরও দরকার। সাধারণভাবে কোন টেকনিক্যাল কাজ উইদাউট একসপার্টস হতে পারে না। সুতরাং এই আইনটি

যখন পূর্ণাঙ্গভাবে সিলেক্ট কমিটি বিচার করে দেখবেন তখন এগুলি তাদের মনে রাখতে হবে। এখানে যা প্রভিসান আছে তাতে আরো অনেক সাব-কমিটি হলেও হতে পারে। এখানে আরো অনেক ডেভালপমেন্টের কথা বলা হয়েছে—ইরিগেসান, রোডওয়েস, ট্রান্সপোর্ট, কমিউনিকেসান ইত্যাদি। এইসব জায়গাতে মোর অর লেস এক্সপার্ট লাগবেই। তবে এডমিনিষ্ট্রেশানের ব্যাপারে কিছু কিছু আই. এ এস দরকার। সেখানে নিশ্চয় সেটা আলাপ আলোচনা করে দেখবেন এবং সে ব্যবস্থা হবে। কোলকাতা শহরের জন্য সি. এম. ডি. এ ইত্যাদি হয়েছে কিন্তু এই প্রথম বামফ্রন্ট সরকার গ্রামবাংলার কথা চিন্তা করে রুরাল ডেভালপমেন্টের জন্য একটা আইনের ব্যবস্থা করেছেন। যে, আমাদের মন্ত্রী মহাশয়ের সঙ্গে দেখা করেছিলেন, কিন্তু আজ পর্য্যন্ত কোন পদক্ষেপ হয়নি, কিন্তু এই আইনটাই তো একটা পদক্ষেপ। পদক্ষেপ নেওয়া হয়নি, এটা ঠিক নয়। এটা। বহুদিন ধরে আলাপ আলোচনা করা হয়েছে। এটা তো সোজাসুজি হতে পারে না। এই আইন প্রনয়ণ করা এবং এর যে সমস্ত কর্ম পদ্ধতি—এটাই তো একটা পদক্ষেপ এবং এটা একটা গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করেছে এই সরকার। নচেৎ এইসব কাজকর্ম করা যাবে না। সুতরাং আমি বলবো সিলেক্ট কমিটিকে, বিশেষ করে দক্ষিণ বাংলার বাঁকুড়া, বীরভুম, পুরুলিয়ার যে সমস্ত অনুন্নত জায়গা আছে, যেখানে হাজার হাজার আদিবাসী এবং তপশীলী মানুষ অধ্যুষিত এলাকা সে এলাকা গত ৩০ বছর ধরে সাংঘাতিকভাবে অবহেলিত ছিল, সেই এলাকার দিকে তাকাবেন। সিলেক্ট কমিটি যখন করবেন, এই সমস্ত এলাকার বিষয় দেখবেন। সেই জায়গার অর্থনীতির উপর ভিত্তি করে, সেই জায়গার উন্নয়ন করাই হবে বিজ্ঞানসম্মত। সুতরাং সেখানে এক্সপার্ট ওপিনিয়ন নিয়ে সেখানে কি কি স্টোন আছে, মিনারেল্স আছে, কি কি ওয়াটার রিসোসেস আছে, কি কি এ্যাভেলেবিলিটি আছে, সেখানে ফরেস্ট ডেভলপমেণ্ট কি আছে, এই বিষয়ে যেমন একদিকে এই কমিটি ভাববে, তেমনি কিভাবে উত্তরবাংলার প্রাকৃতিক সম্পদকে, উত্তর বাংলার অর্থনীতিকে সমৃদ্ধশালী করা যায় সেদিকে দেখতে হবে। দক্ষিণ বাংলা, উত্তরবাংলা এবং পূর্ব, পশ্চিমবাংলা, সবগুলোকে নিয়ে সমগ্র বাংলাদেশের গরীব এবং সাধারণ মধ্যবিত্ত মানুষের উন্নতির জন্য এই পূর্ণাঙ্গ আইনের প্রয়াস করার জন্য আমি অর্থমন্ত্রীকে আর একবার অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি,

শ্রীমতীশ রায় ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের অর্থমন্ত্রী যে বিল উত্থাপন করে তিনি যেটা ঘোষণা করেছেন, এর দ্বারা বামফ্রন্ট সরকারের যে গণতান্ত্রিক মনোভাব,

এটা বিশেষভাবে আমরা প্রমাণ করেছি। আজকে এই বিলের উদ্দেশ্য সম্বন্ধে মাননীয় সদস্য ভোলা সেন মহাশয় যে কথা বলেছেন, আমি তাঁর কথা যথেষ্ট আগ্রহ সহকারে শুনেছি, কারণ অতীতে তিনি পূর্ত বিভাগের মন্ত্রী এবং সি. এম. ডি. এ'র চেয়ারম্যান ছিলেন। আমি যে এলাকা থেকে নির্বাচিত হয়ে এসেছি, উত্তর ২৪ পরগনা জেলা—আমি অর্থমন্ত্রী মহাশয়কে বলতে চাই, কাশী বাবু বলেছেন যে দেশ বিভাগের পর নদীয়ার জনসংখ্যা ৭ লক্ষ থেকে ২৯ লক্ষে আজকে এসে পৌঁচেছে, কিন্তু আজকে ব্যারাকপুর একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ মহকুমা, সেই মহকুমায় ১৯৫১ সালে জনসংখ্যা ছিল ১০ লক্ষ, আজকে সেখানকার জনসংখ্যা ৩২ লক্ষে এসে দাঁড়িয়েছে। আজকে ২৪ পরগনার দিকে যদি তাকাই, তাহলে আমরা দেখতে পাই, উদ্বাস্তুদের একটা বিরাট সংখ্যক মানুষ উত্তর এবং দক্ষিণ ২৪ পরগনায় বসবাস করছে, এবং অতীতে কংগ্রেস সরকারের আমলে কোন পরিকল্পনা ছিল না উদ্বাস্তুদের জন্য, সেই জন্য উদ্বাস্তুরা নিজেদের প্রয়োজনে সেদিন যে পতিত জমি, নীচু জমি, জলা জায়গায় তারা নিজেদের ঘরবাড়ি তৈরী করেছে। তার ফলে আজকে কলকাতা এবং ৩৩টি পৌর এলাকায় এবং তার সঙ্গে পঞ্চায়েত এলাকাগুলোর সাধারণ মানুষের জনস্বাস্থ্য সম্বন্ধে আজকে প্রশ্ন দেখা দিয়েছে। জনসাধারণের স্বাস্থ্য, জনসাধারণের নাগরিক জীবনের সুযোগ সুবিধা অনেকাংশে ব্যাহত হচ্ছে। তাই আজকে এই বামফ্রন্ট সরকার এই আইন এনেছেন। আমাদের উদ্দেশ্য হচ্ছে যে নাগরিক জীবন যাতে সুস্থ্য ভাবে চলতে পারে, সেই সব এলাকার জনসাধারণ যাতে নাগরিক জীবনের সুখ সুবিধা পায়, তার জন্য আমাদের চেষ্টা করতে হবে। তার জন্য অর্থের প্রয়োজন আছে, সেটা পরের কথা, কিন্তু আমি দেখেছি ভোলা বাবু আজকে যে কথাগুলো বললেন—টেকনোক্রাটদের বাদ দেওয়া হয়েছে—এই বন্যার সময় আমি দেখেছি দমদমের জল অন্য এলাকা দিয়ে পাশ করেনি, পাশ দিয়ে দমদমের জল চলে এসেছে বরাহনগরে।

[ 5-20—5 30 P. M. ]

এবং বরাহনগরের জল পাস করার কোন পরিকল্পনা নেই। তার জন্য বি. টি. রোড এলাকা বিগত বন্যায় একেবারে ডুবে গিয়েছিল। সি, এম. ডি. এর টেকনোক্রাটরা যে পরিকল্পনা করেছিলেন সেই পরিকল্পনার ক্রটিগুলি আজকে দেখা দিচ্ছে। সেই জন্য আমি মাননীয় অর্থমন্ত্রী কে বলব শুধু টেকনোক্রাট, বুরোক্রাটের প্রশ্ন নয়, আজকে যে আইন আমাদের সামনে এসেছে সেটা বিশেষ ভাবে বিবেচনা করার জন্য আমি অনুরোধ করব যে জেলা ভিত্তিক রিজিওন্যাল এ্যাডভাইসারি কমিটি করুন এবং সেখানে জনপ্রতিনিধিরা

যাতে স্থান পায় তার ব্যবস্থা করুন এবং তার ফলে এলাকা ভিত্তিক জনসাধারণের সুযোগ সুবিধার কোথায় অসুবিধা হচ্ছে সেটা উপযুক্ত কর্তৃপক্ষের নজরে আনতে পারবেন এবং সেই জন্যই এই রিজিওন্যাল এ্যাডভাইসারি কমিটি করা উচিত। এতে কাজের সুবিধা হবে। কারণ আমরা মনে করি প্ল্যানিং উচ্চস্তরে যেটা আছে নিচু স্তরেও সেটা আলোচিত হওয়া দরকার। নিচু কমিটিগুলিতে আলোচিত হয়ে তারপরে উচ্চ স্তরে গেলে বাস্তবে রূপায়িত করতে অনেক সহজ হবে এবং তাতে জনসাধারণ উপকৃত হবেন, সুযোগ সুবিধাও বেশী থাকবে। দ্বিতীয়তঃ ২২ নং ধারায় বলা হয়েছে এ্যাডভাইসারি কমিটি সম্বন্ধে রাজ্য সরকারের পূর্ত দপ্তর একটি গুরুত্বপূর্ণ দপ্তর। এই ১১ নং ধারায় এ্যাডভাইসারি কমিটিতে পূর্ত দপ্তরের কোন প্রতিনিধি রাখার কোন বিধান এখানে নেই। অবশ্য এটা নিয়ে সিলেক্ট কমিটিতে আলোচনা হবে, তখন এটা নিশ্চয় সেখানে বিবেচিত হবে। আর একটি কথা আমি বলতে চাই টাউন প্ল্যানিং-এর ক্ষেত্রে জন-প্রতিনিধি যেমন আছেন তেমনি অনেক বিশিষ্ট প্রযুক্তিবিদ্ আছেন যারা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের সঙ্গে যুক্ত, যেমন যাদবপুর ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি, শিবপুর ইঞ্জিনিয়ারিং কলেজ, এরা টাউন প্ল্যানিং-এর সাথে যুক্ত আছেন, এক্সপার্ট, আগামীদিনে এই এ্যাড-ভাইসারি কমিটিতে এঁদের যদি নেওয়া হয় তাহলে আমাদের কাজের দিক থেকে অনেক সুবিধা হবে। কেন না এই সমস্ত শিক্ষাবিদ, এঁরা শিক্ষাক্ষেত্রে প্রভূত জ্ঞান বিতরণ করছেন। কাজেই এঁরা টাউন প্ল্যানিং-এর দিক থেকে সরকারকে সাহায্য করতে পারেন। তাই এদের সদিচ্ছা যাতে কাজে লাগানো যায় সেটা আমাদের দেখতে হবে এবং কাজের দিক থেকেও আমাদের সুবিধা হবে। আর একটি কথা অর্থমন্ত্রীকে বলব আমাদের অতীতের সমস্ত উন্নয়ণ মূলক কাজগুলির আইন রাজ্য সরকার বা কেন্দ্রীয় সরকার দ্বারা রচিত হয়েছে—আমরা দেখেছি সেখানে সংবিধান একটি প্রধান বাধা হয়ে দাঁড়িয়েছে। ব্যক্তিগত সম্পত্তির অধিকারের নাম করে সরকারের উন্নয়ণ মূলক পরি-কল্পনা সব নষ্ট করে দেওয়া হয়েছে। আমাদের দেশে এই রকম মনোভাবের ব্যক্তির অভাব নেই, যারা সংবিধানের দোহাই দিয়ে সরকারের উন্নয়ন মূলক পরিকল্পনাকে ব্যাহত করার জন্য হাইকোর্টের আশ্রয় নেন। এই দিকে আমি মাননীয় অর্থমন্ত্রীকে একটু দৃষ্টি দিতে অনুরোধ করব। কারণ, কোটি কোটি মানুষের স্বার্থ যেখানে জড়িত সেখানে মুষ্টিমেয় লোকের স্বার্থ রক্ষা করাটা বড় প্রশ্ন নয়—সাধারণ মানুষের স্বার্থ রক্ষা করাটাই সব চেয়ে বড় প্রশ্ন। কাজেই জনস্বাস্থ্য, নাগরিক জীবনের সর্বাঙ্গীন উন্নয়নকে সাফল-মণ্ডিত করার জন্য যে বিল এসেছে সেই বিলকে আমি স্বাগত জানাচ্ছি এবং এই বিলকে আমি সম্পূর্ণ ভাবে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**ডঃ অশোক মিত্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভেবেছিলাম বিলটি যখন সিলেক্ট কমিটিতে যাচ্ছে তখন বেশী কিছু বক্তব্য না রাখলেও চলে। কিন্তু দেখলাম কয়েকজন মাননীয় সদস্য তাদের কিছু কিছু মন্তব্য এখানে রাখলেন, তাই আমাকে সামান্য কয়েকটি কথা বলতে হচ্ছে। আমি এটা দেখে অত্যন্ত আনন্দিত হচ্ছি যে এই বিলের ব্যাপারে সাধারণভাবে মোটামুটি সব দলের মাননীয় সদস্যদেরই সমর্থন আছে এবং বিশেষ ব্যাপারগুলি আমরা সিলেক্ট কমিটিতে নিশ্চয় বিবেচনা করে দেখব। তবে মাননীয় ভোলাবাবু, কাশীকান্তবাবু দু একটি কথা সম্বন্ধে সামান্য মন্তব্য করলেন। মুস্কিল হচ্ছে কি ওরা কথা বলেই চলে যান, বিগত দেড় বছর ধরে আমি এটা লক্ষ্য করে দেখছি (ভয়েসঃ ভোলানাথ সেন: আমি চলে যাই নি) আমাকে মাপ করবেন, আমি ঠিক দেখতে পাই নি। প্রথমে এই বিলের ইতিহাস সম্বন্ধে দু-একটি কথা বলি। ১৯৬২ সালে কেন্দ্রীয় সরকার একটা আদর্শ নিয়ে এই বিলটা তৈরী করেন। সেটা হচ্ছে ভূমির সংরক্ষণ ও টাউন এ্যাণ্ড কানট্রি প্ল্যানিং সম্পর্কে। এখন সেই যে আইন তার একটা বিশেষ সংকীর্ণ উদ্দেশ্য ছিল। সেই উদ্দেশ্যটা হচ্ছে এই যে এলো-পাথাড়ি জমি ব্যবহার করা হচ্ছে, বাড়ি তৈরী করা হচ্ছে, কারখানা তৈরী করা হচ্ছে তা নিয়ন্ত্রন করা। আমাদের দেশেও সব জায়গায় এইসব নিয়ন্ত্রণ করা দরকার। এই রকম একটা আদর্শ বিল করে কেন্দ্রীয় সরকার ফিরি করে বেড়ালেন নানা রাজ্যে। মোটামুটি আজ পর্যন্ত ৮ ৯টি রাজ্য এই ধরনের বিল গ্রহণ করেছে। দুভার্গ্য বশতঃ পশ্চিম বাংলায় এখন পর্যন্ত হয়নি। ১৯৭৫ সালে সেই কেন্দ্রীয় বিলের রকম-ফের হয়েছে। আমরা কেন্দ্রীয় সরকারের সঙ্গে মোটামুটি আলোচনা করেছি, আমাদের এখানে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী এবং কর্মচারীদের সাথেও এই ব্যাপারে আলোচনা করেছি এবং আলোচনা করে এই বিল এনেছি। এই বিলটা খুবই গুরুত্বপূর্ণ। যদি আপনারা চান তাহলে সবাই মিলে আলোচনা করুন এবং এই এইজন্যই বিলটা সিলেক্ট কমিটিতে যাবে। ইতিমধ্যে সাধারণ মানুষ যাদের জন্য এই আইন করা তারাও আলোচনা করুন। এই বিলের বৃহত্তর উদ্দেশ্য আছে এবং সেইজন্যই আমরা এই আইনটাকে সংস্থাপন করতে চাই। আমরা আর্থিক উন্নতির বিকেন্দ্রীকরণ চাই এবং আর্থিক উন্নতির পরিকল্পনা ও আর্থিক উন্নতির রূপায়ন এই দুটোই বিকেন্দ্রীকৃত হোক, রাজধানী থেকে মফঃস্বলে মফঃস্বলে ছড়িয়ে দেওয়া হোক পরিকল্পনার রূপায়ন ও পরিকল্পনার বিকাশ। শুধু শহরে নয় গ্রামেও ছড়িয়ে দিতে হবে যাতে শহরের সাথে গ্রামের সংঘাত না হয় এবং সেইজন্যই এই বিলটা আনা হচ্ছে। ভোলাবাবু এবং আরোও অন্যান্যরা অনেক সমস্যার কথা বললেন কিন্তু আমরা এইসব সমস্যা সৃষ্টি করিনি। ১৯৪৭ সালের পর থেকে এইসব সমস্যার সৃষ্টি হয়েছিল। এখন

আমরা চেষ্টা করবো বিকেন্দ্রীকৃত একটা পরিকল্পনার মারফতে এই জিনিষগুলি ঠিক করবার জন্য। যেটা আমরা পারবো না সেটা আমরা স্বীকার করে নিচ্ছি—কেন না আর্থিক উন্নতির বিকাশ হচ্ছে না কেন তার আরো অনেক মৌলিক সমস্যা জড়িত আছে, —সেই মূল সমস্যা হচ্ছে অর্থনৈতিক কাঠামোগত সমস্যা। ভোলাবাবু বললেন যে প্রায় ৫০জন এ্যাডভাইসরী কমিটিতে আছেন এবং তার আই. এ. এস অফিসারে ঠাসা। কিন্তু আমি দেখলাম ৪২জন এ্যাডভাইসরী বোর্ডে আছেন এবং তারমধ্যে বোধহয় ৬ থেকে ৭ জনের বেশী আই. এ. এস অফিসার থাকার কোন সম্ভাবনা আপাততঃ দেখছি না। এটা কোন আমলাদের ব্যাপার নয়, সরকারী কর্মচারীদের ব্যাপার নয়। এতে সাধারণ মানুষের প্রতিনিধি থাকবেন, বিশেষজ্ঞরা থাকবেন—সবাই মিলে সুন্দর করে আমরা পরিকল্পনা রচনা করবো। রচনা করার একমাত্র উদ্দেশ্য নয়- যেমন ভোলাবাবু বললেন শিলিগুড়িতে, আসানসোলেতে এবং দুর্গাপুরেতে অথরিটি আছে—তারা ঠুটো জগন্নাথ হয়ে বসে আছেন। এইসব অথরিটির কোন ক্ষমতা নেই। আমরা চেষ্টা করছি ঐ আইনের মাধ্যমে যাতে তাঁদের ক্ষমতা দেওয়া হয়, অধিকার দেওয়া হয় যার দ্বারা তাঁরা ঠিকমত কাজ করতে পারেন। আরোও একটা ব্যাপার উনি বলেছেন এই আইনে কি আছে যে কেন্দ্রীয় সরকার যত্রতত্র বাড়ি তুলতে পারবে না? কিন্তু আমি বলছি কেন্দ্রীয় সরকার এই আইনের আওতার মধ্যে আসবেন। আমি আর বেশী সময় চাই না। পরিশেষে আমি বলবো যে এই বিলটা সিলেক্ট কমিটিতে যাবে বা সেখানে সবাই মিলে আলোচনা করা হবে। আমি আশা করবো এই বিলটা নিয়ে সবাই মিলে আলোচনার দ্বারা সর্বাঙ্গ সুন্দর বিল উপস্থাপনা করতে পারবো।

**The motion of Dr. ASHOK MITRA :** that the West Bengal Town and Country (Planning and Development) Bill, 1978, be referred to a Select Committee of the House consisting of the following members, namely :

(1) Dr. Ashok Mitra, Minister-in-charge of Finance and Development and Planning Departments,
(2) Shri Sunil Basu Ray,
(3) Shri Gopal Basu,
(4) Shri Santosh Kumar Das,
(5) Shri Biswanath Choudhuri,
(6) Shri Patit Paban Pathak,
(7) Shri Asoke Kumar Bose,

(8) Shri Sailen Sarker,

(9) Shri Rabindra Nath Mandal

(10) Shri Niranjan Mukherjee,

(11) Shri Achintya Krishna Ray,

(12) Shri Suhrid Mullick Chowdhury,

(13) Shri Sandip Das,

(14) Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury,

(15) Shri Md. Sohorab,

(16) Shri Prabodh Purkait, and

(17) Shri A. K. M. Hassan Uzzaman,

That in order to constitute a sitting of the Committee the quorum shall be one-third of the total number of members of the Committee.

That the Committee shall make a report to this House by the end of the second week of the next Session,

Was them put and agreed to

**Adjournment**

The House was them adjourned at 5-30 p.m. all 1 p.m. on Tuesday, the 28th November, 1978, at the Asembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on

Tuesday the 28th November, 1978, at 1 P. M.

PRESENT

Mr. Speaker (Sbri Syed Abul Mansur Habibullah) in the Chair, 16 Ministers, 4 Ministers of state, and 159 Members,

[ 1-00—1-10 P.M. ]

**শ্রীবীরেন্দ্র নারায়ণ রায় :** স্যার, আমার একটা পয়েন্ট অফ অর্ডার আছে হেল্ড ওভার কোশ্চেনের উপর। গত ২১শে নভেম্বর কোশ্চেন নম্বর ১৬, এ্যাডমিটেড ১৪,—আসবার কথা ছিল আজকেও আসেনি। তার কি হল ?

**মিঃ স্পীকার :** হাউস বিগিন হবার সঙ্গে সঙ্গে পয়েন্ট অফ অর্ডার তুলবেন না, অফিস পরে আপনারটা দেখবে।

**শ্রীহাসিম আবদুল হালিম :** হেল্ড ওভার কোশ্চেন ২১, ওটার রিপ্লাই এখনও ডিষ্ট্রিক্ট থেকে পাওয়া যায় নি, ২ সপ্তাহের মধ্যে দেব।

**মিঃ স্পীকার :** আচ্ছা, ওটা হেলড ওভার থাকল।

Starred Questions (to which oral answers were given.)

## ধান ও চাউলের সংগ্রহ মূল্য

*৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *২০৭।) শ্রীরজনীকান্ত দোলুই: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান বছরে সরকারের ধান ও চাউলের সংগ্রহ মূল্য ধার্য করা হয়েছে কি ;

(খ) হয়ে থাকলে, কিসের ভিত্তিতে ঐ সংগ্রহ মূল্য ধার্য করা হয়েছে ; এবং

(গ) সংগ্রহ ব্যবস্থার প্রণালীগুলি কিরূপ ?

শ্রীসুধীন কুমার:

(ক) হ্যাঁ।

(খ) ধানের সংগ্রহ মূল্য কেন্দ্রীয় সরকারের নির্দেশে ধার্য করা হইয়াছে। ধানের সংগ্রহ মূল্যের ভিত্তিতে চালের সংগ্রহ মূল্য রাজ্য সরকার কেন্দ্রের সম্মতি লইয়া স্থির করিয়াছেন।

(গ) গত বৎসরের মত এ বৎসরও চালকল মালিকদের নিজস্ব ধান হইতে উৎপন্ন চালের শতকরা ৫৫ ভাগ লেভি হিসাবে সরকারকে দিতে হইবে। তবে ইচ্ছা করিলে চালকল মালিকেরা ৫৫% লেভির পরিবর্তে সরকারের সাথে একটি নির্দিষ্ট পরিমাণ চাল দিবার চুক্তি করিতে পারেন। তাছাড়া, খোলা বাজার হইতেও সরকারী সংগ্রহ মূল্যে ধান ও চাল ক্রয় করিবার জন্য সরকারের নির্দেশে খাদ্য করর্পোরেশন ব্যাপক ব্যবস্থা লইয়াছেন।

শ্রীসুনীতি চট্টরাজ: মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, ধানে চালের সংগ্রহ মূল্য কত ধার্য করা হয়েছে ?

শ্রীসুধীন কুমার: ধানের সংগ্রহ মূল্য আউস ও আমনের—৮১ টাকা কুইন্টাল, আমন সাধারণ—৮৫, অতি মিহি—৯৫ এবং মিহি—৮৮ টাকা।

শ্রীসুনীতি চট্টরাজ: এই সংগ্রহ মূল্য বাড়াবার জন্য কোন রেকমেনডেসান কেন্দ্রীয় সরকারের কাছে পাঠিয়েছেন কিনা ?

**শ্রীসুধীন কুমার :** আমরা এই সংগ্রহ মূল্য যথাযথ বলে মনে করছি।

**শ্রীনবকুমার রায় :** যে সংগ্রহ মূল্য ধার্য করেছেন তার চেয়ে অনেক কম দামে পশ্চিম দিনাজপুর ইত্যাদি জায়গায় বিক্রি হচ্ছে এটা জানেন কি এবং ডি পি এজেন্টরা ধান কিনছে না ?

**শ্রীসুধীন কুমার :** মিল মালিকরা ধান কিনছে না এ খবর আমাদের আছে এবং তারজন্য ধানের দাম যে পড়ে যাচ্ছে এই অবস্থার ব্যবস্থা করার জন্য আমরা দেখছি।

**শ্রীবলাইলাল দাস মহাপাত্র :** ডিসট্রেস সেলের ধান কেনার জন্য কি ব্যবস্থা করা হয়েছে ?

**শ্রীসুধীন কুমার :** এর জন্য ডি পি এজেন্ট নিযুক্ত করেন এফ সি আই, এফ সি আই আমাদের প্রকিওরমেন্ট এজেন্ট। ডিসট্রেস সেলে কেনবার জন্য আরো ৭ টাকা গাড়ীভাড়া দেবার জন্য নির্দেশ দেওয়া হয়েছে।

**শ্রীঅতীশ সিংহ :** সংগ্রহের জন্য কত লক্ষ্য মাত্রা ঠিক করা হয়েছে ?

**শ্রীসুধীন কুমার :** ঠিক করা হয় নি।

**শ্রীসত্যব্রত ভট্টাচার্য :** কর্ডনের জন্য ১৪৪ ধারা করা হবে কি না ?

**শ্রীসুধীন কুমার :** প্রশ্ন ওঠে না।

### পঞ্চায়েত সমিতির কর্মসূচী

***৫৮। (অনুমোদিত প্রশ্ন নং *১২৯।) শ্রীজয়ন্তকুমার বিশ্বাস :** পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পঞ্চায়েত সমিতির তত্ত্বাবধানে রূপায়ণের জন্য কি কি সুনির্দিষ্ট প্রকল্প বা কাজ দেওয়া হবে ; এবং

(খ) পঞ্চায়েত সমিতিগুলির নিজস্ব ভবন নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ?

**শ্রীদেবব্রত বন্দোপাধ্যায় :**

(ক) ইতিমধ্যে ব্লকস্তরের ভূমি সংস্কার পরামর্শদাতা কমিটির ( Land Reforms Advisory Committee at the Block Level ) কাজ পঞ্চায়েত সমিতিকে দেওয়া হয়েছে. গ্রামীন জলসরবরাহ প্রকল্প ( Rural water supply ) ও পঞ্চায়েত সমিতিতে ন্যস্ত করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এ ছাড়া গ্রাম পঞ্চায়েত স্তরে চালু প্রকল্পগুলির বিভিন্ন তদারকী ও তত্বাবধানের দায়িত্ব পঞ্চায়েত সমিতিতে ন্যস্ত আছে। অন্যান্য কাজ দেওয়া সম্পর্কে এখনও চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত হয় নি ;

(খ) বর্তমানে নেই।

[ 1-10—1-20 P. M ]

**শ্রীজয়ন্ত বিশ্বাস**—পঞ্চায়েত সমিতির নিজস্ব আর্থিক ক্ষমতা বাড়াবার কোন পরিকল্পনা আছে কি ?

**শ্রীদেবব্রত বন্দোপাধ্যায় :** এতদিন পর্যন্ত ছিলো না। এ বিষয়ে একটা ক্যবিনেট সাব কমিটি গঠিত হয়েছে এবং বিভিন্ন পঞ্চায়েত সংগঠনে আর্থিক শক্তি যাতে বৃদ্ধি পায় সেজন্য কতকগুলি সিদ্ধান্ত তারা নিয়েছেন। ক্যাবিনেট সাব কমিটি সিদ্ধান্ত নিয়েছেন যে ভূমি রাজস্ব বাবদ যে আয় হয় তার একটা সুটেবল পোরসান পঞ্চায়েত সমিতিকে দেওয়া হবে—It is decided that suitable percentage of land revenue collected be allocated and credited to the Panchayet samiti Fund under section 132 of the Act. আর একটা হচ্ছে পঞ্চায়েত সমিতির এলাকার মধ্যে হাট, বাজার, ফেরি, মেলা ইত্যাদি থেকে যে আয় হবে সেটা তাদের হাতে দিতে হবে—It is decided to allocate such huts, bazars, ferries as are Situated within the area of Panchayat Samiti for control and management of levy and control of fees and rents.···

শ্রীজয়ন্ত বিশ্বাস : এখানে কিছু টেকনিকাল ষ্টাফ নিয়োগ হবে যাদের শিক্ষাগত যোগ্যতা স্কুল ফাইনাল বা হায়ার সেকেণ্ডারি হলেই চলবে—কিন্তু পঞ্চায়েত পরিকল্পনার রূপ দিতে গেলে এদের দ্বারা কি সেই কাজ হবে ?

শ্রীদেবব্রত বন্দোপাধ্যায় : সরকার পঞ্চায়েতের হাতে প্রচুর ক্ষমতা দিচ্ছেন যার জন্য প্রচুর টাকাও বরাদ্দ করা হয়েছে। এতদিন পর্যন্ত পঞ্চায়েতগুলি পঙ্গু ছিলো এবং এদের কোন ইনফাস্ট্রাকচার ছিলো না। এখন এই গ্রাম পঞ্চায়েতের মাধ্যমেই বিভিন্ন পরিকল্পনা রূপায়িত হবে। সেজন্য সরকার স্থির করছেন ৩ হাজার ২৪২টি জব এ্যাসিসটেন্ট বিভিন্ন পঞ্চায়েতে নিযুক্ত হবে যাদের ন্যূনতম যোগ্যতা স্কুল ফাইনাল বা মেট্রিকুলেট এবং তাদের একটা ট্রেনিং এরও ব্যবস্থা হবে।

শ্রীঅতীশ সিংহ : পঞ্চায়েত সমিতিগুলির হাতে বন্যা ত্রানের জন্য বিলি বণ্টনের কোন দায়িত্ব দেওয়া হয়েছে কিনা ?

শ্রীদেবব্রত বন্দোপাধ্যায় : পঞ্চায়েতের কাজ হবে তদারকির কাজ।

শ্রীবীরেন্দ্র নারায়ন রায় : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি গ্রাম পঞ্চায়েত কোন একটা প্রকল্প নিলেন, পাশ করলেন, পঞ্চায়েত সমিতি কি সেই প্রকল্প বানচাল করে দিতে পারেন ?

শ্রীদেবব্রত বন্দোপাধ্যায় : মাননীয় সদস্যদের অবগতির জন্য আমি প্রত্যেক সদস্যের কাছে গত ২০শে নভেম্বর তারিখে গ্রামবাংলার পুনর্গঠনের যে পুস্তিকা দিয়েছিলাম সেটা যদি মাননীয় সদস্যরা পড়ে থাকেন তাহলে এগুলি পুস্তিকার ৩/৪/৫/৬/৭ পৃষ্ঠায় দেওয়া আছে, সমস্ত বিষয় অবগত হতে পারবেন।

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি লক্ষ লক্ষ টাকা পঞ্চায়েত সমিতিকে দেওয়া হচ্ছে, এই সবের হিসাব নিয়ন্ত্রণের জন্য কোন ব্যবস্থা থাকছে কি ?

শ্রীদেবব্রত বন্দোপাধ্যায় : আমি আগেকার প্রশ্নের উত্তরের সময় বলেছিলাম যে আমাদের বামফ্রন্ট সরকার পঞ্চায়েতের মাধ্যমে ৩টা কাজ আপাততঃ করতে চলেছেন —ফুড ফর ওয়ার্ক, এটা ন্যাস্ত করেছেন ত্রান বিভাগ, অন্যান্য বিভাগ রুরাল রেস্টোরেশান

প্রোগ্রাম এবং রুরাল ওয়ার্কস প্রোগ্রাম, গ্রাম উন্নয়নের কর্মসূচী এবং গ্রামীন পুনর্গঠনের কর্মসূচী দুটি ন্যাস্ত করেছেন পঞ্চায়েতের হাতে। এর জন্য প্রতি গ্রাম পঞ্চায়েত পিছু হিসাব করে দেখেছি ২ লক্ষ টাকার মত খরচ হবে ক্যাশ এবং কাইণ্ডে। স্বাভাবিকভাবে সারা পশ্চিমবঙ্গে কয়েক কোটি টাকা এই দুটি প্রকল্পে কাজ চলবে। এত টাকার হিসাব যাতে ঠিক ঠিক থাকে সেজন্য ব্যাপক কর্মসূচীর পরিকল্পনা আমাদের সরকার গ্রহণ করেছেন। ৩২৪টি ব্লকের এ্যাকাউন্টস মেনটেনের জন্য ব্লক লেভেল অডিট এণ্ড এ্যাকাউন্টস, একটা ইনটিগ্রেটেড পঞ্চায়েত এ্যাকাউন্টস আমরা গড়ে তোলার সিদ্ধান্ত নিয়েছি। সেই সিদ্ধান্ত অনুসারে ৩২৪টি ব্লকের জন্য লিভ রিজার্ভসহ ৩৪০টি পঞ্চায়েত এ্যাকাউন্টস এণ্ড অডিট অফিসার নিয়োগ করতে যাচ্ছি। তাঁরা ব্লকে বসবেন, বসে তাঁর অধীনে যেসব গ্রাম পঞ্চায়েত আছে তাদের ইন্টারন্যাল এ্যাকাউন্ট দেখবেন, রানিং অডিটের কাজ চালিয়ে যাবেন। ঠিক সেইভাবে ডিষ্টিক্ট লেভেলে পঞ্চায়েত সমিতিগুলির এ্যাকাউন্ট দেখবার এবং অডিট করবার জন্য সমিতি এ্যাকাউন্টস অডিট অফিসার ৪০ জন নিয়োগ হতে চলেছে। অনুরূপভাবে জেলা পরিষদের এ্যাকাউন্টস এণ্ড অডিট দেখবার জন্য ৩ জন পরিষদ এ্যাকাউন্টস এণ্ড অডিট অফিসার নিযুক্ত হতে চলেছেন। এইভাবে রিজিওন্যাল লেভেলে এবং ষ্টেট লেভেলে একটা ব্যাপক অডিট অর্গানাইজেসান আমরা গড়ে তোলার চেষ্টা করছি।

**শ্রীমহাদেব মুখার্জী :** বিগত সরকারের আমলে গৃহ নির্মানের জন্য পঞ্চায়েতে যে টাকা দেওয়া হয়েছিল তাতে সেখানে কত পার্সেন্ট গৃহ নির্মাণ হয়েছে এবং কত পার্সেন্ট হয়নি সে সম্বন্ধে তদন্ত করা হবে কি ? সেই টাকাগুলি কি হয়েছে সে সম্বন্ধেও তদন্ত করা হবে কি ?

**শ্রীদেবব্রত বন্দোপাধ্যায় :** নিশ্চয়ই হবে।

**শ্রীধীরেন্দ্রনাথ সরকার :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি পঞ্চায়েত সমিতিগুলির নিজস্ব ভবন নির্মানের জন্য সরকারের বর্তমানে কোন পরিকল্পনা নেই কেন ?

**শ্রীদেবব্রত বন্দোপাধ্যায় :** আমাদের ব্লক অফিসে এখন ফাংসান হবে, তবে এজন্য আমাদের কনটিনজেন্সি ফাণ্ড থেকে পঞ্চায়েত সমিতিকে ১ হাজার করে টাকা দিয়েছি।

শ্রীমহম্মদ সোহরাব ঃ গ্রাম পঞ্চায়েত থেকে আরম্ভ করে বিভিন্ন স্তরে কর্মী নিয়োগ করবেন বলছেন, এই নিয়োগের পদ্ধতিটা কি ঠিক করেছেন ?

শ্রীদেবব্রত বন্দোপাধ্যায় : করেছি।

শ্রীসত্যপদ ভট্টাচার্য্য : মন্ত্রী মহাশয় বললেন ভূমি রাজস্ব বিভাগের একটা অংশ আপনারা পঞ্চায়েতকে দেবেন, ভূমি রাজস্ব ছাড়হুড় দেওয়ার পর কত কোটি টাকা পেতে পারেন সেটা জানতে চাই।

শ্রীদেবব্রত বন্দোপাধ্যায় : অনুসন্ধান চ'ছে, নোটিশ দিলে উত্তর দেব।

শ্রীমলিন ঘোষ : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, পঞ্চায়েত-এর যেভাবে কাজ বেড়েছে, পঞ্চায়েত প্রধানদের যেভাবে কাজ বেড়েছে তাতে তাদের কোন এ্যালাউন্স দেবার কথা আপনার বিবেচনায় আছে কি ?

শ্রীদেবব্রত বন্দোপাধ্যায় ঃ বিবেচনায় আছে।

শ্রীসুনীতি চট্টরাজ : মাননীয় মন্ত্রী মহাশয়, নিশ্চয়ই জানেন পঞ্চায়েত সমিতিতে এম এল এ মেম্বার আছেন। এম এল এ-রা যখন আদার ওয়াইজ বিজি তখন এম এল এ অর হিজ নমিনি অ্যাজ মেম্বার এই প্রভিসনটা আপনারা রাখছেন না কেন ?

শ্রীদেবব্রত বন্দোপাধ্যায় ঃ এই প্রশ্নের সঙ্গে এর কোন সম্পর্ক নেই, সেপারেটলী করবেন উত্তর দেব।

## রামপুরহাট পৌরসভার নির্বাচন

*৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৮।) শ্রীশশাঙ্কশেখর মণ্ডল ঃ স্থানীয় শাসন ও শহর উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রামপুরহাট পৌরসভার পরবর্তী সাধারণ নির্বাচনের জন্য নতুনভাবে নির্বাচক তালিকা প্রণয়ন করার পরিকল্পনা সরকারের আছে কিনা ;

(খ) থাকিলে, কি পদ্ধতিতে নির্বাচনী তালিকা প্রস্তুত করা হইবে ; এবং

(গ) কবে নাগাদ উক্ত নির্বাচন অনুষ্ঠিত হইবে বলিয়া আশা করা যায় ?

**শ্রীপ্রশান্ত কুমার শূর :**

(ক) হ্যাঁ।

(খ) এই নির্বাচনী তালিকা এমন ভাবে প্রস্তুত করা হইবে যে পৌর এলাকায় বসবাসকারী আঠারো বৎসর ও তদূর্ধ বয়স্ক ব্যক্তিরা ভোটার হইতে পারিবেন।

(গ) দেশের বর্তমান পরিস্থিতিতে সঠিক তারিখ বলা সম্ভব নহে, তবে আগামী বৎসর, ইংরেজী ১৯৭৯ সনে উক্ত নির্বাচন অনুষ্ঠিত হইবে বলিয়া আশা করা যায়।

**শ্রীসন্তোষ কুমার দাস :** মন্ত্রী মহাশয় জানাবেন কি, রামপুর হাট পৌরসভায় এই যে নির্বাচন হচ্ছে না তাতে উন্নয়নমূলক কাজ ব্যাহত হচ্ছে না কি ?

**শ্রী প্রশান্ত কুমার শূর :** হ্যাঁ, হচ্ছে।

**শ্রীমহম্মদ সোহরাব :** মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন, দেশের বর্তমান পরিস্থিতিতে নির্বাচন করা হচ্ছে না। তিনি দেশের কি পরিস্থিতি দেখলেন ?

**শ্রী প্রশান্ত কুমার শূর :** আমি জানিনা মাননীয় সদস্য পশ্চিমবাংলায় বসবাস করেন, কি পশ্চিমবাংলার বাইরে বসবাস করেন।

**শ্রীমহম্মদ সোহরাব :** আইন শৃঙ্খলার প্রশ্ন বলেছেন কি মন্ত্রী মহাশয় ?

**শ্রী প্রশান্ত কুমার শূর :** আমি পশ্চিমবঙ্গের বর্তমান পরিস্থিতি বলতে পশ্চিম বঙ্গে কেন, ভারতবর্ষের মানুষ কি বোঝে সেটা তাঁর বোঝা উচিত। তবে আমি মনে করি এটা যদি তিনি না বুঝতে পারেন তাহলে বিধানসভার সদস্য হিসেবে থাকার যোগ্যতা কতদূর আছে আমার সন্দেহ।

শ্রী সুনীতি চট্টরাজ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন, বর্তমানে পঃ বঙ্গের মানুষ মনে করে বর্তমান পরিস্থিতি মানে আইন শৃঙ্খলার দারুন অবনতি ঘটেছে পশ্চিমবাংলার সাধারণ মানুষের ক্ষেত্রে।

[ 1-20—1-30 P. M. ]

প্রশান্ত কুমার শূর ঃ আমি একথা বলতে পারি সারা ভারতবর্ষের মধ্যে একটি মাত্র রাজ্য সেটা পশ্চিমবঙ্গ, যেখানে আইন শৃঙ্খলা খুব নির্দিষ্টভাবে এবং সুষ্ঠুভাবে চলছে। এখানে রাহাজানি, গুণ্ডামী ও বদমায়েসী তুলনামূলকভাবে সামান্য যে কোন রাজ্য থেকে কম। কোথাও জনতা দল, কোথাও কংগ্রেস দল ভারতবর্ষে বিভিন্ন রাজ্যে সরকার পরিচালনা করছেন কিন্তু আইন শৃঙ্খলা পশ্চিমবাংলার মত অন্য কোথাও রক্ষিত হয়নি।

মিঃ স্পীকার ঃ আপনাদের প্রশ্নও হচ্ছে না, উত্তরও হচ্ছে না।

( তুমুল গণ্ডগোল )

শ্রী সুনীতি চট্টরাজ ঃ অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার মাননীয় সদস্য সোহরাব সাহেব অত্যন্ত বিনয়ের সংগে একটা প্রশ্ন করলেন এবং তাতে মাননীয় মন্ত্রী প্রশান্ত শূর এমন এক রিমার্ক পাশ করলেন—যোগ্যতা আছে কিনা ? যোগ্যতা বিচারের অধিকার কি তাঁকে দেওয়া হয়েছে, স্যার। সদস্যদের আপনি এ ক্ষেত্রে প্রটেকসন দেবেননা ? আমি বলি ওঁনার মন্ত্রী থাকার কোন যোগ্যতা নেই। ওঁনার এত দুর্ব্যবহার, এক দিন বললেন গেট আউট, আর একদিন বললেন যোগ্যতা নেই। আমি বলছি, ওঁনার মন্ত্রী হিসেবে থাকার যোগ্যতা নেই।

শ্রীমহম্মদ সোহরাব ঃ মাই কোশ্চেন ওয়াজ ভেরি স্পেসিফিক, আই ওয়ান্ট টু নো ফ্রম দি অনারেবল মিনিস্টার যে, বর্তমান পরিস্থিতি বলতে তিনি কি বুঝিয়েছেন। দিজ আর মাই স্পেসিফিক কোশ্চেন। কিন্তু এর উত্তরে তিনি গোগ্যতা নেই এই রিমার্ক পাশ করলেন। এটা কি তাঁর যোগ্যতার উত্তর হয়েছে। আই ওয়ান্ট রুলিং ফ্রম দি অনারেবল স্পীকার। আই ওয়ান্ট এ স্পেসিফিক রিপ্লাই ফ্রম দি অনারেবল মিনিস্টার।

মিঃ স্পীকার : এর কোন রুলিং দেবার প্রয়োজনীয়তা নেই।

শ্রীঅতীশ সিংহ : অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার। একজন সদস্য প্রশ্ন করেছেন মন্ত্রীকে, তাঁর এই অধিকার আছে কিনা আপনি বলুন।

মিঃ স্পীকার : আছে।

শ্রীঅতীশ সিংহ : উনি প্রশ্ন করবার সময় কোন ইনসিনিউএসন, কোন খারাপ মন্তব্য, খারাপ কথা উনি বলেননি। তার উত্তরে কমপ্লিটলী আনপ্রোভোক্ট ওয়েতে এমন একটা মন্তব্য করলেন যে, সেটা আমাদের স্যার, সদস্য হিসেবে অধিকার খর্ব হয়েছে। আপনি যদি এতেও বলেন এতে খর্ব হয়নি—একজন মন্ত্রী বললেন সদস্য হিসেবে থাকবার যোগ্যতা আছে কি নেই সেটা তিনি বুঝতে পারছেন না। তিনি এরকমভাবে রিমার্ক করবার পরও যদি আপনি চুপ থাকেন, আপনি যদি বলেন এতে কিছুই হয়নি···

মিঃ স্পীকার : না, আমি চুপ থাকি নি। তাঁকে সেকথা বলেছি, কিন্তু আমি এটা প্রিভিলেজের প্রশ্ন হিসেবে আসতে দিতে রাজী নই।

শ্রীঅতীশ সিংহ : তাহলে আপনি মন্ত্রী মহাশয়কে বলুন, ওই প্রশ্নের স্পেসিফিক উত্তর আপনি দিন।

মিঃ স্পীকার : ওঁর বক্তব্য যেমন তেমনি উনারও এটা বলা উচিত নয়।

শ্রীঅতীশ সিংহ : তাহলে আমরাও বলব প্রশান্ত শূর মহাশয়ের মন্ত্রী হিসেবে থাকার কোন অধিকার নেই।

শ্রীসত্যরঞ্জন বাপুলি : আমার স্যার, পয়েন্ট অব অর্ডার আছে। মাননীয় মন্ত্রী শুধু আজকে নয়, কয়েকদিন আগে মাননীয় সদস্য কিরণময় নন্দকে বলেছিলেন, গেট আউট এবং তা নিয়ে অনেক বিতণ্ডা হয়েছে এবং সেটা প্রসিডিংস্‌-এ আছে। আজকে সোহরাব সাহেব যখন এটা বললেন তখন ট্রেজারি বেঞ্চ থেকে উই এক্সপেক্ট জেন্টেলমেন্স ম্যানার। আর কিছু আশা করিনা, ভদ্র ব্যবহার তো আশা করব। অবশ্য উনি জঞ্জাল পরিষ্কার করার মন্ত্রী, তাই জঞ্জাল পরিষ্কার ছাড়া আর কিছু আশা করিনা। কিন্তু মিনিমাম ডিসিপ্লিন, মিনিমাম ডেকোরাম মিনিস্টারের কাছে আশা

করব। এখানে হালিম সাহেব আছেন, আরও অনেক মিনিস্টার আছেন তাঁরা তো কোন কথা বলেননা, এত দম্ভ কিসের? উনি এত দাম্ভিক কেন? কিসের জন্য ওনার এত দম্ভ? মেম্বারদের হিউমিলেটি করবেন? তাঁকে রিগ্রেট করতে হবে। ওকে একথা উইথড্র করতে হবে। বলতে হবে দুঃখিত। হি মাস্ট বি উইথড্র হিজ ওয়ার্ড।

মিঃ স্পীকার: একসঙ্গে যদি একই পার্টির ৩ জন সদস্য চেঁচাতে থাকেন সেটাই বা কি হচ্ছে?

শ্রীঅতীশ সিংহ: স্যার, উনি যে স্পেসিফিক প্রশ্ন করেছেন তার স্পেসিফিক উত্তর চাইছি উইদাউট এনি ইনসিনুয়েসন। এটা আপনি চেয়ার থেকে মন্ত্রী মহাশয়কে নির্দেশ দেবেন কিনা সেটা আমরা জানতে চাইছি।

শ্রীমহম্মদ সোহরাব: উনি বলেছিলেন বর্তমান পরিস্থিতিতে ইলেকসন করা সম্ভব নয়। আমি বলেছিলাম বর্তমান পরিস্থিতি বলতে উনি কি মনে করছেন?

মিঃ স্পীকার: তা বলেননি, তার সঙ্গে আপনি আরও কিছু বলেছিলেন।

শ্রীমহম্মদ সোহরাব: আমি আর কিছু বলিনি।

(গোলমাল)

মিঃ স্পীকার —যদি না বলে থাকেন তাহলে উনি উত্তর দিন।

শ্রীসত্যরঞ্জন বাপুলি: উনি যখন বলবেন তখন ওকে রিগ্রেট করে হাউসে বক্তব্য রাখতে হবে। আপনি হাউস বন্ধ করে দিয়ে টেপ রেকর্ড বাজিয়ে শুনিয়ে দিন।

শ্রীসুনীতি চট্টরাজ: স্যার, আমি যেকথা··· ···

মিঃ স্পীকার: আপনাকে বলতে দিয়েছি, আর কতবার বলবেন? একই বিষয়ে যখন খুসী বলতে থাকবেন এটা কি কথা। আপনি বসুন। আমি মন্ত্রী মহাশয়কে বলেছি বর্তমান পরিস্থিতি বলতে আপনি কি বোঝেন সেটা বলে দিন।

শ্রীপ্রশান্ত কুমার শূর: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য যখন প্রশ্ন করেন

যে বর্তমান পরিস্থিতি সম্বন্ধে আপনি কি বোঝেন আপনি উত্তরটা টেপ রেকর্ড বাজিয়ে শুনতে পারেন।

[1-30 – 1-40 P.M.]

**শ্রীপ্রশান্তকুমার শূর ঃ** যে, পশ্চিমবঙ্গের সমস্ত মানুষের বর্তমান পরিস্থিতি কি এটা তাঁরা জানেন। এটাই উত্তর হয়েছিল—যদি বুঝতে না পারেন তো আবার বলছি : বর্তমান পরিস্থিতি হল—পশ্চিমবঙ্গে যে ভয়াবহ বিধ্বংসী বন্যা হয়ে গেল তাতে সমস্ত পশ্চিমবঙ্গ ডুবে গেছে, সমস্ত অর্থনীতি ভেঙে গেছে, আজকে একটা অস্বাভাবিক পরিস্থিতির মধ্য দিয়ে যাচ্ছি। তার জন্য দলমত নির্বিশেষে পশ্চিমবঙ্গের ভয়াবহ বন্যায় বিপন্ন মানুষের পাশে দাঁড়িয়ে আজ সরকারী এবং বেসরকারী সবাই মিলে কাজ করছি, এটাই হল পরিস্থিতি। এটা নতুন কথা কিছু নয়।

**শ্রীহাসিম আবদুল হালিম**—স্যার, আমি একটু বলতে চাইছি যে হাউস চলাকালে এখানে কিছু কিছু কমেণ্ট হতে পারে, কিছু কিছু কথা বলা সম্ভব হয় না, অনেকে অনেক রকম এবং নানা রকম প্রশ্নের উত্তর চান, তাতে মাননীয় সদস্যরা এত টাচী যাবেন এটা মনে করিনা।

( নয়েজ )

আমাকে কথাটা শেষ করতে দিন। এখানে নানা ইলেকশন ক্যাম্পেইনের মাধ্যমে সদস্যরা জিতে এসেছেন মানুষের কাজ করবার জন্য। নানা প্রশ্ন করার অধিকার তাঁদের আছে এবং আমরাও উত্তর দিই। এখন কোন ব্যাপারে কোন সদস্য বা কোন মন্ত্রী যদি কোন মন্তব্য করেন···

( নয়েজ )

আমি আশা করব যে ওঁরা এত টাচী হবেন না।

**শ্রীবিষ্ণুকান্ত শাস্ত্রী :** ওঁরা স্পর্শকাতর হতে পারেন হয়ত, নাও হতে পারেন

হয়ত, আমরা স্পর্শকাতর হব না এই রকম যদি বিচার মন্ত্রীর বিচার হয়, বিচার মন্ত্রী বলছেন যখন আমরা মেনে নেব, মানতেই হবে।

শ্রীকিরণময় নন্দ: বিশেষ পরিস্থিতি বলতে কি বুঝায় তার ব্যাখ্যা ওঁকে করতে বলুন। কিছু সদস্যপদ সম্পর্কে তিনি সন্দেহ প্রকাশ করবেন এবং সে সম্পর্কে বক্তব্য বলে যাবেন, দিনের পর দিন তিনি উক্তি করে যাবেন এভাবে হাউসে, এই যদি হয়, তাহলে কি করে আপনি সদস্যদের প্রটেকশন দেবেন ? কি করে এই জিনিষ হয়, আপনি মন্ত্রীকে বলুন একথা যে এখানে মিনিমাম ডেকোরাম তো বজায় রাখতে হবে।

( নয়েজ )

## জেলা পরিষদগুলির আর্থিক অনুদান ও কাজের দায়িত্ব

*৬০। ( অনুমোদিত প্রশ্ন নং *২৪৫। ) শ্রীদেবনারায়ণ চক্রবর্তী: পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জেলা পরিষদগুলিকে কোনও আর্থিক অনুদান দেওয়া হইয়াছে কিনা ;

(খ) "ক" প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, তাহার পরিমাণ কত ; এবং

(গ) জেলা পরিষদগুলিকে কোন্ কোন্ বিষয়ে কাজের দায়িত্ব দেওয়া হইয়াছে ?

শ্রীদেবব্রত বন্দোপাধ্যায়:

(ক) হ্যাঁ।

(খ) বর্তমান আর্থিক বৎসরে এই পর্যন্ত জেলা পরিষদগুলিকে বিভিন্ন খাতে মোট ৮৯,০২,০৭৯ টাকার অনুদান দেওয়া হইয়াছে।

(গ) বর্তমান বৎসরে আজ পর্যন্ত গ্রাম পঞ্চায়েতগুলিকে নিম্নলিখিত যে তিনটি

প্রকল্প রূপায়ণের ভার দেওয়া হইয়াছে তাহার তত্ত্বাবধানের দায়িত্ব জিলা পরিষদের উপর ন্যস্ত করা হইয়াছে :

(১) কাজের বিনিময়ে খাদ্য প্রকল্প।

(২) গ্রামোন্নয়ন কর্মসূচি প্রকল্প।

(৩) গ্রামীণ পুণর্গঠন প্রকল্প।

**শ্রীদেবনারায়ণ চক্রবর্তী :** মাননীয় মন্ত্রীমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি জেলা পরিষদে দাতব্য চিকিৎসালয়গুলির কংগ্রেসী আমলে কি অবস্থা ছিল আর এখন বর্তমানে সেই দাতব্য চিকিৎসালয়গুলি কি অবস্থায় পরিণত হয়েছে ?

**শ্রীদেবব্রত বন্দোপাধ্যায় :** দাতব্য চিকিৎসালয়গুলির অবস্থা অত্যন্ত খারাপ অবস্থায় অতীতে ছিল। আমরা কিছু পরিকল্পনা নিয়েছি, সেই পরিকল্পনা বিবেচনাধীন রয়েছে, কিছুদিন পরে বিস্তারিত কর্মসূচী আপনাদের সামনে রাখব।

**শ্রীদেবনারায়ণ চক্রবর্তী :** মাননীয় মন্ত্রীমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি কংগ্রেসী আমলে চৌকিদার দফাদারদের বহু পদ খালি ছিল, বর্তমান সরকার সেই সব শূন্য পদগুলি পূরণের জন্য দ্রুত ব্যবস্থা গ্রহণ করার জন্য কি ব্যবস্থা নিয়েছেন ?

**শ্রীদেবব্রত বন্দোপাধ্যায় :** আগামী মাসের ৫ তারিখে এই সম্বন্ধে আপনার স্পেসিফিক কোশ্চেন আছে, তখন উত্তর দিয়ে দেব।

**শ্রীদেবনারায়ণ চক্রবর্তী :** পূর্বে কংগ্রেস রাজত্বে পঞ্চায়েতগুলোকে বন্ধ্যাত্বের অবস্থায় দাঁড় করিয়ে রেখেছিলো। এখন বর্তমানে তার কোন পরিবর্তন দেখা গিয়েছে কি ?

**শ্রীদেবব্রত বন্দোপাধ্যায় :** আমি মাননীয় সদস্য শ্রী জয়ন্ত বিশ্বাসের প্রশ্নের উত্তর দানের সময় এই প্রশ্নের উত্তরটাও দিয়েছি। আশা করি আপনি উত্তরটা অনুধাবন করতে পেরেছেন।

শ্রীপ্রবোধচন্দ্র সিংহ : বর্তমানে নির্বাচনের পরে যেসব জেলায় জেলা পরিষদ এখনও গঠিত হয় নি আপনি যে আর্থিক অনুদান দিয়েছেন সেই সব জেলা পরিষদে তাদের কি আপাততঃ কাজ না করার নির্দেশ দিয়েছেন নূতন জেলা পরিষদ না আসা পর্য্যন্ত ?

শ্রীদেবব্রত বন্দোপাধ্যায় : না, আমি মাননীয় সদস্যকে গ্রাম বাংলার পুনর্গঠনে পঞ্চায়েতের ভূমিকা পড়বার জন্য অনুরোধ করছি। পঞ্চম পৃষ্ঠায় আছে, সাহায্যের অনুদান কিভাবে বরাদ্দ করা হবে। জেলা পরিষদ এবং পঞ্চায়েত সমিতির মাধ্যমে গ্রাম পঞ্চায়েতের কাজ করতে হবে। যেখানে জেলা পরিষদ অথবা পঞ্চায়েত সমিতির কর্মকর্তা নির্বাচন সম্পূর্ণ হয়নি সেখানে জেলা শাসক ব্লক আধিকারিকের মাধ্যমে গ্রাম পঞ্চায়েতকে বরাদ্দ করা হবে।

শ্রীপ্রবোধচন্দ্র সিংহ : জেলা পরিষদ যে সমস্ত কাজগুলো করে যেখানে জেলা পরিষদ গঠিত হয় নি সেখানে তারা করছে না এবং এমন কথা শুনতে পাচ্ছি যে নূতন বোর্ড না আসা পর্য্যন্ত কাজ না করার একটা ব্যবস্থা হয়েছে—একথা কি সত্য ?

শ্রীদেবব্রত বন্দোপাধ্যায় : নির্দিষ্ট কোন উদাহরণ থাকলে আমাকে দেবেন এবং আমি অনুসন্ধান করবো এবং ব্যবস্থাযোগ্য হলে নিশ্চয় ব্যবস্থা নেওয়া হবে।

শ্রীআতাহর রহমান : মন্ত্রীমহাশয় বললেন প্রতিটা জেলা পরিষদকে টাকা দেওয়া হয়েছে। সেই টাকা যদি সমান ভিত্তিতে না দেওয়া হয়ে থাকে তাহলে কিসের ভিত্তিতে দেওয়া হয়েছে ?

শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় : আমি পূর্বেই বলেছি যে মোট ৮৯ লক্ষ ২ হাজার টাকা দেওয়া হয়েছে। এটা তিনভাবে আসে। এক নম্বর, সেগুলো ক্যালেকটেড হয় তার একটা পরিমাণ আসে। দু নম্বর হচ্ছে, ভূমি রাজস্বের পরিমাণ আসে এবং জেলা পরিষদের যে সমস্ত কর্মচারীর বেতন সমহারে বৃদ্ধি করা হয় অতিরিক্ত মহার্ঘ ভাতা বাবদ সরকার কিছু অনুদান দেন। এর মধ্যে কর্মচারীদের ব্যয়ভারের অনুপাতে এটা বণ্টন করা হয়ে থাকে।

প্রকল্প রূপায়ণের ভার দেওয়া হইয়াছে তাহার তত্ত্বাবধানের দায়িত্ব জিলা পরিষদের উপর ন্যস্ত করা হইয়াছে :

(১) কাজের বিনিময়ে খাদ্য প্রকল্প।

(২) গ্রামোন্নয়ন কর্মসূচি প্রকল্প।

(৩) গ্রামীণ পুর্ণগঠন প্রকল্প।

**শ্রীদেবনারায়ণ চক্রবর্তী :** মাননীয় মন্ত্রীমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি জেলা পরিষদে দাতব্য চিকিৎসালয়গুলির কংগ্রেসী আমলে কি অবস্থা ছিল আর এখন বর্তমানে সেই দাতব্য চিকিৎসালয়গুলি কি অবস্থায় পরিণত হয়েছে ?

**শ্রীদেবব্রত বন্দোপাধ্যায় :** দাতব্য চিকিৎসালয়গুলির অবস্থা অত্যন্ত খারাপ অবস্থায় অতীতে ছিল। আমরা কিছু পরিকল্পনা নিয়েছি, সেই পরিকল্পনা বিবেচনাধীন রয়েছে, কিছুদিন পরে বিস্তারিত কর্মসূচী আপনাদের সামনে রাখব।

**শ্রীদেবনারায়ণ চক্রবর্তী :** মাননীয় মন্ত্রীমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি কংগ্রেসী আমলে চৌকিদার দফাদারদের বহু পদ খালি ছিল, বর্তমান সরকার সেই সব শূন্য পদগুলি পূরণের জন্য দ্রুত ব্যবস্থা গ্রহণ করার জন্য কি ব্যবস্থা নিয়েছেন ?

**শ্রীদেবব্রত বন্দোপাধ্যায় :** আগামী মাসের ৫ তারিখে এই সম্বন্ধে আপনার স্পেসিফিক কোশ্চেন আছে, তখন উত্তর দিয়ে দেব।

**শ্রীদেবনারায়ণ চক্রবর্তী :** পূর্বে কংগ্রেস রাজত্বে পঞ্চায়েতগুলোকে বন্ধ্যাত্বের অবস্থায় দাঁড় করিয়ে রেখেছিলো। এখন বর্তমানে তার কোন পরিবর্তন দেখা গিয়েছে কি ?

**শ্রীদেবব্রত বন্দোপাধ্যায় :** আমি মাননীয় সদস্য শ্রী জয়ন্ত বিশ্বাসের প্রশ্নের উত্তর দানের সময় এই প্রশ্নের উত্তরটাও দিয়েছি। আশা করি আপনি উত্তরটা অনুধাবন করতে পেরেছেন।

ব্যবস্থা নিজের হাতে তুলে নিয়েছেন ; এবং

(খ) সত্য হ'লে বর্তমানে রাজ্যে সিমেণ্ট সরবরাহের পরিমাণ কত ?

**শ্রীসুধীনকুমার :**

ক ) পশ্চিমবঙ্গ সরকারের নিয়ন্ত্রণাধীন পশ্চিমবঙ্গ অত্যাবশ্যকীয় পণ্য সরবরাহ করপোরেশন গত ১লা অক্টোবর ১৯৭৮ থেকে রাজ্যে সিমেণ্ট আমদানি এবং বণ্টনের ব্যবস্থা নিজের হাতে তুলে নিয়েছেন।

খ ) বিভিন্ন সিমেণ্ট উৎপাদনকারী সংস্থা সমূহ গত ২১-১১-৭৮ তারিখ পর্যন্ত এই পশ্চিমবাংলায় সর্বমোট ১৯,০০০ (উনিশ হাজার) মেট্রিক টন সিমেণ্ট ফ্রী সেল এবং ও আর সি পার্টির খাতে সরবরাহ করেছেন।
আরও উল্লেখ্য যে প্রায় ৩২৮০ মেট্রিক টন সিমেণ্ট নিয়ে একটি মালবাহী জাহাজ খালাসের অপেক্ষায় কলকাতা বন্দরে নোঙর করে আছে। এ ছাড়া আর সি অর্থাৎ পশ্চিমবঙ্গের সরকারী খাতে ও কেন্দ্রীয় সরকারী খাতেও সিমেণ্ট এসেছে। কিন্তু তার হিসেব আমাদেরকাছে নেই।

**শ্রীবিষ্ণুকান্ত শাস্ত্রী :** এই যে সিমেণ্টের বণ্টন ব্যবস্থা আপনি করছেন, প্রথমে যা ব্যবস্থা ছিল তার থেকে বর্তমান ব্যবস্থায় জনগণের কি সুবিধা হবে ?

[ 1-40—1-50 P. M. ]

**শ্রীসুধীন কুমার :** স্পীকার মহাশয় এর দিতে গেলে দীর্ঘ বক্তৃতা হয়ে যাবে। এর আগের ব্যবস্থা ছিল সমস্ত সিমেণ্ট বণ্টনের দায় দায়িত্ব তার দাম বাজারে কতটুকু আসবে না আসবে সমস্তই ফ্যাক্টরী মালিকের ছিল এবং তারাই ডিলার ঠিক করতো, তারাই ঠিক করতো কাকে সিমেণ্ট দেবে কাকে সিমেণ্ট দেবে না। এমনও আছে অনেক ডিলারের কোটি কোটি টাকা সিমেণ্টের ডিলারদের পড়ে আছে। তার বদলে তারা সিমেণ্ট পান নি। সিমেণ্টের অধিকাংশই কালোবাজারে বিক্রি হোত এবং তার দায় সিমেণ্ট ডিলারের উপর পড়তো এবং ডিলাররাও সেই টাকার ভার গ্রাহকদের ঘাড়ে

চাপিয়ে দিতো। রাজ্য সরকারের ডিলারদের কাছ থেকে লাইসেন্স ফি ছাড়া আর কিছুর দায় দায়িত্ব ছিল না। রাজ্য সরকার কত সিমেণ্ট পাবে কতটা পাবে না কতটা সিমেণ্ট বাজারে ছাড়া হবে না হবে তার কোন হিসাব আমাদের কাছে ছিল না। এই কালোবাজারের প্রধান উৎস ছিল সিমেণ্ট ফ্যাক্টরীর মালিক। তারা কোটি কোটি টাকা নিতো এবং কালো বাজারের ভিতর দিয়ে ডিলারদের সিমেণ্ট দিতো। বর্তমানে সিমেণ্ট প্রস্তুতকারকদের সঙ্গে ডিলারদের সম্পর্ক রাখা চলবে না। সরকারের মারফত ডিলাররা নির্দিষ্ট হারে সিমেণ্ট পাবে এবং নির্দিষ্ট দামে বিক্রি করতে হবে। সরকার ডিলারসিপ দেবেন। সরকার ডিলারদের কাছে পারমিট দেবেন কাকে কতটা সিমেণ্ট দিতে হবে। এখানে একটা কথা বলি আগে গভর্ণমেণ্ট ডিপার্টমেণ্ট সিমেণ্ট-এর খুব কম অংশ পেতো কতটা সিমেণ্ট পাবে তার কোন ঠিক ছিল না, অল্প পরিমাণ সিমেণ্ট পেতো এবং তাতে জনহিতকর কাজ করতে সিমেণ্টের খুব অভাব হোত একথা আগের সরকারও বার বার উল্লেখ করেছেন। আমরাও দেখেছি যে একথা সত্য। আমরা ঠিক করেছি সরকারী বিভাগের কতটা দরকার সেটা ঠিক করার জন্য সমস্ত বিভাগের প্রতিনিধিরা বসে নিজেদের কতটা দরকার তা ঠিক করবেন এবং সাধারণ মানুষের প্রয়োজনের জন্য অর্ধেক রেখে যাতে সরকারী বিভিন্ন বিভাগ ঠিকমত পায় তার ব্যবস্থা করা হবে। সিমেণ্টের অভাবের কোন কারণ নেই। অন্য দিকে সিমেণ্টের সাপ্লাই বাড়াবার আমরা চেষ্টা করছি। আমরা ডিলারদের নির্দেশ দিয়েছি আমরা তাদের ডিলার রাখবো তাদের সেলস ট্যাক্স রিটার্ণ, ইনকাম ট্যাক্স রিটার্ণ এই ক্লিয়ারেন্স দেখে আমরা তাদের ডিলার হিসাবে গ্রহণ করবো।

শ্রীসুধীনকুমার ঃ এবং তাদের যে সিমেণ্টের ভাগ সেই সিমেণ্টের ভাগ তারা বিক্রী করেন। তাই আমাদের এটা ধারণা হয়েছে যে সাধারণ লোককে আর এতটা কালোবাজারী সহ্য করতে হবে না, অন্য পক্ষে ওদের যার যাই বরাদ্দ থাকুক তার এক চতুর্থাংশ সিমেণ্ট পাবার পরে ৩০ দিন পর্যন্ত সরকারী পারমিট মারফত বিলি করার ব্যবস্থা আছে এবং এটা আমাদের ধরে নিতে হয়েছে যে ডিলাররা এই কালোবাজারীতে অংশ গ্রহণ করেছেন। তারা যদি এখনো সতর্ক না হন তাহলে শেষ পর্যন্ত সমস্ত সিমেণ্ট পারমিট মারফত বিলি করার যে চূড়ান্ত ব্যবস্থা আছে সেটাই আমাদের করতে হবে।

শ্রীঅতীশ চন্দ্র সিংহ ঃ মন্ত্রী মহাশয় কি জানাবেন—যদি কারো ছোট্ট ঘর

মেরামত করতে গিয়ে দু-এক বস্তা সিমেন্ট দরকার হয় তাহলে যে সমস্ত প্যারাফার্নেলিয়া আছে যেমন এ্যপ্লিকেসন করা ইত্যাদি ইত্যাদি এর জন্য আপনি কি চিন্তা করছেন?

**শ্রীসুধীন কুমার ঃ** আমি আগেই আপনাদের কাছে উল্লেখ করেছি যে ডিলারের কাছ থেকে সিমেন্ট পাবার কথা এবং যাদের ১টন দরকার. কি ১০ বস্তা দরকার সেটা তারা সহজেই কিনতে পারবেন। যদি কোন ডিলার তার কাছে সিমেন্ট নেই বলে লিখে দেন এবং তাই নিয়ে দরখাস্ত করার পরে তখুনি আমাদের সরকারের জন্য সংরক্ষিত যে ২৫ ভাগ ডিলারের কাছে রাখা আছে তার থেকে ক্রমান্বয়ে যিনি যেমন দরখাস্ত করবেন তাকে সেই রকম সিমেন্ট সরবরাহ করার নির্দেশ দেওয়া আছে।

## পঞ্চায়েতের হাতে ক্ষমতা

*৬২। (অনুমোদিত প্রশ্ন নং *২০৯।) **শ্রীরজনীকান্ত দোলুই ঃ** পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গ্রামীণ পুনর্গঠনের দায়িত্ব গ্রাম পঞ্চায়েতের হাতে দেওয়ার কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে—

(১) পুনর্গঠনের কি কি কাজ গ্রাম পঞ্চায়েত করবে ; ও

(২) প্রতিটি গ্রাম পঞ্চায়েতের হাতে বাৎসরিক কত টাকা উক্ত কাজের জন্য বরাদ্দ করা হবে ?

**শ্রীদেবব্রত বন্দোপাধ্যায় ঃ**

(ক) হ্যাঁ।

(খ) (১) কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচি, গ্রামোন্নয়ন কর্মসূচি ও বন্যাক্লিষ্ট এলাকায় গ্রামীন পুনর্গঠন কর্মসূচি :

(২) কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচিতে প্রকল্প অনুযায়ী অর্থ দেওয়া হবে।

গ্রামোন্নয়ন কর্মসূচির জন্য এই বছর প্রতিটি গ্রাম পঞ্চায়েতকে আনুমানিক ২৫,০০০ টাকা নগদে এবং ২৫,৫০০ কিলোগ্রাম গম দেওয়া হবে।
গ্রামীন পুনর্গঠন কর্মসূচি বাবদ প্রতিটি গ্রাম পঞ্চায়েতকে এই বছর সর্বোচ্চ ৫০,০০০ টাকা নগদে এবং পরিপূরক পরিমানে গম দেওয়া হবে।

**শ্রীধীরেন্দ্রনাথ সরকার :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই সমস্ত স্কীমগুলি কারা তৈরী করছেন, গ্রাম পঞ্চায়েত, না পঞ্চায়েত সমিতি ?

**শ্রীদেবব্রত বন্দোপাধ্যায় :** বার বার একই প্রশ্ন করা হচ্ছে। এই বইটাতে পরিস্কার ভাবে আপনার প্রশ্নের উত্তর দেওয়া আছে, বইটা পড়লেই বুঝতে পারবেন এই প্রকল্পের অন্তর্গত কর্মসূচী কি এবং কারা এটা তৈরী করবেন ইত্যাদি।

## বন্যাতুর্গত অঞ্চলে রেশন সরবরাহ

*৬৩। (অনুমোদিত প্রশ্ন নং *২২৪।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বন্যাতুর্গত অঞ্চলে রেশনে চাল-গম সরবরাহ ব্যবস্থা কতদিন পর্যন্ত চালু রাখার পরিকল্পনা সরকারের আছে ; এবং

(খ) বন্যাক্লিষ্ট এলাকার ক্ষেতমজুর ও অন্যান্য দুঃস্থ মানুষকে ভরতুকি দিয়ে রেশনে চাল-গম সরবরাহ করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ?

**শ্রীসুধীন কুমার :**

(ক) বর্তমানে এই রাজ্যে সংশোধিত রেশন এলাকার সমস্ত রেশন দোকান মারফত সর্ব প্রকার কার্ডেই প্রতি প্রাপ্ত বয়স্ক ব্যক্তিকে ২ কেজি করিয়া গম ও ১ কেজি করিয়া চাল সরবরাহ করা হইতেছে। যতদিন কেন্দ্রীয় মজুত খাদ্য ভাণ্ডার হইতে রাজ্যের প্রয়োজন অনুসারে চাল ও গম সরবরাহ থাকিবে ততদিন পর্যন্ত এই রাজ্যে বর্তমান হার চালু রাখা সম্ভব হইবে।

(খ) না।

**শ্রীসন্দীপ দাস :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, চাল গম ছাড়াও অন্যান্য নিত্য প্রয়োজনীয় দ্রব্য যেমন ডাল, তেল ইত্যাদি যা শহরাঞ্চলে দিয়ে থাকেন সেগুলি বন্যাক্লিষ্ট অঞ্চলে দেবার কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

**শ্রীসুধীন কুমার :** এই প্রশ্নের উত্তর দিতে গেলে দীর্ঘ বক্তৃতার প্রয়োজন। আপনাদের জানাবার জন্য বলছি যে শহরাঞ্চল থেকে শুরু করার অর্থ হল যে সেখানে কনট্রোল সিস্টেমটা আরো একটু বেশী আছে। এখানে আমি উল্লেখ করতে পারি যে আমরা শহরাঞ্চল থেকে তেলটা দেওয়া সুরু করেছিলাম কিন্তু তার কিছুদিনের মধ্যেই আমরা বাংলার সমস্ত অঞ্চলে এই তেল সরবরাহ করতে পারি, সরবরাহ করার চেষ্টা করেছি এবং সেখানে যদি আমাদের মাননীয় সদস্যরা একটু দায়িত্ব নেন তাহলে হয়ত সকল জেলাতে এই তেল সরবরাহ হতে পারে। আসলে বাজারের চাপে এই তেল জেলায় জেলায় যাচ্ছে না। ডাল ইত্যাদির ব্যাপারে বলি, ডালের ব্যাপারে সারা রাজ্যের প্রয়োজন আমরা মেটাতে পারবো এ আশা আমরা করি নি। আমরা এটা আশা করেছিলাম যে আমরা যদি নিজেরা খানিকটা বাজারের ভাগ তুলে নিতে পারি তাহলে বাজারের উপর একটা চাপ পড়তে বাধ্য, যেমন তেলের বাজারে পড়েছে। আজকে যেটুকু তেল সরবরাহ করা হয় সেটুকু তেল যদি তুলে দেওয়া হয় তাহলে খোলা বাজারে তেলের দাম বেড়ে যাবেই এটা মাননীয় সদস্যরা জানেন। ডালের ব্যাপারে আমরা আমাদের অর্থ এবং সংগ্রহ করার সম্ভাবনার উপর নির্ভর করি। ক্রমশঃ এলাকা বাড়ছে এবং আমরা ইতিমধ্যেই যেটুকু এলাকা নিয়ে শুরু করেছিলাম তার থেকে কিছু বেড়েছে। এই প্রসঙ্গে আমি আপনাদের স্মরণ করিয়ে দিতে চাই যে আমাদের ডাল সংগ্রহ করতে হচ্ছে সিরিয়া থেকে। তবে ভারতবর্ষের বাইরে থেকে ডাল পাওয়ার সম্ভাবনা খুবই কম। সরকারের অর্থ এবং সংগ্রহ করার সুযোগ এই দুই-এর উপরই নির্ভর করছে আমরা কতদূর এ বিষয়ে এগুতে পারবো।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস :** বামফ্রন্ট সরকার শিক্ষক এবং সরকারী কর্মচারীদের এসগ্রাসিয়া দিয়ে তাদের আশীর্বাদভাজন হয়েছেন। আমার জিজ্ঞাস্য, বন্যাক্লিষ্ট অঞ্চলের দুঃস্থ মানুষদের রেশনে ভরতুকি দেবার ব্যাপারটি তিনি মন্ত্রীসভায় রাখবেন কি ?

**শ্রীসুধীন কুমার :** রেশনে ভরতুকি দেবার বদলে সরকার সেখানে যে ফুড ফর ওয়ার্ক কর্মসূচী নিয়েছেন আমার মনে হয় সেটাই এই বর্তমান সমস্যা মেটাবার পক্ষে যথেষ্ট অনুকূল।

ADJOURNMENT MOTION

[ 1-50—2-00 P. M. ]

মি: স্পীকার: আমি মাননীয় সদস্য শ্রী হরিপদ জানা, শ্রী মহম্মদ সোহরাব, শ্রীকিরণময় নন্দ এবং শ্রীধীরেন্দ্রনাথ সরকার এঁদের প্রত্যেকের কাছ থেকে একটি করে মুলতুবী প্রস্তাবের নোটিশ পেয়েছি। প্রথম নোটিশে শ্রী জানা ২৪ পরগণা জেলা স্কুল বোর্ডে সম্প্রতি কয়েকটি পদে লোক নিয়োগের বিষয়ে আলোচনার জন্য মুলতবি প্রস্তাব এনেছেন। দ্বিতীয় নোটিশে জনাব মহম্মদ সোহরাব কয়েকটি প্রাইমারী স্কুলের অনুমোদন প্রত্যাহারের ও কয়েকজন শিক্ষকের চাকুরী থেকে বরখাস্তের বিষয়ে আলোচনার জন্য আজকের সভার কাজ মুলতুবী রাখতে চেয়েছেন। দুটি প্রস্তাবই মুলতুবী প্রস্তাবের উপযোগী বা জরুরী প্রকৃতির নয়, এগুলি সাধারণ প্রশাসনিক ব্যাপারের মধ্যে পড়ে। তৃতীয় নোটিশে শ্রীকিরণময় নন্দ গ্রামাঞ্চলে আইন শৃঙ্খলার অবনতির বিষয়ে প্রায় ৯টি ঘটনার উল্লেখ করে মুলতুবী প্রস্তাব এনেছেন। এখানে উল্লেখযোগ্য যে একটি নোটিশে একাধিক ঘটনার উপর মুলতুবী প্রস্তাব আনা যায় না। এটা নিয়ম বিরুদ্ধ এবং এইভাবে মুলতুবী প্রস্তাব আনলে আমার পক্ষে পড়তে দেওয়ারও অসুবিধা। এইভাবে মুলতুবী প্রস্তাব আনা যায় না। মুলতুবী প্রস্তাব আনতে গেলে একটি স্পেসিফিক ঘটনার উপর মুলতুবী প্রস্তাব আনতে হবে, কাজেই এটা মুলতুবী প্রস্তাবের উপযোগী নয়। চতুর্থ নোটিশে শ্রীধীরেন্দ্রনাথ সরকার শিক্ষা জগতে দুর্নীতি ও অবহেলার অভিযোগ করে এ বিষয়ে আলোচনার জন্য মুলতুবী প্রস্তাব এনেছেন। এটাও সাধারণ প্রশ্ন, কোন আকস্মিক জরুরী বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হয়নি। সুতরাং আমি উপরোক্ত সব কয়টি মুলতুবী প্রস্তাবের নোটিশে আমার অসম্মতি জ্ঞাপন করছি। আমি একজনকে পড়তে দেব। শ্রীমহম্মদ সোহরাব, আপনি পড়ুন।

আমি এখন জনাব মহ: সোহরাবকে তাঁর প্রস্তাবের মুল বক্তব্যটি পড়বার জন্য আহ্বান করছি।

শ্রীসুনীতি কুমার চট্টরাজ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে একটি বিষয় বিনীতভাবে নিবেদন করছি। আমরা আইন শৃঙ্খলার স্পেসিফিক ঘটনা—তারপরে খুন, ডাকাতি, প্রাইমারী স্কুলের ডিসঅনেষ্টি সম্বন্ধে এবং বামফ্রন্ট সরকারের প্রশাসনিক ব্যর্থতা এইসব বিভিন্ন ব্যাপারে এ্যাডজোর্নমেন্ট মোশন এনেছি, কিন্তু

দুঃখের বিষয় সেই সব এ্যাডজোর্নমেণ্ট মেশিন আপনি এ্যালাও করছেন না। কি বিষয়ে মোশন আনলে সেটা এ্যাডজোর্নমেণ্ট মোশন হিসাবে এ্যালাও করবেন, এই সম্বন্ধে একটা আলোচনা করা হোক।

**Shri Md. Sohorab :** Mr. Speaker, Sir, this House must adjourn its business to consider this urgent matter of importance viz.,

Withdrawal of recognition of 6 primary schools and termination of services of the teachers working in them along with termination of services of teachers, of seven more teachers, of another 4 schools of Howrah Town.

In a recent order of the Education Directorate, the Government has withdrawan recognition of six primary schools. The services of the teachers of these schools have also been terminated with effect from the 1st January, 1979. In the same order the Government further terminated the services of 7 teachers with effect from the 1st January, 1979 on the plea that they have been found to be in excess of requirement. These approved teachers were not served with any show cause notice. Before according recognition to the schools and giving appointment to the teachers, the schools were inspected and the teachers were interviewed by officers of the Education Department. This act of the Government has polluted the educational atmosphere of the State. The House must now adjourn its business to discuss this matter of urgent public importance.

**শ্রীহরিপদ জানা :** মন্ত্রী মহোদয়, যদি সম্ভব হয়, আজকে ঐ বিষয়ের উপর একটি বিবৃতি দিতে পারেন অথবা বিবৃতি দেবার জন্য একটি দিন দিতে পারেন।

**জ্যোতি বসু :** স্যার, সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়, বাইরে গিয়েছেন। আমি কালকে বলে দেব কবে উনি বিবৃতি দিতে পারবেন।

**শ্রীসুনীতি চট্টোরাজ :** স্যার, সাধারণ নিয়ম হচ্ছে দৃষ্টি আকর্ষণী প্রস্তাব গৃহীত হলে মন্ত্রী মহাশয়রা সেই দিনই উত্তর দেন, অথবা কবে পারবেন সেটা বলে দেন। কিন্তু আজকে আমরা এখানে দেখছি মাননীয় সদস্যের কলিং এ্যাটেনসন-এর উত্তরে মাননীয় মুখ্যমন্ত্রী বললেন, মন্ত্রী কবে ফিরবেন সেটা তিনি কালকে বলে দেবেন। It is not the Convention of the House.

শ্রীদীনেশ মজুমদার ঃ স্যার, উনি এখন আবার এই প্রশ্ন কেন তুললেন তা আমি বুঝতে পারছি না। মুখ্যমন্ত্রী পরিস্কার বললেন যে, আগামী কাল বলে দেব কে মন্ত্রী উত্তর দেবেন।

মিঃ স্পীকার — এখন বিবৃতি প্রদান। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়কে পশ্চিমবঙ্গে এন কে ফেলাইটিস রোগের বিস্তার সম্পর্কে একটি বিবৃতি দিতে অনুরোধ জানাচ্ছি।

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ও শ্রীমতী অপরাজিতা গোপী : ২৭-এ নভেম্বর, ১৯৭৮ তারিখে উক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করিয়াছিলেন।

[ 2-00—2-10 P. M. ]

শ্রীহরিপদ জানা : জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবী রাখুক। বিষয়টি হ'ল—

২৪ পরগণা জেলা স্কুল বোর্ড ৩১ জনকে ইণ্টারভিউ ব্যাতীত কেরানী। চাকুরীতে নিযুক্ত করেছে। পশ্চিমবঙ্গ সরকার ঘোষণা করেছেন এমপ্লয়মে এক্সচেঞ্জ এর মাধ্যমে যোগ্য ব্যক্তিকে সরকারী ও বে-সরকারী চাকুরী দেওয়া হবে। এই কথা বিধানসভায় শ্রমমন্ত্রী ঘোষণা করেছেন। সেই ৩১ জন ব্যক্তি সকলেই সি পি এম এর লোক। এদের বিনা ইণ্টারভিউতে চাকুরী দেওয়া নীতি বির্গহিত। এমন কি সভাপতি নিজে একজন সি. এ. নিযুক্ত করেছেন। পশ্চিমবাংলার কোন স্কুল বোর্ডের সভাপতি সি. এ. নিযুক্ত করতে পারেন কিনা আমার মধ্যে যথেষ্ট সন্দেহ দেখা দিয়েছে। উক্ত ৩১ জনের সকলের নামের তালিকা আমার নিকট আছে।

মিঃ স্পীকার : যদিও আমি বিষয়টি মুলতুবী প্রস্তাবের যোগ্য নয় বলে মনে করেছি, তথাপি বিষয়টির সম্বন্ধে প্রাথমিক শিক্ষা দফতরের মন্ত্রী শ্রী পার্থ দে অথবা শ্রী মহঃ আবদুল বারিকে একটি স্টেটমেণ্ট দেবার জন্য অনুরোধ করছি। The Chief whip will inform Shri Partha De so that he can make a statements in the

House. বিষয়টি যখন উত্থাপিত হয়েছে, তখন বিষয়টির উপর একটি স্টেটমেণ্ট করা প্রয়োজন।

শ্রী মহঃ আবদুল বারি : স্যার, উনি যে প্রস্তাব উত্থাপন করেছেন সে সম্পর্কে আমি ২/৩ দিন পরে একটি স্টেটমেণ্ট দিতে রাজী আছি। আগামী বৃহস্পতিবার আমি স্টেটমেণ্ট দেব।

## CALLING ATTENTION TO MATER OF URGENT PUBLIC IMPORTANCE

মিঃ স্পীকার : এখন আমি নিম্নলিখিত বিষয়গুলির উপর দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি যথা—

1. Closure of Samabeoag Tea Estate in Kalimpong Subdivision—Surimati Renu Leena Subba.

2. Issue of circular for transfer of ballif—Shri Saral Deb.

3. Severe scarcity of Kendu leaves—Shri Sumanta Kumar Hira.

4. Clash at mouza Bally under Gosaba P. S.—Shri Md. Sohorab.

5. Incidence of Firing at Hazipur Village, Murshidabad—Shri Md. Sohorab.

(৬) টেষ্ট টিউব শিশু সম্পর্কে সরকারী বিবৃতি—শ্রী ধীরেন্দ্র সরকার।

এর মধ্যে আমি বিড়ি পাতার স্কেয়াসিটি সম্পর্কে সুমন্ত কুমার হিরার নোটিশটি দৃষ্টি আকর্ষণ প্রস্তাব হিসাবে গ্রহণ করছি।

শ্রীননী ভট্টাচার্য্য : শ্রীমতী অপরাজিতা গোপ্পী ও শ্রীজয়ন্ত বিশ্বাস, এই দু'জন মাননীয় সদস্যর মাধ্যমে যে দৃষ্টি আকর্ষণী প্রস্তাব এসেছিল, স্পীকার মহাশয়ের অনুমতি নিয়ে আমি তার উত্তর দিচ্ছি। পশ্চিমবঙ্গের কয়েকটি জেলায় এনকেফেলাইটিস রোগের প্রাদুর্ভাব হওয়ায় এবং বেশ কিছু সংখ্যক লোকের মৃত্যু হওয়ায় সকলের মনেই অল্প

বিস্তর উদ্বেগ দেখা দিয়েছে। উত্তরপ্রদেশ, বিহার, আসাম, তামিলনাড়ু প্রভৃতি রাজ্যেও এই রোগের আক্রমনে বেশ কিছু লোক প্রাণ হারিয়েছে। সে সব রাজ্যে আক্রমনের প্রকোপ কমে আসছে বলে সংবাদ পাওয়া যাচ্ছে। পশ্চিমবঙ্গেও এই রোগের প্রকোপ অনেক কমে গেছে। তবুও এই রোগ সম্পর্কে উদ্বেগের যথেষ্ট কারণ এখনও আছে। কিন্তু পশ্চিমবঙ্গের ক্ষেত্রে, বিশেষ করে একটি প্রবল বিধ্বংসী বন্যার পর যেখানে মহামারী আকারে রোগের প্রাদুর্ভাব আমরা ঠেকাতে পেরেছি সেখানে এনকেফেলাইটিস রোগকেও আমরা নিয়ন্ত্রন করতে পারবো।

এক জাতীয় এনকেফেলাইটিস রোগ (যা জাপানী এনকেফেলাইটিস থেকে আলাদা আমাদের দেশে আগেও ছিল এবং তা সাধারন রোগ-তালিকার অন্তর্ভুক্ত। আগেও বিক্ষিপ্তভাবে বেশ কিছু লোক এই রোগে আক্রান্ত হতেন এবং এখনও হচ্ছেন। অবশ্য মৃত্যু হারের দিক থেকে বিবেচনা করতে গেলে এই রোগ জাপানী এনকেফেলাই-টিস রোগের মতই মারাত্মক। এই রোগের সঙ্গে জাপানী এনকেফেলাইটিস রোগের পার্থক্য হলো এই যে, জাপানী এনকেফেলাইটিস বছরের নির্দ্দিষ্ট কয়েক মাসে দেখা দেয় এবং বিক্ষিপ্ত ভাবে হলেও এই রোগে আক্রান্ত রোগীর সংখ্যা তুলনামূলকভাবে অনেক বেশী হয়।

এনকেফেলাইটিস রোগ হচ্ছে মস্তিষ্কের প্রদাহ জনিত রোগ যাকে ইনফ্লামেসন অফ ব্রেন বলা হয়। অনেক কারণে মস্তিষ্কের প্রদাহ হতে পারে, ভাইরাসও তার একটি কারণ।

এই রাজ্যে জাপানী এনকেফেলাইটিস রোগও এই প্রথম দেখা দিল তা নয়, ১৯৭৩ সালে এই রোগ পশ্চিমবাংলায় বেশ কয়েকটি জেলায় দেখা দিয়েছিল। ১৯৭৬ সালেও একটি জেলায় এই রোগের প্রাদুর্ভাব ঘটে। এই রোগ সাধারণতঃ বর্ষার কিছু আগের থেকে শীতের প্রথম দিক পর্যন্ত দেখা দেয়। কিউলেকস বিষ্ণুই গ্রুপের মশা যারা এই জাপানী এনকেফেলাইটিস ভাইরাস বহন করে, তারা সাধারণতঃ এই সময় বংশ বৃদ্ধি করে। এরা জন্তুজানোয়ারের রক্তপান করেই বেঁচে থাকে এবং মানুষকে কদাচিত কামড়ায়। ঠিক কোন শ্রেণীর জন্তু বা পাখী আমাদের দেশে জাপানী এনকেফেলাইটিস ভাইরাস বহন করে বৈজ্ঞানিকরা গবেষণা করে তার কোনও সুনির্দিষ্ট তালিকা দিতে পারেননি। তবে শুয়োরের রক্তের মধ্যে এই ভাইরাসের প্রতিরোধকারী এ্যান্টিবডি পাওয়া যাওয়াতে তাঁরা মনে করছেন, শুয়োরের দেহে এই ভাইরাস আছে। কাজেই

শুয়োর এবং গবাদী পশুর সঙ্গে ঘনিষ্ঠভাবে যাঁরা বাস করেন এবং মশারী না খাটিয়ে শোন তাঁদের এই রোগে আক্রান্ত হওয়ার সম্ভাবনা বেশী।

এই রোগের আক্রমনের আর একটি বৈশিষ্ট্য দেখা গেছে যে, হয়তো একটি গ্রামে বা পাড়ায় ইতস্ততঃভাবে একটি দুটি মানুষ আক্রান্ত হয়েছেন কিন্তু পাশাপাশি সব গ্রামে হয়নি বা একবাড়ির দুই-একজন আক্রান্ত হয়েছেন, কিন্তু আর কেউ হননি। অর্থাৎ এই রোগ যে অর্থে বসন্ত বা ম্যালেরিয়া সংক্রামক সে অর্থে সংক্রামক নয়। পশ্চিমবঙ্গের সব জেলায় বা সব মহকুমায় একই সঙ্গে এই রোগ ছড়িয়ে পড়েনি। বিষ্ণুই গ্রুপের কিউলেকস ক্বচিৎ-কদাচিত মানুষকে কামড়ায়। এটাও একটা কারণ যার ফলে এই রোগ সংক্রামিত হতে পারে না। কয়েকটি জেলায় এই রোগের আক্রমনের সংখ্যা বেশী এবং মৃত্যুর সংখ্যাও আনুপাতিকভাবে বেশী। লক্ষ্যনীয় হলো, ১৯৭৩ সালে প্রায় ১০টি জেলায় এই রোগ দেখা দিয়েছিল কিন্তু সেই তুলনায় এবারে এই রোগ দেখা দিয়েছে প্রধানতঃ পাঁচটি জেলায়-বর্ধমান, বীরভূম, বাঁকুড়া, জলপাইগুড়ি ও কুচবিহার। ১৯৭৩ সালে বর্ধমান, বাঁকুড়া, বীরভূম, মেদিনীপুর, মালদা, পশ্চিম-দিনাজপুর, পুরুলিয়া, নদীয়া, হাওড়া ও মুর্শিদাবাদ জেলাগুলিতে কম বেশী আক্রমণ মিলিয়ে আক্রান্ত রোগীর ও মৃত্যুর সংখ্যা ছিল যথাক্রমে ৯৬০ ও ৪১৯। এ বছর অর্থাৎ ১৯৭৮ সালে, বর্ধমান, বীরভূম, বাঁকুড়া, জলপাইগুড়ি ও কুচবিহার জেলায় মোট এনকেফেলাইটিস আক্রান্তের সংখ্যা ১২৬৭ ( ১৫.১১.৭৮ পর্যন্ত ) এবং মৃত্যুর সংখ্যা ৫৬৬। রোগ আক্রমনের সংখ্যা বাড়লেও একটা কথা মনে রাখতে হবে এটা এ বছরের মে মাস থেকে নভেম্বর এই সাত মাসে একত্রিত ( কনসোলিডেটেড ) হিসাব। গড় হিসাবে মাসে এক একটি জেলায় পঁয়ত্রিশ ( ৩৫ ) জনের মত রোগী এনকেফেলাইটিস রোগে আক্রান্ত হয়েছেন এবং মারা গেছেন ১২ জনের মত। জেলাওয়ারী ডিটেল্ড হিসাব দেওয়া যেতে পারে। একথা আমার জানাতে দ্বিধা নাই এবং সংবাদ পত্রের খবরেও আপনারা জেনেছেন যে এখনও পর্যন্ত বিজ্ঞানীরা জাপানী এনকেফেলাইটিস রোগের জীবাণুর উৎস ও রোগ বিস্তারের রহস্য সম্পূর্ণভাবে উৎঘাটিত করতে পারেন নি। জাপানী বিজ্ঞানীদের কয়েকজন যাঁরা সম্প্রতি কলকাতায় এসেছিলেন তাঁরাও বলে গেছেন যে জাপানে মশা নির্মূল করতে সক্ষম হলেও এনকেফেলাইটিস বা ওদের লোকদের কাছে যেটা ব্রেন ফিভার বলে পরিচিত সে রোগের, সম্পূর্ণ প্রতিকারের ব্যবস্থা তাঁরাও করতে পারেন নি। অর্থাৎ ভাইরাস ঘটিত এনকেফেলাইটিস রোগ উন্নত দেশগুলিতেও রয়েছে। আমাদের স্কুল অফ ট্রপিক্যাল মেডিসিন এর বিশেষজ্ঞ

এবং ইণ্ডিয়ান কাউনসিল অব মেডিক্যাল রিসার্চ ও পুনার ন্যাশনাল ইনষ্টিটিউট অব ভাইরোলজির জীবাণু বিজ্ঞানীরা বলেছেন, এনকেফেলাইটিস রোগে বিভিন্ন রাজ্যে যে মৃত্যু হচ্ছে সে সবগুলিই জাপানী এনকেফেলাইটিস এর দরুন নয়। পশ্চিমবাংলার ক্ষেত্রেও সে কথা প্রযোজ্য।

[ 2-10—2-20 P. M. ]

আমাদের স্কুল অব ট্রপিক্যাল মেডিসিনে মৃত কয়েকটি রোগীর মস্তিস্ক পদার্থ পরীক্ষা করেও গবেষকরা সে কথা বলছেন। এই রোগের প্রতিরোধ কল্পে পশ্চিমবাংলা সরকার সম্ভাব্য সব ব্যবস্থাই নিয়েছেন। তাতে আক্রান্ত সব রোগীকে সব ক্ষেত্রে বাঁচাতে না পারলেও রোগ ছড়িয়ে পড়ার সম্ভাবনা অনেকাংশে কমে গেছে এবং আমরা যে সব ব্যবস্থা অবলম্বন করেছি তা হলো এই—

১) আক্রান্ত বাড়িতে ও বাড়ির চারপাশের ১০ থেকে ১৫ খানি বাড়িতে বিশেষ করে যে সব কুটিরে লোকেরা জীবজন্তুর সঙ্গে বাস করে এবং মশারী না খাটিয়ে শোন সেই সব বাড়িতে গ্যামাকসিন ইত্যাদি কীটনাশক স্প্রে করা হচ্ছে। আক্রান্ত গ্রামের ৫ কি: মি: এর মধ্যে যে গ্রাম আছে সেই গ্রামের ঐ ধরনের বাড়ীতে স্প্রে করা হচ্ছে। বাসিন্দাদের জাপানী এনকেফেলাইটিস ভ্যাকসিন দেওয়া হচ্ছে ৭ থেকে ১৪ দিনের মাথায় দুটি ডোজ করে। বি-এচ-সি পাউডার ইতিমধ্যে ২০ টন ছড়ানো হয়েছে। জনসাধারণকে বার বার সচেতন করিয়ে দেওয়া হচ্ছে তাঁরা যেন রাতে মশারি টাঙিয়ে শোন, শরীরের অনাবৃত অংশে নিম তেল বা তামাক ভেজানো তেল মেখে নিয়ে মশার কামড় ঠেকান। ধূপের ধোঁয়া এবং মশা নিবারক লোশন রাখাও এব্যাপারে কার্যকর। বাড়ীর আশেপাশে ঝোপ ঝাড় পরিষ্কার রাখা, ড্রেন, নর্দমা, পায়খানা প্রভৃতি সাফ রাখা, মশা যাতে ডিম পাড়ার ও বিশ্রামের জায়গা না পায় তারজন্য ব্যবস্থা করা, আসলে এগুলি কার্য্যকর পথ। জনস্বাস্থ্য বিভাগের কর্মীরা এ বিষয়ে সবাইকে সতর্ক করে দিচ্ছেন।

২) পশ্চিমবাংলায় আক্রান্ত হতে পারে এমন ২৫ হাজার লোকের জন্য ৫০ হাজার ডোজ ভ্যাকসিন আনা হয়েছে। অত্যন্ত মূল্যবান এই ভ্যাকসিন আমাদের দেশে তৈরী হয় না, জাপান থেকে আনতে হয়। আমাদের দেশে এই জাপানী ভ্যাকসিন কি কতদূর কার্য্যকর তা নিয়ে এখনও গবেষণা চলছে। তবে প্রতিষেধক হিসাবে আমাদের সামনে এখনও পর্য্যন্ত অন্য কোন বিকল্প নেই। প্রসঙ্গত উল্লেখ করা যেতে পারে যে আমাদের দেশে এই ধরনের ভ্যাকসিন তৈরী করা যায় কিনা তা নিয়ে বিশ্ব স্বাস্থ্য সংস্থা ও অন্যান্য দেশের সঙ্গে আমাদের কেন্দ্রীয় সরকারের কথাবার্তা চলছে।

৩) যেহেতু এই রোগের প্রধান বাহক কিউলেকস বিষ্ণুই গ্রুপের মশা সেজন্য এই মশাকে নির্মূল করার উপর সবচেয়ে বেশি জোর দেওয়া ছাড়া উপায় নেই। কীটনাশক পাউডারগুলি ( যেমন বি. এচ. সি. ইত্যাদি ) ব্যবহার করার জন্য স্বাস্থ্য দপ্তরের ম্যালেরিয়া নিয়ন্ত্রণ শাখা প্রত্যেক জেলায় জেলায় কর্মীদের নির্দেশ দিয়েছেন। ইতিমধ্যে আরও ২২ টন বি, এচ, সি, পাউডার কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আমরা পাচ্ছি। ম্যালেরিয়া নিবারণের কর্মসূচী অনুযায়ী যেসব কাজ করা হচ্ছে তা অংশত: এই মশার বংশবৃদ্ধি রোধ ও মশাবাহিত রোগকে নিয়ন্ত্রণ করতে সাহায্য করবে। কিন্তু আপনারা নিশ্চয় জানেন কীটনাশক ওষুধের কার্য্য ক্ষমতা ধীরে ধীরে কমে আসে অর্থাৎ মশার সহ্য শক্তি ধীরে ধীরে বৃদ্ধি পায়। এই কথা মনে রেখে ও কিউলেক্স বিষ্ণুই মশার আশ্রয় স্থানগুলি নষ্ট করার জন্য আমরা কেন্দ্রীয় সরকারের সঙ্গে পরামর্শ ক্রমে কীট-নাশক ওষুধ দিয়ে কুয়াসা সৃষ্টি করার কর্মসূচী নিয়েছি। ব্যাপক ভাবে মশা মারতে গেলে এই ব্যবস্থা নেওয়া দরকার। বিশ্ব স্বাস্থ্য সংস্থার চেষ্টায় এমন তিনটি ফগিং মেশিন পাওয়া গেছে যা থেকে একটি বিশেষ কীটনাশক তেল ম্যালাথিয়ন ওয়েল ছড়িয়ে কুয়াশা সৃষ্টি করে মশা ও ডিম পাড়ার জায়গাগুলি ধ্বংস করার ব্যবস্থা করা হচ্ছে। যখন যেখানে দরকার এই যন্ত্রগুলি ব্যবহার করা হবে। এর জন্য যে প্রযুক্তিবিদ্যা ও অভিজ্ঞতা থাকা দরকার তার জন্য কর্মীদের শিক্ষণের ব্যবস্থাও করা হচ্ছে।

৪ ) আমাদের জেলাগুলির বিস্তীর্ণ অঞ্চল জুড়ে মশা মারার ব্যবস্থা করার জন্য এরোপ্লেন থেকে কীটনাশক ওষুধ ছড়ানোর প্রস্তাব ও আন্তর্জাতিক বিশেষজ্ঞদের কাছ থেকে এসেছে। একথা ঠিকই যে পৃথিবীর অনেকটি দেশ এই সব মশা ও অন্যান্য ক্ষতিকারক পতঙ্গের হাত থেকে নিজেদের এলাকাগুলিকে মুক্ত করতে পেরেছেন। কিন্তু ভারতীয় বিমান বাহিনীর সাহায্য পাওয়ার সম্ভাবনা থাকলেও এইভাবে কীটনাশক ওষুধ

ছড়ালে যেখানে ঘন বসতি সেখানে পরিবেশ, পুকুর, নদী, নালা ও শস্যক্ষেত্র দূষিত হতে পারে বলে অনেকে মনে করেন। এজন্য বিশেষজ্ঞদের মতামত নিয়ে তবেই আমরা এগোব এ সম্পর্কে সিদ্ধান্ত নেবার আগে আমরা এই রাজ্যের কৃষি, পশুপালন মৎস্য ও আবহাওয়া দপ্তরের সঙ্গে আলাপ আলোচনা করে নেবো।

৫) রাজ্য সরকারের স্তরে এইসব ব্যবস্থা যতদূর সম্ভব চালু করার সঙ্গে সঙ্গে অথবা কেন্দ্রীয় সরকারের স্বাস্থ্য মন্ত্রক ও বিশ্ব স্বাস্থ্য সংস্থা ন্যাশনাল ইনষ্টিটিউট অফ ভাইরোলজি, স্কুল অব ট্রপিক্যাল মেডিসিন ও ন্যাশনাল ইনষ্টিটিউট অফ কমোনিকেসন ডিজিজেস এর বিশেষজ্ঞদের সঙ্গে দিল্লীতে কয়েকটি বৈঠকে মিলিত হয়েছি। এনকে-ফেলাইটিস প্রতিরোধের জন্য বিভিন্ন ব্যবস্থা সম্পর্কে সেখানে আলোচনাও হয়েছে। গত ২৬।১১।৭৮ তারিখে কেন্দ্রের ডাইরেক্টর ডাঃ ছেত্রী ও জয়েন ডাইরেক্টর অফ হেলথ সার্ভিসেস ডাঃ নাথ এনকেফেলাইটিসের আক্রমণ প্রতিরোধের উদ্দেশ্যে মশক নিয়ন্ত্রণের কর্মসূচীকে আরও ব্যাপক ভাবে, আরও দ্রুততার সঙ্গে রূপায়িত করার জন্য কেন্দ্রের সাহায্য কি কতটা পেতে পারি তা নিয়ে আলোচনা করছি।

কাজেই আমরা রাজ্য সরকারের পক্ষ থেকে যতটা সম্ভব চেষ্টা করছি। কিন্তু একথা অনস্বীকার্য্য যে মশা মাছি তথা পরিবেশ পরিচ্ছন্ন করার কর্মসূচী সরকার বা সরকারী স্বাস্থ্য কর্মীরা একা কোনদিনই সার্থক করে তুলতে পারবেন না, যদি না এর সঙ্গে সর্ব-স্তরের নাগরিক ও সাধারণ মানুষ সহযোগিতা করেন। এনকেফেলাইটিস প্রতিরোধের জন্যও যদি আমরা মশা ধ্বংস করার অভিযানে গ্রাম, গঞ্জে শহরে পাড়ায় পাড়ায় যুব শক্তির নেতৃত্বে ব্যাপক সংখ্যক ছাত্রছাত্রী, চাষী, মজুর, শিক্ষক, সরকারী কর্মচারী আপামর জনসাধারণকে প্রত্যেক রবিবার ছুটির দিনে সামিল করতে পারি তাহলে প্রতিবেশি চীনের মত আমরাও হয়তো মশা মাছির হাত থেকে বহু অঞ্চলকে মুক্ত করতে পারি।

সরকারী ব্যবস্থার পূর্ণ সদ্ব্যবহার করার পাশাপাশি তাই সবাইকে অনুরোধ করবো, আপনারা মশা মারার কাজকে শুধু এনকেফেলাইটিস রোগ প্রতিরোধের কাজ হিসাবেই নয়, পরিবেশ উন্নত করার কাজ হিসাবে গ্রহণ করুন। স্বাস্থ্য দপ্তর তথা রাজ্য সরকার সাধ্যমত এই কাজে আপনাদের সহযোগী হবে।

এনকেফেলাইটিস রোগে আক্রান্ত ও মৃতদের খতিয়ান

জেলাওয়ারী হিসাব ( ২৫.১১ ৭৮ তারিখ পর্যন্ত )

| জেলা | আক্রান্ত ব্লক | গ্রাম | আক্রান্ত রোগীর সংখ্যা | মৃতের সংখ্যা |
|---|---|---|---|---|
| বর্ধমান | ২৪ | ২২৮ | ৬২৮ | ২১২ |
| বীরভূম | ১৫ | ১৫৪ | ২১৭ | ১১৫ |
| বাঁকুড়া | ১৭ | ( মিউনিসি ওয়ার্ড ২১ ) | ৩৫৭ | ১২৫ |
| জলপাইগুড়ি | ১২ | | ৪৯ ৫০ | ৩৭ |
| কুচবিহার | ২ | | ৯ ১৫ | ১২ |
| | | | ১১২৭ | ৩৯০ |

শ্রীনির্মল বোস—সহর এর বস্তি এলাকায় শূয়োর, গরু, মোষ যা আছে সেগুলি দূর করবার কি ব্যবস্থা করছেন ?

শ্রীননী ভট্টাচার্য—জানা গেছে শূয়োরের মধ্যে কিছুটা ভাইরাস আছে কিন্তু, বিশেষজ্ঞরা সিওর হয়ে বলছেন না যে, শূয়োর গরু, ছাগল, পাখির মধ্যে আছে।

শ্রী সুনীতি চট্টরাজ—মন্ত্রী মহাশয়কে ডিপার্টমেন্ট থেকে যে থিসিস লিখে দিয়েছেন সেটা উনি পড়লেন। এর দ্বারা থিসিস পাওয়া যায় কিন্তু আসলে সলিউসানটা কি হলো ?

## Mention Cases

**Shrimati Renu Leena Subba :**

Mr. Speaker, Sir the Samabeong Tea Estate in Kalimpong Subdivision where eight workers were brutally murdered and many injured by C. P. M. remains closed. We have made out a case for either buying it outright or taking care over its management. But it is regretted as it appears that the Chief Minister has not bothered to take any interest in this matter. Is it because his partymen are involved in this heinous crime ?

[ 2-20—2-30 P. M. ]

श्रीमती रेनु लुना सुब्बा : सी० पी० एम० के लोगों ने ३१ जनवरी को ८ आदमियों की हत्या की उसमें बहुत से आदमी घायल हुए। उस विषय में हम लोगों ने और हमारी पार्टी के लीडर जो देवप्रकाश रायने चीफमिनिस्टर से सम्बियांग टी गार्डेन के बारे में और उसकी स्थिति के संबंध में अनेक बातें की और सुझाव रखा। हमलोगों ने चीफमिनिस्टर से अनुरोध किया कि उस टी स्टेट का प्रबंध उसका सम्पूर्ण मैनेजमेन्ट टी डवलपमेन्ट कारपोरेशन के हाथ में दे दिया जाय ताकि वहाँ का काम ठीक ढंग से चले। किन्तु बड़े दुख के साथ कहना पड़ता है कि दूसरा जनवरी आनेवाला है किन्तु आज तक मुख्य मंत्री ने उस ओर कोई भी कदम नहीं उठाया। किसी तरह हमलोगों ने बहुत आन्दोलन करके कुछ कम्पनसेशन तो दिलवाया है। लेकिन इतने व्यक्ति मारे गए, कितने घायल हुए, उसके लिए ५ हजार कम्पनसेशन कुछ नहीं है। उससे उनके परिवार का क्या होगा ? हमलोग बिलकुल ही इससे सन्तुष्ट नहीं हैं।

सम्बियांग टी स्टेट कालिंपोंग सब डिविजन के अन्दर है। आज से कुछ वर्ष पहले उसे बरबाद कर दिया गया है। उसका सामान भी बरबाद कर दिया गया है। हम उस एरिया के एम० एल० ए० हैं। साथी २ हम ने जाकर वहाँ देखा है। वहाँ का सब सामान नष्ट कर दिया गया है।

उस टी स्टेट में हत्या करने वाले सी० पी० एम० के लोग हैं। वहाँ की अवस्था अब भी बहुत खराब है वहाँ पानी नहीं मिल रहा है। हमने मुख्य मंत्री से इस बारे में निवेदन किया किन्तु दुख की बात है कि इतने लोगों की हत्या होने के बाद भी आज तक कुछ भी व्यवस्था नहीं किया गया। २६ जनवरी हम लोगों के लिए पवित्र दिन है, क्योंकि २६ जनवरी गणतंत्र दिवस है। ३१ जनवरी को सी० पी० एम० के लोगों ने जलूस ले जाकर वहाँ पर वर्करों को मारा और उनके प्लांट में लाल झण्डा गाड़ कर ज्योतिबाबु जिन्दाबाद का नारा लगाया।······व्यवधान चुप थाकुन। वहाँ के वर्करों को सी० पी० एम० के लोगों ने मारा। हमारी एरिया में ला-मिनिस्टर गए थे, हमने ला-मिनिस्टर से भी बात-चीत की। किन्तु दुख की बात यह है कि आज तक कुछ भी व्यवस्था नहीं की गई सुनने में आया है कि टी स्टेट का जो गोदाम है उसका छप्पर तक सी० पी० एम० के लोग नष्ट करना चाहते हैं।

मिस्टर बोस चुप थाकुन। एक सप्ताह पहले श्रीकन्हाई भट्टाचार्य गए थे। उनसे भी हमने बात-चीत की। किन्तु दुःख की बात है कि उन्होंने कहा कि हमें कुछ मालुम नहीं है।......( व्यवधान )।

**Shri Deo Prakash Rai** : On a point of order, Sir, the Members sitting on the other side with their brute majority are trying to gag the Opposition who are in minority. If they want to gag us then I challenge them to come out one by one.

**श्रीमती रेनु लुना सुब्बा** : इस विषय के संबंध में हमलोगों ने पब्लिक मिटिंग की। मुख्यमंत्री से मिले—चिट्ठी लिखे किन्तु दुख है कि श्री भट्टाचार्य कहते हैं हमें मालुम नहीं है। ८ आदमियों का मर्डर हुआ, कितने वर्कर घायल हो गए और सरकार चुप है। इसलिए मैं श्री कन्हाई भट्टाचार्य से निवेदन करेंगी—मुख्यमंत्री से निवेदन करेंगी कि सम्बियांग टी स्टेट पर फौरन ध्यान दें। वहाँ सी० पी० एम० के द्वारा जो जुल्म चलाया जा रहा है, उसे रोका जाय। हमारा डिमाण्ड है कि जो अरेस्ट हो कर जेल में हैं, उनको रीहा किया जाय। सी० पी० एम० ने मर्डर किया है। इस लिए उनको कम्पनसेशन पूरा मिलना चाहिए। मैं इस हाउस में निवेदन करेंगी कि सम्बियांग टी स्टेट जो कालिंपोंग सब-डिविजन में है उसे जल्द से जल्द गवर्नमेन्ट अपने हाथ में लेले।

**শ্রীসন্তোষ রানা** : মিঃ স্পীকার, স্যার, গত ৩ দিন ধরে আমার নির্বাচন কেন্দ্রের অধীনে গোপীবল্লভপুর থানার ২নং ব্লকের ১/২/৫/৪টি অঞ্চলে পার্শ্ববর্তী বিহার রাজ্যের পুলিশ ঢুকেছে এবং সাধারণ মানুষের উপর অত্যাচার নির্যাতন করছে। তারা অনেক লোকজনকে পিটিয়েছে, কয়েকজন লোককে ধরে নিয়ে গেছে। আমি জানিনা কি কেন, কি কারণে তারা এইসব করছে। আমি মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ করছি কাল বিলম্ব না করে ইমিডিয়েটলি আপনি এই ব্যাপারে হস্তক্ষেপ করুন। কারণ, আমাদের রাজ্যসরকার যদি আমার রাজ্যের লোককে প্রোটেকসান না দেন তাহলে আর কে দেবে? তারা কি অধিকার বলে এই রাজ্যে ঢুকেছে এবং সাধারণ মানুষের উপর অত্যাচার করছে এই সম্বন্ধে হস্তক্ষেপ করার জন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করলাম।

**শ্রীবলাই লাল দাস মহাপাত্র** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার

মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয়, মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ৫।৯।৭৮ তারিখে রামনগর ১নং ব্লকের অন্তর্গত বাধিয়া বেসিনের বন্যার্ত দুঃস্থদের জন্য মজুত রিলিফের আটা লুটপাট সম্পর্কে শ্রীরোহিনী করণ ও তাঁর সঙ্গীদের বিরুদ্ধে অভিযোগটি বিভিন্ন সংবাদপত্রে প্রকাশিত হয়েছে। এমন কি এই গুরুতর সংবাদটি টেলিভিশনেও প্রচারিত হয়েছে। কাঁথি মহকুমা শাসকের আদেশে রামনগর ১নং ব্লকের বি, ডি, ও শ্রীস্বপন ভট্টাচার্য্য রামনগর থানায়, এফ, আই, আর মাধ্যমে লিখিত অভিযোগ করেন। যে শ্রীরোহিনী করণ এবং আরও কয়েকজন সরকারের পক্ষে তাঁদের উপর রিলিফ বিতরনের দায়িত্ব ন্যস্ত থাকা সত্ত্বেও গত ৫।৯।৭৮ তারিখে সকাল প্রায় ৯-৩০ মিনিটে ৯ কুইণ্ট্যাল ৪৩ কেজি পরিমিত ২৪ বস্তা রিলিফের আটা দু'খানি সরকারী বোটে নিয়ে রিলিফের কাজে ভারপ্রাপ্ত স্থানীয় সরকারী কর্মচারীদের বিনা অনুমতিতে ও অজ্ঞাতে বাধিয়া বেসিনে কোন অনির্দিষ্ট স্থানে চলে গিয়েছেন। তিনি রিলিফের ভারপ্রাপ্ত কর্মচারীগণের অভিযোগ ক্রমে ঐ দিন ঘটনা স্থল পরিদর্শন করে বিকাল ৫টা পর্যন্ত ও শ্রীরোহিনীকরণ প্রভৃতির কোন খোঁজ খবর পান নাই। বি, ডি, ও, তার এফ, আই, আর, এ আরও লিখেছেন ··The above acts on the part of Rohini Karan and others amount to obstruction to duties of public servant and also for looting and mischief of Government properties. This may be treated as an F,I.R. রামনগর থানার অফিসার ভারতীয় দণ্ডবিধির আইনের ৩৭৯।৪২৭। ১৮৬ ধারা অনুসারে এই অভিযোগটি নথিভুক্ত করেছেন।

শ্রীরোহিনীকরণ গত বিধানসভার সাধারণ নির্বাচনে রামনগর কেন্দ্রে সি, পি, এম, দলের একজন মনোনীত প্রার্থী ছিলেন। বর্তমানে তিনি রামনগর ২ নং ব্লক কমিটির সদস্য এবং দীঘা বিদ্যাভবনের সহকারী শিক্ষক। সেই হেতু তার বিরুদ্ধে অভিযোগটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। গত ৩।১০।৭৮ তারিখে মাননীয় মুখ্যমন্ত্রীকে এই সুনির্দিষ্ট অভিযোগটি সম্পর্কে সত্বর প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বনের জন্য বিস্তৃত পত্র লিখেছিলাম এবং তার নিকট উক্ত এফ, আই, আর, এর প্রত্যায়িত অনুলিপিটিও পাঠিয়েছিলাম। এতদ্ব্যতীত এই অভিযোগটি সম্পর্কে চীফ সেক্রেটারি হোম সেক্রেটারি আই, জি প্রভৃতিকেও জানিয়েছি। কিন্তু দুঃখের বিষয় কারো নিকট হ'তে আজ পর্য্যন্ত কোন জবাব পাই নাই। বা এই সম্পর্কে কি ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে তাও জানতে পারি নাই। এটা প্রশাসনের পক্ষে একটা শোচনীয় অবস্থা।

একদিকে সরকার পক্ষ নীরব অন্য দিকে অভিযুক্ত শ্রীরোহিনীকরণ প্রভৃতি

মহকুমা শাসকের নিকট উক্ত আটার মূল্য বাবদ টাকা জমা দিবার জন্য লিখিত প্রতিশ্রুতি দিয়া তাদের বিরুদ্ধে অভিযোগ প্রত্যাহারের জন্য আবেদন করায় স্থানীয় সি, পি, এম দলের চাপে প্রশাসন ও পুলিশ নিষ্ক্রিয় হয়ে রয়েছে। ফলে স্থানীয় বর্তমান জনসাধারনের মধ্যে তীব্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে। এই অবস্থার পরিপ্রেক্ষিতে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীকে সত্বর এই সম্পর্কে হস্তক্ষেপ ও আইন সংগত ব্যবস্থা অবলম্বনের জন্য অনুরোধ জানাচ্ছি।

[ 2-30—2-40 P.M. ]

**শ্রীবিষ্ণুকান্ত শাস্ত্রী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মার্ক্সবাদী কমিউনিষ্ট পার্টির কয়েকজন উৎসাহী কর্মী কি রকমভাবে মার্ক্সবাদ প্রচার করছেন তার একটা নিদর্শন রাখতে চাই। আমার হাতে রয়েছে পুটিয়ারি ব্রজমোহন তেওয়ারি ইনষ্টিটিউশনের বাৎসরিক পরীক্ষার ইংরেজী প্রশ্ন পত্র এবং এই প্রশ্নপত্রে বাংলা থেকে যেটা ইংরেজীতে অনুবাদ করতে দেওয়া হয়েছে সেটা আমি পড়ে শোনাচ্ছি। আমাদের দেশ ভারতবর্ষ। এখানে অনেক মুনাফা শিকারী রয়েছে। মুনাফাশিকারীদের দেবতা হলেন গণেশ। এর পেটটা বেশ ডাগর আর মণ্ডুটা একেবারে বন্য। শুড়টা বুঝি শোষণের প্রতীক। শোষকের সহায়ক চাই। তাই ইঁদুর গণেশের সাহায্যকারী। সে ধান পাট বস্ত্র ইত্যাদি নষ্ট করে; ফলে যোগান কমে, আর যোগান কমলে দাম বাড়ে—মুনাফাও বৃদ্ধি পায়, গণেশের খ্যাতি ছড়িয়ে যায়।" আমি বুঝতে পারছি না এই যে কথাগুলো পরিষ্কার ছাপা রয়েছে আপনারা এটাকে কিভাবে গ্রহণ করছেন। আমি মনে করি এটা অত্যন্ত ঘৃণ্য এবং এতে ধর্মীয় বিশ্বাসে আঘাত করা হয়েছে। আমি মনে করি আপনাদেরও ক্ষুব্ধ হওয়া উচিত, নিন্দা করা উচিত। আমরা বিশ্বাস করি সতীর পুণ্যে পতির পুণ্য হয়। ঐ দিকে দিকে রয়েছেন, তাঁদের বাড়ীতেও নিশ্চয়ই গণেশের পূজা হয়, সেই গণেশকে যাঁরা মুনাফা শিকারী বলছেন তাঁদেরকে আমি নিন্দা করছি। আমি মনে করি যাঁরা এইভাবে বিপ্লব প্রচার করতে চান তাঁদের বিরুদ্ধে শাস্তির ব্যবস্থা করা উচিত।

**শ্রীলক্ষ্মীচরণ সেন:** মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় সদস্য যেটা এখানে পড়লেন আমি বলতে পারি এটা পার্টির বক্তব্য নয়। উনি এটা আপনার কাছে জমা

দিন এবং আপনি দেখুন এটা কোথা থেকে এল। সি পি এম—এর তরফ থেকে এরকম কোন বক্তব্য রাখা হয়না। এটা আপনার কাছে জমা দেওয়া হোক, এসম্পর্কে ব্যবস্থা গ্রহণ করা হবে। এরকম কথা সি-পি-এম এর তরফ থেকে বলা হয়নি, এটা এ্যাসেম্বলীতে পড়বার জন্য তৈরী করা হয়েছে।

**মিঃ. স্পীকার ঃ** পুটিয়ারি ব্রজমোহন তেওয়ারি ইন্সটিটিউসনের ক্লাশ নাইনের পরীক্ষায় যে প্রশ্নপত্র দেওয়া হয়েছে সে সম্পর্কে মাননীয় সদস্য শাস্ত্রী যে অভিযোগ তুলেছেন এটা তদন্ত করে আমাকে জানান, আমি সরকারকে জানাব।

**শ্রীমাধবেন্দ্র মোহান্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, নদীয়া জেলার তেহট্ট থানার পলাশী পাড়ায় গত ২৬শে নভেম্বর সি পি এম-এর উদ্যোগে অনুষ্ঠিত এক জনসভায় যোগদানের পর কয়েক ব্যক্তি যখন বাড়ী ফিরছিল তখন কিছু লোক সশস্ত্রভাবে তাদের উপর আক্রমণ চালায় এবং অনুসন্ধান করে জানা যায় এরা হচ্ছে ইন্দিরা কংগ্রেসের গুণ্ডা বাহিনী দল। তারা নিরস্ত্র মানুষদের লাঠি, টাঙ্গি দ্বারা গুরুতরভাবে আক্রমণ করে এবং তাদের মধ্যে পঞ্চায়েত সমিতির সন্তোষ মণ্ডলও আছেন। আমরা দেখেছি চিকমাগালুর নির্বাচনের পর নদীয়া জেলার বিভিন্ন অংশে স্বৈরতন্ত্রী বিশৃঙ্খলা সৃষ্টিকারীরা তৎপর হয়েছে এবং আক্রমণাত্মক ভূমিকা পালন করে শান্তিশৃঙ্খলা ভঙ্গ করছে। আমি এই ব্যাপারে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে আক্রমণকারীদের শাস্তির দাবী করছি এবং জনসাধারণের নিরাপত্তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করতে অনুরোধ জানাচ্ছি।

**শ্রীনাথানিয়াল মুর্মু ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তপন থানার ও. সি. জোতদারদের পক্ষ নিয়ে অত্যাচার সুরু করেছে। গত ২২ তারিখ তপন থানার বানেশ্বর বাটি গ্রামে চাষীরা ধান কাটছিল এবং সেই জমি হচ্ছে ভেস্টেড জমি। যে চাষীরা ধান কাটছিল তাদের যদি তিনি এ্যারেস্ট করতেন তাহলে কোন ঝামেলা হোতনা। কিন্তু ও. সি. সেসব না করে তার লোকদের দিয়ে চাষীদের রাইফেলের কুঁদা দিয়ে নির্মমভাবে মারতে আরম্ভ করেন এবং তার ফলে মেধু সিং এবং খোকন বর্মণ আহত হয়ে হাসপাতালে গেছে। তারপর, আর এস্. পি-র কর্মী সেখানে গিয়ে ও. সি-কে বলেন আপনি এদের এ্যারেস্ট করলেই তো পারতেন। এসব কেন করলেন? তখন তিনি রাইফেল উচিয়ে বলেন আমি গুলি করে তোমাদের উড়িয়ে দেব। শুধু তাই নয়, তারপর তিনি আর. এস. পি-র অফিসের সামনে এসে আর. এস. পি. কর্মীদের খোঁজেন, বলেন তাদের পেলে আমি জিভ ছিড়ে নেব। তিনি আর. এস. পি. কর্মী প্রণব পালকেও গালাগালি করেন।

[ 2-40—2-50 P.M. ]

জেলা পরিষদের সদস্য প্রণব পাল যখন তাকে গিয়ে জিজ্ঞেস করেন—আপনি কেন গালাগালি করলেন, আপনি ওদের এ্যারেস্ট করলেই তো মিটে যেতো, তিনি ( ও. সি. ) তখন বললেন গুলি করার অধিকার আমার আছে, আমি আই. পি. সি, সি আর পি. সি. জানি, আমি বাম ফ্রন্টের কোন রকম নির্দেশ মানি না, এত অডাসিটি সেই ও. সি-র। আমি তাই আপনার মাধ্যমে অনুরোধ করব মাননীয় মন্ত্রী মহাশয়কে যে এই হঠকারী ও. সি. সম্পর্কে যথোচিত ব্যবস্থা অবলম্বন করা হোক এবং সেটা যেন অবিলম্বেই করা হয়।

**শ্রীকমলকৃষ্ণ ভট্টাচার্য্য :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ের প্রতি শিল্পমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলার রুগ্ন সুতাকলগুলি এন. টি. সি-র ২০ হাজার শ্রমিক কর্মী পশ্চিমবাংলার ১৪টি মিলে, পূর্বাঞ্চলের চারটি মিলে, দুশ্চিন্তা এবং দুর্ভাবনায় কাটাচ্ছে। এন. টি. সি-র চেয়ারম্যান কাম ম্যানেজিং-ডিরেক্টার শ্রীসুশীল সাঁইন ১০/১৫ দিন অন্তর একবার আসেন এবং দু ঘণ্টা থেকে ফতোয়া জারী করে চলে যান, বোর্ড মিটিং পর্য্যন্ত এ্যাটেণ্ড করেন না, তার এই স্বেচ্ছাচারের জন্য অনেক লোকের চাকুরি খতম হচ্ছে। সমস্ত মিলগুলিতে একটা অনিশ্চয়তা দেখা দিয়েছে। ভারতবর্ষে সাঁইবাবা বলে এক ভদ্রলোক অলৌকিক ক্ষমতাসম্পন্ন আছেন বলে শুনেছি। আমি জানি না এই সুশীল সাঁইন ও সেই অলৌকিক ক্ষমতাসম্পন্ন ব্যক্তি কিনা যিনি দু ঘণ্টার জন্য এসে রুগ্ন শিল্পগুলিকে পরিচালনা করছেন, যার ফলে ২০ হাজার শ্রমিক কর্মচারী একটা ভয়াবহ অনিশ্চয়তার মধ্যে পড়েছে, শিল্পগুলি ভেঙে পড়েছে তাতে একটা অচলাবস্থার সৃষ্টি হয়েছে। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে দাবী করছি যে অবিলম্বে সর্ব সময়ের জন্য এবং সর্বক্ষণের জন্য একজন চেয়্যারম্যান কাম ম্যানেজিং ডিরেক্টার নিয়োগ করা হোক এবং সুশীল সাঁইন নামক অলৌকিক ক্ষমতাসম্পন্ন ব্যক্তিকে অবিলম্বে অপসারণ করা হোক, তা না হলে এন টি. সি. মিল বাঁচবেনা, শ্রমিকদের চাকুরি বিঘ্নিত হবে। এ সম্বন্ধে ব্যবস্থা অবলম্বনের জন্য আমি অনুরোধ রাখলাম।

**শ্রীসুমন্তকুমার হীরা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার হয়ত মনে আছে যে কয়েকদিন আগে এই সভায় আমাদের বিরোধী পক্ষের কংগ্রেসী গোষ্ঠীর পরিষদীয় নেতা ডঃ জয়নাল আবেদিন সাহেব অভিযোগ করে বলেছিলেন সি. পি. এম.

পার্টির গুণ্ডারা ওদের মধ্য কলকাতা কংগ্রেস জেলা পরিষদের সভাপতিকে গলা টিপে মারতে চেষ্টা করেছিল। তিনি সেদিন এখানে উঠে দাঁড়িয়ে যা বলেছিলেন এটা সম্পূর্ণ অসত্য। এটা ওঁদেরই উপদলীয় কোন্দলের পরিণতি। এই সভায় একজন পরিষদীয় দলের গোষ্ঠীর দলনেতা এত দায়িত্বহীন উক্তি করবেন এটা ভাবতে পারিনা, তিনি আমাদের রাজনৈতিক পার্টিকে জড়িয়ে যে কথা বলেছেন তার প্রতিবাদ করি এবং সঠিক সংবাদ রাখবার জন্য বলি। আমি এখানে সেই মধ্য কলকাতা কংগ্রেস জেলা পরিষদের সভাপতি শ্রীঅক্ষয় দে, যার উপর আক্রমণ হয়েছিল বলে এখানে অভিযোগ করা হয়েছিল, তাঁর নিজের লেখা পত্র এখানে পড়ে দিতে চাই এই পত্র তিনি স্টেটসম্যান কাগজে লিখেছিলেন। This is to inform you that it has been puclished in your daily newspaper of 21st November ; 1978, that my house has been ranaacked by some antisocial elements being instigated by some political party. This is not the fact. No political party is involved in this affair. It is simply an act of some anti-social elements. I shall be highly obliged if you kindly ventilate the news in your next publication." আমরা লক্ষ্য করেছিলাম ষ্টেটসম্যানে ওই দলের প্রাক্তন মন্ত্রী শ্রীপ্রদীপ ভট্টাচার্যের ষ্টেটমেণ্ট বেরিয়েছিল যে অক্ষয়বাবুকে গলা টিপে মারার চেষ্টা করেছিল সি. পি. এমের গুণ্ডারা। আর এখানে দাঁড়িয়ে ওদের দলের পরিষদীয় নেতা জয়নাল আবেদীন সাহেব যিনি এককালে মন্ত্রী ছিলেন এত বড় দায়িত্বজ্ঞানহীন উক্তি করলেন একটা পলিটিক্যাল পার্টির সম্পর্কে। এটা ভাবতেও পারি না। তাছাড়া স্যার, আপনাকে আরও একটা সংবাদ দিচ্ছি। সেই পাড়ার লোকেরা মাস পিটিশান করে মুখ্যমন্ত্রীকে জানিয়েছেন।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী :** স্যার, অন এ পয়েন্ট অফ অর্ডার। শ্রীসুমন্ত হীরা তো খুব বড় বড় বক্তৃতা দিলেন। কিন্তু ওঁর কি সৎ সাহস আছে যে ওটা উনি স্পীকারের কাছে দেবেন যাতে ওটার বিষয়ে তদন্ত হয়। উনি বক্তৃতা করার সময় এবং পরেও মনে হচ্ছে এও হতে পারে যে ওটা মারধর করে ভয় দেখিয়ে লিখিয়ে নিয়েছেন। সুতরাং ওটার তদন্ত হোক।

**মিঃ স্পীকার :** আমি এই বিষয়ে আপনাদের অনুরোধ করছি, আপনারা কোন বিষয়ে উল্লেখ করলে যদি বাদ প্রতিবাদ সুরু হয় তাহলে উল্লেখের আওয়ার তুলে দিতে হবে। আগে এই ব্যবস্থা ছিল না, এই ব্যবস্থা বিধানসভার সদস্যরা অর্জন করেছেন।

## WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY

BULLETIN—PART I

**(Brief record of the Proceedings of the House)**

(November, 28, 1978)

LEGISLATION

**GOVERNMENT BILL PASSED**

**(i) The West Bengal Housing Board (Amendment) Bill, 1978**

The Bill was introduced and the motion for consideration was moved by the Minister-in-charge of the Housing Department.

The following members took part in the debate :

(1) Shri Balai Lal Das Mahapatra, and

(2) Shri Dhirendranath Sarkar.

The Minister-in-charge of the Housing Department replied.

The motion for consideration was adopted and clause by clause consideration was taken up.

Clasus 1, 2 and the Preamble were adopted.

The motion that the Bill, as settled in the Assembly, be passed, was moved by the Minister-in-charge of the Housing Department.

The motion was adopted.

**(ii) The Calcutta and Suburban Police (Amendment) Bill, 1978**

The Bill was introduced and the motion for consideration was moved by the Chief Minister.

The following Members took part in the debate :

(1) Shri Benoy Banerjee,

(2) Dr. Motahar Hossain,

(3) Shri Ashoke Kumar Bose,

(4) Shri Matish Ray, and

(5) Shri Nirmal Kumar Bose.

The Chief Minister replied.

The motion for consideration was adopted on a division : Ayes 78, Noes 16, Abst. 3.

The clause by clause consideration was taken up.

Clauses 1, 2, 3 and the Premble were adopted.

The motion that the Bill, as settled in the Assembly, be passed, was moved by the Chief Minister.

The motion was adopted.

**(iii) The Calcutta and Suburban Police (Second Amendment) Bill, 1978**

The Bill was introduced and the motion for consideration was moved by the Chief Minister.

The following members took part in the debate :

(1) Shri Binoy Banerjee,

(2) Shri Satya Ranjan Bapuli, and

(3) Shir Renupada Halder.

The motion for consideration was adopted and clause by clause consideation was taken up.

Clauses 1, 2, 3 and the Preamble were adopted.

The motion that the Bill, as settled in the Assembly, be passed, was moved by the Chief Minister.

The motion was adopted.

**(iv) The Darjeeling Hill Areas Development Council (Amendment) Bill, 1978**

The Bill was introduced and the motion for consideration was moved by the Chief Minister.

The following Members took part in the debate :

(1) Shri Deo Prakash Rai,

(2) Shrimati Renu Leena Subba,

(3) Shri Suniti Chattaraj,

(4) Shri Aurobindo Ghosal,

(5) Shri Biren Bose,

(6) Shri Nathaniel Murmu.

The Chief Minister replied.

The motion for consideration was adopted and clause by clause consideration was taken up.

Clauses 1, 2, 3, 4 and the Preamble were adopted.

The motion that the Bill, as settled in the Assembly, be passed, was moved the Chief Minister.

The motion was adopted.

(The House was adjourned at 6-22 p.m. till 1 p.m. on Wednesday, the 29th November, 1978.)

P. K. GHOSH
Secretary

**WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY**

BULLETIN—PART I

**(Brief record of the Proceedings of the House)**

(November, 29, 1978)

## Starred Questions

Twenty-two starred questions (Nos. *64 to *85) were put down on the Order Paper. Nine of them were answered. Supplementary questions were asked on all of them except on starred questions Nos. *65 and *74.

Starred questions Nos. *82 to *85 were not reached and answers thereto were laid on the Table.

Answers to starred questions Nos. *67 to *71 and *75 to *78 will be given answer.

## Report of the Business Advisory Committee

Mr. Speaker presented to the House the Thirteth Report of the Business Advisory Committee.

## Motion

Shri Dinesh Mazumder moved that the Thirtieth Report of the Business Advisory Committee, presented on the 29th November, 1978, be agreed to by the House.

The Motion was adopted.

**Adjournment Motion**

Notices of three adjournment motions were received to which Mr. Speaker withheld consent. Two Members were, however, allowed to read the texts their motions.

LEGISLATION

**GOVERNMENT BILL PASSED**

**(i) The West Bengal Premises Tenancy (Second Amendment) Bill, 1978**

The Bill was introduced and the motion for consideration was moved by the Minister-in-charge of the Land Utilisation and Reforms and Land and Land Revenue Department.

The following members took part in the debate :

(1) Shri Rabi Shankar Pandey,

(2) Shri Abdus Sattar,

(3) Shri Atish Chandra Sinha,

(4) Shri Sumanta Kumar Hira,

(5) Shri Anil Mukherjee, and

(6) Shri Ganesh Chandra Mondal

The Minister-in-charge of the Land Utilisation and Reforms and Land and Land Revenue Department replied.

The motion for consideration was adopted and clause by clause consideration was taken up.

Clasus 1, 2 and the Preamble were adopted.

The motion that the Bill, as settled in the Assembly, be passed, was moved by the Minister-in-charge of the Land and Land Revenue Department.

The motion was adopted.

**(ii) The West Bengal Land Development and Planning (Amendment) Bill, 1978**

The Bill was introduced and the motion for consideration was moved by the Minister-in-charge of the Land Utilisation and Reforms and Land and Land Revenue Department.

The following Members took part in the debate :

(1) Shri Probodh Chandra Sinha,

(2) Shri Abdus Sattar,

(3) Shri Md. Sohorab,

(4) Shri Aurobindo Ghosal, and

(5) Shri Subhas Goswami.

The Minister-in-charge of the Land Utilisation and Reforms and Land and Land Revenue Department replied.

The motion for consideration was adopted and clause by clause consideration was taken up.

Clauses 1, 2 and the Premble were adopted.

The motion that the Bill, as settled in the Assembly, be passed, was moved by the Minister-in-charge of the Land Utilisation and Reforms and Land and Land Revenue Department.

The motion was adopted.

**(iii) The Land Acqusition (West Bengal Amendment) Repealing Bill, 1978**

The Bill was introduced and the motion for consideration was moved by the Minister-in-charge of the Land Utilisation and Reforms and Land and Land Revenue Department.

The following members took part in the debate :

(1) Shri Prabodh Chandra Sinha,

(2) Dr. Zainal Abedin,

(3) Shir Ramnarayan Goswami,

(4) Shri Satya Pada Bhattacharyya, and

(5) Shri Deb Ranjan Sen.

The Minister-in-charge of the Land Utilisation and Reforms and Land and Land Revenue Department replied.

The motion for consideration was adopted and clause by clause consideration was taken up.

Clauses 1, 2 and the Preamble were adopted.

The motion that the Bill, as settled in the Assembly, be passed, was moved the Minister-in-charge of the Land Utilisation and Reforms and Land and Land Revenue Department.

The motion was adopted.

(The House was adjourned at 5-35 p.m. till 1 p.m. on Thursday, the 30th November, 1978.)

P. K. GHOSH
Secretary

## Proceedings of the West Bengal Legislative Assembly Assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House Calcutta, on Thursday, the 30th November 1978 at 1 P.M.

### Present

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah) in the Chair, 17 Ministers, 2 Ministers of State and 184 Members

**[1-00 — 1-10 P.M.]**

### Obituary

**মিঃ স্পীকার ঃ** মাননীয় সদস্যগণ, আজ সভা আরম্ভ হওয়ার পূর্বে আমি প্রয়াত প্রাক্তন বিধানসভার সদস্য ডাঃ জ্ঞানেন্দ্র নাথ মজুমদারের স্মরণে গভীর শোক প্রকাশ করছি।

ডাঃ মজুমদার গত ২৯শে নভেম্বর, ১৯৭৮ তারিখে ৭১ বৎসর বয়সে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। এ দেশে হোমিওপ্যাথিক চিকিৎসার ক্ষেত্রে তাঁর অবদান বিশেষভাবে উল্লেখযোগ্য। কলিকাতা বিশ্ববিদ্যালয় হইতে এম. বি. ডিগ্রী লাভের পর তিনি ইংল্যাণ্ডে যান এবং এল. আর. সি. পি. ডিগ্রী অর্জন করেন। পরে তিনি রয়েল কলেজ অব সার্জেনস-এর ফেলো হন। কলিকাতায় প্রত্যাবর্ত্তনের পরে তিনি হোমিওপ্যাথি প্রাকটিশ শুরু করেন। তিনি প্রতাপ চন্দ্র মেমোরিয়াল হোমিওপ্যাথিক হসপিট্যাল ও কলেজের অন্যতম প্রতিষ্ঠাতা সদস্য ছিলেন। ১৯৩৭ সালে তিনি ন্যাশানাল মেডিকেল স্কুলে এ্যাসিস্টেন্ট প্রফেসার অব সার্জারি নিযুক্ত হন। তিনি চিত্তরঞ্জন হসপিটালের ডেপুটি সার্জেনের পদে কাজ করেন। তিনি হোমিওপ্যাথিক ষ্টেট ফ্যাকালটি, লন্ডন হোমিওপ্যাথিক ফ্যাকালটি, ভারতীয় প্ল্যানিং কমিশনের হেল্‌থ পেনেল, হোমিওপ্যাথিক এ্যাডভাইসারি কমিটি গভর্নমেন্ট অব ইন্ডিয়া এবং ১৯৪৭ সালে ভারতসরকার

কর্তৃক প্রতিষ্ঠিত হোমিওপ্যাথিক ইনকোয়ারী কমিটির সদস্য ছিলেন। এ ছাড়া তিনি অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব হোমিওপ্যাথিক, ইন্ডিয়ান মেডিক্যাল এ্যাসোসিয়েসান ও রেডক্রশের সহিত ঘনিষ্ঠভাবে যুক্ত ছিলেন। ১৯৫৭ সালে তিনি ভারতে কমিউনিষ্ট পার্টির প্রার্থীরূপে পশ্চিমবঙ্গ বিধানসভায় নির্বাচিত হন। তিনি কারা জীবন ভোগী বহু রাজনৈতিক কর্মী ও দরিদ্র রোগীদের বিনা পারিশ্রমিকে চিকিৎসা করেন। তাঁর প্রয়াণে আমরা একজন গুনী, মানব-দরদী, লব্ধপ্রতিষ্ঠিত চিকিৎসক ও বিধানসভার এক বিশিষ্ট প্রাক্তন সদস্যকে হারালাম। আমি তাঁর শোক-সন্তপ্ত পরিবারবর্গের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছি।

মাননীয় সদস্যগণ, এখন আমি আপনাদের অনুরোধ করবো আপনারা নিজ নিজ আসনে দু মিনিট নীরবে দন্ডায়মান হয়ে প্রয়াত সদস্য-এর স্মৃতির প্রতি শ্রদ্ধা প্রদর্শন করুন।

সদস্যগণ দু মিনিট নীরবে দন্ডায়মান থাকিলেন।

বিধানসভার সচিব এই শোক জ্ঞাপনের প্রতিলিপি প্রয়াত সদস্যের পরিবারবর্গের কাছে পাঠিয়ে দেবেন।

## সাম্প্রতিক বন্যা

***৮৬।** (অনুমোদিত প্রশ্ন নং *৮।) **শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়, শ্রীআতাহার রহমান, শ্রীআবুল হাসনাৎ খান ও শ্রীদীনবন্ধু মাঝি ঃ** ত্রাণ ও পুর্নবাসন (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের সাম্প্রতিক বন্যার কারণ সম্পর্কে সরকার কি অনুসন্ধান করিয়াছেন;

(খ) করিয়া থাকিলে, তাহা কি;

(গ) ঐ বন্যার ফলে কোন্ জেলায়—

(১) কত ব্যক্তি,

(২) গবাদি পশু,

(৩) ফসল ও

(৪) ঘরবাড়ি নষ্ট হইয়াছে;

(ঘ) ইহা কি সত্য যে, কিছু ফসলের জমি বালি চাপা পড়িয়াছে; এবং

(ঙ) সত্য হইলে, তাহার আয়তন কত?

**শ্রী রাধিকা রঞ্জন ব্যানার্জী**

(ক) ময়ূরাক্ষী হিংলো ও কংসাবতী এলাকায় বন্যার ব্যাপারে সরকার একটি Fact Finding Committee নিযুক্ত করিয়াছেন।

(খ) এখনও Report পাওয়া যায় নাই।

(গ) একটি বিবরনী প্রদত্ত হইল।

(ঘ) হ্যাঁ

(ঙ) ২০,০০০ একরেরও কিছু বেশী কৃষি জমি বালি চাপা পড়িয়াছে।

**Statement reffered to in reply to clause (kha) of starred question No. 86**

| District | Total den the due to floods Human | Cattle | Houses demaged/destroyed | | | Crops lost (In terms of crores of Rupees) |
|---|---|---|---|---|---|---|
| | | | Collepsed | Severaly damaged | Partially damaged | |
| MIDNAPORE | 75 | 23,500 | 3,04,997 | 1,18,417 | — | 52.325 |
| HOOGHLY | 86 | 73,000 | 1,89,000 | 46,000 | 25,000 | 27.960 |
| HOWRAH | 26 | 2,926 | 1,90,000 | 1,17,000 | 78,000 | 30.520 |
| BURDWAN | 448 | 80,044 | 1,67,413 | 31,350 | 10,300 | 17.745 |
| BIRBHUM | 131 | 74,500 | 59,360 | 21,600 | 44,400 | 11.000 |
| NADIA | 58 | 8,500 | 75,000 | 80,000 | — | 19.145 |
| MURSHIDABAD | 86 | 3,040 | 74,805 | 23,153 | 25,175 | 23.670 |
| BANKURA | 50 | 5,889 | 13,510 | 30,815 | 25,786 | 2.965 |
| 24-PARGANAS | 61 | 3,200 | 62,483 | — | 1,13,097 | 19.620 |
| PURULIA | — | — | — | — | — | 0.360 |
| MALDA | — | — | — | — | — | 1.360 |
| | 1,021 | 2,74,599 | 11,36,568 | 4,69,165 | 3,21,758 | 207.350 |

**PLEASE NOTE :** In Hooghly, 101 persons and in Birbhum 230 persons are still missing. Over and above 75 persons whose death has been confined in Midnapore, death of 22 persons is yet to be confined.

**শ্রীআতাহার রহমান :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে বন্যার ব্যাপারে তদন্ত কমিটি করা হয়েছে, তদন্ত কমিটির রিপোর্ট কতদিনের মধ্যে পাওয়া যাবে?

**শ্রীরাধিকা রঞ্জন ব্যানার্জী :** ইরিগেশন এ্যান্ড ওয়াটার ওয়েজ ডিপার্টমেন্টের পক্ষ থেকে ৪.১১.৭৮ তারিখের প্রস্তাবিত মতে একটা কমিটি হয়েছে, কমিটির কাজ চালু আছে, ওঁরা সক্রিয়ভাবে কাজ করছেন। এখন কবে আর কি হবে বলতে পারছি না।

**শ্রীবীরেন্দ্র নারায়ণ রায় :** আপনি যে বললেন ২০ হাজার একর জমি বালি চাপা পড়েছে এটা রিক্লামেশন করবার কি ব্যবস্থা করছেন, তাড়াতাড়ি?

**শ্রীরাধিকা রঞ্জন ব্যানার্জী ঃ** আমি এই কাজগুলিকে ফুড ফর ওয়ার্ক এর মাধ্যমে বালি সরিয়ে নিয়ে রিক্লামেশন করবার ব্যবস্থা করছি।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এনকোয়াবি কমিশানের টার্মস এন্ড রেফারেন্স কি?

**শ্রীরাধিকা ব্যানার্জী ঃ** এটা ইরিগেসান ডির্পাটমেন্ট থেকে করা হয়েছে নোটিশ দিলে বলতে পারবো।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** কুড়ি হাজার একর জমি যা বালির তলায় চলে গেছে তার রিক্লামেসানের জন্য কত টাকার পরিকল্পনা নিয়েছেন?

**শ্রী রাধিকা রঞ্জন ব্যানার্জী ঃ** নোটিশ চাই।

**শ্রীদেব প্রসাদ সরকার ঃ** মনুষ্য সৃষ্টি বন্যা অর্থাৎ সরকারী গাফলতির জন্য যে বন্যা হয়েছে তার জন্য তদন্ত কমিটি করা মানে সেটা কি প্রহসনে পরিনত হবে না?

**শ্রীরাধিকা রঞ্জন ব্যানার্জী ঃ** সেটা আপনার মত আমাদের নয়।

**শ্রীজন্মেজয় ওঝা ঃ** মৃত ব্যক্তির মধ্যে নিখোঁজ ধরা হয়েছে কি?

**শ্রীরাধিকা রঞ্জন ব্যানার্জী ঃ** নোটিশ চাই।

**শ্রীহবিবুর রহমান ঃ** সরকারী ব্যর্থতার দরুন যে সমস্ত পরিবারের মানুষ মারা গেছে তাদের ক্ষতিপূরন দেবার ব্যবস্থা করছেন কিনা?

**শ্রীরাধিকা রঞ্জন ব্যানার্জী ঃ** সরকারী ব্যর্থতার জন্য বন্যা হয় নি — সরকার ভাল ভাবেই বন্যার প্রতিরোধ করেছেন। আর ঐ সম্পর্কে সরকার চিন্তা করছেন।

**শ্রীদেব প্রসাদ সরকার ঃ** এখানে প্রান হানির যে সংখ্যা দেওয়া হয়েছে ১০২১, অথচ কয়েকদিন আগে মুখ্য মন্ত্রী ৯১৮ দিয়েছিলেন, এর মধ্যে কোনটা সত্য বলে আমরা ধরবো?

**মিঃ স্পীকার ঃ** সেটা আপনার মত।

**শ্রীদেব প্রসাদ সরকার ঃ** আমি জিজ্ঞাসা করছি দুই মন্ত্রীর সংখ্যা আলাদা হচ্ছে কেন?

**শ্রীরাধিকা রঞ্জন ব্যানার্জী ঃ** আমি ৮১৩ বলেছি।

**শ্রীসত্য রঞ্জন বাপুলি ঃ** অন. এ পয়েন্ট অফ প্রিভিলেজ, হাউসে চিফ মিনিষ্টার এক রকম ষ্টেটমেন্ট .দেন এবং অন্য একজন মন্ত্রী আর এক রকম ষ্টেটমেন্ট করেন যাতে হাউস মিসলিড হচ্ছে। This is a gross negligence on the part of Minister to give a false or incorrect statement before he House because the Chief Minister has given the figure to be 1021. এটা হাউসকে মিসলিড করা হচ্ছে।

**মিঃ স্পীকার ঃ** প্রিভিলেজ হয় তখনই — যখন ডেলিবারেটলি মিসলিড করার চেষ্টা করা হয়। ওঁর কাছে এক রকম তথ্য থাকতে পারে — অন্য আর একজনের কাছে আর এক রকম থাকতে পারে।

**শ্রীরাধিকা রঞ্জন ব্যানার্জী ঃ** ক্লাসিক্যাল মিস্টেক হতে পারে — আমি ভেরিফাই করে বলবো।

**শ্রীসত্য রঞ্জন বাপুলি ঃ** একই গভঃ এর মিনিষ্টারদের দু রকম উক্তি হলে সেটা কি ডেলিবারেটলি হচ্ছে না? কেউ সাপ্রেস করতে চাচ্ছেন — আর কেউ তা নয় সুতরাং Because they are the members of the same Council of Ministers. Two statements were made differently by two different Ministers. It is somebody's deliberate action. So, it is a question of privilege.

**[1-10 — 1-20]**

**শ্রীসত্য রঞ্জন বাপুলী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে, কত মাইল রাস্তা পুরোপুরি সারানো হয়েছে?

**শ্রীযতীন চক্রবর্ত্তী ঃ** যে রাস্তাগুলি ক্ষতিগ্রস্ত হয়েছে সেগুলি এখনো সম্পূর্ণ মেরামত করা হয়নি। সেগুলি মে মাসের আগে হবে না।

**শ্রীসত্য রঞ্জন বাপুলী ঃ** তাহলে কি আমরা ধরে নেব যে, এক কিলো মিটার রাস্তাও সম্পূর্ণভাবে সারানো হয়নি?

**শ্রীযতীন চক্রবর্ত্তী ঃ** না, তা নয়। যেগুলি সম্পূর্ণভাবে মেরামত করতে হবে, সেগুলি মাঝখানে মাঝখানে ১ কিঃ মিঃ, ২ কিঃ মিঃ সম্পূর্ণভাবে মেরামত কোথাও কোথাও হয়েছে। কিন্তু একটা সড়ক মেরামত করতে শুরু করলে পরও মাঝে মাঝে প্যাচ-ওয়ার্কের সাহায্যে যোগাযোগ ব্যবস্থা অব্যাহত রাখতে হয়।

**শ্রীসত্য রঞ্জন বাপুলী ঃ** কত মাইল রাস্তা সম্পূর্ণ রিপেয়ার করা হয়েছে?

**শ্রীযতীন চক্রবর্ত্তী ঃ** আমি বলেছি ৩ হাজার রাস্তা, ক্ষতিগ্রস্ত হয়েছে ৩,০০০ কিঃ মিঃ, তার মধ্যে ১,৩৮০ কিঃ মিঃ রাস্তা ইতিমধ্যেই আমরা পুরো-পুরি মেরামত করেছি।

**শ্রীসত্য রঞ্জন বাপুলী ঃ** যতটা সম্পূর্ণ মেরামত করেছেন ততটার জন্য কত টাকা খরচ হয়েছে?

**শ্রীযতীন চক্রবর্ত্তী ঃ** সেটা বলতে নোটিশ চাই। আপনি নোটিশ দিলে আমি বলতে পারব।

**শ্রীসুনীতি চট্টোরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন ১৩ কোটি টাকা পেয়েছেন, য়্যাম আই কারেক্ট? তাহলে আপনি কি পশ্চিমবাংলার সমস্ত ক্ষতিগ্রস্ত রাস্তা গুলি ঘুরে দেখে বুঝতে পেরেছেন যে, উপযুক্ত ভাবে অর্থ ব্যয় করতে পারলে এই ১৩ কোটি টাকাই যথেষ্ট?

**শ্রীযতীন চক্রবর্ত্তী ঃ** না, মোটেই তা নয়। কারণ আপনার অভিজ্ঞতা থাকলে, আপনি ওকথা বলতেন না। আমি বিভিন্ন এলাকায় গিয়েছি এবং আপনার বীরভূম জেলাতেও গিয়েছি, আপনি

দেখেছেন কিনা জানিনা, যদি দেখতেন তাহলে দেখতে পেতেন নিশ্চয়ই যে, শুধু বীরভূম এবং মুর্শিদাবাদ জেলাতে যে সকল রাস্তা-ঘাট এবং সেতু ক্ষতিগ্রস্ত হয়েছে সেগুলি পুরোপুরি মেরামত করতে হলে, ১৩ কোটি কিছুই নয়। সুতরাং আমাদের আরো টাকা পাওয়া প্রয়োজন।

**শ্রীসুনীতি চট্টোরাজ :** কনট্রাক্টরদের কমিশন এবং এজেন্সী বাদ দিয়ে যদি ১৩ কোটি টাকা সদ্ব্যবহার করা হয় তাহলে ১৩ কোটি টাকা দিয়েই কাজ হতে পারে। দিস ইজ মাই ওপিনিয়ন।

**শ্রীযতীন চক্রবর্ত্তী :** দ্যাট ইজ এ ম্যাটার অফ ওপিনিয়ন। আমরা কনট্রাক্টরদের এই রকম দিই না। কংগ্রেস কনট্রাক্টটর এবং ইঞ্জিনিয়ারদের মধ্যে যোগাযোগ ঘটিয়ে দিয়ে এ' জিনিষ করে থাকতে পারে। বামফ্রন্ট সরকার আসার পর সেই যোগাযোগ সম্পূর্ণরূপে বন্ধ হয়ে গিয়েছে।

**শ্রী জন্মেজয় ওঝা :** আপনি যে রাস্তা এবং সেতু গুলি নষ্ট হয়েছে বলছেন তার মধ্যে কতগুলি রাস্তা এবং কতগুলি সেতুর মেরামত কার্য রাজ্য সরকারের বাজেটের অর্ন্তভুক্ত ছিল এবং এর জন্য কত টাকা বরাদ্দ ছিল?

**শ্রীযতীন চক্রবর্ত্তী :** এটা নোটিশ না দিলে বলতে পারব না।

**শ্রীবীরেন্দ্র কুমার মৈত্র :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে রাস্তার আপনি যে হিসাব দিলেন তার মধ্যে ন্যাশানাল হাই ওয়ের ক্ষতিগ্রস্ত অংশ আছে কিনা?

**শ্রীযতীন চক্রবর্ত্তী :** না। ন্যাশানাল হাই ওয়ের জন্য আরো ৮ কোটি টাকার বরাদ্দ চাওয়া হয়েছে।

**শ্রীবীরেন্দ্র কুমার মৈত্র :** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন যে, পশ্চিমবাংলায় ১ মাইল রাস্তা তৈরী করতে কত খরচ হয় এবং ১ মাইল রাস্তা মেরামত করতে কত খরচ হয়?

**শ্রীযতীন চক্রবর্ত্তী :** সেটা নির্ভর করে যে এলাকার রাস্তা মেরামত করা হবে সেই এলাকার উপর। উত্তরবঙ্গে যে পরিমাণ খরচ হয় বীরভূমে তার চেয়ে কম খরচ হয়। খরচটা জমির উপর নির্ভর করে এবং কি ভাবে মেরামত কাজ সম্পূর্ণ হবে তার উপর নির্ভর করে।

**শ্রীসত্য রঞ্জন বাপুলী :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে, সেতুই নেই অথচ সেই সেতু ভেঙে গিয়েছে এবং তার জন্য মেরামতি খরচ করা হয়েছে, এই রকম কোনও ঘটনা ঘটেছে কি?

**শ্রীযতীন চক্রবর্ত্তী :** এটা আগের সরকারের সময় হত, আমাদের সরকারের সময় হয় না। কারণ আমি নিজে সমস্ত রাস্তা এবং সেতু ক্ষতিগ্রস্ত হয়েছে কিনা তদারক করে দেখেছি।

**শ্রীকিরন্ময় নন্দ :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, আপনি যে ১৩ কোটি টাকা বললেন তার মধ্যে এ-পর্যন্ত কত টাকা খরচ করেছেন?

**শ্রীযতীন চক্রবর্ত্তী :** ১৩ কোটি টাকার মধ্যে থেকে আমরা প্রায় ৬১ টি রোলার কেনবার জন্য টাকা ব্যয় করেছি। কারণ সেগুলি অত্যন্ত প্রয়োজনীয় ছিল মেরামতি কাজে। বিস্তারিত হিসাব এখনই আমি আপনাকে দিতে পারছি না। আপনি নোটিশ দিন নিশ্চয়ই আমি আপনাকে জানাব। ১৩ কোটি টাকা এখনই খরচ হবে না। আমি বলেছি মে মাসের মধ্যে কতগুলি রাস্তার কাজ শেষ করতে হবে এবং তাতে হয়ত ১৩ কোটি টাকা খরচ হয়ে যাবে। তবে ৩১ শে মার্চের মধ্যে সেই টাকা খরচ হয়ে যাবে

এবং সেই ভাবে আমরা টেণ্ডার ডেকেছি।

**ডঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় পূর্তমন্ত্রী মহাশয় বললেন, সেতু নেই অথচ সেতু নির্মানের জন্য ব্যয় হয়েছে এবং সেটা কংগ্রেস আমলে হতো কিন্তু আমাদের আমলে হয়না। আমি জিজ্ঞাসা করছি উনি কিসের ভিত্তিতে জবাব দিলেন? ওনার কাছে যদি তথ্য থাকে তাহলে উনি টেবিলে রাখুন কিম্ব: এই ব্যাপারে উনি কি প্রতিকারের ব্যবস্থা করেছেন? নাকি দায়িত্ব-জ্ঞানহীন উত্তর?

**শ্রীযতীন চক্রবর্ত্তী ঃ** দায়িত্ব জ্ঞানহীন উত্তর নয়। মাননীয় সদস্য যে প্রশ্ন করলেন সেই প্রশ্নের উত্তরে আমি বললাম যে এই রকম আমাদের সময় হয় না, সম্ভবতঃ কংগ্রেস আমলে হতে পারে।

**ডঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় মন্ত্রীসভার সদস্যদের কাছে দায়িত্বপূর্ণ উত্তর আশা করি। উনি কংগ্রেস আমলে হতো আমাদের আমলে হয়না। তথ্যের ভিত্তিতে বক্তব্য উত্থাপন করা উচিত। আমি মনে করি মাননীয় মন্ত্রীমহাশয় যে উত্তর দিলেন তা অসদ উদ্দেশ্য প্রনোদিত, দায়িত্ব-জ্ঞানহীন এবং কাণ্ড-জ্ঞানহীন বির্বজিত।

(নো রিপ্লাই)

### কালীপুর-উদয়রাজপুর (ভায়া বালী দেওয়ানগঞ্জ) রাস্তা নির্মাণ

**১০১।** (অনুমোদিত প্রশ্ন নং *২৫৫।) **শ্রীনানুরাম রায় ঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কালীপুর হইতে উদয়রাজপুর (ভায়া বালী দেওয়ানগঞ্জ) পর্যন্ত রাস্তা নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে, কবে নাগাত কাজটি শুরু হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রী যতীন চক্রবর্ত্তী ঃ**

(ক) আপাততঃ নাই

(খ) প্রশ্ন উঠে না।

### তারাপুর-পারুলিয়া (ভায়া সন্ধ্যাজোল-বুধিগ্রাম) সড়ক

**১০৩।** (অনুমোদিত প্রশ্ন নং *২৯০।) **শ্রীশশাংকশেখর মণ্ডল ঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রামপুরহাট ২ নং উন্নয়ন ব্লকের অন্তর্গত তারাপুর-পারুলিয়া (ভায়া সন্ধ্যাজোল-বুধিগ্রাম) সড়কটি পাকা সড়কে উন্নয়নের কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে, কবে নাগাত এই কাজ শুরু হইবে?

**শ্রী যতীন চক্রবর্ত্তী ঃ**

(ক) হ্যাঁ

(খ) কাজ শুরু করার নির্দেশ দেওয়া হইয়াছে। চলতি মরশুমে কিছু কাজ আশা করা যাইতেছে।

**শ্রীসুনীতি চট্টোরাজ ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় বললেন কাজ শুরু করার অর্ডার দিয়েছেন। উনি কি দয়া করে জানাবেন এস্টিমেট কত?

**শ্রীযতীন চক্রবর্ত্তী ঃ** রাস্তার দৈর্ঘ্য প্রায় ১১ কিলোমিটার। নির্ম্মাণের জন্য আনুপাতিক ব্যয় হবে ৫৪ লক্ষ ১৭ হাজার ৩০০ টাকা।

**শ্রী শশাঙ্ক শেখর মণ্ডল ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, কবে নাগাদ শুরু হবে?

**শ্রীযতীন চক্রবর্ত্তী ঃ** আমি তো আপনার প্রশ্নের জবাবে বলেছি যে কাজ শুরু করার জন্য নির্দ্দেশ দিয়েছি এবং টেন্ডার কল করা হয়েছে। আমি আশা করছি ৩১ শে মার্চের আগে ভালভাবে কাজ শুরু হবে।

**ময়না হাট-মাধপুর হাট পাকা সড়ক নির্মাণের পরিকল্পনা**

**১০৬।** (অনুমোদিত প্রশ্ন নং *৩০০।) **শ্রীসরল দেব ঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বারাসাত মহকুমার অন্তর্গত ময়না হাট হইতে মাধবপুর হাট পর্যন্ত পাকা রাস্তা তৈয়ারি করার কোন পরিকল্পনা সরকারের আছে কি?

**শ্রীযতীন চক্রবর্ত্তী ঃ**

না, আপাততঃ নাই।

**[1-20 — 1-30 P.M.]**

**শ্রীসরল দেব ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়ের কাছে জানতে চাইছি — উনি গত বছর রাস্তাটি সরেজমিনে তদন্ত করেন এবং অবিলম্বে দায়িত্ব গ্রহণ করবেন বলে আশ্বাস দিয়েছিলেন, কবে নাগাদ কাজ শুরু হবে?

**শ্রীযতীন চক্রবর্ত্তী ঃ** কিছু বলতে পারছি না, যেহেতু আমি আপনার সাথে গিয়েছিলাম এবং রাস্তাটি দেখেছিলাম, আশ্বাস দিয়েছিলাম কিন্তু এখন আপনি সরকারীভাবে প্রশ্ন করলেন, আমিও সরকারীভাবে জবাব দিচ্ছি ঐ নিয়ে আমি আপাততঃ কিছু বিবেচনা করছি না।

**শ্রীসরল দেব ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বিধান সভার সদস্য হিসাবে শুধু আমাকেই আশ্বাস দেন নি, সেখানকার জনসাধারণকেও দিয়েছিলেন কাজেই সেটা কার্যকরী করার জোর একটা নৈতিক দায়িত্ব আছে বলে মনে করি।

[No reply]

**মিঃ স্পীকার ঃ** আপনারও একটা নৈতিক দায়িত্ব আছে, আপনারা নোট করে রাখুন, কোয়েশ্চেন আওয়ার্সে মন্ত্রীদের নৈতিক দায়িত্ব বোঝাতে গেলে সেটা বিজনেস এ্যাডভাইসরি কমিটিতে যাবে।

# WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY
## QUESTIONS FOR ORAL ANSWER
## NINTH LIST
## Thursday the 30th November, 1978
## Vide Rule 48

### সরকারপুল মানসিক হাসপাতাল

৮৮। (অনুমোদিত প্রশ্ন নং *১০৪।) **শ্রীদীপক সেনগুপ্ত ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, "মেডিকো সাইকোলজিক্যাল রিসার্চ সোসাইটি পরিচালিত সরকারপুল মানসিক হাসপাতালটি বন্ধ হইবার উপক্রম হইয়াছে; এবং

(খ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার কোন ব্যবস্থা অবলম্বন করিবার কথা চিন্তা করিতেছেন কি?

**Minister in-charge of the Health Deptt. :**

(ক) হাসপাতালের পরিচালক সমিতি সরকারের নিকট এই মর্মে একটি আবেদন করিয়াছেন যে অবিলম্বে সরকার সরাসরিভাবে বা সরকারী এ্যাডমিনিষ্ট্রেটরের মাধ্যমে হাসপাতালের দায়িত্ব গ্রহন না করিলে হাসপাতালটি বন্ধ হইয়া যাইতে পারে।

(খ) পরিচালক সমিতির আবেদনটি সরকারের বিবেচনাধীন আছে।

### সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত প্রাথমিক ও উপস্বাস্থ্য কেন্দ্র

৯১। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৮।) **শ্রীরজনীকান্ত দোলই ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে সাম্প্রতিক বন্যায় কতগুলি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ও কতগুলি উপস্বাস্থ্যকেন্দ্র ক্ষতিগ্রস্ত হয়েছে ;

(খ) উক্ত ক্ষতিগ্রস্ত স্বাস্থ্যকেন্দ্রগুলিতে বর্তমানে চিকিৎসা ও ঔষধপত্র দেওয়ার কাজ হচ্ছে কি; এবং

(গ) 'খ' প্রশ্নের উত্তর 'না' হ'লে, সরকার এ ব্যাপারে কি ব্যবস্থা গ্রহণ করছেন?

**Minister in-charge of the Health & Family Welfare Deptt.**

(ক) ১৫০টি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং ৩৫৫টি উপ-স্বাস্থ্যকেন্দ্র।

(খ) অধিকাংশেই হচ্ছে।

(গ) প্রশ্ন ওঠে না।

## রামপুরহাটে মশক বৃদ্ধি হেতু ম্যালেরিয়া ও এনকেফেলাইটিস রোগের প্রকোপ

৯২। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৩।) **শ্রীশশাঙ্কশেখর মণ্ডল :** স্বাস্থ্য এবং পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, রামপুরহাট পৌর এলাকায় মশক বৃদ্ধি হেতু ম্যালেরিয়া ও এনকেফেলাইটিস রোগের প্রাদুর্ভাব ঘটিয়াছে; এবং

(খ) অবগত থাকিলে, উক্ত এলাকায় মশক বৃদ্ধি রোধের জন্য সরকার কোন ব্যবস্থা গ্রহণ করিতেছেন কি?

**Minister in-charge of the Health & Family Welfare Deptt :**

(ক) রামপুরহাট পৌর এলাকায় ম্যালেরিয়া বেড়ে যাবার সংবাদ নেই। ওই এলাকা থেকে একটি মাত্র রোগীকে এনকেফেলাইটিস এর চিকিৎসা করা হয়েছে।

(খ) মশক বৃদ্ধি রোধের জন্য পৌর এলাকায় সরকারের কোন কর্ম্মসূচী নেই, কারণ উহা পৌর কর্তৃপক্ষের দায়রার মধ্যে পড়ে।

## কারখানায় লক-আউট

৯৩। (অনুমোদিত প্রশ্ন নং *৫৭।) **শ্রী কিবন্ময় নন্দ :** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৭ সালের জুন মাস হইতে ১৯৭৮ সালের ৩০ -এ অক্টোবর পর্যন্ত কতগুলি কারখানায় লক-আউট হইয়াছে ; এবং

(খ) ঐ সময়ের মধ্যে কতজন শ্রমিক ছাঁটাই হইয়াছে?

**Minister-in-charge of the Labour Deptt :**

(ক) উক্ত সময়ে সংঘটিত লক-আউটের সংখ্যা ২৩০।

(খ) ঐ সময়ের মধ্যে ছাঁটাই কর্মচারীর সংখ্যা ২৩১২ জন।

## যক্ষ্মা হাসপাতাল

৯৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩১৬।) **শ্রীঅনিল মুখার্জী ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় যক্ষ্মা হাসপাতালের সংখ্যা কত; এবং

(খ) উক্ত হাসপাতালগুলিতে মোট কতজন রোগীর চিকিৎসার ব্যবস্থা আছে?

**Minister-in-charge of the Health & Family Welfare Deptt :**

(ক) ২৩।

(খ) ৪৮৯৪ জন।

## মৎসজীবীদের জাল বোনার জন্য সূতা বিতরণ

৯৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৩২।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মৎসজীবীদের মাছ ধরার জাল বোনার জন্য বিনা মূল্যে সূতা বিতরণের ব্যবস্থা, রাজ্যসরকার আগামী বছর থেকে বন্ধ ক'রে দেবার সিদ্ধান্ত নিয়েছেন; এবং

(খ) সত্য হ'লে উক্ত মৎস্যজীবীদের সহায়তার জন্য সরকারের কোন বিকল্প পরিকল্পনা আছে কি?

**Minister-in-charge of the Fisheries Deptt :**

(ক) বর্তমান আর্থিক বছর থেকেই এই ব্যবস্থা কার্যকর নেই।

(খ) হ্যাঁ, আছে।

## হস্তচালিত তাঁত শিল্পে নিযুক্ত কর্মীদের ন্যূনতম মজুরি

৯৭। (অনুমোদিত প্রশ্ন নং *১১১।) **শ্রীদীপক সেনগুপ্ত ঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গের হস্তচালিত তাঁত শিল্পে নিযুক্ত বুননের কর্মীদের ক্ষেত্রে নিম্নতম মজুরি আইন চালু করার কথা সরকার বিবেচনা করিতেছেন কিনা?

**Minister-in-charge of the Labour Deptt :**

কতজন কর্মচারী হস্তচালিত তাঁতে নিযুক্ত আছেন সে সম্বন্ধে একটি সমীক্ষা করিবার সিদ্ধান্ত লওয়া হইয়াছে। ঐ সমীক্ষার ফলাফল দেখিয়া হস্তচালিত তাঁতে নিযুক্ত কর্মীদের ক্ষেত্রে নিম্নতম মজুরী আইন চালু করা প্রয়োজন কিনা এ সম্বন্ধে সিদ্ধান্ত লওয়া হইবে।

## Minimum Wage for Powerloom Workers

***98.** (Admitted question No. *321.) **Shri GOUR CHANDRA KUNDU :** Will the Minister–in-charge of the Labour Department be pleased to state–

(a) whether the Government has fixed any minimum wage for the powerloom workers ;

(b) if so, what are the rates of wage; and

(c) when the same will be declared?

**Minister-in-charge of the Labour Deptt :**

(a) Proposals for fixation of rates of minimum rates of wages for the powerloom workers in West Bengal, are under active consideration.

(b) Does not arise.

(c) Will be published in the Calcutta Cazette very soon.

## বারাসাত মহকুমাকে বন্যাঞ্চল হিসাবে ঘোষণা

***১০০।** (অনুমোদিত প্রশ্ন নং *১৯০।) **শ্রীসরল দেব ঃ** ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বারাসাত মহকুমাকে বন্যাপ্লাবিত অঞ্চল হিসাবে ঘোষণা করার কথা সরকার কি চিন্তা করিতেছেন?

**Minister-in-charge of the Relief & Welfare (Relief) Deptt :**

বারাসাত মহকুমার যে সব এলাকা বন্যাপ্লাবিত হয়েছে, সেই সব এলাকায় ইতিমধ্যেই ত্রাণব্যবস্থা নেওয়া হয়েছে। বন্যাপ্লাবিত অঞ্চল হিসাবে কোন এলাকাকে ঘোষনা করার কোন বিধান নাই।

## E.S.I. Scheme at Ranaghat

***102.** (Admitted question No. *320.) **Shri GOUR CHANDRA KUNDU :** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state that—

(a) number of workers at Ranaghat under E. S. I. Scheme ;

(b) number of doctors appointed at Ranaghat to look after the patients under E. S. I.;

(c) whether there is any medical depot (medicine supplying centre) at Ranaghat for supplying medicines to the patients under this scheme; and

(d) if the answer to (c) above be in the negative, whether the Government has any proposal for opening such medical depot there?

**Minister-in-charge of the Labour Deptt :**

(a) 1898 insured persons in Nadia III area (Ranaghat, Taherpur, Birnagar) as on 1.4.78.

(b) 3 (three) Insurance Medical Practitioners.

(c) Three are two approved Chemist Shops in the said area.

(d) Does not arise.

## চিলড্রেন অ্যান্ড ফ্যামিলি ওয়েলফেয়ার সেন্টারগুলির কমিটি গঠন

*১০৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৩।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সমাজসেবী, শিক্ষয়িত্রীদের নিয়ে গ্রামাঞ্চলের "চিলড্রেন এ্যান্ড ফ্যামিলি ওয়েলফেয়ার" সেন্টারগুলির কমিটি গঠনের পদ্ধতিটি বাতিল করা হয়েছে; এবং

(খ) সত্য হ'লে উক্ত সেন্টারগুলির চেয়ারম্যান ও অন্যান্য সদস্যদের কিসের ভিত্তিতে বর্তমানে মনোনীত করা হয়?

**Minister-in-charge of the Relief & Welfare (Relief) Deptt :**

(ক) না

(খ) প্রশ্ন ওঠে না

### তামাক শিল্পে নিযুক্ত শ্রমিকদের ন্যূনতম মজুরি

***১০৫।** (অনুমোদিত প্রশ্ন নং *১১২।) **শ্রীদীপক সেনগুপ্ত ঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গের তামাক শিল্পে তামাক বাঁধাই শ্রমিকদের জন্য নিম্নতম মজুরি আইন চালু করার কথা সরকার বিবেচনা করিতেছেন কিনা?

**Minister-in-charge of the Labour Deptt :**

বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে। তামাক পাতা বাঁধাই গুদামে নিযুক্ত শ্রমিকদেরকে নিম্নতর মজুরী আইনের আওতায় আনয়ণের ইচ্ছা ব্যক্ত করিয়া ইতিপূর্বে বিজ্ঞপ্তি দেওয়া হইয়াছে।

**[1-30 — 1-40]**

**শ্রীবীরেন্দ্র কুমার মৈত্র ঃ** পয়েন্ট অফ অর্ডার। উত্তর যা টেবিলে দেওয়া আছে তাতে মৃতের সংখ্যা ১০২১, আর এখানে বললেন ৮১৩ — আমরা কোনটা ধরবো — এই রকম রিপ্লাই হয় কিনা?

**শ্রীরাধিকা রঞ্জন ব্যানার্জী ঃ** যে রকম ইনফরমেশান আসে সেই রকম দিয়েছি। ইনফরমেশান পাল্টে যেতে পারে।

(Noise)

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** পয়েন্ট অফ প্রিভিলেজ — উনি এক্ষুনি বললেন ইনফরমেশান পাল্টে যেতে পারে — কিন্তু লাইব্রেরি টেবিলে দেখছি ১০২১, আর এখানে বলছেন ৮১৩ সুতরাং এর মধ্যে আমার প্রিভিলেজ আছে কিনা আপনি বিবেচনা করে দেখবেন।

**মিঃ স্পীকার ঃ** ডিফারেন্ট মিনিষ্টারের ফাইলে — ডিফারেন্ট রেকর্ড থাকতে পারে। সুতরাং লেট হিম টেক দি টাইম — পরে আপনাদের সব উনি জানাবেন।

**শ্রীবিনয় কৃষ্ণ চৌধুরী ঃ** এই যে বিভ্রান্তি হচ্ছে এই সম্পর্কে আপনার অনুমতি নিয়ে দু একটা কথা বলতে চাই। মুখ্যমন্ত্রী যখন বিবৃতি দিয়েছিলেন তাতে সেই তারিখ পর্যন্ত যে সংবাদ ছিলো তার

ভিত্তিতেই তিনি বলেছেন। আমি বিভিন্ন জেলায় ঘুরে দেখেছি বা আমাদের কথা ছিলো — এস. পি, যে লিষ্ট দেবেন সেটা কনফার্ম ডেথ লিষ্ট হবে। এই ভাবেই মাঝে মাঝে ষ্টেটমেন্ট করা হচ্ছিল এবং তারপর যত দিন যাচ্ছে সেই কনফার্ম ডেথের সংখ্যা তত বেড়ে গেছে অর্থাৎ ২০ — তারিখে সংখ্যা দিয়ে যে ষ্টেটমেন্ট করা হয়েছিলো ৩০ — তারিখে সেই সংখ্যাটা আরো কিছু বেড়ে গিয়েছিলো, কারণ কনফার্ম ডেথের সংখ্যাও বেড়ে গেছে।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন নাম্বার অব ডেথের যে স্টেটমেন্ট আপনি করেছেন এটা কোন তারিখের?

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জী ঃ** এরজন্য স্পেসিফিক নোটিশ চাই।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** যে ভিত্তিতে আপনি স্টেটমেন্ট করেছেন সেটা কোন তারিখ পর্যন্ত?

**মিঃ স্পীকার ঃ** উনি রেকর্ড দেখে বলতে পারেন, সেই রেকর্ড আজকে এখানে নাও থাকতে পারে।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** মন্ত্রী যখন হাউসে এসেছেন তখন পেপারস নিয়ে ডিপার্টমেন্টাল অফিসাররা বসে আছেন, হি ইজ পোষটেড উইথ দি ফ্যাক্টস। আমি জানতে চাই উনি যে সংখ্যাটা বললেন সেটা কোন তারিখ পর্যন্ত? বিশেষ করে বিণয় বাবুর বলার পর হিজ ক্ল্যারিফিকেশান ইজ নেসাসারি।

**শ্রীসুনীতি চট্টোরাজ ঃ** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিণয়বাবু বললেন মুখ্যমন্ত্রী এক তারিখে/একটা স্টেটমেন্ট দিয়েছেন, আর উনি আর একটা তারিখে বলছেন। আমি বলছি ডেলিবারেটলি ১০২৩ লাইব্রেরি টেবিলে দিয়ে আমাদের এখানে ৮১৩ বললেন। উনি লাইব্রেরী টেবিলে ১০২৩ রেখে তারপর উনি ইনফর্মেশান পেলেন কম, আমাদের বললেন ৮১৩। উনি ডেলিবারেটলি হাউসকে বিভ্রান্ত করছেন। দিস ইজ মাই পয়েন্ট অব অর্ডার।

**শ্রীরাধিকা রঞ্জন ব্যানার্জী ঃ** আপনারা নোটিশ দেবেন, আমি রেকর্ড দেখে পরে বলব।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** স্যার, আই রাইজ অন এ পয়েন্ট অব অর্ডার। আমি ৩৪৫ নং রুলের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি —

"If, in answer to a question or during debate, a Minister discloses the advice or opinion given to him by any officer of the Government or by any other person or authority, he shall ordinarily lay the relevant document or parts of document containing that opinion or advice, or a summary thereof on the Table."

স্যার, আপনি জানেন যে হাউসের বিরোধী পক্ষের সদস্যদের এবং সাধারণভাবে জন মানসে একটা সন্দেহ, একটা জিজ্ঞাসা দেখা দিয়েছে যে সাম্প্রতিক এই বিধ্বংসী বন্যার যে ক্ষয়ক্ষতি হয়েছে, যে প্রাণহাণি হয়েছে সরকার পক্ষের একটা অপপ্রয়াস আছে সেটাকে লঘু করে দেখানর, বন্যার ত্রাণ আলোচনা করল এটা হয়েছে। আমার পয়েন্ট অব অর্ডার হচ্ছে উনি একটা উত্তর দিয়েছেন ইন

এ্যানসার টু এ কোয়েশ্চেন আন্ডার রুল ৩৪৫। উনি যেটা বলছেন নোটিশ চাই, আমাদের বক্তব্য Minister is bound to abide by this rule an to lay relevant source of information on the table. এটা আপনার কাছে আমার নিবেদন।

**[1-40 — 1-50]**

**Mr. Speaker :** He shall ordinarily lay the document or part of the document. This is the document which he has placed before you. So far as laying of the document he has done it. It is on the table.

**শ্রী সত্য রঞ্জন বাপুলি ঃ** স্যার কোশ্চেনটা কি উনি না জেনে বলেছেন?

**মিঃ স্পীকার ঃ** আপনি বলেছেন উনি দুই রকম ষ্টেটমেন্ট করেছেন, হাউস তো পালিয়ে যাচ্ছেনা পরে দেবেন।

**শ্রীসত্য রঞ্জন বাপুলি ঃ** স্যার, উনি রিপ্লাই দিতে এসেছেন, আমরা ধরে নেব ওর কাছে নিশ্চয়ই তথ্য আছে, তার উপর ভিত্তি করে উনি বলছেন। প্রশ্নের উত্তর দিতে উনার কাছে তথ্য থাকবে না তাহলে প্রশ্নের উত্তরটা কি কোন তথ্যের ভিত্তিতে হয়নি, তার কি কোন তথ্য নেই, এটা কি মন্ত্রীর মনগড়া উত্তর, এটাই আমাদের কাছে বড় প্রশ্ন। তাহলে মন্ত্রী মহাশয় বলুন যে আমার মনগড়া উত্তর।

**মিঃ স্পীকার ঃ** He will have to make inquiries. He may seek to time to give the answer. Next day he will give his reply.

**শ্রী সত্য রঞ্জন বাপুলি ঃ** তাহলে রিপ্লাইটা কি হবে?

**শ্রীদেব প্রসাদ সরকার ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমার যে পয়েন্ট অব অর্ডার — আমি একথা বলছিনা নোটীশের প্রশ্ন — আমি যেটা বলছি মাননীয় মন্ত্রী মহাশয় এই হাউসে বসে যে এই রকম ষ্টেটমেন্ট করেছেন — একটা হাজার একুশ আর একটা হচ্ছে ৮১৩, এই দুটোর মধ্যে কোনটা সত্য, এটাই আমার পয়েন্ট অব অর্ডার। এটাতে কি নোটীশ লাগবে? এই দুটোর কোনটা সঠিক?

**মিঃ স্পীকার ঃ** উনি বলেছেন এমন অবস্থা হতে পারে যে উনি ডিফারেন্ট রেকর্ড থেকে বলেছেন He will have to consult different records and he wants time. I cannot deny him if he wants it.

**শ্রী সত্য রঞ্জন বাপুলি ঃ** আমরা উনার কাছে উত্তর চাই, উই ওয়্যান্ট এ্যনসার।

**মিঃ স্পীকার ঃ** আচ্ছা আপনারা প্রিভিলেজে দিতে চান দেবেন, কিন্তু নোটিশ উনি চেয়েছেন সেটা আমি দিতে বাধ্য, he has asked for time and I have alowed him time.

## নির্যাতিত রাজনৈতিক কর্মীদের পরিবারবর্গের জন্য চাকুরি সংরক্ষণ

৮৭। (অনুমোদিত প্রশ্ন নং ৩৫।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রাজ্যসরকারের শতকরা ৩০ ভাগ চাকুরি নির্যাতিত রাজনৈতিক কর্মীদের পরিবারবর্গের জন্য সংরক্ষিত করা হয়েছে; এবং

(খ) সত্য হ'লে কি কি শর্ত পূরণ হ'লে কোন্ ব্যক্তিদের নির্যাতিত রাজনৈতিক কর্মীরূপে গণ্য করা হবে?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে আমরা সংবাদপত্রে দেখেছিলাম যে নির্যাতিত রাজনৈতিক কর্মী ৭২ সালের পর থেকে যারা নির্যাতিত হয়েছে কংগ্রেস আমলে তাদের নির্যাতিত রাজনৈতিক কর্মী হিসাবে গণ্য করা হবে, এবং চাকরী সংরক্ষনের নীতি নেওয়া হবে — এটা কি সত্য নয়?

**শ্রীকৃষ্ণপদ ঘোষ ঃ** মাননীয় স্পীকার মহাশয়, প্রশ্নটা হচ্ছে "ইহা কি সত্য যে রাজ্যসরকারের শতকরা ৩০ ভাগ চাকরী নির্যাতিত রাজনৈতিক কর্মীদের পরিবার বর্গের জন্য সংরক্ষিত করা হইয়াছে?" আমি বলেছি এই যে ষ্টেটমেন্ট আপনি করেছেন এটা সঠিক না। যদি সঠিক তথ্যের ভিত্তিতে আপনি প্রশ্ন করতেন তাহলে নিশ্চয়ই আমি জবাব দিতে পারতাম, প্রশ্নটা ভুল বলে জবাবটা সঠিক দেওয়া যাচ্ছে না।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** আমি বলেছি অগ্রাধিকার কোন নীতি গ্রহণ করা হয়েছে কি — ৭২ সাল অথবা জরুরী অবস্থায় নির্যাতিত রাজনৈতিক কর্মীদের চাকরীর ক্ষেত্রে তাদের পরিবার বর্গের অগ্রাধিকার এর কোন নীতি নেওয়া হচ্ছে কি?

**শ্রীকৃষ্ণপদ ঘোষ ঃ** আপনি যে সাপলিমেন্টারি করলেন এটাও সঠিক ভাবে আপনি করতে পারছেন না ফলে আমার পক্ষে জবাব দেওয়া মুস্কিল হচ্ছে।

**শ্রীদেব রঞ্জন সেন ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন যে রাজ্য সরকারের চাকরী ক্ষেত্রে নির্যাতিত রাজনৈতিক কর্মীদের শতকরা ৩০ ভাগের কথা বলছি — কোন ভাগই দেওয়ার সিদ্ধান্ত আছে কিনা?

**শ্রীকৃষ্ণপদ ঘোষ ঃ** আমি বলছি আপনি যে প্রচেষ্টা করলেন সেটাও সঠিক ভাবে করতে পারলেন না।

**শ্রীবিষ্ণুকান্ত শাস্ত্রী** ঃ মাননীয় মন্ত্রী মহাশয় উনার প্রশ্নটা সঠিক ভাবে বুঝতে পারছেন কি?

**[1-50 — 2-00 P.M.]**

**শ্রীকৃষ্ণপদ ঘোষ** ঃ সাপ্লিমেন্টারি বাদ দিয়ে আমি একটা কথা বলতে চাই সেটা যদি শুনেন তাহলে আমি যদি একটা ষ্টেটমেন্ট করি তাহলে আপনার প্রশ্নের আসল জবাব যেটা আপনি বলতে চান সেটা পেয়ে যাবেন। যা সরকারের নিয়ম তৈরী হয়েছে সেটা আপনার সামনে পড়ে দিচ্ছি, সম্পূর্ণটা নয়, কিছু কিছু বাদ আছে, সবটা পড়তে বেশী সময় লাগবে, মোটামুটি আমি জিনিষটা পড়ে দিচ্ছি।

In terms of Circular No. 5120(6) LW dated 17th October, 1977 read with Circular No. 129(60) LW dated 25th January, 1978, of the total vacaneics arising in a year under any employing authority belonging to the State Govt. extablishment where the recruitment is not made through the Public Service Commission or by way of normal promotion or by absorption of the personnel declared surplus by the Govt., 30 per cent shall be treated as reserved to be filled up by persons falling within the exempted categories. In such cases the employing authority will be competent to give appointments without reference to the Employment Exchanges. Also, in terms of the aforesaid Circular the exempted categories will include the following :

(i) Candidates hailing from families who might have been uprooted from their places of residence as a result of the land in question being acquired by the Govt. for development projects like setting up a plant or township etc. as in Haldia. Only one member from the uprooted family shall be eligible for such special preference for jobs in and around the area acquired.

(ii) A son/daughter/near relation of a Govt. servant who dies in harness leaving the family in immediate need of assistance such compassionate appointments should be made provided the dependant possesses the prescribed qualification according to recruitment rules;

(iii) Trade apprentices who might have had training in undertakings to the skilled and unskilled posts in the Government-run industrial undertakings in preference to others provided they have the requisite qualification for the jobs and their names are enrolled for the Employment Exchanges;

(iv) Suitable ex-industrial-census personnel who were retreanched with effect from the 1st Feb. 1975 by the Cottage and Small Scale Industries Deptt of the State Govt., ex-Census employees who have not been absorbed in service either in State Govt. or in any public sector undertaking of the State Govt and ex-employees of the Refugee, Relief and Rehabilitation Deptt of the State Govt. (i.e. ex-Shibir Karmacharies who served in connection with the relief and rehabilitation of the refugees from Pakistan and Bangladesh) who have put in at least 6 months' continuous service in previous jobs;

(v) Members (sons/daughters and dependants) of families any one of which might have lost his life as a result of participation in or association with any political, democratic movement during the period from 1970 onwards i.e., after the fall of the Second United Front Government.

এটা আমি সাপ্লিমেন্টারি প্রশ্নের জবাব হিসাবে দিচ্ছিনা, প্রশ্নকারী এম এল এ সঠিকভাবে প্রশ্ন করতে পারেননি, তাই ক্ল্যারিফিকেশন হিসাবে সঠিক অবস্থাটা কি সেটা আমি হাউসের সামনে উপস্থিত করলাম।

**শ্রীমহঃ সোহরাব ঃ** এতো পলিসি ম্যাটারের ব্যাপার, এটার কপি যদি আমাদের দিয়ে দেন, তাহলে ভাল হয়।

**মিঃ স্পীকার ঃ** আপনারটা দেখছি।

**শ্রীবিমল কান্তি বসু ঃ** উনি ষ্টেটমেন্ট করলেন শ্রীজয়ন্ত বিশ্বাসের প্রশ্নের উত্তরে। তারপর যদি জানার থাকে আমাদের কি সে অধিকার নেই?

**মিঃ স্পীকার ঃ** ওঁনারা ওই সারকুলারটা চাইছেন।

**শ্রীকৃষ্ণপদ ঘোষ ঃ** আমি প্রথমেই বলেছি যেহেতু প্রশ্ন কর্ত্তা এম. এল এ মহোদয় সঠিকভাবে প্রশ্ন করতে পারেন নি, অথচ নানা রকম খবর বেরোচ্ছে কাগজে, তাই ক্ল্যারিফিকেশান হিসাবে দিলাম। কোন সাপ্লিমেন্টারী জবাব হিসাবে দিই নি। একজন মাননীয় বলেছেন এই সারকুলার এবং অন্য কিছু কাগজ যদি থাকে তাহলে সেগুলো সারকুলেট করতে পারি কিনা — হ্যাঁ, আমি পারবো।

**শ্রীশেখ ইমাজউদ্দীন ঃ** মন্ত্রী মহাশয়কে প্রশ্ন করছি অনেক বামফ্রন্টের এম, এল, এ নিজ নিজ কন্সটিটুয়েন্সীতে বলেছেন, চাকুরির ব্যবস্থা করবো। সেইমতো জয়ন্তবাবু হয়তো বলেছেন। তাই জানতে চাই তাদের জন্য ব্যবস্থা করেছেন কিনা? ব্যবস্থা রাখা হয়েছে কিনা?

শ্রীঅনিল মুখার্জী ঃ—উনি কোশ্চেন করছেন না, ষ্টেটমেন্ট করছেন?

(সরকার পক্ষের অনেক সদস্য এক সংগে বলতে ওঠেন।)

মিঃ স্পীকার ঃ—আপনারা যারা সরকার পক্ষ থেকে উঠছেন তারা কি মিনিষ্টারকে সাপোর্ট করতে উঠছেন? মন্ত্রী তো রয়েছেন, হয় তিনি উত্তর দেবেন, না হয় দেবেন না। আমি যদি মনে করি প্রশ্ন ইরেলিভেন্ট তাহলে ডিসএ্যালাউ করবো।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** মন্ত্রী মহাশয় কি জানাবেন ইতিমধ্যে যে সমস্ত এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে —যেমন ২৪-পরগণা স্কুল বোর্ডে ৩৪ জনকে চাকরি দেওয়া হয়েছে ক্লার্ক হিসাবে, এই রকম বিভিন্ন দপ্তরে যে চাকরি হচ্ছে, তাদের কি আপনার ওই সারকুলার অনুযায়ী হচ্ছে, না অন্যভাবে হচ্ছে?

**শ্রীকৃষ্ণপদ ঘোষ ঃ** আপনি নিজেই বোঝেন, আপনি অনেকদিন হাউসে আছেন, এই প্রশ্নটার উত্তর এইভাবে করলে দেওয়া যায় না। আপনি বললেন ২৪-পরগনার কথা, যদি কেউ বলেন হুগলী জেলার

ওমুক জায়গায় হয়েছে, তাহলে কি করে বলবো? তাই নোটিশ চাই। আপনাকে যদি জিজ্ঞাসা করি ওমুক জেলার ওমুক জায়গায় কটা পুকুর আছে আপনি কি বলতে পারবেন?

**শ্রীযতীন চক্রবর্তী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমার দপ্তরের অনেক প্রশ্ন আছে, কিন্তু আমাকে আজকে একটু তাড়াতাড়ি চলে যেতে হবে, আমি আপনার মাধ্যমে প্রশ্নকর্তা মাননীয় সদস্যদের কাছে আবেদন রাখছি, এবং আপনার কাছেও অনুরোধ রাখছি, আমার প্রশ্নগুলো যাতে আগে নেন।

## কামারপুকুর-বদনগঞ্জ রাস্তা ও আমোদর নদীর উপর সেতু নির্মাণ

৯০। (অনুমোদিত প্রশ্ন নং ২৫৪।) **শ্রীনানুরাম রায় :** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কামারপুকুর হইতে বদনগঞ্জ পর্যন্ত রাস্তাটির কিছু অংশে (কেষ্টগঞ্জ হইতে বদনগঞ্জ পর্যন্ত) এখনও কাজ শুরু হয় নাই ;

(খ) সত্য হইলে কত দিনে এই কাজ শুরু ও শেষ হইবে ;

(গ) তারাজুলি খাল ও আমোদর নদের উপর একটি পাকা সেতু নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(ঘ) থাকিলে, কবে নাগাত ঐ কাজ শুরু হইবে?

**শ্রী যতীন চক্রবর্তী :**

(ক) কেষ্টগঞ্জ-বদনগঞ্জ রাস্তাটি পূর্ত (সড়ক) বিভাগ কর্তৃক গৃহীত কামারপুকুর-বদনগঞ্জ সড়ক পরিকল্পনার অন্তর্ভুক্ত নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) সেতু দুইটি নির্মাণের প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে ; —

(ঘ) কংসাবতী কমাণ্ড এলাকার জন্য ভারত সরকারের অনুদান প্রাপ্তির উপর নির্ভর করছে।

## সাম্প্রতিক বন্যায় বিধ্বস্ত সেতু ও রাস্তা

৯১। (অনুমোদিত প্রশ্ন নং *২০১।) **শ্রীরজনীকান্ত দোলই :** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সাম্প্রতিক বন্যায় পশ্চিমবঙ্গের কি পরিমাণ রাস্তা ক্ষতিগ্রস্ত হয়েছে এবং কতগুলি সেতু নষ্ট হয়েছে; এবং

(খ) ঐ সকল রাস্তা ও সেতু মেরামত বাবত সরকারের কত অর্থ লাগবে?

**শ্রী যতীন চক্রবর্ত্তী ঃ**

(ক) পূর্ত বিভাগের নিয়ন্ত্রণাধীন ৪,৪৫২ (চার হাজার চারশত বাহান্ন) কিলোমিটার রাস্তা ও বিভিন্ন ধরনের ৫৩১ (পাঁচশত একত্রিশ) টি সেতু ক্ষতিগ্রস্ত হয়েছে।

(খ) ৪৩ (তেতাল্লিশ) কোটি টাকা।

**শ্রীহবিবুর রহমন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় যে হিসাব দিলেন তার মধ্যে কত কিলো মিটার এখন পর্যন্ত মেরামত হয়েছে?

**শ্রীযতীন চক্রবর্ত্তী ঃ** আমরা এখন পর্যন্ত মেরামত করেছি ৩ হাজার ২০০ কিলো মিটার রাস্তা। কিন্তু এইগুলো সম্পূর্ণ মেরামত হয়নি, আমরা কোন রকমে রাস্তাগুলো চালু করে দিয়েছি। কারণ কেন্দ্রীয় সরকারের কাছে মুখ্যমন্ত্রীর মাধ্যমে, অর্থমন্ত্রীর মাধ্যমে যে টাকার দাবী জানিয়েছিলাম, সেই ৪৩ কোটি টাকার মধ্যে এখন পর্যন্ত পেয়েছি মাত্র ১৩ কোটি টাকা। সুতরাং আমরা আমাদের কাজ শুরু করে দিয়েছি এবং তিন হাজার কিলো মিটার এর মত রাস্তার কিছু কিছু মেরামত করে দিয়েছি যাতে সড়ক যোগাযোগ ব্যবস্থা অব্যাহত থাকে এবং ত্রানের কাজ ভাল ভাবে চলতে পারে, সেই ভাবে আমরা কাজ শুরু করেছি।

**[2-00 — 2-10 P.M.]**

**মিঃ স্পীকার ঃ** এখন আমি মাননীয় সদস্য সবশ্রী মহম্মদ সোহরাব, সন্তোষ রাণা, জন্মেজয় ওঝা ও সেখ ইমাজুদ্দিন এঁদের প্রত্যেকের কাছ থেকে একটি করে মুলতুবী প্রস্তাবের নোটিশ পেয়েছি। প্রথম নোটিসে মহম্মদ সোহরাব বর্ধমান জেলার মেমারি থানায় গত ২৪শে নভেম্বর ১৯৭৮ তারিখে দুটি রাজনৈতিক দলের সংঘর্ষে এক ব্যক্তির হত্যার অভিযোগ করে এ বিষয়ে আলোচনার জন্য আজকের সভা মূলতুবী রাখতে চেয়েছেন। দ্বিতীয় নোটিশে শ্রীসন্তোষ রাণা গোপীবল্লভপুর ও নয়াগ্রাম থানায় জোতদারের গুলিতে কয়েকজন কৃষক নিহত হওয়ার অভিযোগ করেছেন ও শান্তিপূর্ণভাবে ফসল কাটার স্বার্থে জোতদারদের বন্দুক বাজেয়াপ্ত করার দাবী করে এর উপর আলোচনা করতে চেয়েছেন। তৃতীয় নোটিশে শ্রীজন্মেজয় ওঝা আইন শৃঙ্খলার অবনতি ও বিরোধী সদস্যের নিরাপত্তার অভাব বিষয়ে আলোচনার জন্য মুলতুবী প্রস্তাব এনেছেন। তিনি এই বিষয়ে কয়েকটি ঘটনার উল্লেখ করেছেন। চতুর্থ নোটিশ সেখ ইমাজুদ্দিন আইন শৃঙ্খলার অবনতি সম্পর্কে উল্লেখ করে এ বিষয়ে ঐ আলোচনার জন্য মুলতবী প্রস্তাব এনেছেন এবং তাঁর উল্লেখিত ঘটনা প্রথম নোটিশের অনুরূপ। উপরোক্ত সবকটি নোটিশের বিষয়বস্তু সাধারণ আইন শৃঙ্খলা সম্পর্কিত এবং এগুলির প্রতিকার আইনের প্রচলিত ব্যবস্থার মধ্যে হওয়া সম্ভব। মুলতুবী প্রস্তাবের পক্ষে এগুলি উপযুক্ত নয়। সুতরাং আমি উপরোক্ত চারটি মুলতুবী প্রস্তাবের নোটিশে আমার অসম্মতি জ্ঞাপন করছি। এখন সংশোধিত আকারে আপনারা আপনাদের নিজ নিজ নোটিশগুলি পড়ে দিতে পারেন।

**Shri Md. Soherab :** This House do now adjourn its business to discuss a definite matter of urgent public importance, viz :

Yunus Mondal, a Forward Block worker of Sardanga under Memari P. S. in the district of Burdawan was brutally killed on 24.11.78 in a clash between supporters of Forward Block and CPI (M). Inspite of getting the names of the murderers, the police, at the dictation of C. P. I. (M), is not arresting them and assailants have created a reign of terror in the locality.

It appears that police administration, being dictated by the C. P. I (M), is careless and inactive.

This House must now adjourn its business to discuss this matter of urgent business to discuss this matter of urgent public inportance.

**শ্রী সেখ ইমাজুদ্দিন ঃ** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবী রাখছেন। বিষয়টি হোল, পশ্চিমবঙ্গের সর্বত্র সি. পি. এম কর্মীরা ভিন্ন রাজনৈতিক দলের কর্মীদের উপর আক্রমণ চালাচ্ছেন। তারা কংগ্রেস ও জনতা দলের লোকদের তো মারছেনই, এমন কি বামফ্রন্টের শরিক দল আর এস. পি ফরওয়ার্ড ব্লকের কর্মীদের বাদ দিচ্ছে না। ২৪শে নভেম্বর তারিখে বর্ধমানের মেমারী থানার সরডাঙ্গায় ফরওয়ার্ড ব্লকের বিশিষ্ট কর্মী ইউনুস মণ্ডলকে সি. পি. এম-এর কর্মীরা খুন করেছে। জেলার ফরওয়ার্ড ব্লক নেতাগণ আততায়ীর নাম ধাম দেওয়া সত্ত্বেও পুলিশ এখনও কাউকে গ্রেপ্তার করে নি। অতএব এই গুরুত্বপূর্ণ বিষয়ের আলোচনার জন্য এই সভার কাজ মুলতুবী রাখা হোক।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবী রাখছেন। বিষয়টি হল — একদল সশস্ত্র লোক গত ২৪ শে নভেম্বর পটাশপুর থানার চকরডল গ্রামে কয়েকজন গরীব বর্গাদারের পুকুরের মাছ এবং কয়েকজন জেলের বিক্রীর জন্য জিইয়ে রাখা একটি ডোবার মাছ লুঠ করে। স্থানীয় পঞ্চায়েত প্রধান ও এম. এল. এ. হিসাবে আমি তাদের অভিযোগ থানায় পাঠিয়ে দিই। পুলিশ দুজনকে গ্রেপ্তার করে। এতে স্থানীয় সি. পি. এম. উত্তেজিত হয় কারণ, তারা সি. পি. এম. কর্মী ও সমর্থক। তারা আমাকে এবং অভিযোগকারীদের আক্রমণের চেষ্টা করে। এতদ্ব্যতীত সি. পি. এম. কৃষক সমিতিতে যোগ না দেওয়ায় কৃষক সমিতি ঐ এলাকায় গত ২২ শে নভেম্বর একজন বর্গাদারের ধান কেটে নেয় এবং আরও কয়েকজনের ধান কাটার চেষ্টা করে। কিন্তু প্রতিরোধের ফলে ব্যর্থ হয়। গত ২৮ শে নভেম্বর ভোর থেকে পার্শ্ববর্তী হরিপুর গ্রামে বিভিন্ন দিক থেকে মিছিল করে এসে জড় হয়। তাদের উদ্দেশ্য জনতা পার্টি সমর্থক বর্গাদারদের ধান কাটা এবং আমার ও আরও কয়েকজনের বাড়ীর ওপর হামলা করা। সি. পি. এম. বিরোধী এম. এল. এ. দের নিরাপত্তার কোন নিশ্চয়তা নাই। আইন শৃঙ্খলার অবনতি সম্পর্কে আলোচনার জন্য অদ্যকার সভা মুলতুবী রাখা হউক। আর একটি গুরুত্বপূর্ণ বিষয় হল ঐ মিছিল সশস্ত্র ভাবে নানা রকম অস্ত্রশস্ত্র নিয়ে বর্গাদারদের ধান কাটতে গিয়েছিল এবং আমার বাড়ীর উপর চড়াও হয়েছিল। তারপর অনেক লোক উপস্থিত হলে তারা চলে যায়।

**মিঃ স্পীকার ঃ** আমি এটাকে সিরিয়াসলি নিচ্ছি। আমি এটাকে এ্যাডজোর্নমেন্ট মোসান হিসাবে এ্যালাও না করলেও, আই টেক ইট ভেরি সিরিয়াসলি। কেন না, আমাদের এই বিধানসভার একজন মাননীয় সদস্য তিনি বলছেন তার বাড়ীর উপর আক্রমণ হচ্ছে, এটা আমার নজরে এনেছেন — আমি বিষয়টি চীফ মিনিষ্টারকে জানাব।

মাননীয় সদস্য শ্রীসন্তোষ রাণা এখানে উপস্থিত নেই দেখতে পাচ্ছি, অতএব আমি তাব প্রস্তাবটি পড়ে দিচ্ছি। পশ্চিমবাংলায় ধান কাটার মরশুমে কৃষকদের উপর জোতদারদের বন্দুকবাজীর ঘটনা। ধান কাটার মরশুম শুরু হওয়ার সংগে সংগে কৃষকদের উপর জোতদারদের বন্দুকবাজী শুরু হয়েছে। গোপীবল্লভপুর ও নয়াগ্রাম থানায় বেশ কয়েকজন কৃষক ১১ ই নভেম্বর জোতদারদের গুলিতে নিহত হয়েছেন। এছাড়া অন্যত্রও এরকম বহু ঘটনা ঘটেছে। অনেক জায়গায় কৃষকেরা জোতদাবদের ভয়ে নিজেদের চাষ করা ফসল কাটতে পারছেন না। আমি প্রস্তাব করছি যে শান্তিপূর্ণভাবে ফসল কাটার ব্যাপারটা সম্পন্ন করার স্বার্থে ধান কাটার মরশুমে জোতদারদের বন্দুক বাজেয়াপ্ত করা হোক। বিষয়টি যেহেতু পশ্চিমবাংলার সাড়ে তিন কোটি গরীব কৃষকদের স্বার্থের সঙ্গে জড়িত এবং জরুরী সেহেতু আজকের কাজ মুলতুবী রেখে এই জরুরী বিষয়টি আলোচনা করা হোক। স্বভাবতই এটা আপনার মুলতুবী প্রস্তাবের বিষয়বস্তু হতে পারে না।

**[2-10 — 2-20 P.M.]**

## CALLING ATTENTION ON MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE

**মিঃ স্পীকার ঃ** আমি মোট ৮ টি নোটিশ পেয়েছি, সেগুলি আমি পড়ে দিচ্ছি।

.। কালনা থানাধীন জাড়বেলিয়া গ্রামে জোর জুলুমের ঘটনা — শ্রী সুনীতি চট্টরাজ।

২। কসবায় জনৈক কৃষ্ণ কুমার মুখার্জীকে মারাত্মক অস্ত্র দ্বারা আহত করার ঘটনা — শ্রী সুনীতি চট্টরাজ।

৩। হাঁসড়া হাইস্কুলে সহকারী শিক্ষকের নিয়োগ বীরভূম জেলার ডি আই. অফ স্কুলস্ এর এ্যাপোভাল না দেওয়া — শ্রী সুনীতি চট্টরাজ।

৪। আদালতের নিষেধাজ্ঞা অমান্য করে পটাশপুরে জোর পূর্বক ধানকাটা -- শ্রী জন্মেজয় ওঝা।

৫। মেদিনীপুর জেলার দাঁতন ও বেলদা থানাতে গণ আদালতে বিচার — শ্রী কৃষ্ণ দাস রায়।

৬। Issue of circular to transfer the Bailiffs of Calcutta Corporation –

৭। Firing by Police at Chetla on 29.11.78. - Shri Md Sohorab.

৮। কলিকাতার টেষ্ট টিউব শিশু সম্পর্কে সরকারী বিবৃতির প্রয়োজনীয়তা — শ্রীঅমলেন্দ্র রায়।

এর মধ্যে শ্রীকৃষ্ণদাস রায় মেদিনীপুর জেলার দাঁতন ও বেলদা থানাতে গণ আদালতে বিচার সম্বন্ধে যেটি এনেছেন সে সম্বন্ধে ষ্টেটমেন্ট দিতে অনুরোধ করছি বা সেই ষ্টেটমেন্ট দেবার তারিখ জানাবার জন্য অনুরোধ করছি।

**শ্রী দীনেশ মজুমদার ঃ** — ৮ই ডিসেম্বর।

## MENTION CASES

**শ্রীশশবিন্দু বেরা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীমহাশয় তথা সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, হাওড়া জেলার শ্যামপুর থানা সেচ এলাকাভুক্ত নয়। বন্যায় আমন ধানের চাষ সম্পূর্ণ নষ্ট হয়ে যাওয়ার পর সেখানে খরিপ মরশুমে বিকল্প ধান চাষের জন্য সেচের জল সরবরাহের প্রশ্নে সরকারী কৃষি বিভাগ থেকে এই আশ্বাস ও আশা দেওয়া হয়েছিল যে উচ্চশক্তি সম্পন্ন পাম্পের সাহায্যে পার্শ্ববর্তী নদীগুলি থেকে জল তুলে খাল নালাগুলির মধ্যে দিয়ে সেচের ব্যবস্থা করা হবে। চাষাবাদ আরম্ভ করবার সময় দ্রুত পার হয়ে যাচ্ছে কিন্তু সেচের এরূপ কোন ব্যবস্থা কিছুই হয়নি। সেচের অভাবে খরিপ মরশুমে ধান চাষ করতে না পারলে কৃষকরা সর্বনাশা সঙ্কটের মধ্যে পড়বেন। এ বিষয়ে সরকারী কৃষি দপ্তরকে তৎপর হ'য়ে কাজ করবার জন্য এবং অবিলম্বে সেচের জল সুনিশ্চিত সরবরাহের জন্য অনুরোধ জানাচ্ছি। স্যার, সরকারপক্ষ থেকে চাষাবাদ করার জন্য কৃষকদের উৎসাহিত করার চেষ্টা করা হচ্ছে এবং তাদের বীজ, সার ইত্যাদি দেবার ব্যাপারে প্রতিশ্রুতি দেওয়া হচ্ছে কিন্তু বাস্তবে কিছুই হচ্ছে না। সেখানে বীজের পরিমাণ কম—যথেষ্ট নয়। তা ছাড়া যেটা সেচ এলাকা নয় সেখানে জলসরবরাহের কিছু মাত্র ব্যবস্থা নেই। আমি এ বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি এবং বলছি যে অবিলম্বে উপযুক্ত ব্যবস্থা না হলে উৎপাদনের ক্ষেত্রে বা কৃষির ক্ষেত্রে বিপর্যয় নেমে আসবে এবং তার সঙ্গে সঙ্গে কৃষকদের জীবনেও বিপর্যয় নেমে আসবে। আমি এ বিষয়ে কৃষিমন্ত্রী মহাশয়ের দৃষ্টি বিশেষভাবে আকৃষ্ট করছি।

**শ্রীগনেশ চন্দ্র মণ্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ন বিষয়ের প্রতি আপনার মাধ্যমে বন দপ্তরের মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গোসাবা থানার অর্ন্তগত লাহিড়ীপুর গ্রাম পঞ্চায়েতের কয়েকজন অধিবাসী — রাজেন ঘরামী, গঙ্গাধর রায় প্রমুখ ব্যক্তিরা স্থানীয় ভূমিহীন ব্যক্তিদের কাছ থেকে টাকা নিয়ে সুন্দরবনের সংরক্ষিত এলাকায় তাদের বস্তি স্থাপন করানোর জন্য চেষ্টা করছে। স্যার, সেখানে দণ্ডকারণ্য থেকে আগত যে সমস্ত শরণার্থী আছেন তাদের সরকার সরাতে পারছেন না তার উপর স্থানীয় লোকরা যদি এইভাবে বনের মধ্যে হাজারে হাজারে ঢুকে পড়েন তাহলে ভবিষ্যতে তাদের উচ্ছেদ করা যাবে না। স্যার, স্থানীয় ভূমিহীন লোকেরা এইভাবে এই সমস্ত লোকের প্ররোচনায় যাতে বনের মধ্যে গিয়ে বসতি স্থাপন করতে না পারে সে দিকে সরকারের দৃষ্টি দেওয়ার প্রয়োজন আছে বলে আমি মনে করি।

**শ্রীঅতীশ চন্দ্র সিনহা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে এই সভার তথা মন্ত্রী সভার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গত বন্যার সময় কি রকম জি. আর. এর অপচয় হয়েছে এবং তার সঙ্গে কি রকম দলবাজী হয়েছে তারই একটি দৃষ্টান্ত আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং মাননীয় ত্রাণমন্ত্রীর সামনে রাখছি। স্যার, গত বন্যার সময় যখন কান্দীব্লকের মুনিগ্রাম গ্রামে-যশুহরি আনুখা এক নং গ্রাম পঞ্চায়েতে যাই তখন শুনি যে সেখানে যে তিনজন গ্রাম পঞ্চায়েতে

নির্বাচিত হয়েছিলেন—আবুল হায়াত, লালমোহন ঘোষ, নুরুল ইসলাম—এর মধ্যে প্রথম দুজন হচ্ছে সি. পি. এম. দলের এবং নুরুল ইসলাম হচ্ছেন কংগ্রেস দলের। কিন্তু সেখানে যে জি. আর এর লিস্ট হচ্ছে তার মধ্যে প্রথম দুজন অর্থাৎ সি. পি. এম. এর যারা সদস্য, তাদের ইচ্ছা অনুসারে লিস্ট তৈরী হচ্ছে এবং কংগ্রেসের যে নির্বাচিত সদস্য নুরুল ইসলাম, তাঁকে ডাকাও হচ্ছে না, দায়িত্ব দেওয়া হচ্ছে না এবং বন্টন করতেও দেওয়া হচ্ছে না। আরও আমি দেখলাম, আমার কাছে কাগজ আছে, তখন যে রেশন কার্ড বিলি হয়েছিল — এখানে আট কেজি গম দেওয়া হয়েছে ২১/১০/৭৮ তারিখে, সেই কার্ডে কাকে দেওয়া হয়েছে তার কোন নাম ঠিকানা নেই এই রকম একটি কার্ড পুকুর পাড় থেকে উদ্ধার করা হয়েছে, সেই কার্ডটি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী কিংবা মাননীয় ত্রাণমন্ত্রীর কাছে দিচ্ছি, যাতে তাঁরা এনকোয়ারি করে দেখতে পারেন এবং এই রকম ধরণের ঘটনার যাতে অবসান হয়, তার ব্যবস্থা করতে পারেন।

**Dr. Ambarish Mukhopadhyay :** Sir, I would like to draw the attention of the Minister concerned to a fact involving a loss of Rs. 32,904/- from the Government exchequer It happened on Balarampur — Barabhum — Sindri road. The suspended span of the Ningasai bridge collapsed, and Government had to pay the sum to the contractor concerned in an arbitration award. Mr. J. C Bhattacharyya, Assistant Engineer was in-charge of the affairs I do not speak from any vendetta or vengeance. When we shall have to tighten our belt for the reconstruction work after this flood havoc, we cannot afford such wastage. Where wastage ends austerity begins. I would like to request the Hon'ble Minister concerned to look into the matter and fix up the responsibility.

**শ্রীধীরেন্দ্র নাথ রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গত ২৪/১১/৭৮ তারিখে জলপাইগুড়ি জেলার অন্তর্গত রাজগঞ্জ থানার অধীন ফুলবাড়ি এলাকার প্রধান পাড়া নামক গ্রামে কংগ্রেস আই সমর্থক এক জোতদার কিছু সংখ্যক লোক নিয়ে এক পাট্টা ধাবী বর্গাদারের পাঁচ বিঘা জমির সমস্ত ধান কেটে লুঠ করে নিয়ে যায়। সেই পাট্টাধারী বর্গাদার এন জি পি. থানায় গিয়ে ডায়েরী করে। সেখান থেকে রাজ গঞ্জে ও. সি. সেটা এনকোয়ারী করার জন্য যান। এনকোয়ারী করতে গেলে সেই সময় ঐ কংগ্রেস আই সমর্থক জোতদার এবং তার কিছু মস্তান বাহিনী নিয়ে ঐ অফিসারের উপর খুব আক্রমণ করা হয়, লোহার রড দিয়ে দু অফিসারকে খুব মারধোর করা হয় এবং তারা বিশেষ ভাবে আহত হন এবং তার মধ্যে একজন গুরুতর ভাবে অসুস্থ হয়ে পড়েন। তারপর এন. জি পি. সি. আই. সেখানে আসার পর তাদের দুজনকে হাসপাতালে স্থানান্তরিত করা হয়। আমি এই বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই বিষয়ে সুবিচার হয়।

**শ্রীহবিবুর রহমন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সমবায় মন্ত্রীর নিকট একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। প্রচলিত নিয়ম অনুসারে নির্ধারিত মূল্যে কিছু কিছু কাপড়

কনজিউমার্স ষ্টোর্স থেকে থানা মার্কেটিং কো-অপারেটিভ সোসাইটি বা সার্ভিস কো-অপরেটিভ সোসাইটিগুলোর মাধ্যমে বিক্রি করা হতো গরীব মানুষের মধ্যে। বর্তমানে কো-অপারেটিভ সোসাইটিগুলো অন্য রকম ব্যবসা শুরু করছে, তারা এই নির্ধারিত মূল্যের কাপড়ের সঙ্গে ফ্রি সেলের কাপড় চাপিয়ে দিচ্ছে। এই ফ্রি সেলের কাপড়ের দাম খোলা বাজারের কাপড়ের যে দাম তার চেয়ে বেশী। ফলে মার্কেটিং কো-অপারেটিভ সোসাইটিগুলো এই ফ্রি সেলের কাপড় বিক্রি করতে না পারার জন্য কনজিউমার্স থেকে নির্ধারিত মূল্যে কাপড় পাচ্ছে না। ফলে গরীব মানুষদের বিশেষ অসুবিধা হচ্ছে। মন্ত্রীমহাশয় এই বিষয়ে ব্যবস্থা গ্রহন করুন।

**[2-20 — 2-30 P.M.]**

**শ্রীসামসুদ্দিন আহমেদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি করুণ ঘটনা আপনার সামনে তুলে ধরছি। গত ১৯/১১/৭৮ তারিখে রবিবার রাত্রে মেদিনীপুর জেলার শাঁকরাইল থানার দুর্গাপুর গ্রামে যেখানে ২৫টি মাত্র আদিবাসী পরিবার আছে সেখানে সেই ২৫টি পরিবারের মধ্যে ১৭টি পরিবারের বাড়ীতে ডাকাতি হয়েছে। এই বিচ্ছিন্ন এলাকার এই করুণ খবর খবরের কাগজে বেরয়নি। তাই আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে খবরটি হাউসের সামনে রাখলাম এবং সেই সঙ্গে আমরা দেখতে পাচ্ছি যে, পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলা পরিস্থিতির কি প্রচণ্ড অবনতি হয়েছে। বিভিন্ন দিকে আজকে এই অবস্থা হচ্ছে। একটি ছোট গ্রামে ২৫টি বাড়ীর মধ্যে একই রাত্রে ১৭টি বাড়ীতে ডাকাতি হয়েছে, কি সাংঘাতিক ঘটনা, দেখুন। আমি আপনার মাধ্যমে বিষয়টির প্রতি সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে তদন্তের অনুরোধ জানাচ্ছি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, বিধান সভার একজন কর্মী এই টেলিগ্রামটি আমাকে কালকে দিয়েছিলেন, কালকে সময় উত্তীর্ণ হয়ে যাওয়ার জন্য বলতে পারিনি, তাই আজকে মেনশন করছি। এটিতে লেখা হয়েছে,

Shri Ramkanta Jana with about 300 manpowers under the leadership of C.P.I.(M) looted paddy crop with deadly weapons and explosive bombs. Violating High Court orders. Egra police seized weapons lastly none arrested and weapons returned. Thus police failed to perform legal duties willingly. —Pulin Maity, Village Sikrachakda, Post — Kalyanpur Via Panchrol, Midnapore.

মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই জাতীয় চিঠি ও টেলিগ্রাম আমরা হরদম পাচ্ছি। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় ভূমি-রাজস্ব ও ভূমি-সদ্ব্যবহার দফ্‌তরের মন্ত্রীমহোদয়কে অনুরোধ করব, আপনি একটা তদন্ত কমিশন বসান। অনেকে এই সব ফেব্রিকেটেড বলছে। মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রী আছেন, তাঁর কাছে আমার অনুরোধ এসব বন্ধ করুন। আজকে বন্যা বিধ্বস্ত পশ্চিমবাংলায় এই জিনিষ থাকা উচিত নয়। সেই জন্য আমি অনুরোধ করব এই জাতীয় ক্রপ নিয়ে ডিসপ্যুট আপনারা বন্ধ করুন। মাননীয় ভূমিরাজস্ব ও ভূমিসদ্ব্যবহার মন্ত্রীমহাশয় যদি তাঁর দফ্‌তরকে একটু সচেতন করে দেন তাহলে এই রকম হার্ভেস্টিং ক্ল্যাস এবং লুটিং অফ প্যাডি হয় না। এই জিনিষ হলে এগুলি নো ম্যানস প্রপার্টি হয়ে যায়। সেই জন্যই আমার এই অনুরোধ।

**শ্রীসুভাষ গোস্বামী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত জরুরী বিষয়ের প্রতি আমি মাননীয় শিক্ষামন্ত্রী, স্বাস্থ্যমন্ত্রী ও মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। বিগত সরকারের তুঘলকি শিক্ষা ব্যবস্থার ফলে উচ্চ মাধ্যমিক শিক্ষায় যারা প্যারা মেডিকেল কোর্স নিয়ে পাশ করেছেন সেই সমস্ত ছাত্রদের দিকে এক অন্ধকার ভবিষ্যত নেমে এসেছে। পশ্চিমবাংলার ৫-টি বিদ্যালয়ের এই রকম ছাত্র-ছাত্রীর সংখ্যা ১৪৬ জন, এঁদের সামনে আজকে ডিগ্রি কোর্সে ফিরে যাবার কোন পথ খোলা নেই। তাঁরা আজকে এক অনিশ্চিত অবস্থার মধ্যে সময় কাটাচ্ছে। তাই আমি সমগ্র মন্ত্রী মণ্ডলীর কাছে অনুরোধ জানাচ্ছি যে, কাল-বিলম্ব না করে এঁদের জন্য যে কোনও উপায় চিন্তা করুন এবং এঁদের বাঁচবার সুযোগ করে দিন।

**শ্রী শচীন সেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি জরুরী বিষয় এখানে উল্লেখ করতে চাই। বিগত চিকমাগালুর নির্বাচনের পরে সামগ্রিকভাবে পশ্চিমবঙ্গে অশুভ লক্ষণ দেখতে পাচ্ছি। পুরোনো দিনের কায়দায় সেই কংগ্রেসীরা সমাজবিরোধী গুণ্ডাদের সংগঠিত করেছে। পাড়ায় পাড়ায় বিশৃঙ্খলা সৃষ্টি করার চেষ্টা করছে। সি. পি. আই. (এম) কর্মীদের উপর আক্রমণ শুরু করেছে। আমি একটি ইস্তাহার পেয়েছি যার মধ্যে সাক্ষর করেছেন জনতা, কংগ্রেস, কংগ্রেস (আই) এবং এস. ইউ. সির সমর্থক। গতকাল গলাবাজি করে যে ঘটনার কথা মাননীয় সদস্য সুনীতিবাবু উল্লেখ করেছেন তা সম্পূর্ণ উল্টো ঘটনা। যেখানে গুণ্ডাদের সংগঠিত করা হচ্ছে সেই জায়গায় যেহেতু প্রশাসন জনসাধারণের চাপে পড়ে একটা নিরপেক্ষতা আনবার চেষ্টা করছেন সেই জায়গায় দেখা যাচ্ছে — দিনের পর দিন এরা চিৎকার চেঁচামেচি করছে, অশুভ আঁতাত হচ্ছে পশ্চিমবাংলায় আইন-শৃঙ্খলার অবনতি ঘটাবার জন্য। এটা জনসাধারণ রুখবে এবং এই ব্যাপারের প্রতি আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী শৈলেন সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা জানেন, আমাদের বিধানসভার মাননীয় সদস্য শ্রীআবুল বরকত আতাউল গনি খান চৌধুরী মহাশয় সুজাপুর থেকে নির্বাচিত হয়ে এসেছেন। এই সুজাপুরেই গ্রাম পঞ্চায়েত প্রধান নির্বাচিত হয়েছেন তাঁরই নামে, শ্রীআবুল বরকত। ইনি আগে তার দলের ছিলেন কিন্তু এখন আর নেই। এই আবুল বরকত মহাশয়কে তাঁর দলে ফিরিয়ে আনবার জন্য কয়েকদিন ধরে কয়েকজন কংগ্রেসী গুণ্ডা কিডন্যাপ করার চেষ্টা করে এবং তারা সফল হয়। তারা কিড্‌ন্যাপ করে গনি খান চৌধুরী মহাশয়ের বাড়িতে নিয়ে এসে তাঁকে জোর করে পদত্যাগ করাবার চেষ্টা করে। তিনি কোন রকমে বেরিয়ে আসেন এবং বেরিয়ে আসার পর আবার তাঁকে কিডন্যাপ করার চেষ্টা করা হচ্ছে এবং আক্রমণ করারও চেষ্টা চলছে। এখন যদি বরকত সাহেবকে গ্রেপ্তার করা হয় তাহলে কংগ্রেস দল বলবে যে আমাদের উপর হস্তক্ষেপ করা হচ্ছে। এই জিনিষ চলছে। সুতরাং এই ব্যাপারের প্রতি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীসরল দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি ঘটনার প্রতি মাননীয় পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। অতীতে কলকাতা করপোরেশনকে চোরপোরেশন বলা হতো। অত্যন্ত দুঃখের কথা, মাননীয় পৌরমন্ত্রী ১১.৫ ৭৮ তারিখে সার্কুলার দিয়েছেন। তাতে বলা আছে যে, ৩ বছরের উর্দ্ধে যে

সমস্ত বেলিফ আছেন তাদের ট্রান্সফারের অর্ডার দেওয়া হয়েছে। কিন্তু তাঁর অর্ডার কার্যকরী করা হচ্ছে না, এফেক্ট দেওয়া হচ্ছে না, কারণ এই সমস্ত বেলিফরা বিভিন্ন জায়গায় মৌরসি-পাট্টা করে রেখেছেন। অবিলম্বে যদি এফেক্ট দেওয়া না হয় তাহলে আগামী বছরে করপোরেশনের ইনকাম ১ কোটি টাকার মত কমে যাবে। অবিলম্বে ব্যবস্থা গ্রহণের জন্য পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**[2-30 — 2-40 P.M.]**

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যখন হাউসে ছিলাম সেই সময় আমাকে বাইরে ডেকে নিয়ে গিয়ে কতকগুলি দরখাস্ত দেওয়া হয়েছে, ভাগচাষীদের ধান জোর করে কেটে নেওয়া, হাইকোর্টের ইনজাংশান অগ্রাহ্য করা ইত্যাদি। মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে এ্যাড্রেস করা হয়েছে ইউ। এটা দেখা খুবই প্রয়োজন আমি ২৬ খানা দরখাস্ত দিচ্ছি, তদন্ত হবে কি না জানিনা, তবে এ্যাকশন যেন নেওয়া হয়।

**মিঃ স্পীকার ঃ** আমাদের এখানে পিটিশন কমিটিতে দেওয়ার ব্যবস্থা আছে। আমার কাছে ব্যক্তিগত ভাবে দিলে আমি পাঠিয়ে দিই, এখানে যখন পিটিশন হাউসে স্পীকারের কাছে দেওয়া হয়েছে তখন গো টু দি পিটিশন কমিটি।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মাননীয় স্পীকার স্যার, আমি আপনার অনুমতি নিয়ে একটা বিশেষ ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। শচীনবাবু, শৈলেনবাবু যে কথা বললেন আমি ওঁদের সঙ্গে একমত। দেশে আইনের শাসন নেই, গুণ্ডামির শাসন চলছে। ২৮.১১.৭৮ তারিখে বেলা ১০টার সময় বালিগঞ্জ ষ্টেশনে লোক ভর্তি, সেখানে ১০/১২ জন সি. পি. এমের গুণ্ডা — আমি নাম বলে দিচ্ছি —

(গোলমাল)

এইভাবে জঙ্গলের রাজত্ব চলছে। দিনের বেলায় ১০টার সময় মারধোর চলছে, আইনের শাসন নেই।

**শ্রীরবিশংকর পাণ্ডে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। গত পরশু জোড়াসাঁকোয় একটি মেয়ের গলা থেকে হার ছিনতাই হয়েছে। পুলিশ সেখানে নিষ্ক্রিয় ছিল, প্রায় সর্বত্রই এই রকম ছিনতাই, লুটপাট চলছে, আমি আপনার মাধ্যমে পুলিশ মন্ত্রীকে বলছি তিনি যেন তাড়াতাড়ি এ ব্যাপার বন্ধ করবার জন্য পুলিশকে নির্দেশ দেন। এই আমার প্রার্থনা।

**Mr. Speaker :** Now, Shri Partha De, Hon'ble Minister, Education Department will make a statement under rule 346 of the Rules of procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

**শ্রী পার্থ দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২৮.১১.৭৮ তারিখে বিধান সভায় মাননীয় সদস্য শ্রী হরিপদ জানা কর্তৃক উল্লেখিত একটি বিষয় সম্পর্কে আপনার অনুমতিক্রমে আমি নিম্নলিখিত তথ্যগুলি সভার অবগতির জন্য পেশ করছি ঃ —

২৪ পরগণা জেলার অস্থায়ী স্কুল বোর্ড গঠিত হবার পর কয়েকটি সমস্যা জরুরি আকারে দেখা দেয়। প্রাথমিক শিক্ষকদের প্রভিডেন্ট ফাণ্ডের হিসাব দীর্ঘ দিন ধরে কোন কোন ক্ষেত্রে ১৯৭২ সাল থেকে, কোন কোন ক্ষেত্রে ১৯৭৪ সাল থেকে অসম্পূর্ণ ছিল। স্কুলবোর্ডের বাৎসরিক হিসাব ১৯৭৪-৭৫ সাল থেকে হিসাব পরীক্ষক দ্বারা পরীক্ষা করানো হয়নি। কেননা হিসাবের রীতি খাতাপত্র অসম্পূর্ণ ছিল, নতুন শিক্ষক নিয়োগের নীতি ঘোষিত হবার পর ৪০ হাজার প্রার্থীর দরখাস্ত স্কুল বোর্ড দপ্তরে জমা পড়ে। সেগুলি পরীক্ষা করা ও সাজানো খুব জরুরী কাজ ছিল, কিন্তু ২৪ পরগণা জেলা স্কুল বোর্ডে নিয়মিত পদগুলিতে ৩০ টি শূণ্য পদ ছিল, এর মধ্যে এল, ডি, সি, ২১, টাইপিষ্ট ১, পিওন ৩, ওয়ার্ক সরকার ২, এস, এ, ২, ক্লিনার ১।

২৪ পরগণা জেলা স্কুল বোর্ড কর্মচারী সমিতি তাদের দাবীপত্রে অবিলম্বে এই পদগুলি পূরণের জন্য দাবী জানান, এই পরিস্থিতিতে ২৪ পরগণা অস্থায়ী স্কুল বোর্ড ১৭-৪-৭৮ তারিখের সভায় সর্বসম্মতভাবে সিদ্ধান্ত করেন যে, সভাপতি সাময়িক ভিত্তিতে আপাতত কতকগুলি পদ পূরণ করে নিয়োগ করবেন। এই সভার পর ১৯-৬-৭৮ তারিখে বিভিন্ন কর্মবিনিয়োগ কেন্দ্রে যথা, রিজিওনাল এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ, ডায়মণ্ড হারবার এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ, ব্যারাকপুর এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ, দমদম এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ ও বজবজ এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে, কর্মপ্রার্থীদের নাম চেয়ে পত্র দেওয়া হয়। ৩১-৭-৭৮ তারিখ থেকে বিভিন্ন কর্ম বিনিয়োগ কেন্দ্র থেকে উত্তর আসতে থাকে।

২৪ পরগণা জেলা স্কুল বোর্ড পূর্বোক্ত সিদ্ধান্ত অনুযায়ী ২১-৪-৭৮ তারিখ থেকে ২২-৭-৭৮ তারিখের মধ্যে খুব সাময়িক ভিত্তিতে এবং চূড়ান্ত নির্বাচন সাপেক্ষ ২৩ জন কর্মচারী নিয়োগ করেন।

ইতিমধ্যে শিক্ষকদের প্রভিডেন্ট ফাণ্ডের হিসাব ১৯৭৮ সাল পর্যন্ত সম্পূর্ণ করা হয়েছে। ১৯৭৪-৭৫ সালের বাৎসরিক হিসাব হিসাব-পরীক্ষক দ্বারা পরীক্ষা করানো হয়েছে। এবং পরবর্ত্তী বৎসরগুলির হিসাব পরীক্ষার জন্য প্রস্তুত করা হচ্ছে। প্রায় ২০০ অবসর প্রাপ্ত বা মৃত শিক্ষকের প্রভিডেন্ট ফাণ্ড, গ্র্যাচুইটি প্রভৃতি প্রশ্নের নিষ্পত্তি করা এবং শিক্ষক নিয়োগের প্যানেল প্রস্তুতির জন্য ৪০,০০০ দরখাস্ত পরীক্ষা করা হয়েছে। প্রার্থীদের ইন্টারভিউ করার কাজ শুরু হয়েছে।

শিক্ষা দপ্তরের আদেশ নং ১৪১৮- ইডি এন (পি) তারিখ ২২-৮-৭৮ ৯ বি ৫/৭৪ পার্ট অনুযায়ী স্কুল বোর্ডের সভাপতির একান্ত সহকারী হিসাবে একটি পদ অনুমোদন করা হয়েছে। উক্ত পদে ২৫-১০-৭৮ তারিখে ২৪ পরগণা স্কুল বোর্ড একজনকে সাময়িকভাবে নিয়োগ করেছেন। সমস্ত অস্থায়ী নিয়োগগুলি উপযুক্ত ইন্টারভিউ করার পর হয়েছে এবং নিযুক্ত প্রতিটি ব্যক্তির নাম কর্ম বিনিয়োগ কেন্দ্রগুলিতে রেজিষ্ট্রিভুক্ত আছে।

## LEGISLATION

The West Bengal Panchayat (Third) Amending Bill, 1978

**Shri Debabrata Bandyopadhayay :** Sir, I beg to introduce the West Bengal Panchayat (Third) Amending Bill, 1978.

(Secretary then read the title of the Bill)

**Shri Debabrata Bandyopadhayay :** Sir, I beg to move that the West Bengal Panchayat (Third) Amending Bill, 1978, be taken into consideration.

**[2-40 — 2-50 P.M.]**

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি যে নির্বাচনের পর তিন স্তরে বর্ডি গুলি গঠিত হবার পর তার কাজ শুরু করতে গিয়ে কতকগুলি অসুবিধা দেখা দেয়। ১৯৭৩ সালে পঞ্চায়েত আইনে যে এনামালিগুলি আছে সেগুলি দূর করবার জন্য এই সংশোধনী বিল আনা হয়েছে। ৭৩ সালের পঞ্চায়েত আইনে এই কথা বলা হয়েছে যে, পঞ্চায়েত সমিতির মিটিং সংশ্লিষ্ট স্থানীয় ব্লকের মধ্যে গঠিত করতে হবে। কিন্তু দেখা যাচ্ছে কয়েকটি ক্ষেত্রে স্থানীয় ব্লকগুলি বিশেষ করে মিউনিসিপ্যাল ব্লকে অবস্থিত হওয়ার ফলে বিশেষ অসুবিধা দেখা দিয়েছে। কাজেই এর সংশোধন করা প্রয়োজন। সেইজন্য সংশোধনী আনা হয়েছে। যে বি, ডি, ও অফিসগুলিতেই পঞ্চায়েতের সভা হবে। দ্বিতীয় আর একটি গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে আপনারা সকলেই জানেন যে পঞ্চায়েত আইনের ২১৮১৯ নং যে ধারা আছে তাতে দেখা যাচ্ছে যে ১৯৫৫ সালের পঞ্চায়েত আইনে গ্রামসভা, গ্রাম পঞ্চায়েত ইত্যাদি যে সমস্তগুলি ছিলো ন্যায় পঞ্চায়েত ১৯৭৩ সালের আইন অনুসারে গ্রাম পঞ্চায়েত হবার পর ৫৭ সালের গঠিত গ্রাম পঞ্চায়েত রহিত হয়ে যাচ্ছে। কিন্তু অঞ্চল পঞ্চায়েত, গ্রাম সভা, ন্যায় পঞ্চায়েত রহিত হচ্ছে না — এবং ১৯১৯ সালের বেঙ্গল ভিলেজ সেল্‌ফ গভঃ এ্যাকটের দ্বারা ইউনিয়ন বোর্ডগুলিও বাতিল হচ্ছে না — এবং দেখা যাচ্ছে অঞ্চল পঞ্চায়েত গুলি পঞ্চায়েত সমিতিগুলি গঠিত হওয়ার আগে পর্যন্ত থেকে যাচ্ছে। এই অসুবিধা দূর করার জন্য প্রভিসান করা হচ্ছে যে — গ্রাম সভা, অঞ্চল পঞ্চায়েত, ন্যায় পঞ্চায়েত এবং ইউনিয়ন বোর্ডগুলি — গ্রাম পঞ্চায়েত গঠিত হবার সঙ্গে সঙ্গেই তারা রহিত হয়ে যাচ্ছে। দ্বিতীয়তঃ গ্রাম পঞ্চায়েতের যে এ্যাসেটস্ এবং লাইবিলিটিস রয়েছে সেগুলি এখন পর্যন্ত Provision on vesting assets and liabilities of the outlgoing Union Board of the New Gram Panchayat. সেটা বর্তমান আইনে নেই। সেইজন্য এটাকে নিরশন করবার জন্যই এই আইন বা সংশোধনী আনা হয়েছে। এ ছাড়া ইফ, বাটস — কিছু মিষ্টেক আছে সেগুলিও সংশোধন করা হয়েছে। আশাকরি আপনারা সকলেই এটা সমর্থক করবেন এবং আপনাদের সকলের বিবেচনার জন্য এই সংশোধনী বিল উত্থাপন করছি।

**মিঃ স্পীকার ঃ** জনমত সংগ্রহের জন্য দুটো প্রস্তাব পেয়েছি — একটা শ্রীশশবিন্দু বেরার কাছ থেকে, আর একটা শ্রীবলাই লাল দাস মহাপাত্রের কাছ থেকে এখন তাঁরা তাঁদের বক্তব্য রাখুন।

**শ্রীশশবিন্দু বেরা ঃ** Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1979.

মাননীয় স্পীকার মহাশয়, এখানে ওয়েষ্ট বেঙ্গল পঞ্চায়েত থার্ড এ্যামেন্ডমেণ্ডি বিল এসেছে এবং এর পরে আজকে কর্মসূচীর মধ্যে দেখা যাবে আর একটা ফোর্থ এ্যামেণ্ডি বিল আসছে। মাননীয় মন্ত্রী

মহাশয় উল্লেখ করেছেন এবং এই বিলের অবজেক্টস এন্ড রিজিনসের মধ্যে আছে যে অসুবিধাগুলি দূর করবার জন্য এই এ্যামেন্ডিং বিল এসেছে। মিটিংগুলি পঞ্চায়েত সমিতির এলাকায় হবে এই বিধান রয়েছে ১০৫ ধারায়। মন্ত্রীমহাশয় স্পষ্টভাবে উল্লেখ করেছেন কতকগুলি ক্ষেত্রে বিশেষ করে মিউনিসিপ্যাল এলাকায় অনেক সময় ব্লকের যে এলাকা সেই এলাকার বাইরে ব্লক অফিসগুলি থাকে, ব্লক অফিসের মিটিংগুলি এলাকার বাইরে চলে যায়। সেজন্য ঐ বিলে এটাকে সংশোধন করা, যাতে ব্লক অফিসে মিটিং করতে কোন অসুবিধা না হয়, সেই ব্যবস্থা এই আইনে করা হয়েছে। এখানে আমার কিছু বক্তব্য আছে। বিধানটি এমনভাবে করা হয়েছে যে, যদিও পঞ্চায়েত সমিতির এলাকা এবং ব্লকের এলাকা একই এলাকা, ব্লক অফিসটা পঞ্চায়েত এলাকার মধ্যে হোক বা তার বাইরে হোক ব্লক অফিসেই মিটিং করতে হবে। আমি বুঝতে পারি না কেন এই বিধান হবে। পঞ্চায়েত সমিতির কি নিজস্ব অফিস থাকবে না? তাদের কি সব সময় মিটিং ব্লক অফিসে করতে হবে? জেলা পরিষদের নিজস্ব অফিস থাকবে, নিজস্ব মিটিং -এর স্থান থাকবে, গ্রাম পঞ্চায়েতের ক্ষেত্রে থাকবে, সুতরাং পঞ্চায়েত সমিতির ক্ষেত্রেও তাই থাকা উচিত, এটা বাঞ্ছনীয়। পঞ্চায়েত সমিতিগুলির মিটিং সব সময় ব্লক অফিসে করতে হবে এটা আদৌ করা উচিত নয়। শুধু এটুকুই আমার বক্তব্য নয়, ক্লজ ওয়াইজ আলোচনার সময় আমার আরো বক্তব্য রাখব। এই সংশোধনী প্রস্তাব আনার সময় যথেষ্ট গুরুত্ব সহকারে আইনটা বিচার বিবেচনা করা হয়নি, আইনের আরো অনেক জায়গায় ভুল ত্রুটি এবং অসংগতি থেকে গেছে, যেগুলির দিকে দৃষ্টি দেওয়া হয়নি। যে আইনটা কার্যকরী করা হচ্ছে সেই কার্যকরী করার ক্ষেত্রে কি অসুবিধা আছে সেটা ভেবে দেখা উচিত। আমি উল্লেখ করতে পারি এই থার্ড এবং ফোর্থ এ্যামেনডিং বিলের সেকসান ১০৫ এর সংশোধন আনা হচ্ছে, এটাকে দুর্ভাগ্যজনক বলে আমি মনে করি। যখন থার্ড এ্যামেণ্ডি বিল আনা হচ্ছে বা যখন অর্ডিন্যান্স করা হয়েছিল তখন ১০৫ ধারার উপর পূর্ণ গুরুত্ব দিয়ে চিন্তা করা হয়নি, পরে আর একটা এ্যামেন্ডিং বিল এনে সেই ধারাকে সংশোধন করতে হচ্ছে। শুধু একটা ক্ষেত্রে নয়, এই বিলটা বৃহদাকার বিল, এই বিলটা গুরুত্ব সহকারে বিচার বিবেচনা করা একটা কমপ্রিহেনসিভ এ্যামেন্ডিং বিল আনার কথা চিন্তা করা উচিত ছিল যেটা করা হয়নি। তাছাড়া আর কিছু বক্তব্য আছে সেটা হচ্ছে পঞ্চায়েত এ্যাক্ট আইন আকারে আসার পর তাকে কার্য রূপ দেওয়া হয়েছে, গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতিগুলি চালাবার জন্য অনেক জায়গায় সেগুলি গঠিত হয়েছে, কিন্তু অনেক জায়গায় ক্ষমতা হস্তান্তরিত হয়নি। কর্মকর্তা নির্বাচনের ব্যাপারও আছে, সেগুলি এখনও শেষ হয়নি, সেজন্য দায়-দায়িত্ব গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতিগুলির উপর অর্পিত হয়নি। পঞ্চায়েত সমিতি দেশের জনগণের মধ্যে ক্ষমতা বিকেন্দ্রীকরণের উদ্দেশ্যে রচিত এবং সেই উদ্দেশ্য যাতে পরিপূর্ণভাবে সফল হয় সেই দিকে লক্ষ্য রাখা উচিত।

**[2-50 — 3-00 P.M.]**

তাকে কার্যকরী করবার ক্ষেত্রে কোথাও কি অসুবিধা আছে সেদিকে নজর দেওয়া উচিত। পঞ্চায়েত সমিতি যে সমস্ত এলাকায় ক্ষমতা হাতে পেয়েছে সেক্ষেত্রে দেখছি চাপটার নাইনে তাদের ক্ষমতা দেওয়া হয়েছে। এখানে তাদের পাওয়ার্স এ্যাণ্ড ডিউটিস অর্থাৎ তাঁদের কর্তব্য এবং অধিকার নির্দিষ্ট

করা হয়েছে। আর চাপটার থ্রি-তে গ্রাম পঞ্চায়েতের কর্তব্য এবং ক্ষমতার কথা বলা হয়েছে। এছাড়া সরকার থেকে কিছু ক্ষমতা দেওয়ার বিধানও এখানে রয়েছে এবং এই সমস্ত ক্ষমতা নিয়ে পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদ কাজ করছে। এই যে সাম্প্রতিক বন্যা হয়ে গেল তাতে দেখছি তাদের উপর অনেক দায় দায়িত্ব চাপিয়ে দিয়েছেন এবং ত্রাণের কাজে তাঁরা পরিপূর্ণ দায়িত্ব গ্রহণ করেছেন। সরকারের কাছে আমাদের দাবী ছিল সর্বস্তরের মানুষদের নিয়ে তাঁদের হাতে ত্রাণ কার্যের ক্ষমতা দেওয়া হোক। কিন্তু সরকার সমস্ত ক্ষমতা দিয়েছেন এই পঞ্চায়েতের উপর এবং সেখানে দেখছি চূড়ান্তভাবে দলবাজী চলছে। অনেক জায়গায় দেখা যাচ্ছে যেখানে সরকার পক্ষীয় সদস্য বেশী রয়েছেন সেক্ষেত্রে তাঁরা ঠিক গণতান্ত্রিক পথে কাজ করছেন না। তাঁরা অন্যান্য সদস্যদের এড়িয়ে নিজেদের খামখেয়ালী মত কাজ করে যাচ্ছেন। আমি অনেক দুর্নীতি, চুরি, আত্মসাতের নজির দিতে পারি। আবার দেখা যাচ্ছে, যে সমস্ত পঞ্চায়েত সমিতির এবং গ্রাম পঞ্চায়েতের প্রধানরা অন্য দলের রয়েছে সেখানে তাঁদের হাতে ক্ষমতা না দিয়ে সরকার পক্ষের লোক দিয়ে, দলীয় লোকদের দিয়ে কাজ করান হচ্ছে। অর্থাৎ যে সমস্ত সমিতিতে নির্বাচিত প্রতিনিধিরা সবকারের দলভুক্ত নন তাঁদেব হাতে ক্ষমতা দেওয়া হচ্ছে না। কাজেই আমার বক্তব্য হচ্ছে প্রয়োগের ক্ষেত্রে এই পঞ্চায়েত আইন যাতে কার্যকরী হয় সেইদিকে দৃষ্টি দেওয়া দরকার এবং এই আইন সংশোধন করে এমন কোন বিধান করা যায় কিনা যাতে আরও সুষ্ঠভাবে এবং গণতান্ত্রিকভাবে ক্ষমতা বিকেন্দ্রীকরণের কাজটি স্বার্থক হতে পারে। এইদিকে দৃষ্টি রেখে আইনের সংশোধন করা উচিত এবং সেই জন্যই আমি সার্কুলেসন মোসন দিয়েছি অর্থাৎ জনমত সংগ্রহের জন্য একে প্রচার করা হোক এই প্রস্তাব দিয়েছি। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Balai Lal Das Mahapatra :** Sir, I beg to move that the West Bengal Panchayat (Third) Amending Bill, 1978, be circulated for the purpose of eliciting public opinion by the next Session of the Assembly, 1978.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রীমহাশয় যে বিল এনেছেন তাতে আমি জনমত সংগ্রহের কথা বলেছি। স্যার, এই বিল অত্যন্ত মামুলি এবং আমি ভাবিনি এরকম একটা বিল তিনি আনবেন। কোথাও অর-এর জায়গায় এ্যাণ্ড হবে এটা তিনি এনেছেন। আমি আশা করিনি এরকম একটা বিল তিনি আনবেন। ব্লক কমিটি এখন পঞ্চায়েত সমিতির উর্ধে। মন্ত্রীমহাশয় বলেছেন, অন্যান্য জায়গায় দেখেছি তাঁদের পৃথক ঘর রয়েছে। কাজেই ৩ ধারায় যেটা বলেছেন তার কোন যুক্তি নেই। আপনি ২/১ বছরের জন্য একটা ভাড়াটিয়া ঘর রাখতে পারতেন এবং তারপর আপনি পঞ্চায়েত সমিতির জন্য একটা স্থায়ী ঘর করুন। তারপর আর একটা কথা যা বলেছেন তার কোন অর্থ নেই। উনি বললেন ইলেকসনের পর এগুলি টের পেলাম। তাহলে বোঝা যাচ্ছে এই পঞ্চায়েত ডিপার্টমেন্ট কোন দায়িত্ব পালন করেনি যায় জন্য এমন সব ধারা এনেছেন এবং যার কোন অর্থ হয়না। আপনি ১৪৭,১৯৭ এবং অন্যান্য ধারা যা এনেছেন এগুলি একেবারে মামুলি ব্যাপার — এগুলি তো সাব — ক্লজের ব্যাপার। তারপর, যেটা আনলেন ১১৮ সেটা হচ্ছে পঞ্চায়েত সমিতি গঠিত হল অথচ তাঁরা বুঝতে পারলেন না। যে সমস্ত কাঠামো বদলে গেল। আগে গ্রাম পঞ্চায়েত, ন্যায় পঞ্চায়েত, অঞ্চল পঞ্চায়েত ইত্যাদি নানা রকম নাম ছিল

তারপরে যে গোটা কাঠামো বদলে যাচ্ছে — গ্রাম কে কেন্দ্র করে পঞ্চায়েত হচ্ছে তারপর তার নাম বদলে গিয়ে পঞ্চায়েত সমিতি হয়ে গেল — সব বদলে যাচ্ছে কিন্তু তাদের চক্ষে পড়লো না। ইলেকশান হয়ে গেল তার পরেও দুটো প্যারালাল গর্ভমেন্ট চলছে. দ্বৈত শাসন চলছে — পঞ্চায়েত এ যারা অঞ্চল পঞ্চায়েতের তারা সেখানে দপ্তর চালাচ্ছেন — এদিকে পঞ্চায়েত সমিতি সেখানে দপ্তর পাচ্ছেন না। এক অদ্ভুত ব্যাপার হয়েছে — সেটা আপনিও বলেছেন কিন্তু এটা কেন হবে — যারা দপ্তরে আছেন তাদের চক্ষে পড়েনি কেন — সব যেন হুড়মুড় করে করা হচ্ছে। ৭৩ সালের আইন হল. আপনি ৭৮ সালে নির্বাচন করতে যাচ্ছেন আপনারও কেন চক্ষে পড়লো না — তাহলে পঞ্চায়েত ডিপার্টমেন্ট কি করবার জন্য আছে — এগুলি খুজেও দেখলেন না যে ভুলটা থেকে গেল। তারপর যেটা আপনি বলেছেন কবেকার সেই লোকাল সেল্‌ফ গর্ভমেন্ট এর আন্ডারের ইউনিয়ন বোর্ড চলছে — আমার তো মনে হয় আপনারা কিছুই খোজ খবর রাখেন না যে কোথায় ইউনিয়ন বোর্ড চলছে। বহুদিন ধরে ইউনিয়ন বোর্ড চলছে — এখনও চলছে, এখনও তারা প্রসাশন চালাচ্ছে, তারা রিলিফের কাজ করে, তারা টি. আর. এর কাজ করে, লোন বিতরণ এর কাজ করে, এখনও পর্যন্ত চলছে, অথচ রানিং ইউনিয়ন বোর্ড সেটাকে যে বাতিল করতে হবে রিপিল করতে হবে সেটা আজও তাদের চক্ষে পড়লো না সেটার জন্যই আমি বলছি। একটা বিশেষ বিলের মধ্যে একটা বিশেষ অংশ আছে। এক হচ্ছে ব্লক কমিটিতে আপনার অফিস বসিয়ে দেওয়া আর দ্বিতীয়টা হচ্ছে ইউনিয়ন বোর্ডকে বাতিল করা — কেন এটা এতদিন পর্যন্ত চক্ষে এলনা কেন? আমি এই সম্বন্ধে বলব যে এখানে রিপিল হল তারপরে কালকে বলবেন যে ইউনিয়ন বোর্ড তুমি খাতা পত্র সব বুঝিয়ে দাও — এই সম্বন্ধে আমি বলতে চাই যে তারা দীর্ঘদিন ধরে তারা চালাচ্ছে তাদেরও লাইবেলিটি আছে, তাদেরও নানা প্রকার ঝঞ্ঝাট আছে, আমি জানি বহু ইউনিয়ন বোর্ড আছে ৭/৮ বছর সেখানে অডিট হয়নি। আজকে যদি আপনি বলেন যেহেতু আমি আজকে রিপিল করলাম কালকে তুমি সব খাতাপত্র জমা দিয়ে দাও, টাকা কড়ি জমা দাও সেটা অসম্ভব হবে। সেজন্য আমি এই সম্বন্ধে বলব নিশ্চয়ই আমি চাই গ্রামে গ্রামে পঞ্চায়েত রাজ প্রতিষ্ঠিত হউক, মানুষের গণতান্ত্রিক অধিকার ফিরে আসুক এটা চাই আমরা। আমরা চাই পঞ্চায়েত রাজ সারা ভারতবর্ষ জুড়ে প্রতিষ্টিত হউক — এটা জনতা পার্টীর সুস্পষ্ট নীতি, আমি ইউনিয়ন বোর্ডের পক্ষে নয়। কিন্তু ইউনিয়ন বোর্ড যাতে অসুবিধায় না পড়ে সেজন্য আমি চাই যে আপনি একটা উপযুক্ত সময় দেবেন, তাদের কাছ থেকে খাতাপত্র বুঝিয়ে নেবার জন্য এবং অডিট হবার জন্য সময় দেবেন। আরেকটা কথা বিশেষ ভাবে বলব যে আপনি পঞ্চায়েত রাজ প্রতিষ্ঠিত করতে চাচ্ছেন, গণতান্ত্রিক অধিকার প্রতিষ্ঠা করতে যাচ্ছেন কিন্তু মহামান্য হাইকোর্ট যেগুলি কঠোর মন্তব্য করল সেদিকে আপনি লক্ষ্য করেন নি। নির্বাচনের আগে বহু অভিযোগ উঠেছে তারজন্য আন্দোলন হয়েছে, হাইকোর্টে বহু মামলা হয়েছে এবং হাইকোর্ট কতকগুলি ধারাকে একেবারে অবৈধ বলে ঘোষনা করেছেন যেমন সেকশান ৪ সাবসেকশান (৩) -এ প্রবিসো তাতে তাকে বলেছেন প্রেসক্রাইবড অথরিটির উপর যে অধিকার দেওয়া হয়েছে সেটা সম্পূর্ণ স্বেচ্ছাচারিতা মূলক। প্রেসক্রাইবড অথরিটি তিনি যেখানে কনস্টিটিউয়েন্সি ভাগ করে দেবেন — এটা কি করে সম্ভব। একটা লোকের উপর ভার দেওয়া হল যেখানে লেজিসলেটিভ পাওয়ার দেওয়া দরকার ছিল, সেখানে গাইড লাইন

ছিল সেখানে হাইকোর্ট বলেছেন সেখানে কোন গাইড লাইন নাই। মন্ত্রীমহাশয় অভিজ্ঞ লোক কিন্তু এটা তার চোখে পড়েনি তা নয় সেজন্য বলছেন গাইড লাইন নাই। এটা সম্পূর্ণ একটা ব্যক্তির উপরে সমস্ত কনস্টিটিউয়েন্সির ভাগ করে দেওয়ার ভার — প্রথমে গ্রামকে কয়েক ভাগে ভাগ করবেন স্বেচ্ছাচারিতা ভাবে তারপর এ্যালটমেন্ট অব সীট। যে কনস্টিটিউয়েন্সিতে একজন দাঁড়াবার কথা সেখানে দুইজন দাঁড়িয়েছে — যেখানে দুইজন দাঁড়াবার কথা সেখানে একজন দাঁড়াবে — এই সব অভিযোগ আপনার কাছে এসেছে। সুতরাং এই সেকশান ৪ সাবসেকশান (৩) -এ প্রভিসো এটা মহামান্য হাইকোর্ট বলেছেন সম্পূর্ণ ইললিগ্যাল।

**[3-00 — 3-10 P.M.]**

আমি তাঁর ভাষায় বলি, হাইকোর্ট বলে গিয়েছেন আলট্রাভাইরিসং, ইনভ্যালিড। সেদিকে আপনার নজর দেওয়া দরকার ছিল। তারপরে ২২২ যেখানে যখনই গভর্ণমেন্টের ডিফিকাল্টি হবে ডিসবিশ্রানারি পাওয়ার খাটাবে ডিফিকাল্টি সল্‌ভ করার জন্য। এই যে রেখেছেন, এটাকে আরও ভাল করে করতে পারতেন। হাইকোর্ট বলেছেন সমস্ত অবৈধ। গভর্ণমেন্ট কি করে এত বড় একটা কাজ বিধানসভায় এভাবে নিয়ে আসতে পারেন? হাইকোর্ট যেখানে প্রশ্ন করেছেন কোন ধরণের ডিফিকাল্টি? নানা রকমের ডিফিকাল্টি হতে পারে, অথবা নিজের খুসীমত কিছু একটা বলতে পারেন, সেখানে ডিফিকাল্টির কোন ডেফিনিশন নাই, কোন এক্সপ্ল্যানেশন নাই, সেখানে কোন গাইড লাইন নাই। এটা থাকা দরকার। তারপরে ৯৯ ধারায় রুল ছিল ২২২ -এর সঙ্গে এ এণ্ড বি ক্লজগুলিও অবৈধ করেছেন, কাজেই যদি গণতান্ত্রিক অধিকার রক্ষা করতে হয়, হাইকোর্ট যে সব মন্তব্য করেছেন সে সম্বন্ধে চিন্তা ভাবনা করে একটা সর্বাত্মক বিল নিয়ে আসবেন এটা আপনার কাছে আশা ছিল। তারপরে আপনি নিশ্চয়ই জানেন রুল সেভেন্টিন-এ এবং সেভেনন্টিন বি, এইটিন-এ এবং এইটিন-বি এ্যালটমেন্ট অব সীট্‌স এবং বিশেষ করে রিজারভেশন অব সিম্বল্‌স এই সব কথা আলোচনা হয়েছে। এই নিয়ে কত অভিযোগ আমরা করেছি জনতা পার্টির পক্ষ থেকে, শুধু যে অভিযোগ করেছি তা নয়, এই নিয়ে আমাদের জনতা পার্টির অবিচার করা হয়েছে, পক্ষপাতিত্ব করা হয়েছে, নির্বাচনের সময় যদি আমরা সিম্বল পেতাম তাহলে আমরা জানি বহুসংখ্যক সীটে জিততে পারতাম। আমাদের প্রতি যে অবিচার করা হয়েছে, সেটা আমি আগেও বলেছি, যদি শেষ দিনেও আমরা সিম্বল পেতাম তাহলে জনতা পার্টির অবস্থা অনেক এর চাইতে ভাল হত। সেজন্য বলছি এই রিজারভেশন অব সিম্বল ব্যাপারে পরিষ্কার পরিচ্ছন্নভাবে বিলে থাকা দরকার ছিল। এতগুলি অভিযোগ আপনার কাছে রাখলাম এই আশায় যে অদূর ভবিষ্যতে যখন বিল আনবেন, কমা ফুল স্টপের ব্যাপার নয়, ১৯৭৩ সালের বিলের সংশোধনী ১৯৭৭ সালে এনেছেন, তাও সর্বাত্মক বিল আনতে পারেননি। যে অভিযোগগুলি আপনার কাছে রাখলাম, আবেদন রাখছি যে এই সব জিনিষগুলি সত্যকারের সময়োপযোগী করে এমনভাবে বিলটা আনবেন যাতে সেটা জনসাধারণের নিকট গ্রহণযোগ্য হয়। আমাদের বাংলাদেশে ৩৮ হাজার গ্রাম আছে, প্রত্যেক জায়গায় যাতে পঞ্চায়েত রাজ প্রতিষ্ঠিত হয়, রাজনৈতিক ভাষায় বলি, স্বয়ং সম্পূর্ণ একটা আত্মনির্ভরশীল সংগঠন গড়ে উঠে,

সেদিকে প্রচেষ্টা নিয়ে গিয়ে মানুষের গণতান্ত্রিক অধিকার, রাজনৈতিক অধিকার, অর্থনৈতিক অধিকার, সামাজিক অধিকার যাতে তারা ফিরে পায়, তার ব্যবস্থা করুন। এটুকু বলে বিলটাকে সাকুলেশনের জন্য প্রস্তাব রেখে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কিছুক্ষণ আগে যে The West Bengal Panchayat (Third) Amending Bill, 1978 হাউসের বিবেচনার জন্য উপস্থিত করেছিলাম তার উপর দুজন মাননীয় সদস্য আলোচনা করেছেন। আমি সংশোধন বিলটি উত্থাপন করবার সময় বলেছিলাম যে এটা কোন পূর্ণাঙ্গ বিল নয়। পঞ্চায়েত সমিতির নির্বাচন হওয়ার পর গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতির, জেলা পরিষদ গঠিত হওয়ার পর কাজ করতে গিয়ে যে সমস্ত বাস্তব অসুবিধা, যে সমস্ত এ্যানোমলিস দেখা দিয়েছে তার নিরসন এবং বাস্তব অবস্থাগুলি দূর করার উদ্দেশ্য নিয়ে এই বিল আনা হয়েছে। মাননীয় সদস্য শ্রীশশবিন্দু বেরা মহাশয় তিনি একটা কথা বলবার চেষ্টা করেছেন যে তিনি এখনও পর্যন্ত পঞ্চায়েতের কোন কর্মকাণ্ড লক্ষ্য করতে পারছেন না। এটা খুবই সত্যের অপলাপ। travesty of truth. কারণ সকলেই জানেন এতো অল্প সময়ের মধ্যে, আমরা ক্ষমতায় এসেছি ১৯৭৭ সালের জুন মাসে, মাত্র ১১ মাসের মধ্যে নির্বাচন করেছি এবং নির্বাচন করে ৩ হাজার ২৪২ টা গ্রাম পঞ্চায়েত হয়েছে প্রায় তিনশোর অধিক পঞ্চায়েত হয়েছে এবং ১৩ টি জেলা পরিষদ গঠিত হয়েছে। বন্যার জন্য মেদিনীপুর এবং মুর্শিদাবাদের পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদের কর্মকর্তা এখনও পর্যন্ত নির্বাচিত হতে পারে নি। শুধু তিনটি স্তরে সংগঠন গড়াটাই সরকারের বড় কথা নয়, আপনারা সকলেই জানেন এবং লক্ষ্য করেছেন, এই অল্প সময়ের মধ্যে বহু অর্থ বরাদ্দ করা হয়েছে। কংগ্রেস আমলে ৩০ বছরে অতি সামান্য পরিমাণ অর্থই বরাদ্দ করা হতো। আজকে rural works Programme, rural restoration programme, food for work programme. ইত্যাদি ধরণের পোগ্রামে পঞ্চায়েতের মাধ্যমে কার্য্যকরী হচ্ছে এবং যদি হিসাব করা যায় তাহলে দেখা যাবে কয়েক কোটি টাকা আজকে পঞ্চায়েতের মাধ্যমে দেওয়া হচ্ছে ইনফ্রাষ্ট্রাকচারস গড়ে তোলার কাজে যে ইনষ্ট্রাকচারস পশ্চিমবঙ্গে গত ৩০ বছরে তৈরী হয় নি। সে জায়গায় আমরা অনেক দূর অগ্রসর হতে পেরেছি। দ্বিতীয় কথা, আমি নিশ্চয় সুবিবেচনা করবো কোন জায়গায় যদি narrow, sectarian, partisan outlook. কাজ করতে থাকে, যদি দলবাজি হয়, আমার দৃষ্টি আকর্ষণ করবেন, আমি সাধ্যমত তা নিরসন করবার জন্য কৃতসংকল্প থাকবো। শ্রীবলাই দাস মহাশয়ের প্রথম কথার উত্তর আগেই দিয়েছি। এটা ঠিক হাইকোর্ট কতকগুলো অবজারভেশান করেছেন। সেগুলো নিশ্চয় আমাদের নজরে আছে এবং নির্বাচন হলে সে সমস্ত বিবেচনা করবো। সেভাবে সংশোধনী নিশ্চয় আনা হবে। হাইকোর্টের নির্দেশ যতখানি কার্য্যকরী করতে পারবো সেটা আনা হবে। কিন্তু এটা নির্বাচনের ব্যাপার নিয়ে কোন সংশোধনী নয়। দ্বিতীয় কথা তিনি বললেন চেষ্টা করলে ১৯৭৩ সালের আইনের সংশোধন করতে পারতেন মূলতঃ যে সংশোধনী বিলটা আমি উপস্থিত করেছি, সে সম্পর্কে আপনি বললেন পঞ্চায়েত দপ্তর কি ঘুমিয়ে ছিল। ১৯৭৩ সালে যে গ্রামসভা, গ্রাম পঞ্চায়েত, অঞ্চল পঞ্চায়েত , ন্যায় পঞ্চায়েত, ইউনিয়ান বোর্ড ছিল, তার প্রভিসান উঠানোর ব্যাপার, নিশ্চয় মহাপাত্রবাবু বুঝছেন বর্তমান সরকারের পঞ্চায়েত মন্ত্রী নেই। যে সরকারের আমলে আইন তৈরী হয়েছিল তাদেরই।

**[3-10 – 3-45 including adjournment]**

এবং সেই আইন সংশোধন করবার জন্য চেষ্টা করেছি এবং ইতিমধ্যেই এই আইন সংশোধন করা হয়েছে এবং শুধু তৃতীয় সংশোধন নয়, আমরা এর পরেই চতুর্থ সংশোধন বিল আনছি যেটা খুবই গুরুত্বপূর্ণ এবং নিশ্চয় সেই সময় আপনারা আপনাদের মন্তব্য করবেন। আজকে ৩২৪২ টি গ্রামসভা যে হয়েছে ইতিমধ্যেই তার মাধ্যমে বেশীরভাগ কাজ হচ্ছে কোটি কোটি টাকার কাজ হচ্ছে যেখানে আগে মাত্র ১৩০০ টাকার অনুদান দেওয়া হোত আজকে সেখানে এই সরকার লক্ষ লক্ষ টাকা গ্রামসভাগুলিকে দিচ্ছেন ডেভেলপমেন্ট ওয়ার্কস-এর জন্য। রুর‍্যাল ওয়ার্কস-এর জন্য প্রতিটি গ্রামসভাকে ২৫ হাজার টাকা এবং ৫০০ কে. জি. গম দেওয়া হচ্ছে। রেষ্টোরেসন অব রুর‍্যাল এস্টেটস-এর কর্মসূচী অনুযায়ী প্রতিটি গ্রামসভাকে ৫০ হাজার টাকা দেওয়া হচ্ছে এবং আরও ২৫ হাজার টাকা দেওয়া হচ্ছে ফুড ফর ওয়ার্কস-এর জন্য। এখানেই তো দেড় লক্ষ টাকা হয়ে গেল তার পর ম্যাচিং গ্রান্ট আছে আরও অন্যান্য পরিকল্পনা রয়েছে। এই পঞ্চায়েত ব্যাপারে ক্যাবিনেট সাব কমিটির যা ভিউ সেটা আমি প্রশ্নোত্তরের সময় বলবার চেষ্টা করেছি। অনেকে বলেছেন বাজেটে এটা করেন নি কেন। পঞ্চায়েত তৈরী করবার এটা করছেন কেন? আমি আগেই বলেছি বাস্তবভাবে কাজ করতে গিয়ে যেসব অসুবিধা দেখা দিয়েছে তার জনাই এটা আনতে হয়েছে। আপনারা শুনলে আনন্দিত হবেন যে আমরা ম্যাচিং গ্রান্ট দেবার ব্যবস্থা করেছি তার জন্য ৩০ লক্ষ টাকার দরকার হবে। তারপর যেসব ভেষ্টেড ল্যান্ড আছে ভেষ্টেড ট্যাঙ্ক আছে সেগুলি পঞ্চায়েত সভা, পঞ্চায়েত সমিতির নিজস্ব জিনিস হবে মনিটারী পাওয়ার বাড়াবাব ব্যবস্থা আমরা ইতিমধ্যেই নিয়েছি। ভূমি রাজস্ব থেকে বিশেষ অংশ পঞ্চায়েত ও জেলাপরিষদের হাতে দেবার ব্যবস্থা নিয়েছি। বিভিন্ন জেলায় যিনি বর্ধমান জেলার সদস্য আছেন তাঁরা নিশ্চয় অনুধাবন করবেন কোল সেস রোড সেস এই সবের কোটি কোটি টাকা জেলা পরিষদের পাওনা পড়ে আছে জেলা পরিষদ কাজ করতে পারছে না। আজকে আমরা সেই সিদ্ধান্ত নিয়েছি এই সব road cess of the Public Works deptt will be directly credited to the Zilla Parishad fund. এই সমস্ত জিনিস আমরা করছি। আমরা কতকগুলি অসুবিধা অনুভব করে যে পঞ্চায়েত আইনের মধ্যে অসুবিধা রয়েছে সেই পথ শক্ত করার জন্য এই এ্যামেন্ডমেন্ট এনেছি। আমরা কাজ করতে অসুবিধা দেখেছি। ১৯৭৩ সালে যে আইন ছিল তার কিছু কিছু পরিবর্তন করার জন্যই এই থার্ড এ্যামেন্ডমেন্ট বিল আনা হয়েছে। এর পরে ফোর্থ এ্যামেন্ডমেন্ট বিল আরও গুরুত্বপূর্ণ পঞ্চায়েত সমিতিগুলির ফাণ্ড বাড়াবার জন্য তাদের কিভাবে আরও টাকা দেওয়া যায় সেই ব্যাপারটা আমি আনবো। কারণ টাকার দরকার আছে। এই কথা বলে এই যে West Bengal Panchayat (Third) Amending Bill, 1978, আপনারা সকলে বিবেচনা করার জন্য সমর্থন করবেন এবং দুজন মাননীয় সদস্য যে সংশোধনী এনেছেন সেগুলির আমি বিরোধিতা করছি।

The motion that the West Bengal panchayat (Third) Amending Bill, 1978 be circulated for the purpose of eliciting opinion thereon was then put and lost.

(At this stage the House was adjourned till 3.45 p.m.)

**[3-45 – 3-55]**

**মিঃ স্পীকার ঃ** এখন বিলের উপর সাধারণ আলোচনা। যাদের সংশোধনী আছে তারা এই সঙ্গে বলে দেবেন। কারণ, সংশোধনীর সময় আমি শুধু ভোটে দেব। ডাঃ গোলাম ইয়াজদানির একটু আছে তিনি আমাকে বলে গেছেন, তাই প্রথমে আমি তাকে বক্তৃতা দিতে অনুরোধ করছি।

**ডাঃ গোলাম ইয়াজদানি ঃ** মিঃ স্পীকার, স্যার এই বিল আলোচনার প্রারম্ভে আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি অকর্ষণ করছি একটি বিষয়ে। আপনি কতকগুলি এ্যামেন্ডমেন্ট আনছেন খুব গুরুত্বপূর্ণ না হলেও টেকনিক্যালি ইমপর্টান্ট বটে — তবে আরো কতকগুলি জিনিসের প্রতি লক্ষ্য দেওয়া উচিত ছিল বলে আমি মনে করি। কেন না পঞ্চায়েত বিল আনার ফলে পশ্চিমবাংলার মধ্যে খানিকটা বিপ্লবের মত অবস্থা সৃষ্টি হচ্ছে বলে সবার একটা ধারণা যে আমরা পঞ্চায়েতের মাধ্যমে গ্রামের উন্নয়ন করব সমস্ত রকম পরিকল্পনা করব ইত্যাদি ইত্যাদি। এত বড় একটা উন্নয়ন মূলক কাজ পঞ্চায়েতের মাধ্যমে হয়ে যাবে — গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি, এদের সবারই একটা রোল রয়েছে, কিন্তু এম এল. এ. -দের রোল যে কি সেটা কিছুতেই বোঝা যাচ্ছে না। পঞ্চায়েত এ্যাক্টের মধ্যে যতগুলি ধারা রয়েছে তার মধ্যে পঞ্চায়েত সমিতির কি করণীয়, গ্রাম পঞ্চায়েতের কি করণীয়, জেলা পরিষদের কি করণীয় ইত্যাদি সব কিছু আছে এবং কারা কারা মেম্বার হবেন তাও আছে। কিন্তু আশ্চর্য্যের বিষয় এম. এল. এ., যিনি আবার লোকের ভোটে নির্বাচিত এবং যাকে জনসাধারণের কাছে জবাবদিহি করতে হয় যে এটা হল না কেন, ওটা হল না কেন, তার কোন ভূমিকা এখানে দেখতে পাচ্ছি না। তাদের গুরুত্ব কি? এম. এল. এ. দের রাখা হয়েছে পঞ্চায়েত সমিতির মেম্বার হিসাবে, জেলা পরিষদের মেম্বার হিসাবে। মোটামুটি ভাবে পঞ্চায়েতের মধ্যে এম. এল. এ. -দের রোল হল পঞ্চায়েত সমিতির মেম্বার হওয়া, জেলাপরিষদের মেম্বার হওয়া ছাড়া আর কিছুই নেই। গ্রামের যত বকম উন্নয়ন মূলক কাজ সমস্তই গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে ইরিটেটেড হবে, পাস হবে, সব কিছুই হবে, কিন্তু সেখানে এম. এল. এ. -দের এতটুকু সে রাখা হয় নি, অথচ জনসাধারণের কাছে এম. এল. এ. -দের জবাবদিহি করতে হবে যে এটা কেন হল না, ওটা কেন হল না। আমরা দেখছি পঞ্চায়েত কাজ করছে। এমনও দেখতে পাচ্ছি একটি জায়গায় টিউবওয়েল হবে তাতেও কিন্তু এম. এল. এ. -দের কোন সে নেই, এটাও তাদের ক্ষমতার বাহিরে। তাদের ক্ষমতা শুধু লিমিটেড — পঞ্চায়েত মিটিং এ্যাটেন্ড করা, সাধারণ সভ্য হিসাবে যাওয়া, কথাবার্তা বলা, আর বিধানসভায় এসে ঝগডা ঝাটি, চেঁচামেচি কবা, এছাডা আর অন্য কোন ফাংসান নেই। গ্রামের যে এত বড় উন্নয়ন মূলক কাজ হবে হাজার হাজার টাকার, সেখানে তাদের কোন ফাংসান নেই। আমরা বিকেন্দ্রীকরণ সমর্থন করি — নিশ্চয় আমরা বিকেন্দ্রীকরণ চাই। আমরা চাই গ্রামের মানুষগুলির উন্নতির জন্য তারা পরিকল্পনা নিয়ে এগিয়ে আসুক, জনসাধারণের মধ্যে উৎসাহ উদ্দীপনা বাড়িয়ে দিক, নিজেরাই উৎসাহী হয়ে নিজেদের কাজ করুক। কিন্তু এম. এল. -রা কি করবে? এম. এল. এর ডেফিনেসান কি শুধু বিধানসভায় এসে ঝগড়া - ঝাটি, চেঁচামিচি করা? দেখা যাচ্ছে যেখানে সরকার পক্ষের এম. এল. এ. আছে সেখানে বিশেষ কিছু অসুবিধা আছে বলে মনে হয় না। কিন্তু যেখানে সরকার পক্ষের এম. এল. এ. নেই সেখানেই যত রকম ঝামেলা এবং তাদের

দলের মত প্রধান নেই সেখানেই যত রকম ঝামেলা। কাজেই এই পঞ্চায়েতের কি করণীয় সেটা সবই দেওয়া আছে, এম. এল. এ. -দের রোল কি সেটা আমরা দেখলাম না। এই যে সমস্ত উন্নয়নমূলক কাজ হতে যাচ্ছে গ্রামপঞ্চায়েতের মাধ্যমে সেখানে এম এল এ দের ফ্যাল ফ্যাল করে তা দেখা ছাড়া আর কোন রোল নেই। মাননীয় মন্ত্রীমহাশয় এখানে যে এ্যামেন্ডমেন্ট এনেছেন সেটা নিশ্চয় তিনি ভালোর জন্যই এনেছেন কিন্তু আমি তার দৃষ্টি কয়েকটি বিষয়ের প্রতি আকৃষ্ট করছি। যেখানে আপনি সেকশান ১০৫ এ বাতিল করতে চেয়েছেন সেখানে আবার ফোর্থ এ্যামেণ্ডমেন্টে সেটা নিয়ে এসেছেন। এটা একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ জিনিস। পঞ্চায়েত সমিতির মিটিং ওয়ান্স এ মান্থ হবে আবার ফোর্থ এ্যামেণ্ডমেন্টে তিন মাস করেছেন—এটা আমি ঠিক বুঝতে পারি নি, মন্ত্রীমহাশয় এটা একটু পরিষ্কার করে দেবেন। তারপর বলেছেন বি. ডি ও অফিসে কাজকর্ম হবে—এখানে কিন্তু মস্তবড় অসুবিধা দেখা দেবে। এখন পঞ্চায়েত সমিতিগুলির ২৫/২৬/৩০ জন মেম্বার হয়ে গিয়েছেন, বি. ডি.ও অফিস তো এতটুকু অফিস সেখানে এ্যাকোমোডেসান হবে কি করে? কাজেই আমি বলব, এর সঙ্গে আরো একটা জিনিস যোগ করে দেওয়া দরকার যে বি ডি ও অফিস কিম্বা ভালো যে জায়গা পাওয়া যাবে সেই রকম জায়গায় মিটিং করা যাবে। এখানে এই যদি থাকে এবং ষ্টিকটলি ফলো করা হয় তাহলে কিন্তু অন্য জায়গায় মিটিং করা যাবে না। এখন বি ডি ও অফিসে মিটিং করতে হলে সেখানে ৩০ জন মেম্বার ধরবে না ঐ জায়গায় সুতরাং আমি বলব, এ্যামেন্ডমেন্ট যখন হচ্ছেই তখন সব দিক দেখে তা করা উচিত। সেখানে বলা হোক বি ডি ও অফিস কিম্বা পঞ্চায়েত সমিতি যে জায়গা ঠিক করবেন সেখানে মিটিং হবে। স্যার, এই প্রসঙ্গে আরো বলতে চাই যে, পঞ্চায়েত সমিতি পঞ্চায়েতের এত কাজ যখন করবে তখন কেন তাদের নিজের অফিস থাকবে না, কেন সভাপতির নিজের অফিস হবে না? স্যার, যে সমস্ত স্থায়ী সমিতি হয়েছে তার প্রধানদের অনাথের মতন ঘুরে বেড়াতে হয়। বি ডি ও অফিসে গেলে ধাক্কা দিয়ে বের করে দিয়ে বলে আমাদের এখানে জায়গা নেই কাজেই তারা সেখানে জায়গা পায়না বসার। আমি বলব, এই জিনিষগুলি কভাব করা দরকার—যেখানে মিটিং হবে সেই মিটিং এর জায়গা বা কোথায় কি হওয়া দরকার সেই সমস্ত বলার দরকার ছিল। তারপর ৪ নং ক্লজে অন সেকসান ১২৫ অর্থাৎ এ্যাকচুয়ালি ৯৪ এ্যাক্টের যে সংশোধন হচ্ছে সেখানে কতকগুলি টেকনিক্যাল কথাবার্তা, ওয়ার্ড সংযোজন করতে বা ডিলিট করতে চেয়েছেন। সেখানে সবচেয়ে বড় জিনিষ যেটা রয়েছে যেটা ডিলিট করা উচিত সেটার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। ৯৪ ধারায় দু নং সাব *সেকসানে তিন নম্বরের শেষে দুটি লাইন Members of the Council of the States not being Ministers having a place of residence in the block.* এখন যখন আমাদের কোন এম. এল. সি নেই তখন এম. এল. সি রাখার কি প্রয়োজনীয়তা আছে? অঞ্চল পঞ্চায়েত থেকে ইউনিয়ান বোর্ড ডিলিট করছেন কিন্তু এম. এল. সি'র যে প্রভিসান আছে সেটা আবার কেন রাখছেন আমি বুঝতে পারছি না, এটা ডিলিট করে দেওয়া উচিত। তারপর যেখানে আছে Members of the House of People and the legislative Assembly of the state elected thereby from Constituency and not being Minister. এখানেই ষ্টপ, তারপরেরটা ডিলিট করে দেওয়া উচিত। অনুরূপভাবে পঞ্চায়েত সমিতির ক্ষেত্রে, জেলাপরিষদের ক্ষেত্রে যে ধারাটি আছে সেই ধারাটি ডিলিট করা উচিত

কেন না সেখানে আমাদের এম. এল. সি নেই। তারপর ১৪০এ যেটা সেকসান ২ এ (৪) সেখানে আছে Members of the council of the States and being Minister having a place of residence in the district আমাদের এম. এল. সি নেই সুতরাং এটা রাখার কোন প্রয়োজন নেই। তারপর আরো একটা জিনিসের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি যেটা ফোর্থ এ্যামেন্ডমেন্টে আছে।

**[3-55 — 4-05 P.M.]**

এই যে ফোর্থ এ্যামেণ্ডমেন্টে তিন মাস অন্তর মিটিং এর কথা বলেছেন, কেন এখানে তিন মাস অন্তর মিটিং হবে? যেখানে এত উন্নয়নমূলক কাজ হচ্ছে, রাস্তাঘাট হচ্ছে, ফুড ফর ওয়ার্ক হচ্ছে, সেখানে তিন মাস কেন —

**মিঃ স্পীকার :** আপনি কি বলতে চাইছেন এই সময়ের ব্যাপারে, তা কংক্রিট ভাবে বলুন, মন্ত্রী মহাশয় তো তিন মাসের কথা বলেছেন।

**ডাঃ গোলাম ইয়াজদানি :** আমি বলছি মিটিংটা তিন মাস অন্তর না করে প্রতি মাসে মাসে হওয়া উচিত। তিন মাস অন্তর মিটিং হলে ডেভলপমেন্ট এর জন্য যে সব প্ল্যান প্রোগ্রাম সেইগুলো সব পিছিয়ে যাবে কারণ তাহলে তো তিন মাস সেই মিটিং এর জন্য বসে থাকতে হবে। এই রকম ভাবে যদি মিটিংটা তিন মাস অন্তর হয় তাহলে পঞ্চায়েত হয়ে লাভ টা কি হলো? আমরা তো জানি প্ল্যান হলে এবং তা স্যাংশন হলে কাজ মিলিটারীর গতিতে হয়ে যাবে। অথচ পঞ্চায়েত সমিতির মিটিং যদি তিন মাস পর পর হয় তাহলে গ্রাম পঞ্চায়েত যে প্রোগ্রাম করলো, সেটা তিন মাস পরে কনসিডার হলো, তারপর সেটা যাবে জেলা পরিষদে কনসিডার হতে হতে তো বছর চলে যাবে। অথচ একপাশে আপনারা বলছেন ৩১শে মার্চের মধ্যে কাজ শেষ করতে হবে। এর ফলে পঞ্চায়েতের মাধ্যমে কি করে তাড়াতাড়ি কাজ আমরা করতে পারবো? এই বিষয়ে আমি মন্ত্রী মহাশয়কে চিন্তা করতে অনুরোধ করছি। মন্ত্রীমহাশয় যে সমস্ত এ্যামেণ্ডমেন্টগুলো এনেছেন সেই এ্যামেণ্ডমেন্টগুলো ভাল করে চিন্তা করুন এবং আমি যে সমস্ত সাজেসনগুলো দিলাম — এই জন্য আমি তাঁর সামনে কথাগুলো রাখলাম, আমার কথাগুলো শোনার পর তিনি কি ভাবছেন সেই জবাব যদি তিনি দেন তাহলে আমি আশ্বস্ত হতে পারি। এই কথা বলে এই বিলকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীআবদুস সাত্তার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পঞ্চায়েত বিভাগের মন্ত্রীমহাশয় দুটি বিল আজকে এনেছেন, একটার নম্বর হচ্ছে ৫০, আর একটার নম্বর হচ্ছে ৬৭। আমি বুঝতে পারলাম না মন্ত্রীমহাশয় একই সেশনে মোটামুটি একই ব্যাপারে একই জায়গায় এই রকম দুটি বিল কেন আনলেন। আমি জানিনা উনাকে কে এ্যাডভাইস করছেন, আপনি একটা বিলেই আনলে পারতেন। অথচ দু দুবার আপনাকে কতকগুলো কসরত করতে হবে। দ্বিতীয়তঃ বিলের মধ্যে যেগুলো এনেছেন, তার সঙ্গে কতকগুলো ডিফেক্ট ছিল ইউনিয়ন বোর্ড সংক্রান্ত ব্যাপারে এইগুলো আগেকার পঞ্চায়েত এ্যাক্টে ছিল না, আমি এইগুলো সাপোর্ট করছি। কিন্তু আপনি জানেন কিছু দিন আগে এই ব্যাপার নিয়ে একটা কেস

হয়েছে হাসানুজ্জামান যে কেস এর পিটিশনার। সেই মোকর্দমায় অনারেবল মিঃ জাসটিস সব্যসাচী মুখার্জী কতকগুলো সাজেসন ডিলিট করেছেন।

সেই জন্য প্রভিসন গুলি কেন আপনি এখনো রেখে দিচ্ছেন। যেমন আপনাকে আমি মনে করিয়ে দিচ্ছি, এই যে ১ নং, যেটা ডিলিট হচ্ছে সেটা হচ্ছে proviso of Section 4 of Sub-section 3 (a) is ultra vires and invalid. এই যে প্রভাইসো, যা ছিল সেকসন ৩ (এ)-তে, এটা আপনাদের আমলেরই এ্যামেণ্ডমেন্ট। সেকসন ৪, সাব-সেকসন ৩ (এ)-তে বলা আছে, ১৯৫৭ সালে যে গ্রাম-সভা ছিল সেই গ্রামসভা গুলি এক একটি কনস্টিটিউয়েন্সি হবে। আর প্রভাইসো যা ছিল তা যদি দেখা যায় রাখা যাচ্ছে না, তাহলে সেই গ্রামসভা গুলিকে ভাগ করতে পারেন। কিন্তু যেহেতু সেটা আর্বিটারি করা হয়েছিল, হুইমসিক্যালি করা হয়েছিল এবং জাজমেন্টে যা বলা আছে, সেই জন্য এটা আলট্রা ভায়ার্স হয়েছে। সুতরাং থেকেই যাচ্ছে। সাব-সেকসন ৩ (এ) সেকসন ৪ অনুযায়ী যে গ্রামসভাগুলি ৫৭ সালে কনস্টিটিউটেড হয়েছে, সেগুলিই হবে গ্রাম-পঞ্চায়েত-এর এক একটি কনস্টিটিউয়েন্সি। আপনি আজকে যে এ্যামেণ্ডমেন্ট এনেছেন তাতে এই প্রভিসনকে আপনার ডিলিট করা উচিত ছিল। কিন্তু তা আপনি করেননি। যদিও বলবেন হাই-কোর্ট বলে দিয়েছে, সেটা ডিলিটেড। তবুও আইন আছে। সুতরাং হাই কোর্টে যাওয়ার আগেই আপনার ব্যবস্থা নেওয়া উচিত ছিল। এর পর সেকসন ২২২ অফ দি এ্যাক্ট, সেটা আল্ট্রা ভায়াস হচ্ছে। এখন তাতে আপনার নিশ্চয়ই মনে আছে সেই সেকসনটা,

Provisions for removing difficulties — If any difficulty arises in giving effect to the provisions of this Act, the State Government may take such steps or issue such orders not inconsistent with the provisions of this Act as may appear to it be necessary or expedient for the purpose of removing such difficulty.

এই যে একটা এক্সট্রা অর্ডিনারি পাওয়ার হাতে রাখলেন যে, যদি কখনো কোনও ডিফিকাল্টি হয় তাহলে গভর্নমেন্ট এক খোঁচায় এটা শেষ করে দেবে। এটা বলেছেন আল্ট্রা ভায়াস, সুতরাং এটা থাকবে না। কিন্তু আমার মনে আছে ৩ নং সেকসনে বলা হচ্ছে, I hold that sub-rule (2) of rule 99 is invalid and bad

তারপর ৪ নং-টা হচ্ছে, তাই I hold further that sub-rule (1) of rule 99 so far as it authorise the respondents to issue any direction in the conduct of the election is bad and invalid.

এই সমস্ত আইন গুলি, যে গুলিকে বলেছে ইনভ্যালিড, সেগুলিকে কেন আপনি এখনো রেখে দিয়েছেন? সেই জন্য আপনাকে বলছি এই জাজমেন্ট অনুসারে যে সমস্ত আইনের বিধান গুলিকে বলা হয়েছে ইল্লিগ্যাল এবং আলট্রা ভায়ার্স, সেগুলি আপনি অন্তত রাখবেন না, এটাই আপনার কাছে আমার অনুরোধ।

**[4-05 – 4-15 P.M.]**

আর মাননীয় মন্ত্রীমহাশয়কে আমি আরোও বলছি যে এই সাব-সেকসান ৩ (এ) অফ সেকসান ৪ আপনারই আমলে এ্যামেন্ডমেন্ট হয়েছে। সেই অনুসারে প্রত্যেকটি গ্রাম সভা, গ্রাম পঞ্চায়েত এক-একটি কনষ্টিটুয়েন্সি হয়। তাহলে তার কনট্রাভেন্স অর্থাৎ সেই আইন ভঙ্গ করে যে সমস্ত ইলেকসান করেছেন তা সবই অবৈধ। আপনি ৩ (এ) করেছেন। প্রত্যেকটি গ্রামসভা এক-একটি কনষ্টিটুয়েন্সি হবে। অনেক জায়গায় গ্রাম সভাকে ভাগ করেছেন এবং ভাগ করে নির্বাচন করেছেন। এটা আপনারই আইন, আপনিই পাশ করেছেন। আপনি গেজেট নোটিফিকেসান দেখুন, তাতে দেখবেন ১৯৫৭ সালে যে গ্রাম সভা ছিল সেই গ্রাম সভাই আছে। আপনি যখন নির্বাচন করলেন তখন এই আইন পাশ করিয়েছেন — অর্ডিনান্স, ১৯৭৭ সালের নভেম্বর তারিখে। সুতরাং আপনি যা বললেন তা নয়, এটা আপনারই আমলে হয়েছে, আপনিই সংশোধন করেছেন। কিন্তু সংশোধন অনুসারে কাজ করেননি। আপনাকে নিশ্চয়ই এ্যাডভোকেট জেনারেল বলেছেন যে এটা সব্যসাচী মহাশয় ডিল করেছেন, আমি সব্যসাচী মুখার্জী মহাশয়ের জাজমেন্ট পড়ে দিচ্ছি। তিনি বলেছেন ৩এ সম্পর্কে There is however no statement or allegations in the petitions before me of the action in respect of any constituency for which election will be held pursuent to the notificat:on date:l 23rd March, 1978 taken under proviso to sub-section 3 of section 4. On behalf of the State, government counsel stated from the bar that no action has been taken under proviso to sub-section (3a) in respect of the impending elections

অর্থাৎ প্রভাইসোতে বলেছেন যে গ্রাম সভা ভাগ করা যায় কিন্তু সেই গ্রাম সভার নির্বাচন হয়নি একথা জানালেন সব্যসাচী মহাশয়। তাঁর কথা বিশেষ করে লারনেড এ্যাডভোকেট জেনারেল মহাশয় বলছেন হয়নি — কিন্তু আমি বলছি, মুর্শিদাবাদের নোটিফিকেসান দেখুন, গ্রাম সভা ভাগ হয়েছে। তা সত্ত্বেও কেস এর মধ্যে পাবেন; রঘুনাথ গঞ্জে যান, ভগবানগোলায় যান, প্রত্যেক জায়গায় পাবেন। আপনাদের কাউন্সেল বললেন গ্রাম সভা ভাগ হয়নি, গ্রাম সভা গোটা আছে। কিন্তু নোটিফিকেশানে দেখা যাচ্ছে, গ্রাম সভা ভাগ হয়েছে, তার ভিতরে আপনারা নির্বাচন করেছেন। সুতরাং কাউন্সেল যেকথা বলেছিলেন --- আমরা কোর্টে সুযোগ পাবো কি পাবো না তা জানি না এখানেই বলে দিচ্ছি --- কাউন্সেল যেটা বলেছেন ভাগ হয়নি, আমি বলছি ভাগ হয়েছে। সুতরাং যে নির্বাচন করেছেন সেই নির্বাচন অবৈধ নির্বাচন। এই অবৈধ নির্বাচনের পর যে ছেলের জন্ম হয়, তাকে অবৈধ বলা হয়। সুতরাং আজকে যেটা জন্ম দিয়েছেন তা অবৈধ এবং তার নমুনাস্বরূপ আজকে আমরা দেখতে পাচ্ছি করাপসান, দুর্নীতি এই রিলিফ ডিসট্রিবিউসনের নামে হচ্ছে। আপনি নিজেও ঘুরে ঘুরে দেখেছেন বিভিন্ন ব্লকে ব্লকে সি. পি এমরা কিভাবে পার্টি বাজি করছেন।

দলবাজি পার্টিবাজি করে, সি পি এমের লোক নেয়, দুষ্ট লোক, খেতে পায়না, মৃতপ্রায় এইসব লোকেদের নিয়ে পঞ্চায়েত করেছে। আমি আরও উদাহরণ আপনাকে দিচ্ছি। কারণ ইলেকশন আপনার হাত দিয়ে অথবা আপনাকে দিয়ে করান হয়েছে । আমি ভুরি ভুরি উদাহরণ দিতে পারি। যেখানে

বাড়ীতে মাত্র ৫ জন লোক আছে সেখানে ২০/২২ জন দেখান হয়েছে। একজন লোক তার নাবালক ছেলের নাম মহম্মদ রেজা, — তার কোন স্ত্রী পুত্র নেই তারও স্ত্রী পুত্র দেখান হয়েছে।

**মিঃ স্পীকার ঃ** আপনি পঞ্চায়েতের ডিবেটের উপর বক্তৃতা করবেন না। পঞ্চায়েত মন্ত্রী যখন বাজেট পাশ করবেন তখন ওটা বলবেন, আগামী বছরের জন্য রিজার্ভ রেখে দিন।

**শ্রীআবদুস সাত্তার ঃ** স্যার, আপনি ভাল করে শুনুন। কিছুদিন আগে শুনলাম রিলিফ মন্ত্রী কখন বললেন হাজার কত, আবার বললেন ৮০০ — তাতেই বলছি আপনি আরও কমপ্রিহেনসিভ বিল নিয়ে আসুন, যে বিলটা এনেছেন সেটা আইন অনুসারে যে নির্বাচনটা হয়েছে সেটা অবৈধ, যাঁরা নির্বাচিত হয়েছেন তাঁরাও অবৈধভাবে নির্বাচিত হয়েছেন। এ্যাডভোকেট জেনারেল রয়েছেন আমি তাঁকে আরও কতকগুলি নোটিফিকেশনের কথা বলছি। ঐখানে নিশ্চয় অফিসাররা আছেন। সেই নোটিফিকেশনগুলি আমার মনে হয় যেটা বলা হয়েছে সেই বিলকে সংশোধনের জন্য। তিনি বলবেন আপনাদের আমলেও হয়েছিল, অফিসাররা যা দেন আপনারা তাতে সই করে দেন। আপনাকে আমি বলছি যে নোটিফিকেশনটা হচ্ছে ১৯৩০ ডি. আর, ডেটেড ১৬ই এপ্রিল, ১৯৭৫। এই নোটিফিকেশন অনুসারে আপনারা জানেন ওয়েষ্টবেঙ্গল পঞ্চায়েত ইলেকশন রুলস অনুসারে যেটা হয়েছে ষ্টেট পঞ্চায়েত ইলেকশন অফিসার তিনি হচ্ছেন authority for determining the numbers of the members of the Gram Panchayat. গ্রাম পঞ্চায়েত কতজন মেম্বার, অথরিটি এটা বলা হয়েছে নোটিফিকেশনে। কিন্তু নোটিফিকেশনে কোথা থেকে অথরিটি পেয়েছেন, তা বলেছেন সেই নোটিফিকেশনে উল্লেখ আছে আরও একটা নোটিফিকেশন নং ৩১৪৪ পঞ্চায়েত ডেটেড ২রা মার্চ, ১৯৭৪ — যাতে অথরিটি পেয়েছেন যে অথরিটি পেয়েছেন তা হচ্ছে ষ্টেট পঞ্চায়েত ইলেকশন অফিসার তাঁকে কোন অথরিটি দেওয়া হয়নি। আমি সেটা পড়ছি।

**[4-15 – 4-25 P.M.]**

Notification No 3144 dt. 2nd March, 1974. In exercise of the powered conferred by sub-section (1) of Sec. 3 of the West Bengal Panchayat Act, 1973, the Governor is pleased to appoint the Director of Panchayat, Govt, of West Bengal as the State Panchayat Election Officer who shall supervise the conduct of election according to rules made thereunder.

সেই অনুসারে ডাইরেক্টর অফ পঞ্চায়েত ইলেকসান করছেন

To supervise the conduct of the election and not for determining the number of members of the Gram Panchayat.

এই নোটিফিকেসানটা দেখুন। এই কেসে যে পাওয়ার দিয়ে দেওয়া হয়েছে সেটা হল for determining the number of members of the Gram Panchayat. তার নং ১৮২৭ পঞ্চায়েত ৭ই ফেব্রুয়ারী ৭৪ এই নোটিফিকেসানে বলা হয়েছে গ্রাম পঞ্চায়েত ভাগ হবে। গ্রাম পঞ্চায়েতের

number of members ডিটারমাইন্ড হয় আনডার সেকসান 4 [2] read with rule 8 [2] (iv)। সেই 4 (2) তে বলছে Director of Panchayat, West Bengal, is the determining authority, কিন্তু ভাগ করলেন কেন? ষ্টেট পঞ্চায়েত ইলেকসান অফিসার আপনি করলেন, আপনি দেখবেন কালেক্টার এবং ডিস্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট একই লোক — কিন্তু কালেকটারের ডেফিনেসান আলাদা আছে — ডি, এম-এর ডেফিনেসান আলাদা আছে। সেই রকম ডায়রেক্টার অফ পঞ্চায়েতের ফাংসান আলাদা — এবং ষ্টেট পঞ্চায়েত ইলেকসান অফিসারের ফাংসান আলাদা। এই ফাংসানগুলি এখানে ডিটারমিন করা নেই। সুতরাং একটা কমপ্রিহেনসিভ আইন এনে যে সমস্ত লুফোল আছে তা দূর করুন। আপনি বলেছেন অঞ্চল পঞ্চায়েত সমিতির মিটিং ব্লকে হবে। কিন্তু আমি বলছি পঞ্চায়েত সমিতির অনেক মেম্বার আছেন ব্লকে সে স্পেস নেই। আগে ছিলো উইদিন দি ব্লক — যেকোন জায়গায়, ডাকতে পারে — এখন বলছেন যে ব্লক অফিসে ডাকতে হবে। ব্লক অফিসে পঞ্চায়েত মেম্বারদের কোথায় বসাবেন? ঘরের যে স্পেস আছে তাতে বসবার জায়গা হবে না। বসার জায়গা না করে আপনি বলেছেন যে ব্লক অফিসে মিটিং হবে। আপনি বলেন নি যে সেখানে জায়গা না হলে অন্য জায়গায় হবে? যেমন জেলা পরিষদের ক্ষেত্রে বলেছেন যে ডিস্ট্রিক্ট এর যে কোন জায়গায় হতে পারে কিন্তু এখানে এ্যামেণ্ডমেন্ট করে বলছেন ব্লক অফিসে করতে হবে। এই কথা কেন বলছেন না যে পঞ্চায়েত সমিতি ব্লকের ভেতরে যে কোন জায়গায় মিটিং করতে পারে? সুতরাং এই যে এ্যামেণ্ডমেন্ট নিয়ে এসেছেন বাস্তবক্ষেত্রে খুবই অসুবিধা হবে। ব্লক অফিসে জায়গা নেই। এমন অনেক ছোট ভাড়াটিয়া বাড়ি আছে যেখানে ৪০/৫০ জন মেম্বার এর বসার জায়গা নেই।

আমি এ্যামেন্ডমেন্ট এ বিষয়ে আনতে পারতাম কিন্তু হাউস আমরা বয়কট করেছিলাম বলে পারি নি। সুতরাং এই যে ডিফিকাল্টি এটা আপনি কেমন করে ওভারকাম করবেন? মুর্শিদাবাদ, বর্ধমান, বীরভূম ইত্যাদি জেলা পরিষদগুলিতে বিরাট বিল্ডিং ও হল আছে। সেখানে বলছেন যে জেলার যে কোন জায়গায় হতে পারে। আর এখানে কেন এটা করছেন তা বুঝতে পারছি না। যদি বামফ্রন্টের লোক নিয়ে মিটিং করেন তাহলে ঠিক আছে, কিন্তু সবাইকে নিয়ে করলে হবে না। মন্ত্রীমহাশয়, দুটি বিল এনেছেন — একটা পঞ্চায়েত সমিতি সম্পর্কে, আর একটা জেলা পরিষদ সম্পর্কে। ১ টা বিল আনলেই পারতেন। আর যে সমস্ত আইনগুলি আলট্রাভায়োলেট বলা হয়েছে সেগুলি বাদ দিয়ে একটা কমপ্রিহেনসিভ আইন আনতে পারলে ভালো হতো। শেষে একটা কথা বলবো পঞ্চায়েত মন্ত্রী হিসাবে আগে যে কথা বলেছিলেন সে ভাবে না চললে আপনিও মরবেন এবং দলকেও মারবেন।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই অধিবেশনে পঞ্চায়েত মন্ত্রী পঞ্চায়েত আইনের একাধিক সংশোধনী আনার প্রস্তাব করেছেন। যে উৎসাহ নিয়ে তিনি পঞ্চায়েত দপ্তর পরিচালনা করতে চাচ্ছেন বলে মনে হচ্ছে একটা কনস্টিটিউস্টশনাল পাওয়ার সেই সুবিধা দিচ্ছে না বলে আমরা দেখছি পঞ্চায়েত দপ্তরে একটা সাব কমিটি বসান হয়েছে যেটা পূর্ত দপ্তর বা অন্য কোথাও নেই। সেজন্য যে সংশোধনী প্রস্তাব গুলি রাখতে গিয়ে তিনি যে কথা বলেছেন তাতে অনেকগুলি কনসিকোয়েনসিয়াল আন এ্যাভয়ডেবল কথাও আছে যেগুলি রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত বলে মনে হচ্ছে। তিনি প্রারম্ভিক ভাষনে বললেন যে পঞ্চায়েতের উপর বিরাট দায়িত্ব দিচ্ছি কোটি কোটি টাকা

দিচ্ছি — সমস্ত পরিকল্পনার ভার দিচ্ছি। কিন্তু সদ্যজাত শিশুকে অধিকতর দায়িত্ব দিয়ে তার নার্সিং কেয়ার কমিয়ে দিয়েছেন। আমার মনে আছে যখন বন্যা শুরু হলো তখন আমরা বলেছিলাম অধিবেশন মুলতুবি থাক আমরা পরে বসবো। অধিবেশন আমাদের পর্য্যালোচনার সুযোগ দেয়। সেই পর্য্যালোচনার সুযোগ যেটা মূল আইনে ছিলো ১ মাস সেটা আপনি কমিয়ে দিয়েছেন।

**[4-25 – 4-35 P.M.]**

এর মধ্যে মনে হয় যে একটা রাজনৈতিক প্রভাব আছে। কারণ, যে কোন প্রকারে হোক ব্যাপক রিগিং এর সাহায্যে নিয়ে এতবড় আইনের আশ্রয় নিয়ে পঞ্চায়েত নির্বাচন পরিচালনা করা হয়েছে। এখানে অনেক অবাঞ্ছিত ব্যক্তি অবাঞ্ছিত কার্যকলাপে লিপ্ত আছে, এখানে সুপারভিসান কড়া করবেন, না করে সুপারভিসান লুজ এণ্ড স্ল্যাক করে দিচ্ছেন। এটা অসংগতি মনে হচ্ছে। যেকথা অন্যরা তুলেছেন যে মূল সমস্যায় না গিয়ে আপনি প্যাচ ওয়ার্কের চিন্তা করেছেন। আপনি লক্ষ লক্ষ কোটি কোটি টাকা দিচ্ছেন। গ্রামের মানুষের কাছে সরকার বলতে বি. ডি. ও অফিস। মূল ধারণা যদি হয় ক্ষমতার বিকেন্দ্রীকরণ হবে এবং সাধারণ মানুষের কাছে গভর্নমেন্ট বলতে যেখানে বি. ডি. ও অফিস সেখানে অনেক জায়গায় বি. ডি. ও অফিস ভাড়া বাড়ীতে আছে, এক জায়গায় দুটো ব্লকের একটা হেড কোয়াটার আছে। সুতরাং মূল সমস্যার ব্যাপারে আইনটা সংশোধন না করে আপনাদের যে রিসোর্স আছে সেদিক থেকে অন সুটেবল লোকালিটি অব দি ব্লক এরিয়া আপনি একটা অফিস কেন রাখতে পারবেন না? সেটা হওয়া বাঞ্ছনীয়। চিরকাল ভাড়া বাড়ীতে চলবে না। চিরকাল আনসুটেবল এ্যাকোমোডেসানে ব্লক অফিস থাকবে এটা চলবে না। যেখানে মানুষ গিয়ে তাদের বক্তব্য রাখার সুযোগ পাচ্ছে সেটাকে সংশোধন করছেন, মিউনিসিপ্যাল এরিয়া যদি থাকে তাহলে ব্লক অফিসে হবে, তাহলে কি মিটিং টারপলিন টাঙিয়ে আম্রকুঞ্জে অফিস হবে ? ব্লক অফিস প্রেমিসেস বলতে কি আমকুঞ্জ বলতে চাইছেন? উদাহরণস্বরূপ বলতে পারি চাকুলিয়া ব্লকে কোথায় মিটিং হবে? বলবেন ৩০ বছরে ধরে আপনারা কিছু করেননি। আপনাকে প্রভিসান রাখতে হবে ব্লক অফিসে গিয়ে শুধু নয়, এই মিটিং ব্লকের মাঝে সুটেবল ভেনুতে হওয়া উচিত। ব্লক অফিস বলতে যদি আমকুঞ্জ বোঝান তাহলে আমার বলার কিছু নেই। আমার নিজের মনে হয়েছে যে এই আইনগুলি খণ্ড খণ্ড বিক্ষিপ্তভাবে এখানে আনা হয়েছে। এই আইনের বলে নির্বাচন নিয়ে অনেকে হাইকোর্টে গিয়েছিল, হাইকোর্ট বলেছিলেন আইন অবৈধ, কিন্তু অবৈধ আইনের অবৈধ নির্বাচন বৈধ হয়ে গেল। নির্বাচন হয়ে গেল, সেই নির্বাচনে আপনাদের ব্যাপক রিগিং এর সুযোগ থাকায় বঞ্চিত মানুষ সব জায়গায় দায়িত্ব পায়নি এটা আমরা দেখেছি। আমি যেকথা আপনাকে বলতে চাই সেটা হচ্ছে আপনি প্রারম্ভিক ভাষণে একটা কথা রেখেছেন যে আপনি পঞ্চায়েতের মাধ্যমে পরিকল্পনাগুলি রূপায়ন করাবেন। বর্তমানে আমার নিজের ধারণা সামাজিক একটা ট্রানজিসান চলছে, এতে বোধ হয় সুপারভিসান লুজ এ্যাণ্ড স্ল্যাক করে দিলে চলবে না। আপনার মনে আছে ১৯৫৭, ১৯৬২ সালে পঞ্চায়েত আইন এবং জেলা পরিষদ আইনের ভিত্তিতে স্টেট রিলিফ চ্যানেলাইজ করা হয়েছিল জেলা পরিষদের মাধ্যমে। তার পরবর্তীকালে ১৯৬৯ সালে আপনারা এসেছিলেন, আসার পর সঙ্গে সঙ্গে বন্ধ করে দিয়েছিলেন। কেন, না ওখানে

আপনাদের লোক ছিল না। আপনার নিশ্চয়ই মনে আছে বিফোর ১৯৬৯ টেষ্ট রিলিফ এ্যাণ্ড আদার ওয়ার্কস, ডেভেলপমেন্টাল ওয়ার্কস জেলা পরিষদ অঞ্চল পরিষদের মাধ্যমে চ্যানেলাইজ করা হয়েছিল, পূর্ববর্তী বক্তাও সেকথা বললেন, যুক্তফ্রন্ট জেলা পরিষদগুলি অঞ্চল পরিষদগুলি ডিফাংক্ট করেছিলেন, এন্ট্যায়ার পঞ্চায়েতকে বাঞ্চাল করে রাখা হয়েছিল। আজকে দেখছি একটা কথা আপনারা বলছেন পঞ্চায়েতের হাতে দায়িত্ব দেবেন, রিসোর্স দেবেন রূপায়ণের কাজে, পরিকল্পনা পঞ্চায়েতের মাধ্যমে করাবেন, অন্যদিকে এদের সুপারভিসান এবং অটোনমি এটা দেখবার ব্যবস্থা থাকছে না। ডাঃ ইয়াজদানি সাহেব বললেন এম এল এ-র রোল কি হবে। এম এল এ-র রোল ডিটারমিন করে দেওয়া আছে। আর একটা ডেফিনিসান দিয়ে এম এল এ-র নতুন ক্ষমতা সংযোজনের প্রস্তাব আমি করছি না, কিন্তু যাঁরা এলেন তাঁদের আপনি বললেন সংখ্যা বেড়েছে, ৩২৪২ এর কথা বললেন। ৩২৪২ টা গ্রাম পঞ্চায়েতকে আপনি ফুড ফর ওয়ার্ক দিয়েছিলেন, কিন্তু আপনি কি এদের কার্যকলাপ দেখেছেন। আপনি একটু ডেপ্‌থে যান দেখবেন কি হচ্ছে। এগুলিতে শুধু পেপার ওয়ার্কস হচ্ছে, পেপার এক্সারসাইজ হচ্ছে, আসলে যে ব্যয় হচ্ছে সেটার কস্ট বেনিফিট রেসিও নেই। তাই মানুষের মনে সন্দেহ এখন দেখা দিয়েছে।

দলবাজী আপনারা রিলিফ বন্টন নিয়ে করছেন সেকথা আগে আমি বলেছি। এটা এখানে অপ্রাসংঙ্গিক হলেও আপনাদের এটা দেখা উচিত। তারপর, কস্ট বেনিফিট রেশিও আপনি পঞ্চায়েতকে দিয়ে করান আর কন্ট্রাক্টরকে দিয়েই করান সেদিকে আপনাকে দৃষ্টি দিতে হবে। আমার মনে হয় এই যে প্রস্তাব দিয়েছেন এতে বাঞ্ছিত ফল পাবেন না। আমি জানিনা আপনাকে কেউ পরামর্শ দিয়েছে কিনা। আমি দেখছি একটা সাব — কমিটি বসিয়েছেন পঞ্চায়েতের উপর, তার চেয়ে বেশী কিছু আমার চোখে পড়েনি। অবশ্য এতে আমার বলার কিছু নেই, সে ফয়সালা আপনি করবেন। আপনার বক্তব্য শুনে আমার মনে হয়েছে আপনি উৎসাহী এবং আগ্রহী। কাজেই এগুলিকে সুসংহত করে কাজ করবার একটা লক্ষ্য আপনার থাকা উচিত যে কি করে এই পঞ্চায়েতের মাধ্যমে দেশের উন্নতি করা যায়। অটনমি নাহলেও নিয়ার অটনমি — গান্ধীজী, রবীন্দ্রনাথের স্বপ্ন স্বরাজ সেই পথ যদি আপনি ভোলেন তাহলে কিন্তু সেই লক্ষ্যে আপনি কোনদিনই পৌঁছাতে পারবেন না। সেইজন্য বলছি আজকে আপনার ভাববার সময় এসেছে, আইনগুলোতে রাজনৈতিক ছাপ উপেক্ষা করে বাস্তব ক্ষেত্রে যেটা আপনি অনুভব করেছেন সেটা করার দিকে আপনি এগিয়ে যান। আপনি এ্যাপ্লিকেবিলিটি থ্রুআউট ওয়েস্ট বেঙ্গল — এর কথা বলেছেন। কিন্তু ডিলিমিটেস্ট আপনি একটা ধারায় করেননি, বিভিন্ন ধারায় অন ডিফারেন্ট নোটিফিকেসন আপনি ডিলিমিটেসনের সুযোগ নিয়েছেন। আপনাকে মনে রাখতে হবে এখনও আসানসোলে ইউনিয়ন বোর্ড রয়েছে। কাজেই দেখা যাচ্ছে রাজনৈতিক স্বার্থে আপনি এটা করেছেন। আপনি যদি গোড়াতেই পঞ্চায়েত আইন সম্প্রসারিত করতেন সমস্ত পশ্চিমবাংলায় তাহলে এর কোন প্রয়োজনই ছিলনা। কিন্তু আপনি সেটা না করে রাজনৈতিক দলের কাছে নতিস্বীকার করেছেন। ন্যায় পঞ্চায়েত সম্পর্কে আমার বক্তব্য হচ্ছে এটা একটা পৃথক বিচার ব্যবস্থা, এটা পৃথিবীতে কোথাও নেই। আমার বক্তব্য হচ্ছে এই বামফ্রন্ট সরকারের আমলে যে গণ আন্দোলন শুরু হয়েছে অর্থাৎ মারাত্মক যে একটা উৎপাত চলছে সেটাকে আপনি রোধ করবার চেষ্টা করুন। ন্যায় পঞ্চায়েত

মানে হচ্ছে একটা নির্বাচিত বিচার ব্যবস্থা যেটা অন্য দেশে ব্যাপকভাবে পরীক্ষিত হয়নি। এখানে যে সামান্য কাজ শুরু হয়েছে সেটাও আশাপ্রদ নয় এবং সেটা কোন সাকসেসফুল পরিণাম আনতে পারেনি। এটা আপনাকে ভাবতে হবে। তারপর যেগুলি কনসিকোয়েনসিয়াল সংশোধন এসেছে সেগুলি হচ্ছে শুধু দায়িত্ব বর্তাবে। এতে আমার আপত্তি করবার কিছু নেই কারণ আমি আগেই বলেছি এগুলি হচ্ছে কনসিকোয়েনসিয়াল এ্যামেণ্ডমেন্ট। তারপর, আমাদের এখানে পঞ্চায়েত নির্বাচনের পর একটা মারাত্মক অবস্থা দাঁড়িয়েছে অর্থাৎ আমরা ডাবল স্টাণ্ডার্ড দেখতে পাচ্ছি। এটা আপনাকে রোধ করতে হবে। আপনি প্রারম্ভিক ভাষণে এবং সার্কুলেশন মোশনের যে উত্তর দিয়েছেন তাতে আপনি বলেছেন, দলবাজী যেন প্রতিহত হয়। কিন্তু আমরা আনফরচুনেটলী রোজ দেখছি যেখানে বামফ্রন্ট সরকারের লোক নেই সেখানে অন্যদের আউট করা হচ্ছে, তাঁদের রিজাইন করতে ফোর্স করা হচ্ছে। এই যে অবৈধভাবে অত্যাচার করা হচ্ছে এই ব্যাপারে আমি মাননীয় স্পীকার মহাশয়কে খোলা চিঠি দিয়েছি। আপনি প্রারম্ভিক ভাষণে বলেছেন, আমরা নিরপেক্ষতা বজায় রাখতে চাই, কিন্তু ক্যাবিনেটের অন্য মন্ত্রী বলছেন, সরকার কখনই নিরপেক্ষ হবেনা। তিনি আবার একটা বই-ও লিখে ফেলেছেন যেটা কাগজে বেরিয়েছে যে তিনি ওই কথা বলেছেন। আপনি বলেছেন সরকার নিরপেক্ষ হবে, কিন্তু আমি বলছি ব্যাপক রিগিং — এর ফলে অন্য লোক আসতে পারেনি, অবৈধ আইনে, অবৈধ নোটিফিকেসনে নির্বাচন হচ্ছে।

**[4-35 – 4-45 P.M.]**

এত অত্যাচার করেও যেখানে আপনাদের দলের লোক আসতে পারেন নি, অবৈধ আইন, অবৈধ নোটিফিকেশান অবৈধ নির্বাচন করেও যেখানে আপনাদের লোক আসতে পারেনি, সেখানে যারা এসেছে আমরা দেখছি তাদের উপর রাজনৈতিক চাপ সৃষ্টি হচ্ছে যে কাগজ আপনাদের কাছে দিয়েছি স্পীকারের মাধ্যমে বহু অভিযোগ আমাদের কাছে এসেছে — খোলা চিঠি ছাপান — চিঠিতে আপনারা বলুন এগুলি তদন্ত করে দেখলাম — এগুলি ঠিক নয়। আপনি যে কথা বলছেন রোড সেস ইত্যাদি বলেছেন এখানেও আপনাকে একটা ডেফিনিট ষ্টান্ড নিতে হবে। আপনি কত পারসেন্ট দেবেন কিম্বা টোটালটা দেবেন — এটা আপনাকে বলতে হবে। আপনি একটু আগে বলছিলেন যে রিসোর্সে — আপনি মালদহ ঘুরে এসেছেন দেখেছেন অনেকগুলি জায়গায় হাট বাজার ইত্যাদি হয়েছে। আপনাদের কোঅর্ডিনেশান যদি থাকে, এল. আর. ডিপার্টমেন্টের সঙ্গে তাহলে দেখার দরকার আছে। কারণ এল. আর. ডিপার্টমেন্টের কতগুলি হাটবাজার রয়ে গেছে প্রাইভেট সেক্টারে। আজকে লালগোলায় বাজারে মাননীয় সদস্য বীরেন রায়ের কতকগুলি হাটবাজার আছে, সুতরাং তাকে বাঁচাতে হবে বলে আপনাদের এল. আর. ডিপার্টমেন্ট কোন সংশোধনী আনেন নি — হাটগুলি সরকারের বর্ত্তাবে বলে, খোঁয়াড়, ফেরিঘাট ইত্যাদি রিসোর্স চ্যানেল আছে সেগুলি প্রঞ্চায়েত এর মাধ্যমে ট্রান্সফার করা যায় বলে আমি মনে করি। স্যার সকাল থেকে যেভাবে আপনি হাউস পরিচালনা করছেন তাতে আপনার একটা বক্তব্যে আমরা সবাই খুবই আশ্বস্ত, সুতরাং আপনি যা নির্দ্দেশ দেবেন আমরা মাথা পেতে নেব।

এখানে একটা কথা নিবেদন করতে চাই যে আমাদের পঞ্চায়েত মন্ত্রী শ্রীদেবব্রত ব্যানার্জী মহাশয় যে উৎসাহ এবং আগ্রহ নিয়ে এবং আন্তরিকতা নিয়ে এই পঞ্চায়েত সিস্টেমকে পরিচালনা করবার চেষ্টা করছেন তাতে আপনি এক্সট্রাকনস্টিটিউশানাল কোন পাওয়ার কিম্বা কোন সোর্সের কাছে আপনার বিবেক কিম্বা আপনার কর্ত্তব্যকে বাধা দিতে দেবেন না বা বিসর্জন করতে দেবেন না।

আপনার কাছে এটাই আমার অনুরোধ। আর ডাবলষ্টান্ড করবেন না। আইনটা যেন সার্ব্বজনীন হয় সেদিকটা দেখবেন। এই বলে মোটামুটি কনসিকোয়েনসিয়াল চেঞ্জ যেগুলি বলেছেন সেগুলির বিরোধীতা না করে শুধু রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে যে সংশোধনী গুলি আনা হয়েছে সেই কলেজ এবং ধারাগুলির বিরোধিতা করে সেই উদ্দেশ্যের বিরোধীতা করে আমার কথা শেষ করছি। থাঙ্ক ইউ।

**শ্রীঅশ্বিনী কুমার রাজ ঃ** মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় পঞ্চায়েত মন্ত্রী শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় যে থার্ড পঞ্চায়েত বিল এনেছেন, সেটাকে সমর্থন করে আমি দুই একটি বক্তব্য রাখতে চাইছি। এই বিল এমন কোন মৌলিক পরিবর্তনের জন্য আনা হয়নি, কমপ্রিহেনসিভ বিল বলতে যা বোঝায়, সেটা যে তা নয়, সেকথা মাননীয় মন্ত্রীমহাশয় বিলটা উত্থাপন করার সময়েই বলে গিয়েছেন। কেবলমাত্র একটা জিনিষের অসুবিধার জন্যই প্রধানতঃ এই বিলটা আনতে হয়েছে। সেটা পঞ্চায়েত ফাংশন করার মত উপযুক্ত স্থানে তার অফিস নাই। আগেকার যে ইউনিয়ন বোর্ড ছিল, তার যে সমস্ত সম্পত্তি ছিল সেগুলি পঞ্চায়েত যাতে ব্যবহার করতে পারে সেই রকম কোন নির্দেশ ছিলনা। এই সমস্ত কতকগুলি মাইনর এ্যানোম্যালি দূর করার জন্যই এই বিল আনা হয়েছে, যাতে ঠিকমত পঞ্চায়েত ফাংশন করার জন্য অফিসের অভাব না ঘটে। পঞ্চায়েত-এর যে কাঠামো একেবারে নীচ থেকে উপর পর্য্যন্ত, তিনটি স্তরেই অফিস হিসাবে ফাংশন করার মত অফিস ঘর নাই, কোথায় বসে পঞ্চায়েত ফাংশন করবে সে রকম কোন ব্যবস্থা, অফিস ঘর বলে কিছু নাই। এমন কি পঞ্চায়েত সমিতি কোন কোন ব্লকে বহুদিন ধরে গঠিত হয়েছে, মাননীয় সদস্য যাঁরা এতদিন ক্ষমতায় ছিলেন, তাঁদের আমলে যে ব্লক ইত্যাদি গঠিত হয়েছে, সেখানে ক্ষমতায় ছিলেন, তাঁদের আমলে যে ব্লক ইত্যাদি গঠিত হয়েছে, সেখানে পর্য্যন্ত ব্লক অফিস ফাংশন করার মত অনেক জায়গায় সম্পূর্ণ কোন ঘর ছিল না আবার অনেক জায়গায় ঘরই ছিলনা, এই রকম অবস্থা ছিল, ইউনিয়ন বোর্ড-এর প্রেসিডেন্ট এর যে বৈঠকখানা ছিল সেখানে তাঁর অফিস ছিল, এই রকম অবস্থায়, পঞ্চায়েত ফাংশন করতে যাতে অসুবিধা না হয় তার জন্যই ব্যবস্থা করার জন্য এই বিল আনা হয়েছে। আর ব্লক অফিস যদি থেকেও থাকে এবং ইউনিয়ন বোর্ডের যদি কোন অফিস থেকেও থাকে, সেগুলি পঞ্চায়েতের ব্যবহারের জন্য কোন নির্দেশ ছিলনা, আইনগত বাধা ছিল। সেই বাধা দূর করার জন্যই এই বিল আনা হয়েছে। ইউনিয়ন বোর্ডের যে ব্যাঙ্ক এ্যাকাউন্ট এবং পোস্টাল এ্যাকাউন্ট ছিলো সেগুলি যদি পঞ্চায়েতের সঙ্গে এ্যাডজাস্ট করে নিত তাহলে কোন অসুবিধা হতনা। এই সমস্ত কতকগুলি মাইনর জিনিসগুলি অবলম্বন করে যাতে পঞ্চায়েতের কাজে বাধা সৃষ্টি না হয়, তার জন্যই এবং সেই অন্তরায়গুলি দূব করার জন্যই এই বিল আনা হয়েছে।

**[4-45 — 5-55 P.M.]**

কাজেই এটা কোন মৌলিক ব্যাপার নয়। নিশ্চয়ই এই সরকারের ইচ্ছে আছে সর্বস্তরে পঞ্চায়েতকে সংগঠিত করার এবং ক্ষমতার বিকেন্দ্রীকরণ করার। সে ক্ষমতার পরিচালন করার ক্ষেত্রে অফিস থেকে

সর্ব স্তরে ওয়েল ইকুইপ্ট করা একটা লক্ষ্য। কিন্তু যেহেতু কিছু কিছু বাধার সৃষ্টি হচ্ছে সেজন্য এই সংশোধনী আনা হয়েছে। কাজেই এটাকে সম্পূর্ণ সমর্থন করছি। একটা কথা বিরোধী পক্ষ থেকে বার বার বলা হচ্ছে রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিতভাবে ব্যবহার করা হচ্ছে। কিন্তু এখন এখানে যে প্রশ্নে আলোচনা হচ্ছে তার সংগে রাজনীতির উদ্দেশ্যপ্রণোদিত ব্যাপারটা এক নয়। তাছাড়া, যারা একথা বলছেন তারা ১৯৪৭ সালের ১৫ই আগষ্ট-এর পর থেকে সারা ভারতবর্ষকে পরিচালনা করে এসেছেন। পার্লামেন্ট যে ভোটে নির্বাচিত হয়, এ্যাসেম্বলী যে ভোটে নির্বাচিত হয়, সর্ব স্তরে পঞ্চায়েতও একই ভোটে নির্বাচিত প্রতিনিধি। কাজেই পঞ্চায়েতও বা তাই হবে না কেন? সাধারণভাবে তাই হবে। রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত দূরের কথা নিজের দলের এম, এল, এদের কোন কাজ না করিয়ে একনায়কতন্ত্রী শাসন চালিয়ে তার অন্য কোথাও কোন দৃষ্টান্ত নেই। এখনও পঞ্চায়েত ক্ষমতায় বসলো না, তার কাজও আরম্ভ হলো না যেহেতু এইরকম কাজ ওরা করেছেন, তাই স্বাভাবিকভাবে ধরে নিয়েছেন নূতন যারা নির্বাচিত হয়েছেন তারাও তাই করবেন। যেকথাগুলো বললেন দেখা যাবে এইগুলো অধিকাংশ ক্ষেত্রেই সত্য নয়। শতকরা ৯৯ ভাগ অসত্য। কিছু কিছু দু একটা হতে পারে। এটা কোন মৌলিক সমস্যা নয়। কিছু কিছু ত্রুটি বিচ্যুতি হবে — কেউ একথা অস্বীকার করে না। কিন্তু তাহলেও সেটা কিছু বিরাট নয়। যারা পঞ্চায়েতে নির্বাচিত হয়েছেন তারা কি ফেকলুরাম? তারাও জনসাধারণের ভোটে এসেছেন। আমরা যেমন জনসাধারণের ভোটে এসেছি, তারাও সেই রকম জনসাধারণের ভোটে এসেছেন। তাদের কি কাজ করবার অধিকার নেই? কোন কোন সদস্য বলছেন এম, এল -এদের সংবিধান অনুসারে একজিবিউট করবার অধিকার নেই, এরা পলিসি মেকিং বডি। কিন্তু যে অধিকার এবং ক্ষমতা দিয়ে পঞ্চায়েতকে জনসাধারণ বসিয়েছে সেইটা তারা করবেন। তা করলেই উদ্দেশ্য প্রণোদিত হয়ে গেলো একটা জিনিষ বারবার বলা হচ্ছে নিরপেক্ষ বা রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত। যারা নিরপেক্ষতার কথা বলেন তারা ধূর্ত এবং দলবাজি করেন গত ৩০ বছরের এটা শুধু আমার অভিজ্ঞতা নয়, সকলেই এটা জানেন। কাজেই এ্যানোমালি দূর করার জন্য মন্ত্রীমহাশয় যে বিল এনেছেন তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমধু মুখার্জী ঃ** মাননীয় স্পীকার স্যার, মাননীয় পঞ্চায়েত মন্ত্রী যে পশ্চিমবঙ্গ পঞ্চায়েত তৃতীয় সংশোধনী বিলটি এনেছেন আমি তাকে সমর্থন জানিয়ে দু একটা কথা বলতে চাই। কথাটা হচ্ছে একটু আগে মাননীয় পঞ্চায়েত মন্ত্রী তিনি কেন এই বিলটি এনেছেন তা পরিষ্কারভাবে বলেছেন। তার কারণ হচ্ছে কাজ করতে গিয়ে দেখা যাচ্ছে অনেক বাধার সৃষ্টি হচ্ছে। স্যার, আপনি জানেন এতদিন পর্যন্ত যা ক্ষমতা এর আগে ছিল তার ভিতর দিয়ে ঐ পঞ্চায়েতগুলি দীর্ঘ দিন ধরে কাজ করেছে। একথা কারও অজানা নাই যে অনেক পঞ্চায়েতগুলিতে গত ১৮ বছর ধরে কোন নির্বাচনই হয় নি। এমন কি অনেক পঞ্চায়েত সমিতি গ্রাম সভা জেলা পরিষদে নির্বাচন হয় নি। আজকে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর সমস্ত পঞ্চায়েতগুলিতে নির্বাচন হোল এবং সেই নির্বাচনের মাধ্যমে দেখা গেল পশ্চিমবাংলার জনগণ গত ৩০ বছর ধরে যারা তাদের ক্ষেতমজুরদের শোষণ করেছে, কৃষককে শোষণ করেছে, তাদের প্রত্যাখ্যান করেছে। গ্রামের মানুষ ক্ষেতমজুর কৃষক আমাদেরকেই জয়যুক্ত করলো। তারপর পঞ্চায়েত নির্বাচনের পরে দেখা গেল পঞ্চায়েতের কার্য পরিচালনার ক্ষেত্রে কিছু কিছু অসুবিধা দেখা

দিচ্ছে। সেই অসুবিধাগুলি দূর করবার জন্য সাধারণভাবে পঞ্চায়েত মন্ত্রীমহাশয় এই সংশোধনী প্রস্তাব এনেছেন। এর মধ্যে আবার রাজনৈতিক উদ্দেশ্যের কথা বলা হয়েছে। এখানে কোন রাজনৈতিক উদ্দেশ্যের প্রশ্ন উঠে না। তিনি কতকগুলি টেকনিক্যাল কারণে এই সংশোধনী নিয়ে এসেছেন এবং সে কথা তিনি বলেছেনও। আসল ব্যাপার হচ্ছে মুখে তথাকথিত বিকেন্দ্রীকরণের কথা তাঁরা চান বিকেন্দ্রীকরণ। তাঁরা চান না কৃষক ক্ষেত্রমজুর গ্রামের সাধারণ মানুষ ক্ষমতায় আসুক। আজকে পশ্চিম বাংলার বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর সাধারণ মানুষ কৃষক ক্ষমতায় আসছে এবং তাদের নির্বাচিত প্রতিনিধিরা এতদিন পর্যন্ত যে তাদের প্রতি অত্যাচার হয়েছে অন্যায় হয়েছে শোষণ হয়েছে এখন নির্বাচনের মাধ্যমে পঞ্চায়েতগুলিতে তারা এসেছে। এখন গ্রাম সংস্কার হবে সেখানে গণতান্ত্রিক সংগ্রাম হবে তার পদধ্বনির কথা তিনি বলেছেন এবং তাতে আমরা দেখতে পাচ্ছি বাধা দেবার চেষ্টা চলছে। আমি ভেবেছিলাম মন্ত্রীমহাশয় যে সমস্ত টেকনিক্যাল অসুবিধার কথা বলেছেন সেই অসুবিধার কথা চিন্তা করে গ্রামকে বিকেন্দ্রীকরণের কথা চিন্তা করে বিরোধী পক্ষ তাঁকে সমর্থন করবেন। কিন্তু দেখছি উদ্দেশ্যমূলকভাবে তাঁরা একে বাধা দিচ্ছেন। তাই মাননীয় পঞ্চায়েত মন্ত্রীমহাশয় যে সংশোধনী এখানে এনেছেন আমি তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**[4-55 – 5-05 P.M.]**

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** মাননীয় স্পীকার মহোদয়, আমাদের জেলার বয়ঃজ্যেষ্ঠ নেতা আবদুস সাত্তারের বক্তব্য শুনলাম এবং দেখলাম তিনি আইনের ধারা, উপধারা সমস্ত কিছুই মুখস্ত করেছেন। তার কারণ হচ্ছে এই যে পশ্চিমবাংলার সমস্ত জেলার মত মুর্শিদাবাদ জেলাতেও কংগ্রেস একেবারে বিপর্যস্ত হয়েছে, নির্বাচনে একেবারে বিধ্বস্ত হয়েছে। কাজেই নির্বাচনে পরাজিত হয়ে কংগ্রেস যে কায়েমীস্বার্থের বাহক, তাই সেই পরাজিত কায়েমী স্বার্থের পক্ষ হয়ে তিনি সমস্ত হাইকোর্ট, জজ কোর্ট করছেন এবং সেই ওকালতির প্রয়োজনে সমস্ত ধারা, উপধারা তার মুখস্ত হয়ে গিয়েছে। আমাদের জেলার নেতা কমরেড দেবব্রত বন্দ্যোপাধ্যায়, তিনি ব্যক্তিগত জীবনে, আপনারা সবাই জানেন, খুব ভাল ছাত্র ছিলেন। তিনি স্কুল ফাইনাল একজামিনেসনে সপ্তম স্থান অধিকার করেছিলেন এবং ইঞ্জিনিয়ারিং-এ প্রতি বছর প্রথম হতেন। ইঞ্জিনিয়ার মানে স্থপতি। আজকে তিনি গ্রাম বাংলার পঞ্চায়েতের হাতে ক্ষমতা দিয়ে — ক্ষমতা বিকেন্দ্রীকরণের মধ্য দিয়ে গ্রামবাংলা নির্মাণের যে কর্মযজ্ঞ শুরু হয়েছে, সেদিক থেকে স্থপতির যে ভূমিকা, সেই ভূমিকা তিনি পালন করছেন। তার ফলে যে সংস্কারগুলি আজকে রাষ্ট্র ব্যবস্থার মধ্যে সম্ভব সেই ব্যবস্থাগুলি করার জন্য তিনি অগ্রনী হয়েছেন এবং পঞ্চায়েতের মধ্যে যে সমস্ত আইনগত ত্রুটি বিচ্যুতি আছে — রাষ্ট্র ব্যবস্থার মধ্য দিয়ে যে কাজগুলি করা যায় সেই কাজগুলি করার পক্ষে যে বাধা সেই বাধা অপসারণের জন্য এই বিল উপস্থাপন করেছেন। আর অন্য পক্ষ কায়েমী স্বার্থের যারা ধারক, বাহক, তাদের মধ্যে আজকে আতঙ্ক সৃষ্টি হচ্ছে। আজকে সেই আতঙ্কের সুবাদে বারে বারে পঞ্চায়েতের মধ্যে ত্রুটি বিচ্যুতি কোথায়, গ্রামবাংলায় দুর্নীতি হচ্ছে, দলবাজী হচ্ছে এই কথা বলছেন। ফরোয়ার্ড ব্লকের কমরেড মধু ব্যানার্জি বললেন গ্রামবাংলার মানুষ, কৃষক ক্ষেত মজুর, নিম্ন মধ্যবিত্ত সকলেই আজকে সচেতন হয়েছেন। তাদের আজকে যে জাগৃতি সেই

সর্ব স্তরে ওয়েল ইকুইপ্ট করা একটা লক্ষ্য। কিন্তু যেহেতু কিছু কিছু বাধার সৃষ্টি হচ্ছে সেজন্য এই সংশোধনী আনা হয়েছে। কাজেই এটাকে সম্পূর্ণ সমর্থন করছি। একটা কথা বিরোধী পক্ষ থেকে বার বার বলা হচ্ছে রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিতভাবে ব্যবহার করা হচ্ছে। কিন্তু এখন এখানে যে প্রশ্নে আলোচনা হচ্ছে তার সংগে রাজনীতির উদ্দেশ্যপ্রণোদিত ব্যাপারটা এক নয়। তাছাড়া, যারা একথা বলছেন তারা ১৯৪৭ সালের ১৫ই আগষ্ট-এর পর থেকে সারা ভারতবর্ষকে পরিচালনা করে এসেছেন। পার্লামেন্ট যে ভোটে নির্বাচিত হয়, এ্যাসেম্বলী যে ভোটে নির্বাচিত হয়, সর্ব স্তরে পঞ্চায়েতও একই ভোটে নির্বাচিত প্রতিনিধি। কাজেই পঞ্চায়েতও বা তাই হবে না কেন? সাধারণভাবে তাই হবে। রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত দূরের কথা নিজের দলের এম, এল, এদের কোন কাজ না করিয়ে একনায়কতন্ত্রী শাসন চালিয়ে তার অন্য কোথাও কোন দৃষ্টান্ত নেই। এখনও পঞ্চায়েত ক্ষমতায় বসলো না, তার কাজও আরম্ভ হলো না যেহেতু এইরকম কাজ ওরা করেছেন, তাই স্বাভাবিকভাবে ধরে নিয়েছেন নূতন যারা নির্বাচিত হয়েছেন তারাও তাই করবেন। যেকথাগুলো বললেন দেখা যাবে এইগুলো অধিকাংশ ক্ষেত্রেই সত্য নয়। শতকরা ৯৯ ভাগ অসত্য। কিছু কিছু দু একটা হতে পারে। এটা কোন মৌলিক সমস্যা নয়। কিছু কিছু ত্রুটি বিচ্যুতি হবে — কেউ একথা অস্বীকার করে না। কিন্তু তাহলেও সেটা কিছু বিরাট নয়। যারা পঞ্চায়েতে নির্বাচিত হয়েছেন তারা কি ফেকলুরাম? তারাও জনসাধারণের ভোটে এসেছেন। আমরা যেমন জনসাধারণের ভোটে এসেছি, তারাও সেই রকম জনসাধারণের ভোটে এসেছেন। তাদের কি কাজ করবার অধিকার নেই? কোন কোন সদস্য বলছেন এম, এল -এদের সংবিধান অনুসারে একজিবিউট করবার অধিকার নেই, এরা পলিসি মেকিং বডি। কিন্তু যে অধিকার এবং ক্ষমতা দিয়ে পঞ্চায়েতকে জনসাধারণ বসিয়েছে সেইটা তারা করবেন। তা করলেই উদ্দেশ্য প্রণোদিত হয়ে গেলো একটা জিনিষ বারবার বলা হচ্ছে নিরপেক্ষ বা রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত। যারা নিরপেক্ষতার কথা বলেন তারা ধূর্ত এবং দলবাজি করেন গত ৩০ বছরের এটা শুধু আমার অভিজ্ঞতা নয়, সকলেই এটা জানেন। কাজেই এ্যানোমালি দূর করার জন্য মন্ত্রীমহাশয় যে বিল এনেছেন তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমধু মুখার্জী ঃ** মাননীয় স্পীকার স্যার, মাননীয় পঞ্চায়েত মন্ত্রী যে পশ্চিমবঙ্গ পঞ্চায়েত তৃতীয় সংশোধনী বিলটি এনেছেন আমি তাকে সমর্থন জানিয়ে দু একটা কথা বলতে চাই। কথাটা হচ্ছে একটু আগে মাননীয় পঞ্চায়েত মন্ত্রী তিনি কেন এই বিলটি এনেছেন তা পরিষ্কারভাবে বলেছেন। তার কারণ হচ্ছে কাজ করতে গিয়ে দেখা যাচ্ছে অনেক বাধার সৃষ্টি হচ্ছে। স্যার, আপনি জানেন এতদিন পর্যন্ত যা ক্ষমতা এর আগে ছিল তার ভিতর দিয়ে ঐ পঞ্চায়েতগুলি দীর্ঘ দিন ধরে কাজ করেছে। একথা কারও অজানা নাই যে অনেক পঞ্চায়েতগুলিতে গত ১৮ বছর ধরে কোন নির্বাচনই হয় নি। এমন কি অনেক পঞ্চায়েত সমিতি গ্রাম সভা জেলা পরিষদে নির্বাচন হয় নি। আজকে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর সমস্ত পঞ্চায়েতগুলিতে নির্বাচন হোল এবং সেই নির্বাচনের মাধ্যমে দেখা গেল পশ্চিমবাংলার জনগণ গত ৩০ বছর ধরে যারা তাদের ক্ষেতমজুরদের শোষণ করেছে, কৃষককে শোষণ করেছে, তাদের প্রত্যাখ্যান করেছে। গ্রামের মানুষ ক্ষেতমজুর কৃষক আমাদেরকেই জয়যুক্ত করলো। তারপর পঞ্চায়েত নির্বাচনের পরে দেখা গেল পঞ্চায়েতের কার্য পরিচালনার ক্ষেত্রে কিছু কিছু অসুবিধা দেখা

সাহেব বলেছেন, দুটি বিল এই অধিবেশনে এল কেন? আপনারা সকলেই জানেন, এই বিল যেটা এখন উত্থাপন করেছি সেই বিলটি গত অধিবেশনেই আনা হয়েছিল কিন্তু বন্যার জন্য হঠাৎ বিধানসভার অধিবেশন শেষ হয়ে যাবার জন্য দুটি বিলকে আমাদের একসঙ্গে আনতে হয়েছে। ইয়াজদানী সাহেব জিজ্ঞাসা করেছেন; এম. এল. এ দের কি ভূমিকা থাকবে? এম. এল. এ রা স্বভাবতঃই জেলাপরিষদে তারা সদস্য রয়েছেন, পঞ্চায়েত সমিতির তারা সদস্য রয়েছেন, তাদের ভূমিকাকে আমরা গৌন করে দেখছি না কখনও। তারপর সাত্তার সাহেব বিশেষ করে হাইকোর্টের মামলার রায়ের কথা বলেছেন। আমি ঠিক বুঝতে পারলাম না যে তাঁর মতন একজন সম্মানিত আইনজীবী কি করে এইসব কথা বললেন। একজন দায়িত্বশীল সদস্য হয়ে এই দায়িত্বশীল ফোরামে কি করে তিনি বললেন নির্বাচন অবৈধ হয়েছে তা আমি ঠিক বুঝতে পারলাম না। তারপর সেকশান ফোরে যেটা আলট্রা ফাইরাস বলে হাইকোর্ট বলেছেন সে সম্বন্ধে বললেন। আমরা এখনও পর্য্যন্ত তার কন্ট্রাভেনসানে কোন জায়গায় কোন আইন করেছি বলে আমার ধারণা নেই। তবে তা সত্ত্বেও একথা বলতে চাই যে এ্যাপিল রয়েছে—এ্যাপিল ইজ পেনডিং এবং আফটার ডিজপোজাল অব দ্যাট এ্যাপিল যে ভাবে হবে নিশ্চয় ষ্টেপস বা ব্যবস্থা সেইভাবেই নেওয়া হবে। তারপর গ্রামসভাগুলি কি ভাবে ভাঙ্গা হয়েছে তার উপর যে সমস্ত প্রশ্ন তিনি রেখেছেন সেগুলি নিয়ে হাইকোর্টে এবং বিভিন্ন জেলায় মামলা চলছে। এখন সেই মামলা চলাকালীন অবস্থায় কি করে তিনি সেই বক্তব্য এখানে রাখলেন তা আমি বুঝে উঠতে পারলেন না। সেখানে যে রায় হবে নিশ্চয় সেই রায় মোতাবেক বিধি নেওয়া হবে।

**[5-05 — 5-15 P.M.]**

আমি এই কথা বলবো, বিশেষ করে জয়নাল সাহেব এ্যাপিল করেছেন যে আমরা যেন এ্যালিজিয়েন্সে বিশ্বাস করি। আমার এ্যালিজিয়্যান্স পঞ্চায়েত মন্ত্রী হিসাবে সকলের প্রতি থাকে, এই কথা আমি বারবার ঘোষণা করেছি যে আমাদের এ্যালিজিয়্যান্স সমস্ত সময় থাকে, বিশেষ করে যে মতবাদে আমরা বিশ্বাস করি, লেনিনের মতবাদ। আমি আবার সেই কথা বলতে চাই লেনিনের বিখ্যাত কথা serious politics begins where masses are, not in thousands but in millions. আমাদের পলিটিক্স হচ্ছে সেখানকার, যেখানে হাজার হাজার মানুষ নয়, লক্ষ লক্ষ মানুষ এর কর্মকাণ্ডে হাত লাগাই, সমাজকে বদলাবার চেষ্টা করে, সেই জায়গায় লক্ষ লক্ষ মানুষ, not in thousands. But in millions. যেখানে রয়েছে, বিশেষ করে পঞ্চায়েতের মধ্যে দিয়ে, হাজার হাজার মানুষ নয়, লক্ষ লক্ষ মানুষ, আজকে পশ্চিমবাংলার গ্রামবাংলার ৪ কোটি মানুষ যেখানে হাত লাগিয়েছে, আমাদের এ্যালিজিয়্যান্স, আমার এ্যালিজিয়্যান্স সেই সমস্ত শ্রমজীবী মানুষের প্রতি — আমাদের দ্বিবিধ এ্যালিজিয়্যান্স। একবার ইন্দিরা গান্ধীর প্রতি একবার চাবনের প্রতি, দ্রৌপদী সুলভ এ্যালিজয়্যান্স আমাদের থাকে না। এই কথা বলে আমার বক্তব্য, বিশেষ করে আমি যে কথা বলেছি আশা করি আপনারা সকলে বিবেচনা করবেন। যে থার্ড এ্যামেণ্ডমেন্ট বিল আপনাদের সামনে এনেছি, আপনাদের সকলের বিবেচনার জন্য রেখেছি, আশা করি সেটা যাতে পাশ হয় সেই ভাবে চেষ্টা করবেন।

The motion of Shri Debabrta Bandyopadhyay that the West Bengal Panchayat (Third) Amending Bill, 1978, be taken into consideration, was then put and agreed to

সর্ব স্তরে ওয়েল ইকুইপ্ট করা একটা লক্ষ্য। কিন্তু যেহেতু কিছু কিছু বাধার সষ্টি হচ্ছে সেজন্য এই সংশোধনী আনা হয়েছে। কাজেই এটাকে সম্পূর্ণ সমর্থন করছি। একটা কথা বিরোধী পক্ষ থেকে বার বার বলা হচ্ছে রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিতভাবে ব্যবহার করা হচ্ছে। কিন্তু এখন এখানে যে প্রশ্নে আলোচনা হচ্ছে তার সংগে রাজনীতির উদ্দেশ্যপ্রণোদিত ব্যাপারটা এক নয়। তাছাড়া, যারা একথা বলছেন তারা ১৯৪৭ সালের ১৫ই আগষ্ট-এর পর থেকে সারা ভারতবর্ষকে পরিচালনা করে এসেছেন। পার্লামেন্ট যে ভোটে নির্বাচিত হয়, এ্যাসেম্বলী যে ভোটে নির্বাচিত হয়, সর্ব স্তরে পঞ্চায়েতও একই ভোটে নির্বাচিত প্রতিনিধি। কাজেই পঞ্চায়েতও বা তাই হবে না কেন? সাধারণভাবে তাই হবে। রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত দূরের কথা নিজের দলের এম, এল, এদের কোন কাজ না করিয়ে একনায়কতন্ত্রী শাসন চালিয়ে তার অন্য কোথাও কোন দৃষ্টান্ত নেই। এখনও পঞ্চায়েত ক্ষমতায় বসলো না, তার কাজও আরম্ভ হলো না যেহেতু এইরকম কাজ ওরা করেছেন, তাই স্বাভাবিকভাবে ধরে নিয়েছেন নূতন যারা নির্বাচিত হয়েছেন তারাও তাই করবেন। যেকথাগুলো বললেন দেখা যাবে এইগুলো অধিকাংশ ক্ষেত্রেই সত্য নয়। শতকরা ৯৯ ভাগ অসত্য। কিছু কিছু দু একটা হতে পারে। এটা কোন মৌলিক সমস্যা নয়। কিছু কিছু ত্রুটি বিচ্যুতি হবে — কেউ একথা অস্বীকার করে না। কিন্তু তাহলেও সেটা কিছু বিরাট নয়। যারা পঞ্চায়েতে নির্বাচিত হয়েছেন তারা কি ফেকলুরাম? তারাও জনসাধারণের ভোটে এসেছেন। আমরা যেমন জনসাধারণের ভোটে এসেছি, তারাও সেই রকম জনসাধারণের ভোটে এসেছেন। তাদের কি কাজ করবার অধিকার নেই? কোন কোন সদস্য বলছেন এম, এল -এদের সংবিধান অনুসারে একজিবিউট করবার অধিকার নেই, এরা পলিসি মেকিং বডি। কিন্তু যে অধিকার এবং ক্ষমতা দিয়ে পঞ্চায়েতকে জনসাধারণ বসিয়েছে সেইটা তারা করবেন। তা করলেই উদ্দেশ্য প্রণোদিত হয়ে গেলো একটা জিনিষ বারবার বলা হচ্ছে নিরপেক্ষ বা রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত। যারা নিরপেক্ষতার কথা বলেন তারা ধূর্ত এবং দলবাজি করেন গত ৩০ বছরের এটা শুধু আমার অভিজ্ঞতা নয়, সকলেই এটা জানেন। কাজেই এ্যানোমালি দূর করার জন্য মন্ত্রীমহাশয় যে বিল এনেছেন তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমধু মুখার্জী ঃ** মাননীয় স্পীকার স্যার, মাননীয় পঞ্চায়েত মন্ত্রী যে পশ্চিমবঙ্গ পঞ্চায়েত তৃতীয় সংশোধনী বিলটি এনেছেন আমি তাকে সমর্থন জানিয়ে দু একটা কথা বলতে চাই। কথাটা হচ্ছে একটু আগে মাননীয় পঞ্চায়েত মন্ত্রী তিনি কেন এই বিলটি এনেছেন তা পরিষ্কারভাবে বলেছেন। তার কারণ হচ্ছে কাজ করতে গিয়ে দেখা যাচ্ছে অনেক বাধার সৃষ্টি হচ্ছে। স্যার, আপনি জানেন এতদিন পর্যন্ত যা ক্ষমতা এর আগে ছিল তার ভিতর দিয়ে ঐ পঞ্চায়েতগুলি দীর্ঘ দিন ধরে কাজ করেছে। একথা কারও অজানা নাই যে অনেক পঞ্চায়েতগুলিতে গত ১৮ বছর ধরে কোন নির্বাচনই হয় নি। এমন কি অনেক পঞ্চায়েত সমিতি গ্রাম সভা জেলা পরিষদে নির্বাচন হয় নি। আজকে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর সমস্ত পঞ্চায়েতগুলিতে নির্বাচন হোল এবং সেই নির্বাচনের মাধ্যমে দেখা গেল পশ্চিমবাংলার জনগণ গত ৩০ বছর ধরে যারা তাদের ক্ষেতমজুরদের শোষণ করেছে, কৃষককে শোষণ করেছে, তাদের প্রত্যাখ্যান করেছে। গ্রামের মানুষ ক্ষেতমজুর কৃষক আমাদেরকেই জয়যুক্ত করলো। তারপর পঞ্চায়েত নির্বাচনের পরে দেখা গেল পঞ্চায়েতের কার্য পরিচালনার ক্ষেত্রে কিছু কিছু অসুবিধা দেখা

সমিতির নিজস্ব অফিসের কথা চিন্তা করতে হবে। সেজন্য বলছি যে, এমন বিধান থাক যে পঞ্চায়েত সমিতির মিটিংগুলি ব্লক অফিসে করলেও করা যাবে অথবা যেভাবে পঞ্চায়েত সমিতি স্থান নির্ধারণ করবে সেই রকম করতে পারবে। এই যদি হয় তাহলে ব্লক অফিস বাইবে হলেও যতক্ষণ পর্যন্ত পঞ্চায়েত সমিতির নিজস্ব অফিস না হচ্ছে ততক্ষণ পর্যন্ত ব্লক অফিসে মিটিং করবে, তারপব পঞ্চায়েতের নিজস্ব অফিস হয়ে গেলে তার নিজস্ব অফিসে মিটিং করতে পারবে। সেজন্য ওঁদের যে সংশোধনী রয়েছে এ্যাট লিস্ট ওয়ান্স ইন এ মান্থ এ্যাট সাচ টাইম এন্ড এ্যাট সাচ প্লেস উইদিন দি লোকাল লিমিটস অব দি ব্লক কনসার্নড এটার পরিবর্তে উনি রেখেছেন ইন দি অফিস অব দি ব্লক ডেভেলপমেন্ট অফিসার কনসার্নড এ্যাট লিস্ট ওয়ানস ইন এ মান্থ এর সংগে আমি জুড়ে দিতে চাই "অর এ্যাট এনি আদার প্লেস উইদিন দি লোকাল লিমিটস অব দি পঞ্চায়েত সমিতি, এ্যাজ মে বি ফিক্সড বাই দি পঞ্চায়েত সমিতি। এটা করলে ভবিষ্যতের পথও পরিষ্কার হয়ে যাবে বলে আমি মনে কবি। তাই মন্ত্রী মহাশয়কে আমি অনুরোধ করছি তিনি এই সংশোধনীটা বিবেচনা করবেন। এরপরে আমার ৪ নং সংশোধনী প্রস্তাব। সেই প্রস্তাবটা হচ্ছে এই মূল আইনের সেকসান ১০৫, সাব-সেকসান (১) তে আছে এভরি পঞ্চায়েত সমিতি স্যাল হোল্ড এ মিটিং ইত্যাদি ইত্যাদি, এ্যাজ দি পঞ্চায়েত সমিতি মে ফিক্স সাচ টাইম এন্ড প্লেস - এ্যাজ দি পঞ্চায়েত সমিতি মে ফিক্স এ্যাট দি ইমমিডিয়েটলি প্রিসিডিং মিটিং কথা হচ্ছে এই যে একটা মিটিং কখন হবে সেটা পূর্ববর্তী মিটিংএ পাকাপাকিভাবে স্থির করতে হবে। মূল আইনে ছিল অন্ততঃপক্ষে ১ মাসের মধ্যে একটা মিটিং করতে হবে। ফোর্থ এ্যামেন্ডিং বিল যেটা আনা হচ্ছে তাতে বলা হচ্ছে সেই মিটিং ৩ মাসের মধ্যে একবার করলেই চলবে। এখন একটা মিটিং এর স্থান এবং সময় এতপূর্বে ঠিক করে নেওয়া যাবে কিনা সেটা ভাববার কথা। আমবা আজকে দেখছি পঞ্চায়েত সমিতিগুলিব কাজ অনেক বেশী বেড়ে গেছে, ১ মাসের মধ্যে অনেক ঘন ঘন তাদের মিটিং করতে হচ্ছে। সব ক্ষেত্রে মিটিং এর স্থান এবং সময় পূর্ববর্তী মিটিংএ স্থির করে নেওয়া যাবে কিনা সেটা ভাববার কথা। অনেক সময় এমারজেন্সি আসতে পারে, মিটিং কল করতে হতে পারে। কাজেই এই অংশটুকু বাতিল করে দেওয়ার প্রয়োজন আছে বলে মনে কবছি।

**[5-15 – 5-25 P.M.]**

Every Panchayat Samity shall hold a meeting in the office of the Block Development officer concerned এখানে local limits of the Panchayat Samity এই জায়গায়ে শেষ করতে হবে, the immediately preceding meeting.

এখানে বলা হচ্ছে রিগার্ডিং টাইম এন্ড প্লেস এটা রাখার প্রয়োজনীয়তা নেই। এটা রাখলে ডিফিক্যাল্টি সৃষ্টি হবে মিটিং করতে। আর একটি কথা মাননীয় মন্ত্রী মহাশয়কে বলি, আপনি একটি কথা সংশোধন করেছেন, প্রভাইসো আছে, আপনার দৃষ্টি আকর্ষন করছি — আমাব সংশোধনী ছিল যেটা সেটা হচ্ছে। Provided that the first meeting of a newly constituted Panchayat Samity shall be held at such time and such place within the local limits of the Block concerned.আপনি block office করবেন বলেছেন, and the prescribed authority may fix এটা

বলেছেন সংশোধনীতে। এই যে সংশোধন করেছেন সেটা shall be deemed always to have been substituted অর্থাৎ from the date of the Panchayat Act of 1973 coming into force. সেইদিন থেকে এটা থাকবে, এটা আপনি বলেছেন। মাননীয় মন্ত্রী মহাশয়কে একটি প্রশ্ন জিজ্ঞাসা করবো কি কারণ? পঞ্চায়েত সমিতির দি ফার্স্ট মিটিং ব্লক এলাকায় করা সম্ভব হয়নি। আমি নিজে জানি আমার নিজের এলাকায় ব্লক এর নিজস্ব এক্তিয়ারভূক্ত অফিসে নিরঙ্কুশ জায়গার মধ্যে ইলেকসন অফ দি অফিস বেয়ারাস — সেই মিটিং করা সম্ভব হয়নি within local Limits of the block. এলাকায় বাইরে ব্লক। কোন স্কুলে মিটিং হয়েছে। আপনি যদি বলেন মিটিং ব্লক এলাকায় হবে। ব্লক অফিসে হবে এবং এটা shall be deemed to have been substituted সেটা অসম্ভব। এই বলে আমি আমার কাজের উপর সংশোধনীগুলি মন্ত্রীমহাশয়ের বিবেচনার জন্য অনুরোধ করছি।

**Shri Debabrate Bandyopadhyay :** আমি আমার জবাব আগেই দিয়ে দিয়েছি। এই সংশোধনীগুলি গ্রহণ করতে পারলাম না।

The motion of Shri Sasabindu Bera that after clause 3 (a), the following be inserted :

'(aa) the words" at the immediately preceding meeting" shall be omitted and shall be deemed always to have been omitted., was then put and lost

The motion of Shri Sasabindu Bera that in clause 3 (a), in lines 3 & 4, after the word "Office of the Block Development' officer concerned", the words "or at any other place within the local limits of the Block as may be fixed by the panchayat Samity" be inserted, was then put and lost.

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

## Clause 4

**Shri Sasabindu Bera :** Sir, I beg to move that clause 4 be changed as sub-clause (a) of that clause and thereafter, the folloing new sub-clause be added .—

'(b) for the words "a constituency" the words "their respective constituencies" shall be substituted.'

Zilla Parishad and its constitution কারা পঞ্চায়েত সমিতির সদস্য হবেন সেই বিধান রয়েছে।

মাননীয় মন্ত্রী মহাশয় যে সংশোধনী প্রস্তাব এনেছেন Section 140, clause 2, sub-clause (3) তাতে আছে Members of the House of the People or the Legislative Assembly of the State elected thereto from a constituency comprising the district or any part thereof — not being Ministers মূল আইনে ছিল House of the People এরপর Or ... Members of the House of the People and the Legislative Assembly of the State elected thereto

from a constituency ... constituency ... from their respective constituency ... কারন Member of the House of the People আছে Legislative Assembly আছে। Members রা belong to two categories of Members এবং They cannot be elected from a constituency এবং there must be separate constituency from which they are to be elected. A constituency-র বদলে their respective constituency তাই হওয়া উচিত ওটা সামানা ব্যাপার নীতিগত কিছু নেই, মন্ত্রী মহাশয়ের সংশোধনীতে ওটা ওভারলুক করেছেন। মন্ত্রী মহাশয় ভেবে দেখবেন-এই বলে আমি মুভ করছি।

**Shri Debabrata Bandyopadhaya :** এই কথাটা সেইজন্য বলছিলা। The motion of Shri Sasabindu Bera that clause 4 be changed as sub-clause (a) of that clause and thereafter, the following new sub-clause be added .

'(b) for the words "a constituency" the words "their respective constituencies" shall be substituted', was then put and lost.

The question that clause 4 do stand part of the Bill was then put and agreed to

## Clauses 5 to 10 and the Preamble.

The question that clauses 5 to 10 and the Preamble do stand part of the Bill was then put and agreed to

**Shri Debabrata Bandyopadhyaya :** Sir, I beg to move that the West Bengal Panchayat (Third) Amending Bill, 1976, as settled in the Assembly be passed

The motion was then put and agreed to

**[5-25 – 5-35 P.M.]**

The West Bengal Panchayat (Fourth) Amending Bill, 1978

**Shri Debabrata Bandyopadhyay :** Sir, I beg to introduce the West Bengal Panchayat (Fourth) Amending Bill, 1978, and to place a statement as required under rule 72 (1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly

In the West Bengal Panchayat Act, 1973, there is no specific provision empowering Panchayat Samities and Zilla Parishads to borrow money from banks or other financial institutions. For implementation of programmes like the Integrated Rural Development in the light of guidelines given by the Government of India it is necessary that panchayat bodies like the Panchayat Samities would be required to borrow money from banks or other financial institutions on the basis of specific schemes.

Section 105 (1) of the Act provides that each Panchayat Samity and each Zilla Parishad shall hold a meeting at least once in a month. It may not be necessary for the Panchayat Samities and Zilla Parishads to hold meetings every month. On the other hand, if such meetings are held every month it will entail huge expenditure in the shape of travelling and daily allowances, etc. for all the members of the Panchayat Samities and Zilla Parishads. It was therefore felt that a meeting should be held once in three months and during the intervening period of three months it would not be difficult for the Samitis to carry on their work.

Under Section 197 of the Act every member of a Gram Panchayat, Panchayat Samiti or Zilla Parishad other than MLA, MP, is required to make and subscribe and oath or affirmation before taking his seat, but in the Third Schedule of the Act the form of oath or affirmation to be made has been provided only for the elected members. It was therefore necessary to make suitable amendment in the Third Schedule so that the same can be used also by the ex-officio members appointed by the State Government.

As the matters were very urgent and the Legislature was not in session, two new sections, namely, sections 135A and 182A, were incorporated in the West Bengal Panchayat Act, 1973 and section 105 (1) and the Third Schedule of the said Act were amended by the West Bengal Panchayat (Second) Amending Ordinance, 1978.

The West Bengal Panchayat (Fourth) Amending Bill, 1978.

(Secretary then read the title of the Bill)

**Shri Debabrata Bandyopadhayay :** Sir, I beg to move that the West Bengal Panchayat (Fourth) Amending Bill, 1978, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে ষ্টেটমেন্ট দিয়েছিলাম সেটা সেলফ এক্সপ্লানেটারী। আপনি অল্প সময়ের মধ্যে বলতে বলেছেন আমি অল্প সময়ের মধ্যে আমার বক্তব্য রাখবার চেষ্টা করবো। মাননীয় সদস্যরা জানেন যে, ১৯৭৩ সালের পঞ্চায়েত আইনে এরূপ কোন স্পেসিফিক প্রভিসান নেই যার বলে পঞ্চায়েত সমিতি ও জেলা পরিষদগুলি ব্যাঙ্ক বা আর্থিক প্রতিষ্ঠান থেকে টাকা ধার নিতে পারে। অথচ আপনারা জানেন পঞ্চায়েতের মাধ্যমে নানান রকম ডেভালপমেন্টাল ওয়ার্ক — বিশেষ করে ভারত সরকার যে সমস্ত ইনট্রিগেটেড রুরাল ডেভালাপমেন্টের যা গাইড লাইন দিয়েছে। তাতে করে এই স্কীমগুলি করা সম্ভব নয় বা বাজেটের টাকার মধ্যে। আপনারা সবাই জানেন যে কো-অপারেটিভ ইত্যাদি তারা লোন পায় — কিন্তু পঞ্চায়েত এত দিন পর্যন্ত ব্যাঙ্ক থেকে বা কোন আর্থিক প্রতিষ্ঠান থেকে লোন পেতেন না। সেই পঞ্চায়েত সমিতি যাতে ব্যাঙ্ক এবং আর্থিক প্রতিষ্ঠান থেকে লোন পেতে পারে সে প্রভিসানের জন্য এই সংশোধনী আনা হয়েছে। দ্বিতীয় সংশোধনী যেটা সেটার ব্যাপারে আমি আগে বলেছি যে পঞ্চায়েতগুলি কতবার বসবে। এটা ঠিক যে পঞ্চায়েত সমিতিগুলি মাসে মাসে বসতে

পারলে ভাল হয়। কিন্তু অসুবিধা আছে। বিশেষকরে ২৪পরগনা, মেদিনীপুর, বর্ধমান ইত্যাদি সভ্যদের যদি মাসে মাসে বসতে হয় তাহলে তাদের রাহা খরচ - টি, এ, ডেলি এ্যালাউন্স ইত্যাদি অনেক টাকা খরচ হবে। কাজ পড়ে থাকবে না। পঞ্চায়েত সমিতি, জিলা পরিষদ ইত্যাদি স্থায়ী সমিতি আছে কাজ করবার জন্য। কাজেই তারা তিন মাসের মধ্যে তাদের সভা করবে এবং এতে তারা কাজ করতে পারবে। তৃতীয়তঃ আপনারা জানেন থার্ড সিডিউল অনুসারে গভঃ নমিনেটেড সভ্যদেরও শপথ নেবার কোন ব্যবস্থা ছিলো না। সেই থার্ড সিডিউলে গভঃ নমিনেটেড মেম্বার যারা হবেন তারা যাতে শপথ গ্রহন করতে পারেন তার ব্যবস্থা করা হয়েছে। আমি আশা করবো যে আজকে যে কর্মযজ্ঞ চলেছে ৩৭ হাজার গ্রাম — ৩২৪২টি সমিতিতে এবং ১৫ হাজার গ্রাম পঞ্চায়েতে যে কাজ আজ হচ্ছে তা টাকা পয়সার অভাবে যাতে ব্যহত হতে না পারে সেইজন্য ব্যবস্থা করা হচ্ছে — বিশেষ করে ইনট্রিগেটেড রুরাল ডেভালাপমেন্ট যা ৩০ বছর ধরে হয় নি, কাজেই পঞ্চায়েতের মাধ্যমে সুষ্ঠভাবে তা করা যায় তারা যাতে ব্যাঙ্ক থেকে এবং আর্থিক প্রতিষ্ঠান থেকে লোন পেতে পারে সেটা আপনারা বিবেচনা করে দেখবেন এবং অন্যান্য যা রাখলাম তা বিবেচনা করবেন। এই বলে আমি বিলটি অনুমোদনের জন্য রাখছি।

**Shri Birendra Kumar Maitra :** Sir, I beg to move that the West Bengal Panchayat (Fourth) Amending Bill, 1978, be circulated for the purpose of eliciting public opinion by the 15th December, 1978.

**[5-35 – 5-45 P.M]**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই বিলটাকে জনমত সংগ্রহের জন্য দিয়েছি। তার কারণ মন্ত্রী মহাশয় এই বিলে বলেছেন এক মাসের জায়গায় ৩ মাসে একবার মিটিং করা যাবে। মূল বিলে লেখা ছিল এ্যাট লিস্ট ওয়ানস ইন এ মান্থ, সেখানে তিনি বলছেন এ্যাট লিস্ট ওয়ানস থ্রী মান্থস। এতে ভাবটা হচ্ছে এই যে মিটিং না করলেও হবে, তবে তিন মাসে একবার করা যাবে। কারণ, স্থায়ী মেম্বার জেলা পরিষদে আছে, ৬ জন এগ্রিকালচার করছে, ৬ জন স্বাস্থ্য করছে, ৬ জন রাস্তা করছে। কিন্তু অন্য লোকের কথা বলার স্কোপ নেই। আমরা কো-অপারেটিভে কি দেখি — কো অপারেটিভে ১৫ মাসে ইলেকশান ·ওয়ার কথা, কিন্তু ১৫ মাসে ইলেকশান হয়নি বলে মন্ত্রীমহাশয় সেদিন একটা বিল এনেছিলেন। আজকে যদি ৩ মাস বলে দেওয়া হয় তাহলে কি হবে, ৩ মাসের মধ্যে মিটিং করবে না। পঞ্চায়েত নিয়ে আমরা খুব কথা বলছি। আমি ধন্যবাদ দিচ্ছি মন্ত্রীমহাশয়কে যে তাঁর আন্তরিকতা আছে, সিনসিয়ারিটি আছে, তিনি পঞ্চায়েত আইনটাকে চালু করতে চান এই বিষয়ে কোন সন্দেহ নেই। কিন্তু উনি যে দলের সংগে আছেন তাদের পাল্লায় পড়ে এই জিনিসটাকে ঠিকভাবে চালু করতে পারছেন বলে মনে হচ্ছে না। এর আগে একজন সরকার পক্ষের লোক বললেন অন্য লোকের হাতে ক্ষমতা গেছে বলে আমরা নাকি পঞ্চায়েতের বিরোধিতা করছি। মোটেই তা নয়। আমি মন্ত্রীমহাশয়কে ধন্যবাদ দিচ্ছি যে তিনি ডিসইন্টিগ্রেশান অব পাওয়ার করে গ্রামের লোকের হাতে ক্ষমতা দিচ্ছেন। তাতে আমার

আপত্তি নেই। কিন্তু বিশ্বাস ভঙ্গ যাতে না হয় তারজন্য ব্যবস্থা রাখতে হবে। আজকে পঞ্চায়েত সম্বন্ধে অনেকে বললেন যে পঞ্চায়েত ওঁরা করেছেন, পঞ্চায়েত ওঁদের সৃষ্টি। কিন্তু এই আইনটা অনেক দিন থেকে চলছে। ১৯৬৩ সালে পাশ হয়েছে, ১৯৭৩ সালে পাশ হয়েছে, কংগ্রেসীরা করেছিলেন। কিন্তু কংগ্রেস আমলে ১৯৭২ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত এম. এল. এ. দের রাজত্ব চলছিল, গ্রামের লোকেদের মধ্যে ক্ষমতা হস্তান্তর করলে, পঞ্চায়েতের হাতে ক্ষমতা গেলে এম. এল. এ. দের ক্ষমতা থাকবে না, তাই তারা ১৯৭৩ সালে আইনটাকে বন্ধ করেছিলেন। এই আইনটাকে যদি চালু করতেন তাহলে ১৯৭৭ সালে ভোটের রেজাল্ট অন্য রকম হত, তাহলে বিরোধী পক্ষে বসতে হত না, সরকার পক্ষে বসতেন। ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত এম. এল. এরা চাকরি দেবে, এম. এল. এ. দের কথায় সব চলবে, পঞ্চায়েতের হাতে ক্ষমতা থাক এটা তাঁরা চাননি। আপনারা এনেছেন, তারজন্য ধন্যবাদ দিচ্ছি। গান্ধীজী বলে গেছেন পঞ্চায়েতের কথা, আমরা চাই পঞ্চায়েত সাফল্যমণ্ডিত হোক। আজকে অশোক মেহতা কমিটি করে গ্রামে ক্ষমতা দেওয়া হোক। কিন্তু গ্রামে ক্ষমতার সদ্ব্যবহার করবে কে? কেবলমাত্র একজন সভাপতি কি সহ-সভাপতি, না, মেম্বাররা করবে? মহাত্মা গান্ধীর স্বপ্ন ছিল পঞ্চায়েত হবে, স্বশাসিত গ্রাম তৈরী করবে তারা। কনসেনসাস ভোটে পঞ্চায়েত তৈরী হবে। বামফ্রন্ট সরকার প্রথমে পঞ্চায়েতকে একটা দলবাজীর আড্ডাখানা হিসাবে তৈরী করলেন যেটা গান্ধীজী কোন দিন ভাবেনি। পঞ্চায়েত পূর্বে আমাদের দেশে ছিল। ১৭ খানা গ্রাম নিয়ে পঞ্চায়েত ছিল। গ্রামে আমরা দেখেছি লোক ১৭ মাইল দূর থেকে এসে পঞ্চায়েতে বিচার করে গেছেন, কিন্তু তাঁরা টি. এ. দাবি করেননি। মন্ত্রী মহাশয় বলছেন ১ মাসের জায়গায় ৩ মাসে মিটিং করতে পারেন, নাও করতে পারেন।

পঞ্চায়েত স্থায়ী কমিটি কাজ করবে। কয়জন আছে, না ৫/৬ জন হয়ত রয়েছে এবং তাদের একজন এগ্রিকালচার করবেন, একজন পূর্ত করবেন, কারুর কিছু বলবার নেই। তাঁরা ৩ মাস পরে বসবেন, কারুর কিছু বলার নেই। আপনারা জানেন জেলা পরিষদের মেম্বারকে ডাকতে গেলে ফাস্ট ক্লাশের ভাড়া দিতে হয়। অনেকে আবার থার্ড ক্লাশে রান করে ফাস্ট ক্লাশের বিল করেন এরকমও হয়। ১০ মাইলদূর থেকে এক একজন আসেন এবং অধিকাংশ লোকই সাইকেলে আসেন এবং তাঁদের ৫/৬ টাকা টি. এ. দিতে হয় এবং তাকে হয়ত ২৪০ বা ২৫০ টাকা খরচ হয় মিটিং-এর জন্য। এই ব্যাপারে মহারাষ্ট্র — এর আইন নাকি সবচেয়ে ভাল। মিটিং অব পঞ্চায়েত ইউনিয়ন কাউনসিল — এর ব্যাপারে দেখুন এখানে পরিস্কার লেখা রয়েছে, Provided that not more than 60 days elapsed between the 2 meeting of the panchayat Union Council.

তামিলনাডুতে বলছে এক মাসের মধ্যে মিটিং করতে হবে এবং প্রতি মাসে মিটিং করতে হবে। কিন্তু আপনি আমাদের এখানে করেছেন ৩ মাস। তারপর, টি. এ. বিলের জন্য কথা উঠেছে। আপনি টি. এ. বিল বাদ দিননা, আমরা টি. এ. ফোরগো করিনা কেন? আপনি এরজন্য মতামত নিন। আপনাকে সরকারী অফিসাররা বুদ্ধি দিল এবং আপনি ৩ মাসের জন্য ব্যবস্থা করলেন এবং সঙ্গে সঙ্গে বিল নিয়ে এলেন। যত ঘন ঘন বসা যায় আপনি তাঁর ব্যবস্থা করুন। আপনি টি. এ. দিয়ে একে লোভনীয় করছেন কেন? আপনি বলেছেন এ্যাটলিস্ট ৩ মাসে করতে হবে কিন্তু কো-অপারেটিভ এ্যাক্টেরয়েছে উইদিন

ফিফটিন মান্থস ইলেকসন করতে হবে। কাজেই আমি এর বিরোধিতা করছি। মন্ত্রীমহাশয় আর একটা কথা বলেছেন যে লোন নেবার কোন ব্যবস্থা ছিলনা। আমি জানি আগেও অনেকে লোন পেয়েছে। হুগলীতে অনেকে ব্যাঙ্ক থেকে লোন নিয়ে স্যালো টিউবওয়েল করেছে। আমার আপত্তি হচ্ছে এখানে একটা চেকিং -এর ব্যবস্থা থাকা দরকার।

**শ্রীবীরেন্দ্র কুমার মৈত্র :** আপনি অনেকগুলি জিনিষ দূর করেছেন, কিন্তু এখানে একটা জিনিস রয়েছে, সেই জায়গায় লেখা আছে যা সেই ডিফেক্টটা কিন্তু পঞ্চায়েতে দূর করতে পারলেন না। এখানে লেখা আছে members of the House of People and members of the Assemblies of States and Council of States not being ministers having a place of residence in the block.

একজন মেম্বার আইনতঃ এম এল এ দুটি ব্লকে যেখানে বাড়ী আছে, মেম্বার হতে পারে, অন্য লোক হলে পারবেন না। এই ল্যাকুনাগুলি দূর করতে বলি। আর আমি তিন মাসের ব্যাপারে বিরোধিতা করি। এজন্য তাড়াতাড়ি করার কিছু নাই, এটা চেষ্টা করবেন। এই মোটামুটি আমার বক্তব্য।

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার প্রারম্ভিক বক্তৃতায় যে কথা বলেছি তার আমি পুনরাবৃত্তি করতে চাইনা। যে পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদে বাধ্যতামূলক আছে, মাসে একবার বসতেই হয়, অসুবিধা হয়, কিন্তু ওয়ান্স ইন এ মান্থ, একবারই করবে, এমন কোন কথা নাই। বাধ্যতামূলক হলে অসুবিধা হতে পারে। বাধ্যতামূলক এটা দূর করার জন্যই এটা আনা হয়েছে।

দ্বিতীয়তঃ আর্থিক সংগঠন, ব্যাঙ্কের কথা আমি আমার প্রারম্ভিক ভাষণে আগেই বিশ্লেষণ করেছি, কাজেই আমি যে সংশোধনী বিল আপনার সামনে রাখলাম, এটা আপনারা বিবেচনা করবেন। এজন্য যে সংশোধনী এনেছেন, তা আমি গ্রহন করতে পারছিনা।

The motion that the Bill be circulated for the purpose of eliciting opinion was then put and lost.

**শ্রীসত্যরঞ্জন বাপুলি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই সংশোধনী প্রস্তাব গ্রহণ করতে পারছিনা, কারণ উনি এই যে সংশোধনী প্রস্তাব এনেছেন এই বিলের মাধ্যমে, তা অগণতান্ত্রিক হচ্ছে, এটা নীতিজ্ঞানহীন এবং অবাস্তব। এত অগনতান্ত্রিক যে যাঁরা গণতন্ত্রে বিশ্বাস করেন, তাঁরাই বুঝতে পারবেন। মন্ত্রী মহাশয় পঞ্চায়েত বিল রাখার সময় বলেছেন—আমরা চাই পঞ্চায়েত সমিতি, জেলা সমিতি এগুলি কর্মকাণ্ডে পরিণত হোক। খুব ভাল কথা, সব রকম ডেভলপমেন্টের কাজ হবে। আজকে আমি বুঝতে পারিনা ১০৫ ধারার উপর যে দুটি সংশোধনী এসেছে, আমি বুঝতে পারছিনা কেন মাননীয় মন্ত্রীমহাশয় দুটি বিলেরই ১০৫ ধারার উপর তিনি সংশোধন একই দিনে এনেছেন। আজকে এ্যাডভোকেট জেনারেল ঘন ঘন ঘরে আসছেন এবং আইন এত শেখাচ্ছেন, তবু এক সঙ্গে আইন করার মত ক্ষমতা নাই। একটু আগেই এ্যাডভোকেট জেনারেল আপনাকে জ্ঞান দিচ্ছিলেন, অবশ্য সংবিধানমতে তিনি তা দিতে পারেন।

**মিঃ স্পীকার ঃ** আপনি বিলের উপর বলুন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয় তাঁর দুমিনিট আগেকার কথা টোট্যালি কন্ট্রাডিক্ট করছেন খরচের কথায়। আগে ছিল মাসে একবার করে বসবে। উনি কারণ দেখিয়েছেন খরচ। স্যার, আমি বুঝতে পারছিনা গ্রামের মধ্যে পঞ্চায়েত সমিতি এবং যাঁরা জনসাধারণের প্রতিনিধি তাঁরা গ্রাম থেকেই আসছেন কাজেই এখানে খরচের প্রশ্ন এমনভাবে কি করে উঠল। আমি মনে করি এর ফলে স্বৈরতন্ত্রীভাব যেটাকে ওঁরা ঘৃনা করেন সেটাই দেখা যাচ্ছে। ওয়ান্স ইন এ মান্থ যদি কমপালসরি থাকত তাহলে সাধারণ সভায় বসে আলোচনা করার সুযোগ ছিল। কিন্তু এই সংশোধনীর মাধ্যমে তাকে করলেন উনি ৩ মাস। বিধানসভা ৬ মাসের মধ্যে ডাকতে হয় এরকম নিয়ম আছে। এখানে ৫ মাস ২৮ দিন পর্যন্ত অপেক্ষা করব এবং যদি দেখি ল্যাপ্স না হয় তাহলে ডাকব। কিন্তু উনি যাঁদের হাতে ক্ষমতা দিলেন তাঁরা কি করবেন, না ৩ মাসের ২/১ দিন থাকতে থাকতে ডাকবেন। মন্ত্রীমহাশয়ের যদি এই সদিচ্ছা থাকে যে পঞ্চায়েত সমিতি গণতান্ত্রিক পদ্ধতিতে কাজ করবে এবং সক্রীয়ভাবে কাজ করবে এবং তাদের মাধ্যমে বেশী করে কাজ হবে তাহলে তাঁরা যাতে ঘন ঘন বসতে পারেন সেটাই হওয়া উচিত এবং সেখানে আইনের বাধ্যবাধকতা থাকা উচিত। কিন্তু আপনি সেটাকে শিথিল করে দিয়ে স্বৈরাচারের দিকে এগিয়ে যাচ্ছেন। আপনারা জানেন ৩ মাসের মধ্যে যদি সভাসমিতি করার সুযোগ দেওয়া যায় তাহলে সেখানে নানা রকম সমালোচনা হতে পারে কাজেই সেই সমালোচনাকে এ্যাভয়েড করার জন্য এই ব্যবস্থা করেছেন। আমি আপনাকে উপদেশ দিচ্ছিনা, এই ব্যাপারে অনুরোধ করছি। আপনাকে ভাল লোক বলে অনেকে প্রশংসা করছেন, কিন্তু আপনি কি করে এটা আনলেন? আপনাকে অফিসাররা এসব জিনিস বোঝায়নি সংসদীয় গণতন্ত্রে আপনি লেনিনের কথা বিশ্বাস করেন কিনা আমি জানিনা। আপনি ভারতবর্ষের লোকের কথা বলতে পারলেন না। আপনি লেনিনের কথা বলেছেন, কিন্তু আপনি গান্ধীজীর কথা বিশ্বাস করেন কিনা জানিনা। পঞ্চায়েত রাজ, গ্রাম স্বরাজ এসব গান্ধীজীর কথা। আপনি পঞ্চায়েত বিল আনলেন অথচ সেখানে গান্ধীজীর কথা না বলে লেনিনের কথা বলে দিলেন। আপনি করতে যাচ্ছেন পঞ্চায়েত বিল অথচ বললেন লেনিনের কথা। ইউ ফার্স্ট রিমেমবার দ্যাট ইউ আর ইন্ডিয়ান, দেন আপনি লেনিনের দেশের লোক। আমি আশ্চর্য হচ্ছি দেশের লোকের কথা আপনার মুখে এলনা। আপনি দেশের লোককে সম্মান করলেন না, শ্রদ্ধা করলেন না, আপনি বিদেশের লোকদের সম্মান জানাচ্ছেন, শ্রদ্ধা জানাচ্ছেন, লেনিনের কথা বলছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার মনে হয় এই যে ১ মাস ছিল সেটা বরঞ্চ ভাল ছিল, কিন্তু মন্ত্রীমহাশয় এই বিলের মাধ্যমে যে ৩ মাস করছেন সেটা তিনি বিবেচনা করুন এবং আগে যেটা ছিল সেটাই রাখার চেষ্টা করুন এই অনুরোধ জানাচ্ছি। কোন কাজ করলে ভুল হতেই পারে, কিন্তু আলোচনা করলে সেই ভুল আবার সংশোধন হতে পারে। আপনারা যদি একনায়কতন্ত্র প্রতিষ্ঠা করবার চেষ্টা করেন, লোকের সমালোচনার সম্মুখীন না হন তাহলে আপনারা কি করে কাজ করবেন? আপনাদের একটা অভ্যাস হয়ে গেছে সমালোচনা করলেই বলেন চক্রান্ত হচ্ছে। স্যার, মুখ্যমন্ত্রী বক্তৃতা দেবার সময় ৩০ বছরের কংগ্রেসী শাসন, ৩০ বছরের কংগ্রেসী শাসন একথা বার বার বলেন। তাঁর যদি একথা বলার অধিকার থাকে তাহলে আমরা কেন একথা বলতে পারব না।

(নয়েজ)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি দেখলাম একদিক থেকে ১০৫ ধারায় ২ টি বিল এসেছে।

আজকে মাননীয় মন্ত্রী মহাশয় প্রথমে বলেছেন ফাইন্যানসিয়াল ইনসটিটিউসান থেকে কো-অপরেটিভ ব্যাঙ্ক থেকে লোনের ব্যবস্থা করবেন। কিন্তু আপনি মিনিমাম ইনফ্রাষ্ট্রাকচারস তৈরী করে দিতে পারেন নি পঞ্চায়েত সমিতির, তাদের বসবার ব্যবস্থা করে দিতে পারেন নি। সভা সমিতি মাসে একবার করবার জায়গায় তিন মাসে নিয়ে যাচ্ছেন। বসার জায়গা নেই বলে করছেন না টি এ দেওয়ার ভয়ে এটা করছেন? টি. এ. দিতে হবে না। এটা তো কিছু পাইয়ে দেওয়ার রাজনীতি করছেন। টি এ. দিতে হবে কেন, মাস মাইনে দিতে হবে কেন, সিটিং খরচা দিতে হবে কেন? এটা আপনাদের মাথায় কে ঢুকিয়েছে? অরিজিন্যাল বিলে তো এটা ছিল না। কিন্তু আজকে আপনারা দেবার চেষ্টা করছেন এবং চেষ্টা করছেন এইটা দিয়ে তিন মাসে টেনে নিয়ে যাবেন। টি এ তুলে দিন। টি এ দিয়ে প্রলুব্ধ করবার চেষ্টা করবেন না। গ্রামের লোক গ্রামে বসে বিচার করবে অফিসে আসবে, তারজন্য একটা টি. এ. সিটিং এ্যালাউন্স করবেন না। দ্বিতীয় কথা, আপনি তিন মাসে নিয়ে যাবেন না, অনুরোধ করি, এক মাস রাখুন, তাতে গ্রামের কাজ কিছু হবে। খারাপ কাজ হলে সমালোচনা হবে। সকলে মিলে মিশে আলোচনা করতে পারবে। মুষ্টিমেয় লোকের হাতে সমস্ত উন্নয়নমূলক কাজ ছেড়ে দেবেন না। তাতে চুরি হবে, অসৎ উপায় অবলম্বন করা হবে, পক্ষপাতিত্ব হবে। আপনারা পক্ষপাতিত্ব দারুণ করছেন, আরও বেশিভাবে করবেন। এই পক্ষপাতিত্ব দোষে যাতে দুষ্ট না হয়, যাতে সৎভাবে কাজ হয় তারজন্য আপনি এই তিন মাসের ব্যবস্থাটা তুলে দিন। আর টি. এ. খরচ লাগবে না — এটা অত্যন্ত গর্হিত কাজ এবং এটা আমাদের গণতান্ত্রিক পদ্ধতিতে বাধা সৃষ্টি করছে বলে বিশ্বাস করি। তাই একে সমর্থন করতে পারছি না।

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সময় কম তাই অল্প কথাতে আমি শেষ করার চেষ্টা করবো। আমি আমার বিবৃতি রাখার সময়েই এবং তারপরে আমার প্রারম্ভিক ভাষণে এই সংশোধনী বিল কেন উপস্থিত করেছি সে সম্বন্ধে বলেছি। বিশেষ করে যে কথাটা আমার মনে হয়, যখন তার উল্লেখ করেন নি, আমাদের মাননীয় সদস্য শ্রীসত্য রঞ্জন বাপুলী মহাশয়, তখন তাঁরা সমর্থনই জানাচ্ছেন। তবে বলতে গিয়ে তিনি একটা কথার উল্লেখ করেছেন, তার জবাব আমি সংক্ষেপে দেবার চেষ্টা করবো। তিনি বলছেন যে পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদ ব্যাঙ্ক থেকে, অন্যান্য আর্থিক সংস্থা থেকে ঋণ নেবে। They will borrow money from the banks and other financial institutions. কেন — এই প্রশ্ন তিনি করেছেন। বিশেষ করে ইনফ্রাষ্ট্রাকচারস সেভাবে যখন গড়ে তুলতে পারি নি, তখন আগ বাড়িয়ে এই কাজে অগ্রসর হচ্ছেন কেন। আমার মনে হয় মাননীয় সদস্যের নিশ্চয় জানা আছে আমাদের এই ইনফ্রাষ্ট্রাকচারস গঠন করার বিষয়ে আমরা অত্যন্ত অবহিত ছিলাম যে যে পঞ্চায়েতের আমরা ক্ষমতা দিতে চলেছি, সেই পঞ্চায়েতের ইনফ্রাষ্ট্রাকচারস একেবারে কিছু ছিল না। সত্যিকার গ্রাম পঞ্চায়েত লেভেলে কিছু না একজন সচিব ছাড়া এবং ব্লক স্তরে অত্যন্ত প্যারফ্যাংচুয়ারি ম্যানারে তারা ফ্যাংশান করতো। বর্তমানে এই ধরণের কাজ তিনটি স্তরে দেওয়া হয়েছে। এটা অবশ্য মানি যে ইনফ্রাষ্ট্রাকচারস না থাকলে তিনটি স্তরেই প্রাকটিক্যালি যে সমস্ত কাজকর্ম দেওয়া হচ্ছে, যে সমস্ত কাজকর্মের কথা বলা হচ্ছে, সেটা আমরা ইমপ্লিমেন্ট করতে পারবো না। সেই

দিকে খেয়াল রেখে আমরা ব্যবস্থা করেছি। মাননীয় শ্রী সত্য বঞ্জন বাপুলীর জেনে রাখা ভাল একেবারে লোয়ার লেভেলে প্রায় ৩ হাজার ২৪৭ জনের মতো জব এ্যাসিসটেন্ট আমরা রাখছি — একটা ইনফ্রাষ্ট্রাকচারস গ্রাম পঞ্চায়েত স্তরে বিলড আপ করার জন্য। পঞ্চায়েত সমিতি স্তরে ইনফ্রাষ্ট্রাকচারস বিলড আপ করার জন্য, আমি প্রশ্নোত্তরের সময়ে এই কথা বলেছিলাম, বিশেষ করে এত লক্ষ লক্ষ টাকা যে আসছে তার অডিট অবজ্যাকসান, এ্যাকাউন্টস অবজাকসান, এটা অত্যন্ত একটা ভাইট্যাল অবজাকসান এবং এই ব্যাপারে তামিলনাড়ু এবং গুজরাটে যেটা দেখেছি সেই রকম এখানেও একটা integrated Accounts and Audit structure organisation. গড়ে তোলবার কথা আমি সেদিন ঘোষণা করেছি।

তৃতীয়ত হচ্ছে এটা দিয়েও হবে না যদি না সেখানে টেকনিক্যাল পারসন বা টেকনিক্যাল অফিসার না থাকে। আমাদের ক্যাবিনেট সাব কমিটি পরিষ্কারভাবে ঘোষণা করেছেন যে অতি দ্রুত পঞ্চায়েতের সঙ্গে কমিউনিটি ডেভেলপমেন্ট মার্জ হয়ে যাচ্ছে এবং তার চেষ্টাও চলছে। ব্লকে যতরকম এক্সটেনসন অফিসার আছেন ব্লক লেবেল অফিসার শ্রম বিভাগের শিক্ষা বিভাগের সমস্ত বিভাগের যে এক্সটেনসন অফিসার রয়েছেন এদের সবাইকেই আমরা সমিতির কাজে নিয়োগ করবো। আমরা ইনফ্রাস্ট্রাকচারের দিক থেকে এই ব্যবস্থা অবলম্বন করতে চলেছি। আমরা ফাইন্যানসিয়াল পাওয়ার ইনটিগ্রেটেড করে পঞ্চায়েতের জেলা পরিষদের, গ্রাম সভার শক্তি বাড়াবার চেষ্টা করেছি। কোটি কোটি টাকা খরচ করে বড় রকমের কাজ এই পঞ্চায়েতের মাধ্যমে আমরা করতে চলেছি। রুর‍্যাল ডেভেলপমেন্ট এর ইনফ্রাস্ট্রাকচার আমরা তৈরী করতে চলেছি যাতে সমগ্র গ্রামের উন্নয়ন দ্রুততর হবে। এবং তাকে ঠিক ঠিকভাবে সহায়তা করবার জন্য আমরা বলিষ্ঠ পদক্ষেপ নিয়েছি। বাধ্যতামূলকভাবে আমরা প্রভিসন করছি। স্যার, আপনি জানেন জেলা পরিষদে এবং আমাদের পঞ্চায়েত সমিতিতে যে ৬টি স্থায়ী সমিতি ছিল সেটাকে আমরা সাতটা করার চেষ্টা করছি। এবং তার বিশেষ ফাংসন আমরা অনুভব করছি। এবং এতে কাজ হবে না বলে আমরা মনে করি না। ইনটারভেনিং পিরিয়ডে যাতে এই সব পঞ্চায়েত ফাংসন করতে পারে সেই জন্য এই এ্যামেন্ডমেন্ট বিল এনেছি। এতে হেভেন উইল নট ফল মহাভারত অশুদ্ধ হয়ে যাবে না। আমি আশা করবো আপনারা এটা গ্রহণ করবেন এই বলে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Debabrata Bandyopadhyay that the West Bengal Panchayat (Fourth) Amending Bill, 1978, be taken into consideration, was then put and agreed to.

## Clause 1

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

### Clause 2

**Shri Birendra Kumar Maitra** – Sir, I beg to move that in clause 2, line 3, for the words "in every three months", the words "in the first week of every month" be substituted.

I also beg to move that in clause 2, line 4, the words", and shall be deemod always to have been," be omitted.

**শ্রী বীরেন্দ্র কুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয় এর আগে যে কথা বললেন তাতে আমি বিশেষ সন্তুষ্ট হতে পারিনি। তিনি বলেছেন স্থায়ী সমিতি কাজ করবে। আমার বক্তব্য হচ্ছে স্থায়ী সমিতি কাজ করার চেয়ে সকলে মিলে বসে আলোচনা করে কাজ করা ঠিক হবে না কি? পঞ্চায়েতের উদ্দেশ্য কি? সেইজন্য আমি এ্যামেন্ডমেন্ট দিয়েছি এ তিন মাস না করে প্রতি মাসে যাতে মিটিং হয় সেই ব্যবস্থা করার জন্য আমি এই এ্যামেন্ডমেন্ট দিয়েছি। সেইজন্য আমি ক্লজ টু -এর তিন লাইনে দি ওয়ার্ডস 'ইন এভরি থ্রি মান্থস এব জায়গায়" ইন দি ফাষ্ট উইক অব এভরি মান্থ" এই কথাটা যোগ করতে চাইছি। এবং ক্লজ টু-এর চায়েব লাইনে ঐ স্যাল বি ডিমড অলওয়েজ টু হ্যাভ বিন' কথাগুলি তুলে দিতে বলছি। আপনি কেউ যদি কোন অন্যায় বা বেআইনী কাজ করে তাকে আইন সংগত করে দেবার চেষ্টা করছিল। আমি এর বিরোধিতা করছি।

**Mr. Speaker :** মাননীয় সদস্য শ্রী শশাবিন্দু বেরার সংশোধনীটা আউট অব অর্ডার।

The motions of Shri Birendra Kumar Maitra that in clause 2, line 3, for the words "in every three months", the words "in the first week of every month" be substituted, and that in clause 2, line 4, the words", and shall be deemed always to have been", be omitted, were then put and lost. The question that Ceause 2 do stand Part of the Bill was then put and agreed to.

### Clause 3 to 7 and Preamble

The question that Clause 3 to 7 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Debabrata Bandyopadhyay :** Sir, I beg to move that the West Bengal Panchayat (Fourth) Amending Bill, 1978, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**Mr. Speaker :** সভার অধিবেশন আগামীকাল বেলা ১টা পর্য্যন্ত মুলতুবী রইল।

### Adjournment

The House was accordingly adjourned at 6.09 p. m./ till 1 p. m. on Friday, the 1st December, 1978, at the Assembly House, Calcutta

# INDEX TO THE

# West Bengal Legislative Assembly Proceedings

## (OFFICIAL REPORT)

**Vol.—69, No.—I** **Sixty Ninth Session**

**[November to December 1978]**

(The 17th, 20th, 21st, 22nd, 23rd, 24th, 27th, 28th & 30th, November, 1978)


**Adjourment Motion** PP-15-28 ; PP-140-142 ; PP-373-376 ; PP-453-455

Adjournment motions regarding Police lathi charge of closer Labour at Calcutta port.

by Shri Sandip Das PP-564-565 ; PP-640-643 ; PP-685-687

**Bill**

The west Bengal Co-operative Societies (Amendment) Bill, 1978. PP-400-435

Discussion the west Bengal Co-operative Societies (Amendment) Bill, 1978.

by Shri Anil Mukherjee PP-428-431

„ Shri Atish Ch: Sinha PP-404-409

„ Shri Bhakti Bhusan Mandal PP-400-402 ; PP-418-420

Discussion on the west Bengal Co-operative Societies (Second Amendment) Bill-1978.

by Shri Birendra Kr: Moitra PP-420-424 ; P-431

„ Shri Hajari Biswas PP-427-428

„ Shri Joyanta Kr: Biswas PP-415-418

„ Shri Pannalal Majhi PP-409-411

„ Shri Rasbehari Paul PP-402-404

„ Smt Renu Leena Subba PP-412-415

„ Shri Saral Deb PP-411-412

„ Shri Suniti Chattaraj PP-425-427

**BULLETIN-PART 1**

(Brief record of the Proceedings of the Herese) (November, 28, 1978) PP-657-659

(Brief record of the Proceedings of the Herese) (November-29,1978) PP-661-664

**Calling attention** PP-28-29

by Shri Atish Ch: Sinha & Shri Ajoy De PP-142-145 ; PP-268-269 ; PP-376-382
„ Shri Sunite Chattaraj PP-398 ; PP-399-400
„ Shri Binoy Krishna Chowdhary P-398 ; PP-398-399
„ Shri Ajoy Day P-399
„ Shri Dinesh Majumdar P-399
„ Shri Satya Ranjan Bapuli P-400 ; PP-455 ; PP-565-567 ; PP-643-649 ; P-687

**Discussion**

Discussion on recent flood Silutation

by Shri Amalendra Ray PP-81-86
„ Shri Anil Mukherjee P-123
„ Shri Bhakti Bhusan Mondal PP-71-72 ; PP-78-81
„ Shri Bimalananda Mukherjee PP-107-109
„ Shri Binoy Kongar PP-96-99
„ Shri Biswanath Mukherjee PP-86-96
„ Smt Chaya Ghosh PP-104-106
„ Shri Gouranga Samanta PP-130-131
„ Shri Haripada Bharati PP-61-69
„ Shri Jyoti Basu PP-35-60
„ Shri Manoranjan Hazra PP-119-121
„ Shri Motish Ray PP-122-123
„ Shri Nirupama Chatterjee PP-113-118
„ Shri Provash Ray PP-99-104 ; P-119
„ Shri Provash Ch: Fadiker PP-124-126
„ Shri Sadesh Ranjan Majhi PP-110-113
„ Shri Sasabindu Bera PP-126-130
„ Dr: Zainal Abedin PP-69-71 ; PP-73-78

Descussion on Recent Flood Situation


| | | |
|---|---|---|
| by | Dr: Ashok Mitra | PP-179-185 ; P-187 |
| „ | Shri Atish Ch: Sinha | P-163 |
| „ | Shri Bankim Behari Maiti | PP-242-246 |
| „ | Shri Birendra Kr: Moitra | PP-204-210 |
| „ | Shri Bishnu Kanta Sastri | PP-157 |
| „ | Shri Dabiprasad Bose | PP-233-236 |
| „ | Shri Debaprasad Sarkar | PP-162-163 ; PP-216-222 |
| „ | Shri Debranjan Sen | PP-229-233 |
| „ | Shri Dhirendra Nath Sarkar | PP-249-250 |
| „ | Shri Jonmajoy Ogha | PP-252-253 |
| „ | Shri Josthna Kr: Gupta | PP-246-249 |
| „ | Shri Jyoti Basu | P-164 |
| „ | Dr: Kanailal Bhattacharya | PP-194-196 |
| „ | Shri Kashikanta Moitra | PP-158-161 |
| „ | Shri Kiranmay Nanda | PP-155-156 |
| „ | Shri Md, Abdul Bari | PP-222-229 |
| „ | Shri Md, Soharab | PP-198-201 |
| „ | Shri Nanuram Ray | PP-250-252 |
| „ | Shri Radhikaranjan Banerjee | PP-211-215 |
| „ | Shri Ram Chattarjee | PP-197-198 |
| „ | Shri Sandip Das | PP-156-157,190-194 |
| „ | Shri Satyapada Bhattacharya | PP-201-204 |
| „ | Shri Satya Ranjan Bapuli | PP-164-165 ; PP-174-178 |
| „ | Shri Sunil Kr. Majumdar | PP-239-242 |
| „ | Dr: Zainal Abedin | PP-161-162 ; P-167 |
| „ | Shri Amretandu Mukherjee | PP-307-313 |
| „ | Shri Debsaran Ghosh | PP-313-317 |
| „ | Shri Hashim Abdul Halim | PP-336-338 |
| „ | Shri Joyanta Kr: Biswas | PP-338-341 |
| „ | Shri Jyoti Basu | PP-343-359 |
| „ | Shri Kamal Kanti Guha | PP-317-322 |
| „ | Shri Kashikanta Moitra | PP-281-301 |
| „ | Shri Parth De | PP-327-333 |

by Shri Prasanth Kr: Sur PP-303-307
„ Shri Probadh Purkait PP-333-336
„ Shri Sandip Das P-322
„ Shri Saylendra Sarkar PP-341-343

**Laying of ordinance**

The Motor Transport workers (west Bengal Amendment) Ordinance, 1978
by Shri Bhabani Mukherjee P-33

The west Bengal Panchayal (Sceond) Amending Ordinance, 1978.
by Shri Debabrata Bandopadhyay P-33

The west Bengal Relief Undertaking (Special Provisions) (Amendment) Ordinance, 1978.
by Dr: Ashok Mitra P-34

**Laying of Reports**

Appropriation Accounts, Finance Accounts and Reprots of the Comptroller and Auditor General of India.
by Dr: Ashok Mitro P-35

**Laying of Rules**

Amendments to the west Bengal Panchayat (Election) Rules. 1974 and Amendments of the west Bengal Panchayat (Constitution) Rules 1975.
by Shri Debabrata Bandopadhyay P-34

**Laying of Reports**

Report of the Basu Commission of Inquiry and the state Government's Memorandum thereon.
by Shri Jyoti Basu P-34

The Fourth Annual Report and Accounts of the West Bengal Pharmaccutical and Phytochemicl Development Corporation Limited for 1977-78.
by Dr: Kanailal Bhattacharya P-154

The Eleventh Annual Report and Accounts of the West Bengal Industrial Development Corporation Limited for 1977-78.
by Dr: Kanailal Bhattacharya P-281

**Laying of Rules**


The West Bengal Industrial Infra-structure Development Corporation Rules,1978.

by Dr: Kanailal Bhattacharya PP-280-281


**Legislation**


The Provincial Small cause Courts (West Bengal Amendment) Bill, 1978.

by Shri Hasim Abdul Halim PP-395-396 ; PP-397-398

" Shri Janmajoy ogha P-396

" Dr. Jainal Abedin P-396

West Bengal Cold Storage (Licensing and Regulution) Amendment Bill, 1978. PP-467-505

Discussion on the West Bengal Cold Storage (Licensing and Regulution) Amendment Bill, 1978.

by Shri Anil Mukherjee PP-484-488

" Shri Birendra Kr: Moitra PP-469-472 ; P-502

" Shri Hemanta Kr: Ray PP-482-484

" Shri Joyanta Ky: Biswas PP-488-490

" Shri Kamal Kanti Guha PP-467-469 ; PP-490-494 ; PP-496-497 ; P-498 ; PP-503-505

The West Bengal Homoepathic System of (second Amendment) Bill, 1978 PP-513-520

Discussion on The West Bengal Homoepathic system of Medicine (Second Amendment) Bill, 1978.

by Shri Bijoy Paul PP-513-514 ; P-520

" Shri Debranjan Sen PP-517-518

" Shri Dhirendra Nath Sarkar PP-510-511

" Shri Binoy Krishna Chowdhary PP-519-520

" Shri Birendra Kr: Moitra PP-506-507

" Shri Bishnu Kanta Sastri PP-515-516

" Shri Motis Ray PP-518-519

" Shri Nani Bhattacharjee PP-505-506 ; PP-511-513

" Shri Nikhil Das PP-507-510

" Dr: Zainal Abedin PP-516-517

The West Bengal Cattle Lecensing (Amendment) Bill, 1978.

by Shri Amritendu Mukherjee PP-576-578 ; PP-579-580

„ Shri Sasabindu Bera PP-493-496 ; PP-497-500

„ Dr: Zainal Abedin PP-472-477 ; P-496 ; P-500 ; PP-502-503

„ Shri Naba Kumar Ray PP-578-579

„ Shri Ramjan Ali P-579

The West Bengal Taxation (Second Amendment) Bill, 1978.

by Shri Atish Ch: Sinha PP-588-591

„ Shri Arabinda Ghosal. PP-593-596

„ Dr: Ashok Mitra PP-580-582 ; P-600

„ Shri Bishnu Kanti Sastri PP-583-588

„ Shri Jayanta Kr: Biswas PP-596-600

„ Shri Rabin Mukherjee PP-591-593

The West Bengal Town and Country (Planning and Development) Bill, 1978. PP-600-618

Discussion on The West Bengal Town and Country (Planning and Development) Bill, 1978.

by Shri Anil Mukherjee PP-611-613

„ Shri Ashok Mitra PP-600-602 ; PP-616-618

„ Shri Bholanath Sen PP-603-607

by Shri Beshnu Kanta Sastri PP-602-603

„ Shri Kashikanta Maitra PP-607-611

„ Shri Motish Ray PP-613-615

The West Bengal Panchayat (Third) Amending Bill, 1978. PP-693-726

Discussion on The West Bengal Panchayat (Third) Amending Bill, 1978.

by Shri Abdus Sattar PP-703-711

„ Shri Birandra Kr: Maitra PP-721-723 ; P-727

„ Shri Aswini Kumar Raj PP-711-712

„ Shri Balailal Das Mahapatra PP-696-699

„ Shri Debabrata Bandyopadhyay PP-693-696 ; PP699-700 ; PP-714-715 ; PP-718-719-720 ; P-723 ; PP-725-726

„ Dr: Golam yazdani PP-701-703
„ Shri Jayanta Kr: Biswas PP-713-714
„ Shri Madhu Mukherjee PP-712-713
„ Shri Satya Ranjan Baputi PP-723-725
„ Shri Sasabindu Bera PP-716-718 ; PP-718-719

**Mention Cases** PP-29-33 ; PP-146-154 ; PP-269-280 ; PP-383-395 ; PP-458-467 ; PP-567-574 ; PP-649-656 ; PP-688-693

**Obituary Reference**

পশ্চিমবঙ্গ বিধানসভার প্রয়াত প্রাক্তন সদস্য শ্রী বিমলদাস, শ্রী লক্ষণ চন্দ্র হাঁসদা ও অবিভক্ত বাংলার বিধানসভার প্রয়াত সদস্য শ্রী কানাইলাল দে'এর স্মরণে গভীর শোক প্রকাশ PP-1-2

অধুনালুপ্ত পশ্চিমবঙ্গ বিধান পরিষদের প্রয়াত প্রাক্তন সদস্য শ্রী বিশ্বনাথ মুখোপাধ্যায়ের স্মরণে গভীর শোক প্রকাশ PP-3-4

পশ্চিমবঙ্গ বিধানসভার প্রয়াত প্রাক্তন সদস্য ডাঃ জ্ঞানেন্দ্রনাথ মজুমদারের স্মরণে গভীর শোক প্রকাশ PP-665-666

**Point of Personal Explanation**

by Shri Provash Ch. Ray PP-301-302
„ Dr: Zainal Abenin P-216 ; P-313
„ Shri Kiranmoy Nanda P-313
„ Shri Bhola Nath Sen PP-424-425 ; PP-435-437
„ Shri Debnarayan Chakraborty P-61

**Point of Order**

by Shri Dilip Kr: Majumder P-72
„ Dr: Ambaresh Mukhopadhyay P-189
„ Shri Satya Ranjan Bapuli PP-187-188 ; P-189
„ Shri Dipak Sengupta P-189
„ Shri Haripada Bharati PP-322-323 ; P324
„ Shri Anil Mukherjee P-323 ; P-479
„ Shri Ashok Bose P-323
„ Dr: Zainal Abedin PP-186-187 ; PP-187-188 ; P-189 ; P-326 ; P-327
„ Shri Manoranjan Hazra P-327

by Shri Hashim Abdul Halim P-425
„ Shri Birendra Narayan Ray P-619

**Point of Privilege**

by Dr: Sassati Bag P-158
„ Satyaranjan Bapuli PP-145-146
„ Shri Delip Kr: Majumdar P-302
„ Shri Satya Ranjan Bapuli P-425

**Presentation of Report**

Presentation the 29th Report of the Business Advisory Committee. PP-237-239

Presentation of the Report of the Committee on the Welfare of Scheduled Castes and Scheduled Triebs 1977-79.

by Shri Kanti Biswas PP-574-575

Presentation of the Report of the Committee on Petitions, 1977-79

by Shri Anil Mukherjee P-575

## Question

E.S.I. Scheme at Ranaghat

by Shri Gour Chandra Kundu P-677

Minimum wage for Powerloom Wokers

by Shri Gour Chandra Kundu P-676

ইণ্ডিয়ান ইন্‌স্টিটিউট অফ সোস্যাল ওয়েলফেয়ার অ্যাণ্ড বিজনেস ম্যানেজমেন্ট।

শ্রী বীরেন্দ্র নারায়ণ রায়, শ্রী আতাহার রহমান, শ্রী আবুল হাসনাৎ খান ও শ্রী দীনবন্ধু মাঝি PP-521-533

ইলেকট্রনিক ফ্যাক্টরী স্থাপন পরিকল্পনা

শ্রী মহম্মদ নিজামুদ্দিন PP-558-559

একাদশ-দ্বাদশ শ্রেণীর জন্য শিক্ষক নিয়োগ

শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস PP-549-550

কেলেঘাই ও বাঘুই নদীর জল নিষ্কাশন ব্যবস্থা

শ্রী জন্মেজয় ওঝা PP-258-259

কেলেঘাই ও বাঘুই বাঁধ স্কীম

শ্রী জন্মেজয় ওঝা PP-263-264

কারখানায় লক-আউট

শ্রী কিরনময় নন্দ PP-674-675

কোচবিহারে ল-কলেজ খোলার পরিকল্পনা

শ্রী দীপক সেনগুপ্ত PP-533-534

কামারপুকুর-বদনগঞ্জ রাস্তা ও দামোদর নদীর উপর সেতু নির্মাণ

শ্রী নানুরাম রায় P-684

কালীপুর-উদয়রাজপুর (ভায়া বালী দেওয়ানগঞ্জ) রাস্তা নির্মাণ।

শ্রী নানুরাম রায় P-671

কাশীপুর উদ্বাস্তু শিবিরে পুলিশের গুলি-চালনা

শ্রী সন্দীপ দাস PP-450-452

কৃষিকার্যে ব্যবহৃত বিদ্যুতের সর্বনিম্ন হার

শ্রী দীপক সেনগুপ্ত P-452

কান্দী মিউনিসিপ্যালিটির সভাপতি এবং সভ্যদের বিরুদ্ধে অভিযোগ

শ্রী আবুল হাসনাৎ খান, শ্রী আতাহার রহমান, শ্রী বীরেন্দ্র নারায়ণ রায় ও শ্রী দীনবন্ধু মাঝি PP-134-135

খাস জমি বণ্টন

শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস PP-256-258

গো-খাদ্য সঙ্কট

শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস P-564

চিলড্রেন অ্যাণ্ড ফ্যামিলি ওয়েলফেয়ার সেন্টারগুলির কমিটি গঠন।

শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস PP-677-678

জেলা পরিষদগুলির আর্থিক অনুদান ও কাজের দায়িত্ব

শ্রী দেবনারায়ণ চক্রবর্ত্তী PP-631-634

জলপথে ফারাক্কা হইতে কলিকাতা পর্যন্ত পরিবহন ব্যবস্থা

শ্রী বীরেন্দ্র নারায়ণ রায়, শ্রী আতাহার রহমান, শ্রী আবুল হাসনাৎ খান ও শ্রী দীনবন্ধু মাঝি PP-133-134

জুনিয়ার স্কুলের শিক্ষকদের ব্যাঙ্কের মাধ্যমে বেতন

শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস PP-534-535

ডানকুনির কেন্দ্রীয় ডেয়ারীর পরিচালনভার অধিগ্রহণ

শ্রী রজনী কান্ত দোলই PP-535-538

তামাক শিল্পে নিযুক্ত শ্রমিকদের ন্যূনতম মজুরি

শ্রী দীপক সেনগুপ্ত PP-678-680

তারাপুর-পুরুলিয়া ভায়া সন্ধ্যা (জাল-বুধিগ্রাম)

শ্রী শশাংক শেখর মণ্ডল PP-671-672

ত্রাণ সমাগ্রী প্রেরণ

শ্রী সুনীতি চট্টরাজ PP-559

ত্রাণ কার্যের জন্য সর্বদলীয় কমিটি গঠন

শ্রী সুনীতি চট্টরাজ PP-364-370

দীঘার সমুদ্র উপকূলে মৎস্য শিকার প্রকল্প

শ্রী জন্মেজয় ওঝা এবং

শ্রী কিরনময় নন্দ PP-370-373

ধান ও চাউলের সংগ্রহ মূল্য

শ্রী রজনীকান্ত দোলুই PP-620-621

নদীয়া জেলায় প্রশাসনিক সুবিধার্থে সদর মহকুমা বিভাজন

শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস PP-449-450

নির্যাতিত রাজনৈতিক কর্মীদের পরিবারবর্গের জন্য চাকুরি সংরক্ষণ

শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস PP-681-684

পঞ্চায়েত সমিতির কর্মসূচী

শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস PP-621-625

পঞ্চায়েতের হাতে ক্ষমতা

শ্রী রজনীকান্ত দোলুই PP-637-638

পটাশপুর ব্লকে ফুড ফর ওয়ার্ক স্কীমের কাজ

শ্রী জন্মেজয় ওঝা PP-552-553

পাণ্ডুয়া থানা এলাকায় সুপার মার্কেট স্থাপন

শ্রী দেবনারায়ণ চক্রবর্ত্তী PP-135-136

পাণ্ডুয়া থানার লার্জ সাইজ কো-অপারেটিভ সোসাইটির বিরুদ্ধে অভিযোগ

শ্রী দেবনারায়ণ চক্রবর্ত্তী P-364

পশ্চিমবঙ্গ অর্গানাইজার টিচার্স এসোসিয়েশনের দাবিপত্র

শ্রী সন্দীপ দাস PP-542-547

পশ্চিমবঙ্গের নূতন মিউটিসিপ্যালিটি গঠন

শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস PP-550-551

পে-কমিশনের রিপোর্ট

শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস P-4

বারাসাত মহকুমাকে বন্যাঞ্চল হিসাবে ঘোষণা

শ্রী সরল দেব PP-676-677

বে-আইনী মদের ব্যবসা

শ্রী দেবনারায়ণ চক্রবর্ত্তী PP-538-542

বিল বসিয়া ও তেলকার বিল সংস্কার

শ্রী বীরেন্দ্রনারায়ণ রায়, শ্রী আতাহার রহমান, শ্রী আবুল হাসনাৎ খান ও শ্রী দীনবন্ধু মাঝি PP-255-256

বালিয়াঘাই ড্রেনেজ স্কীমের আন্তর্ভুক্ত পাউসি ক্যানেলর পরিসর বৃদ্ধির জন্য জমি অধিগ্রহণ

শ্রী জন্মেজয় ওঝা PP-264-268

বিদ্যুৎ ঘাটতি

শ্রী আবুল হাসনাৎ খান, শ্রী বীরেন্দ্র নারায়ণ রায়, শ্রী আতাহার রহমান এবং শ্রী দীনবন্ধু মাঝি PP-440-444

বীরভূম জেলায় চিলিং প্ল্যান্ট স্থাপন

ডাঃ মোতাহার হোসেন P-563

বীরভূম জেলায় বন্যায় ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের অনুদান ও ঋণ প্রদান

ডাঃ মোতাহার হোসেন P-564

বীরভূম জেলার মাধ্যমিক বিদ্যালয় সমূহে প্রয়োজনীয় শিক্ষক নিয়োগ

শ্রী শশাঙ্ক শেখর মণ্ডল PP-547-548

বসু বিজ্ঞান মন্দিরের জিনিসপত্র সংরক্ষণ
শ্রী সন্দীপ দাস PP-4-5
বর্গাদার
শ্রী কিরনময় নন্দ PP-259-262
বন্যার কাজে বিমান ব্যবহার
শ্রী আতাহার রহমান, শ্রী আবুল হাসনাৎ খান, শ্রী দীনবন্ধু মাঝি ও শ্রী বীরেন্দ্রনারায়ণ রায় PP-137-139
বন্যাদুর্গত অঞ্চলে রেশন সরবরাহ
শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস PP-638-639
বন্যাত্রাণে কাজ করার জন্য সরকারী কর্মচারীদের অতিরিক্ত ভাতা প্রদান
শ্রী জন্মেজয় ওঝা এবং শ্রী কিরণময় নন্দ PP-5-9
বন্যাত্রাণের কাজের জন্য হোগলা সংগ্রহ
শ্রী সন্দীপ দাস PP-363-364
বন্যাবিধ্বস্ত মুর্শিদাবাদ জেলার খয়রাতী সাহায্য
শ্রী বীরেন্দ্রনারায়ণ রায়, শ্রী আতাহার রহমান, শ্রী আবুল হাসনাৎ খান ও শ্রী দীনবন্ধু মাঝি PP-554-557
ভাষাপ্রশ্নে সরকারী সিদ্ধান্ত
শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস P-54
মহানগর উন্নয়ন সংস্থার জন্য উপদেষ্টা কমিটি
শ্রী কাশীকান্ত মৈত্র PP-446-447
ময়না হাট-মাধপুর হাট পাকা সড়ক নির্মাণের পরিকল্পনা
শ্রী সরল দেব P-672
মেদিনীপুর জেলায় ত্রাণসামগ্রী প্রেরণ
শ্রী কিরণ্ময় নন্দ P-552
মেদিনীপুর জেলায় ত্রাণের কাজে বাধাদান
শ্রী সন্দীপ দাস P-445
মাদ্রাসা শিক্ষার প্রসার
শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস PP-9-12
মাধ্যমিক শিক্ষকদের বেতনের পুরো টাকা সরকার কর্তৃক প্রদান
শ্রী সন্দীপ দাস PP-14-15

মৎস্যভেড়ী

শ্রী জন্মেজয় ওঝা PP-361-362

মৎস্যজীবীদের জাল বোনার জন্য সূতা বিতরণ

শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস P-675

মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিল

শ্রী বীরেন্দ্রনারায়ণ রায়, শ্রী আতাহার রহমান, শ্রী আবুল হাসনাৎ খান ও শ্রী দীনবন্ধু মাঝি P-553

মুর্শিদাবাদ জেলার পাটকা বাড়ীতে নির্মীয়মাণ হাসপাতাল

শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস PP-139-140

যক্ষা হাসপাতাল

শ্রী অনিল মুখার্জী P-675

রানাঘাট কলেজের অধ্যক্ষ ও অধ্যাপকগণের বিরুদ্ধে বিক্ষোভ

শ্রী সন্দীপ দাস PP-12-14

রামপুরহাট পৌরসভার নির্বাচন

শ্রী শশাঙ্কশেখর মণ্ডল PP-625-631

রামপুরহাটে মশক বৃদ্ধি হেতু ম্যালেরিয়া ও এনকেফেলাইটিস রোগের প্রকোপ

শ্রী শশাঙ্কশেখর মণ্ডল P-674

রুগ্ন শিল্প

শ্রী জন্মেজয় ওঝা P-552

লালগোলা-জঙ্গীপুর রাস্তার কাজ

শ্রী বীরেন্দ্রনারায়ণ রায়, শ্রী আতাহার রহমান, শ্রী আবুল হাসনাৎ খান ও শ্রী দীনবন্ধু মাঝি PP-439-440

লিকুইডেটেড সমবায় সমিতি

শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস P-551

লক্ষ্মী ডাঙ্গা মালপাড়া গ্রামে মানুষ পুড়িয়ে মারার ঘটনা

শ্রী সুনীতি চট্টরাজ PP-447-449

শিলিগুড়িতে মহিলা কলেজ স্থাপন পরিকল্পনা

শ্রী দীপক সেনগুপ্ত P-559

সরকারপুর মানসিক হাসপাতাল

শ্রী দীপক সেনগুপ্ত P-673

সিমেণ্ট বণ্টন

শ্রী রজনী কান্ত দোলুই PP-634-637

সিতাই প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের শয্যা-সংখ্যা বৃদ্ধি

শ্রী দীপক সেনগুপ্ত P-137

সিতাই ব্লকে বিদ্যুৎ সরবরাহ

শ্রী দীপক সেনগুপ্ত P-449

সাম্প্রতিক বন্যা

শ্রী বীরেন্দ্রনারায়ণ রায়, শ্রী আতাহার রহমান, শ্রী আবুল হাসনাৎ খান ও শ্রী দীনবন্ধু মাঝি PP-666-671

সাম্প্রতিক বন্যায় বিধ্বস্ত সেতু ও রাস্তা

শ্রী রজনীকান্ত দোলুই PP-684

সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত প্রাথমিক ও উপস্বাস্থ্য কেন্দ্র

শ্রী রজনীকান্ত দোলুই PP-673-674

ষ্টেডিয়াম নির্মাণ

শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস PP-444-445

সিঙ্গিমারী-নদীর উপর সেতু নির্মাণ

শ্রী দীপক সেনগুপ্ত P-444

হস্তচালিত তাঁত শিল্পে নিযুক্ত কর্মীদের ন্যূনতম মজুরি

শ্রী দীপক সেনগুপ্ত P-676

হুগলী জেলায় আদিবাসী উন্নয়ন প্রকল্প

শ্রী দেবনারায়ণ চক্রবর্ত্তী PP-557-558

**Statement on Calling Attention**

Statement on calling attention regarding the alleged atrocities by police and CPI (M) workers at kanthalbaria villege in the Basanti police Station area in the south 24-Purganas

(Attention Called by Shri Md Sohorab and Shri Naba Kr: Ray)

by Shri Jyoti Basu PP-457-458

---------

# CORRIGENDUM

| অংশটি যা মুদ্রিত আছে | অংশটি এইভাবে পড়তে হবে |
|---|---|
| 140 পৃষ্ঠায়,<br>[1-20—1-30 P.M.]<br>মিঃ স্পীকার ... ... ...1 ম | [1-20—1-30 P.M.]<br>Adjournment Motion<br>**মিঃ স্পীকার :** ... ... ... |
| 142 পৃষ্ঠায়,<br>বিধানসভায় একটি পূর্ণাঙ্গ আলোচনার জন্য দাবী রাখছি।<br>**অধ্যক্ষ মহোদয় :** | বিধানসভায় একটি পূর্ণাঙ্গ আলোচনার জন্য দাবী রাখছি।<br>**CALLING ATTENTION**<br>**অধ্যক্ষ মহোদয় :** ... ... ... |
| 145 পৃষ্ঠায়,<br>করেছে কিনা সে বিষয়ে আরও তদন্তের প্রয়োজন আছে।<br>**Shri Satyaranjan Bapuli :** On a point of privilege Sir, | করেছে কিনা সে বিষয়ে আরও তদন্তের প্রয়োজন আছে।<br>POINT OF PRIVILEGE<br>**Shri Satyaranjan Bapuli :** On a point of privilege Sir. |
| 158 পৃষ্ঠায়,<br>Assembly Proceedings [21st November<br>ডাঃ শাশ্বতী বাগ : ... ... ... | 158 Assembly Proceedings<br>POINT OF PRIVILEGE<br>**ডাঃ শাশ্বতী বাগ :** ... ... ... |
| তাহলে ভাল, নাহলে বাকী সিদ্ধান্ত আমাকে নিতে হবে।<br>শ্রীকাশীকান্ত মৈত্র : ... ... ... | তাহলে ভাল, নাহলে বাকী সিদ্ধান্ত আমাকে নিতে হবে।<br>DISCUSSION ON FLOOD<br>**শ্রীকাশীকান্ত মৈত্র :** ... .. ... |
| 257 পৃষ্ঠায়,<br>*২৩। (অনুমোদিত প্রশ্ন নং *১১)<br>শ্রী বীরেন্দ্রনারায়ণ রায়, শ্রীআতাহার রহমান, শ্রীআবল হাসনাৎ খান এবং দীনবন্ধু মাঝি : | *২৩। (অনুমোদিত প্রশ্ন নং *১১)<br>শ্রী বীরেন্দ্রনারায়ণ রায়, শ্রীআতাহার রহমান, শ্রীআবুল হাসনাৎ খান এবং দীনবন্ধু মাঝি : |

# CORRIGENDUM

| অংশটি যা মুদ্রিত আছে | অংশটি এইভাবে পড়তে হবে |
|---|---|
| 376 পৃষ্ঠায়,<br>রাখার প্রস্তাব করছি।<br>[1-40—1-50 P.M.] | রাখার প্রস্তাব করছি।<br>CALLING ATTENTION<br>[1-40—1-50 P.M.] |
| 453 পৃষ্ঠায়,<br>আপনি লিখিতভাবে আমাকে দেবেন।<br>মিঃ স্পীকার : ... ... ... | আপনি লিখিতভাবে আমাকে দেবেন।<br>ADJOURNMENT MOTION<br>মিঃ স্পীকার : ... ... ... |
| 455 পৃষ্ঠায়,<br>মিঃ স্পীকার : আচ্ছা আমি দেখবো।<br>মিঃ স্পীকার : ... ... ... | মিঃ স্পীকার : আচ্ছা আমি দেখবো।<br>CALLING ATTENTION<br>মিঃ স্পীকার : ... ... ... |
| 457 পৃষ্ঠায়,<br>আপনি একটু বিবেচনা করবেন।<br>মিঃ স্পীকার : ... ... ... | আপনি একটু বিবেচনা করবেন।<br>Statement on Calling Attention<br>মিঃ স্পীকার : ... ... ... |

*Printed at :*

**BASUMATI CORPORATION LIMITED**
(A Government of West Bengal Undertaking)
166 Bipin Behari Ganguly Street
Calcutta - 700012